

চিতীর ভাগ

मध्यापक

त्रीनात्नु नाथ लाश् त्रीञ्चीि क्याव व्योगांग्राम्।





হ্রপ্রসাদ-সংবর্দ্ধন-দেখমালা

ৰিতীয় খণ্ড

শ্রীনরেন্দ্রনাথ লাহা
ও
শ্রীস্থনীতিকুমার চটোপাধ্যায়
কর্ত্তক সম্পাদিত

বন্ধীয়-সাহিত্য-পরিবল্মন্দির হইডে শ্রীরামকদল সিংহ কর্তৃক প্রকাশিত ১৫০১ স্থার কাগজের মনাট
পরিষদের সদস্ত-পক্ষে
শাথা-পরিষৎ-মদস্ত-পক্ষে
সাধারণের পক্ষে
২১০ ১৬০
সাধারণের পক্ষে
২৪০ ২১

1933.

শ্রীপতি প্রোসেল-১ হইতে ৪ কর্মা, শ্বিবশিষ্টাংল ২নং বেপুন রো, শ্রারত মিহির যত্ত্ব হইতে শ্রীযুগকট্টর্মণ দীস দারা মুক্তিত

লেখ-সূচী

(ক)	जन्मांक्कीय निरंतकन	,	•••	•••	• ••	W.
(4)		শীযুত্ত	রবীজনাথ	ঠাকুৰ	• .•	16/0
(গ)	চাঁদাদাভূগণের নামের তালিকা		•••	•••	•••	w.
.51	শিবাজী ও জয়সিংহ স্তর	बी यूर	ক বহু <mark>নাথ</mark> সর	কার, এম. এ	., দি. আই. ই	>
w. 2 1			বসস্তর্জন র	বার বিষ্ণরভ	•	•
01	हन्नारवरण रमवरमवी	*	বিনয়তোৰ ভ	ট্টাচার্য্য, এম	4, 9-40 E.	32
~8 j	প্রতাপাদিত্য ও মানসিংহ	,,	নিখিলনাথ	রায়, বি. এল.		२३
¢ j	ধন্মপদ ও উদানবর্গ	27	প্রভাতকুমা	র মূখোপাধ্যার	, fact	9>
. 6)	প্রাচীন বাঙ্গালার রত্ম-সম্পদ্	*			এ, পি-এইচ দ্ধি	46
11	বিজ্ঞানে প্রাচীন ভারত	,,,		এম এ, বি		10
b 1	ব্ৰহ্মদেশে বোধিসত্ত লোকনাথ ও	,,	নীহাররঞ্জন			
	মহাযান বৌদ্ধ-ধর্ম্মের অস্তান্ত দেব	3 1		वम क	, পি. আর-এস	98
>1	হিন্দুগণিতে প্রস্তার ও সংযোগ-বি		হু কু মাররঞ্জ			re
201	তিব্বতী ভাষায় কয়েকটি বৌদ্ধগ			াস্থ, এম্ এ.	•	22
	প্রাচীন ভারতৈর রাজনৈতিক অবং				., বি. এল.,	
	,	` ~			Make B.	200
>२।	পঞ্চাব ও কাব্লের শাহির রাজবংশ	١ _	TANK T	rezrie. com	• • • •	30€
201	চৈতন্ত্র-সম্প্রদার ও মাধ্ব সম্প্রদার			•		. 252
78 1	ভগবান্ পার্থনাথ	•	•	ateta, can		324
361	व्यथम महीभानत्त्र ७ थ्रि-त्रन्	9	•		ঞ, কে অল এল., ডি. লিট	308
201	त्रामारान ७ शाउँ निश्व	•	•	•		
	· ·			দেব, এম. এ		201
	শিল্পান্ত	স্থা	:	বস্থ্য, এম্ এ	1	>8€
221	ভিব্বতী ভাষায় শিল্পান্ত		ঐ		••	>8>
160	নবাবিষ্ণুত সচিত্র বন্দীর তালপত্র-					
	লিখিত বৌদ্ধপুথির বিবরণ	डी यू	ক্ত অনিত শে	াৰ, এম এ,	বি. এশ	>61

२०।	हिन्दू ब्लाजित्वत्र वानिकान निर्वत	শ্রীযুগ	ক্ত গণপতি সরকার বিদ্যারত্ব	700
165	অভিসময়ালভারকারিকা	,,	নলিনাক্ষ দন্ত, এম. এ., বি. এল.,	,
	•		পি-এইচ. ডি., ডি. পিট.	595
22.1	বৌদ্বপ্তার	**	ত্রগাঁচরণ চটোপাধার, এম এ, পি আর এস্	240
50 1	প্রাচীন বঙ্গে বেদ-চর্চ্চা	29	হুৰ্গামোহন ভট্টাচাৰ্য্য কাব্য-সাংখ্য-পুরাণভীর্থ	
	•		এম এ.	२०२
281	পূর্ণপ্রক্ষ-মত	ø	অমৃল্যচরণ বিদ্যাভূষণ	२११
₹€	মহাপ্রাণ বর্ণ	39	স্থনীতিকুমার চট্টোপাধাার, এম এ, ডি. লিট.	२८७
२७।	হিন্দুরাইনীতিতে বড়্গুণের প্রয়োগ	,	নরেব্রনাথ লাহা, এম এ., বি. এল.,	
			পি এইচ. ডি.	₹€8
29]	ৰীকী-পৰী .	,,,	নলিনীরশ্বন পণ্ডিত	२१२
			চিন্তাহরণ চক্রবর্তী কাব্যতীর্থ এম এ	
२४।	লেখ-গন্ধী		চিন্তাহরণ চক্রবর্তী কাব্যতীর্থ এম এ ও নদিনীরশ্বন পণ্ডিত	२१६

চিত্ৰ-সূচী

- ১। হরপ্রসাদ-সংবর্দ্ধন-উৎসবে সমবেত কতিপন্ন সভ্য
- ২। প্রীকৃষণকানন শ্রীকৃষ্ণসন্দর্ভের একটি পৃষ্ঠা
- 🗣। বোধিসন্থ লোকনাথ ও মহাবান বৌদ্ধধর্মের অস্তান্ত দেবতা
- ৪। সচিত্ৰ তালপত্ৰে লিখিত বৌদ্ধপুৰি

সম্পাদকীয় নিবেদন

'হরপ্রসাদ-সংবর্ধন-লেখমালা'র দিতীর খণ্ড প্রকাশিত হইল। ১৩৩৫ সালের ২৯এ আবাঢ় ভারিখে যে প্রস্তাব বন্ধীয়-সাহিত্য-পরিষদের সমক্ষে উপস্থাপিত ও পরিষৎ-কর্তৃক গৃহীত হইয়াছিল, এত দিনে, স্পদীর্ষ চারি বৎসর কাল পরে, তাহা পূর্ণ হইল।

এই চারি বৎসর মধ্যে যে উদ্দেশ্রে প্রস্তাব উপস্থাপিত হইয়াছিল, দৈব-ছর্মিপাকে সেই উদ্দেশ্র সাধিত হইল না। শাস্ত্রী মহাশয়ের পঞ্চসগুতিতম জন্ম-দিবদের স্মারক-ছক্রপ লেখমালার প্রবন্ধাবলী তাঁহাকে উৎসর্গীক্বত করিবার কথা ছিল। গভীর পরিতাপের বিষয়, অনপনের অভাব ও অমুপপত্তি হেতু সমশ্র প্রবন্ধাবলী মৃদ্রিত হইয়া শাস্ত্রী মহাশরের জীবদশার তাঁহাকে অর্পণ করা ঘটিয়া উঠিল না। বিগত ১৩৯৮ সালের ১লা অগ্রহায়ণ দিবলে শান্ত্রী মহাশয় দেহরকা করেন। তবে আমাদের পক্ষে এইটুকু আত্ম প্রদাদের বিষয় যে, লেথমালা-গ্রন্থের প্রথম থণ্ড শান্ত্রী মহাশয়ের শ্রীচরণে অর্পণ করা সম্ভবপর হইয়াছিল, তিনি পরিষদের এই উপহার সাদরে স্বীকার করিয়াছিলেন। সমগ্র প্রবন্ধমালা প্রকাশে বিলম্ব দেখিয়া, পরিষৎ-নিযুক্ত হর প্রসাদ-বর্দ্ধাপন-সমিতি' ১৩৩৭ সালের ১৩ই বৈশাধ তারিথে স্থির করেন যে, প্রাপ্ত প্রবন্ধের যতগুলি তদ্বাবৎ মৃদ্রিত হইয়াছিল, সেইগুলিকে লইয়া সংবর্জন-লেথমালার প্রথম খণ্ড প্রকাশিত হউক, এবং এই মুক্তিত ও প্রকাশিত প্রথম থণ্ড, তথা প্রাপ্ত অবশিষ্ট অমুক্তিত প্রবন্ধ, শাস্ত্রী মহাশয়ের নিকট পরিবদের পক্ষ হইতে অর্পিত হউক। তদমুদারে ১৩০৮ সালের ১৪ই ভান্ত তারিখে প্রাতে পরিষৎ-সভাপতি আচার্য্য শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় মহাশয়কে পুরোভাগে স্থাপন করিয়া পরিষদের প্রতিনিধি-স্বরূপ কতকগুলি কর্মী ও সদস্ত (ইহাদের মধ্যে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত ষতীক্রনাথ বন্ধ, ডাক্তার শ্রীযুক্ত একেন্দ্রনাথ বোষ, অধ্যাপক শ্রীযুক্ত চিম্বাহরণ চক্রবর্তী, শ্রীযুক্ত হরেক্লঞ্চ মুৰোপাধ্যায়, অধুনা স্বর্গত রায় বাহাত্নর প্রিয়নাথ মুৰোপাধ্যায়, শ্রীযুক্ত গণপতি সরকার, ডাক্তার শ্রীযুক্ত শিবনাথ ভট্টাচার্যা, শ্রীযুক্ত জ্যোতিশ্চন্দ্র বোষ, শ্রীযুক্ত আন্ততোষ ভট্টাচার্য্য, কবিরাজ প্রীযুক্ত শ্রামাদাদ বাচস্পতি, প্রীযুক্ত প্রিগ্ননাথ দাশ, প্রীযুক্ত নলিনীরশ্বন পণ্ডিত, অধাপুক শ্রীযুক্ত স্থনীতিকুমার চট্টোপাধায়, ডক্টর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা প্রভৃতি ছিলেন।) শাস্ত্রী মহাশরের পটলভাঙ্গান্থিত বাটীতে মিলিত হইরা লেথমালার মুদ্রিত প্রথম খণ্ড ও

শমুক্তিত থিতীয় থণ্ডের প্রবন্ধাবলি কারুকার্য্য-থচিত একথানি, রৌপ্য-পাত্রে স্থাপন করিয়া তাঁহাকে উপহার দেন। আচার্য্য শ্রীযুক্ত প্রফুলচন্দ্র রায় মহাশয় শান্ত্রী মহাশয়কে বলীয়-সাহিত্য-পরিষং ও বাঙ্গালী জাতির পক্ষ হইতে মাল্য-চন্দন-বিভূষিত করেন, ও ব্যক্তিগত শ্রন্ধার নিদর্শন-স্বরূপ তাঁহাকে শুদ্ধ খদ্দরের ধুতি ও চাদর উপহার দেন, এবং শান্ত্রী মহাশয়ের সময়োপ-যোগী প্রশন্তিবাদ করেন। অতঃপর কবিরাদ্ধ শিরোমণি শ্রীযুক্ত খামাদাস বাচস্পতি মহাশয় শান্ত্রী মহাশয়ের প্রতি তাঁহার আন্তরিক শ্রন্ধার নিদর্শন স্বরূপ একথণ্ড মোহর উপহার দেন। শ্রিযুক্ত নিলীরঞ্জন পণ্ডিত মহাশয় স্মচিত্রিত শন্ত্র্য ও পদ্ম উপহার দেন। এতন্তির শ্রীযুক্ত হীরেক্ত্রনাথ দত্ত, শ্রীযুক্ত যতীক্তর্নাথ বস্থা প্রমুধ ব্যক্তিবর্গ শান্ত্রী মহাশয়কে শ্রন্ধা নিবেদন করেন। শান্ত্রী মহাশয়ও যথাযোগ্য উত্তর প্রদান করেন, এবং সমাগত সজ্জনগণকে মিষ্টমুধ করান। সমগ্র অমুর্গনেটি ক্ষুন্ত হইলেও আন্তরিকতায় পূর্ণ ছিল বলিয়া সকলেরই মনোক্ত হইয়াছিল। আমরা ঈপ্সিত পাত্রের নিকট এই ভাবে অর্পণ করিতে সমর্থ হওরায় লেখমালার প্রস্তুকরণ ও মুদ্রাপণ কথ্ঞিৎ সার্থক হইয়াছে।

শান্ত্রী মহাশরের বয়দ ও তাঁহার স্বাস্থ্যের অবস্থা স্মরণ করিয়া তাঁহার অমুদ্ধানী থিত্র ও স্বেহাম্পাদগণের যে সদা-জাগ্রত আশকা ছিল, তাহা সমূলক প্রমাণিত হইল। প্রস্তাবিক্ত জন্মদিবদ-স্মারক গ্রন্থ কার্য্যতঃ এক্ষণে তাঁহার স্মৃতি-তর্পণের উপায়ন-স্বরূপ হইয়া দাঁড়েইয়ছে। বলভাষা ও সাহিত্য এবং বাল্পালী জাতির পূর্ব্ব কথা, তথা প্রাচীন ভারতীয় ইতিহাদ ও চর্য্যা আবোচনার শান্ত্রী মহাশয় অনন্তাসাধারণ প্রতিভা এবং ক্তিম্বের পরিচয় দিয়া গিয়ছেন। ভাঁহার স্মৃতি যথাশক্তি চিরস্থায়ী করিবার জন্তা পরিষৎ চেষ্টিত হইয়ছেন। শাস্ত্রী মহাশয়ের তিরোধানের প্রায় দশ মাদ পরে 'হরপ্রদাদ-সংবদ্ধন-লেথমালা'র এই দিতীয় খণ্ড প্রকাশ দারা আমরা কার্য্যগত্যা হরপ্রসাদ-স্মৃতি-সংরক্ষণ-সমিতির প্রস্তাবিত কার্য্যেরই উদ্বোধন করিতেছি।

পুস্তক সম্পূর্ণ মুদ্রিত ও প্রকাশিত হইল। এক্ষণে বাঁহাদের উৎসাহ ও সহায়তা ভিন্ন
এই প্রস্থ প্রস্তুত ও প্রকাশ করা সম্ভবপর হইত না, তাঁহাদিগকে আমরা বলীয়-সাহিত্যপরিষদের পক্ষ হইতে তথা ব্যক্তিগত ভাবে আমাদের নিজ পক্ষ হইতে রুভক্ততা নিবেদন
করিতেছি। পরিষদের ১৩০৫ সালের কার্য্যনির্ব্বাহক-সমিতি প্রথমেই শ্রীস্থনীতিকুমার চট্টোপাধ্যারের
প্রস্তাবটি সোৎসাহে প্রহণ করেন। সমিতির সদস্তগণের এই আগ্রহ, অনুষ্ঠানটিকে
সর্ব্বপ্রথম ও সর্ব্বপ্রধান প্রেরণা দেয়। তৎপরে সম্পাদক্ষয়ের প্রবন্ধের ক্রম্ত আছ্বান
বাজালা দেশের পণ্ডিতমণ্ডলীর নিকট প্রেরিত হইলে, যে-সকল মনীধী প্রবন্ধ প্রেরণ কুরিরা
প্রস্তাবিটকে কার্য্যে পরিণত করা সম্ভবপর করিয়াছিলেন, ভাঁহারা আমাদের নিকট বিশেষ

ধশ্ববাদার্হ। তদনন্তর এই প্রন্থ মুদ্রণের জন্ম বাঁহার। অর্থ সাহায্য করিরাছেন, ভাঁহাদের আমরা ক্বতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। প্রথম ধণ্ডের প্রবন্ধ-লেথকগণের ও দাতৃগণের নাম প্রেই প্রকাশিত হইরাছে। দ্বিতীয় ধণ্ডের স্ফীতে প্রবন্ধকারগণের নাম বধারীতি দেওরা ইইরাতে, এবং নিম্নে দিওীয় ধণ্ডের জন্ম দাতৃগণের নাম প্রদত্ত হইল।

নিম্নলিখিত ব্যক্তিগণ 'হরপ্রসাদ-বদ্ধাপন-সমিতি'-র সদস্তরূপে কার্য্য করেন,—

- ১। আচার্য্য শ্রীযুক্ত প্রফুলচক্র রায়, এম. এ, ডি. এস্ সি., পি-এইচ. ডি.
- ২। শ্রীযুক্ত যতীন্ত্রনাথ বস্তু, এমৃ. এ, বি. এল.
- ৩। শ্রীযক্ত বিজয়গোপাল গলোপাধ্যায়
- ৪। শ্রীযুক্ত অমলচন্দ্র হোম
- ে। অধ্যাপক শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ
- ৬। ডাক্তার শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ, এম. এস-সি, এম. ডি, এফ. জেড. এস.
- ৭। প্রীযুক্ত নশিনীরঞ্জন পণ্ডিত
- ৮। অধ্যাপক শ্রীযুক্ত স্থনীতিকুমার চট্টোপাধ্যায়, এম্ এ, ডি. লিট.
- ৯। ডক্টর শ্রীযুক্ত নরেক্রনাথ লাহা, এম্ এ, বি এল, পি-এইচ. ডি.—(আহ্বানকারী)।

ইংরা সকলেই যে শ্রম স্বীকার করিয়াছেন, ভজ্জন্ত সম্পাদকদ্বর প্রত্যেকেরই নিকট ঋণী। এতন্তির পরিধদের অস্কাতম কর্মচারী শ্রীযুক্ত প্রিয়নাথ দাশ সংবর্দ্ধন-লেথমালার জন্ম ঐকান্তিক আগ্রহের সহিত যথেষ্ট পরিশ্রম করিয়াছেন।

শান্তী মহাশরের রচিত ও প্রকাশিত রাঙ্গালা, সংস্কৃত ও ইংরেজী প্রবন্ধ ও পত্রিকার তালিকা তথা তাঁহার সংক্ষিপ্ত জীবনী পুস্তকের মুখবদ্ধে দিবার কথা স্থির হয়। এই তালিকা অধ্যাপক শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম. এ. ও শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশরঘয় প্রস্তুত করিয়াছেন। শান্ত্রী মহাশরের নিজের বা তাঁহার পুত্রগণের প্রস্তুত কোনও
সম্পূর্ণ তালিকা ছিল না; স্মতরাং স্মপরিচিত ও অরপরিচিত পত্রিকাদি হইতে বথাসাধ্য
অবেষণ করিয়া প্রবন্ধ-পঞ্জী প্রস্তুত করা হইয়াছে। হয়তো পৃথক প্রকাশিত বহু বাঙ্গালা ও ইংরেজী
প্রবন্ধ, এবং আমাদের দৃষ্টি পথের অস্তরালে অবস্থিত পত্র-পত্রিকাদিতে প্রকাশিত বহু প্রবন্ধ
আমাদের এই তালিকার অমুলিখিত রহিয়া গোল। আশা করি, স্মধীবৃন্দ এই বিষয়ে ক্রটী
পাইলে মার্জ্জনা করিবেন। অর্দ্ধ শতাকীর অধিক কাল ধরিয়া যাঁহার নানাবিষ্যিণী সাহিত্য ও
ইতিহাস সেবা চলিয়াছিল, তাঁহার সেই সেবার পূর্ণ পরিচয় প্রদান করার গুরুত্ব আশা করি,
সক্রেই উপলব্ধি করিবেন। শান্ত্রী মহাশরের জীবনী লিখিবার চেষ্টা আমরা করি নাই,

্বে কার্য্য ভবিষ্যতে কোনও বোগান্তর ব্যক্তি করিবেন। উপস্থিত আমরা ভাঁহার বছকর্মনর জীবনের একটা সংক্ষিপ্ত দিনদর্শনী মাত্র উপস্থাপিত করিতেছি।


পূন্দীর প্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর মহাশর 'হরপ্রসাদ-সংবর্জন-লেথমালা'র জন্ম ভূমিকা রচনা ক্রিয়া দিয়, এই লেথমালার বিশেষ গৌরব বর্জন করিয়াছেন। এই অবসরে আমরা তাঁহাকে আমাদের সম্রজ প্রশাম নিবেদন করিছেছি।

বিশেষ তুঃপের সহিত আমাদের জানাইতে হইতেছে বে, বিতীয় থণ্ডের জক্ত বাঁহারা প্রবন্ধ দিয়াছেন, তাঁহাদের মধ্যে অক্ততম শেথক অধ্যাপক ফণীস্রনাথ বস্ন মহাশর পরলোকগমন করিয়াছেন।

বর্দ্ধাণন-সমিতির ও আমাদের কর্ত্তব্য পুত্তক প্রকাশের সজে সাজ হইল। কার্য্যভার দারিস্বপূর্ণ ছিল, এবং পরের সহারতার নিতান্ত মুখাপেক্ষী ছিল। আমরা সকলের নিকট হইতে পূর্ণ সহযোগিতা পাইরাছি; তথাপি আমাদের অনিচ্ছাক্তত কতকগুলি ক্রটীরহিরা গেল, এবং কতকগুলি অনিবার্য্য কারণে লেখমালা প্রকাশে এত বিলম্ব ঘটিল। একল জনসাধারণের নিকট মার্জ্জনা ভিক্ষা করিতেছি। তবে এই বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করিতে চাহিতেছি বে, এরূপ বিদ্যাসন্তার্ময় উপায়ন লইরা বিদ্যা ও শিক্ষা জগতের একজন ক্ষণজন্মা মহাপ্রক্ষধের জীবনত্রত উদ্যাপনের ও তাঁহার শ্বতিসংরক্ষণের আয়াস আমাদের মাতৃত্যবার এই প্রথম; এই কথা মনে রাধিয়া এই উদ্যানের ক্রটী সম্বন্ধে পাঠকগণ স্বেহশীল ভাবে সমাগোচনা করিবেন।

আমরা শান্ত্রী মহাশদ্বের পূণ্য স্থৃতি মানসপথে আনন্তন করিয়া ও তাঁহার উদ্দেশ্তে প্রণাম করিয়া একশে বিদায় লইতেছি। ইতি। ১৪ই আখিন ১৩০৯, মহালয়া।

> শ্রীনরেক্সনাথ লাহা শ্রীস্থনীতিকুমার চট্টোপাধ্যায়



মহামহোপাধ্যায় পত্তিত ৺হরপ্রসাদ শাস্ত্রী (খুঃ ১৮৫৩—১৯৩১)

হরপ্রসাদ শান্ত্রী

বালক-কালে মাণিকতলার রাজেজ্ঞলাল মিত্রের বরে আমার যাওরা-আসা ছিল। গান্তীর্বো বিনরে মিন্সিত তাঁর বৃদ্ধি-উজ্জ্ঞল সহজ আভিজ্ঞাতো আমি মুখ্ধ ছিলুম। তাঁর কাছে নিজের জারে প্রপ্রের দাবী করিনি, তিনি স্নেহ ক'রে আমাকে প্রপ্রের দিয়েছিলেন। কথা প্রসক্তে মহামহোপাধার হরপ্রদাদ শাস্ত্রী মহাশরের নাম সর্ব্বপ্রথমে আমি তাঁরই কাছে শুনেছিলেম। অসুভব ক'রেছিলেম শাস্ত্রী মহাশরের প্রতি তাঁর গভীর প্রদা ছিল। সে সমরে এশিরাটিক সোসাইটির কাজে অনেক সংস্কৃত্ত্বত পণ্ডিত তাঁর সহযোগিতা ক'রতেন। তাঁলের মধ্যে হরপ্রসাদ শাস্ত্রী মহাশরকে তিনি যে বিশেষভাবে আদর ক'রেছিলেন পরেও তার প্রমাণ দেখেছি। নেপাণী বৌদ্ধসাহিত্য প্রস্কের ভূমিকার তিনি লিখেছেন, I feel deeply obliged to him for the timely aid he rendered me, and tender him my cordial acknowledgments for it. His thorough mastery of the Sanskrit language and knowledge of European literature fully qualified him for the task; and he did his work to my full satisfaction.

এখানে রাজেক্রণালের উল্লেখ করবার কারণ এই বে, আমার মনে এই চুইজনের চরিত-চিত্র মিলিত হ'রে আছে। উভরেরই অনাবিল বৃদ্ধির উজ্জনতা একই শ্রেণীর। উভরেরই পাণ্ডিতাের সজে ছিল পারদর্শিতা,—যে কোনাে বিষরই তাঁদের আলােচা ছিল, তার জটিল প্রছিপ্তলি অনারাসেই মােচন ক'রে দিভেন। জ্ঞানের গভীর বাাপকতার সজে বিচারশক্তির সাাভাবিক তীক্ষতার বােগে এটা সন্তবপর হ'রেছে। তাঁদের বিনাার প্রাচ্য ও পাশচাতা সাধন-প্রণালী সম্মিলিত হ'রে উৎকর্ম্বাভ ক'রেছিল। অনেক পঞ্জিত আছেন, তাঁরা কেবল সংগ্রহ ক'রতেই আনেন, কিন্তু আরম্ভ ক'রতে পারেন না; তাঁরা ধনি থেকে তোলা ধাত্পিওটার সোনা এবং খাদ অংশটাকে পৃথক্ ক'রতে শেখেননি ব'লেই উভরকেই সমান বৃদ্য দিরে কেবল বােঝা ভারী করেন। হরপ্রসাদ বে বৃগে জ্ঞানের তপালার প্রাকৃত্ত হ'রেছিলেন, সে বৃগে বৈজ্ঞানিক বিচারবৃদ্ধির প্রভাবে সংস্কারমুক্ত জানের উপালারগুলি প্রেক্ত হ'রেছিলেন, সে বৃগে বৈজ্ঞানিক বিচারবৃদ্ধির প্রভাবে সংস্কারমুক্ত জানের উপালারগুলি প্রেক্ত নিত্রে নিতে শিখেছিল। তাই ছুল পাঞ্জিতা নিরে বাঁধা মত আর্ছি করা তাঁর পক্তে কোনােদিন সন্তবপর ছিল না। বৃদ্ধি আছে কিন্তু সাধনা নেই, এইটেই আমানের দেশে সাধারণতঃ দেখতে পাই,—অধিকাংশ হলেই আমরা কম শিক্ষার বেশী মার্কা পাবার অভিলাবী। বিত্ত হরপ্রসাদ শাল্রী ছিলেন সাধকের দলে, এবং তাঁর ছিল দর্শনপ্রিত।


যে কোনো বিষয় শান্ত্রী মহাশয় হাতে নিয়েছেন, তাকে স্মুম্পষ্ট ক'রে দেখেছেন ও স্মুম্পষ্ট ক'রে দেখিয়েছেন। তাঁর রচনায় খাঁটি বাংলা যেমন স্মুদ্ধ ও সরগ এমন তো আর কোথাও দেখা বায়ু না। বিদায় সংগ্রহ ব্যাপার অধ্যবসায়ের বায়া হয়, কিন্তু তাকে নিজের ও অভ্যের মনে সহজ্ব ক'রে তোলা ধী-শক্তির কল্লে । এই জিনিষটি বড়ো বিরগ। তব্, জ্ঞানের বিষয় প্রভূত পরিমাণে সংগ্রহ কয়ার যে পাঙ্তিতা তার জভ্রেও দৃঢ় নিষ্ঠার প্রয়োজন; আমাদের আধুনিক শিক্ষাবিধির গুণো সেই নিষ্ঠার চর্চাও শিথিল। ধ্বনি বিগুলিত করার একরকম যয় আজকাল বেরিয়েছে, তাতে স্মাভাবিক গলার জোয় না থাক্লেও আওয়াজে আসয় ভরিয়ে দেওয়া যায়। সেই রকম উপায়েই অয় জানাকে তুমুল ক'রে ঘোষণা করা এখন সহজ হ'য়েছে। তাই বিদায় সাধনা হাল্কা হয়ে উঠ্ল, বৃদ্ধির তপভাও ফীণবল। যাকে বলে মনীষা, মনের যেটা চরিত্রবল, সেইটের অভাব ঘটেছে।

আমাদের সৌজাগ্যক্রমে সাহিত্য-পরিষদে হরপ্রসাদ অনেকদিন ধ'রে আপন বছদলী শক্তির প্রভাব প্রয়োগ করবার উপযুক্ত ক্ষেত্র পেরেছিলেন। রাজেন্দ্রলালের সহযোগিতার এশিরাটিক সোসাইটির বিদ্যাভাগুরে নিজের বংশগত পাণ্ডিত্যের অধিকার নিয়ে তরুণ বয়সে তিনি যে অক্লাক তপজা ক'রেছিলেন, সাহিত্য-পরিষৎকে তারই পরিণত ফল দিরে এতকাল সতেন্ধ ক'রে রেথেছিলেন। বাদের কাছ থেকে তুর্লভদান আমরা পেয়ে থাকি, কোনো মতে মনে ক'রতে পারিনে যে, বিধাতার দাক্ষিণাবাহী তাঁদের বাহুকে মৃত্যু কোনোদিনই নিশ্চেষ্ট ক'রতে পারে। সেইজন্তে যে বরুসেই তাঁদের মৃত্যু হোক, দেশ অকাল মৃত্যুর শোক পায়, তার কারণ আলোক-নির্বাণের মৃহুর্ত্তে পরবর্ত্তীদের মধ্যে তাঁদের জীবনের অন্থর্নতি দেখতে পাওয়া যায় না। তবু বেদনার মধ্যেও মনে আশা রাখতে হবে যে, আজ বাঁর স্থান শৃত্য, এবদা যে আসন তিনি অধিকার ক'রেছেনে ভাবী কালকেও তিনি অক্ষ্যুতাবে চরিতার্থ ক'রনেন।

শাস্ত্রী মহাশরের পঞ্চদগুতিতম বর্ব উপলক্ষে বিশিষ্ট লোকগণের নিকট থেকে ভারত-তর্ব-বিবরে প্রবন্ধ সংগ্রহ ক'রে লেখমাণা-গ্রন্থ প্রকাশের আরোজন হয়। বলীয়-সাহিত্য-পরিষৎ এই কাজের ভার গ্রহণ করেন। শাস্ত্রী মহাশরের জীবিত-কালে এই গ্রন্থের প্রথম থণ্ড বা'র হ'রেছিল। তাঁর পরলোক গমনের প্রায় এক বৎসর পরে এখন এই হিতীয় থণ্ড প্রকাশিত হ'ল। এই সাধু কার্য্যের ঘারা পরিবৎ যে আদর্শ দেখালেন, কায়মনোবাক্যে প্রথনা করি, তা সার্থক হোক।

দ্বিতীয় খণ্ডের জন্ম দাতৃগণের নাম

۱ د	প্রীবৃক্ত অমলচন্দ্র হোম	•••	•••	•••	•••	361
1 5	আচার্য্য কর শ্রীযুক্ত প্রভুরচক্র রা	a, এম. এ., f	উ. এস-সি.,	পি-এইচ. ডি.	١	200



रत्याम। म-मरवर्त्र न-डेपमत्व म्यात्व म्रह्मिय्या

ৰ্মিদিক হইতে—উপবিষ্ট ঃ অচিথি একুকু এত্নুৱচন্দ্ৰ রাথ, সুপ্ত মতোমছে।পাগায় হরপ্র লগ্ডী, সীর্জ ভীরেন্দ্রাথ দত, কুমার সীর্জ শরদিন্দুনবায়ণ রায়। শীযুক্ত কুমীটিকুমার চটে: পাধায়, শীযুক্ত হরেকুফ নুগোপাধায়, শীযুক্ত নিভাধন ভটুচিগো, শীযুক্ত গণপতি সরকার, শীযুক্ত নরেন্দ্রমাপ লাখা। ই তুক মহীকুনাধ বহু, ই তুক নলিনীয়ঞ্ন পড়িত, ইনুকু পিলনাথ সাশ, ষণ্ড রায় ব্ভিছেব জিলনাথ মূংথাপাধায়ে। म्खायमान ः

শিবাজী ও জয়সিংহ

রমেশচন্দ্র দত্তের "জীবনপ্রভাতে" রাজপুত সেনানী রাজা জন্মদিংছের সহিত মারাঠা বীর শিবাজীর সাক্ষাৎ এবং রাজনৈতিক আলোচনার কথা সকলেই পড়িয়াছেন। এই বিবরণ কাল্পনিক, যদিও ইহাতে ইতিহাসের সত্য এবং সম্ভবপরতা লক্ষন করা হয় নাই। কিছ জয়সিংছ ও আওরংজীবের মধ্যে এই সময়ে যে সব পত্র বিনিমন্ন হয় (ফারসী ভাষায়), তাহা রক্ষা-পাইয়াছে। শিবাজীর সহিত জন্মসিংছের যুদ্ধ ও সদ্ধি, জয়সিংছের অধীনে শিবাজীর বিদ্যাপুর আক্রমণ, শিবাজীর আগ্রায় গিয়া বাদশাহের সহিত সাক্ষাৎ এবং তথায় নজরবন্ধ হয়। থাকা, তাঁহার প্রতি কি নীতি অবলম্বন করা উচিত, তাহা লইমা সম্রাই ও সেনাপতির মধ্যে তর্ক,—এই সব বিষয়ের অতি বিস্তৃত ও সত্য সমসাময়িক ও আভ্যন্তরীণ বিবরণ এই চিঠিগুলি হইতে পাওয়া যায়। জয়সিংহ যে চিঠিগুলি লেখেন, তাহা তাঁহার মূন্শী উদ্যুৱাজের পুত্তক "হফ্ ৎ-আল্প্যন্"-এর হস্তলিপিতে সংগৃহীত হইয়াছে; এগুলির নকল জয়পুর রাজন্মত্বেই নাই! কিন্তু বাদশাহ জয়সিংহকে যে উত্তর দেন, তাহার কতকগুলি জয়পুরে আছে (সবর্গুলি নাই); আর কতকগুলি প্যারী নগবের জাতীয় পুত্তকাল্যে রক্ষা পাইয়াছে, এবং ছ'চারখানি বিবিধ পত্রসংগ্রহের হইখানি হস্তলিপিতে বিশ্বমান আছে। এই সব উপাদান হইতে প্রের্থিক ছই মহাপুর্বরের প্রক্রত বিবরণ রচনা করা সহল। ব্যা

শিবান্ধীর বিরুদ্ধে অভিযানের নেতাপদ লাভ করিয়া (৩০ সেপ্টেম্বর ১৯৯৪ এই কি)
জয়সিংহ ভবিশ্বৎ সম্বন্ধে বড়ই উদ্বিশ্ব হইলেন। আফজল থাকে হত্যা এবং শায়েন্তা খাঁকে
আহত করিবার কলে এই বিশ্বাস দেশময় বিন্তৃত হইয়াছিল বে, "শিবাজী প্রাৰণ দামাবাল,
ভাগ্নবিদ্ধা জানে; বায়ুর উপর দিয়া ৪০ গজ উল্লেখন করিয়া শজ্রুর" বাড়ে পড়িতে পারে।
[সভাসদ বধর, ৪র্থ সংস্করণ, ৪৮ পূ]। সে যুগের হুরটের ইংরেজ বণিক্ত লিখিয়াছেন:—
"Report hath made him [s.e., Shivaji] an airy body, and added wings;
or else it were impossible he could be at so many places as he is said to

be, all at one time. They ascribe to him to perform more than a Herculean labour, that he is become the talk of all' conditions of people." [Factory Records, India Office, Surat, Vol. 86.]

এরপ শক্তর ইক্রজাল হইতে রক্ষা পাইবার জন্ত দেবতা, অপদেবতা, গ্রহনক্ষত্র, সকলকেই তুই করিতে হয়। অতএব জয়সিংহ যুদ্ধ আরম্ভ করিবার পূর্বে বড় বড় বান্ধণ পূরোহত ডাকিয়া উপায় জিজাসা করিলেন। তাঁহারা উত্তর দিলেন "দেবীপ্রয়োগী অফুঠানগুলি করিবেন, তবে সফল হইবেন।" তথন জয়সিংহ আজ্ঞা দিলেন, "কোটা চণ্ডী করিবে, এবং এগার কোটা দিল করিবে। কামনার্থ বগলামুখী কালরার্ত্তী প্রত্যিপ্রজ্ঞা করিবে। এই সব অফুঠান কর।" চারি শত ব্রাহ্মণ এই সব অফুঠান আরম্ভ করিলেন, প্রত্যাহ জিয়া চলিতে লাগিল, ডজ্জাম্ম ছই কোটা টাকা পৃথক্ করিয়া রাখা হইল। তিন মাস ধরিয়া কার্যাের পর সিদ্ধি হইল। রাজ্যা ক্ষ্রানের পূর্ণাহুতি করিয়া ব্রাহ্মণদের দানদিন্ধিণা দিয়া সম্বর্গণ করিলেন। [সভাসদ, ৩৭ পূ]

১৬৬৫ সালের প্রথমেই উত্তরভারত হইতে যাত্রা করিয়া জয়সিংছ অবিল্য পুণায় পৌছিলেন (তরা মার্চ্চ)। এই শহর পাঁচ বংসর পূর্পে মুঘলদের অধিকারে আসিয়াছিল। তথায় এগার দিনের মধ্যে সৈত্য, রসদ, শাসন প্রভৃতি সর্ব্বিষয়ের স্থব্যবস্থা করিয়া জয়সিংছ পুরন্দর গিরিহর্গের নিকট অগ্রসর হইলেন। ইহা পুণা সহরের ২৪ মাইল দক্ষিণে। ত১এ মার্চ্চ ইছার অবরোধ আরম্ভ হইল। এক পক্ষের মধ্যেই আফ্যানবীর দিলির থা এবং সহকারী রাজপুত সৈত্যের অদম্য সাহস ও পরিশ্রমের ফলে বক্সগড় (অপর নাম ক্রন্থালা) নামক পার্শবর্ত্তী হুর্গটি অধিকৃত হইল (১৪ এপ্রিল)। তাহার দেড় মাস পরে নিজ পুরন্ধরের নিজভাগের পাঁচটি বুরুজ মুঘলেরা জয় করিল।

এখন পুরন্ধরের পতন অবশুস্থাবী; অথচ এই তর্গে শিবাঙ্গীর দোনানীগণের পরিবার, সম্পত্তি সহ আশ্রর লইয়াছিল। ইহা যুদ্ধে হার।ইলে তাহারা ধ্বংস হইবে। ইতিমধ্যে অপর এক দল মুখল সৈশ্য ঘুরিয়া শিবাঙ্গীর অনীন গ্রামগুলি লুঠিয়া পুড়াইয়া দিতেছিল। জয়সিংছের চতুর রণপ্রাণালী ও দ্রদর্শী বন্দোবন্তের নিকট শিবাঙ্গী পরাজয় স্বীকার করিতে বাধ্য হইলেন। তিনি অসং গিয়া শক্র-সেনাপতির সহিত সাক্ষাৎ করিয়া সদ্ধি ভিকা করিলেন। ইহার বিভ্ত বিবরণ জয়সিংছের পত্র হইতে নিমে দেওয়া গেল।

জয়সিংহ কতু ক আওরংজীবের নামে ১৯ জুন ১৬৬৫ লিখিত পত্র,—

"বিশ্বজগতের বাদশাহ, সলামং! প্রথম হইতেই শিবাজীর দ্তেরা আমার নিকট আসিতে লাগিল। আমার পুণা পৌছার মধ্যে তাহারা ত্রই বার তাহার নিকট হইতে প্র লইয়া আসিল। কিন্তু আমি কোন উত্তর না দিয়া তাহাদিগকে বিকলমনোরথে ফিরিয়া পাঠাইলাম। কারণ, আমি জানিতাম যে, যতদিন না তাহাকে বলে পরান্ত করা যায়, ততদিন তাহার কথায় কোন বিখাস করা যাইতে পারে না।

তাহার পর সে নিজের বিশ্বন্ত কর্ম্মচারী কর্মান্দীর হাত দিয়া একথানি দীর্ম হিন্দী চিঠি
পাঠাইয়া দিল। কর্মান্দী আমাকে বারে বারে বলিতে লাগিল, "অনুগ্রহ করিয়া একবার এই
চিঠিখানা শুলুন এবং একটা উত্তর দিন।" এই পত্রে শিবান্ধী লিখিয়াছিল ফে, "আমি বাদশাহের কার্যাক্রম দাস, আমার হাত দিয়া আপনাদের অনেক কাজ হাসিল হইতে পারে। এই
পাহাড় জন্মপূর্ব পথহীন দেশ (অর্থাৎ মহারাষ্ট্র) অধিকার করিতে বাদশাহী সৈক্তকে অশেষ
ক্রেশ সহ্ করিতে হইবে। তদপেকা বিন্ধাপুর রাজ্য আক্রমণ করা অনেক শ্রের।" আমি
তক্তরে লিখিলাম, "বাদশাহী সৈক্তদল তারকার মত অগণিত। তোমার দেশের পর্ব্বন্ত ও বন্ধুর
পথের উপর বড় বেশী নির্ভর করিও না। ঈশ্বর ইচ্ছায় আমাদের সৈক্তদলের অশ্বন্তরের নীচে
ইহা ধূলির সমান হইয়া যাইবে। যদি নিজের জীবন ও মুক্তি চাও, তবে এই রাজসভার
গোলামদের গোলামীর চিহ্নন্থরূপ অন্ধুরীয় নিজ কর্পে পরিধান করিয়া স্বদেশের গিরি ও ফর্পের
মায়া ত্যাগ কর। নচেৎ স্বকর্মের ফল দেখিতে পাইবে।"

এইরূপ উত্তর পাইবার পর সে আমাকে আরও চিঠি লিখিয়াছিল। কিছ যে পরিমাণে আমরা তাহাকে পরাজিত করিতে পারিয়াছিলান সে তদম্বামী উপঢৌকন দান এবং রাজ্য সমর্পণ করিবার প্রভাব করিল না। স্কৃতরাং আমি ঠিক পূর্বের মতই উত্তর দিলাম। * * * পরের আমরা-রুদ্রমালা অধিকার করিলাম। * * * পুরন্দরের পাঁচটি বুরুজ এবং একটি কালুরা কাড়িয়া লইলাম। * * * তাহার দেশ পুঠিতে লাগিলাম। * * *

এরপ অবস্থার ২০এ মের কাছাকাছি শিবাজীর শুরু [রঘুনাথ রাও] পশুত পোপনে আমার সহিত সাক্ষাৎ করিয়া, হিন্দুর পক্ষে যাহা সর্বাপেকা কঠিন শপথ, তাহাই করিয়া শিবাজীর প্রার্থনাগুলি জানাইল। আমি উত্তর করিলাম, "বাদশাহ আমাকে শিবাজীর সঙ্গে সন্ধি করিতে নিষেধ করিয়াছেন। তাহার সঙ্গে প্রকাশ সন্ধির আলোচনা করিতে পারি, এরপ অধিকার আমার নাই। কিন্তু যদি সে ক্ষমাভিথারী অপরাধীর মত নিরম্ভ হইয়া আমার নিকট আসে, তবে বাদশাহ ঈশরের ছারা, তাঁহার দ্যার সমুদ্র উদ্বেশিত হইলেও হইতে পারে।" পশুত ফিরিয়া গিয়া এই প্রস্তাব আনিল যে, শিবাজী নিজ পুত্তকে পাঠাইতে প্রস্তাত,। আমি উত্তর দিলাম যে, তাহার পুত্রের আগমন উচিতও নহে এবং মনোনীভও নয়। তাহার পর শিবাজীর প্রার্থনায় শবিরে আসিবার

পর শিবাজী [আমাদের শর্কে] বাদশাহের বশুতা স্বীকারে সন্মত হয়, তবে তাহাকে নানা দান ও মাস্ত দেওয়া হইবে, নচেৎ সে অবাধে বাড়ী ফিরিয়া যাইতে পারিবে।

ই ছুন [এই সংবাদ লইয়া] ব্রাহ্মণ শিবাজীর নিকট ফিরিয়া গেল। তাছার ছই দিন পরে, বেলা এক প্রছরের সময় আমি দরবারে বসিয়া আছি, এমন সময় সে আসিয়া সংবাদ দিল যে, শিবাজী ছয় জন ব্রাহ্মণ এবং কয়েকজন পান্ধী-বেহারা কাছাড় সহিত নিরস্ত বেশে গোপনে নিকটে আসিয়া পৌছিয়াছে। আমি আমার মূন্শী উদয়রাজ এবং উগ্রসেন কাছোয়াকে তাহার নিকট পাঠাইয়া বলিলাম যে, "যদি তোমার ছর্গগুলি সমর্পণ করিতে চাও, তবে আইস, নচেৎ ঐ স্থান হইতেই ফিরিয়া যাও।"

★ ★ শিবাজী আমার প্রেরিত লোকদের সহিত আসিল। ★ ★

আমার পূর্ব্বের বন্দোবন্ত অনুসারে শিবাজী পৌছা মাত্র আমি ইঙ্গিত করিলাম, আর অমনি দিলির থাঁও কুমার কীরত সিংহ আক্রমণ করিয়া থড়কালা নামক পুরন্দরের অংশবিশেষ অধিকার করিল। এই যুদ্ধ আমার তাদ্ব হইতে দেখা যাইতেছিল। শিবাজী কি হইতেছে জিজ্ঞাসা করিয়া জানিবার পর পুরন্দর সমর্পণ করিতে চাহিল। আমি বলিলাম, "এ হুর্গ ত আমরা জয় করিয়াছিই। আর এক ঘণ্টার—এক মিনিটের মধ্যে হুর্গরক্ষাকারিগণ আমাদের তরবারীর মুখে প্রাণ হারাইবে। যদি তুমি বাদশাহ কে উপহার দিতে চাও, অন্ত হুর্গ দাও।" সে পুরন্দরবাসীদিগের প্রাণ ভিক্ষা করিল। অতএব আমি শিবাজীর একজন চাকর এবং আমার পক্ষ হইতে ঘাজীবেগকে পাঠাইয়া বুদ্ধ বন্ধ করাইলাম, মারাঠারাও হুর্গ ছাড়িয়া দিবার বন্দোবন্ধ করিল।

তাহার পর আমার দরবারগৃহে [তাত্বতে] শিবাজীকে থাকিবার স্থান দিয়া আমি উঠিয়া আদিলাম। স্থরত সিংহ কাছোয়া এবং উদররাজ-এর মধ্যস্থতার দিপ্রহর রাত্তি পর্যান্ত সদ্ধির দরকশাকশি চলিল। আমি একটিও হুর্গ ছাড়িতে চাহিলাম না। অবশেষে অনেক তর্ক-বিতর্কের পর উভয় পক্ষ এই শর্কে রাজী হইলাম,—

- (>) একুনে ৪ লক্ষ হোন (প্রায় ১৬ লক্ষ টাকা) আয়ের ভূমিসহিত ২৩টি ছুর্গ বাদশাহ পাইবেন।
- (২) একুনে এক লক্ষ হোন (প্রায় ৪ লক্ষ টাকা) আয়ের ভূমি সহিত ১২টি হুর্গ শিবাজীর হাতে থাকিবে। কিন্তু তজ্জ্জ্জ তাহাকে বাদশাহের অধীন ও কর্মচারী হইতে স্বীক্ষত হইতে হইবে।
 - (৩) শিবাজীর পূত্র অখারোহী ফৌজ লইরা পিতার নামে বাদশাহী সৈঞ্চললে চাকরি

করিবে এবং তজ্জন্ত তাহাকে [অর্থাৎ শস্কুজীকে] গাঁচ হাজারী মন্সব এবং জাসীর দিতে হইবে।

(৪) শিবালী উপযুক্ত পেশকশ দিলে তাহাকে বিশ্বাপুরী বালাঘাট অধিকার করিবার অসমতি দেওয়া যাইবে।

এ পর্যস্ত বাহিরের লোকে শিবাজীর আগমনের সংবাদ পায় নাই। হুতরাং পরদিন শিবাজীকে হাতীতে চড়াইয়া রাজা রায়সিংহের সহিত দিলির খার শিবিরে পাঠাইয়া দিলাম।

* * * ভূতীয় দিবসে এক হস্তী ও ছই আখ উপহার দিয়া শিবাজীকে আমার পুত্র কীরত সিংহের সহিত বিদায় দিলাম; পথে আমার কথামত তাহায়া দাউদ খার শিবিরে গিয়া দেখা করিয়া বিদায় লইল। শিবাজীর সনির্বন্ধ প্রার্থনায় আমি যে পূর্ব খেলাৎ পরিয়াছিলাম, ভাহা তাহাকে পরাইয়া দিলাম।

সেই দিন দ্বিপ্রহরে সিংহগড়ে পৌছিয়া শিবাদ্ধী ঐ হর্গ স্থামার পুত্রের হাতে ছাড়িয়া দিয়া, উগ্রসেন কাছোয়ার সহিত স্থগ্রসর হইল; কথা রহিল যে, সে প্রতিশ্রুত স্পার হুর্গগুলিও থালি করিয়া দিবে এবং নিজ পুত্রকে উগ্রসেনের সহিত স্থামার নিকট পাঠাইবে।" * • •

এই ঐতিহাসিক পত্রসংগ্রহ এক তথ্যপূর্ণ মহাসমুদ্র। ইহার অতি অল্প পরিমাণ্ট এখানে উদ্ধৃত করা সম্ভব। শিবাজীকে আগ্রায় বন্দীদশায় রাখিবার সময় জয়সিংহের ছঃখ চিস্তা ও উপায় উদ্ভাবন, পরে শিবাজীর পলায়নের ফলে তাঁহার উদ্বিগ্রতা ও দাক্ষিণাত্যে মূ্বল-প্রতাপ রক্ষা করা সহদ্ধে হতাশা, এই গ্রন্থে বেন উপস্থাসের মত জ্বন্ত অক্ষরে পাঠকের সন্মুধে উপস্থিত হয়; এই ছই মহাপুরুষকে আমরা পরিচিত লোকের মত ঘনিষ্ঠভাবে দেখিতে পাই।

শ্রীযত্নাথ সরকার 🕟

ঐক্ষকীর্ত্তনের চণ্ডীদাস

কবি-সম্পর্কে এয়াবং যাহা লিখিত হইয়াছে, অপর যে সমস্ত উপকরণ সংগৃহীত হইয়াছে, তৎসমুদায়ের তর তর পরীক্ষা এবং পুনরালোচনা প্রয়োজন। বিস্তৃতভাবে আলোচনা করিবার মত সময় ও সামর্থ্য আমাদের নাই। এখানে মাত্র আমাদের উক্তির কিঞ্চিৎ সংস্কার সাধনে প্রয়ত্ত্ব করিব।

শ্রীকৃষ্ণকীর্ত্তনের সম্পাদকীয় বক্তব্যে পদকল্পতক ৪র্থ শাখা ২৬শ পল্লব-ধৃত চণ্ডীদাস বিভাপতি হুহুঁজন পিরীতি' আদি পরপর চারিটি পদকে প্রমাণ স্বরূপ গ্রহণ করিয়া কবিদ্বয়ের কবিতা-বিনিময় ও হুরধুনীতীরে সাক্ষাংকার সমর্থিত হুইয়াছে। পরে মনে হুইয়াছে, কবিতা কয়টি কোন ভাবুক অথবা সহজীর; স্থতরাং মিলন-ব্যাপারটা সম্পূর্ণ কাল্পনিক। 'বিভাপতি ঠাকুরের পদাবলী'-র স্থ্যোগ্য সম্পাদক শ্রীযুক্ত নগেক্তনাথ গুপু মহাশয়ও ঐতিহাসিক প্রমাণাভাবে ওপ্তাশিকে অগ্রাহ্ম করিয়াছেন।')

٥

চণ্ডীদাস বিভাপতি হছ জন পিরিভি
প্রেম-মুরতিময় কাঁতি।
যে করিল হছ জন লীলা-গুণ-বর্ণন
নিতি নিতি নব নব ভাতি॥
হছ উৎক্ষিত
হছ দোহাঁ দরশন লাগি।
দোহাঁর রসিকপন শুনি হছ জন
হছ ইংমে হছ রছ জাগি॥
নিজ নিজ গীত লেখি বছ ভেজল
তাহে অতি আরতি ভেল।

প্রীকৃষ্ণকীর্ন্তনের চণ্ডীদাস

রাধা কাছক প্রেম-রস-কৌভূক ভাচে মগন ভৈ গেল।

নিজ নিজ সহচর বসিক-ভকত-বর

তা সঞে করত বিচার।

তাহে নিতি নবিন পরম স্থখ পাওত

আনন্দ প্রেম অপার॥

বিজ্ঞানৱায়ণ

রপনরায়ণ

বৈশ্বনাথ শিবসিংহ।

মীলন ভাবি ছহু ক করু বর্ণন

তচু পদ-কমলক ভ্ৰা।

হঠাৎ দেখিলে পদটি বিস্থাপতির মনে হইতে পারে; কিন্তু সন্দেহের যথেষ্ট অবসর আছে।
বছ ভণিতায় রূপনারায়ণ ও রাজা শিবসিংছ অভিন্ন ব্যক্তি। আবার শিবসিংহের পিতৃব্য-পুত্র
নরসিংছ দেবের এক পুত্র ভৈরবেজ্রের ও তৎপুত্র রামভদ্রের রূপনারায়ণ উপাধি ছিল।, ছরিসিংছ দেবের ছই পুত্র রঘুসিংহের বিজয়নারায়ণ এবং ভালুসিংহের বীরনারায়ণ বিরুদ্ধ থাকার
কথা জানা যায়। পদকল্পতক 'গমন অবধি তৃয়া গছিল বিশেধ' (১৯৪৪) পদের ভণিতা,—

নরনারায়ণ ভূপতি ভাণ।

বিজয়নারারণ ইছ রস জান॥

[বিশ্বাপতির ৪৩ সংখ্যক পদে মেনকা দেবীর পতি ভূপতি নরনারায়ণ। ইনি কে ?]
পদায়তসমূদ্রের পাঠ,—

বীরনারায়ণ ভূপতি ভাণ। বিজয়নারায়ণ ইছ রস জান॥

কিন্ত বিভাপতির পরিষৎ-সংস্করণে আদৌ ভণিতা নাই। কবির হর-গৌরী বিষয়ক পদের তিনটি ভণিতা নিম্নলিখিত রূপ,--

> ভনই বিষ্ণাপতি অভিমত সেবা। চন্দল দেবিপতি বৈজ্ঞল দেবা॥ (১১)

ভনই বিদ্বাপতি শুনহ ত্রিলোচন পব্দ পঙ্কজ মোরি সেবা।

হরপ্রসাদ-সংবর্জন লেখমালা

চন্দল দেই পতি বৈশ্বনাথ গতি নীলকণ্ঠ হর দেবা॥ (১২)

ভনে বিষ্ণাপতি স্থন মছেশ্র তৈলোক স্থান ন দেবা। চন্দল দেবিপতি বৈষ্ণনাথ গতি চরন সরন মোহি দেবা॥ (৪৪)

বৈজ্ঞল দেবা ও বৈশ্বনাথ শব্দে দেবদেব মহাদেব; সেই সেই নামের রাজা বা রাজপরিকর নহেন। [অবশ্র পদাবলীর ৬১০ সংখ্যক পদে শিবসিংহকে শিবাবতার বলা হইয়াছে।] গৌবিন্দলাদের 'নব-নীরদ-তমু তড়িত লভা জমু' পদের 'কবি বিশ্বাপতি'-ধৃত ভণিতা (পু ৫৮),—

রাজা বৈশ্বনাথ রূপনারায়ণ। গোবিন্দ্রাস অস্থ্যান॥

পদকল্পতক ও কমলাকান্ত দাসের পদরত্বাকরে 'রাজা বৈশ্বনাথ' স্থানে যথাক্রমে 'রাজা নরসিংহ' এবং 'রাজা শিবসিংহ'। যাহা হউক, মৈথিল কবির ভণিতায় অতেশুলা নাম বা উপাধির একত্র সমাবেশ কচিৎ দৃষ্ট হয়। আর 'তছু পদ কমলক ছ্ল্ল' চরণটা চৈতন্ত্ব-পরবর্তী কালের মোহর-ছাপ মারা। বিশ্বাপতির কাছে এতটা দৈল্ল বা বৈষ্ণবোচিত বিনয় আশা করা যায় কি? তারপার কে কাহার পদকমলের ভ্ল্প, তাহাও অহুক্ত।

₹

চণ্ডীদাস শুনি বিদ্যাপতি-গুণ দরশনে ভেল অফুরাগ। বিস্থাপতি তব চণ্ডীদাস-গুণ শুনইতে বাঢ়ল রাগ॥ হুহুঁ উতক্তিত ভেল। সঙ্গহি রপনারায়ণ কেবল বিহাপতি চলি গেল॥ চণ্ডীদাস তব রহই না পার। চলহিঁ দরশন লাগি। পছহি ছহঁ-খণ ছহঁ জন গায়ত

ছহঁ-হিয়ে ছহঁ রহঁ জাগি॥

দৈবহি ছহঁ দোহাঁ দরশন পাওল

লথই না পারই কোই।

ছহঁ দোহাঁ নাম-শ্রবণে তহিঁ জানল

রপনবায়ণ গোই॥

গুণ-পরম্পর। শ্রবণে ছই কবি পরম্পরের দর্শনাভিলাধী হইলেন। রূপনারায়ণ সঙ্গে বিদ্যাপতি যাত্রা করিলেন। অত কে কাহার সহযাত্রী হইলেন, তাহাও অমুধাবন-যোগ্য। ভণিতাতে আমরা রূপনারায়ণকেই পাইতেছি।

9

সময় বসক্ত যাম দিন-মাঝতি বটতলে স্থরধুনি-তীর। চ্ত্রীদাস কবিরপ্রনে মীলল পুলক কলেবর গীর। হছঁ জন ধৈরজ ধরই না পার। সঙ্গহি রূপনরায়ণ কেবল হুছ ক অবশ-প্রতিকার॥ জ ॥ ধৈরজ ধরি হুহুঁ নিস্কৃতে আলাপই পুছত মধুর-রস কী। রসিক হইতে কিয়ে রস উপজারত রস হৈতে রসিক কহী॥ রসিকা হইতে রসিক কিয়ে হোয়ত রসিক হইতে রসিকা। রতি হইতে প্রেম প্রেম হইতে রতি কিয়ে কাছে মানব অধিক।॥ পুছত চণ্ডীদাস কবিরঞ্জনে ভনতহি রূপনরাণ।

কহ বিদ্বাপতি ইহ রস-কারণ · লছিমা-পদ করি ধ্যান॥

এক বসস্তের মধ্যান্তে স্বরধুনী-কুলে বটচ্ছায়ায় কবিছয় মিলিত হইলেন। মিলনানন্দে উভয়ে ধৈয়্য হারাইলেন। রূপনারায়ণ তাঁহাদের স্থৈয়্য সম্পাদন করিলেন। অনস্তর নির্জ্ঞনালাপ আরম্ভ হইল। চণ্ডীদাস কবিরঞ্জনকে মধুররসসম্বন্ধী প্রশ্ন করিতেছেন, কবি বিভাপতি লখিমা-চরণ ধ্যান করিয়া উত্তর দিতেছেন এবং রূপনারায়ণ শুনিতেছেন। শেষের চরণ ফুইটি বাশুলী আদেশে কহে চণ্ডীদাসে ধোপানী-চরণ সার॥'-এর মতই শুনায়। লখিমা-চরণ ধ্যান বিভাপতির ধাতুর অনুকৃল নয়।

8

রসিকা রসিক রসের কারণ काशांकि घटें त्व तुम । রসিক কারণ রসিকা হোয়ত ষাহাতে প্রেম-বিলাস। স্থূলত পুরুষে কামস্ক্র-গতি সুলত প্রকৃতে রতি। ছহ ক ঘটনে যে রস হোয়ত এবে তাহা নাহি গতি। হছ ক যোটন বিনহি কথন ना इय श्रुक्त नाती। প্রকৃতি পুরুষে যে কিছু হোয়ত রতি প্রেম পরচারি॥ পুরুষ অবশ প্রকৃতি স্বশ অধিক রস যে পিয়ে। রতি-স্থ-কালে অধিক সুথহি তা নাকি পুরুষে পারে। হছ ক নয়নে নিক্সয়ে বাণ বাণ যে কামের'ছ্র।

রতির যে বাণ নাহিক কথন ভবে কৈছে নিক্সয়॥ রতি যে শীতল কাম দাবানল সলিল প্রাণয়-পাতা। কুল কাট খড় প্রেম যে আধেয় পচনে পিরিতি যাত্র॥ পচনে পচনে লোভ উপজিয়া যব ভেল ত্ৰময়। বিলাসে উ**পজে** সেই সে বস্তু তাহাকে রস যে কয়॥ ভণে বিশ্বাপতি চণ্ডীদাস তথি রূপনারায়ণ সঙ্গে। ত্ত আলিজন করল তথন ভাসল প্রেম-তর্কে ॥

সামান্ত পরিবর্ত্তিতাকারে পদটা চণ্ডীদাসের সংশ্বরণগুলিতে পাওয়া যাইতেছে। 'ভণে বিত্যাপতি' স্থানে 'বাশুলী আদেশে' পাঠ কেমন করিয়া আসে, তাহাও চিস্তনীয়। অধিকস্ক তয়-৪র্থ পদ রাগাত্মিক প্রশ্নোত্তর প্রণালীতে রচিত। উদ্ধৃত পদচত্ষ্ঠয়ের ভাব ও ভাষা না চণ্ডীদাসের, না বিত্যাপতির। শীক্ষণকীর্ত্তন অথবা বিত্যাপতির পদে কুরোপি সহজ-ভাবের আভাস নাই। আরও লক্ষ্য করিবার বিষয়, অব্যবহিত পরবর্ত্তী চণ্ডীদাসের ভণিতাযুক্ত পদ তিনটাই সহজ-ভজনের পদ। অথচ অমুবাদ-প্রকরণ অমুসারে পূর্কাকবিগণের গুণ-কীর্ত্তন প্রধান প্রতিপ্রাদ্য এবং তাহাই দশ পদে বর্ণিত।

ষড়বিংশে বিদ্যাপতি আর চণ্ডীদাস । ইহা সভার গুণ কিছু আছরে প্রকাশ ॥ দশ পদে সংক্ষেপ করিয়া সে গাইল।

অধিকাংশ পুথিতে ৪র্থ শাখা ২৬শ, ২৭শ ও ২৯শ পল্পবের পদ-বিস্থাসে হেরফেরেরই বা হেতু কি ? পদকল্পতরু যে আকারে পাওয়া যাইতেছে, তাহাতে উহার ৪র্থ শাখা ২৬শ পল্লব সহজিয়া সম্প্রদায়ের পুথি-পাতড়ার সাহায়ে সন্ধলিত না বলিয়া পারা যায় না। শ্বনাপদ শ্রীযুক্ত হরেক্কক্ষ মুখোপাধ্যায় সাহিত্যরত্ব মহাশয় তাঁহার 'চণ্ডীদাস ও বিদ্যাপতির মিলন' শীর্ষক প্রবন্ধে?) বলিয়াছেন,পদ কর্মটি থগুবাসী রঘুনন্দন-ভক্ত বৈদ্য কবিরঞ্জন বিদ্যাপতির সহিত নরোত্তম-শিষ্য দীন চণ্ডীদাসের সমাগম স্থচিত করে। রূপনারায়ণ পর্কপল্লীর রাজানরসিংহের সভাপণ্ডিত ছিলেন এবং ত্রিপুরা লখিমা হইয়া গিয়াছেন ইত্যাদি ইত্যাদি। স্থক্বর শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় মহাশয় তাঁহার বক্তব্যে প্রশ্ন তুলিয়াছেন, তাহা হইলে রূপনারায়ণ, বিজয়নারায়ণ, শিবসিংহ প্রভৃতি মৈথিল রাজগণের এবং লখিমা দেবীর উল্লেখ হয় কেমনকরিয়া ? উত্তরে বলিতে হয়, পদ কয়টা ক্লত্রিম। মুখোপাধ্যায় মহাশয় একজন রূপনারায়ণ খাড়া করিয়া এবং রাণীর আসনে ত্রিপুরা দেবীকে প্রতিষ্ঠিত করিতে যাইয়া প্রশ্নটি জটিলতর করিয়া ফেলিয়াছেন। বিজয়নারায়ণ ও শিবসিংহ যেমন তেমনই রহিয়া গেলেন। বৈদ্যানাথও বাদ পড়িলেন।

আগে আমাদেরও ধারণা ছিল, চণ্ডীদাস নিত্যা-সহচরী বাসলীর উপদেশে তর্ব্বলাধিকারীর জপ-তপ ছাড়িয়া সহজ-সাধনের রীতি অত্নসারে রক্তক-ঝিয়ারী রামিণী সহ প্রবর্ত্ত হন এবং উৎকট বা উদ্ভট সাধনান্তে চরম সিদ্ধিলাভ করেন। ওরূপ সাধনার মূলে চণ্ডীদাসের ভণিতাযুক্ত 'চতুর্দ্দশ-পদাবলী', রাগাত্মিক পদসমূহ এবং প্রাদেশিক প্রবাদ। উহার পরিপোষক 'স্বরূপ দামোদরের কড়চা', 'সিদ্ধান্ত-চল্লোদয়', বিবর্ত্তবিলাস' প্রভৃতি বহু সহজ্বিয়া গ্রন্থ। কবির কৃতি হইতে তিনি বাসলীর (বাগীধরী) বরে পদ রচনা করেন, তাঁহার অপর নাম অনস্থ এবং উপাধি বড়ু ছিল, ইহার বেশী কিছু জানা যায় না। যৎকিঞ্চিৎ যাহা পাওয়া যায়, তাহা অন্থ গ্রন্থে উল্লেখমাত্র, অথবা উপরি উক্ত সাম্প্রদায়িক পৃথিতে। সম্প্রদায়ের গৌরব বৃদ্ধি এবং জনসাধারণকে প্রশৃক্ক করিবার অভিপ্রায়ে ঐ শ্রেণীর পৃথিতে পূর্ব্ববর্ত্তী ও তদানীস্তন বিশিষ্ট ব্যক্তিবর্গকে স্বগোষ্ঠীভুক্ত বলিয়া প্রচার করিবার প্রবল প্রচেষ্টা পরিলক্ষিত হয়। তদ্বাভীত ঐ সকল পৃথি অর্ব্বাচীন। উহাদের পরম্পরের মধ্যে এবং স্থানীয় প্রবাদে যথেষ্ট অনৈক্য। স্থতরাং ওপ্তলি নির্ভর্যোগ্য নয়, পরস্ক পরিত্যান্ত্য।

রত্নসার পুথির 🖖 ২য় অধ্যায়,—

——বিদ্যাপতি করিল ভজ্জন। লছিমা সহিত তার রসের সাধন॥

२) मा-भ-भ, ७१म छात्र, ३म मःब्रा ।

^{ু)} ৰুলিকাভা বিশ্ববিস্তালয়ের পুথিশালায় রক্ষিত ১১১১ সংখ্যক পুথি।

চণ্ডীদাসের সাধন ধুবনী সঙ্গ করি। সেই সে পীরীতি ধর্ম গাইলেন গীত কবি।

রচয়িতা আপনাকে চৈতন্যচরিতামৃতকার ক্রম্ণাস কবিরাজ বলিয়া পরিচিত করিতে অত্যন্ত আগ্রহবান্। উদ্ধৃত কবিতা অবিকল বা ঐ মর্শের কবিতা এত অধিক পৃথিতে পাওয়া যায় যে, ওগুলিকে উড়াইয়া দিতে শ্বভাবতই একটু ইতন্ততঃ করিতে হয়। কিন্তু কবিতা প্রথম করিয়া দেবিলের লেখা, কত দিনের এবং উহাদের উদ্দেশ্যই বা কি, ইত্যাদি অন্ত্রসন্ধান করিয়া দেখিলে সকল প্রকার সঙ্কোচ কাটিয়া যায়। এদেশে প্রচলিত বিদ্যাপতির পদের শেষ দিক্টায় প্রায়শঃ রাজা শিবসিংহ ও মহাদেবী লছিমা বা লখিমার নাম পাওয়া যায়। ভণিতাংশে রাণীর নাম দেখিয়া এক সম্প্রদানেরে লোক রটাইয়া দিলেন, কবি লখিমাতে আসক্ত না হইয়া পারেন না। তাঁহারা জানিতেন না যে, বিদ্যাপতি তাঁহার পদে মধুমতি দেবী, সোরম দেবী প্রস্তৃতি শিবসিংহের অপরাপর মহিষী এবং সমসামন্ত্রিক বহু রাজা, রাণী, ও অমাত্য-পত্নীর নামও করিয়াছেন। অদ্র বন্ধদেশে বিদ্যাপতির লখিমা-প্রসক্তির কাহিনী ছড়াইয়া পড়িল; কবির শ্বদেশে কিন্তু উহা সম্পূর্ণ অজ্ঞাত! উপরি উক্ত সম্প্রদাযের লোকেরা দয়া করিয়া বড় বেচারার ক্রমে রজক-বিয়ারীকে চড়াইয়া দেন নাই কে বলিবে ?

বিবর্ত্তবিলাস চতুর্থে,—

গোস্বামীরা পরকীরা বিচার করিয়া।
গ্রহণ করিল শুদ্ধ নায়িকা বাছিয়া।
দে সব নায়িকা পদে মোর নমস্কার।
ইথে কিছু অপরাধ না লবে আমার।
দে সব নায়িকা এবে করিয়া গণন।
যার সঙ্গে ষেহ ধর্ম করিল আচরণ।
শ্রীরূপ করিলা সাধন মীরার সহিতে।
ভট্ট রঘুনাথ কৈলা কর্ণা বাঈ সাথে।
লক্ষীহীরা সনে করিলা গোঁসাই সনাতন।
পীরিতি প্রেম সেবা সদা আচরণ।
গোঁসাই লোকনাথ চণ্ডালিনী কন্তা সদে
দোঁহ জন অমুরাগ প্রেমের তর্কে।

গোয়ালিনী পিন্দলা সে ব্রহ্মদেবী সমু।
শোঁসাই ক্ষণদাস সদাই আচরণ ॥
শ্রামা নাপিতিনীর সন্দে শ্রীজীব পোঁসাই।
পরম পীরিতি কৈলা যার সীমা নাই॥
রঘুনাথ গোন্ধামী পীরিতি উল্লাসে।
কিরা বাঈ সঙ্গে তেঁহ রাধাকুগু বাসে॥
গোরপ্রিয়া সঙ্গে গোপাল ভট্ট পোঁসাই।
কর্মে সাধন যার অন্ত কিছু নাই॥
রায় রামানন্দ যজে দেবক্তা সঙ্গে।
আরোপতে স্থিত তেঁহ ক্রিয়ার তর্কে॥

স্থানাজের শ্রেষ্ঠন্থ প্রতিপাদন অভিপ্রায়ে যত প্রকার অসং উপায় অবলন্ধিত হইতে পারে, ইহা তাহারই অন্ততম উৎক্কাই উদাহরণ। মহাপ্রভুর ঋষিকল্প পার্যদ বৈষ্ণবাচার্য্যগণের পবিত্র চরিত্রে কলন্ধ-কালিমা লেপনের প্রয়াস বাস্তবিকই বিশ্বয়কর। ততাহিধিক আশ্চর্য্য, বিবর্ত্ত-বিলাসকার ভগবান্ শ্রীক্রফটেতভাকেও অব্যাহতি দেন নাই। বিবর্ত্তবিলাস কেন, বিশ্বর সহজিয়া পৃথিতে অমুরূপ আলেখ্য অন্ধিত হইয়াছে, (রত্মসার পৃথির ম্বদীর্ঘ বিবরণ দ্রাষ্ট্রয়)। তথন ইহাদের পক্ষে বিদ্যাপতির লছিমা এবং চণ্ডীদাসের রজকিনী পরিকল্পনা তেমন কিছুই নয়। 'চতুর্দশ-পদাবলী'র একখানা পৃথিতে চণ্ডীদাস ধোবিনী-সংসর্গ জন্ম জাতি-পাতিরহিত হন। দেশপূজ্য জ্ঞাতি-প্রাতা নকুলের মণ্যবর্ত্তিতায় সামাজিকগণের সম্মতিক্রমে এক মহাভোজের অমুষ্ঠান হয়; বলা বাহুল্য, রজকী ত্যাগের প্রতিশ্রুতিতে। 'সহজ্ব উপাসনাত্রশ্বে' নকুল চণ্ডীদাসকে উদ্ধার করিতে গিয়া স্বয়ং সহজ্মদ্রে দীক্ষা লাভ করিয়া জীবন সার্থক করেন। এই সম্প্রদায়ের লোকেরা স্বার্থসিদ্ধির অভিসন্ধিতে অনেকানেক পদ ও ছোট বড় পৃথি লিখিয়া প্রসিদ্ধ পদকর্ত্তা এবং গ্রন্থকারদের নামে চালাইয়া দিয়াছেন।

উপরের আলোচনা হইতে প্রতিপন্ন হইবে, কবি শহজিয়া ছিলেন না, নব রসিকেরও একজন নন। 'নবরসিক' শক্ষটা তথনও গড়িয়া উঠে নাই; এমন কি, গোড়ীয় বৈক্ষব সম্প্রদায়ও না। হয় ত চঙীদাস, বিক্তাপতির স্থায় স্মৃতি-শাল্পের ব্যবস্থা মানিয়া চলিতেন, গণেশাদি পঞ্চেবতার উপাসনা করিতেন। ")

মহাসহোপাধ্যার শাল্রী মহাশরের সম্পাদিত ভার্তিলতার ভূমিকা, পু ১১/০-১।০

হাফেজের মানস-প্রতিমা সাকী ছিল; ওমরেরও ছিল। কিন্তু বিদ্যাপতির লখিমা মানসী হইবেন কেমন করিয়া? আর বাহার যাহাই থাকুক, শ্রীকৃষ্ণকীর্তনের কবির ঐরপ মানস বা বান্তব জগতের কেহু থাকা বাধে।

বক্তব্যে লিখিত ইইয়াছে, 'শ্রীক্ষকীর্ত্তন কবির প্রথম বয়দের রচনা মনে করা যাইতে পারে। শ্রীযুক্ত সতীশবাবু কাব্যের সর্ব্বতে প্রবীণ হল্পের পরিচয় পাইয়াছেন। বস্তুতঃ তাঁহার সিদ্ধান্তই আদরণীয়।

সাহিত্য-পরিষদে রক্ষিত পুথির মধ্য হইতে কএকটা পদ) পাইয়া ভাবিয়াছিলাম, বুঝি বা চণ্ডীদাদের মৃত্যু সম্বন্ধে একটা নিশ্চিত সংবাদ পাওয়া গেল; কিন্তু উহা দেখিয়া পরম প্রদাশদ ভাব শ্রীযুক্ত মত্নাথ সরকার এম এ, সি আই ই মহাশয় সংশয় প্রকাশ করেন এবং অমাদিগকে অপেকাকৃত সতর্কতা অবলম্বন করিতে অম্বরোধ করেন। পুন: পুন: আলোচনায় ও পদ কয়টার উপর আমরা বিশাস হারাইয়াছি।

প্রসক্ষতঃ সংক্ষেপে আরও ছই-একটা কথার উল্লেখ করিয়া প্রবন্ধের উপসংহার করা যাইতেছে। কবির দেশ বীবভূম-নায়্রেই নির্দিষ্ট ইইয়াছে। 'কায়র পীরিতি। চলনের রীতি। ঘসতে সৌরভময়।' 'নিত্যের আদেশে। বাশুলী চলিল। সহজ জানাবার তরে।' 'জয় জয় চণ্ডী -দাস দয়াময়। মণ্ডিত সকল গুণে।' প্রভৃতি কয়টা পদে নায়ুর, নায়র; সহজ উপাসনা-তত্ত্বে নায়্ড পাওয়া য়য়। এবং বীরভূমের নায়ুরে প্রতিষ্টিত দেবীয়ন্তি বাগীয়রীর। কালে পূজা-পঙ্কতির ব্যতিক্রম ঘটয়। থাকিবে। ['বাসলী শিরে বন্দি চণ্ডীদাস গাও॥' এর মতই দ্বিজ রুফ্ডরামের জৈমিনি-ভারতে 'বাগীয়রী প্রাণমিয় রুফ্ডদাস কয়॥'] শ্রীয়ুক্ত যোগেশবার ছাতনাতে নায়্রের (৽) মাঠ দেখিয়াছেন; কিছ তাহা ম্বেদিত নহে। যাহা হউক, একটা নিশ্চিতই অয়্করণ; সেটা কোন্টা, স্থিরীক্বত হইলে কবির দেশ পাওয়া যাইতে পারে। •)

ম্লাবান্ আবিষার,—আবিষ্ঠা শ্রীযুক্ত তারাপ্রসন্ধ ভট্টাচার্য্য মহাশন্ন, —শ্রীকৃষ্ণ কীর্তন পুথির ৮৭ পত্রের অপর পৃষ্ঠায় 'শ্রীগুণরাজ থাঁ!' স্বাক্ষর আছে। উহা শ্রীকৃষ্ণবিজয়কার

৫) সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ২৬ ভাগ, পু ৭৯-৮১।

৬) প্রবন্ধ থানিকটা ছাপা হইবার পর প্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী মহাশন্ধ প্রীমণ্ডী মুণাল দাসগুপ্তার চণ্ডীদাস-সমস্তা (Candidãs Problem, I. H Q., June, 1929.) প্রবন্ধের প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেন। লেখিকা দেখাইতে চেষ্টা ক্রিয়াছেন — প্রীকৃষ্ণকার্ত্তনের রচন্নিতা সহজ্ঞিরা ছিলেন না, রামী রক্সকিনীকেও সাধন-পথে সঙ্গিনী করেন নাই। প্রীমতী দাসগুপ্তাও কবির দেশ বীরভূম-নাল্ল মনে করেন এবং কবির মৃত্যুগটিত বিচিত্র কাহিনীগুলিতে বিখাসবতী নহেন।

মালাধর বহুর ছইলে পুথর প্রাচীনত্বে আর সংশয় থাকে না। বল-সাহিত্য পাঁচ জন গুণরাজ থাঁ, তিন জন কবিকল্প উপাধিক কবি থাকা সত্ত্বেও—এ কালে বিভাসাগর বলিলে থেমন জ্বরচন্ত্রকে ব্যায়, সে কালে গুণরাজ থাঁ। অথবা কবিকল্প নামে তেমনি মালাধর বহুবা মুকুন্দরামকে বিশেষিত করিত।

অধুনা পণ্ডিত-সমাজে পদকর্তা একাধিক চণ্ডীদাস স্বীকৃত।

পূর্ব্বাপর ভাষা, ভাব, রসের ধারা ইত্যাদির সহিত অপরিচয় হেতু কেহ কেহ শ্রীকৃষ্ণ-কীর্ত্তন সম্বন্ধে অস্কুত মন্তব্য করিয়া বসেন। স্কুতরাং সে স্থলে বিতর্ক নির্থিক। ইঁহারা দেবর্ধি নার্দের নৃত্য কুকাবর কদর্য ক্ষতির পরিচায়ক মনে করেন। দিবারাসের উপস্থাসে ইঁহারা বিষ্চৃ হইয়া পড়েন; এবং রাসের পর কালিয়-দমন ইহাদের নিকট অঞ্জত-পূর্ব্ব ঘটনা।

শ্রীকৃষ্ণকীর্তনের পৃথিধানা গীতগোবিন্দের আদর্শে রচিত; এমন কি, কএকটা পদ অবিকল তরজমা। বৃহৎ বৈষ্ণবভোষণীকার যে 'কাব্যশন্দেন পরমবৈচিত্রী তালাং স্টিভাল্চ গীতগোবিন্দাদিপ্রসিদ্ধান্তথা শ্রীচণ্ডীদাসাদিদর্শিতদানগণ্ডনৌকাখণ্ডাদিপ্রকারাল্চ জ্রেয়াঃ' বাক্যে শ্রীকৃষ্ণকীর্তনের দানখণ্ড, নৌকাথণ্ড প্রভৃতি থণ্ডগুলিকে বিশেষিত করিয়াছেন, ভাহাতে সন্দেহ নাই। 'দানকেলিকৌমুদী' উপরি উক্ত দানখণ্ডেরই প্রকারভেদ। শ্রীচৈতন্মদেব-বিরচিত 'শ্রীবাধাপ্রেমায়ত' বা গোপালচরিত কাব্য শ্রীকৃষ্ণকীর্তনের একটু মাজাঘদা সংক্রিপ্র সংস্করণ। নীচে মহামুনির নৃভ্যের একটি চিত্র দেওয়া গেল!

দেবোহতিথিন্তত্ত চ নারদোহথ
বিপ্রপ্রিরার্থ: মূরকেশিশতোঃ।
চুকুর্দ্দ মধ্যে বহুসন্তমানাং
ভটাকলাপার্গলিতৈক দেশ: ॥২৩
রাসপ্রেণেভা মূনিরাজপুত্তঃ
স এব তত্ত্তাভ্রবদপ্রমেয়:।
মধ্যে চ গছা স চুকুর্দ্দ ভূরো
হেলাবিকারে: সবিভৃষিভাকৈ: ॥২৪
স সত্যভামামধ কেশবং চ
পার্থং স্বভ্রাং চ বলং চ দেবম্।
দেবীং তথা রেবতরাজপুত্তীং
সংদৃশ্য সংদৃশ্য জহাস ধীমান্॥২৫

大名 山水 大学工程的设置 医阿克克氏征

ভা হাসয়ামাস স্বথৈর্যক্তা-ভৈন্তৈরুপায়েঃ পরিহাসনীলঃ। চেষ্টামুকারৈর্হসিভামুকারৈ-লাঁলামুকারেরপরৈশ্চ ধীমান্॥২৬ আভাষিতাং কিঞ্চিদ্বোপলক্ষ্য নাদাতিনাদান্ ভগবান্ মুমোচ। হসন্ বিহাসাংশ্চ জহাস হর্ষা-জাস্থাগমে ক্লুবিনোদনার্থম্॥২৭

হরিবংশ, বিষ্ণুপর্ব্ব, ৮৯২ অধ্যায়।

একটু থোঁজ করিলে তাঁহারা মহাকবি ভাসের নাটকে রামক্কঞের দিবারাদ দেখিতে পাইতেন। আরও দেখিতেন, রাসের পর অরিষ্ট-নিধন এবং তৎপরে কালিয়-দমন। কাব্য যে ইতিহাস অথবা পুরাণ নম, এই মোটা কথাটা তাঁহারা ভূলিয়া যান।

যে লেখা দেখিয়া শ্রীকৃষ্ণকীর্ত্তনের পৃথিখানা ২৫০ বর্ষ পূর্ব্ধে বিষ্ণুপুর-রাজের পৃথিশালায় ছিল বলা হয়, তাহা এতদিন পৃথি-পত্রে চাপা পড়িয়াছিল, সম্প্রতি পাওয়া গিয়াছে। অত্রসহ তাহার প্রতিকৃতি দেওয়া হইল। লেখাটার মর্ম্ম, সন ১০৮০।২৬ আখিন শ্রীকৃষ্ণপঞ্চানন শ্রীকৃষ্ণসন্দর্ভের ৯৫-১১০ পাতা শ্রীশ্রীমহারাজের নিকট লইয়া যান; এবং ২১ অগ্রছায়ণ ঐ ১৬ পাতা ফিরাইয়া দেন। এখন জিজ্ঞান্ত, সনটা বলান্ধ না ময়ান্ধ !
ময়ভূমে বলান্ধ ও ময়ান্ধ ছই-ই চল ছিল। ময়ান্ধ বলিয়া স্পষ্ঠ উল্লেখ না থাকায়, বলান্ধই ধরা হইয়াছে।

भेवनस्त्रक्षन ताग्र

ष्ट्राप्तरम (मनरमनी

সে আজ অনেক দিনের কথা, পূজনীয় পিতৃদেব মহামহোপাধ্যায় হরপ্রদাদ শাস্ত্রী মহাশয় বিশিয়াছিলেন, ধর্ম ঠাকুরের পূজাটা বৌদ্ধ ব্যাপার। যথন বলিয়াছিলেন, তাঁহাকে অনেক বাক্যবাণ সহু করিতে হইয়াছিল, কিন্তু কিছুদিন পরে যথন শৃত্যপুরাণ বাহির হইল, তাহার পর ধর্মপুজা-বিধান বাহির হইল, তখন অনেক চিন্তাশীল লেখক বাঙ্গালায় বৌদ্ধধর্মের প্রভাব সম্বন্ধে চর্চচা করিতে লাগিলেন এবং দেখা গেল, বক্তিয়ার খিলিজীর খাঁড়ায় বৌদ্ধ ধর্ম নামটা লোপ হইয়া গেলেও বৌদ্ধ-প্রভাব বাঙ্গালা দেশে প্রচুর পরিমাণে থাকিয়া গিয়াছে এবং বৌদ্ধ ধর্মাবলম্বী অনেক লোকে এখন হিন্দু সমাজভুক্ত হইয়া বাস করিতেছে। আরও দেথা গেল, যাহারা এখন বৈঞ্চব বলিয়া পরিচয় দেয়, নেড়া-নেড়া বলিয়া পরিচয় দেয়, তাহাদের বেশীর ভাগ বৌদ্ধ সহজিয়া। যখন বৌদ্ধ ধর্মের প্রভাব এতদূর পর্যান্ত ধরা গেল, তখন বেশী একটু চেষ্টা করিয়া আরও একটু অগ্রসর হই না কেন ? এই ভাবে অগ্রসর হইলে দেখা যাইবে যে, বৌদ্ধ ধর্ম বেশ ওতপ্রোতভাবে হিন্দু সমাজের সঙ্গে বিজড়িত হইয়া রহিয়াছে। এমন কি, আমরা বৌদ্ধ দেবদেবীর আজিও উপাসনা করিতেছি-—ভধু এমনি নয়, প্রাণ-মন-ভরা ভক্তি দিয়ে। বৌদ্ধেরা যথন ভারতবর্ষ হইতে বিতাড়িত হইলেন এবং যথন মুসলমানদিগের অত্যাচারে বহু বৌদ্ধ সন্ন্যাসী প্রাণত্যাগ করিলেন এবং বড় বড় মঠগুলি ধ্বংসপ্রাপ্ত হইল, এক এক সময় মনে হয়, সেটা যেন ভারতের কল্যাণের জন্তই ঘটিয়াছিল। তাঁহারা কিন্তু বিতাড়িত হইয়াও যাহা সামান্ত এথানে রাখিয়া গেলেন, তাহা অতি সাজ্বাতিক আকারের বিষশ্বরূপ—অর্থাৎ যাহাকে আমরা তন্ত্র বলি। এই তন্ত্রের চোটে বাঙ্গালা দেশের অধোগতি এবং তাহারই ফলে বাঙ্গালার পুরুষ ও স্ত্রীলোকে আজ এত উভমহীন এবং কুসংস্কারাচ্ছন্ন। আমরা 'তারা' 'তারা' করিয়া অস্থির হই, তিনি একজন বৌদ্ধ দেবতা। কালীর নাম কে না করে, কালীর নামে কত হাজার হাজার নিরীহ পাঠা বলি হইতেছে, আর কত নৃতন মানভই হইতেছে, অথচ কালী হিন্দুদের দেবীই নন, তিনি বৌদ্ধদিগের দেবী। সরস্বতীর পূজার সময় অতি নিষ্ঠাবান্ ব্রাহ্মণও 'ভদ্রকাল্যৈ নমো নমঃ' করিয়া পূজার ঘর মুখরিত করিতেছেন, অথচ দেখা যাইতেছে, তিনি একজন বৌদ্ধ দেবী। এইগুলি না করিয়া আমরা ত ভাজিন মেরীর ধ্যান-ধারণা করিতে পারি আর সাহেবদের ইষ্টার ও বড়দিন গুলিও লইতে পারি। আর তাহা যদি করিতে পারি, তাহা হইলে ত সব লেটাই মিটিগ্না যায়, ধর্মের নামে মাথা ফাটাফাটিটাও কিছু কমিয়া যায়।

তাহা হইলেই দেখা গেল, বৌদ্ধ ধর্ম যায় নাই, উহা স্পষ্টরূপে আমাদের ভিতর রহিয়াছে।

কোন্ বাঙ্গালী কালী-ভারা মানে না বা কোন্ বাঙ্গালী উহাদের ভক্তি করে না বা ভয় করে না এবং তাঁদের কাছে মানত করে না? আর এঁরাই যদি বৌদ্ধ হন, তাহা হইলে আর বাকী রহিল কি? সময়ে সন্দেহ হয়, সারা বাঙ্গালাই ভাহা হইলে বৌদ্ধ ছিল এবং ভাহাই আছে। সে যাহাই হউক না কেন, মোটের উপর বাঙ্গালায় যে কিরপ বৌদ্ধ ধর্মের প্রভাব ছিল, ভাহা দেখান প্রথম পূজ্যপাদ মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়।. সেই বিষয়ে চর্চা করিতে করিতে আজ দেখা যাইতেছে—আমাদের পূজা-পদ্ধতিতেও বৌদ্ধ দেবতা রহিয়াছেন। বৌদ্ধ দেব-দেবীর পূজা বিশেষ দোষের নহে, কিন্তু জানিয়া শুনিয়া পূজা করাটাই কি ভাল নয়? সত্য থাকিলেই জানিতে হয় এবং জানিবার চেষ্টা করা উচিত; কিন্তু এই প্রবন্ধের বিষয় সংক্রান্ত যাহা কিছু জানা গিয়াছে, তাহার পথপ্রদর্শক পূজনীয় মহামহোপাধ্যায় মহাশয়; কাজেই ভাহার সংবর্দ্ধনা উপলক্ষে ভাহারই প্রদর্শিত বিষয়ে ছই একটি সিদ্ধান্ত দেওয়াই নিতান্ত যুক্তিসঙ্গত বলিয়া মনে হওয়াতেই এই প্রবন্ধ লিখিবার জন্ম চেষ্টা করিয়াছি।

এখন দেখা যাউক, কি করিয়া কালী, তারা ইত্যাদি দেবতারা বৌদ্ধ এবং ইহার স্বপক্ষে বা বিপক্ষে কি কি যুক্তি থাকিতে পারে। কয়েক বংসর পূর্বের্ধ 'তারা বৌদ্ধ কি না' এই বিষয়ে একটি প্রবন্ধ কোন এক সাময়িক পত্রে লিখিয়াছিলাম; কিন্তু সেখানে নানা কারণে বিস্তারিত ভাবে লিখিতে পারি নাই। সেই জন্ম এখানে মোটের উপর দরকারী কথাগুলি নাতিবিস্তৃত ভাবে বলিয়া যাইব।

সকলেই-জানেন, হিন্দুরা দশমহাবিতা নামে দশজন দেবীকে মানিয়া থাকেন। তাঁহাদের মহাবিতা বলা হয়, আবার সিদ্ধবিতাও বলা হয়। কারণ, প্রত্যেকটি দেবীর এক একটি মন্ত্র আছে। এবং সত্য কথা বলিতে কি, তন্ত্র হিসাবে এই মন্ত্রগুলিই আসল, মূর্ত্তি কল্পনা তাহার পরে। এই দশটি মন্ত্রকেই শুধু সিদ্ধবিতা বলা হয়। কারণ, তন্ত্রের মতে যদি এই দশটির কোন একটি মন্ত্র এক লক্ষ বার জপ করা হয়, তাহা হইলেই সিদ্ধিলাও হয়। কিন্তু সত্য সত্য কেহ সিদ্ধি পাইতেছে কি না, তাহা পাঠকবর্গ জপ করিয়া দেখিতে পারেন। জপ করাও সোজা নয়—মন্ত্রটি শুদ্ধ হওয়া চাই, জপ করিবার সময় অক্ষরগত চিত্ত হওয়া চাই, নাতিশীঘ্র ভাবে বিলম্ব না করিয়া জপ করা চাই। যদি একটু কোন স্থলে ক্রটি হয়, বস্—তাহা হইলে সিদ্ধির আর কোন সম্ভাবনা নাই। তাহার উপরে এই দশজন বা এই দশবিতা পঞ্চমকারের শরণাপন্ন না হইলে কোনক্রমেই সিদ্ধি দান করেন না; দশমহাবিতারা দশজন, নিম্নলিখিত শ্লোকে তাঁহাদের নাম দেওয়া হইল।

কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভূবনেশ্বরী। ভৈরবী ছিন্নমন্তা চ বিদ্যা ধুমাবতী তথা॥

ৰগলা সিদ্ধবিত্যা চ মাতন্ত্ৰী কমলাত্মিকা। এতা দশ মহাবিত্যাঃ সিদ্ধবিত্যাঃ প্ৰকীপ্তিতাঃ॥

তন্ত্রসারে ধৃত বিশ্বসার তন্ত্রের বচন।

কালী, তারা, ষোড়শী, ভূবনেশ্বরী, ভৈরবী, ছিরমন্তা, ধূমাবতী, বগলা, মাতলী ও ক্মলা—
এই দশন্তনেই দশনি মহাবিতার অধিষ্ঠাত্রী দেবতা। ইহারা আবার নামেই দশনি, ইহাদে
মন্ত্রের অক্ষরের ফেরফারে আবার নৃতন মন্ত্র হয় এবং নৃতন মন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতা হয়
যেমন ধরুন তারা, তাঁহার মন্ত্র হাঁ ত্রী হুঁ ফট্; কিন্তু চারিটি মন্ত্রাক্ষর যদি একটু আধটু উপ্
পালী করা যায়, তাহা হইলে আরও সাতটি মন্ত্র উৎপন্ন হয় এবং এই সাতটি মন্ত্রের আবা
সাতটি দেবতা হয়। তাই মায়াতন্ত্রে বলে—তারিণী আট রকমের এবং তাঁহারা মন্ত্রাক্ষরে
বিভিন্ন স্থিতিভেদে উন্তত্ত হয়েন। দেখানে বলিতেছে,—

তারা চোগ্রা মহোগ্রা চ বজ্রা কালী সরস্বতী। কামেশ্বরী ভদ্রকালী ইত্যষ্ট্রী তারিণী স্বতা।

অর্থাৎ তারা, উগ্রা, মহোগ্রা, বজ্রা, কালী, সরস্বতী, কামেশ্বরী, ভদ্রকালী—এই আটটি দেবত সকলেই তারিণী বলিয়া পরিচিত হন। তন্ত্রসারে এই আট প্রকারের তারার যাহা মন্ত্র পাত্ত যায়, তাহা একত্র করিয়া দিলাম। ইহা হইতে স্পষ্টই দেখা যায়, তারার মন্ত্রের মন্ত্রাক্ষরে পরিবর্ত্তন করায় আরও সাতটি মন্ত্রের উৎপত্তি হইতেছে।

নাম	মস্ত			মন্ত্রাক্ষরের অবস্থান	
তারা	হী	ন্ত্ৰী	ङ्क	ফট্	>২৩৪
উগ্ৰা	खी	ड्रो	9 (क हें ्	२ > ७ ८
মহোগ্রা	\$	खीं	হ্রী ঁ	कर्षे	৩২১৪
বক্স	\$	ड़ी	खी	ফট্	७১२८
কালী	डौ	স্ত্ৰী	क ढें	ટ્ર ઁ	> 280
সরস্বভী	खी	ड़ी	य है ्	ङ्	२५६७
কামেশ্বরী	ङ्गी	2	ं खीँ	ফট্	<i>>७</i> २8
ভদ্ৰকালী	ন্ত্ৰী	\$	ड़ौ	क ठें	२७५ 8

ইহা হইতে স্পষ্টই প্রতীয়মান হয় বে, উগ্রা মহোগ্রা ইত্যাদি সাজটি দেবতা তারারই রূপান্তর মাত্র এবং সাতটি মন্তই তারামন্ত্রেরই রূপান্তর। যদি দেখান যায়, তারা দেবীর উৎপত্তি বৌদ্ধ ধর্ম হইতে, তাহা হইলে তাঁহার বিভিন্ন রূপধারী দেবতাগুলিও বৌদ্ধ হইয়া যাইবেন। অতএব তারার উৎপত্তি কোণা হইতে হইল, সেই প্রশ্নের বিচার করা দরকার।

হিন্দুদিগের নানাপ্রকার তন্ত্রের পুস্তক আছে এবং তন্ত্রসাহিত্যের কয়েকথানি পুস্তকে তারার মন্ত্র, ধ্যান ও পূজাপদ্ধতি পাওয়া যায়। ইহাদের মধ্যে তারাতয়, ত্র্রসার, মহাচীনাচারক্রমতয়, শক্তিসঙ্গমতয় ইত্যাদির নামই বিশেষ উল্লেখযোগ্য। তন্ত্রসারে দেখি, তারার
ধ্যান ইত্যাদি একথানি পুরাতন পুস্তক হইতে গৃহীত হইয়ছে। এই পুরাতন পুস্তকথানির নাম
ভৈরবতয়। তারার মূর্ত্তি এই সকল গ্রন্থেই নিম্নলিখিত ভাবে উল্লিখিত হইয়াছে।

প্রত্যালীঢ়পদাং বোরাং মৃগুমালাবিভূষিতাম্।
থব্বাং লম্বোদরীং ভীমাং ব্যাঘ্রচর্মার্কাং কটো ॥
নবযৌবনসম্পন্ন পঞ্চমুদ্রাবিভূষিতামু। (১০১৯)
চতুভূ জাং ললজ্জিহ্বাং মহাভীমাং বরপ্রদাম্ ॥
থক্তা-কর্ত্বসমাযুক্ত-সব্যেতর-ভূজধন্নাম্ ।
কপালোৎপলসংযুক্ত-সব্যাণাণি-যুগাম্বিতাম্ ॥

গ্যান হইতে ব্ঝা যায়, তারার মূর্ত্তি অতি ভীষণ প্রকৃতির। তিনি প্রত্যালী চু আসনে দক্ষিণপদ সঙ্কৃতিত করিয়া এবং বামপদ প্রসারিত করিয়া দাঁড়াইয়া আছেন্। তাঁহার গলায় মুণ্ডের মালা। তিনি আকারে থকা এবং বাাঘচর্মনিবসনা, নবযৌবনমন্তিতা এবং প্রস্তুপ্রান্তা বিভূষিতা। তাঁহার চারিটি হাত, দক্ষিণ হাত হুইটিতে থক্তা ও কর্ত্থারিণী এবং বাম হাতে কপাল ও উৎপলধারিণী। ইহার মাধায় চুল একটি জাটার আকারে লম্মান ও উহা অক্ষোভ্যের মূর্ত্তিযারা শোভিত।

পাঁচটি মূলা কাহাকে বলে ? তারা একজটা কেন এবং ইহার মাধার অক্ষোভ্যের মূর্ত্তি কেন—এই তিনটি প্রশ্নের মীমাংসা হিন্দু তন্ত্রশান্তের হারা করা যায় না। কিন্তু তাই বলিয়া যে হিন্দু তন্ত্রশান্তকাররা মীমাংসা করিবার চেষ্টা করেন নাই, তাহা বলা যায় না। পঞ্চমূলার ব্যাখ্যান করিতে গিয়া তন্ত্রসারে তন্ত্রচূড়ামণির ও শব্দরাচার্য্যের মত উদ্ধৃত করা হইয়াছে। সেখানে দেখি—পঞ্চমূলাবিভূষিতামিতি ললাটে খেতান্থিপটিকা-চতুষ্ট্রমান্তিকপালপঞ্চকভূষিতামিত্যর্থঃ। খেতান্থিপটিকান্তককপালপঞ্চলোভিতামিতি তন্ত্রচূড়ামণৌ। শব্দরাচার্য্যোগাপ্যক্তম্। বিচিত্রান্থিনালাং ললাটে করালাং কপালঞ্চ পঞ্চান্থিতং ধারয়ন্তীমিতি।

অর্থাৎ ইহাদের মতে পঞ্চমুলা বলিতে পাঁচটি কপাল্বিশিষ্ঠ শ্বেতাস্থিপটিকা-চতৃষ্টরের অলঙ্কার। যেহেতৃ এই অন্থিপটিকাচতৃষ্ঠরের সহিত পাঁচটি কপাল যোজিত থাকে, সেই জস্ত ইহাকে পঞ্চমুলা বলা হয়। কিন্তু এই ব্যাখ্যান মোটেই সমীচীন বোধ হয় না। এখানে পটিকাচতৃষ্ঠয় স্থারা নির্মিত অলঙ্কার একটি। তাহার অঙ্গভূত পাঁচটি কপালকে পঞ্চমুলা কিছুতেই বলা যায় না। আর তাহা ছাড়া 'মুলা'শব্দে কপাল বা ছিন্নমুত্ত কখনও যে বুঝাইতে পারে, এরূপ আমার শ্রুতিগোচর হয় নাই। তাহা ছাড়া কোথাও কোথাও পঞ্চমুলার বদলে যথাবা বা চতুর্মুলাবিভূষিত বলিয়া দেবদেবীদের বলা হয়, সেম্থানেও কি ছয়টি মৃত্ত বা চারিটি মৃত্ত বলিয়া ধরিয়া লইতে পারা যায়। ইহা বোধ হয় পারা যায় না। কারণ, পাঁচটি মৃত্তের যে একটা অলোকিক শক্তি আছে, তাহা যে অন্ত প্রকার মৃত্তসমবায়ে থাকিতে পারে, তাহা দৃষ্টি-গোচরে আসে না। কাজেই মনে হয়, হিন্দু তন্ত্রে পঞ্চমুলার যাহা ব্যাখ্যা করা হইয়াছে, তাহা সম্পূর্ণ ল্রাস্ত ; কেন, তাহা পরে বলিতেছি।

তারপর তারাকে একজটা কেন বলা হইল, এবং একজটা বলিতে যে কি বুঝায়, তাহার সম্যক্ আলোচনা হিন্দু তন্ত্রে করা হয় নাই। বোধ হয়, ইহা ব্যাখ্যা করিবার যে, কোন প্রয়োজন আছে, তাহাই তাঁহারা মনে করেন নাই। কিন্তু বাস্তবিক পক্ষে একজটার একটা মানে কিছু আছে, যাহার আলোচনা করার বিশেষ প্রয়োজন।

তারার মাথায় অক্ষোভ্যের মূর্ত্তি থাকে। এই অক্ষোভ্য কে ? কেনই বা অক্ষোভ্যের মূর্ত্তি মাথায় থাকে, ইহারও বিচার হওয়া দরকার। হিন্দু তন্ত্রের মতে অক্ষোভ্য মানে—যার ক্ষোভ নাই। তিনি কে, নিশ্চয় শিব। কি করিয়া শিবকে ধরা গেল, তাহা তোড়লতত্ত্বে লিখিত নিম্নলিখিত শ্লোক হইতে স্পষ্ট বুঝা যায়,—

সমুদ্রমথনে দেবি কালকুটং সমুখিতম্।
সবে দেবাশ্চ দেবাশ্চ মহাক্ষোভমবাপুযুঃ॥
ক্ষোভাদিরহিতো যন্মাৎ পীতং হলাহলং বিষম্।
অতএব মহেশানি অক্ষোভ্যাং পরিকীর্ত্তিঃ॥
তেন সার্দ্ধং মহামায়া তারিণী রমতে সদা।

সমূদ্র মথনের সময় কালকুটের গল্প কেনা জানে। কালকুট ভীষণ বিষ, কাজেই সকল দেবগণ এবং সকল দেবীগণের ভীষণ ক্ষোভ উপস্থিত হইল। কেবল হইল না একজনের, তিনি শিব। ক্ষোভরহিত হইয়া তিনি সেই বিষ গলাধঃকরণু করিলেন, কাজেই শিব অক্ষোভ্য। মহামায়া তারিণী যথন তাঁহার সহিত রমণ করেন, তখন শিব তারার মাথায় উঠিলেন।

হিন্দু ভদ্রের এইরূপ আধ্যাত্মিক ব্যাখ্যা সঙ্গত বলিয়া মনে হয় না। কেন, ভাহা পরে বলিতেছি। ধরুন, যদি অক্ষোভ্য শিবই হন, তিনি তারার মাণায় থাকেন কেন? শৈব দেবদেবী আরও ত যথেষ্ট আছে, অপর কাহারও মাণায় ত শিবের বৃর্দ্তি থাকিতে দেখা যায় না। তবেই দেখা যাইতেছে, হিন্দুদের একজটা বলিয়া কোন দেবী নাই অথচ ভারা বলিয়া একজটার একটি রূপান্তর রহিয়াছে। হিন্দুদের নানারূপ মুলা রহিয়াছে; কিন্তু কোন মুলারই অলঙ্কাররূপে দেবদেবীর শরীরে যোজিত হইবার কোন অবকাশ নাই। অতএব এই তিনটি প্রশ্নেরই হিন্দু শাস্ত্র মতে মীমাংসা করা গেল না।

অবশু হিন্দু তন্ত্রে লিখিত কথায় অবিষাস করার কোন যুক্তিযুক্ত কারণ থাকিতে পারে না এবং পূর্ব্বে আমারও কোন সন্দেহ ছিল না। কিন্তু আজ দশ বংসর ধরিয়া বৌদ্ধ তন্ত্র-শাস্ত্র পাঠ করিয়া আমার পূর্ব্ব ধারণাগুলি এক এক করিয়া ছাঁটিয়া ফেলিতে হইতেছে। এবং বৌদ্ধ ও হিন্দু তন্ত্রশাস্ত্র পাশাপাশি ফেলিয়া মিলাইয়া দেখিবার স্থযোগ পাওয়ায় অনেক নৃতন তথা আবিদ্ধার করিতে সমর্থ হইয়াছি এবং আমার বিশ্বাস, যিনিই এইরজ্ঞাবে মিলাইয়া দেখিবার অবকাশ পাইবেন, তিনি আমার মতের সহিত্ত একমত হইতে পারিবেন। বৌদ্ধ তন্ত্র বিষয়ে গবেষণা করিতে গিয়া প্রথমে হিন্দু তন্ত্র সম্বন্ধে আমার একটা সন্দেহ আসে এবং এই বিষয় লইয়া যত বেশী আলোচনা করিতেছি, তত্তই এই সন্দেহ ঘনীভূত হইতেছে।

সাধনমালা বৌদ্ধ তন্ত্রগ্রন্থ গায়কোয়াড় ওরিয়েণ্টাল সিরিজে প্রকাশ করিবার সময় তাহাতে দেখি, একজটা নামে এক দেবী রহিয়াছেন এবং তাঁহার মন্ত্র সময়ে বেশানে বলিতেছে,—

আর্য্য একজটারাস্ত মন্ত্ররাজো মহাবল:। অস্ত শ্রবণমাত্রেণ নির্বিদ্যো জায়তে নর:॥ সৌভাগ্যং জায়তে নিত্যং বিলয়ং যাস্তি শত্রব:। ধর্মস্বক্রো ভবেরিত্যং বৃদ্ধতুল্যো ন সংশ্র:॥

সাধনমালা, ১ম ভাগ, পত্র ২৬২।

তা ছাড়া একজটার পূজাপদ্ধতির উপর অন্ততঃ ৮টি সাধনা সাধনমালায় দেওয়া আছে। যদি কাহারও দেখিবার ইচ্ছা হয়, তিনি ১০০, ১০১, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭ ও ১২৮ নম্বরের 'সাধনাগুলি দেখিয়া লইবেন। একজটার নানার্রপে সূর্বিভেদ কল্লিত হইয়াছিল— এক মুখ ফুই হাত হইতে আরম্ভ করিয়া বার মুখ বোল হাত মূর্ব্বি পর্যান্ত কল্লিত হইয়াছিল। ইনি নানা প্রকার নামেও পরিচিত হইতেন, ইহাকে উগ্রভারা, মহাচীনভারা, বিহ্যুজ্ঞালাকরালী, শার্য্য একজ্বটা ও শুক্ল একজ্বটা বলা হইত। একজ্বটা দেবীর যে রূপ মহাচীনতারা নামে পরিচিত ছিল, তাহা আমাদের হিন্দু তারার রূপের সহিত হুবহু এক। ইহাই হিন্দু তন্ত্রের কথায় অবিখাস করার প্রথম কারণ।

তারা পঞ্চমুদ্রায় বিভূষিত বলিয়া বলা হইয়াছে। পঞ্চমুদ্রা বলিতে কি বুঝায়, হিন্দু তম্ত্রের সাহায্যে তাহা জানা গেল না। সাধনমালায় ইহার সমাধান করা আছে। সেথানে দেখি, বৌদ্ধেরা ছয়টি মুদ্রা মানিত; এই মুদ্রা দেবদেবীর শরীরে অলঙ্কাররূপে যোজিত হইত। এই ছয়টি মুদ্রা হইতে যেমন যেমন একটি কি ছইটি বাদ দেওয়া হইত, তেমনি তেমনি উহা পঞ্চমুদ্রা বা চতুমুদ্রা বলিয়া পরিচিত হইত। সাধনমালায় নিয়লিথিত শ্লোকে ছয় মুদ্রার বিবরণ দেখিতে পাই,—

কটিকা রুচকং রত্নকুণ্ডলং ভত্মস্ত্রকম্। ষট্বৈ পারমিতা এতা মুদ্রারূপেণ যোজিকা: ॥

অর্থাৎ গলার হার, বালা, রত্ন, কুণ্ডল, ভত্ম ও যজ্ঞোপবীত, এই ছয়টি পার্মিতা স্বরূপ এবং উহা মুদ্রারূপে যোজিত হয়।

সাধনমালায় অনেক দেবদেবীর শরীরে মূলার অলঙ্কার দেওয়া হইত। এই সকল বিবরণ পাঠ করিলে বোধ হয় যে, ভিন্ন ভিন্ন ভব্রে ছয় মূলার ভিন্ন ভিন্ন গণনা আছে এবং উপরোক্ত শ্লোকটি কোন একটি তন্ত্র হইতে উদ্ভা কারণ, কোণাও কোণাও চক্রী বলিয়া আর একটি আভরণকে ছয় মূলার ভিতর পরিগণিত হইতে দেখি, কোণাও বা তাহার বদলে মেখলা দেখা যায়, আবার কোণাও বা চক্রী ও মেখলা তুইই দেখিতে পাই। কিন্তু এটা বোধ হয় হির যে, এই আভরণগুলি নরান্থি হইতে নির্মিত হইত এবং প্রত্যেক মূলার অধিষ্ঠাত্রী দেবতা এক একটি ধ্যানিবৃদ্ধ থাকিত। ইহা শান্তিপাদের লিখিত হেরুকের নিম্নলিখিত মূর্ত্তি-কল্পনায় স্পষ্ঠই প্রতীয়মান হয়,—

শিরশুকোভ্যাত্মকনরশিরোঘটিতচক্রীধরং কর্ণে অমিতাভাত্মকনরাস্থিক্গুলিনং। কঠে রত্মসন্তবাত্মকক্রিকাযুক্তং হস্তে বৈরোচনাত্মকক্রচকধরং কট্যামমোঘসিদ্ধ্যাত্মক-মেথলাযুক্তং ...

অর্থাৎ হেরুকের মাধায় অক্ষোভ্য ধ্যানিবৃদ্ধ কর্তৃক অধিষ্ঠিত নরাস্থিনিমিত চক্রী (অনেকটা টায়রার মত) থাকে, কর্ণে অমিতাভ কর্তৃক অধিষ্ঠিত নরাস্থিনিমিত কুণ্ডল থাকে, কঠে রদ্ধসম্ভব কর্তৃক অধিষ্ঠিত হার থাকে, হাতে বৈরোচন কর্তৃক অধিষ্ঠিত বালা থাকে এবং কটিতে অমোঘসিদ্ধি কর্তৃক অধিষ্ঠিত মেখলা থাকে।

তাহা হইলেই দেখা যাইতৈছে, বৌদ্ধেরা মূলা বলিতে কি ব্ঝায়, তাহা জানিত। কোন্
মূলাটি কোন্ অলে যোজিত হয়, তাহাও জানিত, এবং কোন্ মূলায় কোন্ ধ্যানিবৃদ্ধ অধিষ্ঠাত্তী
দেবতা, তাহাও জানিত। জানিত—কারণ, এই ছয়টি বিশেষ মূলা তাহাদেরই সামগ্রী,
তাহাদেরই কলিত। হিন্দু তন্ত্রে মধ্য হইতে দেবী লওয়া হইয়াছে, মন্ত্র লওয়া হইয়াছে;
কিন্তু খুঁটিনাটি লওয়াও হয় নাই, বৃথিবার চেষ্টাও হয় নাই। যথন চেষ্টা হইল, তথন বৌদ্ধ ধম
ভারত হইতে বিলুপ্ত হইয়া গিয়াছে। তাহা সন্থেও যা হয় একটা অর্থ করিয়া দেওয়া
হইয়াছে, সেটা অনেকটা ঝাঁসা দেওয়ার মত। এটাও হিন্দু তন্ত্রের কথায় অবিশাস
করিবার বিতীয় কারণ।

একজটার মাথায় বা তারার মাথায় অক্ষোভ্যের মূর্ত্তি থাকে কেন? ইহার মীমাংসা একমাত্র বৌদ্ধ মূর্ত্তিশাস্ত্রের ভিতর দিয়া হইতে পারে। তারার মাথায় শিব থাকে, যেহেতু শিবের ক্ষোভ নাই—এ যুক্তির সারবন্তা গ্রহণ করা কিছু কঠিন। কিন্তু বৌদ্ধ মূর্ত্তিশাস্ত্রে দেখিতে পাই, বৌদ্ধেরা পাঁচ ধ্যানিবৃদ্ধকে আদি দেবতা বলিয়া মানে। ইহারা পাঁচ জনে পাঁচটি ক্ষন্ধের আবার অধিষ্ঠাত্রী দেবতা। এই পাঁচ ক্ষন্ধ হইতেই সমগ্র স্থাষ্ট্রর উৎপত্তি; কাজেই পাঁচ ধ্যানিবৃদ্ধই বৌদ্ধদের মতে আদি দেবতা। ইহাদের নাম নিম্নলিখিত শ্লোকে সাধনমালায় দেওয়া হইয়াছে,—

জিনো বৈরোচনঃ খ্যাতো রত্মসম্ভব এব চ। অমিতাভামোঘসিদ্ধিরক্ষোভ্যশ্চ প্রকীর্তিত:॥

অর্থাৎ বৈরোচন, রত্নসম্ভব, অমিতাভ, অমোদসিদ্ধি ও অক্ষোভ্য, এই পাঁচ জন জিন বা ধ্যানিবৃদ্ধ বলিয়া পরিচিত। ইহাদের দেখিতে সব একই প্রকারের। সকলেই ধ্যানাসনে বসিয়া থাকেন, সকলেরই এক মুখ, ছই হাত, গাত্রে ভিক্ষুদিগের বেশ। ইহাদের মধ্যে কেবল তফাৎ মুদ্রায় এবং গায়ের রংএ।

প্রত্যেক ধ্যানিবৃদ্ধের এক একটি বৃদ্ধশক্তি আছেন এবং ইহাদের সকলেরই পূত্র বা কস্তাস্থানীয় বোধিসন্থ ও শক্তি আছে। অতএব যত দেবদেবী বৌদ্ধ সভ্তের আছেন, সকলেই এক বা অন্ত ধ্যানিবৃদ্ধকুলের অন্তর্গত। কোন্ কুলে কোন্ বোধিসন্থ বা শক্তি উৎপন্ন হইয়াছেন, তাহা দেখাইবার জন্ত এই বোধিসন্থগুলির মাধায় ধ্যানিবৃদ্ধের একটি ছোট মূর্ত্তি চিহ্নস্বর্গ্রণে ধারণ করিতে হয়। এইরূপ বোধিসন্থের মূর্ত্তি দেখিলেই বুঝা যায়, তিনি কোন্ কুলের অন্তর্গত এবং তাঁহার প্রকৃতি কিরূপ। যাহারা মনোযোগ সহকারে নানা স্থানের যাহ্রন্থরে রক্ষিত বৌদ্ধ দেবদেবীর মূর্ত্তি দেখিয়াছেন, তাঁহারাই দেধিবেন, অনেকগুলি মূর্ত্তির

মাধার একটি একটি ছোট মূর্জি থাকে। এই ছোট মূর্জিগুলিই দেখায়—কোন্ ধ্যানিবৃদ্ধ হইতে সেই বোধিসন্থের উৎপত্তি হইয়াছে। যে বোধিসন্থ বা শক্তি অমিতাভ ধ্যানিবৃদ্ধ হইতে উৎপন্ন হইয়াছেন, ভিনি অমিতাভের সমাধিমূদ্রাচিহ্নিত একটি ছোট মূর্জি মস্তকের উপর ধারণ করিবেন। যিনি অক্ষোভ্য ধ্যানিবৃদ্ধ হইতে উৎপন্ন হইয়াছেন, তিনি ভূমম্পর্শ-মূদ্রাচিহ্নিত অক্ষোভ্যের একটি ছোট মূর্জি মাথায় ধারণ করিবেন। বৌদ্ধ তন্ত্রশাস্ত্রের সকল দেবদেবী সম্বন্ধেই এই বিধান লিখিত হইয়াছে। এই শান্ত্রোক্ত বিধান অহ্বসারে বৌদ্ধ দেবদেবীর মাথায় জন্মদাতা ধ্যানিবৃদ্ধের মূর্জি থাকা নিতান্ত প্রয়োজনীয়। এরূপ বিধান হিন্দু তন্ত্রশাস্ত্রে বা পুরাণে দেখিতে পাওয়া মায় না, অথচ তারার মাথায় অক্ষোভ্যের মূর্জি দেখিতে পাওয়া যাইতেছে। তারা তাহা হইলে অক্ষোভ্য ধ্যানিবৃদ্ধ হইতে উৎপন্ন হইয়াছেন। অক্ষোভ্য হেমকুলের প্রবর্ত্তক, তাঁহার রং নীল এবং তাঁহার মূদ্রা ভূমিম্পর্শ এবং তিনি বিজ্ঞানস্বন্ধের অধিষ্ঠাত্রী দেবতা। তারাকে হিন্দুরাও আপনার বলিয়া বলিতেছেন, বৌদ্ধেরাও নিজের বিলিয়া পরিচয় দিতেছেন। কিন্তু অক্ষোভ্যের মূর্জি মাথায় ধরার জন্ত মনে হয় নাকি যে, তারা নির্জেলা বৌদ্ধ দেবতা ?

তাহা হইলেই বৃঝা যাইতেছে, তাবা হিন্দু দেবতা নহেন। ইনি বৌদ্ধদের একজাটা দেবীর একটি রূপাপ্তরবিশেষ এবং ইহা মহাচীনতারা বলিয়া বৌদ্ধ সাহিত্যে খ্যাত। বৌদ্ধ সাহিত্যে তারার যাহা ধ্যান পাওয়া যায়, তাহাতে হিন্দু তারাও বৌদ্ধ মহাচীনতারার রূপের কোন পার্থকা লক্ষিত হয় না। কিন্তু এখন কণা উঠিতে পারে, তারা কত দিনের পুরাণ এবং তাঁহার প্রথম নামোল্লেখ কোথায় পাওয়া যায় এবং যদি পাওয়া যায়, তাহা হিন্দুদের গ্রন্থে, না বৌদ্ধদের। সাধনমালা নামক বৌদ্ধ তন্ত্রপ্রান্থে দেখিতে পাই, আর্য্যানাগার্জুনপাদ একজাটার সাধনা ভোট বা তিব্বত দেশ হইতে উদ্ধার করিয়াছিলেন। এই আর্য্যানাগার্জুনপাদ সিদ্ধ নাগার্জুন বলিয়া পরিচিত ছিলেন এবং তিনি মাধ্যমিকবাদের প্রতিষ্ঠাতা নাগার্জুন হইতে বিভিন্ন ব্যক্তি। তাঁহার সময় এখনও ঠিক করিয়া নির্ণীত হইয়াছে বলিয়া বলা যায় না, কিন্তু এ সম্বন্ধে যে সকল মালমশলা সংগৃহীত হইয়াছে, তাহা হইতে প্রতীতি হয় যে, সিদ্ধ নাগার্জুন সপ্তম শতান্দীর মধ্যভাগে বিভ্যমান ছিলেন। এই নাগার্জুন তান্ত্রিক ছিলেন এবং বৌদ্ধ বক্ত্রখান সম্প্রাণারের লোক ছিলেন। তিনি প্রথম একজাটার পূজা-পদ্ধতির প্রচলন করেন। হিন্দু তন্ত্রশান্তের তারা সম্বন্ধে এমন কোন গ্রন্থই নাই, যাহা নিঃসন্দেহে সপ্তম শতান্ধীর পূর্ববর্ত্তী হইতে পারে। ইহা হইতেই মনে হয়, হিন্দুরা, বৌদ্ধদের নিকট হইতেই এই দেবীকে গ্রহণ করিয়াছেন।

ষদি তারা বৌদ্ধ হন, তাহা হইলে তারার বিভিন্ন মন্ত্রাক্ষর-সমষায়ে যে বাকী সাতটি দেবতার উৎপত্তি হইয়াছে, তাঁহারা সকলেই বা কেন বৌদ্ধদেবতা না হইবেন ? তারার মন্ত্রাক্ষর থ্রী প্রী হুঁ ফট্ হিন্দু তন্ত্রের কথাস্থযায়ী মহাচীন বা ভোট দেশ হইতে আসিয়াছে। তারাতন্ত্রে বলে, বৃদ্ধদেবের নিকট হইতে বশিষ্ঠ এই মন্ত্র পাইয়াছিলেন। সেখানে আরও বলে, এই তারা মন্ত্রের জোরে বশিষ্ঠ নক্ষত্রলোকে গিয়াছেন, সদাশিবও ইহার বলে সকলের বড় হইয়াছেন, ছর্ব্বাসা, ব্যাস, বাল্মীকি, ভারন্ধান্ধ আদি পুরুষেরা কবিত্ব লাভ করিয়াছেন, ভীমসেন, অর্জ্জুন আদি ক্রিয়েরা বিজয় লাভ করিয়াছেন। তারাতন্ত্রের এই কথা অপরাপর তন্ত্রেও ধ্বনিত ইইয়াছে। রুদ্রযামল ব্রহ্মধামল আদি সর্ব্বাপেকা পুরাতন এবং প্রামাণিক হিন্দু তন্ত্রশান্ত্রেও তারামন্ত্র যে বৃদ্ধের নিকট হইতে প্রথম বশিষ্ঠ লাভ করিয়া-ছিলেন, তাহার ভূরি প্রস্নাণ পাওয়া যায়।

হিন্দ্রাই যথন তাঁহাদের নিজের কোন মন্ত্র বুদ্ধদেবের নিকট হইতে আসিয়াছে বলিয়া তাঁহাদের সর্ব্বাপেক্ষা প্রামাণিক গ্রন্থে স্বীকার করেন, তাহা হইলে স্বতঃই প্রমাণ হয় যে, তারা বৌদ্ধদিগেরই দেবতা, তারামন্ত্রও বৌদ্ধদের নিকট হইতে প্রাপ্ত মন্ত্র, এবং সে বিষষে সন্দেহ করিবার কোন যুক্তিযুক্ত কারণ পাওয়া যায় না। তাহাই যদি হয়, তাহা হইলে তারার আর সাতটি রূপভেদ যথা,—উগ্রা, মহোগ্রা, বজ্রা, কালী, সরস্বতী, কামেশ্বরী ও ভদ্রকালী সকলেই যে বৌদ্ধ হইবেন, তাহাতে আর কি মতভেদ থাকিতে পারে ?

এই সাতটির ভিতর আবার উত্রা, মহোগ্রা, বক্সা ও কামেশ্বরীর পূজাপদ্ধতির আজকাল বিশেষ চলন দেখিতে পাওয়া যায় না। কিন্তু বাকী কয়জন কালী, সরস্বতী, ভদ্রকালী, সকলেরই পূজার আজকালও বেশ প্রচলন আছে। অবশু ই হারা বৌদ্ধদেবী হিসাবে পূজা পান না, ই হারা হিন্দুদেবী হিসাবেই পরিচিত এবং যাঁহারা ই হাদের পূজা করিয়া থাকেন, তাঁহারা অজ্ঞাতসারেই বৌদ্ধদেবীদের পূজা দিয়া আসিতেছেন। অনেকেই বোধ হয়, বেছলার গল্প, চাঁদ সদাগরের গল্প পি্য়োছেন, এই গল্পে দেখিতে পাই—কি করিয়া মনসা বা বিষহরির পূজা হিন্দুদের ভিতর প্রবেশ করে। এই বিষহরি বা মনসা নিশ্চয়ই অহিন্দু দেবতা ছিলেন, খ্ব সম্ভব ইনি বৌদ্ধ জাঙ্গুলী দেবতা। চাঁদ সদাগরের গল্প দেখিয়া বুঝা যায়, এই দেবীর পূজা হিন্দুদিগের মধ্যে চালাইয়া দিবার জন্ম কিন্তুপ বেগ পাইতে হইমাছিল। ঠিক এই ভাবেই পূর্বেক্স কালী, তারা, সরস্বতী, ভদ্রকালী ইত্যাদি দেবীরা হিন্দু পূজাপদ্ধতির ভিতর প্রবেশ লাভ করিয়াছিলেন। কালীপূজায় ছাগল, মহিষ, এমন কি, পূর্বেক্স নরবলিও হইত বলিয়া শুনা যায় এবং সেই পূজাস্বতে নানারূপ বীভৎস জাচারাদির কথাও শুনা যায়; বাস্তবিক্ষ বলিতে, সাধারণর হির মনেন্দুর

সেগুলি সময় সময় ঘূণা উৎপাদন করিয়া থাকে; ইহার কারণ আর কিছুই নহে, কেবল এই সকল আচারাদি বৌদ্ধদিগের, হিন্দুদিগের নহে। এইরপ হাজার হাজার প্রাণীর হিংসা হিন্দুধর্মে অন্থমোদন করা শক্ত এবং এই জন্ম বাঙ্গালাদেশের ব্রাহ্মণদিগকে অন্থান্ম প্রদেশের লোকেরা কিঞ্চিৎ ঘূণার চক্ষে দেখিয়া থাকে। বস্তুতঃ, তন্ত্রের আক্রমণ বাঙ্গালা দেশে যেরপ প্রবলবেগে হইয়াছিল, সেরপ ভীষণ ভাবে তাহা অন্থান্ম প্রদেশকে আক্রমণ করিতে সমর্থ হয় নাই। ফল কথা, কালী পূজা, কালীর মন্ত্র এবং কালীপূজার আন্থমঙ্গিক ব্যাপার কোনটাই হিন্দু নহে, সমস্তটাই ছাঁকা বৌদ্ধ ব্যাপার। কেবল আশ্চর্য্য বলিয়া মনে হয়, কি করিয়া আমরা এইরপ একটা প্রকাণ্ড বৌদ্ধ দেবতাকে এত কাল হিন্দু দেবতা বলিয়া উপাসনা এবং পূজা করিয়া আসিয়াছি।

তারপর সরস্থতী। কেহ কেহ বলিবেন, সরস্থতী বৈদিক দেবতা, পুরাণেও তাঁহার পূজা আছে, এবং পুরাণগুলি প্রায়ই তান্ত্রিক যুগের পূর্বে লিখিত হইয়াছে। সে সকল কথা অস্বীকার করা হইতেছে না, এবং তাহা অস্বীকার করিবার যোও নাই। কিন্তু বাঙ্গালাদেশে আমরা যে সরস্বতীর পূজা করিয়া থাকি, তিনি নিশ্চয়ই তারার রূপভেদ মাত্র, তিনি বৈদিক বা পৌরাণিক সরস্বতী নহেন। অঞ্জলি দিবার সময় আমরা বলিয়া থাকি—"ওঁ সরস্বতা নমো নিত্যং ভদ্রকাল্যে নমা নমঃ," এ জায়গায় সরস্বতীর সহিত এক নিংখাসে ভদ্রকালীকে নমন্ধার করা হইয়া থাকে। এই ভদ্রকালী তারার একটি রূপভেদ; যথন ভদ্রকালীর সহিত সরস্বতীর সংযোগ করা হইয়াছে, তথনই বুঝিতে হইবে আমরা যে সরস্বতীর পূজা করিতেছি, তিনি তারার অন্থ একটি রূপভেদ।

ষ্দি তাহাই হয়, বৌদ্ধধর্ম ভারতবর্ষ হইতে লোপ হইয়াছে বলাটা নিতান্ত ভূল। যদি কালী বৌদ্ধ দেবতা হন, তাহা হইলে বাংলা দেশের শতকরা ৯৯ জন বৌদ্ধ, ইহার ভিতর কতক নিজ লা বৌদ্ধ, কতক ভেজাল দেওয়া। কে নিজ লা, কে ভেজাল, এখন ধরা বড় শক্ত। যাই হউক, এই সকল বিষয়ে চর্চার পথ পূজনীয় পিতৃদেব প্রথম দেখাইয়াছেন। সেই পথ ধরিয়া যুক্তিবলে যেখানে গিয়া পড়িতেছি, তাহা অপ্রিয় হইলেও শুনিতে হইবে।

শ্রীবিনয়তোষ ভট্টাচার্য্য

প্রতাপাদিত্য ও মানসিৎহ

বাদালার বিক্রমাদিত্য মহারাজ রুঞ্চতক্রের সভার রায়গুণাকর ভারতচক্র বঙ্গের গৌরবস্থল বীরশ্রের্চ প্রতাপাদিত্য সম্বন্ধে যে কথা বলিয়াছিলেন, তাহা আজিও বালালীর গৃহে গৃহে ধ্বনিত হইতেছে ।

"ঘশোর নগর ধাম প্রতাপ আদিতা নাম

মহারাজা বঙ্গজ কায়ত।

নাহি মানে পাতশায় কেহ নাহি আঁটে তায়

ভয়ে যত ভূপতি দারস্থ ।

বরপুত্র ভবানীর

প্রিয়তম প্রথিবীর

বায়ার হাজার যার ঢালী।

ষোড়শ হলকা হাতি অযুত তুরঙ্গ সাতি

যুদ্ধকালে দেনাপতি কালী।

তার খুড়া মহাকায় আছিল বসস্করায়

রাজা তারে সবংশে কাটিল।

তার বেটা কচুরায় বাণী বাঁচাইল তায়

জাহান্সীরে সেই জানাইল।

ক্রোধ হইল পাতশায় বান্ধিয়া আনিতে তায়

রাজা মানসিংহে পাঠাইলা।

বাইশী লক্ষর সঙ্গে

কচুরায় ল'য়ে রক্তে

মানসিংহ বাঙ্গালা আইলা।"

'অন্নদামদ্বলে'র এ কথা কোন্ বাকালী অবগত নহে? জাহাদ্দীরের আদেশে মানসিংহ বাঙ্গালায় আসিয়া কি করিলেন ? রায়গুণাকর বলিতেছেন যে, তিনি ক্রমে ক্রমে প্রতাপের রাজধানী যশোরের নিকট উপস্থিত হইলে, প্রতাপের সহিত তাঁহার ঘোরতর যুদ্ধ বাধিয়া ধার। সেই দ্ধে প্রতাপ পরাজিত ও বন্দী হন।

"পাতশাহি ঠাটে	কবে কেবা আঁটে	विस्तर नऋत्र मादत्र।
বিমুখী অভয়৷	কে করিবে দৃয়া	প্রতাপ আদিত্য হারে।
শেষে ছিল যারা	পলাইল ভারা	मानिनश्टर कद्र टेरल।
পিঞ্জর করিয়া	পিঞ্জরে ভরিয়া	প্রভাপ মাদিত্যে লৈল।
দলবল সঙ্গে	্ পুনরপি রঙ্গে	চলে মানসিংহরায়।
লণিত স্মৃছন্দে	পরম আনন্দে	রায়গুণাকর গায় ॥"

কেবল রায় গুণাকরের গীতে নহে, কৃষ্ণনগররাজবংশের বিবরণ 'ক্ষিতীশবংশাবলীচরিতে' আমন্ত্রা দেখিতে পাই,—

"তদানীঞ্চ বঙ্গাদিবিষয়েষু প্রতাপাদিত্যপ্রধানা দ্বাদশ রাজানো নিক্ষরং পৃণিবীমুপভ্ঞাতে শ্ব। ভেম্বপি প্রতাপাদিত্যো মহাসত্ত্বো বিজিতারিবর্গো মহাধনসম্পন্নঃ ক্ষিতিতলবিখ্যাত আসীৎ। ইন্দ্রপ্রস্থরেছনেহিপি করং গ্রহীতৃং বহুদৈস্থান্তাদিশ্য একাদশ নূপতীন্ স্ববশ্মানিনায়, প্রভাপাদিতাস্থ পুনঃ পুনঃ প্রেষিতেক্দ্র প্রস্থপুরেশ্বর হুদৈক্সানি নির্জিত্য দিতীয়েক্দ্রপ্রস্থপুরেশ্বর ইব ররাজ। অস্মিনের সময়ে জাঁহাগীরনগরাধিক্ষতামাতোন হুগলিসংস্থিতামাতোন চ প্রতাপাদিতাস্থ দৌর্জস্থং বছবিধং লিপিছারা ইন্দ্রপ্রস্থারশ্বরং বিজ্ঞাপরামাস যথা প্রতাপাদিতো৷ বছবলসম্পরঃ যক্ত ছারি দ্বাপঞ্চাশৎ সহস্রচন্মিণঃ একপঞ্চাশৎ সহস্রধন্বিনঃ অশ্বরোহা অপি বছবঃ মন্তহন্তিনাং বহুযুগাঃ সন্তি অন্তে চাসংখ্যমুদ্দারপ্রাসাদিহন্তাঃ এভির্ব লৈঃ স ক্ষুদ্রায়,পান্ বাধতে। কিং বছনা স্ববংশ্রানপি প্রায়ো নিংশেষয়ামান। তদ্বংশে তরিহতপিত্রাদিস্বজন একঃ শিশুঃ পলায়নপরো ধাত্রা। কচ্চীবনে রঞ্জিতঃ এতস্তং কচৰায়নামানং কথয়প্তি। কচুৰায়ং পাৰুসীকাদিশাক্ত্ৰমধীতে দয়ালুনুপণক্ষণশীলশ্চ প্ৰভাপাদিভান্তং হস্তমনুদিনং মুগয়তে। অস্থানপি বাধিতৃং প্রবর্ত্ততে। অতো গজাখাদিপরিবারিতবছদেনাপতিভিঃ সহ যদি কশ্চিৎ প্রধানামাত্যঃ সমায়াক্ততি তদা বয়ং তদ্মুচরীভূয় প্রতাপাদিত্যং বন্ধা প্রেষয়িয়াম ইংগাদি। অনস্তর্মিক্তপ্রস্থারেশ্বরো লিপিতঃ প্রতাপাদিতাক্ত দৌর্জক্তং সমধিগচ্ছন কচুরায়েনাপি ইক্তপ্রস্থার গতেন সাক্ষিণেব তদানীমেব তদ্দৌর্জন্তঃ গোচরীকৃত্য। অথ ইক্সপ্রস্থপুরেশ্বরো রোষাৎ প্রক্ষুরিভাধরে। দ্বাবিংশত্যা সেনাপতিভিঃ সহ মানসিংহনামনেং কঞ্চিৎ প্রধানমাত্যমাদিদেশ কথা মানসিংহ ভবান মহতা সৈজ্ঞেন পরিবারিতঃ প্রতাপাদিতাং ছুরাঝানং ঝটিতি বন্ধা সম'নমতু। ততো মানসিংহো মহা-প্রসাদোহরং দেবস্থেত্যাজ্ঞাং শির্দি নিধার বহুদৈক্সবতো নির্জগাম।" ইহা হইতে আমরা জানিতে পারিতেছি যে, বার্গার যে বার জন ভূঁইয়া বিনা করে রাজা ভোগ করিতেন, তাঁহাদের মধ্যে প্রতাপাদিত্য অত্যন্ত বলশালী ও ধনশালী ছিলেন। বাদশাহ এগার জন ভূঁ ইয়াকে স্ববলে আনিয়াছিলেন, কিন্তু প্রতাপাদিত্য বাদশাগী সৈক্তদিগকে পরাজিত করিয়া দ্বিতীয় দিল্লীশ্বরূপে বিব্রাঞ্জ করিতেন। প্রতাপাদিত্যের পরাক্রনের কথা বালাগার সরকারী কর্মচারীরা বাদশাহকে জানাইয়াছিলেন। তিনি বে অত্যন্ত বলশালী ছিলেন এবং তাঁহার নিকট বায়ার হাজার চালা, একার হাজার তীরন্দান্ধ, বহুসংখ্যক অখারোহী, বহুস্থ হন্তী ও অসংখ্য সুদারধারী দৈশ্য প্রভৃতি ছিল, এসকল কথা জানাইতেও তাঁহারা ক্রাট করেন নাই। কেবল তাহা নহে, প্রতাপাদিতা বে অস্তান্ধ রাজাদিগকে বাধা প্রদান করিয়া স্ববংশীয়দিগকে প্রায় নিঃশেষ করিয়া তুলিয়াছিলেন ও ধাত্রীকর্ত্ক কচুবনে রক্ষিত হইয়া কচুরায় নামে একটি শিশু জীবিত ছিল, তাহাও লিখিয়া পাঠান। তাঁহারা একজন প্রধান অমাত্যকে বহু দৈশ্য-সামস্তদহ বালাগার পাঠাইবার জন্ম বাদশাহের নিকট প্রার্থনা করেন। সেই সময়ে কচুরায় দিলীতে উপস্থিত হইয়া বাদশাহকে সমস্ত কথা জানাইলে, বাদশাহ রাজা মানসিংহকে বালাগার পাঠাইয়া দেন। মানসিংহ বালাগার আসিয়া প্রতাপাদিত্যকে যুদ্ধে পরাজিত ও বন্দী করিয়া, গৌহণিজরে তরিয়া বে দিলী অভিমুখে অগ্রদর হন, সে কথাও আমরা 'ক্ষিতীশবংশাবলীচরিতে' দেখিতে পাই।

"অথ বিনষ্ট হুর্গপ্র তাপাদিতা দৈন্তং মানদিংহ দৈন্তঞ্চ পরম্পর প্রাপ্ত দমক্ষং বছধা বছদিবসং যুদ্ধ-পরায়ণং বভ্ব। উভয় দৈন্তমেব কিন্তং কিন্তং কিন্তং ননাশ। অথ প্র তাপাদিতাবলং স্বরাবশিষ্ট তুরগদমাকী প্রবিলাক্য মজুমদারেশ সহ মন্ত্র যিয়া মানদিংহো বছবিধবছক কিন্তু রগগণসঙ্কী প্র এক দৈব সহস্রসহ্র তুরগাদিভিক্র পেতঃ প্রতাপাদিতা দৈন্তং পরিপ্রাপ্তঃ ক্ষণেন তত্বপর্মদ্দা প্রতাপাদিতাং বদ্ধা লোহমন্ত্র কিন্তু পুনরি ক্রপ্রপ্রস্থান্থ কবনাধিপং নিবেদিত্য চলিতঃ।" 'অরদামক্রল' হইতে আমরা জানিরাছি বে, সে সময়ে ভাহাকীর দিল্লীর বাদশাহ ছিলেন। 'ক্ষিতীশবংশাবলীচরিতে' কিন্তু বাদশাহের নাম নাই। তবে ঢাকার 'জাহাকীরনগর' নামের উল্লেখে জাহাকীরই বাদশাহ ছিলেন বিদ্যা বৃথিতে পারা যায় ন

'ঘটককারিকা' হইতে আমরা জানিতে পারি যে, প্রতাপাদিতা সপ্ত্রক বসস্তরায়কে নিহত করিলে তাঁহার শিশুপুত্র রাঘব রাণীকর্ত্বক কচুবনে রক্ষিত হইয়া কচুরার নাম প্রাপ্ত হন। কচুরার দিলীখরের নিকট উপস্থিত হইয়া প্রতাপাদিত্যের কথা জানাইলে, এই অমঙ্গল সংবাদ শুনিরা, বাদশাহ জাহালীর সেনাপতি আজিম খাঁকে পাঠাইয়া দেন।

"সংবাদমশিবং শ্রুত্বা জাহালিরো মহীপতিঃ। প্রেষয়ামাস দেনানীমাজিমধানসংজ্ঞকং॥"

আজিম খাঁ কিন্তু আকবরের সময়ে বাঙ্গালার শাসনকর্তা ছিলেন এবং সেই সময়ে প্রতাপাদিত্যের সহিত তাঁহার সভ্যর্য ঘটিয়াছিল। যশোর-চাঁচড়ার রাজবংশের আদিপুরুষ ভবেশ্বর রায় আজিম খাঁকে সাহাত্ত করায়, প্রতাপের অধিক্ষত রাজা হইতে সৈদপুর প্রভৃতি চারিটি পরগণা বিচ্ছিন্ন করিয়া লইয়া

আজিম থাঁ ভবেশ্বরকে প্রদান করিয়াছিলেন। এ কথা চাঁচড়া-রাজবংশের কাগজপত্র হইতে জানা ধার। 'বটককারিকা'র প্রতাপাদিত্যের সহিত যুদ্ধে আজিম থাঁ নিহত হইয়াছিলেন বলিয়া ধাহা লিথিত আছে, তাহা সত্য নহে। প্রতাপাদিত্যের অবসানের বহু বৎসর পরে তাঁহার মৃত্যু হয়। 'ঘটককারিকা'র আজিম থাঁর পর বাদশাহ-প্রেরিত যে বাইশ জন থাঁ বা আমীরের আগমনের কথা আছে, 'ক্ষিতীশবংশাবলীচরিতে' ও 'অয়দামঙ্গলে' তাঁহারা মানসিংহের সহিত আসিয়াছিলেন বলিয়া দেখা ধায়। 'ঘটককারিকা'র মতে এই বাইশ জন আমীরও নিহত হইলে, বাদশাহ রাজা মানসিংহকে পাঠাইয়া দেন।

"দিলীশ্বরস্তথা শ্রুত্বা থানাঃ সর্ব্বে হতাঃ রণে। ক্রোধাননেন সম্ভপ্তঃ প্রলয়াগ্নিসমোহ ভবৎ॥ প্রেষয়ামান রাজেন্দ্রং মানসিংহং মহাবলং।"

'ঘটককারিকা'শ্ব প্রতাপাদিত্যের সহিত মানসিংহের মহাযুদ্ধের কথাই বর্ণিত হইয়াছে। তাহার পর দেখিতে পাই, মানসিংহ যুদ্ধে জন্মলাভ করিয়া, রাঘব বা কচুরায়কে রাজ্য প্রদান করিয়া, প্রতাপাদিত্যকে লৌহশিঞ্জরে পুরিয়া বাদশাহের নিকট পাঠাইয়া দেন।

"জিন্বা তু সমরং মানঃ হর্ষেণ মহতাবৃতঃ।
দিল্লীশানেশতো রাজ্যং রাঘবার দদৌ মুদা ॥
লৌহপিজরমধ্যেতু প্রতাপমবরুধা চ।
দ্বিতং প্রেষয়ামাদ দিল্লীশস্য চ সলিধিং॥"

'অন্নদামকল', 'ক্ষিতীশবংশাবলীতরিত' ও 'ঘটককারিকা' হইতে এই কথা প্রচলিত হইয়াছে যে, রাজা মানসিংহ প্রতাপাদিত্যকে পরাজিত করিয়া লৌহপিগুরে আবদ্ধ করিয়া লইয়া যান। এ কথা বাদালীর হৃদয়ে একরপ বদ্ধমূল হইয়াই রহিয়াছে। কিন্তু ঐতিহাসিক প্রমাণ জানা যাইতেছে যে, স্মবেদার ইন্লাম খাঁ চিন্তির সময় প্রতাপের অবসান ঘটয়াছিল। এ কথা প্রথমে প্রতাপাদিত্যচরিত্রকার রামরাম বস্থ মহাশয় উল্লেখ করেন। তাঁহার বহু পূর্ব্ব হইতে 'অল্লদামকল' প্রভৃতির কথা লোকের মনে বদ্ধমূল থাকায়, সকলে সে কথায় আস্থা স্থাপন করিতে পারেন নাই। কিন্তু স্থপ্রসিদ্ধ ঐতিহাসিক প্রীযুক্ত ঘত্নাথ সরকার, মির্জ্জা সহন প্রণীত 'বহারিস্তান-ই-ঘাইনী' নামক প্রক্তক হইতে প্রমাণ করিয়া দেখাইয়াছেন যে, স্মবেদার ইন্লাম খাঁ চিন্তির সময়েই প্রতাপের পতন ঘটে এবং স্বয়ং মির্জ্জা সহন প্রতাপের সহিত যুদ্ধে উপস্থিত ছিলেন। বস্থ মহাশয় প্রতাপাদিত্যের বিবরণ কিছু কিছু পারস্থ ভাষার লিখিত আছে বলিয়া তাঁহার গ্রম্থ উল্লেখ করিয়াছেন। সন্তব্তঃ তিনি 'বহারিস্তানে'র কথা

জানিতেন। 'রাজনামা' নামে পারস্ত প্রস্থেও প্রতাপাদিত্যের কথা আছে বলিয়া শুনা যায়। 'বহারিস্তানে'র কথা প্রকাশের পর, মানসিংহ যে প্রতাপাদিত্যকে পরাজিত ও পিঞ্জরাবদ্ধ করিয়া লইয়া গিয়াছিলেন, তাহা আর বলা চলে না। তবে কি মানসিংহের সহিত প্রতাপাদিত্যের কোনই সংঘর্ষ ঘটে নাই? আমরা একণে তাহারই আলোচনা করিব।

আকবর বাদশাহের রাজত্বকালে রাজা মানসিংহ প্রথমবার বাঙ্গালার শাসনকর্স্তা নিযুক্ত হইরাছিলেন। সে সময়ে বান্ধালায় ও উডিয়ায় পাঠানদিগের যথেষ্ট প্রভুত্ব ছিল। মানসিংহের শাসনকাল প্রধানতঃ পাঠানদিগকে দমন করিতে অতিবাহিত হয়। কতলু খাঁ ও ওসমান প্রাভৃতির সহিত মুদ্ধে তাঁহাকে যে অনেক সময়ে ব্যাপত থাকিতে হইয়াছিল, তাহা ইতিহাস-পাঠক মাত্রেই অবগত আছেন। বার ভূঁইয়ার ঈশা খাঁ ও কেদার রায়কেও তিনি পরাজিত করেন। ইহাও ইতিহাস হইতে জানা যায়। জাহাস্পীরের রাজত্বকালে পাঠানদিগকে দমন করিবার জন্ম ান্দিংহ যে দ্বিতীয়বার স্থাবেদার নিযুক্ত হইয়াছিলেন, তাহা আমরা ইতিহাস হইতে জানিতে পারি। কিন্তু প্রতাপাদিত্যের সহিত কোন বারে রাজা মানসিংহের সত্মর্য ঘটিয়াছিল কি না, তাহা প্রচলিত ইতিহাস হইতে স্কুম্পষ্টরূপে বুঝা যায় না। তবে মানসিংহ ছইবারেই পাঠাননিগকে দমন করিতে ব্যাপত ছিলেন, এবং এই পাঠানদিগের সহিত প্রতাপাদিত্য-বংশীয়দের যে বিশেষরূপ সম্বন্ধ ছিল, তাহা অবশু ইতিহাস হইতে জানা ধার। প্রতাপের পিতা বিক্রমাদিত্য ও কত*লু* খাঁ, শেষ পাঠান নরপতি দায়ুদ খাঁর দক্ষি**ণ ও বামহস্তম্বরূপ** ছিলেন। কতলুর পুত্র জমাল খাঁ প্রতাপের একজন সেনাপতি ছিলেন। এসকল ঐতিহাসিক কথা। স্থতরাং প্রতাপের বিদ্রোহ যে পাঠান বিদ্রোহের অঙ্গীভূত, তাহা মনে করা যাইতে পারে। দে যাহা হউক, প্রচলিত ইতিহাদে কোন বিষয়ের উল্লেখ না থাকিলে, তাহার যে কোনই মূল নাই, এরূপ কথা বলিতে পারা যায় না। অনেক সময়ে প্রবাদাদি হইতেও ঐতিহাসিক সত্য বাহির করিতে হয়। 'নহামূলা জনশ্রুতি:' কথাটা একেবারে উড়াইয়া দেওয়া চলে না। মানসিংহের সহিত প্রতাপাদিত্যের সভ্যর্ধ বাঙ্গালার একটি চিরন্তন কথা; অবশ্র তাঁহার সময়ে প্রতাপের যে পতন হয় নাই, ইহা এক্ষণে ঐতিহাসিক প্রমাণে স্থির হইতেছে। কিন্তু প্রতাপের স্কৃতি মানসিংহের যে কোনই সম্পর্ক ঘটে নাই, এরূপ কোন ঐতিহাসিক প্রমাণও আমরা পাই নাই। কাজেই ইহার কোন মূল আছে কি না, তাহা একবার আলোচনা করিয়া দেখিতে হয়। 'অন্নদামকল', 'ক্ষিতীশবংশাবলীচরিত', 'ঘটককারিকা' প্রভৃতিতে মানিদংহের সহিত প্রতাপাদিত্যের সঙ্ঘর্ষের কথা আছে। যদিও দে সময়ে তাঁহার পতনের কথা সত্য নহে, তথাপি সভ্যর্বটাও বে একেবারে মিথাা, তাহা কি করিয়া বলা যাইতে পারে ?

. যে প্রতাপাদিত্য-চরিত্রে ইন্লাম খা চিন্তির সময়ে প্রতাপের পতন, এই ঐতিহাসিক

क्थांगित्र উল্লেখ আছে, তাহাতেই মানসিংহের সহিত প্রতাপের সম্পর্যের কথাটা না থাকিলেও সম্পর্কের যে একটা কথা আছে, তাহা দেখিতে পাওরা যার। বস্তু মহাশরের মতে বাদশাহ প্রথমে আবরাম খাঁ নামে একজন পাঁচহাজারী মনস্বদারকে প্রতাপের দমনের জন্ম পাঠাইয়া দেন, তিনি প্রতাপের সহিত যুদ্ধে নিহত হন। আজিম থাঁর স্থবেদারীর সময়ে ফতেপুর শিক্রীর শেখ সেলিমের ভাতুষ্পুত্র শেখ ইত্রাহিম বালালায় ছিলেন ও পাঠানদিগের দমনে নিযুক্ত হন। আজিম খার সহিত প্রতাপের সভ্যর্ষের একটা কথাও আছে, তাহা আমরা পূর্বে উরেধ করিরাছি। বস্তু মহাশয়ের আবরাম খাঁ শেখ, ইব্রাহিম হইতে পারেন। কিন্তু তিনি পাঁচ-হাজারী মনদবদার ছিলেন না বা বাঙ্গালায় তাঁহার মৃত্যু ঘটে নাই। আবরাম খাঁর পর একজন সাতহালারী মনসবদারের প্রতাপের দমনের জন্ম আসার কথা 'প্রতাপাদিতাচরিত্রে' আছে। ইনি কে, জানা যায় না। আজিম থা সাতহাজারী মনসবদারীতে উন্নীত হইয়াছিলেন। বম্ন মহাশয় তাঁহার কথা বলিতেছেন কি না, বুঝা যায় না। এই সাতহাজারী মনসংদারও আবরামের দশা প্রাপ্ত হইয়াছিলেন বলিয়া বস্তু মহাশয় লিখিয়াছেন। কিন্তু আজিম খাঁর যে, সে দশা ঘটে নাই, তাহা ইতিহাস হইতে জানিতে পারা যার। তাহার পর ক্রমে ক্রমে বাইশ জন আমীরের আসার ও তাঁহাদের পতনেরও কথা বস্তু মহাশয় বলিয়াছেন। 'অন্নৰামক্ষণ' প্রভৃতিতে মানসিংহের সহিত এই বাইশ জন আমীরের আসার কথা আছে। প্রাচীন যশোর বা ঈশ্বরী-পুরের কতকগুলি সমাধিকে এই আমীর বা ওমরাদিগের সমাধি বলিয়া নির্দেশ করা হইয়া থাকে।

ইহার পরই মানিসিংহের আগমন। কিন্ত বন্ধ মহাশরের মতে মানিসিংহের সহিত প্রতাপাদিত্যের বৃদ্ধ হয় নাই। প্রতাপাদিত্য মানিসিংহকে বর্দ্ধমান হইতে তাঁহার রাজধানীর নিকট মৌতলায় লইয়া গিয়া নানা প্রকার উপহারাদি দিয়া, তাঁহার সহিত সদ্ধি করিলেন ও একটি স্থলরী কল্পাকে নিজের কল্পা প্রচার করিয়া, মানিসিংহের পুল্লের সহিত বিবাহ প্রদান করেন। আমরা বন্ধ মহাশরের নিজের কথাই উল্লেখ করিতেছি। "বাইশ ওমরার পরে রাজা মানিসিংহ বাজালায় আইলেন এবং পাটনা অবধি থানাজাতের সেনারা পূর্বকার আমিরেরদের সহিত আচরণও করিল তাহার সহিত রাজমহল ছাড়াইলে সিংহ রাজা দেখেন সেথানকার থানার লোকেরা আসিতেছে তাহাদের পাছে ২। ইহাতে তিনি স্বসদার হইয়া যশহরে না যাইয়া বর্দ্ধমানে অবন্ধিতি করিল। রাজা প্রতাপাদিত্য প্রধান লোক পাঠাইয়া যত্বপূর্বক সিংহ রাজকে লইয়া গেল বন্ধহের এবং রাজার বাসা হইল মৌতলার কোটে রাজা প্রতাপাদিত্য বিস্তর বিস্তর সওগাত দিয়া সিংহ রাজা নিকট প্রতিপন্ন হইলেন এবং প্রতাপাদিত্য তাহার ডোলার এক স্থলরী কল্পা আপন কল্পা করিয়া বিবাহ দিলেন সিংহ রাজার পুল্লের সহিত। ইহাতেই সিংহ রাজার সঁহিত শিকার করিয়া বিবাহ দিলেন সিংহ রাজার পুল্লের সহিত। ইহাতেই সিংহ রাজার সঁহিত

প্রতাপাদিত্যের অধিক অন্তর্গ্নতা হইল।" বস্থু মহাশ্যের মতে মানসিংহ বশোর হইতে ফিরিয়া যাওয়ার সময় পথিমধ্যে কাশীধামে প্রাণত্যাগ করেন। একথা কিন্ত ইতিহাসসমত নহে। ইহার অনেক পরে মানসিংহের মৃত্যু হয়। মানসিংহের পরই উজীর ইস্লাম থাঁ চিন্তি আদিয়া সালিথার থানার নিকট প্রতাপের সৈত্যের সম্মুখীন হইয়া তাঁহার সেনাপতি কমল খোজাকে নিহত করেন। এই সালিথা থানা যমুনা ও ইচ্ছামতী সঙ্গমের কিছু উত্তরে সালিথা ও ইচ্ছামতীর সঙ্গমন্থল, হাবড়ার নিকটন্থ সালিথা নহে। তাহার পর প্রতাপ নিজেই ইস্গাম থাঁর নিকট বন্দী হইবার ইচ্ছা প্রকাশ করিলে তাঁহাকে পিজরে আবদ্ধ করিয়া লইয়া যাওয়া হয়। বাহারিস্তানে, সালিথার মৃদ্ধ ও কমল খোজার মৃত্যুর কথা আছে। কিন্ত ইস্লাম থাঁ উজীর ছিলেন না বা যয়ং প্রতাপের সহিত মুদ্ধে আসেন নাই। তিনি বাঙ্গালার স্থবেদার ছিলেন ও সেনাপতি ইনায়েৎ থাঁ ও মির্জ্জা সহনকে যুদ্ধে পাঠাইয়া দিয়াছিলেন। ইহাদের সহিত প্রধানতঃ প্রতাপের নৌযুদ্ধই ঘটে, সালিথার পরও যুদ্ধ হইয়াছিল। প্রতাপ ইনায়েৎ খাঁর নিকটই আয়য়মর্মপণ করিয়াছিলেন। ইনায়েৎ খাঁ বাঙ্গালার তদানীস্কন রাজধানী ঢাকা বা জাহাঙ্গীরনগরে তাঁহাকে লইয়া গেলে, ইস্লাম খাঁ প্রতাপকে কারাগারে শৃঙ্খলাবদ্ধ করিয়া রাথেন। এইরপেই প্রতাপের পতন হয়।

বস্থ মহাশয় মানসিংহের সহিত প্রতাপের সভ্যর্ষের কথা বলেন নাই, তিনি যে প্রতাপকে দমন করিতে আদিয়াছিলেন, সে কথা কিন্তু বলিয়াছেন। আমরা কিন্তু অন্তান্ত হানে প্রতাপের সহিত মানসিংহের সভ্যর্ষের কথা দেখিতে পাই। জয়পুর-রাজবংশের বিবরণ 'বংশাবলী' নামক পুথিতে আমরা মানসিংহ ও প্রতাপাদিত্য সম্বন্ধে এইরূপ দেখিতে পাই। "অর রাজা পরতাপদীপ স্থ জগড়ো কীন্। অর ফতে পাই। অর পরতাপদীপকো গড় ছো জীনে থোস্ লীনো। অর বেটো ছরজন সিংঘজী মানসিংহজী কা কাম আয়া। অর জগৎসিংঘজী ঘায়ল ছয়া। অর রাব পরতাপদীপ কা লবাজমা কী সংখ্যা—হাথী তো তেরাসৌ অর ফৌজ সরজাম ভৌৎ ছো। জীফ্ ফতে পাই।" এখানে আমরা দেখিতেছি যে, প্রতাপাদিত্যের সহিত মানসিংহের যুদ্ধ ইইয়ছিল, সে যুদ্ধে মানসিংহ বিজয় লাভ করেন। তিনি প্রতাপাদিত্যের গড় দখল করিয়া লন। এই যুদ্ধে মানসিংহের এক পূল্র ছর্জনসিংহ নিহত এবং অপর পূল্র জগৎসিংহ আহত হন। প্রতাপাদিত্যের তের শত হন্তী ও অনেক সৈত্য সামন্ত ছিল, তাহাদের সহিত যুদ্ধে মানসিংহ জয়লাভ করেন। মানসিংহের প্রতাপাদিত্যের বন্দী করিয়া লইয়া যাওয়ার কথা এখানে নাই। ছর্জনসিংহ কিন্ত প্রতাপাদিত্যের সহিত যুদ্ধেই তাঁহার প্রোণবিরোগ হয়। আর জগৎসিংহ প্রতাপাদিত্যের সহিত যুদ্ধের কয়েক বৎসর পুর্বেই

প্রাণতাগ করিয়াছিলেন। দে যাহা হউক, আমরা এই 'বংশাবলী' হইতে জানিতে পারিতেছি বে, প্রতাপাদিত্যের সহিত মানসিংহের রীতিমত যুদ্ধই হইয়াছিল।

এইবার আমরা একটি বিশিষ্ট প্রমাণের কথা উল্লেখ করিব। মানসিংহ প্রতাপের দমনের *জয়* বান্ধালায় আসিলে, প্রধানতঃ ক্রফানগর রাজবংশের পূর্ব্বপূক্ষ ভবানন্দ মজুমদার তাঁহাকে সাহায্য করিয়াছিলেন। মানসিংহ বাঙ্গালার তদানীস্তন রাজধানী রাজমহল হইতে মূর্শিনাবাদ অভিক্রম করিয়া জণলী বা খড়িয়া নদীর নিকট উপস্থিত হন। মুর্শিদাবাদের কতকগুলি ব্লাজপুতবংশীয় উাহাদের পূর্ব্বপুরুষগণের, প্রতাপাদিত্যের দমনের সময় মানসিংহের সহিত আগমন ও ঐ অঞ্চলে বাস করার কথা বলিয়া থাকেন। ভবানন্দ মজুনদার মানসিংহের সৈভাগণের জলঙ্গী পার হওয়ার ব্যবস্থা করিয়া দেন। সে সময়ে অতান্ত ঝড়বুষ্টি হওয়ায়, তাহাদের রুগদেরও বন্দোবন্ত করিয়াছিলেন। 'ক্ষিতীশ-বংশাবলীচরিত' ও 'অন্নদামঙ্গলে' এ কথা লিখিত আছে। তাহার পর মানসিংহ ভবানন্দকে সঙ্গে করিয়া যশোরেও লইয়া যান। ভবানন্দ তাঁহাকে অনেক সাহায্য করিয়াছিলেন। সরকারের একজন সামান্ত কর্মচারী ছিলেন, তাঁহার কিছু কিছু ভূসম্পত্তিও ছিল। ভবানন্দ যে প্রতাপাদিত্যের একজন কর্মচারী ছিলেন এবং ভাঁহার বিশ্বাস্থাতকতায় প্রতাপের পরাজয় ঘটে, এইরূপ যে একটা কথা প্রচলিত আছে, তাহার বিশেষ কোন প্রমাণ নাই। সরকারী কাগজণত্র হইতে জানা বায় যে, ভবানন্দ সে সময়ে কাননগো দপ্তরে কাজ করিতেন। কাজেই তিনি অবশ্রুই বাঙ্গালার স্মবেদারকে সাহায্য করিতে বাধা। সে যাহা হউক, ভবানন্দের এই সাহায্যের জন্ম মানদিংহ তাঁহাকে ১০১৫ হিজরী বা ১৬০৬ গ্রাপ্টাব্দে মহৎপুর প্রভৃতি চৌদ্দটি পরগণার সনন্দ প্রদান করিয়াছিলেন। সে সনন্দ রুঞ্চনগর রাজবাটীতে রহিয়াছে। ইস্লাম গাঁর সময়ে ভবানন্দ কাননগো

^{3. &}quot;Bhoveaund, a Bramin, was a Mohirer in the Hughly Canongoe Duptar, and got himself appointed to the Zemindary of Pergunnah Bugwan, Nuddea &c. 14 Mehals, in room of Hurryhoo and Cassinaut Chowdry." (Account of the origin of, and progressive increase of the four great Zemindaries of Bengal delivered into the Bengal Revenue Committee in 1786, by their Dewan Ganga Govinda Sing.—Dissertation concerning the Landed property of Bengal, by C. W. Boughton Rouse 1791).

[&]quot;According to prevalent tradition or authentic archives of the khalsa, Bobnund, mujmuada or temporary recorder of the jumma of the circar of Hooghly, and Crory or Zemindar of the pergunnah of Aukerah is the first man of note, in his genealogical history. (5th Report,—Grant's view of the Revenue of Bengal. 1786)

পদ প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহার সনন্দও রাজবাটীতে আছে। ভবানন্দ মানসিংহকে বিশেষর্মণ সাহায্য না করিলে কদাচ এরপ প্রস্কার প্রাপ্ত হইতেন না। এই বিশেষ সাহায্য যে প্রতাপাদিত্যের সহিত যুদ্ধে সাহায্য প্রদান, তাহা বোধ হয় বলিয়া দিতে হইবে না। 'ফিতীশবংশাবলীচরিত' ও 'অয়দামললে'ও এ কথা আছে। এই সনন্দ হইতে আমরা একটি ঐতিহাসিক তথ্যেরও সন্ধান পাই। আমরা বলিয়াছি যে, আকবর বাদশাহের সময় মানসিংহ প্রথমবার বান্দালার স্থবেদার নিযুক্ত হন। তিনি ১৫৮৯ খ্রীষ্টাব্দ হইতে ১৬০৪ পর্যান্ত উক্ত পদে প্রতিষ্ঠিত ছিলেন। ১৬০৫ খ্রীষ্টাব্দে আকবরের মৃত্যু হইলে জাহান্দীর বাদশাহ হইয়া তাঁহাকে আবার বান্দালায় পাঠাইয়া দেন। তিনি আট মাস কাল পরে ১৬০৬ খ্রীষ্টাব্দে বান্দালা পরিত্যাগ করেন।

এই ১৬০৬ খ্রীষ্টাব্দ বা ১০১৫ হিজরীতে মানসিংহের শ্বিতীয়বার স্থাবেদারীর সময়ে শুবানন্দ মজুমদারের জমীদারী-সনন্দ প্রদত্ত হইয়াছিল। স্থাতরাং ইতিহাসের সহিত ইহার ঐক্যও দেখা যাইতেছে। আর এই সময়েই প্রতাপাদিত্যের সহিত মানসিংহের সক্ষর্য ঘটিয়াছিল বলিয়াই মনে। হয়। কেহ কেহ অমুমান করেন যে, আকবরের সময় মানসিংহ ও প্রতাপাদিত্যের সক্ষর্য

Recommendations, nevertheless, prevailed with me sometime fafterwards to reinstate the Rajah Man Singlin the Government of Bengal," (Memoir of Jahanguier, p. 19.)

[&]quot;Man Sing was despatched to his Subaship of Bengal. Chan Azim to that of Malwa". (Dow's History of Hindustan, Vol. II. p. 5.)

[&]quot;He again appointed him (the Raja) to the Government of Bengal, with orders to proceed thither immediately and keep in check the rebellious spirit of the Afgans" (Stewart).

[&]quot;Jahangir thought it prudent to overlook the conspiracy which the Rajah has made, and sent him to Bengal." (Blochmann)

[&]quot;When I ascended the throne in the first year of my reign, I recalled Man Singh, who had long been Governor of the country. (Bengal). "(Waki-at-i Jahangiree, Elliot, Vol. VI, P. 327).

[&]quot;In obedience to the royal orders, Rajah Man Singh returned to Bengal; but at the end of eight months, that is to say, early in the year 1015, he was recalled to the court". (Stewart)

[&]quot;But" soon after (1015) he was recalled and ordered to quell disturbances in Rohtas. (Blochmann)."

ষ্টে। এরপ অমুমান করার বিশেষ কোন কারণ দেখা যার না। ভবানন্দ মন্ত্রুমনারের সনন্দ, 'অম্লদামলণ' ও 'ঘটকফারিকা' প্রভৃতি একবাক্যে জাহাঙ্গীরের সময়েই মানসিংহের আগমনের কথা প্রমাণ করিতেছে। আর মানসিংহ প্রধানতঃ পাঠানদিগকে দমন করিবার জস্তু যে, দিতীর বার বালানার আসিয়াছিলেন, ভাহাও ইতিহাস হইতে জানা যাইতেছে। প্রতাপের বিজ্ঞোহ যে পাঠান বিজ্ঞোহের অঙ্গীভূত, ভাহা অত্বীকার করা যায় না। ফলতঃ, জাহাগীরের রাজত্বকালে মানসিংহের বিজ্ঞোহের দিতীরবার স্প্রবেদারীর সময়ে ১৬০৬ খ্রীষ্টান্দেই প্রতাপের সহিত মানসিংহের সক্রর্থ ঘটিয়াছিল।

প্রতাপ-মানিসিংহের সজ্বর্ধ নিতান্ত সামাত্র হইয়াছিল বলিয়া মনে হয় না। প্রতাপকে দমন করিতে কৃষ্ণনগর হইতে যশোর যাইবার সময়ে মানিসিংহকে নৃতন পথ করিয়া যাইতে হইয়াছিল। আদ্যাপি গোকে দেই পথকে মানিসিংহের ক্বত 'গৌড় বঙ্গের রাস্তা' বলিয়া থাকে। এই পর্বকে রাজ্বধানী রাজমহলে যাইবার পথের সহিত যোগ করিয়া দেওয়া হইয়াছিল। প্রতাপের রাজধানী যশোর বা ধুম্বাটের নিকট উপস্থিত হইয়া মানিসিংহকে হুর্গভেদ করার জন্ত যে বেগ পাইতে হইয়াছিল এবং বিশেষরূপ যুদ্ধের অবতারণা করিতে হইয়াছিল, তাহা পুর্ব্বোক্ত গ্রন্থসমূহ হইতে জানিতে পারা য়ায়। অবশ্র মানিসিংহের সহিত যুদ্ধে প্রতাপাদিত্যের পরাজয়ই ঘটিয়াছিল এবং তিনি বাদশাহের বশ্রতা বীকার করিতে বাধ্যও হইয়াছিলেন। আর কচুরায়কে তাঁহার পৈতৃক সম্পত্তি বশোররাজ্যের ছয় আনা অংশ যে ছাড়িয়া দিতে হইয়াছিল, তাহাও সন্তব বলিয়া বোধ হয়। মানিসিংহ কচুরায়কে যে 'যশোরজিং' উপাধি দিয়াছিলেন বলিয়া একটা কথা প্রচলিত আছে, তাহাও অসন্তব নহে। ভ্রানন্দ মজুমদারের ল্লায় কচুরায়ও মানিসিংহকে যথেষ্ট সাহায়্য করিয়াছিলেন। কলতঃ, ইস্লাম খাঁর শাসনকালে প্রতাপাদিত্যের পতন হইলেও মানিসিংহের বিতীয়বার স্ববেদারীর সময়ে ১৬০৬ খ্রীষ্টাব্দে তাহার দহিত প্রতাপের যে বিশেষরূপে সক্তর্ম ঘটিয়াছিল, তাহা স্থিরভাবে আলোচনা করিলেই বৃঝিতে পারা য়ায়।

শ্রীনিখিলনাথ রায়

৩ "বশোহর বুলনার ইতিহাস প্রণেত। বর্গীয় সতীশচন্দ্র মিত্র এইরূপ অনুমান করেন। ওঁছার মতে ১৬০৩ খৃঃ অব্দে আক্ররের সময় মানসিংহ প্রতাগকে দমন করিতে চান। ১৬০০ খৃঃ অব্দে কেদার রাহকে পরাজিত করিয়া মানসিংহ ত্রানন্দ মত্মদারকে সঙ্গে লইয়া গিরা, আক্ররের মৃত্যুর জক্ত বংসরাধিক কাল বসাইরা রাখিরা ওঁছাকে জমীপারী-সনন্দ প্রদান করেন। ইহঃ অতান্ত কইকলনা বলিয়াই বোধ হয়। মানসিংহ বধন আছলীরের আদেশে পাইনেদিগকে দমন করিবার জন্ত দিতীরবার স্ববেদার ছইয়া আসিয়াছিলেন ও ১৬০৬ খৃষ্টাব্দে আবার কিরিয়া গিরাছিলেন এবং সেই সময়েই ত্রানন্দের সনন্দের ভারিথ হওয়ার, তথনাই যে প্রতাগাদিত্যের সহিত্ত মানসিংহের বৃদ্ধ হইরাছিল, ইহাই অনুমান করা সমীতীন। আর প্রভাগের বিজ্ঞাহ যে পাঠান বিজ্ঞাহের অলীভূত, ভাছাত্তে সন্দেহ নাই।

ধন্মপদ ও উদানবর্গ

বা

চারিটি চীনা অমুবাদ, তিব্বতী অমুবাদ, মূল সংস্কৃত, প্রাকৃত ও পালি ধন্মপদের তুলনামূলক সমালোচনা।

পালি ধন্মপদ বাঙালী পাঠকের নিকট অজ্ঞাত নহে। শ্রন্থের শ্রীযুক্ত চারণ্ডক্স বহু বহাশর পালি ধন্মপদ বাংলা ভাষায় অন্তবাদ করিয়া মাতৃভাষাকে পরিপুষ্ট করিয়াছেন। ১৯০৬ সালে এই প্রন্থের প্রথম বাংলা সংস্করণ প্রকাশিত হয়। কিন্তু যুরোপে এই প্রন্থ বহুকাল হইতে সুধীসমাজে সুপরিচিত। দিনেমার পণ্ডিত ফৌজ্বোল (Fausboll) ১৮৫৫ গ্রীষ্টাব্দে ধন্মপদের এক লাতিন অন্তবাদ প্রকাশ করেন। সেই হইতে যুরোপে এই প্রন্থের বহু অন্তবাদ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে বোধ করি, যুরোপে এমন কোন ভাষা নাই, যাহাতে এই প্রন্থের তর্জ্জমা না পাওয়া যায়। জার্মান ও ইংরেজী ভাষায় ধন্মপদের একাধিক অন্তবাদ আছে। বহু ভারতীয় ভাষায় এখন এই অমূল্য প্রন্থখানির অন্তবাদ পাওয়া যায়। এই প্রন্থ এত সমাদর লাভ করিয়াছে, তাহার কারণ, এখানির মধ্যে কোন সাম্প্রদায়িকতার আঁচ নাই।

পালিতে স্থাত্ত পিটকের অন্তর্গত থুদ্দকনিকায়ের দ্বিতীয় গ্রন্থ ইইতেছে ধন্মপদ। সিংহলে পালি ধর্মগ্রন্থের থে ভাগ-বিভাগ হয়, তাহার মধ্যে থুদ্দকনিকায় ইইতেছে নিকাম গ্রন্থমালার পঞ্চম নিকাম; প্রথম দীঘনিকাম, দ্বিতীয় মজ্বিম, তৃতীয় সংযুত্ত, চতুর্থ অঙ্গুদ্ভর, পঞ্চম খুদ্দক। এই খুদ্দকনিকায়ের দ্বিতীয় গ্রন্থ ধন্মপদ।

পালি ধন্মপদে ২৬টি অধ্যার আছে; মোক-সংখ্যা ৪২৩। লোক-বিশ্বাস, বৃদ্ধদেব এই গাথাগুলি নানা সময়ে শিষ্যদের নিকট বলিয়াছিলেন। তবে আমরা যে-ভাবে ছন্দোবদ্ধ অবস্থার গাথাগুলি পাই, বৃদ্ধদেব ঠিক সেই ভাবে ও ভঙ্গীতেই যে বলিয়াছিলেন, সে বিষয়ে আমাদের যথেষ্ঠ সন্দেহ আছে। এই গাথাগুলির উপর এক বিরাট্ টীকা আছে, তাহার নাম ধন্মপদট্ঠকথা; গ্রন্থকর্ত্তা পালিশাজ্মের বেদব্যাস বৃদ্ধঘোষ। প্রবাদ যে, টীকাটি মূলে ছিল 'এলু'বা প্রাচীন সিংহলী ভাষার; বৃদ্ধঘোষই তাহাকে পালিতে অমুবাদ করিয়া কৌলীক্ত দান করেন। ইংরেজী ভাষার এই গ্রন্থখনির অমুবাদ হইরাছে।' ধন্মপদের পালি-সংক্ষরণ ছাড়া অক্ত সংক্ষরণও যে এককালে ভারতে প্রচলিত ছিল, তাহার

Harvard Oriental Society, Vol. 3.

প্রমাণ পাওয়া গিয়াছে। উত্তর-পশ্চিম প্রদেশ, গান্ধার বা বর্ত্তমান আফগানিস্থানে ও এমন কি, মধা-এশিয়ার খোতান ও নিয়া নদীর তীরস্থ হিন্দু উপনিবেশে এককালে ভারতীয় প্রাকৃত ভাষা প্রচলিত ছিল। ১৮৯২ প্রীষ্টাব্দে দেক্রেইল দ রঁগ (Detruil de Rheins) নামক ফরাশী বৈজ্ঞানিক পর্যাটক মধ্য-এশিয়ায় কতকগুলি পুথি পান। পৃথিগুলি থরে ট্রী নিপিতে লেখা। ফরাশী প্রত্নতাত্ত্বিক দেনার্ (Senart) ১৮৯৮ গ্রীষ্টাব্দে এই পৃথিখানি প্রকাশিত করেন। পৃথিখানি ধ্যাপদের প্রাকৃত সংস্করণের অংশবিশেষ; পৃথিখানি থপ্তিত; ইহার কিয়দংশ ক্রম পণ্ডিত দের্গে ওল্ডেনবার্গের হত্তে পড়ে। দেনার্ সমস্ত থপ্তিত অংশগুলি প্রকাশ করেন।

ধরোষ্ট্রী নিপিতে থোদিত কতকগুলি অশোক-শিলানিপি সহস্কে পণ্ডিতগণ পূর্ব্বেই জানিতেন; কিন্তু দেই নিপিতে ও তদ্দেশীয় ভাষায় যে ধম্মপদ পাওয়া যাইবে, এ কথা লোকে কথন ভাবে নাই। প্রেসক্ষক্রমে বনিয়া রাথি যে, গ্রীষ্টায় ২য় বা ০য় শতাকী পর্যান্ত উত্তর-পশ্চিম প্রানেশ, আফগানিস্থানে, ধোটনে ও তল্লিকটবর্ত্তী কয়েকটি মরু-রাজ্যে প্রাক্কত ভাষা ও খরোষ্ট্রী নিপি প্রচলিত ছিল।

বিংশ শতাব্দীর প্রথমে মধ্য-এশিয়ার মরুমধ্যে প্রোথিত নগরসমূহে খনন-কার্য্য আরম্ভ হয়। শত শত বৌদ্ধ বিহার বালুকার কবর হইতে উদ্ধার প্রাপ্ত হইল; সেই সঙ্গে বছ সহস্র পুথিও আবিষ্কৃত হইল। দেই আবিক্রিয়ার ইতিহাস উপত্যাদের তায় আশ্চর্যা। ইংরেজ, ফরাসী, জার্মান, রুষ ও জাপানী অভিযানের ফলে বৌদ্ধ সাহিত্যের ইতিহাস নূতনভাবে আবিষ্কৃত হইয়াছে। বৌদ্ধ সাহিত্য বলিতে যে, কেবল পালিগ্রন্থ বুঝায় না, তাহা হজ্পন্ (Hodgson)-আবিষ্কৃত নেপালস্থিত সংস্কৃত গ্রন্থ হইতে লোকে পূর্ব্বেই জানিতে পারিয়াছিল। কিন্তু নেপালে সংস্কৃত স্কৃত্ত বিনয় **গ্রন্থ** কিছুই পাওয়া যায় নাই। অধিকাংশই মহাযান ও তান্ত্রিক গ্রন্থ। কিন্তু মধ্য এশিয়ার মন্ধ্রণানে ষাহা আবিষ্কৃত হইন, তাহা পানির অফুরূপ। সংস্কৃত প্রাতিমোক্ষ আবিষ্কৃত হইরাছে; সংস্কৃত আগমের বহু থণ্ডিত অংশ পাওরা গিয়াছে। এই আগম হইতেছে নিকায়ের অন্ধরূপ সাহিত্য। निकाम शैनमान श्रवित्रवानी मत अस् । आश्रम शैनमान-मन्त्राखिवानीएनत अस् । माधात्रमण्डः नीर्ष, মধ্যম, সংযুক্ত ও একোত্তর আগেষই পরিচিত। ক্ষুদ্রক আগম বস্তুতঃ ছিল কি না, তাহার প্রমাণ পাওয়া যায় না; কেন না, চীনে এই প্রস্তের কোন অমুবাদ নাই-মপরগুলির আছে। এই সকল পুথির মধ্যে সংস্কৃত ধল্মান বা উনানবর্গের খণ্ডিত অংশ পাওয়া গিয়াছে। যুরোপের নানাদেশের পত্রিকার মধ্যে উদানবর্গের আবিষ্কৃত অংশগুলি প্রকাশিত হইরাছে। খ্রীষ্টীর ২য় বা ৩য় শতকের কতকশুলি পুথির পৃষ্ঠা ফর্মী পণ্ডিত পেলিও ১৯০৬ সালে পাইরাছিলেন; তাহা ডক্টর শ্রীযুক্ত নিরঞ্জন চক্রবর্ত্তী মহাশর প্রকাশ করিতেছেন। উদ্যানবর্গের সমগ্ৰ সংস্কৃত প্ৰস্থ এ পৰ্যান্ত প্ৰকাশিত হয় নাই; তবে জামনি পণ্ডিত লাডাৰ্স (Lueders) আমাকে বলিরাছিলেন যে, বার্লিনের মূজিয়ামে উদানবর্গের প্রায় সম্পূর্ণ পুথি আছে। বর্ত্তমানে আমাদের সম্মূর্থে ধর্ম পদের সম্পূর্ণ পালি সংস্করণ, অসম্পূর্ণ প্রাক্ত ও থণ্ডিত সংস্করণ রহিয়াছে।

পালি ছাড়া অন্য ভাষায় লিখিত ধন্মপদের অন্তিত্ব সম্বন্ধে লোকে পূর্ব্বে সন্দেহ প্রকাশ করিয়াছিল; সে সন্দেহ হইয়াছিল চীনা ও তিবেতী তর্জমা লইয়া। স্তানিসুঁাস ঝুলিআঁ (Stanislaius Julien) ১৮৪৮ গ্রীষ্টাব্দে সর্ব্বপ্রথম চীন ভাষায় বৌদ্ধ গ্রন্থের তালিকা ফ্রানী Journal Asiatique পত্রিকায় প্রকাশ করেন। তারপর বীল্ (Beal) সাহেবের তালিকা প্রকাশিত হয়। জাপানী পণ্ডিত নান্দ্রিও (B. Nanjio) র বৌদ্ধশাত্রের চীনা তর্জ্জমার তালিকাই বিশেষভাবে সংস্কৃত বৌদ্ধ সাহিত্য সম্বন্ধে স্থণীসমাজকে সজাগ করিয়া তোলে। এই সব চীনা প্রস্কের তালিকাই হইতে আমরা স্পষ্ট করিয়া জানিতে পারি যে, চীনা ভাষায় ধন্মপদ ও উদানবর্গ সম্বন্ধে চারিখানি প্রস্থ আছে। ইতিমধ্যে বীল সাহেব চীনা ধন্মপদের একখানি ইংরেজী তর্জ্জমা প্রকাশ করেন (১৮৭৮ সালে)। তিব্বতী ভাষায় উদানবর্গের অন্ধবাদ আছে; ইংরেজ পরিব্রাজক ও পণ্ডিত রক্হিল্ (W. W. Rockhill) সাহেব ১৮৯২ সালে ঐ প্রস্থের তর্জ্জমা প্রকাশ করিয়া এ বিষরে আমাদের জ্ঞান বন্ধিত করেন। চীনা ও তিব্বতী ছাড়া মধ্য-এশিয়ার অপর একটি ভাষায় উদানবর্গের অন্ধবাদ ইইয়াছিল; তুথার ভাষার খণ্ডিত অংশগুলি পণ্ডিতপ্রবর লৈভি (S. Levi) সম্পাদন করিয়াছেন (Journal Asiatique, 1911, p. 431)। ইহাই মোটামুটি ভাবে ধন্মপদের অন্ধবাদের ইতিহাদ।

এই বার আমরা এ বিষয়ে বিস্তৃত ভাবে আলোচনায় প্রবৃত্ত হইব। চীন ভাষায় যে চারিথানি অমুবাদ আছে, তার্হার কালপার পর্য্য নিমে বর্ণনা করিতেছি। প্রবাদান্তসারে চীনদেশে বৌদ্ধধর্ম প্রবেশ করে ৬৭ খ্রীষ্টান্দে; কিন্ত প্রকৃত প্রচার আরম্ভ হয় দিতীয় শতকের মাঝামাঝি সময় হইতে, যথন পার্থিরার রাজকুমার শি কাও (লোকোন্তম) ও ভারতীয় ভিক্ষু লোকক্ষেম ব্রুদ্ধের বাণী প্রচারের জন্ম চীনদেশে উপস্থিত হন। পারস্তোর কিয়দংশে ও বর্ত্তমান আফগানিস্থানে বৌদ্ধধর্ম বহু প্রাচীন কাল হইতে প্রচলিত ছিল। চীনরাজ্যের হান্বংশের রাজস্বকালে যে-সকল বৌদ্ধ ভিক্ষু চীনে আসেন, তাঁহারা সকলেই ছিলেন মধ্য-এশিরা ও পারস্তোর লোক অথবা প্রবাদী ভারতীয়। মধ্য-এশিরা হুইতে উত্তর্কনীনে বৌদ্ধ ধর্মের একটি স্রোত গিরাছিল। দক্ষিণ-চীনে কিন্তু বৌদ্ধ ধর্মের যে ধারাটি পৌছিল,

> তিব্বতীতে এই নাম চিলুকাক্ষ কিরাছে; ব্যাপারটা এই,—চীনা ভাষার হিন্দুদের নামের পূর্বের 'চু' অক্ষর দের; তারপর ছিল নামের উচ্চারণের অসুলিখন—লু-কির-ছন অর্থাৎ লোকক্ষেম। তিব্বতীরা সমস্ভটাকে পড়িল চিলুকাক্ষ Chu-lu-kia-chan.

পোঁট আসিল দক্ষিণ-ভারত ও দিংহল হইতে। উত্তর-চীন ও দক্ষিণ-চীনে যে ভেদ আমরা আজ দেখি, তাহা চীন ইতিহাসের গোড়া হইতে রহিয়াছে। দক্ষিণ-চীন যে বৌদ্ধ সাহিত্য ও ধর্ম পাইল, তাহার মধ্যে বিশেষত্বও আছে। প্রথম ধন্মপদ চীনে পৌছিল এই দক্ষিণের পথ দিয়া দক্ষিণ-চীনে।

প্রসন্ধক্তমে বলিয়া ঝাথি যে, দক্ষিণ-চীনে বৌদ্ধ ধর্ম সমুদ্র-পথ দিয়া দ্বিতীয় শতকেই পৌছিয়াছিল; তাহার প্রমাণ পাই মুৎস্থর (Mou-tseu) জীবনী ও লেখা হইতে। ধল্মপদ আদিল এই দক্ষিণ পথ বাহিয়া। বিঘু নামে এক ভিক্ষু চীনদেশে এই গ্রন্থ আনিলেন।

বিদ্র নামটির চীনা উচ্চারণ হইতেছে Wei-k'i-non। হরফগুলির প্রাচীন উচ্চারণ ছিল Wi-g'ie-nan। স্বতরাং নানজিও-কৃত এই সংশোধনকে আমরা সহজেই শুদ্ধ বলিয়া স্বীকার করিয়া লইতে পারি। বিষের জীবনী আমরা সাঙ-যু-ক্বত চীনা তালিকাগ্রন্থে পাই সংক্ষেপে ও ধাই-যুন-লু নামক তালিকাগ্রন্থে পাই অপেক্ষাকৃত বিস্তৃতভাবে। বিঘ, ভারতে জন্মিয়াছিলেন এক ঋত্বিক ব্রাহ্মণের ঘরে। ভারতের কোন প্রদেশে, তাহা কেহই বলিতে পারেন নাই। পুর্বোলিখিত চীনা ব্যস্থ বিষের বৌদ্ধ ধর্ম্মে দীক্ষিত হইবার কাহিনী বিবৃত আছে; কথিত আছে, এক রাত্রে এক শ্রমণ বিষ্ণের নিকট উপস্থিত হন; শ্রমণ বুদ্ধের শিষ্য বলিয়া নিষ্ঠাবান বিম্ন তাঁহাকে গৃহে স্থান দিতে অস্বীকৃত হন; কিন্তু শ্রমণ তাঁহার আধাত্মিক শক্তিবলে ব্রাহ্মণের যক্ত অগ্নি নির্বাপিত করেন। বিদ্র বুথায় বারংবার জাঁহার যজ্ঞামি প্রজ্ঞালিত করিবার চেষ্টা করিলেন। এই ঘটনায় বিস্ময়ে বিম্নের মন অভিভূত হইয়া গেল ও তিনি চতুরাগন (দীর্ঘ, মধাম, সংযুক্ত ও একোত্তর আগম) অধ্যয়ন করিবার জন্য সংসার ত্যাগ করিয়া গেলেন। অদেশ ত্যাগ করিয়া, বছ দেশ ভ্রমণ ক্রিয়া, অবশেষে ২২৪ গ্রীষ্টাব্দে লিউ-য়েন (Liu-yen) নামক অপর একজন ভারতীয়ের সহিত দক্ষিণ-চীনদেশে পৌছিলেন। তথন দে-প্রদেশে বু (Wu) ব্লাজবংশ রাজত্ব করিতেছে। লিউ-য়েন ও বিদ্ল বহু পরিশ্রমের পর ধম্মপদের এক অমুবাদ প্রকাশ করেন। এই পুথিথানি তাঁহারা সঙ্গে করিয়া আনিয়াছিলেন। চীনা অক্ষরে উহা লিখিত হইয়াছিল থ-ল-প-চিৎ অর্থাৎ ধন্ম-পদ সূত্র,—চিং মানে সূত্র।

এখন প্রশ্ন, বিদ্ন বে ধন্মপদের অন্তবাদ করিলেন, এটি মূলে কোন্ ভাষায় ছিল। বিদ্নের বে তর্জনা আমরা পাই, তাহা লেখা হইবার সাত শত বৎসর পরে চীনা ত্রিপিটক প্রথম ছাপা হয়। ছাপাও বে নির্ভ্ ল হইমাছিল, এমন নহে। বহু অন্ত:লেখক সাত শত বৎসর ধরিমা ইহার উপর কলম চালাইয়াছিলেন। বইখানির প্রারম্ভে অনামী একটা ভূমিকা আছে; তাহাতে লেখা আছে বে, ধন্মপদের রচয়িতা (?) বা সঙ্কলিয়তা ধর্মত্রোত। অনেকে মনে করেন, এই ধর্মত্রাত বস্তুমিত্রের

খুলতাত। ভূমিকায় বলা হইয়াছে যে, মূল অমুবাদে ২৬টি অধ্যায় ছিল, পরে ১০টি অধ্যায় জুড়িয়া দেওয়া হয়। বিষয়টি পরিকার হইয়া আদিতেছে। পাঠকগণ অবগত আছেন যে, পালি ধন্মপদের মধ্যে ২৬টি অধ্যায় আছে। স্মৃতরাং বিদ্নের মূল প্রস্থের ২৬টি অধ্যায়ের সহিত পালির অধ্যায়-সংখ্যার মিল রহিয়াছে। কেবল সংখ্যা-মিল, তাহা নহে, অধ্যায়ের নাম ও ক্রম হুবছ এক। চীনা ধন্মপদের ৯ম অধ্যায় হুইতে ৩৫শ পর্যান্ত [৩৩শটি বাদ] পালির সহিত মিলিয়া বায়। প্রথম আটটি অধ্যায়, তেকিশের অধ্যায় ও ছব্রিশ হুইতে উনচল্লিশ অধ্যায় নৃত্রন, অর্থাৎ পালিতে নাই। ভূমিকায় আছে যে, বিদ্নের সহকর্মীই নাকি এই ১৩টি অধ্যায় জুড়িয়া দেন। তাহা যদি সত্য হয়, তবে একথা স্বীকার করিতে হুইবে যে, পালি ধন্মপদ ছাড়া অন্ত আর একথানি ধন্মপদের অন্তিম্ব লিউ-রেনের জানা ছিল। তবে আমরা এখনি দেখিতে পাইব যে, অপর ধন্মপদ বা উদানবর্গ ছাড়া অন্ত প্রস্থ হুইতে কোন কোন অধ্যায় বিদ্নের অমুবাদের সহিত সংযোজিত হুইয়া ধন্মপদ নামে চলিতে থাকে।

বিশ্ব-কৃত ধন্মপদের অধ্যায়গুলির নাম আমরা নিমে দিতেছি; চীনা নাম হা চিউ-চিহ; নানজিওর তালিকায় এই গ্রন্থের সংখ্যা ১৩৬৫। চীনা ত্রিপিটকের কিওতো (জাপানের)-সংস্করণে ৩৬শ গ্রন্থাবলীর ৯ সংখ্যার বইতে আছে। সাং-হাই সংস্করণের ২৪শ বাণ্ডিলের ৬ নম্বরের বইতে আছে; পৃষ্ঠা ৯৪-১০৭ ফা-চিউ-চিং ছুই খণ্ডে বিভক্ত; ৩৯ অধ্যায়।

- ১। অনিত্যবর্গ। শ্লোক-সংখ্যা ২১। পালি-ধন্মপদে এই নামে কোন পরিচ্ছেদ নাই। তবে ইহার অনেকগুলি শ্লোক সংস্কৃত বা তিববতী উদানবর্গের অনিত্যবর্গের শ্লোকের সহিত মিলিয়া যায়। বেশ বুঝা যায় যে, সেগুলির মূল ছিল সংস্কৃত উদানবর্গ। পরিশিষ্টে বিশেষভাবে আলোচনা করিয়াছি।
- ২। শিক্ষাবর্গ। এই বর্গে ২৯টি শ্লোক আছে। এই নামে কোন বর্গ পালি, প্রাক্কত ও সংস্কৃত ধন্মপদ বা উদানবর্গে নাই। বিদ্ল-কৃত অমুবাদ ব্যতীত অন্ত উদানবর্গের অমুবাদ এই শ্লোকগুলি নাই। ফো-নিয়েন-কৃত তৃতীয় অমুবাদে শিক্ষাবর্গ নামে একটি অধ্যায় আছে, কিন্ত শ্লোকগুলি সম্পূর্ণ পৃথক্। স্কৃতরাং সম্পূর্ণ নৃতন গ্রন্থ ইইতে এই অধ্যায়টি সংযোজিত হয়। ধন্মপদের সহিত কোন বোগুনাই।
- গ বছশ্রুতবর্গ। ১৯টি শ্লোক আছে। এই নামে কোন বর্গ পালি, প্রাক্তর, সংস্কৃত বা চীনা ও তিব্বতীতে নাই। ইহা উদানবর্গের অন্তর্গত নহে। স্কুতরাং মনে হয় য়ে, এই শোকেগুলিও পূর্বপরিচেছদের শোকের ছায় অক্ত স্থান হইতে সংগৃহীত ও ধন্মপদের মধ্যে সংযোজিত।

- ৪। শ্রদ্ধাবর্গ। এই বর্গে ১৯টি শ্লোক। তৃতীয় ও চতুর্থ চীনা অমুবাদ বা উদানবর্গের মধ্যে এই বর্গটি পাওয়া গিয়াছে। তৃতীয়ের একাদশ বর্গ চতুর্থের দশম বর্গ। ফা-চিউ-চিং-এয় শ্রদ্ধাবর্গের ১১টি গাথা উদানবর্গের অমুবাদের সহিত মেলে। এই বর্গটি মনে হয়, চীনা অমুবাদকগণ সংস্কৃত উদানবর্গ হইতে গ্রহণ করিয়া ধন্মপদের সঙ্গে জুড়িয়া দেন।
- হঃশীগবর্গ। ইহাতে ১৬টি মোক। তৃতীয় অমুবাদে এই বর্গের নাম শীলবর্গ। চতুর্থ অমুবাদে শীলব্রতবর্গ নামে খ্যাত। প্রথম ও দিতীয় অমুবাদে কেবল ছঃশীলবর্গ নামে অভিহিত। বিশ্ব-ক্ষত ফা-চিউ-চিং-এর ১৩টি শ্লোক তৃতীয় ও চতুর্থ অমুবাদে পাওয়া যায়; কিন্ত ইহার কোন শ্লোক পালি ধক্ষাদে পাওয়া যায় না। ফা-চিউ-চিঙে এই বর্গের শ্লোকগুলি নিঃসন্দেহে কোন সংস্কৃত ধন্মপদ বা উদানবর্গ হইতে গৃহীত।
- ৬। ভাবনা বা শ্বতিবর্গ। ১২টি শ্লোক। চীনা তৃতীয় অমুবাদের ১৬শ বর্গের ১২টি শ্লোকের সহিত মিল আছে। চতুর্থ অমুবাদের ১২টির সহিত মিল আছে।
- প। প্রেম বা মৈত্রবির্গ। ১৯টি শ্লোক। তৃতীয় ও চতুর্থ অমুবাদে এই নামে কোন বর্গ নাই।
- ৮। বাক্যবর্গ। এই বর্গে ১২টি শ্লোক। তৃতীর ও চতুর্থ অমুবাদে এই নামের বর্গ আছে, এবং শ্লোকগুলি প্রায় মিলিয়া যায়; তবে তৃতীয় অমুবাদে এই বর্গের নাম অপবাদবর্গ।

এই পর্য্যস্ত ৮টি বর্গ পালি ধম্মপদে নাই। ইহার পর হইতে মিল স্থক্ষ হইয়াছে। এই আটটি বর্গের শ্লোকগুলি আমরা বিশেষভাবে বিশ্লেষণ করিলে দেখিতে পাইব যে, ইহার অমুবাদক, দে বিশ্লের সহকর্মী নিউ-য়েন হউন বা অন্ত কেহই হউন, সংস্কৃত ধম্মপদ বা উদানবর্গের সহিত পরিচিত ছিলেন।

নবম অধ্যায় হইতে পালি ধন্মপদে বর্গের নাম ও ফা-চিউ-চিং-এর (ধন্মপদ স্ত্তের) বর্গ এক।

যথা—৯ যুগ (পালি ১ বমক); ১০ প্রমাদ (২ অপ্মাদ); ১১ চিত্ত (৩ চিত্ত); ১২ পূজাগন্ধ
(৪ পূজা); ১০ বাল (৫ বাল); ১৪ পণ্ডিত (৬ পণ্ডিত); ১৫ অরহস্ক বা লোহন (৭ অরহস্ক);
১৬ সহস্র (৮ সহস্র); ১৭ পাপা (৯ পাপ); ১৮ দণ্ড (১০ দণ্ড); ১৯ জরা (১১ জরা);
২০ কার স্থথ (১২ অত্ত); ২১ লোক (১০ লোক); বিতীয় খণ্ড। ২২ বৃদ্ধ (১৪ বৃদ্ধ);
২০ স্থথ (১৫ স্থথ); ২৪ প্রির (১৬ পির); ২৫ ক্রোধ (১৭ কোধ); ২৬ মল (১৮ মল);
২৭ ধারণা (১৯ ধন্মট্ঠ); ২৮ মার্গ (২০ মগ্রা); ২৯ প্রেণি (২১ পকীর্রক); ৩০ নরক
(২১ নিরয়); ৩১ নাগোপম (২২ নাগ); ৩২ ভৃষ্ণা (২০ তণ্তা); ৩০ সম্ভোগ [পালিতে এই বর্গ নাই। কিন্তু চীনা ভৃতীয়াহ্ন বাদের ১৪শ বর্গ ও চ্রুর্থাকুবাদের ১৩৭ বর্গের ক্তক্তালি প্রোক্তর

সহিত মিল আছে। তৃতীয়ামুবাদের সহিত মিল বেশী। এই বর্গটিও প্রাচীন সংস্কৃত ধন্মপদ বা উদানবর্গ হইতে গৃহীত]। ৩৪ শ্রমণ (২৪ ভিক্থু); ৩৫ ব্রাহ্মণ (২৬ ব্রাহ্মণ)। ৩৬ নির্বাণ, ৩৭
সংসার, ৩৮ বোধিলাভ, ৩৯ সৌভাগ্যবর্গ—এই চারিটি বর্গের সহিত ধন্মপদ বা উদানবর্গের কোন
মিল পাওয়া যায় নাই।

এই তুলনামূলক আলোচনার পর আমরা সাহস করিয়া বলিতে পারি যে, বিদ্ন দক্ষিণ চীনে গিয়াছিলেন দক্ষিণ-ভারত বা সিংহল হইতে। সিংহল হইতে ভিনি পালি শ্রন্ম পিদের পৃথি সংগ্রহ করিয়া লইয়া যান এবং তদীয় বন্ধু লিউ-রেনের সাহায়ে অন্ধবাদ করেন। অভিরিক্ত তেরটি অধ্যার পুব সম্ভব সে-যুগ সংযোজিত হয় নাই। অনামী ভূমিকা-লেথক ধন্মপদের সংকলমিতা বলিয়াছেন ধর্মজ্রাভ; আমাদের বিশ্বাস, এই ধর্মজ্রাভ উদানবর্গ বা সংস্কৃত ধন্মপদ শংকলন করেন, সেটি উত্তর্ম-ভারতে সংগৃহীত হয়; সিংহলে সংকলিত হয় ধন্মপদ, যে পৃথির অন্ধবিপি বিদ্ব চীনে লইয়া গিয়া অন্ধবাদ করেন।

চীনাদের নিকট বিম্ন-ক্রত ধম্মপদের অনুবাদ সমাদর লাভ করে নাই। প্রথমতঃ ইহার অনুবাদ ভাল হয় নাই; চীনারা সাহিত্যিক জাত; অফুন্দর অমুবাদ তাহাদের পক্ষে অসহ। দ্বিতীয়তঃ টীকা বা ব্যাথ্যা ছাড়া শ্লোকগুলি তাহাদের পক্ষে বুঝাও কঠিন ; এ কথা ভুলিলে চলিবে না, তখনও চীনে বৌদ্ধধর্ম মাত্র প্রচারিত হইতেছে; বড় সাহিত্যিক তথন কেহ বৌদ্ধ শাস্ত্র ব্যাখ্যায় নামেন নাই। এই অভাব দূর হইল কয়েক বৎসর পরে। ফা-চুও ফা-লি (ধর্মবল) নামক ছই জন ভিকু বিষক্ত ধন্মপদ হইতে ১০০টি শ্লোক বাছিয়া, শ্লোকগুলির দংক্ষিপ্ত টীকা লিখিয়া প্রকাশ করিলেন। প্রত্যেকটি শ্লোক কোন্ সময়ে এবং কেন বুদ্ধদেব বলিয়াছিলেন, তাহাই বিরুত করা আছে। ফা-চু ও ফা-লি উত্তর-চীনে ছিলেন ; তথন চীনের সমাট্ পশ্চিমৎসিন রাজবংশের ভ্রাই-তি (২৯০-৩০৬ এী: অঃ)। ধন্মপদের ইহাই প্রাচীনতম টীকা; বুদ্ধঘোষ পঞ্চম শতাব্দীর লোক যদি হন, তাথা হইলে ধন্মপদট্ঠকথা চীনা টীকা হইতে অব্তিন। বীল সাহেব এই টীকারই সংক্ষিপ্ত অনুবাদ ইংরেজীতে প্রকাশ করিয়াছেন। বিম্নের ফা-চিউ-চিং-এর সহিত ফা-চিউ-চি-ফু-চিং-এর বর্গাদির সম্পূর্ণ মিল রহিয়াছে। তাহা হইলে দেখা যাইতেছে যে, প্রথমত: দক্ষিণের অত্যবাদ ৫০া৬০ বৎদরের মধ্যে উত্তর চীনে পৌছিয়াছিল; দিতীয়তঃ ভারতবর্ষ হইতে ধশ্মপদের অট্ঠকথা চীনে আদিয়াছে। কেবল পালি অংশের নয়—অভাত অংশের শ্লোকের ব্যাথ্যা ও কিংবদস্তী চীনা ভিক্ষুদের অজ্ঞাত ছিল না। তৃতীয়তঃ পালির উপরে বে বর্গগুলি সংযোজিত হইরাছিল, তাহা, যদি বিল্লের সময় নাও হইরা থাকে, ইতিমধ্যে সম্পাদিত হইরাছিল। এমনও হইতে পারে, উত্তর-চীনে বেধানে সংস্কৃত উদানবর্গ ও অফ্যাক্ত সংস্কৃত উদান প্রস্কৃত ছিল না—সেইধানেই

এই সংযোজনের কার্য্য সম্পাদিত ইইয়াছিল। মোট কথা এ সবই অস্থমান ও যুক্তিসাপেক্ষ, বাস্তব লোকে প্রমাণ দেওয়া কঠিন।

বিতীয় সটীক অমুবাদখানির চারিটি ভাগ আছে। প্রথম থণ্ডে ১ম বর্গ হইতে ১২শ বর্গ; [৯ম বর্গে তুইটি শ্লোক অতিরিক্ত আছে; বিদ্লের অমুবাদে নাই] বিতীয় থণ্ডে ১৩শ হইতে ১৯শ বর্গ; তম্ন থণ্ডে ১৯শ বর্গ; চতুর্থ থণ্ডে ৩৩শ হইতে ৩৯শ বর্গ।

কা-চিউ ও ফ্রা-লির সটীক অফুবাদের প্রায় এক শত বৎসর পরে ধন্মপদ-উদানবর্গের অফুবাদ ছয়। চীনা গ্রন্থখানির নাম 'অবদানস্থত্র', আদল ধর্মপদ বা উদানবর্গের একথানি স্মরুহৎ চীকা। চীনা গ্রন্থথানি ৩০ থণ্ডে; চীনা ত্রিপিটকের ১৬০ পূর্চা; স্থতরাং মূল গ্রন্থথানি বেশ বড় বই ₇ ছিল বলিয়া অন্তুমান হয়। টীকার মধ্যে অ<u>খানো</u>ষের গ্রন্থ হইতে শ্লোক উদ্ধৃত করা আছে, এমন কি, বৈদিক সাহিত্য হইতেও গাথা আছে। এই স্থাবৃহৎ গ্রন্থখানি অনুবাদ করেন <u>কো নিয়ে</u>ন নামে 😳 একজন ভিক্ষু ; পণ্ডিত বাগচী অনুমান করেন যে, ফো-নিয়েন কাংস্কু-অধিবাদী হিন্দু ঔপনিবেশিক। ফো-নিয়েন সংস্কৃত ভাষায় ও চীনা ভাষায় স্ক্রপণ্ডিত ছিলেন; দে-বুগের বহু অনুবাদক তাঁহার সহায়তা লাভ করিয়া অমুবাদ কার্য্য করিয়াছিলেন। শি-কাও ও চি-কিয়েন বাতীত এত ব**ড প্রচারক** সে-যুগে আর জন্মগ্রহণ করেন নাই। উদানবর্গের এই টীকাথানি <u>৩৮</u>৩ গ্রীষ্টাব্দে অনুদিত **হয়** বলিয়া অমুমান করা হয়। এই গ্রন্থখানিই বছ শত বংগর চীনে প্রচলিত ছিল। তারপর ছয় শত বৎসর পর উদানবর্গের মূল শ্লোকগুলি নুতন পুথি হইতে অনুদিত হয়। অহুবাদকের চীনা নাম পাওয়া যায়, যদিও তিনি ছিলেন হিন্দু, উদ্যানদেশবাদী। তিয়েন-দি ৎসাই ৯৮০-১০০১ অব্দে উদানবর্গের অন্থবাদ করেন। ফো নিয়েন-ক্বত অন্থবাদের মূল শ্লোকগুলি ও এই অন্থবাদের শোকগুলির মধ্যে মিন আছে। ইহারা এক পর্য্যায়ের অন্তর্গত। দেই জ্ঞু আমরা ইহার একত আলোচনা করিব। এই পর্য্যায়ের মধ্যে আরও একটি অন্মরাদ পড়ে,—দেটি তিববতী। তিববতী অমুবাদধানি হয় ৯ম শতকে। সেই জক্ত তিফাতী অমুবাদের সহিত চীনা চতুর্থামুবাদের भिन थ्वह (वनी।

চীনা তৃতীয় ও চতুর্গ অমুবাদ, তিব্বতী অমুবাদ ও মধ্য-এশিয়া হুইতে প্রাপ্ত সংস্কৃত পৃথির পঞ্জিত অংশগুলি একই গ্রন্থের বিভিন্ন সংস্কৃত্বণ—অর্থাৎ সংস্কৃত উদানবর্গের বিভিন্ন ব্যাপ । ছবছ কোনটির সহিত কোনটির মিগ নাই। উদানবর্গে ৩৩টি বর্গ। বর্গগুলির নাম আমরা নিমে দিতেতি।

১। অনিত্যবর্গ। ফোনিয়েন ক্লত 'অবদান স্ত্তে' এই বর্গের নাম, তিব্বতী অন্ধ্বাদের নাম ও সংস্কৃত পর্থির এই বর্গের নাম—অনিতাবর্গ; কেবল চতুর্গ অন্ধ্বাদে ইহার নাম সংস্কারবর্গ অনিভাবর্গের শ্লোক-সংখ্যা এক এক সংস্করণে এক এক রূপ। প্রথম অমুবাদে ২১; দ্বিভীয়ে ১৪; তৃতীয়ে ৪০; তিব্বতীতে ৪০; সংস্কৃতে ৪২। শুণতিতে যদিও মিল দেখা যার, শ্লোকশুলি বিচার করিতে আরম্ভ করিলে মিল আরও কমিয়া আদে। চতুর্থান্থবাদের ৭টি শ্লোকের কোন তিব্বতী নাই। পালিতে অনিভাবর্গ নামে কোন বর্গ নাই।

- ২। কামবর্গ। চতুর্থামুবাদে ২১টি, তিব্বতীতে ২০টি ও সংস্কৃতে ১৯টি শ্রোক আছে।
 মধ্য-এশিয়ায় কামবর্গের সমগ্র পরিচেছদটি পাওয়া গিয়াছে ও প্রকাশিত হইয়াছে।
 সংস্কৃত শ্লোকগুলির পালি অন্তর্মপ রহিয়াছে। চীনা চতুর্থামুবাদেরও ৮টি পালি
 অমুক্রপ রহিয়াছে।
- ৩। তৃষ্ণাবর্গ। এই নামের বর্গ ফা-চিউ-চিঙে আছে; কিন্ত ইহাদের মধ্যে মিল সামান্তই। পালিতে তণ্ছাবর্গ আছে। এই বর্গের পাঁচটি শ্লোক চতুর্থের সহিত মেলে। চতুর্থান্তবাদে ২০, তিব্বতীতেও ২০; সংস্কৃত বর্গ হাতে আসে নাই। তিব্বতীও চতুর্থান্তবাদে বেশ মিল দেখা যায়।
- ৪। অপ্রমাদবর্গ। এই বর্গটির চারিটি চীনা অমুবাদ, তিববতী অমুবাদ, মূল সংস্কৃত, পালি ও প্রাকৃত সংস্করণ লইয়া পণ্ডিতপ্রবর লেভি জুর্ণাল্ এিদিয়াতিকে বিস্তৃতভাবে আলোচনা করিয়াছেন। চীনা চতুর্থামুবাদে ৪০, তিববতীতে ৩৫ ও সংস্কৃতে ৩৮টি শ্লোক আছে। পালির দিতীয় বর্গের নাম অপ্রমাদবর্গে; অনেকগুলি গাথা সংস্কৃতের সহিত্ মেলে।

চীনা তৃতীয়ামুবাদে নৃতন একটি বর্গ ইহার পর পাই; তাহার নাম প্রমাদবর্গ; সেটি ঐ গ্রন্থে ৫ম বর্গ; স্থতরাং এই গ্রন্থে একটি বর্গ বেশী আছে, ৩৩ এর স্থানে ৩৪— বিশেষ লক্ষ্য করিবার বিষয়।

- ৫। প্রিয়বর্গ। চীনা চতুর্থায়বাদে ২৪টি, তৃতীয়ায়বাদে ২৩টি, তিব্বতীতে ২৮টি বা বেকের (Beck-এর) হিদাবে ২৬টি শ্লোক। চীনা তৃতীয়ে এই বর্গের নাম 'স্মৃতি'। ফা-চিট্র-চিঙের ৬টি শ্লোক চতুর্থের দক্ষে মেলে। সংস্কৃত মূল কোথায়ও ছাপা হয় নাই। মধ্য-এশিয়ায় প্রাপ্ত পৃথির মধ্যে আছে কিনা জানি না। পালি পিয়বর্গগের ৪টি শ্লোক, দপ্তবর্গগের ১টি ও নিরয়বর্গগের ১টি শ্লোক চীনার সহিত মেলে।
- ৬ । শীশবর্গ। চারিটি চীনাতেই প্রায় এই নামের বর্গ রহিয়াছে। তিববতীতেও আছে। প্রথম ও বিতীয়াস্থবাদে ইহার নাম ছঃশীশবর্গ; জুতীয়াস্থবাদে নাম শীল, চতুর্থে নাম

- শীলব্রত। চতুর্থে ২১টি, তৃতীরে ৩২টি, প্রথমে ১৬টি, তিব্বতীতে ২০টি শোক। চীনা অমুবাদগুলি বিশেষভাবে পর্য্যবেক্ষণ করিলে বুঝা ষাইবে, এই বর্গের প্রথম, তৃতীর ও চতুর্থের মূল পুথির মধ্যে সম্বন্ধ খুব ঘনিষ্ট ছিল। প্রথমামুবাদে এই বর্গটি ৫ম; অর্থাৎ অতিরিক্ত অধ্যায়গুলির অন্তর্গত। স্মৃতরাং বেশ বুঝা যায় যে, ফা-চিউ-চিঙের অমুবাদক উদানবর্গের কোন সংস্করণের সহিত স্মুপরিচিত ছিলেন।
- १। কুশল কর্মবর্গ। চীনা চতুর্থ ও তিববতীর ইহাই বোধ হয় মূল নাম ছিল। তৃতীয়ায়বাদের নাম ছিল শিক্ষাবর্গ। এখানে বলিয়া রাখি, ফা-চিউ-চিঙের শিক্ষাবর্গের সহিত ইহার কোনই যোগ নাই; চতুর্থ ও তিববতীর সহিত যোগ স্পষ্ট। পালিতে এ নামের কোন বর্গ নাই। প্রাক্ততে ছিল কিনা বলা য়য় না। সংস্কৃতে ছিল, কিন্ত তাহা আবিষ্কৃত বা প্রকাশিত হয় নাই।
- শ। বাক্যবর্গ। চীনা চতুর্থে ১৭টি ও তিববতীতে ১৫টি শ্লোক। তৃতীয় চীনামুবাদে এই বর্গের নাম অপবাদবর্গ; ইহাতে এই বর্গের ছই ভাগ; প্রথম ভাগে ৬টি ও দিতীয় ভাগে ১০টি শ্লোক। ফা-চিউ-চিঙের ৮ম পরিচ্ছেদের নাম বাক্যবর্গ; ইহার ১০টি শ্লোক উদানবর্গের অন্তবাদদ্বয়ের সহিত মেলে।
- শ কর্মবর্গ। তৃতীয়ায়ুবাদে ইহার নাম চর্যাবর্গ। প্রথম ও দিতীয়ায়ুবাদে এ নামের কোন বর্গ নাই। তিব্বতীতে ৬৯ হইতে ১৪শ লোকের কোন চীনা অমুবাদ নাই। অথচ তিব্বভীর ১০টি লোকের সহিত পালি ধন্মপদের ১০টি লোকের মিল পাওয়া যায়।
- ২০। শ্রহ্মাবর্গ। তৃতীয় ও চতুর্থান্থবাদে যথাক্রমে ২০টি ও ১৮টি শ্লোক আছে। প্রথমান্থবাদ বা কা-চিট্ট-চিঙে এই বর্গটি হইতেছে চতুর্থ, অর্থাৎ অতিরিক্ত বর্গের অন্তর্গত। ইহাতে তৃইটি ছাড়া ১৪টি শ্লোকই তৃতীয় ও চতুর্গান্থবাদের দহিত মিলিয়া গিয়াছে; বেশ বুঝা যায় যে, তৃতীয়ান্থবাদের কোন মূল গ্রন্থ হইতে ফা-চিট্ট-চিঙের এই অধ্যায়টি গৃহীত। কো-নিয়েন যে পৃথি দেখিয়া তাহার অবদান অন্থবাদ করেন, বোধ হয় তাহাতে এই অধ্যায়ের শেষ কয় পাতা ছিল না; কারণ, চতুর্গান্থবাদের সহিত তৃতীয়ের ছবছ মিল; কিন্তু ১৮শ শ্লোকের পর আর নাই; চতুর্থে ২০টি শ্লোক। এদিকে প্রথমান্থবাদে আরও চারিটি শ্লোক রছিয়াছে, সেগুলির সহিত কাহারও মিল নাই। তিববতীর সহিত মোটামুটি চীনান্থবাদগুলি মেলে; তবে কতকগুলির সহছে মন্দেহ হয়। পালিতে এ নামে বর্গ নাই। সংস্কৃত্ত পাওয়া গিয়াছে কিনা জানি না।

- ১১। শ্রমণবর্গ। চীনাতে এই বর্গের নামটি 'শ-মেন্' অর্থাৎ শ্রমণ আছে। চতুর্বে ১৭, ভৃতীয়ে ১৬, ভিববভীতে ১৬ শ্লোক আছে। ভৃতীয়ের সব শ্লোকের বৃহ্নিত চতুর্বের মিল নাই; অধিকাংশই মেলে। চীনা প্রথম বা পালিতে এ বর্গের মিল ওরালা বর্গ নাই; তবে অন্তবগ্গের ৬টি, ধন্মট্ঠবগ্গের ৪টি, নিররবগ্গের ২টি শ্লোকের সহিত চতুর্থের ৮টি শ্লোক মিলিয়াছে। ফা-চিউ-চিঙের ২৭শ অধ্যায়, বা ধারণাবগ্গের ৪টি শ্লোক পালি ধন্মট্ঠবগ্গের ৪টি শ্লোকের সহিত মেলে।
- ১২। মার্গবর্গ। দব সংস্করণেই মার্গবর্গ আছে। চতুর্থামুবাদে ২২টি, তৃতীরে ২১টি—উভরের
 মধ্যে বেশ মিল। কিন্তু গোল বানিয়াছে প্রথম ও পালি লইরা। কা-চিউ-চিঙে
 ২৮টি ম্লোক; কিন্তু ১, ২, ৩, ৪, ৫, ৭, ১৭, ১৮, ২৫, ২৬, ২৭ শ্লোকের সহিত
 চতুর্থামুবাদের কতকগুলি শ্লোক মেলে। কিন্তু উল্টাপাল্টাভাবে। আবার পালির
 সলে ফা চিউ-চিঙের একটু তফাৎ বাহির হইরা পড়ে; ১৭শ হইতে ২৮শ-এর কোন মিল
 পালি ধম্মপদে মার্গবর্গের মধ্যে পাওয়া বায় না। স্থতরাং বেশ বুঝা বায় য়ে, এই বর্গের
 পুথি লইয়া বেশী ছিনিমিনি চিলয়াছিল।
- ১৩। সৎকারবর্গ। চতুর্থান্থবাদের ১৯টার সহিত তিবরতীর গোটা ১৪ শ্লোক এক ব্লকম মেলে।
 তৃতীরাম্ববাদের মিল বড়াই এলোমেলো। তবে ফা-চিউ-চিঙের সহিত তৃতীরের মিল বেশী;
 কা-চিউ-চিঙে এই বর্গটি অতিরিক্ত সংযোজিত বর্গ; স্থতরাং বেশ অন্থমান করা
 যাইতে পারে যে, তৃতীরের মূল উদানবর্গের শ্লোক বিশ্ব গ্রহণ করিয়াছিলেন।
- ১৪। ছেববর্গ। চতুর্থ, তৃতীয় ও তিববতীর মধ্যে মোটাম্টি মিল পাওয়া ধায়। ধন্মপদ বা কা-চিউ-চিঙে এই বর্গ নাই। তবে পালি যমকবগ্গের ১টি, বালবগ্গের ১টি, নাগ-বগ্গের ৩টি শ্লোক চীনার সহিত মেলে। তিববতী এই বর্গের ৯ম ও ১০ম শ্লোক পালি যমকের ৩য় ও ৪র্থ-এয় শ্লোকের সহিত মেলে।
- ১৫। শ্বতিবর্গ। চহুর্থ চীনার সহিত তিববতীর মিল হুবছ। পুনরায় এখানে শ্বরণ করাইয়া দিই বে, উভয় গ্রন্থই অর্বাচীন নবম ও দশম শতাব্দীর সংস্কৃত পুথির তর্জমা। তৃতীয় অস্থবাদের ১৬টির সহিত মাত্র চতুর্থের মিল পাওয়া বায়। কিন্তু বেশী মিল পাওয়া বায় ফা-চিউ চিঙের ভাবনাবর্গের সঙ্গে। ভাবনাবর্গ হইতেছে ৬৮ বর্গ; স্থতয়াং অতিরিক্ত বর্গ সমূহের অস্তর্গত। এখানেও তৃতীয়ায়ুবাদের সহিত ফা-চিউ-চিঙের অতিরিক্ত বর্গের মিল পাইতেছি। পালিতে এই বর্গ নাই।
- ১৬। প্রকীর্ণবর্গ। ধ্মপদ ও উদানবর্গের সকল সংস্করণেই এই নামের বর্গ আছে।

চীনা চতুর্থ, তৃতীয় ও তিববতীর মধ্যে মোটামুটি মিল পাই। ফা-চিউ-চিং ২৯শ অধ্যায় ও পালি ২১শ অধ্যায়ের এই নাম। কিন্তু শ্লোকের মধ্যে খুব বেশী মিল পাই নাই — র্মোটি ৭৮ শ্লোকের মিল আছে মাত্র। ফা-চিউ-চিঙের প্রকীর্ণবর্গের সহিত চতুর্থ ও তৃতীর্বায়বানের মিল একেবারে নাই। স্কৃতরাং বর্গ নামের মিল থাকিলে এমন কথা বলা যায় না বে, এই বর্গটি সংস্কৃত হইতে গুহীত।

- ১৭। আপ্রর্গ। মোটামুটি ভাবে চীনা চতুর্থ, তৃতীয় ও তিব্বতীর মধ্যে মিল আছে। ধন্মপদে এই নামের বর্গ নাই। ফা-চিউ-চিঙে-ও নাই। তবে বিভিন্ন বর্গে ৭টি শ্লোক চীনা অমুবাদের সহিত মেলে।
- ১৮। পুপ্রবর্গ। চীনা চতুর্থ ও তিব্বতী শ্লোকে মিল প্রায় আছে—গোটা ছই ছাড়া। তৃতীয়া-কুবাদের প্রথম নয়টি শ্লোক মিলে। ফা চিউ চিং ও ধন্মগদের মিল বেশ স্থাপাষ্ট। চতুর্থ ও তৃতীয় কয়েকটির সঙ্গে পালির মিল আছে।
- ১৯। অশ্বর্গ। মোটামুটি ভাবে চীনা চতুর্গ, তৃতীয় ও তিববতীর মধ্যে মিল আছে। ধন্মপদে এ বর্গ নাই। তবে ফা-চিউ-চিঙ ও ধন্মপদে নাগবর্গ আছে, মিলও আছে। উদানবর্গের তিনটি শ্লোকের সহিত ধন্মপদের তিনটি মেলে, তফাতের মধ্যে অশ্বের বদলে হন্তীর উপমা। তিববতীর ৯ম শ্লোক সম্বন্ধে Beck বলেন যে, সেটি ৭ম শ্লোকের পুনরুক্তি। এক্নপ পুনরুক্তি মাঝে মাঝে পাওয়া যায়। Rockhill ইহাকে তুইটি পৃথক্ পৃথক্ শ্লোকই দেখাইয়া অনুবাদ করিয়াছেন এবং চীনার সহিত তাহার মিল পাওয়া গিয়াছে।
- ২০। ক্রোধবর্গ। সব সংস্করণেই এই বর্গটি আছে। চীনা চতুর্গ, তৃতীয় ও তিব্বতীর মিল বেশ। ফা-চিউ-চিঙের ২৫শ বর্গের নাম ক্রোধবর্গ। পালি কোধবর্গ্যের ১৪টির সহিত বিমের অন্ত্বাদের ২য়-১৫শ শ্লোক নেলে। কিন্তু ১৬শ-২৬শ মেলে উদানবর্গের সঙ্গে। অর্থাৎ ধক্ষপদ ও উদানবর্গ হইতে লইয়া ফা-চিউ-চিঙের বর্গটি তৈয়ারী।
- ২১। তথাগতবর্গ। চীনা চতুর্থে ২০, তৃতীয়ে ১৮ ও তিব্বতীতে ১৫ শ্লোক। তৃতীয় ও চতুর্থে বেশ মিল। তিব্বতীর এই বর্গে একটু গোল বাধাইয়াছে। ফা-চিউ-চিঙ ও পাশি বুদ্ধবর্গুগের সহিত কোন যোগ নাই।
- ২২। প্রাবক্বর্গ। চীনা চতুর্য, তৃতীয় ও তিব্বতীর মধ্যে মিল আছে। ফা-চিউ-চিঙের তৃতীয় বর্গের নাম বহুপ্রুতবর্গ বা প্রাবক্বর্গ; কিন্তু তৃইটি ছাড়া অপর শ্লোকের মিল পাওয়া যায় না। এটি অতিরিক্ত বর্গ। পালিতে নাই।
- ২০। আত্মবর্গ। সব সংস্করণেই এই নামের বর্গ আছে। চীনা চতুর্গ ও তিববতী বেশ মেলে।

ভূতীয়ের মাত্র অর্দ্ধেক শ্লোক চতুর্থের সঙ্গে মেলে। ফা-চিউ-চিং ও ধত্মপদের অন্তবগ্গের মধ্যে মিল বেশ।

২৪। সহস্রবর্গ। দব সংস্করণেই এই বর্গ আছে। তবে নামের তন্ধাৎ দেখা যায়, য়েয়ন তৃতীয়ায়ুবাদে ইহার নাম নৈপুণাবর্গ, চতুর্থায়ুবাদে বিপুলবাক্বর্গ, তিব্বতীতে ইহার নাম সংখ্যা বা তৃত্বনাবর্গ। পালিতে নাম সহস্রবর্গ। চীনা চতুর্ব ও তিব্বতীতে মিল বেশ আছে।

ফা-চিউ-চিং ও ধশ্মপদের মিল হুবহু। তৃতীয়ামুবাদের তিনটি মাত্র শ্লোক ভাবের সঙ্গে মেলে। মহাবস্ত নামক গ্রন্থের একটি পরিচেহদে ধর্ম্মপদের সহস্রবর্গের স্পষ্ট উল্লেখ আছে; তাহার অনেকগুলি শ্লোক পালির সঙ্গে মেনে।

- ২৫। বন্ধুবর্গ। ধত্মপদে বন্ধুবর্গ নাই; ফা-চিউ-চিঙেও নাই। চীনা চতুর্থ, তৃতীয়ামুবাদ ও তিব্বতীতে আছে; সংস্কৃতে ছিল, কিন্তু কোন অংশ পাওয়া যায় নাই। স্থতরাং এ বর্গটিকে উদানবর্গেরই বিশেষ পরিচ্ছেদ বলিয়া বুঝা যায়। চতুর্থামুবাদে ২৩, তৃতীয়ে ২১ ও তিব্বতীতে ২৫ শ্লোক আছে; তিব্বতী ১৫শ হইতে ১৮শ শ্লোকের কোন চীনা অমুবাদ পাই নাই। আরও, তিব্বতীতে এই বর্গ হইতে তৃতীয় থও আরম্ভ হইয়াছে; এইরূপ বর্গাকরণ অন্তত্ত্ব নাই। পালি ধত্মপদের বালবর্গ্য, পণ্ডিতব্বগ্র ও স্থেব্বগ্রের ছয়টি শ্লোক উদানবর্গের ছয়টি শ্লোকের সহিত মিলিয়াছে।
- ২) নির্বাণবর্গ। এ নামের কোন পালি বগগ় নাই। এটি উদানবর্গেরই বর্গ। চীনা চতুর্থ, তৃতীয় ও তিব্বতীতে আছে। কিন্তু পরম্পরের মধ্যে মিল অপেক্ষাক্ত কম। তৃতীয়ের শ্লোক-সংখ্যা ২৯, চতুর্থের ৩৬, তিব্বতীর ৩০। তৃতীয়ের ১৮শ হইতে ২১শ পর্যান্ত কোন মিল চতুর্থের সঙ্গে খুঁজিয়া পাই না।
- ২৭। দৃষ্টিবর্গ। চীনা চতুর্থে ৩৫, তৃতীরে ৩৬ ও তিববতীতে ৬৭ শ্লোক আছে। ধন্মপদে এ নামের বর্গ নাই। তবে ১০টি শ্লোকের মিল পাই। ফা-চিউ-চিঙের ২২শ (বুদ্ধবর্গের)-র ১৪শ-১৮শ শ্লোকের সহিত মেলে। এই শ্লোকগুলি পালি ১৮৮-১৯২ শ্লোকের তর্জমা।
- ২৮। পাপবর্গ। এই নামের বর্গ উদানবর্গে চীনা চতুর্থ, তৃতীয় ও তিববতী অমুবাদে আছে।
 চীনা প্রথম ও দ্বিতীয়ের ১৭শ বর্গ ও পালির ৯ম বর্গ এই নামের। চীনা চতুর্থে ৩৪,
 তৃতীয়ে ৩৫ ও তিববতীতে ৪০ শ্লোক আছে। ধন্মপদের পাপবর্গের ১৩টি শ্লোকের মধ্যে
 ১০টির সহিত ফা-চিউ-চিঙের ১০টি শ্লোক মেলে। উদানবর্গের ১৯টি শ্লোকের সহিত

ধক্ষপালের বিভিন্ন বর্গের ছই একটি করিয়া প্লোক মেলে, বেমন—যমক, কাম, পাপ, দণ্ড, অন্তবর্গের শ্লোকের সঙ্গে।

- ३>। য়ুগবর্গ। চীনা, তিববতী, পালি ও সংস্কৃত—সকল সংস্করণেই এই বর্গ আছে; পালিতে নাম থমক, প্রথম বর্গ। সংস্কৃত শ্লোকগুলি মধ্য-গলিয়ার পাওয়া গিয়াছে। পিশেল (Pischel) সাহেব এই বর্গটি সম্পাদন করিয়াছেন। নধ্য-এশিয়ার তিনধানি পৃথিতে এই বর্গটি আছে। শ্লোক-সংখ্যা একটি পৃথিতে ৫৭, দিতীয়টিতে ৬০ ও তৃতীয়খানিতে ৬৬। চীনা চতুর্থে ৪৭, তৃতীয়ে ৪০ ও তিববতীতে ৬০। সংস্কৃতে শ্লোক-সংখ্যা বেনী; কারণ একই শ্লোক বহুভাবে আছে,—কেবল হয় ত 'চিছে'র স্থানে 'মন' ইত্যাদি করিয়া ছয়টি শ্লোক। ফা-চিউ-চিঙে ২২ ও পালিতে ২০টি মাত্র শ্লোক। পালি ৭ম-১২শ শ্লোক সংস্কৃতে আছে। তবে মিল হইতেছে ফা-চিউ-চিং ও পালি যমকবর্গে। ধ্লপ্রদের অক্যান্ত বর্গের প্রায় ২৬টি শ্লোক উদানবর্গের শ্লোকের সহিত মেলে। তাহা ছাড়া অসুত্রেরনিকায়, উদান ও স্কৃত্রনিপাতের তিনটি শ্লোক মেলে। সংস্কৃত যুগবর্গের সহিত বেনী মিল দেখি তিববতীর।
- ৩১। চিত্তবর্গ। ধন্মপদ ও উদানবর্গের সকল সংস্করণেই এই বর্গ আছে। ফা-চিউ-চিঙের ১১শ ও পালির তর বর্গ, চীনা চতুর্থ, তৃতীরের মধ্যে মিল রীতিমত। উদ্বরেই ৪৬টি করিয়া লোক। তিববতীতে ৬৪টি শ্লোক। সংস্কৃতের মূল শ্লোকগুলির ১ম-৩৯শ পর্যান্ত তিববতীর সহিত হবহু মেলে। তবে সংস্কৃত ১৩শ হুইতে ২২শ পর্যান্ত শ্লোকের কোন চীনা তত্তমা নাই। মনে হয়, এগুলি পরে বোজিত। এই বর্গেই পালি ধন্মপদে প্রথম ফুটি

- গাথা আছে—"মনো প্ৰেক্ষা ধন্মা, মনো সেট্টা মনোময়" ইত্যাদি। কোথার পালির প্রথম শ্লোক—আর সংস্কৃতে ৩১শ অধ্যারের ২৩শ, ২৪শএর শ্লোক।
- ৩২। ভিক্স্বর্গ। চীনা চতুর্থে ৬৩, তৃতীরে ৪১, তিব্বতীতে १৭ গাথা। পালি ও ফা-চিউ-চি:ঙ ভিক্স্বগ্র আছে। তাহারা প্রায় ছবছ ঠিক। তবে উদানবর্গের সহিত মিল কমই। চীনা চতুর্থ ও তৃতীয়ের মিল বেশ; তিব্বতীর সহিত সব চীনা গাথার ঐক্য শুঁ জিয়া পাওয়া যায় না।
- ০০। ব্রাহ্মণবর্গ। এ নামে বর্গ সকল সংস্করণেই আছে। ফা-চিউ-চিঙের ০৫শ বর্গ ও পালির ২৬শ বর্গের নাম ব্রাহ্মণ। চীনা চতুর্থের প্লোক-সংখ্যা ৭০, তৃতীয়ের ৭২ ও তিব্বাতীর ৯০। তৃতীয় ও চতুর্থে মিল বেশ। তিব্বতীর সঙ্গে সবগুলির ঐক্য দেখাইতে পারি না। পালি ধম্মপদের বমকবর্গগের ৬, ৭, ও ৯ গাধা, অপ্লমাদবর্গগের তিনটি, চিত্তবস্প্রের ১টি গাঁথা অন্তব্যদের সহিত মিলিয়া ধার।

পরিশিষ্ঠ

বিশ্ব-ক্লুত **স্থান্য পিদ্দ স্থ**ত্তার চীনা তর্জমার কোন ইংরেজী অমুবাদ প্রকাশিত হয় নাই। আমি নিমে এই এছের প্রথম বর্গের একটি অমুবাদ দিতেছি।

অনিতাবর্গ। ২১টি শ্লোক।

১। নিজ্ঞা তক্সা হইতে উঠ, জাগ; কেবল মাত্র আনন্দ ধ্যান কর। প্রবণ কর আমি কি বলি;
বৃদ্ধ এই বাক্যসমূহ রচনা করিয়াছিলেন।

ি চীনা চতুর্থান্থবাদে এই শ্লোকটি অনিতাবর্গের ১ম শ্লোক। কিন্ত অমুবাদ অক্সরূপ। মধ্য,—

ক্লেশসমূহ ব্ঝিতে হইলে মনের মধ্যে আনন্দের অমুভূতি হওয়া প্রাণ্ডাজন। প্রবণ কর, আমি যাহা সংগ্রহ করিয়াছি—এই ধর্মগাথা বৃদ্ধ-ভাষিত।

তিব্বতী উদানবর্গের অনিভাবর্গের প্রথম শ্লোকটি এইরূপ,—ক্ষেতা এই উদানগুলি বণিয়াছিলেন, 'শ্রবণ করু, আমি ধাহা বলিতেছি; নিদ্রা তন্ত্রা দূর করিবার জন্ম বলিতেছি— মনে আনন্দ আনিবার জন্ম বলিতেছি।'

বেশ বুঝা যায় যে, তিনটি গ্রন্থের মূল একই; কেবল অমুবাদকের দ্বারা বিভিন্ন ভাবে ব্যাখ্যাত হুইরাছে ৷ l

২। সংকার সমূহ অনিত্য, অর্থাৎ উৎপাদব্যয়ধর্মী; বেমন তাহারা জন্মে তেমনি মরে; সেই জন্ম নিরোধই স্বর্থ।

্রিনা চতুর্থ ও তিব্বতীতে অনিত্যবর্গের ৩য় শ্লোক। বিশেষ পার্থক্য নাই। বিষ্ণ উদান-বর্গের কোন কপি হইতে এগুলি লইয়াছিলেন, তাহা বেশ বুঝা বায়।

সংস্কৃতে শ্লোকটি এইরূপ ছিল বলিয়া মনে হয়,—

[অনিত্যাঃ সর্বসংস্কারা উৎপাদব্যমধর্মিণঃ। উৎপন্না এব নশ্রান্তি এবাং প্রাদমনে স্থুখন্॥]

পালিতে এই শ্লোক আছে,—

অনিচ্চা বত সংখারা উপ্পাদবয়ধন্মিনো। উপ্পক্ষিত্বা নিক্কঞ্চন্তি তেসম বুপসমো স্থাথো॥ লীবনিকার ২।১৫৭; সংযুত্তনিকার ১।১৫৮, ১৯০; লাভক ১।০৯২; প্রাক্তত প্রস্থাপন্ত প্রকাষ তিল। বড়ুরা-মিত্র-সম্পাদিত Prakrit Dhammapada, কলিকাতা বিশ্ববিদ্যালয়, পৃ ২০৮)।

 কুমারের চাকে কত যত্ত্বে গড়া হর সাটির পাত্র; শেষে সবই ধবংস হর—তেমনি মান্তবের জীবন।

[এই গাখাটি চীনা ২য়, ৩য়, ৪র্থ ও তিব্বতীতে পাই। পালি ধক্ষপদে নাই। সংস্কৃতে ছিল---তবে শোকটি পাই নাই। আমরা এইরূপভাবে শোকটিকে রচনা করিয়াছি,

> িৰথাহিপি কুম্ভকারত ক্বতং মার্ত্তিক ভাষ্ণনম্। সর্বং ভেদনপর্যান্তমেবং মর্ত্তাত জীবিতম্।

পালি স্তুনিপাতের সলস্থতে এই গাথাট আছে,—

বথাহপি কুন্ত কার্মৃদ কতা মন্তিকাভাজনা। সক্ষে ভেদন পরিয়ন্তা এবম্ মচ্চান জীবিতম্। ৪ ।]

৪। বেমন নদী ক্রত বহিলা বায়,—ছুটয়া চলে আর ফিরে না, তেমনি মায়ুয়ের জীবন—বায়
 কিন্ত আর ফিয়ে না।

ি চীনা দিঙীয়, তৃতীয়, চতুর্থ, ও ভিবৰতী অমুবাদে এই স্লোকটি আছে। এটি সংস্কৃত অনিত্যবংশ র ০২শ স্লোকের অমুবাদ।

> আয়ুর্দিবা চ রাত্রৌ চ চরতন্তিষ্ঠন্তথা। নদীনাং হি মথা স্রোতো গছছতি নু নিবর্ত্ততে ॥

পালি জাতকে অহরণ গাধা আছে,—

যথা বারিবহো পুরো গচ্ছম্ স্থপবস্তুতি। এবং আয়ু মমুদ্দানম্ গচ্ছম্ মুপবস্তুতি। জাতক নং ৫৩৬ (৬। পৃ ২৬)

্প্রাক্তে প্রস্থাপন্দে এই শ্লোকটির কিম্নদংশ পাওয়া গিয়াছে ;

यथ निम व्यविजय त्रष्ट वहिल्ला

Prak. Dhp., pp. 200f.]

৫। বেমন লোকে দশুছত্তে গরু চরাইতে লইগ্রা বায়, তেমনি জরা-মরণ জীবন শেষ করিয়া চলিয়া যায়।

ি সকল ধর্মপদ ও উদানবর্গে এই শ্লোকটি আছে। তিব্বতীতে ১৭শ শ্লোক। সংস্কৃতের সেই অংশ খণ্ডিত বলিয়া মূল শ্লোকটি পাই নাই; তবে পালিল শ্রন্থাপদে হইতে অমুরূপ শ্লোকটিই পাই। যথা,—

ষথা দণ্ডেন গোপালো গাবো পাচেতি গোচরং। এবং জরা চ মচ্চ্ চ আযুং পাচেতি পাণিনম্। দণ্ডবগ্য ৭ (১৩৫ শ্লোক)

প্রাক্লত ধক্মপদে খণ্ডিত শোকটি পাওয়া গিয়াছে।

এমু জর য মুচু ধ অযু পয়েতি পণিন। Prak. Dhp., p. 199.]

৬। অনেক শত সহস্র গোত্র, নর, নারী, বিষয়, ধন, সম্পত্তি—সকলই ধ্বংস ও বিধ্বস্ত হুইয়াছে।

(এই শ্লোকটিও উদানবর্গের সকল সংস্করণে আছে। চীনা তৃতীয়ামুবাদের সহিত আক্ষরিক মিল রহিয়াছে। সংস্কৃতে বোধ হয় ২১শ কি ২২শ শ্লোক ছিল। মূল পাওয়া যায় নাই। পালি বা প্রাকৃতে অফুরূপ গাথা পাই নাই।]

৭। রাত্রিদিন জীবের জীবনীশক্তি সাপনা হইতে ক্ষীণ হইতেছে; আয়ুও ক্ষন্ন হইতেছে, যেমন জল বাষ্পীভূত হয়।

[অমুদ্ধপ শ্লোক আবিষ্ণার করিতে পারি নাই।]

৮। নিত্য বাহা—তাহা ক্ষয় প্রাপ্ত হয়, উচ্চ বাহা—তাহ। ভূমিদাৎ হয়; মিলিত বস্ত পৃথক্ হয় (সংযোগ বিয়োগে পরিণত হয়); জীবের মৃত্যু আছে।

িটীনা তৃতীয়, দ্বিতীয় ও প্রথমান্থবাদে এই শ্লোকটি একই। চতুর্থান্থবাদে অর্থ পরিষ্কার। তিববতীর সহিত চতুর্থান্থবাদের মিল আছে। সংস্কৃতে শ্লোকটি ছিল ২৪শ বা ২২শ-এর। মূল পাওরা বায় নাই।

নর্ব জীব পরম্পরকে আঘাত করে জীবনকে ধ্বংস করিবার জন্ত; নিজ নিজ পাপ-পূণ্যের
ফলামুদরণ করিয়া তাহারা ধ্বংস প্রাপ্ত হয়।

ি চীনা তৃতীয়াসুবাদ প্রথমানুবাদের অন্তর্জ্জ । আশ্চর্য্যের বিষয় চতুর্থানুবাদে এই শ্লোকটি নাই।

তিব্বতীতে আছে, সংস্কৃতেও আছে। তিব্বতী ও সংস্কৃতে মিল অধিক। সংস্কৃত উদোস-বৰ্গের শ্লোকটি এইরপ,—

দর্বদন্তা মরিষ্যন্তি মরণান্তং হি জীবিতম্।

যথা কর্ম গমিষ্যন্তি পুণ্যপাশফলভোগাঃ । ২০ ।

শ্লোকটি **অহাবস্তাতে** আছে—২য় **পণ্ড**; পৃ ৬৬, ৪২৪। পালিতে শ্লোকটি আছে,—

> সক্ষে সন্ধা মরিদ্দন্তি মরণস্তম্ হি জীবিতম্ । ষথা কম্মং গমিদ্দন্তি পূঞ্ঞ পাপ ফলুপগা ॥ সংযুক্তনিকায় ১৯৭; নেত্তিপকরণ, পৃ ৯৪ ।]

১০। জরা, তুঃধ, রোগ, মৃত্যু দেখিলে মন চলিয়া বায়; গৃহের স্থধ কারাগারের বন্ধন; পৃথিবীর জন্ম লোভ বায় না।

ি সংস্কৃতে শ্লোকটি আছে,—ভাহার ভাষটি ঠিক ওরূপ নয়। অমুবাদক কিছু পরিমাণে সংক্ষেপ করিয়া অস্পষ্ট করিয়াছেন। চীনা চতুর্থান্তবাদে এই গাথাটি আছে, তৃতীয়ে আছে, তিব্বভীতেও আছে; পালিতে পাই নাই। সংক্ৰুত উদ্বান্তর্গের শ্লোকটি,—

> চীর্ণম্ চ দৃষ্টে, হ তথৈব রোগিণম্ মৃতঞ্চ দৃষ্টা, বাপয়াত চেতসম্ । জহাতি ধীরো গৃহবন্ধনানি কামা হি লোকস্থান স্থপ্রহেয়াঃ ॥ ২৭ ॥]

১১। হায় ! জরা আসিতেছে; রূপ পরিবর্ত্তন হইতেছে; (কেশ) পলিত করিতেছে; ক্ষণিকের
মধ্যে জরা সমস্ত দলিত করিয়া লণ্ডভণ্ড করে।

ি চীনা তৃতীয়ানুবাদের সহিত মিল আছে। তিব্বতীর সহিত তৃতীয় ও প্রথমের মিল পাই। চতুর্থানুবাদ বেশ একট্ট তফাৎ, অন্ত শ্লোকই মনে হয়।

চীনা চতুৰানুবাদে শ্লোকটি এইরপ,—

রূপ পরিবর্ত্তন হইতেছে জরায়; সংসারে আসক্তি কারাগারে বাসের স্পায়; অজ্ঞানীদের নিকট (থাহাদের চিত্ত জাগে নাই) মৃত্যু আসে ও ধ্বংস করে; মৃচ্ লোকে জানিতে পারে না॥ ৩১ তিব্বতী (রক্ষিল ৩০) বেক ২৮।

ব্দং ক্ষুত উদ্বান্ধবর্গের মূল শ্লোকটি এই,—

ধিক্ ত্মল্ত জরে গ্রাম্যে বর্ণাপকারিনি জড়ে।

তথা মনোরমং বিষং তথা যদভিমদিতম। ২১।

পালিতে শোকটি আছে,—

ধীতম্ জন্মী জরে অখ্ হুষ্ঠগ্লকরণী জরে।
তাবৎ মনোরমাং বিশ্বৎ জরায় অভিমন্দিতম্।
সংযুত্তনিকায়, ৫, পু ২১৭

প্রাকৃত ধ্রমপদে এই শ্লোকটি ছিল। Prak. Dhp., p. 187]

১২। শতায়ু হইলেও মৃত্যু তাহাকে গ্রহণ করিবে; জরা দ্বারা আ<u>ক্রান্ত ব্যাধিগ্রস্ত মান্তু</u>ষ শীত্রই সমাপ্তিতে পৌছায়।

িগাথাটি ধ্রুপাটেরের চারিটি ও উদোশবর্গের চারিটি সংস্করণেই আছে। সকল চীনাম্বাদের ভাষা প্রায় একরূপ।

সংস্কৃত উদানবর্গের মূলট এই,—

যোপি বর্ষশতম জীবেত সোহপি মৃত্যুপরায়ণো।
অমুহেন্ম জরা যাতি · · বস্তকঃ॥ ৩০॥

পালিতে অমুরূপ শ্লোক আছে,—

যোপি বস্দসতম্ জীবে সোপি মচ্চ পরারণো।
ন কিঞ্চ পরিবক্ষতি সপম্ এবাভিমন্দতি ।
সংযুত্তনিকার, ৫, পূ ২১৭।

প্রাক্ত ধ্রমপদের শ্লোকটি গালির অনুরূপ; ফ্থা,—
যোবি বর্ষশত জিবি সোবি মুচু পরয়নো।
ন কি জি পরি

Prak. Dhp, p. 188.]

১৩। যাথদের জীবন রাত্রিদিন হ্রাস পাইতেছে (আক্ষরিক অফুবাদ—এই দিন গত হইল; জীবন তাহার পিছু পিছু ধ্বংস হইল)—তাহারা বেনু অরোদকে মংস্তের স্তার। তাহাজার কি আনন্দ আছে? ্রিলাকটি তৃতীয়ামুবাদে আছে; চতুর্থে নাই। তিব্বতী, সংস্কৃত, পালি, প্রাক্ততে লোকটি আছে।

সংক্রত উদানবর্গে গ্লোকটি এইক্লগ,—

বেষাং রাত্রিদিবাপারে স্থায়ুরস্লতরম্ ভবেৎ। অল্লোদকে চ মৎস্থানাম কা মু তত্ত্ব রতির্ভবেৎ। ৩০।

পালিতে শোক্তি আছে; তবে ধন্মপদে নাই।

ষদ্দ রত্যা বিবদনে আযুং অল্লতরম্ দিরা। অল্লোদকে ব মচ্চানং কিল্লু কোমারতম্ তহিম্। জাতক, মুগপর জাতক ৫০৮ (৬) পু ২৬)।

প্রাক্ত ধ্রমপদে পালির অহরপ গ্লোক আছে,—

যস্স রতি বিবসিন অযু অপতরো সিম্ব।; অপোদকে ব মন্তসন কি তেব হু কুমগক।

Prak. Dhp., p. 194]

১৪। জরা রূপকে নষ্ট করিবে—ব্যাধিযুক্ত স্বতই যাহা ধ্বংস প্রাপ্ত হয়; পাপ পুতি (পঁজু)-পূর্ণ এই আকার শুক্ষ হইয়া যায়; জীবনের চরম মৃত্যু।

ি চীৰ্না চতুৰ্থান্ত্ৰাদে শ্লোকটি নাই। তৃতীয় ও প্ৰথমের অমুবাদ এক**া তিব্বতীব্ৰ সহিত মিল** আছে।

সংস্কৃত উদানবর্গে শ্লোকটি এইরূপ,—

পরিজীর্ণমিদং রূপম্ রোগনীড়ং প্রভং শুরম্। ভেৎশ্রতে প্তাসন্দেহম্ মরণাস্তং হি জীবিছম্। ৩৪।

পালি শ্রস্থপদের জ্যাবগ্গে শ্লোকটি আছে,—

পরিজিগ্নমিদং রূপং রোগ নিঢ়ম্ পভংগুরম্। ভিঞ্চতি পুতিসন্দোহা মরণস্কং হি জীবিতম্।

জরাবগ্গ ৩ (১০৯); ইতিবৃষক পু ৩৭।

প্রাক্ত ধর্মপদে শ্লোকটি পাই,—

পরিজিনমিদ রুতু রো অ নিড় প্রভগুণো ভিঙ সৈতি পু · · · ·

Prak. Dhp., P. 189.]

১৫। এই দেহের কি প্রয়োজন ? ইহা নিতা পুতিগদ্ধের আশ্রয়, ব্যাধি **দারা অভিভূত** ; জরামরণ-অভিশপ্ত।

[চতুৰ্থ চীনাত্মবাদে নাই। তৃতীয়াত্মবাদে আছে। তিব্বতী সংস্কৃতে ও পাণিতে নাই। সংস্কৃত উদানবগে শোকটি এইরূপ,—

> কিমনেন শরীরেণ বিস্রবাপৃতিনা দদা। নিত্যদ্ রোগাভিভূতেন জ্বা মরণাভভীরুণা। ৩৬।

প্রাক্ত শ্বন্ধপাদে শ্লোকটি আছে একটু অন্ত ভাবে—
ইমিন পুতিকায়েন বিপ্রবতেন পুতিন
নিচ শুহবিজিনেন জরধমেন সবসো
নিমেধ পরম শোধি যোকছেমু অফুতর।

Prak. Dhp., p. 211.]

১৬। লোভ স্বতই বাড়িয়া চলে; অধর্ম বৃদ্ধি পায়; ইহার পরিণাম দেখা যায় না। জীবন অনিত্য।

[এই স্লোকটির অনুরূপ মোক কোথাও পাই নাই।]

১৭। না আছে পুত্র সহায়, না আছে পিতা ভ্রাতা; সকলেরই মৃত্যুর সহিত সাক্ষাৎ হইবে। কোন আত্মীয় যাহাকে ভালবাসিতে পারে।

[সকল ধক্ষপদ ও উদ**ালবগে** এই শ্লোকটি আছে।

হ্নংক্ত উদানবগে শোকটি এইরূপ,—

ন সস্তি পুত্রস্ত্রাণায় ন পিতা নাপি বান্ধবাঃ। অস্তকেনাভিত্তস্থা ন হি আণা ভবস্তি তে॥ ৪০॥

পালি ধক্ষপদে শ্লোকটি এইভাবে আছে,—

ন সন্তি পুদ্রা তারায় ন পিতা ন পি বন্ধবা।
অন্তক্তেমধিপন্নদ্স নথি একতিস্থ তাণতা।
মগ্রবগ্র ১৬ (২৮৮)।

১৮। যে দিন রাত্রি নির্গাহীন, বার্দ্ধকোও যে স্থখ ত্যাগ করে না, ধনবান্ হইয়াও যে ধন দান করে না, বুদ্ধের বচন গ্রহণ করে না—এই চারি দোবযুক্ত লোক বিনাশ প্রাপ্ত হয়।

ি চীনামুবাদে এই শ্লোকটির ছয়টি পাদ। সংস্কৃতে সম্ভবত ছয় পাদ শ্লোক ছিল। কিন্ত ইহার মূল সংস্কৃত, পালি বা তিব্বতীতে পাই নাই। অস্তান্ত চীনামুবাদেও নাই।]

১৯। না আকাশে, না সমুদ্রগর্ভে, না পর্বতমধ্যে প্রবেশ করিয়া,—এমন কোন দেশ কোথায়ও নাই মুক্তাকে যে এড়াইতে পারে।

্ সকল ধন্মপদ ও উদানবর্গে শ্লোকটি আছে। সংস্কৃত শ্লোকটি পূব জনপ্রিয় ছিল। শ্লোকটি এই,—

> নৈবান্তরীক্ষে ন সমুদ্রমধ্যে ন পর্বতানাম্ বিবরম্ প্রবিশ্য । ন বিদ্যতেহসৌ পৃথিবী প্রদেশো ষত্র স্থিতম্ ন প্রদেহত মৃত্যুঃ ॥ ২৫ ॥

সংস্কৃত দিব্যাবদান (৩২, ৫৬১) ও তন্ত্রাধানিকার (২া৬) এই লোকটি আছে। পালিতে ধন্মপদ বাতীত পেতৃবস্থু (পৃ২৯), ও মিলিন্দ্রপঞ্জের (পৃ১৫০) এছে শ্লোকটি আছে। পালি ধন্মপদের শ্লোকটি এইরুণ,—

> ন অন্তলিক্থে ন সমুদ্দমক্ষে ন পকতানং বিবরং পবিস্দ ন বিজ্তী সো জগতি প্রদেসো যথট্ঠিতং ন প্রসংহথ মচচু । পাপবগ্র ১৩।

২০। এই কার্য্য আমার কর্ত্তব্য; ইহা করিয়া আমি সম্পাদন করিব। যে লোক ইহা করিবে সে জরা মৃত্যুকে মদন করিবে।

ি চীনা তৃতীয়াস্থবাদে এই শ্লোক নাই। তিব্বতী ও সংস্কৃত শেষ পাদে 'মৃত্যু' শব্দ আছে। বিষেব্ৰ অম্বাদে আছে 'হঃখ'। চতুৰ্থাম্বাদে শ্লোকটি নাই।

সংস্কৃত উদানবগে গ্লেক্টি এই,—

ইদম্ মে কাৰ্য্যম্ কৰ্ত্তব্যম্ ইদম্ ক্তত্বা ভবিষ্যতি। ইত্যেবম্ ম্পান্তনো মৰ্ত্য জৱা মৃত্যুশ্চ মদ তি ॥ ৪১ ॥

মধ্য-এশিরার তুথার ভাষার ধর্মপদের অন্ধবাদ ছিল; মূলের সহিত তুথার-অন্ধবাদের খণ্ডিত পুথি পাওয়া গিরাছে। দেই পুথিতে এই শ্লোকটির কিরদংশ পাই। পালিতে শ্লোকটি পাই নাই; তবে প্রাকৃত ধন্মপদে শ্লোকটি আছে,— ইন জ মি কেচ ইনজি করিঅ ইন করি…।

 বিন মন অভিমদতি মুচু … স শোঅ।

 Prak. Dhp., pp. 179-80.]

২১। ইহা জানিয়া লোকে আত্মগুন্ধি করিতে পারে, ইহাতে সে দেখিতে পার জীবনের ক্ষাকে; ভিক্স বার-সেনাকে পরাভূত করিয়া জীবন ও মৃত্যু হইতে মুক্তি পায়।

্র এই চীনা অমুবাদটি ভাল নয়; চতুর্থামুবাদটি ভাল, সংস্কৃতের সঙ্গে বেশ মেলে। তৃতীয়ামুবাদে এমি নাই। সংস্কৃতি উদ্ধান বঙ্গো শোকটি এই,—

তশ্বাৎ সদা ধ্যানরতাঃ সমাহিতা হ্যাতাপিনো জাতিজরাস্ত দর্শিনঃ। মারম্ সমৈগ্রমভিভূর ভিক্ষবো ভবেত জাতি মহণস্থা পারগাঃ ॥ ৪২ ॥

আইটি অনিতাবর্গের শেষ শ্লোক। তুখার-পুথিতেও এই শ্লোকটি আছে। পালি ধন্মণদে শ্লোকটি নাই; তবে অক্স পালি গ্রন্থে আছে,—

> তত্মা সদা ঝানরতা সমাহিতা আতাপিনো জাতি ধয়স্ত দস্দিনো। মারম্ সমেজম্ অভিভূগ ভিক্থবো ভবথ জাতি মরণস্স পারগা।

> > ইতিবৃত্তক: ২ বগ্গ, > ; পৃ ৪১।

বিশ্ব-ক্লত হ্রাফ্র প্রতিক্রের অমুবাদের এই প্রথম বর্গে যে ২১টি শ্লোক আছে, তাহাদের মধ্যে নিম্নলিখিত শ্লোকগুলি ১০ম শতাব্দীর ধর্মপদের অমুবাদ বা ভিববতী অমুবাদে পাওরা যার।

চীনা ১ম		চীনা ৪ৰ্থ	চীনা ৩ য়	তিকাতী	সংস্কৃত	পালি	প্রাকৃত
লোক >	_	>	×	>	×	-	-
			১ম ভাগ	1			
* ર		•	ર	•		+	. +
•		35	59	58 🧋		+	,
8		3¢	२०	3¢		+	+

২য় ভাগ

চীনা ১ম	होना 8 र्थ	চীনা ৩য়	তিব্বতী	সংস্কৃত	পালি	প্রাকৃত
¢	24	•	>9		+	+
•	२२	>	२५			
9	-	-	-		- .	
b	२8	ბი	२२			
>	enematic .	28	२०	२०	+	
20		55	२४	२१		
>>		२०	90	२৯	+	+
		৩য়	ভাগ			
ऽ २	0 2	>	٥)	90	+	+
>0	_	8	98	99	+	+
>8	-	9	ા	♦ 8	+	+
3¢	-	>	৩৭	0 5		+
১৬	_	-	-	_		
•		১ম	ভাগ			
39	৩৮	ь	೨৯	80	+	-
> F	_	-	_		-	-
>>	૨ ૯	3 6	२७	૨ α	+	_
		२इ	া খণ্ড			
२०			8२	85	-	+
२ऽ		_	80	8 2	+	-

দ্রষ্টব্য—ফা-চিউ-চিঙ বা চীনা ধন্মপদস্ত্রের অনিতাবর্গের মূল পৃথির সহিত অধিক মিল পাই। তিব্বতী ও সংস্কৃত উদানবর্গের ৭ম, ১৬শ, ১৮শ শোকের উৎপত্তি কোথায় জানি না। সংস্কৃত, পালি ও প্রাকৃতের অনেকগুলি শোক পরস্পরের অমুবাদ মনে হয়। বিদ্ধ তৃতীয় শতাব্দীতে চীনে সংস্কৃত উদানবর্গ পাইয়াছিলেন; এবং তাহা হইতে প্রথম ৮টি বর্গের অনেক শ্লোক গ্রহণ করিয়াছিলেন। পেলিও-আবিদ্ধৃত ধর্ম্মপদ বিতীয় বা তৃতীয় শতকের পুথি। এই প্রবন্ধের Reference আমি কিছুই বাহুল্য ভয়ে দিই নাই। ইংরেজী বে পাঙ্গিলিপ হইতে ইহা সংক্ষিপ্তাকারে লিখিয়া দিয়াছি, তাহাতে সমস্ত বিষয়টি বিস্তৃতভাবে আলোচনা করিয়াছি। লেখক।

বিশেষ দ্রপ্তব্য—(+)চিহ্ন-এর অর্থ শ্লোকটি আছে। (一) চিহ্ন, সন্দেহ বা নাই।
শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায়

প্রাচীন বাঙ্গালার রত্ন-সম্পদ্

আমরা আজকাল বে দেশকে বাঙ্গালা বলিয়া থাকি, তাহা প্রাচীন কালেও স্কুলা স্কুলা শশুখামলা ভূমি বলিয়া পরিগণিত হইত। গ্রীষ্টার সপ্তম শতকের পূর্বভাগে যথন প্রসিদ্ধ চৈনিক পরিবাজক হিউরেছ সাং ভারতবর্ষ পর্যাটন করিতে আসেন, তথন তিনি পুঞুবর্দ্ধন, তাম্মলিপ্তি ও কর্ণস্থবর্ণ—এই তিনটি উপবিভাগের ফলতুল ও শশুদমৃদ্ধি দর্শন করিয়া মৃগ্ধ হন । কিন্ত ইহা ছাড়া রত্ধন সম্পদেও যে প্রাচীন বাঙ্গালা বঞ্চিত ছিল না—ইহার প্রমাণ পাওয়া হন্দর নহে।

(季)

বজ্ৰ

সংস্কৃত সাহিত্যে রত্নশাস্ত্র বা রত্বপরাক্ষা নামক এক শ্রেণীর গ্রন্থ আছে। তাহাতে প্রাকাশে ভিন্ন প্রকারের রত্নাদির উৎপত্তিস্থলের উল্লেখ দেখিতে পাওয়া যায়। গ্রীষ্টার ১৮৯৬ সংবৎসরে ফরাসী পণ্ডিত লুই কিনো (Louis Finot) Les Lapidaires Indiens নামক একথানি প্রস্কুক প্রণান করেন। তাহাতে গ্রীষ্টার ষষ্ঠ শতক ও তৎপরবর্ত্তী কালের আটখানি রত্নশাস্ত্র সম্বাক্তি গ্রন্থ টীকা, টিপ্লনী ও অমুবাদ সহ প্রকাশিত করা হয়। গ্রন্থগুলির নাম—বৃদ্ধভট্ট-ক্বত রত্নপরীক্ষা, বরাহমিহিন্দ্রকত বৃহৎসংহিতা (৮০-৮৩ অধ্যার), অগন্তিমত, নবরত্বপরীক্ষা, অগন্তি-ক্বত রত্নপরীক্ষা, রত্নসংগ্রহ, লঘুরত্বপরীক্ষা ও মণিমাহাত্মা। এই সকল গ্রন্থের বর্ণনা হইতে ফিনো মহোদ্য বক্ষের আকরের যে এক তালিকা সন্ধান করিয়াছেন, ওতাহা নিয়ে প্রদর্শিত হইল,—

বুদ্ধভট্ট-কত ৰত্মপরীক্ষা 🕶 অৰাষ্ট্ৰ হিমালয় মাতল পৌণ্ডু কলিল কোশল বৈশ্যাভট স্প্ৰার বুহৎসংহিতা 🚥 🗳 ঠ 3 ক্র 3 3 বেণাতট ঞ অগন্তিমত · • ঐ ক্র ক্র ঐ ঐ বেণু ঞ বঙ্গ নবরত্বপরীক্ষা 🕶 ঐ ক্র ক্র-ঠ ক্ত বৈরাগর মতিক <u>শোপার</u> অগস্তি-ক্বত রম্বপরীক্ষা \cdots 🗿 ঠ ক্র ঠ 3 3 ঠ মগধ রত্বসংগ্রহ · • গ্র Ø মাত্র ক্র 3 ঐ আৰুব

Watters' Yan Chwang, Vol. 11, pp. 184-185, 189-191.

Res Lapidaires Indiens, Introd., p. XXV.

ইহা হইতে দেখা যায় যে, ছইখানি গ্রন্থে মাতক্ষের স্থলে বঙ্গ ও মগধের উল্লেখ আছে। অশ্র প্রমাণের অভাবে ইহাদিগের উজি যে কত দূর বিশ্বাসযোগ্য, তাহা বলা কঠিন। পক্ষাস্তরে উপরোক্ত ছরখানি গ্রন্থেই পুণ্ডুদেশ বজ্জমণির আকরের তালিকামধ্যে স্থান পাইয়াছে। কেবল ইঁহাই নহে, ছইখানি গ্রন্থে পুণ্ডুদেশের বজ্জের সহিত অশ্র দেশোৎপন্ন হীরার বর্ণ-বৈষম্যের কথা উক্ত হইয়াছে। বৃদ্ধভট্ট বলিয়াছেন",—

শ্রামং পৌপু ভবং মতঙ্গবিষয়ে নাত্যস্তপীতপ্রভন্। স্পারং সিতসার্দ্রমেঘসদৃশং রক্তঞ্চ সৌরাষ্ট্রজন্। আতামং হিমশৈলজং শশিনিভং বৈণ্যাতটোখং তথা কালিঙ্গং কনকাবভাসক্ষরিং শৈরীষকং কৌশলম্॥"

বরাহমিহিরের উক্তি এইরূপ 🆫 —

"বেণাতটে বিশুদ্ধম্ শিরীষকুস্থমোপমঞ্জোশলকম্ সৌরাষ্ট্রকম্ আতাম্ম্ কৃষ্ণম্ সৌপারেকম্ বজ্ঞম্ ঈষত্তামম্ হিমবতি মতক্লম্ বল্লপুষ্পদক্ষাশন্ আপীতম্চ কলিকে খ্রামন্ পৌতেরুষু সম্ভূতম্।"

তাহা হইলে দেখা গেল যে, খ্রীষ্টীয় ষষ্ঠ শতকের পূর্ব্ব হইতেই পৌণ্ডুদেশ (মোটামুটি বর্তমান উত্তর-বাঙ্গালা) হীরকের আকরগুলির অন্ততম বলিয়া প্রেসিদ্ধি লাভ করিয়াছিল।

এখন দেখা যাউক যে, মোটামুটি কোন্ সময়ের মধ্যে প্রাচীন বাঙ্গালায় হীরক উৎপন্ন হইত। ইহার উত্তরে সর্বপ্রথমে আমরা অগন্তিমত ও নবরত্বপরীক্ষা হইতে হুইটি শ্লোক উদ্ধৃত করিব। শ্লোক ছুইটি এই,—

> "কতে কোশলকালিঙ্গৌ ত্রেতায়াং ব**লংহমজৌ।** দ্বাপরে পৌণ্ডুসৌরাষ্ট্রৌ কলৌ স্থর্পারবেণুজৌ"। অগস্তিমত

"রুতযুগে কলিন্ধেষু কোসলে বজ্রসম্ভবঃ। হিমালয়ে মতঙ্গান্তৌ ত্রেতায়াং কুলিশোদ্ভবঃ॥

Les Lapidaires Indiens., Introd., p. 7

⁸ Ibid., p. 60

e Ibid., p. 80

প্রাচীন বাঙ্গালার রত্ন-সম্পদ

পৌপ্ত,কে চ স্থরাষ্ট্রে চ দ্বাপরে পরিসম্ভতিঃ। বৈরাগরে চ দোপারে কলৌ হীরকসম্ভবঃ॥"

নবরত্বপরীক্ষা 🖜

শেষোক্ত শ্লোকটি চালুক্যবংশীয় মহারাজ সোমেশ্বর ভূলোকমল কর্তৃক >>>> শকে বিরচি মানসোলাস নামক গ্রন্থে প্রায় অবিক্তভাবেই দেখিতে পাওয়া যায় । এই সকল প্রমাণ হইটে বুঝা যায় যে, উল্লিখিত রত্মশান্ত্রকারদিগের মতে উত্তর-বাঙ্গালায় হীরকের উৎপত্তির কাল জাঁহাদে অব্যবহিত পূর্ববির্ত্তী। এই দিলাক্তের আমুকুলো অন্ত প্রমাণও পাওয়া যায়।

কৌটিলীয় অর্থনাস্ত্রের দ্বিতীয় অধিকরণের একাদশ অধ্যায়ের নাম কোশপ্রবেশ। রত্নপরীক্ষ
অধ্যায়টির উদ্দেশ্য, কোষাধাক্ষ কর্ভ্ক রাজকোষে প্রেরিত রত্নাদির পরীক্ষার ব্যবস্থা করা। ইহা
মণি-মুক্তা, বৈদুর্ঘা, বক্স ও প্রবাল—এই পাঁচ প্রকার রত্নের পরিচয় দেওয়া আছে। অধ্যায়া
কোনও স্প্রোচীন রত্নশাস্ত্রের উপাদান লইয়া গঠিত, তাহাতে কোনও সন্দেহ নাই। উহাতে বক্তে
উৎপত্তিস্থল এই ভাবে বর্ণিত হইয়াছে,—

"সভারাষ্ট্রকং মধ্যমরাষ্ট্রকং কান্ডীররাষ্ট্রকং (পাঠান্তর, কশ্মকরাষ্ট্রকম্) শ্রীকটনকং মণিমন্তব মিদ্রবানকঞ্চ বজ্রম্।"

এই সকল দেশের নির্দ্ধারণ করা বর্ত্তমান কালে সম্ভব নয়। তবে টীকাকার ভট্টস্বামীর ব্যাং আশ্রম করিয়া মধ্যমরাষ্ট্রকে কোশলদেশ ও ইন্দ্রবান্কে অবস্তিদেশ বলিয়া অভিহিত করা ধাইং পারে। অতএব দেখা যাইতেছে যে, অর্থশাস্ত্র-ধৃত অতি প্রাচীন রত্নশাস্ত্রের সময়ে কোশল এবং কলি দেশে হীরক উৎপন্ন হইত, পরন্ত্র পৌণ্ডু ও স্করাষ্ট্রে হইত না।

গ্রীষ্টীয় প্রথম শতবেও যে বাঙ্গালা দেশে হীরক উৎপন্ন হইত না, তাহারও প্রমাণ পাওয়া যায় আমুমানিক গ্রীষ্টীয় ৬০ দম্বংসরে এক প্রীক্ নাবিক Periplus of the Erythraean Se নামক একথানি প্রস্থ প্রণায়ন করেন। তাহাতে পশ্চিমে লোহিত সাগর হইতে আরম্ভ করি পুর্বের বন্ধোপদাগরের উপকৃল্ছিত বন্দর ও বাণিজ্যের কেন্দ্রগুলির এক ধারাবাহিক বিক্ পাওয়া যায়। এই প্রস্থে ভারতবর্ষ হইতে হীরক রপ্তানির কথা উল্লিখিত আছে; কিন্তু তা বর্তমান মালাবার উপকৃলের বর্ণনা প্রদক্ষে উক্ত হইয়াছে, বাঙ্গালার প্রদক্ষে নহে। বোধ হয়, গ্রীষ্ট প্রথম শতকের পর হইতে চতুর্থ কিংবা পঞ্চম শতকের মধ্যে উত্তর বাঞ্চালায় হীরক উৎপন্ন হইত।

Les Lapidaires Indiens, Introd., p. 148.

⁹ Manasollasa, Vol. I, p. 65, Gaekwad's Oriental Series.

(型)

অতি প্রাচীন কাল হইতেই সিংহলদীপ মৃক্তা উৎপাদনের জস্ত বিখ্যাত ছিল। কিন্ত প্রাচীন বালালাতেও যে মৃক্তা পাওয়া খাইত, তাহার প্রমাণ বিরল হইলেও একেবারে ছচ্ছাপ্য নহে। প্রাচীন রক্ত্রশাস্ত্র ও তৎসম্বলিত গ্রন্থগুলিতে মৃক্তার আকরের বে বর্ণনা আছে, তাহা নিমের তালিকাতে প্রাদর্শিত হইল,—

অর্থপান্ত —তাম্রপর্ণী পাশুক্রবাট পাশিকা কুলা চূর্ণী মহেন্দ্র কদ মা স্রোতদী হৃদ হিমালর।
রক্ষপরীক্ষা—সিংহল পরলোক স্থরাষ্ট্র তাম্র পৃত্ত, কোবেরবাট হিমালর।
বৃহৎসংহিতা—সিংহল পরলোক স্থরাষ্ট্র তাম্রপর্ণী পারশন্ত কোবেরবাট পাশ্যবাট হিমালর।
অগন্তিমত—সিংহল আরবতী পারদীক বর্বর।
নবরম্বপরীক্ষা—সিংহল আরবতী পারদীক বর্বর।

ইহা হইতে দেখা বাইতেছে যে, এক রত্মপরীক্ষতেই পুগুদেশের উল্লেখ আছে। বলা বাছল্য, এই একমাত্র প্রমাণের উপর নির্ভর করা চলে না। কিন্ত আরও একটি প্রমাণ আছে, বাহাকে কোনও মতে উড়াইয়া দেওয়া যায় না।

Periplus of the Erythraean Sea নামক পূর্ব্বোক্ত প্রন্থে ভারতবর্ষের পূর্ব্ব উপকৃষ বর্ণনাকালে লিখিত হুইরাছে—"There is a river near it called the Ganges and it rises and falls in the same way as the Nile. On its bank is a market-town which has the same name as the river Ganges. Through this place are brought malabathrum and Gangetic spikenard and pearls". এখানে অবশ্র স্থীকার করিতে হুইবে যে, Gangetic pearls (অর্থাৎ গঙ্গাসমূখিত মুক্তা) বাঙ্গালাদেশের বাহিরে মগধ প্রভৃতি দেশেও উৎপন্ন হওয়া বিচিত্র নহে। পরস্ত ইহা প্রণিধানবোগ্য যে, মহাভারতের সভাপর্বের তিংশ অধ্যায়ে ভীমের পূর্ব্বদিয়িজয় প্রসঙ্গে সাগরোপকণ্ঠবাসী রাজগণ কর্ত্বই মুক্তা উপটোকনের উরেশ আছে,—

স সর্বান্ মেচ্ছন্পতীন্ সাগরাম্পবাসিনঃ। করমাহাররামাস রক্লানি বিবিধানি চ॥ চন্দনাশুরুবস্তাণি মণিমৌক্তিককম্বলম্। কাঞ্চনং রক্তঠেঞ্চধ বিদ্রুমঞ্চ মহাধনম॥

অন্যান্য থনিজ পদার্থ

Periplus প্রন্থে গলানদী ও নগরের উল্লিখিত বর্ণানাপ্রদলে বলা ইইয়াছে, "It is said that there are gold mines near these places and there is a gold coin which is called Caltis." ইহা হইতে মনে হয়, প্রন্থকার স্বয়ং বালালাদেশে স্থবর্থনির অন্তিত্ব নিঃসন্দেহে বিশ্বাস করেন নাই। তাঁহার নিজের অভিজ্ঞতা ভারতের পূর্ব উপক্লন্থিত প্রদেশগুলি সম্বন্ধে যে সামান্তই ছিল, তাহাতে কোনও সন্দেহ নাই। যাহা হউক, যদি উক্ত প্রবাদের মূলে সত্য নিহিত থাকে, তাহা হইলে মনে করিতে হইবে যে, বর্ত্তমান ছোটনাগপুর কিংবা ত্রিপুরা প্রদেশে এ সকল থনি বিদ্যমান ছিল।

শ্রীউপেন্দ্রনাথ ঘোষাল

বিজ্ঞানে প্রাচীন ভারত

অনেকের বিশ্বাস যে, প্রাচীন ভারত দর্শনশাস্ত্রে ও ন্থায়শাস্ত্রে, সাহিত্য, ব্যাকরণ ও অলঙ্কারশাস্ত্রে উন্নতি করিয়াছিল। কিন্তু প্রাক্তিক বিজ্ঞান অথবা অপর বিজ্ঞানশাস্ত্রে বিশেষ কোন উন্নতি লাভ করিতে পারে নাই। আমরা দেখাইব যে, এ বিশ্বাস সত্য নহে। সত্য হইনেও ইহাতে লজ্জার কারণ আমাদের কিছুই ছিল না। কারণ, বিবিধ প্রাক্তিক বিজ্ঞানের শেষ পরিণতি দর্শনশাস্ত্রে। প্রাকৃতিক বিজ্ঞান, দর্শনশাস্ত্রের মধ্য দিয়াই মানবকে পরমান্ত্রার চরণোপাস্তে উপস্থিত করে। স্থতরাং আমাদিগের লজ্জিত হইবার কোনই কারণ ছিল না। প্রাচীন ভারত বিবিধ বিজ্ঞানশাস্ত্রে বিশ্বম্বকর উন্নতি লাভ করিয়াছিল।

নিউটন মাধ্যাকর্ষণ প্রথম আবিদ্ধার করেন বলিয়া পাশ্চান্তাদেশে যশস্বী ইইয়াছেন। বস্ততঃ মাধ্যাকর্ষণ তিনি প্রথম আবিদ্ধার করেন নাই। ভারতের ভাররাচার্য্য সম্ভবতঃ প্রীষ্টায় দ্বাদশ শতাব্দার প্রারম্ভে উহা প্রথম আবিদ্ধার করিয়াছিলেন। নিউটনের প্রায় ৫০০ পাঁচ শত বৎসর পূর্বের এই আবিদ্ধার সিদ্ধ ইইয়াছিল। পাশ্চান্তাদেশে কোপারনিকাদ প্রথমে শুনাইয়াছিলেন যে, পৃথিবী প্রত্যহ তাহার মেরুলণ্ডের উপর ঘোরে; কিন্তু আকাশের জ্যোতিদ্ধমগুল পৃথিবীর চতুদ্দিকে ঘোরে না। পৃথিবীর এই আহ্নিক গতির ফলেই জ্যোতিদ্ধমগুল ঘোরার তায় দেখা যায়। কোপারনিকাদ প্রীষ্টায় পঞ্চদশ শতাব্দীতে এই আবিদ্ধার করিতে সমর্থ ইইয়াছিলেন। কিন্তু আর্য্যভট্ট কোপারনিকাদের প্রায় এক সহস্র বৎসর পূর্বের পৃথিবীর আহ্নিক গতি মানব-সমাজে প্রথম আবিদ্ধার করিয়াছিলেন; এবং ঐ আহ্নিক গতির বেগ-গণনা ও বর্তুমান যুগের গণনার মধ্যে প্রভেদ মাত্র ১৯৯৫। পৃথিবীর অহার্য সেগালাকার, তাহাও ভারতবর্ষে প্রথম আবিদ্ধত হয়। মহাবীর আচার্য্য সম্ভবতঃ গ্রীষ্টায় নবম শতাব্দীতে ইহা আবিদ্ধার করিয়াছিলেন।

ভারতবর্ষে গণিতশাস্ত্রজ্ঞ পণ্ডিতগণের প্রথম আবির্ভাব ও বিস্ময়কর সফলতা-লাভ অধুনা কোন কোন পাশ্চান্তা পণ্ডিতও মুক্তকণ্ঠে স্বীকার করিতেছেন। ব্রহ্মগুপ্ত, ভাঙ্গরাচার্যা, বরাহমিহিরের নাম নিউটন অপেক্ষা কোন অংশেই কম গৌরবান্বিত নহে। Differential Calculus উচ্চ অঙ্গের

> Prof. Gokhale.

গণিতবিদ্যা। এ বিদ্যা ভারতেই প্রথম আবিষ্কৃত হইন্নছিল। ভাস্করাচার্য্য এই বিদ্যার প্রথম আবিষ্কৃত্তা। তিনি পৃথিবীর বাদের পরিমাণ গণনা করিয়াছিলেন; এবং পৃথিবী ইইতে চক্রের দূরম্বও প্রথম নির্ণয় করিয়াছিলেন। বিষুব্রেথার ক্রান্তি দামান্ত একটু গতিবিশিষ্ট। এই গতি (Precession of the Equinoxes) ভারতবর্ষেই বরাহমিহির প্রথম আবিষ্কার করিয়াছিলেন।

ভারতীয় গণিতজ্ঞগণ দশমিক গণনা প্রথম প্রবর্ত্তন করেন, এ কথা সর্ব্বজনবিদিত । প্রকৃতপক্ষে ভারতীয়গণ দর্ব্বপ্রথম পাটীগণিত, বীজগণিত এবং Spherical Trigonometry-র গণনাবিদ্যায় সফলতা লাভ করিয়াছিলেন। আমার বিশ্বাস যে, Integral Calculus-এর গণনা-পদ্ধতিও ভারতেই প্রথম আবিষ্কৃত হইয়াছিল।

রুদায়নশাস্ত্রেও ভারতীয়গণ বিশেষ উন্নতি লাভ করিয়াছিলেন। আচার্য্য শ্রীযুক্ত প্রকুলচন্দ্র রায় মহোদ্যের প্রণীত Hindu Chemistry পাঠ করিলে আমরা ব্ঝিতে পারি যে, এতদ্দেশীর প্রাচীনগণ এই বিদ্যায় কত অধিক উন্নত হইয়াছিলেন। লৌহ দ্ৰব করিয়া, একটি অথণ্ড স্তম্ভ প্রস্তুত করিয়া প্রাচীনগণ কেবল দিল্লী নগরীর শোভা বৃদ্ধি করেন নাই, বর্ত্তমান যুগের শ্রেষ্ঠ রাসায়নিকগণেরও বিষ্ণয় উৎপাদন করিয়াছেন। রসায়নবিদ্যায় ইউরোপ আরবগণের নিকট ঋণী, এবং তাছারা ভারতের প্রাচীন আর্য্যগণের নিকট ঋণী। এতক্ষেণীয় কবিরাজ মহাশরের। অতি সাধারণ যন্ত্রের সাহায্যে যেরূপে ধাতৃ-ঘটিত ঔষধ প্রস্তুত করেন, তাহাও আশ্চর্য্যঙ্গনক। চিকিৎসাশাস্ত্র প্রাচীন ভারতে অত্যস্ত উন্নতি লাভ করিয়াছিল। আয়ুর্কোণীয় এবং তান্ত্রিক চিকিৎসাকে কোন কোন অংশে অনুত্রত বলা সম্ভব হুইলেও, ঐ ছুই চিকিৎসা-প্রণালী মোটের উপর অতি গভীর গবেষণার পরিচয় দেয়। শব-বারচ্চেদ সম্ভর্কতঃ ভারতেই প্রথম হইয়াছিল। অস্ত্রচিকিৎসাও এদেশে কম উন্নতি লাভ করে নাই। ভগ্ন জাতুকে গমন সমর্থ করা, অন্ধকে দর্শন-সমর্থ করা অতান্ত অধিক উন্নতির পরিচয় দের। এ বিষয়েও ভারতই সকলের শিক্ষাগুরু। এ কথা আজ পণ্ডিতমণ্ডলীতে একরূপ স্বীক্ষত হইরা আদিয়াছে। পীড়িত হইবার পূর্ব্বে দেহকে পীড়ার আক্রমণ হইতে মুক্ত রাথিবার নিমিত্ত দেহমধ্যে প্রতিষেধক ঔষধ প্রবেশ করাইবার প্রণালী ভারতবর্ষেই প্রথম উদ্ভাবিত হইন্নাছিল। আমরা বাল্যকালে বসস্ত রোগের নিবর্ত্তক বাঙ্গলা টীকা দিবার প্রথা দেখিয়াছি। দেহমধ্যে ক্বত্রিম উপায়ে ঔষধ প্রবেশ করাইয়া দিবার প্রথা মানবের প্রচুর উপকার করিতেছে এবং আরও করিবে। ইহা ইউরোপে উদ্ভাবিত হইবার বহু শতাব্দী পূর্বের ভারতবর্ষে প্রথম প্রচলিত হয়। দেহে রক্ত চলাচল করে, এই সভ্য হার্ভি আবিষ্কার করিবার বহু পূর্বের ভারতীয় আয়ুর্বেদেই প্রথম প্রচারিত হইয়াছিল।

२ पट्यम, आअअअम ।

হরপ্রসাদ-সংবর্জন-লেখমালা

শার সহক্ষে গরেষণাও ভারতবর্ষেই প্রথম অফুটিত হয়। এতহুভর শারেই বর্ত্তমান সমরের ন্তায় উন্নতি লাভ করিতে সমর্থ হয় নাই, কিন্তু পাশ্চান্ত্রগণ পঞ্চাশ বৎসর পূর্ব্বেও বে পরিমাণ জ্ঞানলাভ করিতে পারেন নাই, তাহা বোধ হয় এতক্ষেনীয়গণ সেই কালেই পারিয়াছিলেন। তাঁহারা শুক্র শোণিত হইতে পুংকীটি ও স্ত্রীকীটের অভিত্ব অবগত হইয়াছিলেন; অবচ প্রাচীন ভারতে অফুবীকণ আবিষ্কৃত হয় নাই। এ কম আশ্চর্যোর বিষয় নহে।

Sociology বা সমাজতত্ব বেদে, কোন কোন ব্রাহ্মণে এবং প্রাচীন স্মৃতিতে ষেরপ উন্নত অবস্থায় দেখা বার, সেরপ উন্নতি পাশ্চান্তাদেশে এখন পর্যান্তও দেখা যায়, না। এ বিজ্ঞান সম্বন্ধে প্রাচীনগণ যত পরীক্ষা করিয়াছেন এবং ষেরপ বিস্তৃত পরীক্ষা করিয়াছেন, সেরপ পরীক্ষা পাশ্চান্তাদেশে আরম্ভ হইবারই বহু বিলম্ব আছে। সমাজে শ্রমবিভাগ করা, গুণ এবং কর্মবিভাগ করা, internal competetion বা আভ্যন্তরীক প্রতিযোগিতা যথাসম্ভব হ্রাস করা, হাক্তি এবং সম্প্রদায়ের আয়াম্যাদা অক্ষুণ্ণ রাধিয়াও সামাজিক শ্রেষ্ঠিত্ব এবং অপকৃষ্টত্ব গুণ-কর্মের উপর প্রতিষ্ঠিত করা, মামুষ্টে মামুষ্টে মৌলিক ভেদ স্বীকার করিয়াও ঐ ভেদকে অন্ত্র্যা না করিয়া, সমাজে ঐক্য স্থাগনের উপায় উদ্ভাবন করা সমাজ-বিজ্ঞানে উৎকৃষ্ট উন্নতির পরিচন্ন দেয়।

পশুদিগকে গৃহপালিত করিয়া মানব-সমাজ অসভ্য অবস্থা হইতে ক্রমশঃ সভ্যাবস্থায় উপনীত হইরাছে। আমি অন্তত্র দেখাইরাছি, সভ্যতার উর্নতির সহিত domestication of animals বা পশুপালন অতি ঘনিষ্ঠভাবে সংস্কৃত্তী। আনার যত দূর জানা আছে, তাহাতে মহামহোপাধ্যায় শাস্ত্রী মহাশয়ই দেখাইয়াছেন যে, ভারতীয় প্রাচীন আর্য্যগণই প্রথমে হন্তীদিগকে গৃহপালিত করিতে সমর্থ হইরাছিলেন। ডারুইন্ দেখাইয়াছেন যে, কুকুর গৃহপালিত বৃক, ও বিড়াল গৃহপালিত দিংহ শ্রেণীর জীব। আমার বোধ হয়, ইহা অন্নায়াসেই প্রমাণ করা যাইতে পারে যে, ভারতবর্ষেই পশু-পালনক্রিশল ও পশু-পালন-বিদ্যা প্রথম প্রভলিত হইরাছিল। এ নীমাংসা সত্য হইলে ভারতবর্ষই মানব-সমাজে সভ্যতার প্রথম পথপ্রদর্শক।

ভারতীয় প্রাচীন অর্থশাস্ত্র এবং রাজনীতি মানব-সমাজে প্রথম দেখাইরা দিয়াছে—রাজতন্ত্রের সহিত গণতন্ত্রের কিরূপ আশ্চর্য্য সামঞ্জন্ত হইতে পারে।

ক্ষেবেদসংহিতায় 'স্বক্তং' স্পষ্টির উল্লেখ আছে। অর্থাৎ স্পষ্টি একবার মাত্রই হইয়াছিল। স্কুতরাং উহা নিশ্চয়ই অবিশেষ (undifferentiated)। সাংখ্যদর্শনে প্রকৃতি হইতে ব্যক্ত ব্রহ্মাণ্ডের ক্রমে ক্রমে উৎপন্ন হওয়া জানা যাইতেছে। এই তুই তত্ত্ব একত্র করিলে আমরা কি বুঝিতে পারি ?

⁹ Spermatozoon. 8 Ovum.

ষাহা বুঝিতে পারি, তাহা বর্ত্তমান যুগের বিবর্ত্তন-বাদ হইতে অধিক বিভিন্ন নহে; বরং আমার মতে
ক বাদের সমধর্মী বিশিরা স্বীকার করা যায়। বর্ত্তমান জগতে জড় বিবর্ত্তন-বাদ এখনও সমাক্
প্রতিষ্ঠিত হয় নাই। কিন্তু ছান্দোগ্য-শ্রুতির "সর্বং খিলাং ব্রহ্ম তজ্জলানিতি"—এই মত্রে জড়ও
জীবের প্রভেদ যেরূপভাবে অস্বীকৃত হইরাছে, তাহার সহিত বর্ত্তমান যুগের Electron-বাদের
কোনই পার্থক্য দেখিতে পাই না। লজ্, টম্দন্, রাদারফোর্ড, রিগী প্রভৃতি পণ্ডিতগণের গবেষণা
হইতে পরমাণ্র গঠন যাহা বুঝা যাইতেছে, তাহাতে জড় আর কিছুই থাকিতেছে না। বিশী বিশিরছেন,
Matter is composed of Electrons and Electrons are not matter in the
ordinary acceptation of the term । এ কথার সহিত "সমস্ত জগৎ ব্রহ্মময়"—এ
মীমাংসার পার্থক্য ত নাইই, বরং শ্রুতির মীমাংসাই বর্ত্তমান শুনের বৈজ্ঞানিক মীমাংসা হইতে অনেক
অধিক দূর অগ্রসর হইয়াছে। জড় যদি কিছুই না থাকিল, তবে সকলই চৈত্তমম হইয়া গেল।
ইহার সহিত যথন মনে করি যে, বর্ত্তনান বিজ্ঞান-বিবর্ত্তন বাদকে অন্ধশক্তি-চালিত মনে করে না, বরং
নানা উন্নতি ও অবনতির মধ্য দিয়া এক পথেই বিবর্ত্তন দিদ্ধ হইতেছে—এইরপই মনে করে, তথন
এ মীমাংসা অনিবার্য্য হইয়া উঠে যে, ভারতীর প্রাচীনগণের স্বাষ্ট-রহস্তা ভেদ করিবার যে সাধনা ছিল
এবং তাহাতে যে সিদ্ধিলাভ হইয়াছিল, ভাহা বর্ত্তমান যুগ অপেক্ষা অনেক অধিক উন্নত ও পরিপুষ্ট।

শ্রীশশধর রায়

e Modern Theory of Physical Phenomena.

ব্রহ্মদেশে বোধিসত্ত্ব লোকনাথ ও মহাযান বৌদ্ধ-ধর্মের অন্যান্য দেবতা

(零)

ব্রহ্মদেশ বভ্রদিন হইতেই, এবং বর্ত্তমানেও, হীন্যান বৌদ্ধধর্মের দেশ। পঞ্চদশ শতাব্দীর শেষণাদে রাজা ধন্মচেতি (১৪৭২-৯২) কি ভাবে নৃতন করিয়া ব্রহ্মদেশের হীনধান বৌদ্ধধর্মে নবজীবন সঞ্চার করেন এবং এই নব অভ্যাদয় উপলক্ষ্য করিয়া সিংহলের সঙ্গে কি করিয়া নৃতন ধর্ম্ম-সম্বন্ধ স্থাপিত হয়, তাহার ইতিহাস পণ্ডিতেরা সকলেই জানেন। তাহারও বহুদিন আগে একাদশ শতাব্দীর মধ্যভাগে ব্যুঞ্জেলেশ্ব (নিয়ব্ৰহ্ম) ৰাজধানী থাটোন নগরী হইতে উত্তৰ-ব্ৰহ্মের রাজধানী পাগানে কি কৰিয়া ভগবান বন্ধদেবের ধর্ম প্রচার ও প্রদার লাভ করে, তাহার কাহিনীও আজ আর অজ্ঞাত নয় । কিন্তু সর্ব্বপ্রথম খাটোনে, তথা নিম্নত্রকো, কবে এবং কি করিয়া এই থেরবাদ বৌদ্ধধর্মের প্রচার হইল. তাহার থবর আমরা এথনও জানিনা। দীপবংশ ও মহাবংশ নামক দিংহলী বৌদ্ধগ্রন্থে উল্লেখ আছে যে, দেবপ্রিয় রাজর্ধি অশোক সোন ও উত্তর নামক হুই ভিক্ষুকে সদ্ধর্ম প্রতারের জন্ম পাঠাইয়াছিলেন স্থবগ্নভূমিতে, অর্থাৎ ব্রহ্মদেশে। ধর্মচেতির রাজত্বকালে উৎকীর্ণ পেগু সহরের নিকটস্থ কল্যাণী শিলালেখেও এই ঘটনার উল্লেখ আছে 🕈। তাহা ছাড়া, জনশ্রুতি এ কথাও বলে যে, স্থবির পণ্ডিত বুদ্ধঘোষও একবার ব্রহ্মদেশে গিয়া সদ্ধর্ম্ম প্রচার করিয়াছিলেন। কিন্তু আমাদের হাতে ঐতিহাসিক প্রমাণ এত স্বল্প যে, তাহার উপর নির্ভর করিয়া এই প্রশ্নের কোনও স্রমীমাংসা চলিতে পারে না। তাহার উপর বর্ত্তমানে পণ্ডিতদের আলোচনার গতি দেখিয়া মনে হয়, এই ছুইটি ঘটনার একটিকেও তাঁহারা বিশ্বাস করিতে রাজী নহেন। তবে, এ কথা খুব জোর করিয়াই বলা চলে যে, ব্রহ্মদেশে, অস্ততঃ নিম্বক্রে. হীন্যান বৌদ্ধধর্ম প্রাচারলাভ করিয়াছিল খ্রীষ্টায় পঞ্চম অথবা ষষ্ঠ শতাব্দীর আগেই। বর্ত্তমান প্রোম সহর হইতে পাঁচ মাইল দক্ষিণে জনবিরল হ্মজা গ্রামের স্প্রবিস্তৃত ধ্বংসাবশেষের মধ্যে কয়েকটি শিলালেথের থণ্ডাংশ, ও চুইটি স্বর্ণশাসন পাওয়া গিয়াছে 🔭। এই লেখগুলি হইতে পরিষ্কার

> History of Burma-Harvey, p. 25-30.

Ep. Birminica, Vol. III, Part II, pp. 83-84 and 185-86.

An. R. A. S. India, Excavations at Hmawza, 1910-11 and 1911-12.

করিয়া অসংলগ্ন ভাবে কিছু উদ্ধার করা সম্ভব হয় নাই, কিন্তু এ কণা বুঝা যায় ৰে, তাহাতে বিনয়পিটকের বুহত্তম খণ্ড মহাবগুগ হইতে কোন কোন অংশ ঐ লেখগুলিতে উদ্ধৃত আছে; এবং বৌদ্ধার্মের যাহা সার তত্ত্ব, সেই হঃখ, হঃখের স্বব্ধণ ও হঃখের নিচুত্তি সম্বন্ধে কিছু তত্ত্বকথার উল্লেখ আছে। তাহা ছাড়া, কয়েক বংসর হইল, আমাদের দেশের প্রাচীন তালপাতার পথির মতন. সোনার পাতার কুড়ি পূর্চার একটি পূথি এই হ্মজা গ্রামের ধ্বংসাবশেষের মধ্যেই পাওয়া গিয়াছে ।। এই পুথিটির পাঠোদ্ধার এখনও হয় নাই, কিন্তু যতদুর আমি পড়িতে পারিয়াছি, তাহাতে মনে হয় যে, অভিধন্ম ও বিনয়পিটক হইতে কিছু কিছু অংশ ইহার মধ্যে উদ্ধার করা আছে। ইহার প্রথম পাতায় 'পতিচ্চসমুপ্লাদ' সম্বন্ধে কিছু উল্লেখ আছে, এবং শেষ হইয়াছে 'ইতিপি স ভগবা অর্হন সমাসমুদ্ধো' ইত্যাদি কথাবারা। কাজেই এই শিলালেখগুলি এবং পাণ্ডুলিপিটির বিষয় যে হীনধান বৌদ্ধধর্ম সম্বন্ধীয়, এ সম্বন্ধে আর কোন সন্দেহ নাই। ইহাদের একটিতেও তারিথ কিছু নাই। তবে অক্ষরের গঠন ও আরুতি দেখিয়া মনে হয়, ইহাদের শিপিরীতি পঞ্চম ও ষষ্ঠ শতাব্দীর কানাডা-তেলেগু লিপির মতন। কাজেই, এ কথা অনুমান করা সহজ যে, গ্রীষ্ঠীয় পঞ্চম ও ষষ্ঠ শতাব্দীর আগেই হীন্যান বৌদ্ধধর্ম ব্রহ্মদেশে প্রচার ও প্রদার লাভ করিয়াছিল, এবং দক্ষিণ-ভারতের কানাড়া-তেলেগু প্রদেশ হইতেই তাহার যাত্রার ফচনা হইয়া থাকিবে। কিন্তু দে যাহা ইউক, তথন হইতে না হইলেও, অস্ততঃ পাগানে ঐ হীনয়ান বৌদ্ধধর্মের প্রতিষ্ঠা ও প্রদারের কিছুদিন পর হইতেই, অর্থাৎ অন্ততঃ খ্রীষ্টার একাদশ ও দাদশ শতাকী হুইতেই ব্রহ্মদেশ একান্তভাবে হীন্যান বৌদ্ধার্থারী, এবং বর্ত্তমানেও ব্রহ্মদেশবাসীর উহাই জাতীয় ধর্ম। ঐদেশে কোনদিন যে অন্ত কোন ধর্ম, অর্থাৎ ব্রহ্মণাধর্ম ব্দথবা মহাযান ও তান্ত্রিক বৌদ্ধধর্মা, প্রসার লাভ করিয়াহিল, এ কথা কোন ব্রহ্মদেশবাদীই আজ আর সহজে বিশ্বাস করিতে চাহেন না।

কিন্তু, অন্তত্র এ কথা আমি প্রমাণ করিতে প্রয়াদ পাইয়াছি যে, হীনযান বৌদ্ধধর্মের প্রদার ও প্রতিপত্তির কালেই পূজারী ব্রাহ্মণ ও জ্যোতিষীদের, হিন্দু শিল্পী ও বণিক্দের অবলম্বন করিয়া ব্রহ্মণাধর্ম একদিন ব্রহ্মদেশে, স্বল্প হইলেও, প্রদার লাভ করিয়াছিল, এবং রাজদভায় দে ধর্মের প্রতিপত্তি ছিল । তেমনি, কথাটা নৃতন বলিয়া মনে হইলেও ইহা সত্য যে, একসময় মহাযান এবং তান্ত্রিক বৌদ্ধধর্মও ব্রহ্মদেশে হীনযান বৌদ্ধধর্মের পাশে পাশেই স্থান লাভ করিয়াছিল। এবং শুধু পাশে পাশেই নয়, উত্তর-ব্রহ্মের রাজধানী পাগানে হীনযান বৌদ্ধধর্ম

An. R. A. S. India, Excavations at Hmawza, p. 171 ff, 1926-27.

e Brahmanical Gods in Buddhist Burma-Ray.


প্রতিষ্ঠার আগেই মহাধান ও তান্ত্রিক বৌদ্ধধর্ম কতকটা প্রাদার লাভ করিয়াছিল বলিয়া মনে হয়। ব্রহ্মদেশের প্রাচীন ঐতিহাদিক সাহিত্যে অবশ্র উল্লেখ আছে যে, হীনয়ান ধর্মের প্রতিষ্ঠার আগে পাগানে বৌদ্ধধর্ম বলিয়াই কিছু ছিল্ না ; কিন্তু এ উল্লেখের মূল্য খুব বেশী নয়। ব্রহ্মদেশের পুরাত্ত্ব বিভাগের অধ্যক্ষ মঁদিয় চরোয়াজেন (Mon. Charles Duroiselle) ঠিকই বলিয়াছেন যে, এই উল্লেখের একমাত্র অর্থ ই হইতেছে—নানা ফুর্নীতিমূলক আচার-বাবহার সংব্দিত ও হিংসামূলক ভান্তিক বৌদ্ধধর্মকে একান্তভাবে অস্বীকার করিবার একটা চেষ্টা, এবং এ চেষ্টা বর্ত্তমান হীন্যান-ধর্মাবকারী ইতিহাসলেথকদের পক্ষে থুবই স্বাভাবিক। ^৬ বৌদ্ধ ঐতিহাসিক লামা তারনাথ লিখিয়া গিয়াছেন যে, বালালা দেশে দেন রাজাদের আমলে যথন মুদলমানদের উৎপাত আরম্ভ হয়, তথন অনেক বৌদ্ধ ভিক্ষু ও আচাৰ্য্য মগধ হইতে পাগান ও কমোজদেশে পলাইয়া যান, এবং তাহার ফলে পাগানে, আরাকানে ও হংসাবতীতে (পেগু) মহাযান বৌদ্ধধর্ম প্রচার লাভ করে। তারনাথ ে তথ্যের উল্লেখ করিয়ছেন, তাহার সমর্থন আমরা পাই পাগানের 'অরী' নামক একটি প্রাচীন তাত্ত্বিক সম্প্রদায়ের ইতিহাস মধ্যে। পণ্ডিতবর হুরোয়াজেন প্রমাণ করিয়াছেন যে, তান্ত্রিক মহাযান ধর্ম্মসমাজভক্ত এই 'এরী' সম্প্রদায় খ্রীষ্টায় ষষ্ঠ অথবা সপ্তম শতাব্দীতে পূর্ব্ব-ভারত ইইতে উন্তর-ব্রহ্মে আসিয়াছিল। তিব্বতী গ্রন্থ হইতে তিনি পাগানে এই সম্প্রদায়ের সন্তিত্ব সম্বন্ধে প্রমাণ সংগ্রহ ক্রিয়াছেন; তাহা ছাড়া, পাগানের মিন্নান্থু গ্রামের ছুইটি মন্দিরের প্রাচীর-চিত্রের বিষয়বস্তুর মধ্যেও সে প্রমাণ পাওরা গিয়াছে। অষ্টম শতাব্দীতে এই সম্প্রদায় তান্ত্রিক ধর্মধারা অভিভূত হয়, এবং তাগদের মধ্যে নানাপ্রকার হিংদা ও ছুর্নীতিমূলক আচার-পদ্ধতি প্রদার লাভ করে; উল্লিখিত প্রাচীর-চিত্রগুলিতে তাহার পরিচয় আছে। পাগান-রাজবংশের যথার্থ প্রতিষ্ঠাতা রাজা আন্ওর্হণা এই 'অরী' সম্প্রদারের উচ্ছেদ সাধনের চেষ্টা করিয়াও ক্লতকার্য্য হন নাই; পঞ্চদশ শতাব্দী পর্যান্ত ইহাদের অন্তিম্বের খবর শিলালেথ হইতে পাওয়া যায়। তাহার পরে বোধ হয়, রাজা ধন্মচেতি কর্তৃক হীনধান বৌদ্ধধর্মের নব জাগরণের ফলে ইহারা ক্রমে বিলুপ্ত হইয়া যায়। *

এই মহাযান ধর্ম্মের অন্তিছের প্রমাণ ব্রহ্মদেশের নানাস্থানে আবিস্কৃত মহাযান দেবদেবীর মূর্ত্তি ছইতেও পাওয়া যায়। নিমত্রক্ষে হ্মজা গ্রামের ধ্বংদাবশেষের মধ্যে চারিহস্তবিশিষ্ট একটি বোধিদত্ত অবলোকিতেশ্বরের মূর্ত্তি পাওয়া গিয়াছে; শিল্পরীতি দেখিয়া মনে হয়, খ্রীষ্টায় ৭ম অথবা ৮ম শতাব্দীর

[•] An. R. A. S. India, 1915-16, Ari of Burma and Tantric Bu.'dhism-Duroiselle

⁹ Ibid.


(অানন্দ মুটিজুম, পাধান) ंगः हिंब जाता (मयी



বোধিমত্ত অবলোকিতেখন व्यानम माकिन्य, शांशान)



१तः हिब



(विधिष्टत्व कवत्नाक्टिट्यंत ३न् , जिब

রচনা এই মূর্ব্ভিটি (১নং চিত্র)। মূর্ব্ভিটির পায়ের পাতা হুইটি, এবং কমুই'র নীচে হইতে বাঁ হাতথানি ভাঙিয়া গিয়াছে। কিন্তু স্কু-উচ্চ মুকুট-ভূষণের উপর ধানী-বৃদ্ধ অমিভাভের যে উপরিষ্ট মূর্ব্ভিটি, ভাহা হইতেই বৃথিতে পারি যে, ইনি অবলোকিতেখর ছাড়া আর কেহই নহেন । পাগানের আনন্দ মূজিয়ুমেও ব্রোজধাতু-নির্ম্মিত অবলোকিতেখরের একটি ছোট মূর্ব্তি আছে (২নং চিত্র)। তাঁহার দক্ষিণ বাছতে বরদমূলা এবং বাম বাছতে একটি পদ্মের মূণাল । কিন্তু ইহাকে অবলোকিতেখর বিলয়া চিনিবার প্রধান চিহ্ন হইতেছে—ইহার মুকুটের উপর ধ্যানাসনে উপরিষ্ট ধ্যানীবৃদ্ধের মূর্ব্ভিট। অবলোকিতেখরের শক্তি ভারাদেবীরও একটি ছোট ব্রোজ মূর্ব্তি পাওয়া গিয়াছে ম্যাগ্ওয়ে জেলার মনাবগঁও প্রামে (৩নং চিত্র)। দেবী পদ্মাসনে উপরিষ্টা; তাঁহার দক্ষিণ বাছতে বরদমূলা, বাম বাছতে বিতর্কমূলা এবং একটি পদ্মের মূণাল । পাণানের আনন্দ ম্যুজিয়ুমেও একটি ছোট তারামূর্ব্তি আছে; এবং তাঁহার দেহভঙ্গী দেখিয়া সহজেই তাঁহাকে চেনা যায়। ১১

১৯২৯ এই াবে আমি যথন তৃতীয়বার ব্রহ্মদেশের প্রাত্ত্ব সম্বন্ধীয় প্রান্ধি স্থানগুলি দেখিতে ষাই, তথন রেঙ্গুন বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধের অধ্যাপক শ্রীযুক্ত জি এইচ ল্যুন্ (G. H. Luce) মহাশম আমাকে অনেকগুলি 'তেলাইঙ' শিলালেথের কথা বলেন, এবং তাহাদের মধ্যে যে একই সঙ্গে (বোধিসত্ব) লোকেশ্বর (অর্থাৎ অবলোকিতেশ্বর) ও মৈত্রেয়ের উল্লেখ আছে, সেনিকে আমার মনোযোগ আকর্ষণ করেন। শিলালিপির এই উল্লেখের আন্চর্য্য সমর্থন পাওয়া যায় ব্রহ্মদেশের প্রাচীন মূর্ত্তি-শিল্পে। বৃদ্ধদেবের এক পাশে দণ্ডায়মান অবলোকিতেশ্বর ও অন্ত পাশে নৈত্রেয়, এমন প্রস্তর-চিত্র ব্রহ্মদেশের অনেকস্থানেই পাওয়া গিয়াছে। হ্মজা ঝামে প্রাপ্ত একটি প্রস্তর-চিত্রে দেখা যায়, বৃদ্ধদেবের ছই পাশে ছইটি চামরধারী অলঙ্কার-ভৃষিত প্রক্ষম দণ্ডায়মান। ইহারা ছইজন যে অবলোকিতেশ্বর ও মৈত্রেয়—এ সম্বন্ধে কোন সন্দেহ নাই ১২। টোয়ান্টে জেলার (Twante) স্কুদ্রুজগ্নি বিহারের একটি প্রস্তর-চিত্রেও বৃদ্ধদেবের ছই ধারে পদ্মের উপর দণ্ডায়মান অবলোকিতেশ্বর ও মৈত্রেয়ের প্রতিচিত্র দেখা যায় ১৩। আরাকানের মহামূনি

An. R. A. S. India, 1911-12, Plate LXVIII, Fig. 6.

[»] An. R. A. S. Burma, 1916, p. 3.

>0 Ibid., 1919.

³³ Ibid, 1916, p. 3.

> M. R. A. S. Burma, 1909.

১৬ Ibid, 1915, p. 17, also foot-note. অনুরূপ প্রন্তর-চিত্র পাগান এবং অস্তান্ত ছানেও ছুই চারিটি পাওয়া গিয়াছে।

মুর্বিটিকেও অনেকে নৈজেরের মূর্ত্তি বলিয়াই মনে করেন ১°। নৈজেরের (পালি—মেন্ডের)
উল্লেখ অনেক শিলালেথেও আছে; কোন পূণ্য কাজের ফলস্বরূপ পরজন্মে যাহাতে তিনি
মেন্ডেরকে দেখিতে পান, সোরেগুজিয় শিলালেথে রাজা আলাউংসিগুর এ রকম ইচ্ছা
প্রকাশ পাইরাছে ১°। পাগানের আনন্দ মৃজিয়ুমে পদ্মাসনে উপবিষ্ট বোধিসন্ধ মঞ্জীর
একটি প্রস্তর-মূর্ব্তি আছে। তাঁহার ডান হাতে একটি তরবারি মাধার উপরে ধরিয়া তিনি
অক্তানতার অক্কারা দ্র করিতেছেন ১°; অন্ত হাতথানিতে সাধারণতঃ একটি বই বুকের
উপর ধরা থাকে, কিন্তু সে-হাতথানি ভাঙ্গিয়া গিয়াছে। শিল্পরীতি দেখিয়া মনে হয়, মূর্বিটি
দশম অথবা একাদশ শতাব্দীর রচনা। এই মুজিয়ুমেই আর একটি অপুর্ব্ব শিল্পনিদর্শন
আছে; তাহাতে একটি নর ও নারী সতাস্ত নিবিড় দৈহিক নিলনালিঙ্গনে আবদ্ধ। খুব
সম্ভব কোন মহাযান দেবতা তাঁহার শক্তিকে 'যব্যুম' ভঙ্গীতে আলিঙ্গন করিয়া আছেন; কিন্তু
অক্তা কোন চিষ্ক বা অভিজ্ঞানের অভাবে ইহার বিশেষ পরিচয় পাওয়া কঠিন ১°।

(21)

কিন্তু মৈত্রের ও অবলোকিতেখর, মঞ্ছী ও তারাদেবী অপেক্ষা ব্রহ্মদেশে, অন্ততঃ উত্তর-ব্রহ্মের রাজধানী পাগানে, বোধিদত্ত লোকনাথের প্রতিষ্ঠা অনেক বেণী ছিল বলিয়াই মনে হয়। পাগানে মহাগান ধর্মের যে কয়টি দেবদেবীর দক্ষে আমাদের পরিচয় হইয়াছে, তাহাদের মধ্যে লোকনাথের মূর্ত্তিই সকলের চেয়ে বেণী। পাগানের আনন্দ মূর্ডিয়ুমে লোকনাথের ব্রোঞ্জধাতু-নির্দ্মিত ছুইটি মূর্ত্তি আছে (৪নং ও ৫নং চিত্র)। ছু'টি মূর্ত্তিই পদ্মাসনে ললিত ভঙ্গাতে উপবিষ্ট; তাঁহাদের জানহাতে বরদমুদ্রা, বাম হাতে লীলাকমল। দক্ষিণে ও বামে ছুইটি উর্দ্ধুখী পদ্মের মূণাল স্ম্বন্ধিম ভঙ্গীতে পত্তে প্র্লুক্ত কৃষ্টিয়া উঠিয়ছে। মূর্ত্তি ছুইটিয় অঙ্গে অনকারের প্রাচুর্যা; গলায় হার, কানে কুগুল, মণিবন্ধে বলয়, বাছতে বাজুবৃদ্ধ, পায়ে নূপ্র, এবং কটিদেশে নেথলা। ইহাদের মণ্ডন রীতি ও গড়ন একটু স্থুল হইলেও স্থানর সন্দেহ নাই। মাথায় জটামুকুট, তাহার নীচ হইতে কুঞ্চিত অলকদাম লীলায়িত ভঙ্গিমার বিলম্বিত। বোধিদত্ব লোকনাথ অবণোকিতেখরেরই একটি বিশেষ

⁵⁰ J. P. R. S., 1912, Vol. III, Part I, p. 101.

>e Ibid., 1920-Maung Tin and Luce.


Ananda Museum Exhibit no. V, 6.

³¹ Ibid., Exhibit no. III, 93.




৫নং চিত্র এবোধিসত্ব লোকনাথ (আনক মুজিগুম, পাগান)

ঙনং চিত্ৰ গলাসনে ভূমিপশ মুক্তাগ উপ'বই বৃদ্ধনে ; হুই পাংশ বোধিসত্ব লোকনাথ ললিতাসনে উপ্বিষ্ট (আনন্দ মুজিমূদ, পাগান)



৪নং চিত্ৰ বেংশিগত্ব লোকনাথ (অননন মুজিয়্ম, পাগান)



প্রকাশ। লোকনাথের 'সাধনে' তাঁহার যে পরিচর আমরা পাই মৃপ্তিতত্তের দিক্ হইতে সেই পরিচর ও বর্ণনার সঙ্গে এই মৃপ্তি হুইটি অবিকল মিলিয়া যায়। চারিটি সাধনের মধ্যে তিনটি সাধনের নিকে এই মৃপ্তি হুইটে অবিকল মিলিয়া যায়। চারিটি সাধনের মধ্যে তিনটি সাধনের নিকে তাঁহার দক্ষিণ হস্তে বরদমুদ্রা, বাম হস্তে পদ্ম। তিনটি সাধনের মতে লোকনাথের দক্ষিণ হস্তে বরদমুদ্রা, বাম হস্তে পদ্ম। তিনটি সাধনের মতে তিন বিভিন্ন ভঙ্গীতে তাঁহার আসন নির্দিষ্ট হুইতে পারে, ললিতাসন, পর্যার্থাসন ও অর্দ্ধপর্যান্থাসন ও পারানের ধবংশাবলেষের মধ্যে ব্রোক্ত থাকে, ললিতাসন, পর্যার্থাসন ও অর্দ্ধপর্যান্থাসন ও পারার গিরাছে। ভগবান বৃদ্ধ পদ্মাদনের উপর ভূমিম্পর্শ মৃদ্রান্ত উপবিষ্ট, তাঁহার হুই পালে হুইটি বোধিসন্থ মৃর্ত্তি পদ্মাদনের উপর ললিত ভঙ্গীতে আসীন। এই হুইটি বোধিসন্থ মূর্ত্তিও যে লোকনাথের মৃর্ত্তি, তাহাতে কোন সন্দেহ নাই (৬নং চিত্র)। হুইটি মূর্ত্তিই ললিতাসনে উপবিষ্ট, একটি পা আসনের উপর শুটানো, আর একটি পা মুকুমার ভঙ্গীতে আসন হুইতে বিলম্বিত। ইহাদেরও বাম হাতে পদ্মের মৃণাল; শুধু ডান হাতটি বরদমুদ্রান্ত আসন হুইয়ে অভ্যমুদ্রান্ত ছিত। কিন্ত লোকনাথ-মূর্ত্তিতে ডান হাতে অভ্যমুদ্রা একেবারে বিরল নয়। প্রান্ত ঠিক অনুরূপ একটি লোকনাথের মূর্ত্তি পাওয়া গিয়াছে ঢাকা জেলার রখুরামপ্র প্রামে; মূর্ত্তিটি এখন ঢাকা ম্যুজিয়ুনে রক্ষিত; তাহারও ডান হাত অভ্যমুদ্রার স্থিত ১ ।

বলিয়ছি. তিনটি সাধনে লোকনাথের পরিচয় দেওয়া ইইয়াছে একক দেবতারূপে; কিন্ত চতুর্ব সাধনটিতে তাঁহার পরিচয় আরও স্থবিস্তৃত। এই সাধনের মতে তাঁহার সঙ্গে রহিয়াছেন তারা ও হয়গ্রীব, আটটি দেবতা, চারিটি দেবী, এবং চারি দিক্পাল; বস্তুতঃ চতুর্থ সাধনটিতে বোধিসম্ব লোকনাথের সমস্ত মণ্ডলটির পরিচয় আছে। লোকনাথ শেতবর্ণ; তাঁহার ডান হাতে বরদমুদ্রা এবং বামে গীলাকমল। আরও আছে,—

ললিতাক্ষেপদংস্থন্ত মহাদোমাং প্রভাস্বরম্।
বরদোৎপলকা দৌমা তারা দক্ষিণতঃ স্থিতা ॥
বন্দনাদণ্ডহন্তন্ত হয়গ্রীবোহধ বামতঃ।
রক্তবর্গো মহারোজো ব্যাস্ত্রচন্দ্রাম্বরপ্রিয়ঃ॥

স্প Buddhist Iconography—Bhattacharya, pp. 38-40. ব্রহ্মদেশে প্রাপ্ত এই বৃর্তিগুলিকে এত্থিন পর্যান্ত সাধারণতঃ নৈত্রের বৃর্তি বলিরা পরিচর দেওরা হইরাছে। এ পরিচর দুস।

>> Iconography of Buddhist and Brahmanical Sculptures in the Dacca Museum
—Bhattasali; Plate 6 (b), page 27.

অর্থাৎ, তিনি ললিতাসনে উপবিষ্ট ; তাঁহার দক্ষিণে শাস্তমূর্ত্তি তারা, তারাদেবীর এক হাত বরদমুদ্রায়, অন্ত হাতে উৎপল। বামে হয়গ্রীব; তাঁহার ছই হাতে দণ্ড, এবং তিনি নমস্কার-পরায়ণ 🌯 । কিন্তু সাধনে যে বিবরণ আমরা পাই, তাহা হইতে অনেকথানি পূথকৃ এমন গোকনাথ মূর্ব্তির পরিচয় ইতিমধ্যেই আমরা পাইয়াছি। প্রাচীন বাংলার অস্ততঃ তুইটি পাণ্ডুলিপি-চিত্রে আমরা লোকনাথের যে পরিচয় পাই, তাহাতে দেখি বোধিদত্ত আভঙ্গ ভঙ্গীতে দণ্ডায়মান। তাঁহার দক্ষিণ হাত বর্দমূলার, বাম হাতে উৎপ্র। ইহার একটির পরিচয় লিপি এইরূপ—"চম্পিতলা লোকনাথ সমতটে অবিষস্থানে"। এই চিত্রটিতে লোকনাথের দক্ষিণে তারা, তাঁহার ডান হাতে বরদমুদ্রা ও বাম হাতে লীলাকমল। বামে হয়গ্রীব। লোকনাথের মাথার উপর ছই ধারে ছইটি বিদ্যাধর 🔧। অপরটির প্রিচয়-লিপি এইরূপ,—"চম্পিত লোকনাথ ভট্টারক।" এখানেও লোকনাথের দক্ষিণে ও বামে ভারা ও হয়গ্রীব লীলায়িতভাবে উপবিষ্ট। ভারা দেবীর জোডকর; কিন্ত হয়গ্রীবের দক্ষিণ হাত ব্যাখ্যান-মুদ্রায়, বাম হাতে কমল। ২২ এই ছুইটি মূর্ত্তি ছাড়াও একটি তৃতীয় লোকনাথ-মূর্ত্তির সঙ্গে আমাদের পরিচয় আছে, ইহা দণ্ডায়মান। মূর্ত্তিটির ছয়টি হাত। ফরাসী পণ্ডিত মঁদির ফুদে' (Foucher) এই মূর্ত্তিটির বিবরণ এইরূপ লিথিয়াছেন,—তিনটি ডান হাতের একটি বরদমুদ্রায়, একটিতে লীলাকমল, ও আর একটিতে অক্ষমালা। বাম হাতের একটি বরদমুদ্রায়, একটি অস্পষ্ট ও একটিতে বই। এক এক ধারে তুইজন করিয়া তাঁহার চারিজন সহকারী,—দক্ষিণে শ্যোদর চঞ্চুমুথ নতজামু একটি, দ্বিতীয়টি বোধিসত্ব তারা। বামে রক্ততারা ও চারিহস্তযুক্ত হরিতে তারা। 🕶 ইহার পরিচর-লিপি এইরূপ,—"হরিকেল দেশে দীল লোকনাথ"। কাজেই, সাধনের বিবরণের সঙ্গে একান্তভাবে না মিলিলেও, শুধু ইংলের পরিচয়-লিপির জোরেই একবারে নি:সন্দেহে বলা ঘাইতে পারে বে, ইহারা বোধিসত্ব লোকনাথেরই মূর্ত্তি।

³⁰ Buddhist Iconography—Bhattacharya, pp. 38-39.

২১ Cambridge Mss. no. Add. 1643. ছবি ও বিবরণের জন্ম এইবা Buddhist and Brahmanical Sculptures in the Dacca Museum—Bhattasali, pp. 12-13, Plate I (a).

২২ As. Soc. of Bengal, Mss. no. A. 15. ছবি ও বিষয়ণের জন্ম অষ্ট্রা Ibid., p. 14. Plate II (b).

Iconographique Buddhique, Vol. I, quoted in Buddhist and Brahmanical Sculptures in the Dacca Museum, p. 13.

ব্রহ্মদেশের প্রাচীন রাজধানী পাগানের মিন্পাগান পল্লীর চ্যাউবাউচ্যি (Kyaubaukkyi) মন্দিরের ভিতরের দিকের দেয়ালে একটি স্থবৃহৎ প্রাচীর-চিত্র আছে। চিত্রটির নামক ঠিক মাঝখানে লীলায়িত আভঙ্গ ভঙ্গীতে দণ্ডায়মান, তাঁহা**র্ক্টণে**হ স্মুউন্নত, এবং বর্ণ খেত। কালের প্রভাবে, মামুষের অয়ত্মে, এবং প্রকৃতির অত্যাচারে ছবির অনেক্থানিই নষ্ট হুইয়া গিয়াছে; তবু এ কথা বলা সহজ যে, মুর্ত্তিটির ছয়টির পরিবর্ত্তে, দশটি হাত ছিল। তাহার মধ্যে ছুইটি বুকের উপর প্রার্থনায় জ্বোড়কর; বোধ হয়, মন্দিরস্থ বৃদ্ধের স্পুরুৎ ইট ও প্রস্তর নির্শ্বিত মূর্ব্তিটির প্রতি এই বোধিদত্ব তাঁহার প্রণতি নিবেদন করিতেছেন। তৃতীয় ও চতুর্থ ছুইটি হাতে পদ্মের মূণাল লীলামিত ভঙ্গীতে ধৃত। পঞ্চম ও ষষ্ঠ হাত চুইটি বরনমূদ্রায় স্থিত। ৰাকী চারিটি হাতের ভঙ্গী, অথবা ধৃত বস্ত যে কি ছিল, জানিবার উপায় নাই। এই লীলায়িত স্থাদর্শন, স্থুউনত মুর্ত্তিটির মাথার উপরে হুই দিকে হুইটি মূর্ত্তি, তাঁহাদের উভয়ের তিনটি করিয়া মাথা, তাঁহারা পদাসনে উপবিষ্ঠ, এবং হাতে লীলাকমল গুত। কিন্তু ইহাদের একজনের বর্ণ শ্বেত, আর একজনের রক্তাভ বাদামী। প্রধান মুর্স্তিটির পায়ের কাছে ছই দিকে ছইটি নতজামু-জ্যোড়কর মূর্ত্তি। আমার মনে হয়, প্রাচীর চিত্রের এই মূর্ত্তিটি বোধিদত্ব লোকনাথেরই প্রতিচ্ছবি, এবং পায়ের কাছের নতজামু মূর্ত্তি তাইটি তারা ও হয়গ্রীবের মূর্ত্তি। মাথার উপরকার মূর্ত্তি ছুইটির পরিচর নির্দেশ করা একটু কঠিন; হইতে পারে সাংনে উলিখিত আটট পার্খদেবতার ইঁহারা ছুইটি। তাহা ছাড়া, বোধসত্ব লোকনাথের এত বিচিত্র পরিচয় আমরা জানি, এবং চিত্রে ভারর্য্যে এত বিভিন্ন প্রকারের মূর্ত্তির সঙ্গে আমাদের পরিচয় আছে যে, সাধনে তাহার বিস্তৃত বিবরণের উল্লেখ থাকা সম্ভব নয়। দেই জনাই চাউবাউচ্যি মন্দিরের প্রাচীর-চিত্রের এই মূর্ব্তিটিকে বোধিসৰ লোকনাথের মূর্ত্তি বলিয়া পরিচয় দিতে আমার কোন দ্বিধা নাই। কারণ, তাঁহার দাঁড়াইবার ভঙ্গী, হাতের মুদ্রা ও ভঙ্গী, এবং পার্শ্বদেবতা তারা ও হয়গ্রীবের বর্ণনার সঙ্গে সাধনে উল্লিখিত বর্ণনার মিল আছে।

এখন, এ কথা জানা দরকার, ব্রহ্মদেশের হ্মজা ও পাগানে এবং অন্য চুইএকটি স্থানে প্রাপ্ত এই দেবদেবী-মৃর্ত্তিগুলির মধ্যে যে মহাযান ধর্মের পরিচয় আমরা পাইলাম, এই মহাযান ধর্মের ব্রহ্মদেশে প্রসার লাভ করিল কি করিয়া, কোথা হইতে এবং কবে ? নিমত্রক্ষে হ্মজা (Hmawza) প্রামে প্রাপ্ত অবলোকিতেখন্ত-মৃর্ত্তিটি সম্বন্ধে বলা যায়, খুব সম্ভব ঐ মূর্ব্তিটি বাহির হইতেই কোন মহাযানধর্মী বণিক্ অথবা শিল্পী দঙ্গে করিয়া লইয়া আসিয়াছিল গৃহদেবতারূপে বা শিল্পনমূনারূপে। মূর্ব্তিটির শিল্পরূপ দেখিয়া এই সন্দেহ মনে জাগে। এই মূর্ব্তিটি ছাড়া মহাযান খির্মের অন্য গুইএকটি দেবতার মূর্ব্তি নিমত্রক্ষে পাওয়া গিয়াছে বটে; কিয়, তাহা হইলেও

নিমব্রন্ধে মহাধান ধর্ম্বের প্রদার সম্বন্ধে নিশ্চিততর প্রমাণ আমাদের আর কিছু জানা নাই। কিন্ত উত্তৰ-ব্ৰক্ষেৰ প্ৰাচীন বাজধানী পাগান সম্বন্ধে এ কথা বলা চলে না। কাৰণ, পাগানে মহাযান ধৰ্মেৰ আবির্ভাব ও প্রচার সম্বন্ধে আমাদের হাতে স্বাধীন প্রমাণের অভাব নাই। বাঙ্গো দেশের সেনরাজাদের আমলে মহাধানধৰ্মী আচাৰ্য্য ও ভিক্ষুশিষ্যৱা কিকৰিয়া পাগানে পলাইয়া আত্মরক্ষা করিয়াছিল, এবং তথন সহজেই এই ধর্ম্ম তাহার দেবদেবী লইয়া দেখানে কি করিয়া একটু একটু প্রদার লাভ করিয়াছিল, তাহার কথা আগেই উল্লেখ করিয়াছি। তাহা ছাড়া, পাগানের ও ব্রহ্মদেশের অন্যান্য স্থানের তান্ত্রিক 'অরী' সম্প্রাদায় যে মহাযান ও বজ্রযান ধর্ম্মেরই একটা প্রকাশ, তাহাও পণ্ডিতবর মঁদিয় ছরোয়াজেল প্রমাণ করিয়াছেন। তৃতীয়তঃ, পাগানে যে কয়েকটি ব্রোঞ্জধাতু ও প্রস্তর নির্ম্মিত মূর্ত্তি পাওয়া গিয়াছে, তাহাদের উপর স্থানীয় শিল্পবৈশিষ্ট্যের এমন পরিচয় আছে যে, ছোট হইলেও তাহাদের সম্বন্ধে এ কথা বলা চলিবে না যে, ভারতীয় মহাযানধর্মী বণিক ও শিল্পীরা তাহাদের দক্ষে করিয়া এই মূর্তিগুলি ব্রহ্মদেশে লইয়া আসিয়াছিল। শিল্পরীতি হইতে এ কথা স্থানিশ্চিতভাবে বলা যায় যে, ব্রহ্মদেশের পাগান রাজধানীতেই এবং দেখানকার প্রয়োজনামুদারেই এই মূর্ত্তিগুলি নির্দ্মিত হইগ্রাছিল। চ্যাউবাউচ্চি মন্দিরের প্রাচীর-চিত্রটি তাহার অকাট্য প্রমাণ। প্রাচীর-চিত্র কেহ ভারতবর্ষ হইতে বহন করিয়া লইয়া যায় নাই; এবং তথাকার জনসাধারণের সম্মতি না থ।কিলে, এবং তাহারা মহাযান দেবদেবীর বিক্লজাচারী হইলে বোধিসত্ত লোকনাথ ভাঁহার দেবদেবীমগুলী লইয়া ঐ মন্দিরে স্থান পাইতে পাৰিতেন না।

একাদশ শতাকীর মধ্যভাগ হইতে ত্রয়েদশ শতাকীর মধ্যভাগ পর্যান্ত পাগান-ইতিহাসের অর্থমুগ। পাগান তথন ধনে জনে সমৃদ্ধ; স্ববৃহৎ নগরী বিহারে মন্দিরে তথন ভরিয়া উঠিয়াছে। বিভিন্ন দেশ হইতে, বিশেষ করিয়া পূর্ব্ব-ভারত হইতে, লোকজন বাণিজ্য সম্ভার লইয়া আদিতেছে, যাইতেছে; শিল্পীকুল, ব্রাহ্মণ পূজারীদল, বৌদ্ধ আচার্য্য ও ভিল্ফুদল দলে দলে পাগান রাজধানীতে রাজাদেশে নিযুক্ত হইয়া আদিতেছেন; আর পাগানের বৌদ্ধসমাটেরা বৃদ্ধগয়ার বোধিজ্ঞ নতলে দৃত পাঠাইতেছেন পূজা সম্ভার লইয়া। সাহিত্যে, শিল্পে, নানান দেশের, বিশেষ করিয়া পূর্ব্ব-ভারতের সংস্কৃতিতে, পাগান তথন পূর্ব্ব-এশিয়ার এক সমৃদ্ধ নগরী। পাগানের দঙ্গে এই সময় পূর্ব্ব-ভারতের, অর্থাৎ বর্ত্তমান বিহার ও বন্ধদেশের আত্মীয়তা খুব বেশী। পাগানের বিরাট, ধ্বংসাবশেষের মধ্যে ও নানান মন্দিরে যে সব পোড়ামাটির ও পাথরের মূর্দ্তি পাওয়া গিয়াছে, তাহার উপর সনসাময়িক গৌড়মগধের শিল্পের প্রভাব যে থুব বেশী, তাহা অন্যত্র (Sculptures and Bronzes from Pagan) আমি প্রমাণ করিতে চেষ্টা করিয়াছি, এবং এই ছই দেশের সমন্ধের অরপণ্ড নির্দ্ধেশ করিয়াছি। পাগানের স্থাপত্যে গৌড়মগধের সমসাময়িক স্থাপত্যের প্রভাব পড়িয়াছে, এ কথাও আমি

অন্যত্র প্রমাণ করিতে প্রয়াদ পাইয়াছি। তাহা ছাড়া, পাগানে পোড়ামাটির উপর উৎকীর্ণ বে অসংখ্য নাগরী শিপি পাওয়া গিয়াছে, তাহার অক্ষর একেবারে দমসাময়িক গৌড়মগধের নাগরী শিপির অমুরূপ। ইহা ছাড়া অস্তাস্ত প্রমাণেরও অভাব নাই, তাহার বিস্তৃত আলোচনার স্থান এখানে নয়।

এই একান্ত নিকট আত্মীয় সম্বন্ধের উপর নির্ভর করিয়া এই অনুমান লইয়া আমরা যাত্রা করিতে পারি যে, উত্তর ব্রহ্মদেশের রাজধানী পাগানে মহাযানধর্মের প্রদার লাভ ঘটিয়াছিল পূর্ব্ব-ভারতের গৌডমগধ দেশ হইতেই, এবং তাহার আফুমানিক কাল দশম শতান্দীর প্রথম ভাগ। হয়ত তাহার আগে নবম শতাব্দীতেই এই আত্মীয়তার প্রথম প্রভাব কক্ষা করা যায়। কিন্তু দশম শতাব্দী हरेट बार्यानम मठाकीत मधाजांग शर्यास এको। धात्रावाहिक मध्य विनामान हिला, এवर এ সম্বন্ধের মধ্যে, স্বল্ল হইলেও, মহাযান ধর্ম্মের স্থান ছিল, এ বিষয়ে আর সন্দেহ নাই। তারনাথ এই সম্বন্ধে যে উক্তি করিয়াছেন, তাহা বৌদ্ধধর্ম বলিয়াধরা যাইতে পারে। আমরা জানি, নবম ও দশম শতাব্দী হইতেই গৌড় ও মগধে মহাযান ধর্ম তাহার দেবদেবীর স্থবিস্তৃত মণ্ডলী লইয়া খুব প্রদার লাভ করিগাছিল; হরিকেল, সমতট, মগধ, বিক্রমপুর, জগদ্দল ও বিক্রমশিলা বিহার ও অস্তান্ত আরও অনেক স্থান এই মহাযান ধর্ম্মের কেন্দ্র ছিল। এবং ইহা একান্তই স্বাভাবিক যে, পাগানের সঙ্গে ধর্ম ও শিল্প-বাণিজ্যের সমন্ধ অবলম্বন করিয়া গৌডমগণের মহাযানধর্ম উত্তর-ত্রন্ধের রাজধানীতে প্রদার লাভ করিয়াছিল। ইহার অকাট্য প্রমাণ পাওয়া যায়, পাগানে প্রাপ্ত এই মহাযান ধর্মের দেব-দেবীগুলির শিল্পরূপ ও রীতির মধ্যে। আনন্দ মাজিয়ুমে রক্ষিত ব্রোঞ্জধাতু নির্মিত, ললিতাসনে ্উপবিষ্ট লোকনাথের যে কয়টি মূর্ত্তি আছে এবং ঐথানেই বোধিসত্ত্ব মঞ্জুশ্রীর যে মূর্ত্তিটি আছে, তাহাদের মুথ ও দেহাক্ততির মধ্যে একটা বিশেষ রূপ আছে; সেরূপের সঙ্গে সমসাময়িক পাল ও সেন রাজাদের আমলের গৌড়মগধ-ভাস্কর্য্যের নরনারীর মুখ ও দেহাক্ততির একটু থুব নিকট সম্বন্ধ চোখে ধরা না পড়িয়াই পারে না। তাহাদের বদন ও অলঙ্কারের সজ্জা এবং বিভাগও একই প্রকার। স্বচেয়ে সাদ্রভা দেখা যায় গড়ন ও মণ্ডন রীতিতে; এবং এই সাদৃভা এত বেশী যে, আমরা যদি বলি, গৌড়মগধের সমসাময়িক ভারতীয় শিল্পীরাই এই সব মূর্ত্তি রচনা ও পরিবল্পনা করিয়াছিল, তবে থ্ব ভুল করিব না। সঙ্গে সঙ্গে অবশ্র এ কথাও স্বীকার্য্য যে, এই প্রভাবের মাত্রা থুব বেশী হইলেও এই মূর্জিগুলিকে একান্ত ভাবে গৌড়মগধ শিল্প বলা চলিবে না; কারণ, স্থানীয় শিল্পবৈশিষ্টোর ছাপও ইহাদের উপর কিছু কিছু আছে। যাহা হউক, আমাদের এই ধারণার স্বচেরে ভাল প্রমাণ পাওয়া

২৪ আমার রচিত Brahmanical Gods in Burma গ্রন্থের শেষ পরিচেছদে, এবং Sculptures and Bronzes in Pagan গ্রন্থে ইছার স্থাক্ত আলোচনা করিয়াছি।

বান্ধ, চ্যাউবাউচ্যি মন্দিরের প্রাচীর-চিত্রটিতে। এই চিত্রের নরনারীর মুখ ও দেহাক্বতিতে, বসন এবং অলম্ভার সজ্জার ও বিস্তাদে, সর্কোপরি রঙের লীলায় বা রেখার গতিতে এবং দেহের গড়নে যে শিল্পরীতি প্রকাশ পাইয়াছে, তাহার দক্ষে যদি আমরা একমব্রিজ লাইবেরী ও কলিকাতার এ**সিয়াটিক সো**সাইটিতে রক্ষিত অস্ট্রসাইস্রিকা প্রজ্ঞাপার্মিতার সচিত্র পাণ্ডলিপি ছুইটিতে (Mss. Add. 1643 এবং Mss. A. 15) ১৫ বোধিসত্ত লোকনাথের যে ছুইটি চিত্র আছে, ভাহাদের ছইটির মুখ ও দেহাকৃতি, বসন ও অলঙ্কার-বিক্রাস এবং শিল্পরীতির তুলনা করি, ভাহা হইলে বুঝা যাইবে এই আত্মীয়তার স্বরূপটি কি, এবং এই সম্বন্ধ কত নিকট। ইহাদের ক্লপে ও আক্রতিতে, ইহাদের দেহভঙ্গাতে, সর্ব্ধবিষয়ে ইহাদের সাদৃশ্য এত বেশী যে, মনে হয়, সবগুলি চিত্রই বুঝি একই শিল্পীর রচনা। শুধুই যে গৌড়মগধের শিল্পরীতিই সেখানে তাহার আপন প্রভাব বিস্তার করিয়ছিল, তাহাই নয়; সঙ্গে সঙ্গে মহায়ান বৌদ্ধার্ম্ম এবং মুর্ব্ভিতত্ত্বও গৌডমগধ হইতেই পাগানে প্রদার লাভ করিয়াছিল। কিন্তু দঙ্গে দঙ্গে এ কথাও মনে রাখা দরকার, এই প্রদারের মাত্রা খুব বেশী নয়; এই ধর্মকে সমগ্র জনদাধারণ কিংবা রাজবংশ একান্ত করিয়া আপনাদের ধর্ম বলিয়া গ্রহণ করে নাই। জনসমষ্টির একটি ক্ষদ্র অংশের মধ্যেই এই ধর্ম্মের প্রভাব আবদ্ধ ছিল বলিয়া মনে হয়, এবং তাহা বিশেষভাবে ভারতীয় ঔপনিবেশিকদের মধ্যেই। খুব কম সংখ্যক মূর্ত্তি যে পাওয়া গিয়াছে, তাহাই এ কথার একটি প্রমাণ। তাহা ছাড়া, এ প্রভাব বেশী দিন স্থায়ীও হয় নাই ; কারণ, ত্রয়োদশ শতাব্দীর পর ত্রন্মদেশে আমরা আর কোন মহাধান ধর্মের দেবদেবীর মূর্ত্তি পাই নাই বলিলেই চলে।

শ্রীনীহাররঞ্জন রায়

Buddhist and Brahmanical Sculptures in the Dacca Museum—Bhattasali, Plates I (figs a, c. d.) and II (figs a and b).

হিন্দুগণিতে প্রস্তার ও সংযোগ-বিধি

হিন্দুদিগের গণিতশাস্ত্র অতি প্রাচীন; এমন কি, বৈদিক সাহিত্যেও ইহার বিশিষ্ট স্থান রহিয়াছে। বেদাক জ্যোতিষ (১২০০ এই-পূর্ব্ধ) বেদাকের অস্তর্ভুক্ত সকল শাস্ত্রের মধ্যে গণিতকে শ্রেষ্ঠ আসন দিয়াছে, বেদাক জ্যোতিষ বলিতছে—"যেমন ময়ুরদিগের মস্তকে শিখা, নাগসমূহের শিরে মণি, তেমন বেদাকের অস্তর্গত শাস্ত্রসকলের শার্রস্থানে রহিয়াছে গণিত।" ইজনদিগের নিকট গণিত বিশেষ সমাদর লাভ করিয়াছিল, তাহাদিগের ধর্ম্মগ্রন্থেও গণিতের আলোচনা লিপিবদ্ধ রহিয়াছে। জৈনদিগের ধর্ম্মগ্রন্থ চারি শাখায় বিভক্ত, তাহাদিগকে 'অমুযোগ' অর্থাৎ বিধিনিয়মের বিশ্লেষণ আখা দেওয়া ইইয়াছে। এই চারিটি শাখার মধ্যে একটির নাম 'গণিতামুযোগ' অর্থাৎ গণিতের বিধিগুলির ব্যাখ্যা, ইহা জৈননিগের শিক্ষার একটি প্রধান বস্ত ছিল। বৌদ্ধদিগের ধর্ম্মসাহিত্যেও গণিতকে শ্রেষ্ঠ কলা বলিয়া অভিহিত্ত করা ইইয়াছে। ওই সকল উল্লেখ হইতেই অবগত হওয়া যায় যে, প্রাচীন ভারতে গণিত শাস্ত্রের অমুণীলন কতটা সমাদৃত ইইয়াছিল। কিন্ত ছঃথের বিষয়, এই-জন্মের পূর্বের শতান্ধীর রচিত গণিতগ্রন্থ এখন একখানিও পাওয়া যায় না, দেই সময়ের গণিতের প্রিচয় এখন কেবল জৈন ও বৌদ্ধ ধর্মগ্রেছে লিপিবদ্ধ গণিতামুণীলন হইতে লাভ করা যায়।

ৈ কিনদিগের একটি ধর্মগ্রন্থের নাম স্থানাক্ষত্ত্ব, উহা গ্রীষ্ট-জন্মের তিনশত বর্ষ পূর্বের সময়ে রচিত; উহাতে হিন্দুগণিতের আলোচ্য বিষয় নিমে'ল্লিখিত দশবিধ বলা হইয়াছে,—পরিকর্মা, ব্যবহার, রক্ত্র, রাশি, কলাসবর্গ, যাবৎতাবৎ, বর্গ, ঘন, বর্গবর্গ ও বিকল্প।" শেষোক্ত বিকলই প্রস্তার ও সংযোগ, ইংরেজিতে যাহাকে permutation ও combination বলো। অনেকগুলি ভিন্ন ভিন্ন বস্তু থাকিলে, তাহাদিগকে অথবা তাহাদিগের মধ্যে কোন নির্দিষ্ট সংখ্যক বস্তুকে, কত প্রকারে সাজান যাইতে পারে, তাহা জানিতে স্কভাবতঃই

বেদাঙ্গ জ্যোতিব, 8;—যথা শিখা ময়ৢয়াগাং নাগানাং মণয়ো যথা।
 তছবেদাঞ্লায়োগাং গণিতং য়ৢয়নি স্থিতয় ।

২ বিনয়পিটক, চতুর্থ থতা, পূ ৭; মজ বিধনিকায়, প্রথম থতা, পূ ৮৫; কুল্লনিদ্দেশ, পূ ১৯৯।

ও প্র, ৭৪৭, পরিকশ্ম ববহারো রজ্জুরাশি কলাসবল্লে ব।

কৌতৃহল জন্মে, এবং তাহা বিশেষ প্রয়োজনীয়ও হইয়া থাকে। ভিন্ন বিশ্বর ক্ষর ক্ষর-পশ্চাতের প্রতি দৃষ্টি রাথিয়া ভিন্ন ভিন্ন প্রকারে সাজানকে তাহাদের permutation ধা প্রস্তার বলে; ভিন্ন বন্ধর অগ্রপশ্চাতের প্রতি দৃষ্টি না রাথিয়া ভিন্ন ভিন্ন সমষ্টি গঠনকে তাহাদের combination বা সংযোগ বলে।

প্রাচীন জৈনেরা প্রস্তার ও সংযোগকে 'বিকল্পগণিত' আখ্যার অভিহিত করিয়াছিলেন এবং উপ্তার আলোচনাকে গণিতে বিশিষ্ট স্থান দিয়াছিলেন। স্থানাঙ্কম্বত্র এই বিকল্প বা ভঙ্গগণিতকে অতি স্থন্ধ বলিয়াছেন, এইস্থানে টীকাকার বলিতেছেন যে, যদিও প্রস্তার ও সংযোগ বস্তুতঃ গণিতের অস্তুভুক্তি, তথাপি উহাদের বিশেষ প্রয়োজনীয়তার নিমিত্ত পুথগালোচনা হইয়াছে। স্তাক্ষতাসম্বত্যের (৮৬২ খ্রীষ্টাব্দ) টীকাকার শীলান্ধ তিনটি শ্লোক উদ্ধৃত করিয়া প্রস্তার ও সংযোগ বিধি বুঝাইয়াছেন, সেইগুলি অধুনা-প্রাপ্ত কোনও গণিত গ্রন্থে পাওয়া যায় না; মনে হয়, তাহা লোপ পাইয়াছে। এই ভক্ষ বা বিকল্পগণিত জৈনদিগকে এমন আরুষ্ট করিয়াছিল যে, উংহারা গণিতের এই বিষয়ে তাঁহাদের জ্ঞান বহুক্ষেত্রে নিয়োগ ক্ৰিয়াছিলেন। ভগবতীস্থত্তে (গ্ৰীষ্ট-পূৰ্ব্ব ৩০০) এই বিষয়ের অনেক উদাহরণ লিপিবন্ধ আছে। ন সংখ্যক মূল দার্শনিক বিধিকে একবারে একটি লইয়া (একক সংযোগ), একবারে ছুইটি লুইয়া (দ্বিক সংযোগ), একবারে তিনটি লুইয়া (ত্রিক সংযোগ) অথবা একবারে তদপেক্ষা অধিক সংখ্যক লইয়া কত রকম দার্শনিক বিধির সমষ্টিতে সাজাইতে পারা যায়, এই বিষয়ে আলোচনা ৰহিয়াছে; " এইরপভাবে বিভিন্ন করণগুলিকে কত প্রকার সমষ্টিতে সাজাইতে পারা যায়; * কতকগুলি স্ত্রী, পুরুষ ও নপুংসক জাতীয়কে এক, তুই বা তদপেক্ষা অধিক লইয়া কত প্রকার দলে গঠিত করা যায় এবং আরও অহান্ত বস্তুর প্রস্তার ও সংযোগ সম্বন্ধে আলোচনা রহিয়ছে। " এই সকল বিষয়ে লব্ধফল একেবারে নিভূল এবং আধুনিক প্রণালীতে নিম্নলিথিত ভাবে লিপিবদ্ধ করা যায়.—

৪ প্রস্তার ও সংযোগ-বিধির এইরাণ আদর প্রাচীন হিন্দুলেখকগণও দেখাইয়াছেন। তাঁহারা দর্শন, চিকিৎসা, জ্যোতির ও ছলের ক্ষেত্রে এই বিকলগণিতের বাবহার করিয়াছেন।

ভগবতীস্ত্র, স্ত্র ৩১৪

 ^{₫.} ые

৭ বু ৸8 (৯০৪**১**)

৮ ঐ ১।৩২ (হু ৬৭১-৩৭৪) ; अधूबीপপ্রজ্ঞপ্তি, ইঁ০।৪।৫, অমুযোগৰারত্ত্র ৭৬, ১২, ১২৬।

্রিথানে $^{-1}$ স $_{\overline{q}}=$ ন সংখ্যক বস্তুর একবারে র সংখ্যক লইয় সমষ্টি, $^{-1}$ প $_{\overline{q}}=$ ন সংখ্যক বস্তুর একবারে র সংখ্যক লইয়া প্রস্তার অর্থাৎ সাজান।

ভগবতীস্থ এইরূপভাবে এক, তুই, তিন ও চারটি সংখ্যার প্রস্তার ও সংযোগ ফল দিয়া বলিতেছে, "এই নিয়মে পাঁচ, ছয়, দাত, আট, নয়, দশ প্রভৃতি সংখ্যক ও অসংখ্য বস্তুর একবারে একটি, একবারে তুইটি, একবারে তিনটি অগবা আরও অধিক লইয়া সমষ্টি বা সংযোগ করা যাইতে পারে।"

পূর্বেই বলা হইয়াছে যে, টীকাকার শীলাঙ্ক প্রস্তার ও সংযোগ সম্বন্ধে তিনটি স্থ্র উদ্ধৃত করিয়াছেন; '° উহার তুইটি সংস্কৃত, একটি অর্জ্বনাগধীতে রচিত। এ পর্যান্ত অর্জ্বনাগধীতে লিবিত কোনও গণিত প্রন্থ পাওয়া যায় নাই, স্কৃতরাং উহা যে লোপ পাইয়াছে এবং এককালে বর্ত্তমান ছিল, তাহাতে সন্দেহ নাই। সংস্কৃত স্থ্র তুইটিও অধুনা-প্রাপ্ত কোনও প্রস্থেহ নাই। ইহাতে প্রমাণিত হয় যে, একথানি অর্জ্বনাগধীতে লিথিত এবং অন্ততঃ একথানি সংস্কৃতে লিথিত প্রাচীন গণিত প্রস্থ অধুনা নন্ত হইয়া গিয়াছে। শীলাঙ্ক যে তিনটি স্থ্র উদ্কৃত করিয়াছেন, তাহার প্রেমাটিতে নির্দিষ্ট সংখ্যক দ্রবাকে কত প্রকারে সাজাইতে পারা যায়, তাহাই বলা হইয়াছে (ভেদসংখ্যাপরিজ্ঞানার) ' শ এক হইতে আরম্ভ করিয়া নির্দিষ্ট সংখ্যা পর্যান্ত পরস্বপর গুণ করিয়া যে রাশি হয়, তাহাই বিকল্পগণিতে বাঞ্ছিত ফল।" অর্থাৎ যদি ন সংখ্যক বিভিন্ন দ্রব্য দেওয়া থাকে, তাহা হইলে উহাদিগের সকলগুলি লইয়া প্রস্তার-সংখ্যা হইবে ১.২.৩. · · · · · (ন—১). (ন—২)।

[»] ঐ ৮I১ (স্—৩১৪), এই অর্দ্ধাগধী স্ত্রের সংস্কৃত অমুবাদ—

[&]quot;এবম্ এতেন ক্রমেণ পঞ্চষট ্ সপ্ত যাবৎ দশ সংখোল্লানি অসংখোল্লানি অনস্তানি চ ক্রবাণি ভণিতব্যানি এককসংযোগেন দ্বিকসংযোগেন ত্রিকসংযোগেন যাবৎ দশসংযোগেন উপযুজ্য যথা যথা সংযোগ উত্তিষ্ঠপ্তি তে সর্বে ভণিতব্যা------।"

১০ শীলাছ-কৃত প্রকৃতাঙ্গপ্তের চীকা, সময়াধায়ন, অমুবোগৰার, সু: ২৮।

১১ একাদা। গচছপর্যস্তাঃ পরম্পার সমাহতাঃ । রাশয়ন্তছি বিজ্ঞেয়ং বিকলপণিতে কলম ।

জবশিষ্ট ছুইটি স্থ্যে ভিন্ন ভিন্ন প্রস্তার-সংখ্যা অবগত হওয়া বায়। একটি বথা,—
"গণিতেহস্তাবিভক্তে তু লব্ধং শেবৈবিভাজয়েৎ।
আদাবস্তে চ তৎ স্থাপাং বিকল্পগণিতে ক্রমাৎ॥"

অর্থাৎ সম্পূর্ণ প্রস্তার-সংখ্যাকে শেষ সংখ্যা দিয়া ভাগ করিয়া যে ভাগফল থাকিবে, তাহাকে অবশিষ্ট সংখ্যা দিয়া ভাগ করিবে। তারপর বিকল্পগণিতে এক হইতে আরম্ভ করিয়া সংখ্যাগুলি পরপর সাঞ্জাইয়া রাধিতে হইবে।

অর্দ্ধমাগধী শ্লোকটি এইরূপ,—

পুকামুপুকি হেট্টা সমগতে এণ কুণজহাজেখম্। উপরিমতুলং পুরত নদেজ্ঞ পুকারুন্মো দেদে॥

এত প্রাচীন কালে পৃথিবীর অন্ত কোনও স্থানের গণিত গ্রন্থে প্রস্তার-সংখ্যা বাহির করিবার এইরূপ বিশদ আলোচনা লিপিবদ্ধ হওয়ার কোনও প্রমাণ পাওয়া যায় না। হেমচন্দ্র (১০৮৯ খ্রীষ্টাব্দ) তদ্রচিত অন্থযোগদ্বারস্থতের ৯৭ স্থতের টীকায় এই নিয়মই উদ্ধৃত করিয়াছেন। ইহা হইতে এই স্থির দিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, হিন্দুগণ খ্রীষ্ট-পূর্ব্ব তৃতীয় বা চতুর্থ শতাব্দীতে প্রস্তার ও সংযোগ-বিধির বিশদ ব্যাথ্যা প্রাদানে সমর্থ হইয়াছিলেন। স্মতরাং

অধ্যাপক ডক্টর ডি ই শ্বিথ যে তদ্রচিত গণিতশাস্ত্রের ইতিহাসের দ্বিতীয় থণ্ডে (পৃ ৫২৫) দিথিয়াছেন—"ভাস্কর দীগাবতী গ্রন্থে ইহার আলোচনা করিবার পূর্বে হিন্দ্রগণের দৃষ্টি এই বিষয়ে আরুষ্ট হয় নাই"— ইহা সম্পূর্ণ ভ্রাস্ক।

পৃথিবীর অন্তত্ত এই বিষয়ের প্রথম আলোচনা হয় চীনদেশে। সেধানে পুরাতন I-king গ্রন্থে প্রস্তার সম্বন্ধে কিছু কিছু আলোচনা লিপিবদ্ধ আছে। এ বিষয়ে গ্রীক্ লেখকেরা অধিক মনোযোগ দেন নাই। খ্রীষ্ট-পূর্ব্ব ৩৫০ সালে জেনোক্রেটেস নামক একজন দার্শনিক প্রস্তার-বিধির একটি নিদর্শন দিয়াছিলেন। ১৭ ক্রিসিল্ল নামে আর একজন দার্শনিক (২৮০ + ২০৭ খ্রীষ্ট-পূর্ব্ব) ও হিপার্কাদ নামক একজন গণিতজ্ঞ (১৪০ খ্রীষ্ট-পূর্ব্ব) প্রস্তার-বিধির আরও ছুইটি নিদর্শন লিপিবদ্ধ করিয়াছেন। কিন্তু গ্রীক নেথকদিগের মধ্যে কেছই সংযোগ-বিধির কোনও উল্লেখ করিয়াছেন বলিয়া প্রমাণ নাই। > ত লাতিন লেখকদিণের মধ্যে বিথিয়াস্ (Bæthius) ৫১০ এটিকে সংযোগ-বিধির একটি নিনর্শন দিয়াছিলেন, ন সংখ্যক জ্রব্যের একবারে ছুইটি করিয়া লইলে সমষ্টি কত হইবে, তাহাই তিনি দেখাইয়াছিলেন। মধ্যবুগে ইছদি লেখকগণ গণিত-জ্যোতিষের আলোচনা প্রদক্ষে এই বিষয়ে বিশেষ মনোযোগ দিয়াছিলেন। এজরা নামক পণ্ডিত (১১৪০ খ্রীষ্টাব্দে) গ্রহযুতিবিচারকালে সংযোগ-বিধির আলোচনা করিয়াছিলেন। শনিগ্রহ অপরাপর জ্ঞাত গ্রহগুলির একবারে তুইটি, তিনটি, অথবা তদপেক্ষা অধিক দংখ্যক লইয়া কতপ্রকারে যুত হইতে পারে, তিনি তাহার নিদর্শন দিয়াছিলেন। তিনি জানিতেন যে, সাতটি দ্রব্যের একবারে ছইটি করিয়া লইয়া সংযোগ-সংখ্যা, পাঁচটি করিয়া লইলে যে সংযোগ-সংখ্যা হইবে তাহার সমান; এইরূপে তিনটি করিয়া লইলে অথবা চারিটি করিয়া লইলে সংযোগ-সংখ্যা একই হইবে এবং ছয়টি করিয়া লইলে অথবা একটি করিয়া লইলেও সংযোগ-সংখ্যা সমান হইবে। তিনি কোনও সাধারণ নিয়ম লিপিবন্ধ করেন নাই, তবে ন সংখ্যক দ্রব্যের একবারে র সংখ্যক লইলে সংযোগ-সংখ্যা কি হইবে, তাহা তিনি অবগত ছিলেন। ^{> ®}

স্থানাক্ষ্য প্রভৃতি প্রাচীন গ্রন্থনমূহে গণিতের যে দকল বিষয় আলোচিত হইয়াছিল, দে দকল বিষয়ই পরবর্ত্তী কালের ব্রাহ্মস্ফ্র্টিসিদ্ধান্ত প্রভৃতি গণিত গ্রন্থের অন্তভূতি হইয়াছিল। ব্রহ্মগুপ্তের মতে গণিতে ব্যবহারের আটটি বিষয় আছে, তন্মধ্যে মিশ্রক্ট অর্থাৎ ক্রেয়বিক্রয় ও

১২ গাউ (Gow), গ্রীক্গণিতের ইতিহাস, পু ৭১, ৮৬।

১৩ ডি ই স্মিধ, গণিতশাস্ত্রের ইতিহাস, ছিতীয় থও, পৃ ৫২৪।

^{58.} व व व व व व रहा

প্রস্তার-শংযোগ প্রধান। ব্রাক্ষক্ট্রনিক্ষান্তের (৬২৮ খ্রীষ্টান্কে) পর শ্রীধরের ত্রিশতিকার (৭৫০ খ্রীষ্টান্কে) এবং মহাবীরের গণিতদারদংগ্রহে (৮৫০ খ্রীষ্টান্কে) প্রস্তার ও সংযোগ সম্বন্ধে আলোচনা রহিয়াছে। কিন্ত পরবর্ত্তীকালে ভাস্করাচার্য্যের লীলাবতী গ্রন্থের গণিত বিভাগে (১৯৫০ খ্রীষ্টান্কে) প্রস্তার ও সংযোগ বিষয়ের সবিস্তার আলোচনা হইয়াছিল। লীলাবতী গ্রন্থের চতুর্থ অধ্যান্তের ষষ্ঠ পরিচেছনে ও ত্রয়োদশ অধ্যায়ে প্রস্তার ও সংযোগ সম্বন্ধীয় অনেকগুলি প্রশ্নোন্তর রহিয়াছে, তাহা বিশেষ প্রণিধানযোগ্য। সেই স্থানে ভাস্কর গায়ত্রীছন্দের ছই বা তদ্ধিক বাক্যাংশ লইয়া প্রস্তার-সংখ্যা বাহির করিয়াছেন, নানাবিধ স্বাদ ও গন্ধের ছই বা তদ্ধিক লইয়া সংযোগসংখ্যা বাহির করিয়াছেন। ইহা হইতে প্রমাণিত হয় যে, ভাস্কর ন সংখ্যক বস্তু র সংখ্যা লইয়া কি প্রস্তার সংখ্যা হয়, তাহা জানিতেন, অর্থাৎ ন্ধ্

জানিতেন। তিনি আরও জানিতেন যে, ন সংখ্যক বিভিন্ন বস্তার প্রাত্তাক বারে র সংখ্যক লইলে ন $\frac{1}{3} = \frac{1}{3} \frac{(n-3)(n-3)\cdots(n-3+3)}{3}$ হইবে।

হিন্দুগণিতে প্রস্তার ও সংযোগ-বিধির মোটাম্ট ইতিহাস দেওয়া হইল। অনেকগুলি ভিন্ন ভিন্ন বন্ধ থাকিলে, তাহাদিগকে অথবা তাহাদিগের মধ্যে কোন নির্দিষ্ট সংথ্যক বস্তকে, কত প্রকারে সাজাইতে পারা বায়, তাহা জানিবার কৌতুহলের সঙ্গে সহজেই আসিয়া থাকে এবং এই কৌতুহলের সঙ্গে সঙ্গে হিন্দুদিগের সেই সাজাইবার প্রণালীর জ্ঞানও যে সর্ব্ব প্রথমে জনিয়াছিল, ইহাই এই প্রবন্ধের প্রতিপাদ্য বিষয়।

শ্রীস্থকুমাররঞ্জন দাশ

তিৰতী ভাষায় কয়েকটি বৌদ্ধগান

পঁচিশ শত বৎসর পূর্ব্বে ভগবান তথাগত যে সদ্ধর্ম প্রচার করিলেন, তাঁহার মৃত্যুর করেক শতাব্দীর মধ্যে যাহা হীন্যান ও মহাযান—এই তুই বিরাট, সম্প্রাদায়ে এবং অন্তান্ত নানা ক্ষুদ্র-বৃহৎ শাধায় ভাগ হইয়া গেল, দীর্ঘ শতান্দীর মধ্যে তাহা কোন পরিণতি লাভ কঙিল, কোন পথে সেই অনাত্মবাদী মূর্ত্তিপূজাবিরোধী ধর্ম শত শত দেবদেবীকে আশ্রয় করিল, দে কি এদেশ হইতে একেবারেই লুপ্ত হইয়া গেল—কোন চিহ্নই রাখিয়া গেল না—বিংশ শতাব্দীর প্রথম দশকে এই প্রশ্ন উতিহাসিকদিগের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল; বৌদ্ধধর্মের শেষদিক্কার ইতিহাসটা ঠিক বোঝা যাইতেছিল না। ঠিক এই সময়ে বাংলা ভাষাতত্ত্ববিদগণের মনে আর একটা সমস্তা জাগিয়াছিল; শৃত্যপুরাণ, ধর্মমঙ্গল, বৈষ্ণব পদাবলী প্রভৃতি কোনটিতেই বাংলা ভাষার আদিম রূপ পাওয়া যায় না; তবে কি এই ভাষার জন্মরহস্ত চির্নিনই অভেদ্য যবনিকায় আরত থাকিবে ? এমন সময়ে বঙ্গীয়-সাহিত্য পরিষদ তুইখানি গ্রন্থ প্রকাশ করিলেন—পুজনীয় আচার্য্য মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের সম্পাদিত "হাজার বছরের পুরান বাঙ্গালায় বৌদ্ধগান ও দোহা" এবং শ্রীযুক্ত বসস্তব্ধন রায় বিশ্বদ্বলভ মহাশয়ের সম্পাদিত চণ্ডীদাসের "শ্রীক্রফণীর্তন"। বাংলা ভাষার ইতিহাসে এই ছুইখানিই অমূল্য গ্রন্থ; এক্লিফাকীর্ত্তন চতুর্দশ শতকের বাংলার রূপ কি ছিল দেখাইল; বৌদ্ধগান ও দোহার যে অংশ বাংলা বলিয়া ভাষাতত্ত্ববিদগণ স্বীকার করিয়াছেন, তাহা বাংলা ভাষার জন্মকালকে আরও কয়েক শতান্দী পিছাইয়া লইয়া গেল এবং এই ভাষার বনিয়াদিয়ানার অধিকার পাকা করিয়া দিল, বৌদ্ধগান ও দোহায় লুই ও অহ্যান্ত সিদ্ধাচার্য্যগণের যে চর্য্যাপদগুলি পাওয়া গেল, সেগুলি বাংলার প্রাচীনতম রূপ দেখাইল।

এত' গেল বাংলাভাষার দিকের কথা। বৌদ্ধগান ও দোহা আমাদের আর একটা নৃতন জিনিস দিল, আমাদের চক্ষুর সম্মুখে আর একটা নৃতন জগৎ প্রকাশিত করিল। তাহার সাহায়ে বৌদ্ধধর্মের শেষ পরিণতির ইতিহাস কিছু কিছু আমরা বুকিতে পারিলাম। ভগবান বুদ্ধের ধর্ম্ম কোন্পথে বীভৎস তান্ত্রিক আচার-বিচারে পরিণত হইয়াছিল, এই তান্ত্রিকতার মতবাদটি কি, তাহার কিছুটা ধরা গেল। বেণ্ডেল সাহেবের স্থভাবিতসংগ্রহ, শান্ত্রী মহাশয়ের বৌদ্ধগান ও দোহা ও আরও হ'একটা ছিন্ন পুথির অংশ ঐতিহাসিকগণের নিকট অমূল্য হইয়া উঠিল; এইগুলিই সে যুগের বৌদ্ধধর্মের ইতিহাস আলোচনার একমাত্র উপাদান হইল।

পুজনীয় শান্ত্রী মহাশন্ন অনেক নৃতন কথা শুনাইলেন; কথাশুলি অন্তুত ঠেকিল, ঠেকিবার কথাই বটে।

শাস্ত্রী মহাশয় বৌদ্ধগান ও দোহার ভূমিকার শেষে লিথিলেন, "স্কুতরাং মুসনমান বিজয়ের পূর্বের্ব বাংলা দেশে একটা প্রবল বাঙ্গালা সাহিত্যের উদর হইরাছিল। তাহার একটা ভ্রমাংশ মাত্র আমি বাঙ্গালী পাঠকের কাছে উপস্থিত করিতেছি। ভরদা করি, তাঁহারা যেরপ উদাম সহকারে বৈষ্ণব সাহিত্য ও অক্সান্ত প্রাতীন সাহিত্যের উদ্ধার করিরাছেন, ঐরপ উৎসাহে বৌদ্ধ ও নাথ সাহিত্যের উদ্ধার সাধন করিবেন। ইহার জন্ত তাঁহাদিগকে তিবরতী ভাষা শিথিতে হইবে, তিব্বত ও নেপালে বেড়াইতে হইবে, কোচবিহার, ময়ুরভঙ্গ, মনিপুর, দীলেট প্রভৃতি প্রান্তবর্তী দেশে ও প্রান্তভাগে ঘুরিয়া গীতি, গান ও দোহা সংগ্রহ করিতে হইবে। ইহাতে অনেক পরিশ্রম হইবে, অনেকবার হতাশ হইরা ফিরিতে হইবে। কিন্তু যদি সংগ্রহ করিতে পারেন, তবে দেখিতে পাইবেন যে, যাঁহারা এ পর্যাপ্ত কেবল আপনাদের কলঙ্কের কথা কহিয়া গিয়াছেন, ভাহারা একেবারেই সভ্য কথা কহেন নাই।"

বাংলার আদি খুঁজিতে হইলে, তিব্বতে দেখিতে হইবে, এ কথাটা নৃত্নই বটে; কিন্তু কথাটা যে কতথানি সত্য, তাহা এতদিন পরে বোঝা যাইতেছে।

তেঙ্গুরের একটা অংশে অনেকগুলি গীতিকার তিববতী অনুবাদ পাওয়া যায়। ইহাদের মূল ভাষা কি ছিল, তাহা আজ বলা চঃলাধ্য; কিন্তু ইহাদের একটিও যে অন্ততঃ বাংলা ছিল, তাহার প্রমাণ পাওয়া গিয়ছে। কিছুদিন পূর্কে আমরা Indian Historical Quarterlyতৈ "তত্ত্বভাবদৃষ্টিগীতিকাদোহা" নামক লুইপাল-কত একটি দোহার তিববতী অনুবাদ ও শাস্ত্রী মহাশমকর্ত্বক আবিষ্কৃত বাংলা মূলের তুলনামূণক আলোচনা করিঘাছিলাম; ইহাতে অন্ততঃ এইটা প্রমাণ হয় যে, প্রায় হাজার বহর আগেও বাংলা ভাষার এমন একটি গৌরব ছিল যে, বাংলা দোহা তিববতীতে অনুদিত হইত। এই একটি দোহার নজীরে তেঙ্গুরের এই অংশের অন্তান্ত গীতিকা ও দোহামগ্রহগুলির ভাষাও বাংলা বলিয়া ধরিয়া লওয়া যায় কিনা, ঠিক বলিতে পারি না। হয়ত' হইতে পারে, হয়ত' বা নাও হইতে পারে। শাস্ত্রী মহাশ্য অবশ্রু ধরিয়া লইয়ছেন, সেগুলার ভাষা বাংলা। যদি বৌদ্ধগান ও দোহার মত অন্ত কোন সংগ্রহ এবং তেঙ্গুরের এই অংশে তাহাদের তিববতী অনুবাদ আমরা কোন দিন পাই, তবেই এ বিষয়ে নিশ্চিত হওয়া যায়। এরূপ সংগ্রহ যে আরও অনেক আছে, তাহার সন্ধান আমরা পাইয়াছি। আচার্য্য দিলভাঁয় লেভি আমাদের জানাইয়াছেন যে, নেপালের রাজ দরবারের প্রস্থাগারে আরও কয়েকটি দোহাকোষ আছে। সেগুলার জন্ম কেথাও হইয়াছিল, কিন্তু এখনও কোন সংবাদ পাওয়া যায় নাই। যদি কোন দিন কেহ এগুলাকে উদ্ধার করিতে পারেন, তবে আশা করা যায়, অনেক নৃতন কথা আমরা শুনিতে পাইব।.

এই গীতিকাগুলি সহজ্যানের গ্রন্থ; মহাযানের শেষ পরিণতি বজ্রধান, সহজ্যান। ইহাদের দার্শনিক মতবাদ যে কি ছিল, বলা হন্ধর; কারণ এই মতের অতি অল্প ক্রেকথানি গ্রন্থই আমরা এখন পর্যান্ত পাইরাছি। তবে এ কথা বলা যায় যে, খাঁটি বাংলাভাষার ও বাংলাদেশের mysticism-এর একটি আশ্চর্য্য রূপ ইহাদের মধ্যে পাওয়া গিয়ছে। সম্প্রতি শাস্ত্রী মহাশরের "অন্বয়বজ্রসংগ্রহ" Gaekwad's Oriental Series-এ প্রকাশিত হইয়ছে। তাহাতে কিছু কিছু সন্ধান পাওয়া যাইতেছে। তবুও বিষয়টা হর্ম্বোধ্যই রহিয়া গিয়ছে। তাহার উপর আর এক অম্ববিধা—একখানি প্রথির সাহায্যে গ্রন্থ সম্পাদিত হইলে, তাহাতে অনেক ক্রটি থাকিবার কথা; সম্পাদিত গ্রন্থজির অনেক অংশের এই কারণে অর্থ বোঝা যায় না। স্প্রতরাং বৌদ্ধধর্শের এই শেষ পরিণতির ইতিহাস রচনা এখনও সম্ভব নহে, রচিত হইলে তাহাতে বস্তু অপেক্ষা কল্পনাই বিশেষরূপে প্রকাশ পাইবে।

কিন্তু দে যুগে সহজ্ঞ্যানের অনেক গ্রন্থই তিব্বতীতে অনুদিত ইইয়াছিল; অনেক সময়ে মুলের ছর্বোধা অংশ তিব্বতী অনুবাদের সাহায্যে বোঝা যাইতে পারে। উদাহরণ স্বরূপ বলিতে পারি, অম্বয়বজ্রসংগ্রহের অনেকগুলি ভূল তিব্বতীর সাহায্যে সংশোধন করা যাইতে পারে—এটি আমরা দেখিয়াছি। বৌদ্ধগান ও দোহার অন্তর্গত হুফ্বভাচার্যপাদের ও সরহপাদের অপভংশ ভাষার দোহাকোষগ্রন্থ ছুইটির তিব্বতী অনুবাদের সাহায্যে প্রীযুক্ত শহিদউল্লাহ্ সাহেব পাঠের অনেক সংশোধন ও অর্থনির্ণয় করিতে পারিয়াছেন। অতি ছুর্বোধ্য যে ডাকার্ণর, তিব্বতী অনুবাদের সহিত মিলাইয়া তাগ্রার্থ কিছু কিছু অর্থগ্রহণ করা যাইতেছে। শাস্ত্রী মহাশেয় যে লাহোরে নিখিল ভারতীয় ভারতত্ত্ববিদ্গণের সম্মেলনীতে সভাপতিরূপে বলিয়াছেন, তিব্বতী অনুবাদ অত্যন্ত আক্ষরিক বলিয়া, তাহা বিশেষ কাজে আসেনা, এ কথা সত্য নহে; বরং এই গুণেই অনেক স্থলে অনুবাদ বিশেষ সহায়তা করিয়াছে।

মোটের উপর তিববতী ভাষার সহায়তা আমাদের লইতেই হইবে এবং সংস্কৃত ও অক্সান্ত অপভ্রংশ ভাষার মূলগ্রন্থের অভাবে তাহাদের তিববতী অনুবাদগুলির সহায়তা লইয়াই তবে সহজ্ঞ্যান, বজ্র্যানের ইতিহাস রচনা করিতে হইবে; কাজ্ঞটা সহজ্ঞ নয় সত্য, কিন্তু উপায় নাই। বিষয়টা ষে তিববতী অনুবাদের ভিতর দিয়া কি রূপ গ্রহণ করিয়াছে, তাহার উদাহরণ স্থরূপ এখানে তুইটি তিববতী গ্রন্থের আক্ষরিক অনুবাদ আমরা দিব।

তেঙ্গুরের "তন্ত্রবৃত্তি" (র্গুন) অংশে অনেকগুলি গীতিকা পাও। যায়, তাহার উল্লেখ পূর্ব্বেই করা হইয়াছে। (Cordier-এর Catalogue du Fonds Tibetain, Vol II. পৃ ২৩০ ফুষ্টবা)। ইহাদের মধ্যে ছইটি গ্রন্থের নাম "সহজ্ঞগীতি"ও "লুইপাদগীতি", "সহজ্ঞগীতি"র লেখক শাস্তিদেব; "লুইপাদগীতি"র লেখকের নাম গ্রন্থমধ্যে বা তেঙ্গুরের শেষে যে গ্রন্থভালিকা আছে, তাহার মধ্যে কোন

উল্লেখ নাই; তবে লুইপাদই যে গীতিকার, তাহা ধরিয়া লওয়া অসকত নছে; লেথকের নামে গীতের পরিচয়ের উদাহরণ ত্র ভ নহে। সহজগীতিকার শান্তিদেব যে কে ছিলেন, সে সম্বন্ধে নিঃসন্দেহে কিছু বলা যায় না। লুইপাদ সম্বন্ধে কিন্তু নানা আলোচনা হইয়া গিয়াছে, নানা গোকে তাঁহার সময়ের ভিন্ন ভিন্ন হিসাব দিয়াছেন। লুইপাদ আদি দিদ্ধাচার্য্য। তাঁহার সময় সম্বন্ধে আধুনিকতম মত প্রীযুক্ত বিনয়তোষ ভট্টাচার্য্য মহাশয়ের সাধনমালার ২য় থতের ভূমিকায় পাওয়া গেল; তিনি যে কেমন করিয়া লুইপদের সময় ৬৯৯ খ্রীষ্টান্দ ধরিয়াছেন, তাহা ঠিক বোঝা গেল না এবং ইহার স্বপক্ষে তিনি যেটুকু যুক্তি দিয়াছেন, তাহার সারবন্তাও ধরা গেল না। কিন্তু বর্ত্তমান প্রযন্ধে এ সম্বন্ধে বিশেষ আলোচনার প্রয়াজন নাই।

আদি সিদ্ধাচার্য্যের রচিত গ্রন্থ বলিয়া এই গ্রন্থটির একটি বিশেষ মূল্য আছে। কিন্তু সে মূল্য বে কতথানি, অমুবাদ পাঠ করিলে বোঝা যাইবে। শাস্ত্রী মহাশয় ইহাকে "বাঙ্গালা সন্ধীর্ত্তনের পদাবলী" বলিয়াছেন। চারিটি পদের সমষ্টিকে গ্রন্থ বলা চলে কিনা জানি না, পদাবলী বলিলেও বোধ করি, বেশী বলা হয়।

তুইখানি গ্রন্থই "গীতি"; অর্থাৎ এগুলি গানের জন্ম রচিত হইয়াছিল। প্রথম গ্রন্থ "সহজগীতির" মধ্যে যে কাব্যরস আছে, তাহা অন্ধুবানের মধ্যেও স্কুম্পষ্ট; কিন্তু দ্বিতীয় প্রন্থটি কতকটা স্তোত্রধরণের; দেবতার গুণবর্ণনাচ্ছলে তাঁহার সম্বন্ধে ক্ষেকটা কথা বলা হইয়াছে। তুইখানিই সহজ্যানের পূথি।

আমরা ছইটি গ্রন্থের মূল তিব্বতী পাঠের জন্ত বিশ্বভারতী-গ্রন্থাগারে রক্ষিত তেপুরের নারণাঙ সংস্করণ ব্যবহার করিয়াছি; লুইপাদের গ্রন্থটির পাঠের সহিত আমাদের ও এশিয়াটিক সোদাইটির তেপুরের পাঠও মিলান হইয়াছে, কিন্তু কোন প্রভেদ পাওয়া যায় নাই। উভয় গ্রন্থেরই বিবরণ Cordier সাহেবের Catalogue-এ ২৩০ ও ২০০ পৃষ্ঠান্ত পাওয়া যাইবে।

তিব্বতী মূল।
গ্যি গর' ক্ষদ' ছ।
স' হ' জ' গী' তি॥
বোদ' ক্ষদ' ছ।
শ্হন' চিগ' ক্ষোন' প'ই' মাু॥
ব্ল' ম' দম' প' ল' ফাগ' ছল' লো

5

ন্তোঙ' প'ই' নগদ' লদ' মে' তোগ' রব' র্গদা' প।
মে' তোগ' গচিগ' ল' ঋ' দোগ' ম্ম' ছোগদ' তে।
দপে' মেদ' মে' তোগ' স্কোদ' ন' ফোগদ' লদ' র্গাল।
রিন' থঙ' মেদ' প'ই' মে' তোগ' লোঙ' শিঙ' দঙ ॥

₹

ल्मः नः र्वं तः त्मनः ठिङः व्रवः 'नवः त्मन। व्यागमः नगः त्मत्रः थः गृङः भा^{*}देः त्काग्रामः जीनः न्यांकाम। नर्भः त्मनः ••• •••

গে সর' ব্লঙ্ক' পদ' দৃগ্যু' 'ফ্রুল' মথনা পো' য়িন।
দেশি জে' দবঙ' ফুাগ' ছোদ' কিয়' দব্যিঙদ' ল' মছোদ।
দপে মেদ •••

8

মছোগ' দঙ' দগ' ব্রলা নমা পরা বতর্গদা তে কুঙদ । ব্লামা দমা প'ই শব্দা ল' গুদা পদা মছোদ। দপো মেদ · · · · ·

ন ল' 'বোর' গ্যি' দবঙ' ফ্যুগ' শা স্ত' দে' বদ' মজদ' প' র্জোগদ সো।

> পুৰিভে আছে ভে।

२ वे २४।

বাংলা অনু বাদ

ভারতীয় ভাষায়

সহজগীতি।

ভোট ভাষায়

ল্ছন চিগ স্কোস প'ই গ্লা,।

সদগুরুকে নমস্বার।

শৃত্য বন হইতে ফুল ফুটিয়াছে;
একটি ফুলের বং বিচিত্র।
অমুপম পুষ্প জন্মিয়া সকলের উপর জয়ী হয়।
অমুণা পুষ্প, তুমি ওঠ॥ > ॥
তাহার মূল নাই, শাথাপালব নাই।
সঙ্গিগা, উন্তম ছিদ্রের দিখিজয় দেয়।
অমুপম পুষ্প ইত্যাদি॥ ২ ॥
কেশর লইয়া মায়াবী হয়।
বজ্রেশ্বর ধর্মধাতৃকে পুজা কয়।
অমুপম পুষ্প ইত্যাদি॥ ৩ ॥
উন্তম ও অপ্রিয় ইহাদের বিচার করিয়া গ্রহণ কর।
সদ্গুরুর চরণকে ভক্তির সহিত পুজা কয়।
অমুপম পুষ্প ইত্যাদি॥ ৪ ॥
বোগীশ্বর শান্তদেব-ক্বত সম্পূর্ণ॥

টাকা

>-- এই 'कृन' कि 'डिकीयकमन' ?

২—'উত্তম ছিদ্র' অর্থে 'শৃষ্ঠ'।

'কেশর' অর্থাৎ 'বিভৃতি' !

8—প্রথম পংক্তির মূলে দগ' ত্রল ইহার প্রাকৃত অর্থ 'নিরানন্দ'; এথানে শ্রের ও প্রেরের প্রেন্ডেদ করা হইরাছে।

তিববতী ভাষায় কয়েকটি বৌদ্ধগান

তিব্বতী মূল

लू वि প'रे गू।

সঙ্গ গ্ৰ্ম ল ফাগু 'ছল লো।

3

সেমদা চনা এেগনা মোঙদা গছঙ বদা দা তেওঁ বজোরা ব'ই ল্ছ। দো ল্ডানা য়ঙ বদো ছেনা ছুঙ ম'ই' লুদা মি 'দোর'। ক্যো ক্যো দপো মেদা ছুঙা মালা নি রবা ডু ছগদ। বঙ্গলাপাদপা মেদা মি 'এলা গ্ডো বো'ই' 'জিগা তেনি ল্ছ॥

२

শিনা তু' ডো' মছর' বহুদ' কিয় ছুড' মা দে' মি' শেন।
গশুন লস' খ্যদ' পর' 'ফগস' প'ই' গুরুগস' মছোগ' মঙ' ব'ই ল্ছ।
ক্যোক্যে কেয়

9

'বো' ব' বর্গা ফ্রন্গ' মঙ' পো' নদ' কি)[©]' থেবদ' ল' বস্কোর। দে' দগ' বদে' স্তের' ল্হ' নি' খমদ' গস্তম' মে' লোঙ' মিন। কো' কো ··· ·· ··

8

म এक म प्याप्त म अप प्राप्त का स्थाप्त का स्थापत का

পুথিতে আছে 'দের

৪ পুথিতে আছে খাদ · 'ৰূপদ 'গহ.গদ

পুথিতে আছে কিাস

হরপ্রসাদ-সংবর্জন-লেখমালা

न् षि भंदे मः र्जाग मरमा।

বাংলা অনুবাদ

লুইপাদ-গীতিকা।

বুদ্ধকে নমস্বার।

সন্ত ক্লেশের ঘারা তপ্ত, ভূতল মণ্ডলদেব
তাহা দেখিয়া মহাস্থবজায়ার দেহ ত্যাগ করেন না।
অহা অমুপম জায়ায়ুরক্ত,
অপরিমেয় করে(ও) অবিচ্ছিল্ল প্রভু, লোকেশ্বর ! ॥ > ॥
অত্যন্তুত কামজায়া, তাহাকে তিনি গ্রহণ করেন না;
অপর (সকল) হইতে বিশেষরূপে ভিন্ন (সেই) দেব পরমরূপবান্।
অহা অমুপমজায়ায়ুয়ক্ত ইত্যাদি ॥ ২ ॥
জগৎ বহুশতসহস্র ব্যাধিপরস্পরা ঘারা পরিবৃত;
তাহাদের (ভ্রীবগণের) স্থাদ দেব ত্রিলোকের আদর্শ।
অহো ইত্যাদি ॥ ৩ ॥
মতিরোহণ সমানভাবে (সকলের) অতুলা স্থা প্রার্থনা করেন।
থসর্পাদেব বহুজিনঞ্জাসমার।
অহো ইত্যাদি । ॥ ৪ ॥

টাকা

- ১। প্রথম শ্লোকের বিতীয় পংক্তির মূলে আছে দে লত ন অঙ—ইছার অর্থ 'তাহা দেখিয়া' করা হইরাছে; ইহার পরিবর্ত্তে দ' লত ন য়ঙ পাঠ গ্রহণ করিলে অর্থ হইবে 'এখনও'। শ্লোকের অর্থ কি জীবের হংশ দেখিয়াই দেবতা মহাস্থাকে আশ্রয় করিয়াছেন ? তাঁহার এই অমুপম জারামুরক্তি জগতের কল্যাণেরই জন্ম।
- ২। এই স্নোকের প্রথম পংক্তিতে 'কামজায়া' ও 'মহাস্থধজায়া'র প্রভেদ করা হইরাছে। কামজায়া অত্যাশ্চর্যা তবুও তিনি তাহাকে গ্রহণ করেন নাই।

৪। এই শ্লোকের প্রথম পংক্তির অর্থ স্থাপন্তি নহে; মতিরোহণ কে? এইখানে কি তিববতী অমুলিপিতে কোন ভূল আছে? বর্ত্তমান পাঠে প্রথম ও দ্বিতীয় পংক্তিরে মধ্যে কোন যোগ নাই। দ্বিতীয় পংক্তিতে ত থসর্পণ দেবের গুণবর্ণনা করা হইয়াছে। তিববতী মূলে আছে ক'র্শ'প'ন দেব; এরূপ কোন দেবতার অন্তিম্ব জানা নাই। তবে সংস্কৃত শব্দের তিববতী অমুলিপি অনেক সময়ে গোলমাল হইয়া যায়। মনে হয়, এই ক'র্শ'প'ন ও থসর্পণ দেব অভিয়। থসর্পণ দেবের সাধনা শ্রীযুক্ত বিনয়তোষ ভট্টাচার্য্য মহাশয় কর্তৃক সম্পাদিত সাধনমালার প্রথম থণ্ডে পাওয়া যাইবে (পু৫৪,৬৪)। থসর্পণ পৃতি বজ্রখানের দেবতা।

শ্ৰীঅনাথনাথ বস্ত্ৰ

প্রবন্ধে গৃহীত তিব্বতী অক্ষরের বাংলা অমুলিপি,—

প্রাচীন ভারতের রাজনৈতিক অবস্থ।

(গ্রীষ্ট-পূর্ব্ব বর্ষ শতাব্দীতে)

প্রাচীন বৌদ্ধ পালি গ্রন্থাদি হইতে বৃদ্ধদেবের সমসামন্ত্রিক ভারতবর্ষের রাষ্ট্রীয় অবস্থা সম্বন্ধে আনক সংবাদ আমরা জানিতে পারি। তথন দেশে একছত্র সমাট ছিল না। দেশ কতকগুলি খণ্ড খণ্ড রাষ্ট্রে বিভক্ত ছিল, এবং প্রত্যেক রাষ্ট্রের একজন করিয়া রাজা ছিলেন। এই রাজাদের এবং রাষ্ট্রগুলির মধ্যে পরম্পর যুদ্ধ-বিশ্রহ হইত। ইহাদের মধ্যে যিনি ক্ষমতাবান, তিনি অপরের রাজ্য অধিকার করিয়া নিজের রাজ্য বিস্তার করিতেন, এবং এইভাবেই এক একটা অপেক্ষাকৃত বড় রাজ্য গড়িয়া উঠিত! কিন্তু সেই রাজা বেণী দিন স্থায়ী হইতেন না। তাহার এক কারণ, ক্ষমতাবান্ রাজার বংশধরেরা প্রায়ই হইতেন হুর্বেল ও অক্ষম, স্থতরাং রাজ্য রক্ষার এবং রাষ্ট্রপরিচালনার ক্ষমতা তাঁহাদের থাকিত না। দ্বিতীয়তঃ, প্রতিবেশা রাজ্যগুলি অপেক্ষাকৃত বৃহৎ রাজ্যগুলির ধ্বংস সাধনের জন্ম সর্ব্বধাই সচেষ্ট হইয়া থাকিত এবং স্ক্র্যোগ পাইলেই নিজেদের অধিকার প্রতিষ্ঠিত করিত। মহাপরিনিক্রাণস্থতে দেখিতে পাই—মগধরাজ অজাতসন্ত্র্ (অজাতলক্র) বেসালী (বৈশালী) রাজ্য আক্রমণের আয়োজন করিতেছেন এবং তাহা করিতে গিয়া তিনি বেসালীর প্রধান প্রধান রাজবংশের মধ্যে একটা বিবাদ ঘটাইয়া দিলেন। ইহা ছাড়া, তিনি শিচ্ছবিদের গণরাষ্ট্রকেও পরাজিত করিলেন।

প্রীষ্ট-পূর্ব্ব ৬ ছ শতাব্দীতে ভারতবর্ষে চারিটি প্রধান রাজ্য ছিল—মগধ, কোসন (কোশন), বচ্ছ (বৎস) এবং অবস্তী। প্রতিবেশী ত্র্বল রাজ্যগুলি অধিকার করিয়াই এই চারিটি রাজ্য নিজেদের অধিপতা প্রতিষ্ঠা করিয়াছিল।

মগধের রাজধানী ছিল রাজগহ (রাজগৃহ), এবং রাজা ছিলেন নৃপতি বিথিনার। বিথিনার। বিথিনার বৃদ্ধদেবের সমসামন্ত্রিক ছিলেন এবং বৌদ্ধধেরের পুব অনুরাগী ছিলেন। তাঁহার পুত্র অজাতশক্র তাঁহাকে বন্দী করিয়া উপবাসে রাধিয়া হত্যা করেন এবং নিজে রাজা হন (সামঞ্ফলক্ষেন্ত, দীবনিকার, ১ম ভাগ)। অজাতশক্র বিদেহ রাজকুমারীর পুত্র ছিলেন (সামঞ্চলক্ষেন্ত)। কোশবের রাজা মহাকোশবের পুত্র প্রেনেজিতের সঙ্গে অজাতশক্রর এক যুদ্ধ ইরাছিল। সে যুদ্ধের উল্লেখ অনেক পালিপ্রাইই আছে (লাহিচ্চন্ত্র, দীবনিকার, ১ম ভাগ;

্রাচীন ভারতের রাজনৈতিক অবস্থা

ধন্মপদমট্ঠকথা, তর ভাগ; কোশনসংযুক্ত, সংযুক্তনিকার, ১ন ভাগ)। আসেনজিকের ভাগী কোশন দেবী বিশ্বিসারের মহিবী ছিলেন। তাঁহার বিবাহে বিশিনার সামীরাজ্যা বিভ্রুক পাইরাছিলেন। পূত্রের হাতে বিশ্বিসারের মৃত্যু হইলে, কোশন দেবী বানীশোকে প্রাণত্যাগ করেন; এবং অজাতশক্রম উপর ক্রুদ্ধ হইরা প্রসেনজিং উল্লোখিকার-স্থান্ত কাশীরাজ্য তাঁহার নিকট হইতে কাড়িয়া লন। ইহা লইরা হুই রাজ্যে যুদ্ধ বাবে; প্রথম অজাতশক্রই জন্নী হইরাছিলেন, কিন্তু পরে পরাজিত হইরা প্রসেনজিতের হাতে কন্দী হন এবং সন্ধি করিতে বাধ্য হন। সন্ধির স্থ্যাম্বারে প্রসেনজিতের কন্তা বজিরাকে তিনি বিবাহ করেন এবং কাশীরাজ্য যৌতুক স্বরূপ ফিরিয়া পান।

একবার উজ্জিনীর রাজা প্রদ্যোতের সঙ্গে অজাতশক্র যুদ্ধ বাধিবার উপক্রম হয়; ভীত হইয়া মগধরাজ রাজধানী রাজ্ঞগৃহ স্কর্ক্ষিত করেন (গোপকমোগ্ গলানস্ক্র, মজ্বিমনিকায়, তয় ভাগ)। কিন্তু সত্য সত্যই ইংলের মধ্যে যুদ্ধ বাধিয়াছিল কি না, এ সম্বন্ধে কোন ধবর পালিপ্রন্থে পাওয়া য়ায় না।

লিচ্ছবি-বজ্জিগণরাষ্ট্র এক সময়ে ঐশ্বর্য্যে, ক্ষমতায়, বিস্তারে মগধরাজ্যের সমকক্ষ ছিল, এবং ছই রাজ্যে খুব সম্প্রীতিও ছিল; কিন্তু বিশ্বিদারের মৃত্যুর পর অজাতশক্রর সক্ষে এই গণরাষ্ট্রের যুদ্ধ হয়। লিচ্ছবিরা যুদ্ধে পরাজিত হয় বটে, কিন্তু অজাতশক্র ইহাদের সংঘরাষ্ট্র-ব্যবস্থাকে ধ্বংস করিতে পারেন নাই (মহাপরিনিব্যাণস্থত, দীঘনিকার, দ্বিতীয় ভাগ; প্রম্থজ্জোতিকা, খুদ্দকপাঠ, রতনস্থত্ত)।

কোশলরাজ্যের রাজধানী ছিল শ্রাবন্তী, এবং রাজা ছিলেন প্রাদেনজিং। তিনিও বৃদ্ধদেবের পরমভক্ত ছিলেন। কিন্ত বোধ হয়, তিনি প্রথমে বৌদ্ধধর্মাবলম্বী ছিলেন না।
কোসলসংযুক্ত আছে যে, তিনি একবার এক স্বর্হং রজ্জের আম্মোজন করিয়াছিলেন।
প্রাদেনজিতের খুব ইচ্ছা ছিল—বিবাহস্থত্রে তিনি শাকাকুলের সঙ্গে আবদ্ধ হন; শাকাকুলপ্রধানেরা তাঁহার ইচ্ছা পূরণের জন্ম বাসবথন্তিয়া (বাসবক্ষত্রিয়া) নামে এক দাসী-কন্সাকে
তাঁহার কাছে প্রেরণ করেন। এই বিবাহের ফলে বিভূড়ভ নামে এক পুত্র জন্মগ্রহণ করেন;
তিনি শাকাদের এই চক্রাস্ত বৃন্ধিতে পারিয়া অত্যন্ত কুদ্ধ হইয়া ইংদের অনেককে হত্যা করেন।
অবন্তীরাজ্যের রাজা ছিলেন প্রাদ্ধাত এবং বংদরাজ্যের রাজা ছিলেন উদয়ন (সংযুদ্ধ,
হর্ষ ভাগ, সভায়তনসংযুত্ত, গহপতিবগ্রা)। বংদরাজ্যের রাজধানী ছিল কৌশম্বী এবং অবন্তিরে
রাজধানী ছিল উজ্জ্বিনী। অবন্তি ও কৌশম্বী রাজবংশ বিবাহস্থত্বে আবদ্ধ ছিল। ধন্মপদজাট্ঠকথার (১ম ভাগ, পু১৯২) রাজা উদয়ন ও রাজা প্রাদ্যাতের কন্সা বাসবদন্তার বিবাহের

বিস্তৃত উল্লেখ পাওয়া যায়। সড়ায়তনসংযুত্তে (সংযুত্ত, ৪র্থ ভাগ) রাজা উদয়নের বৌদ্ধ ধর্মাবলম্বনের বিস্তৃত বিবরণ আছে। প্রসিদ্ধ ভিন্দু পিণ্ডোলের উপদেশেই তিনি এই ধর্মে দীক্ষিত হন। অঙ্গুত্তরনিকায় (১ম ভাগ, মহাবগ্রা, পৃ ২১০) গ্রন্থে বৃদ্ধদেবের সমসাময়িক যোলটি মহাজনপদের উল্লেখ আছে—অঙ্গ, মগধ, কাশী, কোশল, বজ্জি, মল্ল, চেদি, বংশ, কুরু, পঞ্চাল, মংখ্য, শৃরসেন, অস্মক, অবস্তি, গাদ্ধার এবং কাম্বোজ। এই নামগুলি প্রাক্ততাক্ষে বিশেষ বিশেষ দেশের নাম নয়, বস্থতঃ জাতি বা জনগোষ্ঠী-বিশেষের নাম; মগধ বলিতে মগধ জাতিকেই ব্যাইত, কোন ভৌগোলিক সংস্থানকে নয়।

অঙ্গ এবং মগধরাজ্যের মধ্যদীমা ছিল চম্পা নদী। এই ছই রাজ্যের মধ্যোবিবাদ ছিল বলিরাই মনে হয়; কারণ, এক সময়ে অঙ্গ মগধরাজ্যের প্রাধান্ত স্বীকার করিত; অন্ত সময়ে মগধ অঙ্গরাজ্যের রাষ্ট্রীয় প্রভুত্বকে মানিয়া লইয়াছে (চম্পেয়-জাতক, জাতক চতুর্থ ভাগ)।

ভোজাজানীয়-জাতক (জাতক ১ম ভাগ) ইইতে জানা যায় যে, কাশীরাজ্য এক সময় খুব ক্ষমতাপন্ন ইইয়া উঠিয়াছিল। উহা ইইতে আরও জানা যায় যে, এক সময়ে সাতটি ছোট ছোট শশু রাজ্য একত্র ইইয়া কাশীরাজ্যের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছিল, কিন্তু পরাজিত ইইয়া অধীনতা স্বীকার করিতে বাধ্য হয়। অহা সময়ে কাশীরাজ্য মগধ, কোশল ও অঙ্গরাজ্যের উপরও আধিপত্য বিস্তার করিয়াছিল। কিন্তু গ্রীষ্ট-পূর্ব্ব ৬ গ্র্ড শতাকীতে ইহার আধিপত্য থব্ব ইইয়া এবং কাশীরাজ্য লইয়া কোশল এবং মগধরাজ্যের মধ্যে বিবাদের স্বাষ্টি হয় (সোণনন্দজাতক, জাতক ৫ম ভাগ)।

মিথিলার বিদেহজাতি ও বৈশালীর লিচ্ছবিরা মিলিয়া বজ্জিগণরাষ্ট্রের প্রতিষ্ঠা করিয়াছিল। ধন্মপদকট্ঠকথায় (২য় ভাগ, পৃ ৩০৬) উল্লেখ আছে য়ে, লিচ্ছবিদিগের সাত হাজার সাত শত সাত জন রাজা ছিলেন এবং একজনের পর একজন করিয়া রাজা হইতেন। অজাতশক্র এক সময়ে লিচ্ছবিদিগকে পরাজিত করিয়াছিলেন; কিন্তু তাঁহাদের রাষ্ট্র-ব্যবস্থা নষ্ট করিতে পারেন নাই। চুলসচ্চকস্থতে (মজ্বিমনিকায়, ১ম ভাগ) দেখিতে পাওয়া যায় য়ে, বজ্জি ও মল্ল একই সংঘত্তক ছিল। মল্লদের তুইটি প্রতিষ্ঠান ছিল—একটি কুশীনারায় আর একটি পাবায় (মহাপরিনিবরাণস্থত, দীবনিকায়, ১ম ভাগ)।

চেদি, কুরু, পঞ্চাল, মংস্থা, শ্রুসেন, অশাক, গান্ধার এবং কাম্বোজ রাষ্ট্রের তেমন কিছু প্রাধান্ত ছিল না। চুল্লকলিক-জাতকে (জাতক ৩য় ভাগ) কলিক-রাজের সঙ্গে অম্মক-রাজের মৃদ্ধের উল্লেখ আছে। পলাম্বি-জাতক (জাতক ্২য় ভাগ) হইতে জানা যায় যে, তক্ষশীলা-রাজের সঙ্গে কাশীরাজের যুদ্ধ হইয়াছিল।

পালিগ্রন্থে অনেক গণরাষ্ট্রের উল্লেখ আছে। মহাপরিনিব্বাণস্থত্তে নিম্নলিখিত গণরাষ্ট্রগুলির নাম দেখিতে পাই, বৈশালীর লিচ্ছবিগোণ্ডী, কপিলবম্বর শাকাকুল, অল্লকপ্পের বুলিগোণ্ডী, রামগামের কোলিরগোষ্ঠা, পাবা ও কুশীনারার মলগোষ্ঠা এবং পিপ্কলিবনের মোরিরগোষ্ঠা। গণরাইগুলি বুদ্ধদেবের মৃত্যুর পর তাঁহার দেহাবশেষ লইয়া তাহার উপর স্তুপ নির্মাণ করিয়াছিল। ইহা বাজীত আরও কয়েকটি গণরাষ্ট্র ছিল। যথা,—সুংস্থমার পর্ব্বতের ভগ্গগোষ্ঠা, কেশপুভের কালামগোষ্ঠী এবং মিথিগার বিদেহগোষ্ঠী। বুদ্ধদেবের জীবিতাবস্থাতেই শাক্য এবং কোলিরদের মধ্যে একবার যুদ্ধ বাধিবার উপক্রম হইয়াছিল (ধন্মপদমট ঠকথা, ২র ভাগ, পু ২৫৪-৫৭); কিন্ত বৃদ্ধদেবের চেষ্টায় সে যুদ্ধ হয় নাই। এ বিষয়ে যাঁহারা বিশ্বভাবে জানিতে চাহেন, তাঁহারা আমার "Some Ksatriya Tribes of Ancient India", "Ancient Mid-Indian Keatriya Tribes" এবং "Ancient Indian Tribes" পুস্তকগুলি দেখিতে পারেন। তেলপত্ত-জাতকের অংশ-বিশেষ হইতে আমরা প্রাচীন ভারতের রাজতন্ত্র-ব্যবস্থা সম্বন্ধে কতকটা জানিতে পারি। ঐ জাতকে শিখিত আছে যে, "আমার রাজ্যে যাহারা বাদ করে তাহাদের উপর আমার কোন আধিপত্য নাই; আমি তাহাদের প্রান্থ নাই। যাহারা বিদ্রোহী, অথবা যাহারা আইন অমান্ত কারী, কেবল তাহাদের উপরই আমার আধিপত্য আছে"। ইহা হইতে বেশ বুঝা যায় বে. প্রজাবর্গের স্বাধিকার ও স্বাধীনতার উপর হস্তক্ষেপ করিবার কোন রাজার অধিকার চিল না। কট্ঠহারী-জাতকে (জাতক ১ম ভাগ) লিখিত আছে যে, রাজার প্রধানা মহিষীর জাের পুত্রই সাধারণ কর্ত্তক রাজপ্রতিনিধির পদে বৃত হইতেন এবং রাজার মৃত্যুর পর তিনিই রাজা श्हेरजन ।

শিকার রাজাদের প্রধান সংখ্যা বস্ত ছিল, কাশীর রাজা শিকারে খুব উৎসাহী ও দক্ষ ছিলেন এবং প্রজাবর্গকে লইয়া শিকারে বাহির হইতেন। নিগ্রোধমিগ-জাতক (জাতক ১ম ভাগ) এবং কুকুর-জাতকে দেখিতে পাই যে, এক রাজা রাজকার্য্যের পর তাঁহার উদ্যানে আমোদ-প্রা:মাদে কালাতিপাত করিতেন।

অভিন্ন-জাতক হইতে জানা যায় যে, প্রাচীন তারতে ঢাকের সাহায্যে রাজাক্তা ঘোষণা করা হইত। ত্ই শ্রেণীর কর্ম্মচারী রাজাকে রাজকার্য্যে সাহায্য করিতেন। প্রথম শ্রেণীতে ছিলেন, অমচ্চ (মহিলামুখ-জাতক), বিনিচ্ছর মহামচ্চ (কুটবানিজ-জাতক), দেনাপতি (ধম্মধ্যজ-জাতক), নগররক্ষক (ছবক-জাতক), চোরবাতক (খস্তিবাদি-জাতক), গাম অযুত্তক (ধম্মপদ্মটঠকথা, ১ম ভাগ, পৃ ১৮০), অমচ্চ ভট্রলখ-দোবারিক অনিকট্ঠ পারিসজ্জ (মিলিন্দপঞ্ছ, পৃ ২৪০) শৈল্য; দৃত্ত, দৌবারিক এবং পারিষদ্বর্গ এবং পুরোহিত (মিলিন্দপঞ্ছ, পৃ ২৪১)। দ্বিতীয়

শ্রেণীতে ছিলেন গুপ্তচরগণ। কোসলসংযুত্তে (সংযুত্তনিকায়, ১ম ভাগ) উল্লেখ আছে যে, রাজা গ্রাসেনজিৎ গুপ্তচর সংবাদবাহীদের সাহায্যে রাজকার্য্য পরিচালনা করিতেন।

প্রাচীন ভারতে বিচারগৃহ (বিনিচ্ছয়ট্ঠান) রাজপ্রাসাদেই অবস্থিত ছিল। সেইখানেই রাজা মন্ত্রিবর্গের সাহায্যে বিচারকার্য্য পরিচালনা করিতেন (রাজোবাদ-জাতক); অবিচার যে হইত না এমন নহে, অনেক অবিচারের উল্লেখও পাওয়া যায়। কিংছল-জাতকে এক পুরোহিতের উৎকোচ গ্রহণ করিয়া মিথ্যাসাক্ষ্য দিবার কথার উল্লেখ আছে। কোসল-সংযুক্ত হইতে জানিতে পারা যায়, বিচার ইত্যাদি কার্য্যে নানা প্রকার মিথ্যা ও উৎকোচের প্রচলন দেখিয়া কোশলরাজ প্রসেনজিৎ অত্যক্ত বিরক্ত হইয়া কোন এক বিশেষ রাজকর্ম্মচারীর উপর বিচারগৃহের ভার অর্পণ করেন।

গণতন্ত্র-রাজকার্য্য পরিচালনের ব্যবস্থা সম্বন্ধেও পালি গ্রন্থাদি হইতে জানিতে পারা যায়। অম্বট ঠম্বতে শাক্যদের পরিষদ্গৃহের উল্লেখ আছে। এই পরিষদ্গৃহে আবালর্দ্ধ শাক্য-প্রধানেরা সমবেত হইতেন। মহাপরিনিববাণম্বত্তে মলদের পরিষদ্গৃহেরও উল্লেখ আছে। ভিক্ষু আনন্দ যখন বৃদ্ধদেবের মহাপরিনিববাণের খবর পাইয়া মলদেশে যান, তখন মলপ্রধানেরা তাঁহাদের পরিষদ্গৃহে সেই বিষয়েরই আলোচনা করিতে সমবেত ইইয়াছিলেন। বোধ হয়, এই পরিষদ্গৃহ বা সম্থাগারেই অধিকসংখ্যক লোকের মতানুষায়ী রাজকার্য্য পরিচালিত হইত।

কপিলবন্তর শাক্যগোষ্ঠী ও অনকপ্নের বুলিগোষ্ঠী গণতন্ত্ররাষ্ট্র ছিল, কিন্তু শুদ্ধাদন শাক্যদের 'রাজা' বলিয়া উলিখিত হইয়াছেন এবং ধন্মপদমট ঠকথায় (পৃ ১৬১) বুলিদেরও এক 'রাজার' উল্লেখ আছে। এই উল্লেখ একটু আশ্চর্য্যজনক, কারণ গণতন্ত্ররাষ্ট্র-ব্যবস্থায় 'রাজার' কোন স্থান নাই। সেই জন্ম মনে হয় যে, গণপ্রধানদের মধ্য হইতে একজনকে সর্ব্বপ্রধান কর্মাচারী বলিয়া নির্বাচন করা হইত এবং তাঁহাকেই 'রাজা' বলা হইত।

কোলীয় গণরাষ্ট্রের নিযুক্ত এক শ্রেণীর কর্মচারী ছিল, যাহারা লোকের উপর অত্যস্ত অত্যাচার ও অবিচার করিত (সংযুক্তনিকায়, ৪র্থ ভাগ, পৃ ৩৪১)। মলদেরও এই শ্রেণীর কর্মচারী ছিল (দীঘনিকায়, ২য় ভাগ, পৃ ১৫৯, ১৩১)।

শ্রীবিমলাচরণ লাহা

পঞ্জাব ও কাবুলের শাহিয় রাজবংশ

গঞ্জনীর অধিপতি আমির সব্ক্তিগীনের সহিত যে হিন্দু রাজা জ্বরপালের যুদ্ধ হইয়াছিল, তাঁহার সম্বন্ধে ভিস্পেণ্ট স্মিথ তাঁহার প্রাচীন ভারত ইতিহাসে নিম্মলিথিত মন্তব্য করিয়াছেন,—

শিক্ষ্ প্রেদেশের উত্তরস্থিত পঞ্জাবের অধিকাংশ ও দিক্ষুনদের উপত্যকার উৰ্দ্ধভাগ ধ্বয়পালের বিশাল রাজ্যের অন্তর্গত ছিল এবং ইহা পশ্চিমের গিরিমালা হইতে পূর্ব্বে হকরা নদী পর্য্যস্ত বিস্তৃত ছিল। এই রাজ্যের রাজধানী ছিল ভাটিগু।"

তৎপর পাদটীকায় তিনি লিখিয়াছেন—"ইলিয়ট ভাটগুর রাজবংশের সহিত ওহিন্দ, অথবা কাব্লের শাহিয় রাজবংশ মিলাইয়া একটি অবোধ্য কাহিনীর স্বষ্টি করিয়াছেন। পরবর্ত্তী ঐতিহাসিকগণ্ড এই ভ্রান্তিমূলক তথ্যই গ্রহণ করিয়াছেন।"

অন্ত তিনি লিথিয়াছেন— "কলিকের বংশধর তুর্কী শাহিয় রাজগণ ৮৭০ খ্রীষ্টান্দ পর্যান্ত কাব্লে রাজত্ব করেন। উক্ত বর্ষে আরব-দেনাপতি ইয়াকুব-ই-লাইন্ কাব্ল অধিকার করিলে তাঁহারা দিন্দুনদের তীরবর্তী ওহিন্দে রাজধানী স্থাপিত করেন। ব্রাহ্মণ ললিয় তুর্কীরাজকে পরাভূত করিয়া হিন্দু শাহিয় নামে পরিচিত রাজবংশের প্রতিষ্ঠা করেন। ১০২১ খ্রীষ্টান্দে মুসলমানগণ এই রাজবংশের প্রবংস করেন।"

[&]quot;In those days a large kingdom comprising the upper valley of the Indus and most of the Panjab to the north of Sindh, extending westward to the mountains and eastward to the Hakra river, was governed by a Raja named Jaipal, whose capital was at Bathindah (Bhatinda), a town situated to the SSE of Lahore and westward from Patiala" (p. 382).

[&]quot;Elliot mixes up the dynasty of Bathindah with that of the Shahiyas of Ohind, commonly called of Kabul and so renders the whole story unintelligible" (p. 383 fn. 1).

[&]quot;During his reign the last of the Turki Shahiya kings, the descendants of Kanishka, was overthrown by the Brahman Lalliya. The Turki Shahiya kings had ruled in Kabul until the capture of that city by the Arab general Yākub-i-Lāis in A. D. 870" (A. H. 250).

স্থতরাং দেখা যাইতেতে যে, ঐতিহাদিক ভিন্দেণ্ট শ্বিথ কাব্ল অথবা ওহিন্দের শাহির রাজ্য এবং জয়পালের ভাটিগু৷ রাজ্য এই ছুইটিকে পৃথক বিদায়া গ্রহণ করিয়াছেন। কিন্তু বন্ধতঃপক্ষে এই মতটি ভ্রাস্ত এবং সর্ক্তিগীনের প্রতিদ্বন্দী জয়পালই শাহির বংশের রাজা। এ সম্বন্ধে প্রমাণগুলি এতই স্থান্দিই যে, ভিন্দেণ্ট শ্বিথ ও তাঁহার মৃত্যুর পরে তাঁহার গ্রন্থের সম্পাদক এডওয়ার্ডস্ যে এই ভ্রাস্তিশ্লক তথ্য কিরূপে এতদিন পোষণ করিয়াছিলেন, ইহাই আশ্চর্যের বিষয়।

হিন্দু শাহির বংশের উৎপত্তি ও ধবংদের ইতিহাস আলবেরুণীর স্থপ্রসিদ্ধ প্রন্থে লিপিবদ্ধ হইয়াছে। আলবেরুণী প্রথমে বর্হতকীন নামক একজন তুরুদ্ধ কর্ত্তক কাবুলে রাজ্য প্রতিষ্ঠার কথা এবং উক্ত বংশের ৬০ পুরুষ পর্যান্ত তথার রাজত্ব করার কথা উল্লেখ করিয়াছেন। তৎপর এই বংশের কনিক অথবা কণিক্ষের কাহিনী বর্ণনা করিয়া তিনি লিখিয়াছেন—"তাঁহার বংশের শেষ রাজার নাম 'লগত্র-মান'। কল্লর নামে তাঁহার এক মন্ত্রী ছিল। কল্লর গুপুখন পাইয়া সবিশেষ প্রতিপদ্ধিশালী হইয়াছিলেন। স্থতরাং লগত্রমানের অত্যাচারে প্রপীড়িত প্রজাগণ তাঁহার নিকট অভিষোগ করিলে তিনি উক্ত রাজার চরিত্র সংশোধনের জন্ম তাঁহাকে শৃঙ্খলাবদ্ধ করিয়া রাখেন। কিন্তু একবার রাজত্বের আন্দাদ পাইয়া তিনি অর্থের সাহায্যে অবিলম্বে রাজিশিংহাসন অধিকার করিয়া বিদলেন। তাঁহার পরে ক্রেমান্তরে ব্রাহ্মণ জাতীয় সামনদ (সামস্ত), কমলু, ভীম, জয়পাল, আননদপাল ও তরোজনপাল (ব্রিলোচনপাল) রাজত্ব করেন। তরোজনপাল ৪১২ হিজরী (১০২১ গ্রিঃ) এবং তাঁহার পুত্র ভীমপাল শাঁচ বৎসর পরে (১০২৬ গ্রীঃ) মৃত্যুমুথে পতিত হন।

"এই হিন্দু শাহির বংশের এখন আর কোন চিহ্নই নাই। এই বংশের রাজগণ মহৎ ও উদার ছিলেন এবং সর্বাদা সংকার্য্যে রত থাকিতেন। আনন্দপাল তাঁহার পরম শক্রু নামুদের নিকট যে পত্র লিথিয়াছিলেন, তাহার নিম্নলিথিত অংশটি বিশেষ প্রশংসনীয়। "শুনিয়াছি তুর্কারা আপনার বিরুদ্ধে বিস্তোহ করিয়াছে এবং খোরাসানে অগ্রসর হইতেছে। আপনি যদি ইচ্ছা করেন, তাহা হইলে আমি ৫০০০ অস্বারোহী ১০,০০০ পদাতিক ও এক শত হন্তী লইয়া স্বয়ং আপনার সাহায়ার্থে অপ্রসর হইব। অথবা উহার বিশুণ দৈল্লবল সহ আমার পুরুকে পাঠাইব। আমি আপনার দয়া বা রুতজ্ঞতা উদ্রেক করিবার জল্ল এই প্রস্তাব করিতেছি না। আপনি আমাকে পরাজিত করিয়াছেন, স্কৃতরাং আর কেহ আপনাকে পরাজস করে আমি এরূপ ইচ্ছা করি না।"

"উক্ত রাজার পুত্র মুসলমানদের হস্তে বন্দী হওয়ার পর হইতে তিনি তাঁহাদের বিরুদ্ধে

After that date the capital was shifted to Ohind on the Indus. The dynasty founded by Lalliya, known as that of the Hindu Shahiyas, lasted until A. D. 1021, when it was extirpated by the Muhammadans (p. 373-74).

বিষম ত্বণা ও বিষেষের ভাব পোষণ করিতেন, কিন্তু তাঁহার পুত্র তরোজনপাল (ত্রিলোচনপাল) পিতার ঠিক বিপরীত ছিলেন"। ^২

আলবেরুণীর এই আথান পাঠ করিলে বিন্দুমাত্র সন্দেহ থাকে না যে, সবুক্তিগীন ও মামুদের প্রতিষ্ণী জয়পাল, আনন্দপাল প্রভৃতি হিন্দু শাহিদ্ন বংশের রাজা ছিলেন। আলবেরুণী উক্ত রাজগণের সমসামন্থিক লোক এবং ভারতবর্ষে বহুদিন অবস্থান করায়, তাঁহাদের সম্বন্ধে প্রকৃত তথা জানিবার যথেষ্ট স্থানাও তাঁহার ছিল। তাঁহার সমন্নেই এই রাজবংশের ধ্বংস হয় এবং ইহার সম্বন্ধে তাঁহার মনে বেশ উচ্চ ধারণাই ছিল। স্কৃতরাং আলবেরুণীর উক্তি প্রামাণিক বলিয়াই স্বীকার করিতে হইবে। হিন্দু শাহিয় বংশের উৎপত্তি ও প্রথম তিনজন রাজার সম্বন্ধ আলবেরুণী বাহা লিথিয়াছেন, তাহাতে হয়ত সন্দেহ করা যাইতে পারে, কারণ, তাহা তাঁহার প্রত্যক্ষদৃষ্ট ঘটনা নহে; কিন্ত জয়পাল ও পরবর্ত্তা রাজগণ সম্বন্ধে তাঁহার উক্তি অবিশ্বাস করা যায় না।

আলবেরুণী শাহির বংশের সম্বন্ধে বাহা লিথিরাছেন, অন্ত প্রমাণদারা তাহা কি পরিমাণ সমর্থিত হয়, অতঃপর তাহারই আলোচনা করিব। প্রথমতঃ তিনি বলিয়াছেন যে, যে তুরুক্ষ বংশে কণিক্ষের জন্ম, তাহা ৬০ পূরুষ রাজত্ব করার পরে ব্রাহ্মণ কলর হিন্দু শাহির বংশের প্রতিষ্ঠা করেন এবং এই কলর ও ওঁহোর পরবর্তী তিনজন রাজা রাজত্ব করিবার পর জয়পাল রাজা হন। জয়পাল সবৃক্তিগীনের সমসাময়িক রাজা; স্মতরাং দশম শতাব্দীর শেষ পাদ তাঁহার রাজ্যকাল বলিয়া ধরা যাইতে পারে। তাঁহার পূর্ববর্তী চারিজন রাজার মোট রাজত্ব-কাল পাঁচান্তর হইতে একশত বৎসর কাল ধরিলে, কলর দশম শতাব্দীর প্রারুম্ভ অথবা নবম শতাব্দীর শেষ ভাগে জীবিত ছিলেন—এরূপ অনুমান করা অসক্ষত হইবে না। স্মৃতরাং আলবেরুণীর মতে কণিক্ষের সময় হইতে দশম শতাব্দী পর্যান্ত তুরুক্ষ শাহি বংশ এবং তৎপর হিন্দু শাহিয় বংশ আফগানিস্থানে রাজত্ব করেন।

কণিক্ষ, বাসিক্ষ, ত্বিক্ষ ও বাস্থদেব এই চারিজন রাজার রাজত্বের পর বিশাল কুষাণ সাম্রাজ্যের ধবংস হয়। এই চারিজন রাজার রাজত্বকাল মোটাম্টি একশত বৎসর ধরা থাইতে পারে। কণিক্ষের রাজ্যারস্তকাল এখনও নিঃসংশরে নির্ণীত হয় নাই। ইহা খ্রীষ্ঠীয় প্রথম শতাব্দীর শেষ ভাগ অথবা বিতীয় শতাব্দীর প্রথম ভাগে ধরা যাইতে পারে। স্মৃতরাং দিতীয় শতাব্দীর শেষ অথবা তৃতীয় শতাব্দীর প্রথম ভাগে ক্ষাণ সাম্রাজ্যের অবসান হয়। ইহার পরও যে কুষাণ বংশীয় রাজ্যণ পঞ্চাবে ও আফগানিস্থানে রাজত্ব করিতেন, তাহার যথেষ্ঠ প্রমাণ আছে। কারণ, এই সমুদয় স্থানে কুষাণ-রাজ্ব কণিক্ষ ও বাস্থদেবের নামান্ধিত এবং উক্তরাজগণের মুদ্রার শ্রীক্ লেথের অস্পষ্ঠ ও তুর্ব্বোধ্য অনুকরণ সংযুক্ত স্বর্ণ ও তাম মুদ্রা যথেষ্ঠ পরিমাণে পাওয়া গিয়াছে। এই সমুদয় মুদ্রা ও পারস্থের 'শাসান'

Sachau—Alberuni, II, pp. 10-14.

বংশীয় রাজগণের সহিত কুষাণ রাজগণের বৈবাহিক ও অন্যান্ত সম্বন্ধ হইতে প্রমাণিত হয় বে, কুষাণ-বংশীয় রাজগণ এই অঞ্চলে বহুদিন পর্য্যস্ত রাজত্ব করিয়াছিলেন এবং পূর্বগৌরবের শ্মতি রক্ষার্থ কণিষ্ক ও বাস্থদেব প্রভৃতির নাম ব্যবহার করিতেন। সমুদ্রগুপ্ত তাঁহার বিজয়স্তস্ত-লিপিতে বে দেবপুত্র শাহি-শাহামুশাহির উল্লেখ করিয়াছেন, তাহা এই বংশীয় রাজগণকে স্থাচিত করিতেছে; স্কুতরাং তাঁহারা পূর্বকালের রাজনামের ভাায় রাজ-উপাধিসমূহও ব্যবহার করিতেন, দেখা বায়।

কুষাণবংশ ত্রক ইউ-চি জাতির অন্ততম শাথা। চীনদেশীয় গ্রন্থ হইতে জানা যায় যে, ইউ-চি জাতির নায়ক কি-তো-লো হিন্দুকুশের উত্তরে ইপ্থালাইট, হুণগণের আক্রমণে ব্যতিব্যস্ত হইয়া হিন্দুকুশ পর্বত পার হইয়া আদিয়া গান্ধারে অর্থাৎ কাবুল নদীর উপত্যকা ও পশ্চিম পঞ্জাব জুড়িয়া একটি রাজ্য প্রতিষ্ঠা করেন। 'কিদার' নামান্ধিত অনেকগুলি মুদ্রা এই অঞ্চলে পাওয়া গিয়াছে। এই কিদার ও চীনদেশীয় গ্রন্থোক্ত কি-তো-লো সন্তবতঃ অভিন্ন। কিদার যে রাজবংশ প্রতিষ্ঠিত করেন, তাহা কিদার-কুষাণ অথবা 'কুদ্র ইউ-চি' নামে পরিচিত। সম্ভবতঃ ৪২৫ গ্রীষ্ঠাবেদ গান্ধারে এই নুতন কুষাণ রাজবংশ প্রতিষ্ঠিত হয়। অমুমিত হয় যে, তৎকাল পর্যান্ত পূর্ব্বোলিথিত, সম্ভবতঃ কণিক্ষের বংশজাত, কুষাণগণই এই প্রদেশে রাজত্ব করিতেন, এবং তাঁহাদিগকে পরাভূত করিয়াই এই নুতন কিদার-কুষাণ বংশের প্রতিষ্ঠা হয়।

কিদার-কুষাণগণ অধিককান পর্যান্ত নিক্রছেগে গান্ধারে রাজত্ব করিতে পারেন নাই। আফুমানিক ৪৭৫ খ্রীষ্টান্দে ইপ্থালাইট হণগণ গান্ধার অধিকার করে—তথন কিদার-কুষাণগণ চিত্রল, গিলগিট কাশ্মীর প্রভৃতি প্রদেশে গিয়া আশ্রয় গ্রহণ করেন। স্কৃতরাং ৪২৫ ছইতে ৪৭৫ খ্রীষ্টান্দ এই ৫০ বংসর কাল কিদার-কুষাণগণ গান্ধারে রাজত্ব করেন। কিদার-কুষাণ-শাহি এই উপাধিভূষিত ও কিদার নামান্ধিত বহু অর্ণমূদ্যা পাওরা গিয়াছে। অন্তান্ত অর্ণমূদ্যায় শ্রী শিল, শ্রী কৃতবীর্যা, শ্রী বিশ্ব, শ্রী কুশন এবং শ্রী প্রকাশ প্রভৃতি রাজার নাম এবং রাজমূর্ত্তির বাহুর নিম্নে কিদার' এই শব্দ দেখিতে পাওয়া যায়। ঐ সমূদর রাজা কিদারের বংশধর এইরূপ অনুমান করাই সঙ্গত।

কিদার-কুষাণগণ যে কিছুকাল কাশ্মীর অধিকার করিয়াছিলেন, তাঁহাদের প্রচারিত মুদ্রাই তাহার স্পষ্ট প্রমাণ। তাহার পর কাশ্মীর হুণগণের অধিকারভৃক্ত হয়। এই কাশ্মীর দেশীয় হুণগণ কিদার-কুষাণগণের মুদ্রার অন্তুকরণে মুদ্রা প্রচারিত করিয়াছিলেন।

কান্দ্রীরের পরবর্ত্তী কালের নাগ অথবা কর্কোটক বংশের রাজগণের মুদ্রাও কিদান্ধ-কুধাণগণের মুদ্রার স্পষ্ট অনুকৃতি এবং ইহাতে 'কিদার' এই নামটি শিখিত আছে।

৫২০ খ্রীষ্টাব্দে চীনদেশীয় পরিবাজক স্কুল-ইয়ুন গান্ধার রাজ্য পরিদর্শন করিয়া লিথিয়াছেন,— "ইয়েথাগণ এই রাজ্য ধ্বংদ করিয়া লিয়ে-লি'কে ইহার রাজা করিয়াছিল। তাহার পর ছই পুরুষ অতিবাহিত হইয়াছে।" ইয়েথা অর্থে ইপ্থালাইট হুণগগকেই বুঝিতে হইবে; স্কুতরাং কিদার-কুষাণগণের পরাজ্যের পরে আফুমাণিক ৪৮০ গ্রীষ্টাব্দে হুণ-নায়ক লয়ে-লি গান্ধারের অধিপতি হুইয়াছিলেন। স্কুবিখ্যাত হুণরাজ তোরমাণ ও মিহিরকুল সম্ভবতঃ এই বংশেরই রাজা।

আমুমানিক ৫৪০ গ্রীষ্টাব্দে যশোধর্মন কর্তৃক মিহিরকুলের পরাজ্যের সঙ্গে সংক্ষেই ভূণগণের শক্তি থর্ব হয়। সন্তবতঃ এই সময়ই কিদার-কুষাণগণ পুনরায় শক্তিশালী হইয়া উঠেন।

মুদ্রাতত্ত্বর প্রমাণ হইতে জানা যায় যে, কিদার-কুষাণ ও হুণগণ অতঃপর পঞ্জাব ও আফগানিস্থানে নানা ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে করিতে থাকে। তাহাদের মুদ্রা দেখিতে প্রায় একই রকমের এবং উভয় জাতীয় রাজারাই মুদ্রায় 'শাহি' উপাধি ব্যবহার করিতেন।

কানিংহাম বলেন যে, চিত্রলের পার্কান্তা নায়কগণ এখনও 'শাহ কিতাের' এই উপাধি ধারণ করে এবং কানিংহামের মতে এই 'কিতােব' কিনারেরই অপভ্রংশ। বস্ততঃ শাহি রাজগণের আবিস্কৃত মুদ্রা হইতে স্পষ্টতঃ প্রমাণিত হয় যে, গ্রীষ্টায় সপ্তম শতাব্দী পর্যাস্ত তাঁহারা ভারতবর্ষের উত্তর-পশ্চিম সীমাস্তে রাজত্ব করিতেন ও সময় সয়য় বিস্তৃত ও পরাক্রাস্ত রাজ্যের অধিপতি ছিলেন। এই অঞ্চলে শাহি উপাধিযুক্ত বহু রাজার মুদ্রা পাওয়া গিয়াছে,—যথা শাহি হিরণাকুল, শাহি জর, দেব শাহি,—কোন কোনটিতে কেবল মাত্র প্রী শাহি উপাধি দেখিতে পাওয়া যায়। এই সমুদয় মুদ্রায়ই ভারতীয় অক্ষর ব্যবহৃত হইয়াছে, এবং কতকগুলিতে কুষাণগণের মুদ্রায় অন্ত্করণে সিংহাসনে উপবিষ্টা দেবী (লক্ষা) মূর্ত্তি দেখিতে পাওয়া য়য়। এইগুলির অন্তর্মপ কতকগুলি মুদ্রাতে ত্রিলাক, পূর্বাদিত্য, নরেক্র প্রভৃতি রাজার নাম দেখিতে পাওয়া য়য়। ইহাদিগকেও শাহিবংশীয় বর্লিয়া অন্ত্রমান করা ঘাইতে পারে; কারণ, দেখা গিয়াছে যে, একই রাজার কোন কোন মুদ্রায় শাহি উপাধি আছে, কোন কোন মুদ্রায় নাই।

কোন কোন মুদ্রার লিপি ভারতীয়, পহলবী ও অজ্ঞাত কোন দিথিয়ান—এই তিন প্রকার ভাষা ও অক্ষরেই লিথিত হইয়াছে। কোন কোন মুদ্রায় ত্রিশূল, বিষ্ণুমূর্ত্তি, ভারতীয় দেবী (লক্ষ্মী) মূর্ত্তি, ত্ব্যামূর্ত্তি, আবার কোনটিতে অগ্নিবেদীও উৎকীর্ণ দেখিতে পাওয়া যায়। স্থতরাং যে সকল রাজা ইহা প্রচার করিয়াছিলেন, ভাঁহারা বিদেশীয় হইলেও ক্রমশঃ হিন্দু ধর্ম্ম ও সমাজ্বেরও অস্তর্ভু ক্ত হইয়া গিয়াছিলেন—ইহা অনুমান করা যাইতে পারে।

শাহি তিগিন নামক এক রাজার বহুসংখ্যক মুদ্রা সিন্ধনদের উভয় তীরে এবং কাবুল ও হিন্দুকুশের উত্তরে পাওয়া গিয়াছে। এই মুদ্রার এক ধারে রাজার মূর্ত্তি আর এক ধারে সূর্য্যের মৃত্তি। রাজার উষ্ণীষের উপর ব্যাদ্র-মন্তক ও ত্রিশূল। মুদ্রার লিপি ভারতীয় ও পহলবী অক্ষরে লিখিত। কানিংহাম ভারতীয় লিপির নিম্নলিখিতরূপ পাঠ উদ্ধার করিয়াছেন।

"শ্রীহিতিবি চ ঐরান্ চ পরমেশ্বর শ্রী বাহি তিগিন দেবজ্ব অর্থাৎ "ভারত ও পারস্তের সৌভাগ্যশালী রাজা দেবপুত্র বাহি তিগিন।" প্রবী অক্ষরে লিখিত লিপিরও কানিংহাম পাঠোদ্ধার করিরাছেন। বাম পার্শ্বে "সফ্ক্-তেখিফ্-তেফ্ন" অর্থাৎ শ্রী তিগিন দেবজ্ব। দক্ষিণ পার্শে "তকান্ খোরসান্ মলকা" অর্থাৎ তাকি ও খোরাসানের অধীশ্বর। তাকি পঞ্জাবের স্থপরিচিত নাম। স্থতরাং ভারতীয় লিপির 'ভারত ও পারস্ত' আর পহলবী লিপির 'পঞ্জাব ও খোরাসান' এক্ট অর্থে ব্যবহৃত হইরাছে ব্রিতে হইবে।

শাহি তিগিনের মুক্তালিপি ও মুক্তাপ্রাপ্তির স্থান আলোচনা করিলে, সহজেই প্রতিপন্ন হইবে যে, তিনি পারস্থের পূর্ব্বভাগ হইতে পঙাবের পশ্চিম ভাগ পর্যাস্ত বিস্তৃত রাজ্যের অধীশ্বর ছিলেন।

শাহি তিগিনের মুদ্রার অনুরূপ আরও কতকগুলি মুদ্রা পাওয়া গিয়াছে, প্রভেদের মধ্যে ইহাতে রাজার মস্তক পারস্তারাজ খুদক পরভেজের মস্তকের অন্থকরণে উৎকীর্ণ হইয়াছে। ইহাতে ভারতীয় লিপিতে "শ্রী বাস্থদেব তুকান জাউলস্তান সপর্দালফান" এবং পহলবী লিপিতে "সফ্ বস্থ'তেফ বহ্মন মূলতান মল্কা" লিখিত আছে। 'দফ্ বদুঁ তেফ" "শ্রী বাস্থদেব, তুকান — পঞ্জাব; জাউলস্তান — জাব্লিস্থান, বর্ত্তমান গজনী ও কান্দাহার অঞ্চল। সপর্দালফাণ শব্দ কানিংহাম সপাদলফোর সহিত অভিন্ন ধরিয়া রাজপুতানা অর্থ করিয়াছেন। 'বহমন্' শব্দের অর্থ অনিশ্বিত। কানিংহাম ইহাকে দিল্লদেশের রাজধানী 'রাহ্মণাবাদ' অর্থে গ্রহণ করিয়াছেন। কিন্তু 'দিল্লু ও রাজপুতানা' এই তুই দেশের কথা অনিশ্বিত বিধায় ছাড়িয়া দিলেও বাস্থদেব যে পঞ্জাবের মধ্যভাগ অর্থাৎ মূলতান অঞ্চল ও জাব্লিস্থানের অধীশ্বর ছিলেন, ইহা সহজেই অনুমিত হইবে।

শাহি তিগিন ও বাস্থানেব উভয়েই যে সপ্তম শতাব্দীতে বর্ত্তমান ছিলেন, মূদ্রাতত্ত্বের প্রমাণে তাহা এক প্রকার নিশ্চিত বলিয়াই ধরা যাইতে পারে।

গ্রীষ্টীর সপ্তম শতাব্দীতে হিউয়েন সাং ভারতের উত্তর-পশ্চিম সীমাস্তের রাজনৈতিক অবস্থার বে বিবরণ শিপিবদ্ধ করিয়াছেন, ভারতে দেখা যায় বে, হিন্দুকুশ পর্বাত হইতে দক্ষিণে বার্মু পর্যান্ত সিন্ধুনদের পশ্চিমস্থিত বিস্তৃত ভূভাগ লইয়া এক পরাক্রান্ত রাজ্য গঠিত হইয়াছিল। কপিশার ক্ষত্রিয় জাতীয় রাজা ইহার অধীখর ছিলেন।

পরবর্তী কালে ভারতের পশ্চিম সীমাস্তে মুদ্দমান আক্রমণের বিবরণ আলোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, কাবুলের শাহি রাজা ও জাবুলিস্থানের রাজা বহুদিন যাবৎ মুদ্দমান আক্রমণ প্রতিরোধ করিয়াছিলেন। ইহার সহিত পূর্বোলিখিত মুদ্রাতত্ত্বের সিদ্ধান্ত প্ররণ করিলে এক্রপ অনুমান করা অসকত হইবে না যে, হিউয়েন সাং-বর্ণিত বিস্তৃত কপিশা রাজ্য ও শাহিরাজ্য অভিন্ন। কপিশার রাজা যে ক্ষত্রিয় ছিলেন, ইহার সহিত এই অনুমানের কোন বিরোধ নাই।

কারণ, আমরা পূর্বেই দেখিয়াছি যে, এই সমূদর শাহি রাজ্বগণ ভারতীয় ভাষা ও ধর্ম গ্রহণ করিয়াছিলেন; স্থতরাং তাঁহারা যে ভারতীয় সমাজে মিশিয়া ক্ষত্রিয়-পদবী গ্রহণ করিবেন, ইহাতে আশ্চর্য্য বোধ করিবার কিছুই নাই।

অতঃপর আল্বলাধুরি-প্রণীত কিতাব ফুছ্ছ ্-অল-বুলদান গ্রন্থ অবলম্বনে কাবুলের শাহ উপাধিধারী রাজগণের সহিত মুদলমানগণের বিরোধের সংক্ষিপ্ত বিবরণ দিতেছি। যথন মুআবিয়া থলিফার পদে আদীন (৬৬১-৮০ গ্রীষ্টাব্দ) দেই সময় দিন্তানের শাসনকর্তা আব্দর রহমান-ইবণ সমুরা কাবুল আক্রমণ করেন। বহুদিন কাবুল হুর্গ আক্রমণ করার পর, অবশেষে ইহা মুদলমানদের হস্তে আত্মমপণ করে। ইহার কিছুদিন পরে কাবুলের শাহ উপাধিধারী রাজা কাবুল হইতে সমুদর মুদলমানদিগকে তাড়াইয়া দেন এবং জাবুলিস্থানের রাজার সহায়তায় মুদলমানগণের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। দশলক্ষ মুদ্রা দিয়া অবশেষে তাঁহারা মুদলমানগণের সহিত সন্ধি করেন। ইহার পরেই কাবুল শাহ আবার মুদলমানদিগের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। এই যুদ্ধে মুদলমান নৈপ্ত সম্পূর্ণরূপে পরাস্ত হয়। এই অপমানের প্রতিশোধ লাইবার জ্ঞা অস্তম শতান্ধীর প্রথম ভাগে একদল মুদলমান দৈশ্র কাবুল পর্যান্ত অগ্রনর হয়। কাবুলরাজ পশ্চাতের গিরিদক্ষটগুলি অবরোধ করায়, মুদলমান দৈশ্র বহু কন্তে পলাইয়া আত্মরক্ষা করিল; কিন্ত তাহাদের বহু দৈশ্য বিনষ্ট হইল। এইরাণে বহু যুদ্ধবিগ্রহের পর অবশেষে থলিফা আল ম'মুনের (৮১৩-০০) সমন্ত্র কাবুল অধিক্বত হয়।

পরবর্ত্তীকালের ইতিহাস আলোচনা করিলে জানা যায় যে, কাবুল পুনরায় স্বাধীনতা ঘোষণা করে এবং ৮৭০ গ্রীষ্টাব্দে সিজিস্থানের অধিপতি লাইস-পুত্র ইয়াকুব পুনরায় কাবুল অধিকার করেন।

- (4) Cunningham-Later Indo-Scythians.
- (4) Specht-Etudes sur l' Asie central, pp. 12 ff.
- (1) Rapson-Indian Coins, 74-76, 103-109.

আলোচ্য মুজাগুলিতে যে সমুদ্র রাজার নাম পাওয়া যায়, উহারা আদিতে হুণ, কুষাণ, শক অথবা পারসীক ছিলেন তৎসহক্ষে বহু আলোচনা হইয়াছে। কিন্তু উছিয়ো যে ধর্মে, ভাষায় ও আচার-ব্যবহারে ভারতীয় হইয়া গিয়াছিলেন এবং কুষাণ হাজগণের উত্তরাধিকারী হিনাবে 'বাহি' উপাধি ব্যবহার ক্রিতেন, তাহাতে কোন সন্দেহ নাই।

8 উরিখিত বিবরণ 'Francis Clark Murgotten কর্তৃক অস-বুশদান গ্রন্থের ইংরেজী অমুবাদ হইতে গৃহীত। Raverty এই বিবরে বে ফ্রন্থি বিবরণ দিয়াছেন, তাহা অনেকাংশে বিভিন্ন (Notes on Afghanistan, pp. 62 ff.)। Raverty কাব্লের শাহ ও জাবুলিস্থানের অধিপতি রণগিলকে অভিন্ন বলিয়া গ্রহণ করিয়াছেন; কিন্তু অস-বুশদানে স্পষ্টভঃ এই ছেই রাজাকে পুথক বলিয়া খীকার করা হইয়াছে।

শাহিগণের মুদ্রা ও ঐতিহানিক বিষরণ সম্বন্ধে নিমলিথিত গ্রন্থ গুলি দ্রন্তব্য—

কিন্তু তৎপ্রতিষ্ঠিত রাজবংশের ধবংসের পরে কাবুল আবার স্বাধীনতা লাভ করে। পরবর্তা সামাণী বংশীয়ের রাজ্যকালে কাবুল মুসলমান রাজ্যের অন্তভু ক্ত ছিল না।

প্রাচীন মুদ্রা, চীনদেশীয় ইতিহাদ, হিউয়েন সাঙ্গের বৃত্তান্ত ও আরবদেশীয় ঐতিহাদিক প্রস্থ অবদম্বনে যে সংক্ষিপ্ত বিবরণ উলিথিত হইরাছে, তাহা হইতে দেখা যায় যে, শাহি উপাধিধারী বিদেশীয় রাজ্যণ কণিক্ষের সাম্রাজ্যের অবসানের পরেও প্রায় নবম শতাকীর শেষ পর্যান্ত আফগানিস্থানে রাজ্য করিয়াছেন। স্কৃতরাং আলবেরুণীর কথিত ৬০ পূরুষ যাবৎ তুরুষ্ক রাজার রাজত্বের কথা একেবারে অলোকিক বলিয়া উড়াইয়া দেওয়া যায় না। অবশ্র এই স্কুণীর্ঘকাল যাবং যে, একই বংশের রাজগণ অব্যাহতভাবে রাজত্ব করিয়াছেন, তাহা বিশ্বাস করা কঠিন। কিন্তু নোটের উপর ৫০া৬০ জন বিদেশীয় শাহি উপাধিধারী রাজা যে নয়শত বৎসর আফগানিস্থানে রাজত্ব করিয়াছিলেন, এরূপ অনুমান করা অসক্ষত হইবে না। তাঁহারা কণিক্ষের বংশধর না হইতে পারেন—কিন্তু শাহ' উপাধি ধারণ করিয়া তাঁহারা উক্ত রাজবংশের সহিত যোগাযোগ রক্ষা করিয়াছিলেন, এবং পরবর্ত্তীকালে জনপ্রবাদ তাঁহাদিগকে কণিক্ষের বংশধর বলিয়াই গণ্য করিয়াছে।

অতঃপর আলবেরুণী-বর্ণিত হিন্দু শাহি বংশের সম্বন্ধে আলোচনা করিব। আলবেরুণীর মতে এই বংশের প্রথম রাজা করার। তৎপর বথাক্রমে সমন্দ (সামস্ত), কমলু, ভীম, জয়পাল, আনন্দপাল, তরোজনপাল ও ভীমপাল রাজ্য করেন। জয়পাল ও তাঁহার পরবর্তী তিন জন রাজার সম্বন্ধে মুসলমান ইতিহাসে উল্লেখ আছে। প্রথম চারিজন রাজার সম্বন্ধে আলবেরুণীর উক্তি বে মোটামুটি সত্য, রাজতর্জিণীতে তাহার প্রমাণ আছে।

রাজতরঙ্গিনীতে শাহিদিগের সর্ব্ধপ্রথম উলেথ দেখিতে পাওয়া যায় চতুর্থ থণ্ডের ১৪৩ সোকে। এই শোকে উক্ত হইয়াছে যে, শাহি এবং অন্তান্ত রাজগণ রাজা লণিতাদিতোর অধীনে উচ্চ রাজকার্য্যে নিযুক্ত থাকিতেন। ইহা হইতে অনুমান করা যায় যে, গ্রীষ্টায় অষ্টম শতান্দীর দিতীয় পাদে তুরুক্ত শাহি রাজগণ ললিতাদিতা কর্ত্বক বিজিত হইয়াছিলেন।

. অতঃপর শঙ্কর বর্মণের দিখিলয় প্রনঙ্গে কহলণ উন্ভাগুপুরের অধিপতি ললিয় শাহির উল্লেখ করিয়াছেন। ললিয় শাহির বীর্যাবকা ও খ্যাতির প্রশংসা করিয়া কহলণ লিথিয়াছেন যে, শঙ্কর বর্মণ তাঁহাকে স্বীয় অধীনতায় আনিতে চেষ্টা করিয়াছিলেন কিন্তু ক্রতকার্য্য হন নাই 1 বরং ললিয় শঙ্কর বর্মণের প্রতিদ্বন্দী শুর্জরাধিপতি অনধানের সহায় হইয়াছিলেন এবং অন্যান্ত রাজাকেও আশ্রের দিয়াছিলেন (রাজতরঙ্গিণী ৫)১৫২-৫৫)। শঙ্কর বর্মণের রাজ্যকাল ৮৮৩ হইতে ৯০২ খ্রীষ্টাক।

শন্ধর বর্মণের মৃত্যুর পর ৯০২ গ্রীষ্টাব্দে গোপাল বর্মণ রাজা হন। তাঁহার রাজ্যকালে মন্ত্রী

প্রভাকরদেব উদভাগুপুরের শাহি রাজ্য জয় করেন এবং এই বিদ্রোহী শাহি রাজ্য লল্লিয়-পুত্র তোরমানকে দান করেন। প্রভাকরদেব তোরমানকে 'কমলুক' এই নৃতন নাম প্রদান করেন। গোপাল বর্ম্মণ ৯০২ হইতে ৯০৪ খ্রীঃ পর্য্যস্ত রাজস্ব করেন। স্মৃতরাং ৯০৩ খ্রীঃ কমলুকের রাজ্যারস্ত ধরা যাইতে পারে (রাজতরঙ্গিনী ৫।২৩২-৩০)।

ইহার অদ্ধশতাব্দী পরে ক্ষেমগুপ্ত কাশ্মীরের রাজা হন। ক্ষেমগুপ্তের রাণী দিন্দা, ভীম শাহির দৌহিত্রী ছিলেন। ক্ষেমগুপ্তেপ্তর রাজ্যকালে ভীম শাহি ভীমকেশব নামে এক বিষ্ণুমন্দির প্রতিষ্ঠা করেন (রাজতর্মিণী ৬)১৭৬-৭৮)। ক্ষেমগুপ্তের রাজ্যকাল ৯৫০-৯৫৮ খ্রীঃ অঃ।

কহলণ-বর্ণিত কমলুক ও ভীম শাহি যে, আলবেরুণী-বর্ণিত হিন্দু শাহির বংশের রাজা কমলু ও ভীম, তাহা নিঃসন্দেহে ধরা যাইতে পারে। স্কতরাং আগবেরুণী ইহাদের পূর্ববর্ত্তী যে (১) কল্লর ও (২) সমন্দ রাজার উল্লেথ করিয়াছেন, তাঁহাদিগকে যথাক্রমে কহলণ-বর্ণিত (১) ললির শাহি ও (২) কমলুর পূর্ববর্তী বিদ্রোহী ও প্রভাকরদেব কর্ত্বক পরাভূত শাহি রাজার সহিত অভিন্ন বলিয়া ধরা যাইতে পারে। আলবেরুণীর গ্রন্থের মাত্র একখানি পূথিতে কল্লর নাম আছে—ইহা যে আরবীয় বানান-বিল্রাটের স্পরিচিত নিয়মান্থদারে সহফেই ললিয়ের রূপান্তর হইতে পারে, অধ্যাপক দিবোল্ড তাহা প্রতিপন্ন করিয়াছেন। স্কতরাং আলবেরুণীর উক্তি ও রাজতরঙ্গিণীর বর্ণনা মিলাইয়া আমরা নিম্নলিথিতরূপে হিন্দু শাহির বংশের প্রথম চারি জন রাজার নাম ও সমন্ন নির্দ্ধারণ করিতে পারি।

ু সমসাময়িক কাশ্মীর রাজার নাম ও তারিথ					রাজ্যার স্ত ক াল
নাম				(আনুমানিক)	
শঙ্কর বর্ম্মণ	(৮৮৩-৯০২)		51	ললিয় শাহি	b b0
গোপাল বৰ্ম্মণ	(804-508)	}	र।	সমন্দ (সামস্ত) শাহি	200
			•	তোরমান বনাম কমলূক শাহি	ಎಂಅ
ক্ষেমগুপ্ত	(200-264)		8	ভীম শাহি	280

কহলণ বলিয়াছেন যে, ললিয় শাহি উদভাগুপুরের রাজা ছিলেন (৫।১৫২-৫৫)। আবার প্রসঙ্গান্তরে তিনি উল্লেখ করিয়াছেন যে, ভীম শাহির রাজধানীও ছিল উদভাগুপুরে (৭।১০৮১)। স্বতরাং এই চারিজন রাজাই যে উদভাগুপুরে রাজত্ব করিতেন, তাহা নিঃসংশয়ে ধরিয়া লওয়া যাইতে পারে। এই উদভাগুপুর, আলবেরুণী-কথিত গান্ধারের রাজধানী ওয়াইহিন্দ, ও হিউয়েন সাং-বর্ণিত

e Z. D. M. G., XLVIII, p. 700.

গান্ধারের অন্তর্গত 'উ-তো-কিয়-হন্-চ' যে একই নামের রূপাস্তর এবং ইহা যে সিন্ধ্নদের পশ্চিম তীরবর্ত্তী আটক নামক প্রসিদ্ধ নগরী হইতে ১৬ মাইল দূরবর্ত্তী, বর্ত্তমানকালে ওহিন্দ অথবা উন্দ নামে পরিচিত গ্রামে অবস্থিত ছিল, তাহা নিঃদংশয়ে প্রমাণিত হইয়াছে। *
অনুমান হয় যে, কাবুল মুসলমান কর্তৃক বিজিত হইলে শাহি রাজগণও উদভাগুপুরে রাজধানী স্থাপন করিয়াছিলেন।

উদভাওপুরের উলিখিত চারিজন শাহির রাজার সম্বন্ধে অন্তবিধ প্রমাণও কিছু কিছু পাওয়া ধার।
বীশামস্তদেব এবং প্রীভীনদেব নামান্ধিত মুদ্রা আকগানিস্থানে পাওয়া গিয়াছে। এই হুইজন রাজাকে
যথাক্রমে উলিখিত দিতীয় ও চতুর্থ রাজার সহিত অভিন্ন বলিয়া গ্রহণ করা যাইতে পারে। জমি উলহিকায়ৎ নামক গ্রন্থে হিন্দুস্থানের রাজা কমলুর সহিত জাবুলিস্থানের মুসন্মান শাসনকর্তা ফর্দ্বানের
যুদ্ধের উল্লেখ দেখিতে পাওয়া যায়। ফর্দ্বান, খোরাসানের শাসনকর্তা অমক বিন্ লাইস কর্তৃক
নিযুক্ত হইয়াছিলেন। অমক বিন্ লাইস ৮৭৮ হইতে ৯০১ গ্রীষ্টান্ধ পর্যন্ত খোরাসানের শাসনকর্তা
ছিলেন। স্মৃতরাং উলিখিত 'কমলুক শাহি' ও হিন্দুস্থানের রাজা 'কমলু' অভিন্ন বলিয়া গ্রহণ
করা যাইতে পারে। উক্ত যুদ্ধের ঘটনা হইতে প্রমাণিত হয় যে, বিদেশীয় শাহিয় বংশের সহিত
মুসলমানদের ষেক্রপ বিবাদ-বিসংবাদ হইত, হিন্দু শাহিয় বংশের রাজাদের আমলেও তাহা চলিয়াছিল।
ভাম শাহির পরবর্তী জয়পালের সম্বন্ধে অনক তথা মুসলমান ঐতিহাসিকগণ লিপিবদ্ধ করিয়াছেন।
কারণ, জয়পাল গজনীর রাজা আমির সব্কিগীন ও তৎপুত্র স্থলতান মামুদের সহিত অনেক
যুদ্ধবিশ্বহ করিয়াছিলেন। এই সমুদ্রের সবিস্তার বর্ণনার এথানে প্রয়োজন নাই। কেবল
মুল ঘটনাগুলির সার মার্ম দিলেই শাহিয় বংশের সাধারণ ইতিহাস ব্রিবার পক্ষে যথেষ্ট হইবে। '

সবৃক্তিগীন গজনীর সিংহাসনে আরোহণ করিয়াই রাজ্য বিস্তাবের চেষ্টা করিলেন এবং জয়পালের অধীন কয়েকটি হুর্গ ও নগর অধিকার করিলেন। ইহার প্রতিশোধ দিবার মানসে জয়পালও সসৈত্যে সবৃক্তিগীনের রাজ্য আক্রমণ করিলেন। জালাগাবাদ ও গজনীর মধ্যবর্ত্তী কোন স্থানে হুই সৈত্যদল পরস্পারের সম্মুধীন হুইল। কয়েকদিন ধরিয়া যুদ্ধ চলিল, কিন্তু বিশেষ কোন

[•] Kalhana-Rajatarangini-Eng. Transl. 11, p. 337 ff.

সবুজিগীন ও। হলতানমানুদের সহিত শাহি রাজগণের যুদ্ধের বিবরণ Elliott's History of India vol.

11 গ্রন্থে সন্থানিত হইরাছে। প্রধানতঃ এই গ্রন্থ ও Brigg's English Translation of Firishta অবলখনে
এই বিবরণ সন্থানিত হইরাছে। সমসাময়িক লেখক আল উৎবীর বিবরণীই প্রামাণিক ধরিয়া লইয়া ভাছাই প্রথমে
সন্ধিবিত্ত করিয়াছি ৷ পরবর্তীকালের লেখকব্যের বিবরণীপ্রয়োজন মত সংক্ষেপে উল্লেখ করিয়াছি মাত্র।

ফল হইল না। অবশেষে একদিন অকস্মাৎ ঝড়বৃষ্টি হইয়া জরপালের সৈশু বিপর্যান্ত হয় এবং জয়পাল সর্বৃক্তিগীনের সহিত সন্ধি করিয়া নিজ রাজ্যে প্রত্যাবর্ত্তন করেন। এই ঘটনার তারিধ সম্ভবতঃ ৩৬৯ হিঃ (৯৭৯ খ্রীঃ)। ৮

জয়পাল নিরাপদে খীয় রাজ্যে ফিরিয়া আসিয়া এই সন্ধির সর্ত্ত পালন না করায় সব্কিসীন তাঁহার রাজ্য আক্রমণ করিয়া জালালাবাদ ও তৎসন্নিহিত প্রদেশ লুঠন করিলেন।

জয়পাল আর একবার সব্কিগীনের বিরুদ্ধে যুদ্ধবাতা করিলেন। প্রায় লক্ষাধিক সৈপ্ত লইয়া তিনি সব্কিগীনের রাজ্য আক্রমণ করিলেন। এই যুদ্ধেও জয়পালের পরাজয় হয়। ফেরিস্তার মতে জালালাবাদের নিকটেই এই যুদ্ধ হয় এবং এই যুদ্ধের ফলে সবৃক্তিগীন সিদ্ধনদের পশ্চিমতীরস্থ ভূভাগের অধিপতি হন। সমসাময়িক ঐতিহাসিক আল উৎবি এই যুদ্ধের স্থান সম্বন্ধে কিছুই বলেন নাই এবং তাঁহার মতে যুদ্ধজন্তের ফলে সবৃক্তিগীন বহু ধনরত্ম এবং ২০০ রণহন্তী লাভ করেন। রাজাবিস্তারের কোন উল্লেখ আল উৎবি করেন নাই। ফেরিস্তা আরও বলেন যে, এই যুদ্ধে দিল্লী, আজমীত, কাল্জর, কনৌজ ও অন্তান্ত দেশের হিন্দু রাজারা জয়পালের সাহায্যার্থ সৈত্য পাঠাইরাছিলেন। আল উৎবি ইহারও কোন উল্লেখ করেন নাই; কিন্তু তিনিও জয়পালের লক্ষাধিক সৈত্যের উল্লেখ করিয়াছেন, স্মতরাং জয়পাল অন্তান্য হিন্দু রাজার সাহায্য পাইয়াছিলেন, ইহা খুবই সন্তব। এই যুদ্ধের তারিথ সন্তবতঃ ৩৭৮ হিঃ (৯৮৮ এইঃ) ।

১৩ বৎসর পরে পেশবারের নিকটে আবার জয়পালের সহিত স্থলতান মামুদের যুদ্ধ হয় (৩৯২ হিঃ, ৮ মহরম; ২৭এ নভেম্বর, ১০০১ গ্রীঃ)। এই যুদ্ধে জয়পাল গুরুতররূপে পরাজিত হন এবং পুত্র, পৌত্র ও অন্তান্ত আত্মীয় স্বজন সহ বন্দী হন। সমসাময়িক ঐতিহাসিক আল উৎবী লিখিয়াছেন যে, এই যুদ্ধে জয়পালের সঙ্গে ১২,০০০ অস্বারোহী ৩০,০০০ পদাতিক ও ৩০০ রগহন্তী ছিল; আরও সৈন্ত তাঁহার সাহায্যার্থ অগ্রসর হইতেছিল এবং ইহাদের আগমন প্রতীক্ষায় তিনি স্থলতান মামুদের সহিত সন্মুথ যুদ্ধে বিলম্ব করিতেছিলেন। কিন্তু স্থলতান মামুদ এই সাহায্যকারী সৈন্ত পৌছিবার পুর্বেই জয়পালকে আক্রমণ করিয়া বিধবন্ত করেন।

আল উৎবী আরও লিথিয়াছেন যে, জয়পালের পূত্র আনন্দপালের ব্লাজ্য সিন্ধুনদের অপর পারে অবস্থিত ছিল। জয়পাল তাঁহাকে এই ছর্ঘটনার বিষয় জানাইয়া তাঁহাকে ৫০টি রণহন্তী পাঠাইবার জন্ম অনেক অন্ধুনয় বিনয় করিয়া এক পত্র লেখেন। আনন্দপাল-প্রেরিত ৫০টি হন্তী পাইয়া স্থলতান মামুদ জয়পালের সহিত সন্ধি করিয়া তাঁহাকে মুক্তি প্রদান করেন। কিন্তু জয়পাল

Raverty-English Translation of Tabaqat-i-Nasiri, p. 74. fn. 2.

Raverty-Eng. Transl. of Tabaqat-i-Nasiri, p. 74. fn. 3.

বাহাতে সন্ধির সর্ত্ত পালন করেন, তাহার জস্ত তাঁহার এক পুত্র ও পৌত্রকে জামিন রাখেন। ফেরিস্তার মতে জন্মপাল বার্ষিক কর ও মুক্তির মূলাস্বরূপ নগদ এককালীন স্মনেক টাকা দিবেন এই সর্ত্তে সন্ধি হয়। আল উৎবী সন্ধির সর্ত্ত সম্বন্ধে কিছুই লেখেন নাই।

আল উৎবীর উলিথিত বর্ণনা একটু রহস্তজড়িত বলিয়া মনে হয়। প্রথমতঃ জাঁহার বর্ণনা অমুসারে আনন্দপাল ও তাঁহার পিতা দিল্নদের হুই পারে হুই ভিন্ন রাজ্যে রাজত্ব করিতেন এবং উভয়ের মধ্যে বিশেষ সন্তাবও ছিল না। কারণ, পিতার এত বড় একটা হুর্ঘটনা হইয়া গেল অথচ আনন্দপাল কিছুই সাহায্য করিলেন না, এবং ৫০টি রণহন্তী পাঠাইবার জন্মও জয়পাল তাঁহাকে "অনেক অনুনম্ব-বিনয় করিয়া" পত্র লিখিলেন। আল উৎবী স্পষ্ট ইন্ধিত করিয়াছেন যে, আনন্দপালের প্রারোচনায়ই জয়পাল, বন্দী অবস্থা হইতে মুক্ত হইয়া চিতানলে দেহ বিদর্জন করিয়া সকল অপমান ও লাজনার হাত এড়াইলেন।

আল উৎবীর মতে পেশবারের যুদ্ধে জয়লাভ করিবার পর স্থলতান নামুদ ওয়াইহিল অধিকার করেন। ফেরিস্তা ও নিজামুদ্দিন লিথিয়াছেন যে এই স্থানের নাম 'বাটিও' এবং এই স্থানেই জয়পাল ব'দ করিতেন। পরবর্তী ঐতিহাসিকগণ 'বাটিও' পাঠ গ্রহণ করিয়া পঞ্জাবের পূর্ব্বপ্রাস্তে অবস্থিত বাটিওা নামক স্থানে জয়পালের রজ্বানী নির্দেশ করিগাছেন। ইলিয়াই সমুদ্য় প্রমাণ আলোচনা করিয়া উক্ত স্থান যে প্রকৃতপক্ষে ওগাইহিল (বর্ত্তমান ওহিল) ত'হাই দির্দাস্ত করিয়াছেন। কিন্তু র্যাভেটি এই মত অগ্রাহ্ণ করিয়া পূর্ব্বপ্রচলিত 'বাঠিও' পাঠই সমর্থন করিয়াছেন। কিন্তু করেকটি বিষয় আলোচনা করিলে ওয়াইহিল পাঠই যে প্রকৃত, দে বিষয়ে কোনই সন্দেহ থাকে না।

প্রথমতঃ পেশবার হইতে বাঠিগু বহুদ্রে; পঞ্জাবের অধিকাংশ জন্ম করিতে না পারিলে বাঠিগু পৌছান যান্ন না। অথচ ফেরিস্তা লিথিয়াছেন দে, মামুদ পেশবার মুদ্ধে জন্মণাভ করিয়া বিটুগু (বাঠিগু) অবরোধ ও দখল করিলেন। ওহিন্দ পেশবারের সন্নিকটবর্ত্তী; স্কৃতরাং জন্মপালকে যুদ্ধে পরাভূত করিয়া মামুদ অনভিদ্রবর্তী তাঁহার র'জধানী ওহিন্দ আক্রমণ করিবেন—ইহাই সম্পূর্ণ স্থাভাবিক বলিয়া মনে হয়।

বিতীয়তঃ আমরা পূর্ব্বে দেখিয়াছি যে, রাজতরঙ্গিণী মতে উদভাগুপুর অথবা ওহিন্দেই শাহির রাজগণের রাজধানী ছিল। ফেরিস্তা ও নিজামুদ্দিন প্রভৃতি লেখকও মামুদের অধিক্বত স্থানকে জয়পালের রাজধানী বলিয়াই বর্ণনা করিয়াছেন; স্মৃতরাং এই স্থান ওয়াইহিন্দ (ওহিন্দ) ধরিলেই উভয় মতের সামঞ্জস্ত হয়।

ভূতীয়তঃ সর্ব্বপ্রাচীন ও মামুদের সমদাম্মিক লেখক আল উৎবী এই স্থানের নাম লিথিয়াঁছেন

ভন্নাইহিন্দ এবং জন্বপাল ও আনন্দপালের সন্ধনে তাঁহার যে বর্ণনা উপরে উদ্ধৃত হইরাছে, তাহা হইতে স্পৃষ্ঠিই অনুসান হয় যে, তাঁহার মতে জন্বপাল সিন্ধনদের পশ্চিমে ও আনন্দপাল সিন্ধনদের পূর্বের রাজন্ধ করিতেন। অতরাং জন্মপালের রাজধানী লাহোরের দক্ষিণ-পূর্বেইত বাঠিগুল হইতে পারে না। বাঠিগুল সমর্থনকলের রাভেটি যে অদীর্ঘ আলোচনা করিয়াছেন, তাহা বিশেষ যুক্তিযুক্ত বলিয়া মনে হয় না। তারিথ-ই-মিরাৎ-ই-জহান-মুমা নামক যে গ্রন্থের তিনি উল্লেখ করিয়াছেন, তাহাতে আলোচ্য স্থানের নাম বাহিন্দ বলিয়া কথিত হইগ্লছে। বাহিন্দ, বাঠিগুল অপেক্ষা ওন্নাইহিন্দেরই রূপান্তর বলিয়া গ্রহণ করা অধিকত্তর সঙ্গত। তারপর তিনি একজন হিন্দু রচিত জন্মুর রাজবংশের ইতিহাদে বাঠিগুল জন্মপালের রাজধানী এইরূপ উল্লেখ দেখিয়াছেন। কিন্তু এই গ্রন্থ খ্ব সম্ভবতঃ আধুনিক। অত্রাং রাজতর্গিনী-বর্ণিত উদ্ভাগ্নপূর্ শাহিবংশের রাজধানী ছিল—ইহা অগ্রাহ্ করিয়া এই আধুনিক গ্রন্থের প্রমাণ গ্রহণ করা যায় না।

স্থতরাং দেখা যাইতেছে যে, বাঠিপ্তা জন্নপালের রাজধানী ছিল—এই মতটি একটি পরবর্ত্তীকালের ভ্রাস্ত পাঠের উপর প্রতিষ্ঠিত এবং ইংার সপক্ষে কোনও যুক্তি নাই। অথচ সমসামন্নিক লেখক আল উৎবী ও প্রাচীন গ্রন্থ রাজতরঙ্গিণী এ উভরের মতেই জন্নপালের রাজধানী উদভাগুপুর অথবা ওহিন্দ বলিয়া ধরা যাইতে পারে। এই প্রবন্ধের প্রারম্ভ ভিনপেন্ট স্মিথের যে উক্তি উদ্ধৃত হইরাছে, অতঃপর তাহার অসারতা সহজেই প্রতিপন্ন হইবে। তথাকথিত ভাটিপ্তা ও ওহিন্দের রাজবংশ বস্থতঃ তুই নহে, এক ও অভিন্ন। স্মিথ ও তাঁহার অনুসর্গকারী ঐতিহাসিকগণ এই তুইরের মধ্যে প্রভেদ কল্পনা করিয়া বিষম ভ্ল করিরাছেন।

জয়পালের পর তাঁহার পূত্র আনন্দপাল পিতৃদিংহাসনে আরোহণ করেন ৩৯৬ হিঃ (১০০৬ খ্রীঃ)। স্থানান মামূদ মূলতানের বিরুদ্ধে অগ্রদার হইবার কালে আনন্দপালের নিকট জাঁহার রাজ্যের মধ্য দিয়া সৈন্ত লইয়া যাইবার অন্থমতি প্রার্থনা করেন। কিন্তু আনন্দপাল ইহাতে সন্মত না হইয়া সদৈতে মামূদকে বাধা প্রদান করেন। আনন্দপাল পরাভূত হন। মামূদ তাঁহার পশ্চাজাবন করিয়া তাঁহার রাজ্য ছারথার করিতে করিতে প্রায় কাশ্মীরের সীমাস্তে আদিয়া উপনীত হন। তিন বৎসর পরে স্থলতান মামূদ প্ররায় আনন্দপালের রাজ্য আক্রমণ করেন। আনন্দপালের পূত্র বান্ধাপাল সিন্ধানদের পারে তাঁহার গতিরোধ করেন। প্রাত্তংকাল হইতে সন্ধ্যা পর্যাস্ত যুদ্ধ চলিতে থাকে। হিন্দু দৈন্তই জয়লাভ করিবার উপক্রম করিয়াছিল; কিন্তু অক্সাৎ পশ্চাৎ হইতে অতর্কিত আক্রমণে বিপর্যান্ত হইয়া পলায়ন করিল। মামূদ জয়লাভ করিয়া ভীমনগর অথবা নগরকোট হুর্গ অধিকার করিলেন। ফেরিস্তা ও অক্তান্ত ঐতিহাসিকগণ এই যুদ্ধের বিস্তৃত বর্ণনা লিপিবান্ধ করিয়াছেন।

ইহার কিছুদিন পরেই আনন্দপাল স্থণতান মামুদের সহিত দন্ধি করিলেন। আনন্দপাল বার্ষিক করম্বরূপ মূল্যবান্ দ্রবাদস্ভারপূর্ণ ৫০টি হস্তী ও স্থলতানের অধীনে কার্য্য করিবার জন্ত ছই হাজার সৈত্য পঠাইতে স্বীকৃত হইলে মামুদ আর তাঁহার রাজ্য আক্রমণ করিবেন না—এইরূপ প্রতিশ্রুত হইলেন।

কিন্ত এই দন্ধি বেশী দিন স্থায়ী হইল না। ৪০৪ হি: (১০১৩)১৪ খ্রীঃ) মামুদ পুনরায় তাঁহার রাজ্য আক্রমণ করিলেন। নার্দিন নামক স্থানে তিনি হিন্দু প্রতিশ্বদীকে সম্পূর্ণরূপে পরাস্ত করিলেন।

আল উৎবীর মতে এই প্রতিরন্ধার নাম 'নিদর ভীম' অর্থাৎ 'নির্ভাক ভীম', নিঙ্গামউদ্দিনের মতে 'পুরুত্বরপাল' অথবা 'ভরুত্বরপাল'। আলবেরুণীর মতে আনন্দপালের উত্তরাধিকারীর নাম তরোজনপাল এবং ইনি ১০২১ গ্রীঃ পরলোকে গমন করেন। স্কুতরাং নিজামউদ্দিনের প্রস্তের 'ভরুক্তরপাল' পাঠ ধরিয়া ইংকে তরোজনপালের সহিত অভিন গ্রুণ করাই সঙ্গত। আলবেরুণীর মতে তরোজনপাল অথবা ক্রিলোচনপালের উত্তরাধিকারীর নাম ভীমপাল। আল উৎবীও অক্সত্র লিথিয়াছেন যে, পুরুত্বরপালের পুত্র ভীমপাল (৪৭ গ্রীঃ)। ইহাও 'পুরুত্বরপাল' ও 'ক্রিলোচনপালে'র অভিনতা প্রমাণিত করিতেছে ।' '

স্থতরাং অনুমান করিতে হইবে যে, ১০১০ গ্রীষ্টাব্দের পূর্ব্বে কোন সময়ে আনন্দপাণের মৃত্যু হয় এবং তৎপুত্র তরোজনপাল অথবা ত্রিলোচনপাল পিতৃলিংহাদনে আরোহণ করেন।

ফেরিস্তার মতে স্থলতান মামুদের আক্রমণের অবাবহিত পুর্সেই আনন্দণালের মৃত্যু হয়;
কিন্তু তিনি আনন্দপালের পরবর্তী রাজার নাম 'জয়পাল' বলিয়া উল্লেখ করিয়াছেন। 'প্রুজয়পাল'
এই বিক্তুত পাঠ হইতেই এই দ্বিতীয় 'জয়পালের' স্থাষ্ট হইয়াছে। কারণ এক্ষেত্রে আলবেরুণীর মতই
সমীচীন বলিয়া গ্রহণ করা সমত। ব্রিলোচনপালের পুত্র ভীনপাল সম্ভবতঃ স্থলতান মামুদের

১০ এ বিষয়ে আরও একটি প্রমাণের উল্লেখ করা যাইতে পারে। আল উৎবী সিনিটাছেন যে, পুরু সরপালের পুত্রের নাম ভীমপাল (Elliot 11, p. 47) এবং তাহার কিছু পরেই উল্লেখ করিয়াছেন যে, ভীমপালের পিতৃরা ও অস্থান্য আশ্বীয় মূসলমানদের হত্তে বন্দী হইরা মুসলমান ধর্ম গ্রহণ করিতে বাধা হইছাছিল। ওদিকে আলবেরনীও উল্লেখ করিয়াছেন বে, ত্রিলোচনপালের আ্রা (অতএব ভীমণালের পিতৃয়) মুসলমানের হত্তে ন্দী হইরাছিলেন। স্থতরাং আল উৎবীর কবিত ভীমপাল ও আলবেরনী নিবিত ভীমপাল একই ব্যক্তি বলিয়াধ্রা বাইতে পারে। তাহা হইলে ভীমপালের পিতা ত্রিলোচনপাল (আলবেরনী মতে) ও পুরু সর্বাল (আল উৎবীর নতে) অভিন্ন বলিয়াই গ্রহণ করিতে হইবে।

বিরুদ্ধে যুদ্ধের দেনাপতি ছিলেন। আল উৎবী-কথিত নিদর ভীম ও আলবেরুণী কর্তৃক উল্লিখিত ত্রিলোচনপালের পুত্র ভীমপাল সম্ভবতঃ একই ব্যক্তি।

কহলণের রাজতরঙ্গিণীতে উলিখিত হইরাছে যে, সংশ্রামরাজের রাজত্বকালে (১০০৩-২৮ খ্রীঃ) শাহিরাজ ত্রিশোচনপালের সাহায্যার্থ কাশ্মীর হইতে একদল সৈত্য তুরুদ্ধদের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করে। এই যুদ্ধে কাশ্মীর সৈত্য পরাজিত হয়, ত্রিলোচনপালও অশেষ বীরত্ব প্রদর্শন করিয়া অবশেষে তুরুদ্ধদের হস্তে পরাজয় স্বীকার করেন এবং ইহার অনতিকাল পরেই শাহি রাজ্যের গৌরব রবি অন্তমিত হয়। কচ্লাণ-বর্ণিত তুরুদ্ধ যুদ্ধ সম্ভবতঃ ১০১৩ খ্রীষ্টাব্দের অভিযানই স্থৃতিত করিতেছে (৭।৪৭-৬৯)।

আল উৎবীর মতে কয়েক বৎসর গরেই পুরুজয়য়য়েলের সহিত স্লতান মামুদের বিতীয় বার
যুদ্ধ হয় এবং স্থলতান জয়লাভ করেন। পূর্বের যাহা বলা হইয়াছে, তাহাতে এই পুরুজয়পাল য়ে
ক্রিলোচনপালেরই নামান্তর, তাহাতে কোন সন্দেহ থাকে না। এই যুদ্ধ কোথায় হইয়ছিল, তাহা
ঠিক বলা য়য় না। আল উৎবীর মতে 'রাহিব নদীর তীরে' (ইলিয়টের অন্থবাদ) অথবা 'কোন
নদীর তীরে রাহিব নামক স্থানে (রেণল্ডসের অন্থবাদ), পরবর্তা গ্রন্থকারগণের মতে য়মুনা নদীর
তীরে। নিজামউদ্দিনের মতে চন্দেনরাজ গণ্ডের বিরুদ্ধেই মামুদ অভিযান করিয়াছিলেন এবং
ক্রিলোচনপাল গণ্ডের সাহায়ার্য অপ্রসর হওয়াতেই মামুদের সহিত তাঁহার সংঘর্ষ হয়। আল
উৎবী এই যুদ্ধের তারিথ নির্দেশ করেন নাই। নিজামউদ্দিনের মতে এই যুদ্ধ ৪১০ হিঃ (১০১৯ খ্রীঃ)
এবং ফেরিস্তার মতে ৪১২ হিঃ (১০২১ খ্রীঃ) ঘটিয়াছিল। আলবেরুণীর মতে এই শেষোক্ত
বৎসরে ক্রিলোচনপালের মৃত্যু হয়।

রাহিবের যুদ্ধের বর্ণনার সঙ্গেই আল উৎবীর গ্রন্থের পরিসমাপ্তি হইয়ছে। ইহার পরবর্ত্তীকালের ঘটনা সম্বন্ধে নিজানউদ্দিন বলেন যে, ৪১৩ হিঃ (১০২২ খ্রিঃ) স্থলতান মামুদ লাহোর আক্রমণ করেন। কেরিস্তা বলেন যে, লাহোরের রাজা আজমীতে পলাইয়া আত্মরক্ষা করেন এবং স্থলতান মামুদ লাহোর ও অস্তাস্ত স্থানে মুদলমান শাসনকর্ত্তা নিযুক্ত করেন। এইরূপে হিন্দু শাহি রাজ্য মুদলমানগণের অধিকৃত হয়। আলবেরুণীর মতে ত্রিলোচনপালের পুত্র ভীমপাল ১০২৬ খ্রীঃ মৃত্যুম্থে পতিত হন। আল উৎবী লিখিয়াছেন যে, পুরুজয়পালের (ত্রিলোচনপালের) সহিত চাঁদ রায় নামক এক রাজার শত্রুতা ছিল। চাঁদ রায়ের কন্তার সহিত স্থীয় পুত্র ভীমপালের বিবাহ দিয়া এই শত্রুতার অবসান করিবার জন্ম ত্রিলোচনপাল উহাকে চাঁদ রায়ের নিকট প্রেরণ করেন; কিন্তু এই স্থযোগে চাঁদ রায় ভাঁহাকে বন্দী করেন।

ভীমপাল সম্ভবতঃ কারামুক্ত হইয়া রাজ্য অধিকার করিয়াছিলেন এবং ১০২২ খ্রীঃ আঞ্চমীঢ়ে আশ্রয়

লইয়াছিলেন। এইরপে চারি বৎসর কাল জীবন যাপন করিয়া তিনি মৃত্যুমূপে পতিত হন। তাঁহার সজে সজে শাহি রাজবংশের শেষ চিহ্ন বিলুপ্ত হয়।

শাহি রাজবংশের পতন ভারতের রাজনৈতিক ইতিহাসে একটি বিশেষ স্মরণীয় ঘটনা। এই রাজবংশের গৌরবময় স্মৃতির প্রতি ভারতবাদী যে কিরুপে শ্রাদ্ধাঞ্জলি প্রদান করিত, তাহার পরিচয় আমরা পূর্ব্বোদ্ধ্ ত আনবেরুনীর উক্তি এবং রাজতরঙ্গিণীর দপ্তম অধ্যায়ের তিনটি শ্লোক হইতে (৬৬-৬৯) কতক ব্বিতে পারি। শাহি রাজ্যের ধ্বংসের পর শাহি বংশীয় রাজপুত্রগণ কাশ্মীরে সদস্মানে আশ্রম লাভ করিয়াছিলেন এবং শাহি বংশীয় কোন কোন রাজকত্যা কাশ্মীরের রাজমহিষী হইয়াছিলেন (রাজতরঙ্গিণী সপ্তম অধ্যায় ১৪৪-৭৮)।

আশ্বিন ১৩৩৬

শ্রীরমেশচন্দ্র মজুমদার

চৈতত্য-সম্প্রদায় ও মাধ্ব সম্প্রদায়

চৈতন্তাদেব-প্রবর্ত্তিত বৈষ্ণব সম্প্রদায় সম্বন্ধে আজকাল এইরূপ একটি মতবাদ প্রচলিত হইরাছে যে, এই সম্প্রদায় প্রাচীনতর মাধব সম্প্রদায়ের অস্তর্ভূক্ত। চৈতন্ত-সম্প্রদায় সম্বন্ধে তাঁহার তিনখানি গ্রন্থে শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন এই মতবাদের প্রতিধ্বনি করিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, চৈতন্তাদেবের আবির্ভাবের পূর্ব্বে এই দেশে মাধব সম্প্রদায়ের গৌরব প্রতিষ্ঠিত ছিল এবং চৈতন্তাদেব ও তাঁহার পার্ষদবর্গ যে শুধু এই পূর্ব্বতন সম্প্রদায়ের সহিত সম্পূক্ত ছিলেন, তাহা নহে; এই সম্প্রদায়কে গুরু-সম্প্রদায় বলিয়া বরণ করিয়া স্বরং চিতন্তাদেব প্রকারান্তরে ইহার অস্তর্ভূক্তি স্বীকার করিয়াছেন। এই মতবাদ বত দূর সমীচীন, তাহাই বর্ত্তমান প্রবন্ধের আলোচ্য বিষয়।

চৈতভাদেবের পূর্ব্বে বাঙ্গাগাদেশে বৈষ্ণব ধর্ম্ম কি আকারে প্রচালত ছিল, বর্দ্তনান প্রদক্ষে তাহার বিস্তৃত সমালোচনার প্রয়োজন নাই; কিন্তু এই সময়ে মাধ্ব মতের প্রচুর প্রচলন সম্বন্ধে কোনও বিশ্বাসযোগ্য প্রমাণ বা প্রবাদ পাওয়া যায় না। জয়দেব বা ৮ণ্ডীদাসের পদাবলীতে যে বৈষ্ণব ধর্মের আভাস পাওয়া যায়, তাহার দহিত নাধ্ব মতের কোনও সম্পর্ক দেখা যায় না। রাস-পর্ক্ষাগায় মাধ্ব বৈষ্ণবগণের স্বীকৃত নহে; এবং যে শ্রীরাধা বা শ্রীকৃত্বের বৃন্দাবনলীলা জয়দেব ও চণ্ডীদাসের উপজীব্য, তাহা মাধ্ব উপাসনা তবে উচ্চ স্থান অধিকার করে না। জয়দেব ও চণ্ডীদাসের শ্রন্থানিতে প্রতিক্লিত বৈষ্ণব ধর্মের যাহাই স্কর্মপ হউক না কেন, ইহা বলা যাইতে পারে যে, তাঁহাদের প্রস্তে

গৌড়ীয় বৈষ্ণবর্গণ স্বীকার করেন যে, চৈতন্তদেবের আবির্ভাবের অনতিপূর্বের বাঁহাদের প্রেরণার এই দেশে বৈষ্ণব তক্তিরদের প্রচার হইয়াছিল, তাঁহাদের প্রহাগ ছিলেন মাধ্বেন্দ্র পূরী নামক একজন সন্ন্যাসী। সনাতন গোস্বামী তাঁহার বৈষ্ণব-তোষণী টীকার নমস্থ্রিয়ার বলিয়াছেন যে, মাধবেন্দ্র পূরীর দ্বারাই রুফ্ডভক্তিরপ রস-তরু অন্থ্রিত হইয়াছিল এবং এই কথারই প্রান্তিধ্বনি করিয়া রুফ্ডদাস কবিরাজ লিথিয়াছেন,— "ভক্তিকল্লতরুর তিঁহ প্রথম অন্থ্রম"। বৃন্দাবন দাসের চৈতন্তাভাগবতে, ভক্তিরদের আদি স্বত্রধার বলিয়া মাধবেন্দ্র পূরী কীর্ত্তিত হইয়াছেন; এবং কবিকর্ণপূর তাঁহার গৌরগণোদ্দেশদীপিকায় স্পষ্ট বলিয়াছেন যে, উজ্জ্বলাদি-রস-প্রধান গৌড়ীয় বৈষ্ণব ধর্ম্ম মাধবেন্দ্র পূরীর দ্বারাই প্রবর্ত্তিত। কথিত আছে যে, চৈতন্তদেবের পূর্বের অহৈত আচার্য্য মাধবেন্দ্র পূরীর শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন এবং দাক্ষিণাত্য ভ্রমণের সমন্ন তাঁহার সহিত নিত্যানন্দের সাক্ষাৎকার হইয়াছিল। মাধবেন্দ্রের সহিত চৈতন্তদেবের কথনও দেখা হইয়াছিল কি না, জানা

যায় না; বোধ হয় তৎপূর্বেই মাধবেন্দ্র দেহত্যাগ করিয়াছিলেন; কিন্তু মাধবেন্দ্রের অন্ততম শিষ্য জীমার পূরী তাঁহার দীক্ষাগুরু ছিলেন এবং কেহ কেহ বলেন যে, তাঁহার সন্মাস-গুরু কেশব ভারতীও মাধবেন্দ্রের শিষ্য ছিলেন। তৈতন্তভাগবতাদিতে মাধবেন্দ্র পূরীর যে সমাধি ও ভাবোন্মাদের কথা উন্নিধিত আছে, তাহা চৈতন্তদেবেরই অমুরূপ। বুন্দাবন দাস লিথিয়াছেন,—

মাধবেক্সপুরী কথা অকথা কথন। মেঘ দবশন মাত্র হয় অচেতন।

ইহা হইতে মনে হয় যে, চৈত্রসদেবের ন্যায় তিনিও ভাবপ্রধান সন্ন্যাদী ছিলেন, এবং তাঁহার ভক্তিরসময় সাধনার ধারায় চৈত্রসদেবের ভাব-জীবনের পূর্ববাতাস পাওয়া যায়।

কিন্ত শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন-প্রমুধ লেথকগণের মতে চৈতন্যদেবের অগ্রগামী এই মহাপুরুষ মাধ্ব সন্নাসী ছিলেন: এবং ইঁহাকে পরমগুরু বলিয়া স্বীকার করাতে চৈতন্যদেবকে সম্প্রদায়-মনুরোধে মাধ্ব সন্নাসী বলিতে হইবে। ইহা হইতে তাঁহারা আরও অমুমান করেন যে, হৈতন্যদেবের পুর্বের বাঙ্গালা দেশে মাধ্য মতের বহুল প্রচার ছিল। কিন্তু এই সকল অনুমানের কোনও ভিত্তি আছে ব্লিয়া মনে হয় না; কারণ, মাধবেক্ত পুরীকে মাধ্ব সন্ন্যাসী ব্দিয়া গ্রহণ করিবার প্রমাণ গৌডীয় বৈষ্ণবদিগের কোনও প্রাচীন প্রামাণিক প্রয়ে পাওয়া যায় না। চৈতভাদেবের যে কয়থানি চরিতগ্রন্থ আছে এবং চৈত্র-লীলা অবলম্বনে কবিকর্ণপুর যে কাবা ও নাটক রচনা করিয়াছিলেন, একমাত্র তাহাতেই মাধবেন্দ্র পুরীর উল্লেখ পাওয়া যায়, কিন্তু ক্রাপি তিনি মাধ্ব সন্নাসী বলিয়া বর্ণিত হন নাই। মাধ্ব সম্প্রদায়ের আদিগুরু মধ্বাচার্যা, অচ্যুতপ্রেক্ষ বা পুরুয়োত্তম তীর্থের দ্বারা দীক্ষিত হইয়া, 'আনন্দ তীর্থ' এই সন্ন্যাস নাম গ্রহণ করেন। পরে শব্ধরের অধৈতবাদের বিরুদ্ধে স্বীয় হৈতবাদ প্রচার করিলেও শঙ্কর-সম্প্রদায়ের এই তীর্থ-আখ্যা পরিত্যাগ করেন নাই। তাঁহার সময় ছইতে আৰু পৰ্য্যস্ত শিষ্যানুক্রমে মাধ্ব-গুরুগণ শঙ্করের দশনামী সম্প্রদায়ের এই 'তীর্থ' আখ্যাধারা পরিচিত; তাঁহাদের মধ্যে 'পুরী' বা 'ভারতী' এই সন্ন্যাস উপাধি পাওয়া যায় না। 'তীর্থে'র শিষ্য 'পুরী' বা 'ভারতী' হইতে পারেন না—'তীর্থ'ই হইবেন। ইহা হইতে মনে হয়, মাধবেক্স ও তৎশিষ্য ক্টশ্বর পুরী শঙ্কর-সম্প্রদায়ী ছিলেন, এবং কেশব ভারতীও এই সম্প্রদায়-ভূক্ত। ইহা আরও উল্লেখযোগ্য যে, শঙ্কর সম্প্রদায়ী সন্ন্যাসীরা 'শিখা' ও 'স্থৃত্ত' পরিত্যাগ করেন, কিন্তু মাধ্ব সন্ন্যাসীরা তাহা করেন না। চৈতক্সভাগবতে (অস্তা, তৃতীয় অধ্যায়) গিথিত আছে যে, মাধবেন্দ্র শিধা-সূত্র পরিত্যাগ করিয়াছিলেন, এবং চৈত্তমদেবও কাটোয়াতে সন্ন্যাসগ্রহণের সময় সেইক্লপ করিয়াছিলেন বলিয়া সর্বত্ত লিখিত আছে।

চৈভক্তদেবের মাধ্ব-সম্প্রদায়-ভূক্তির যেসন কোনও সন্তোষজনক প্রমাণ পাওয়া যায় না, ভেমনি

শক্তর-সম্প্রদায়-ভূক্তির যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। অবশ্য, তিনি নে ধর্মমন্ত প্রচার করিয়াছিলেন, তাহার সহিত তাঁহার বিশিষ্ট সম্প্রদায়-ভূক্তির কোনও সম্পর্ক নাই; কারণ, তাঁহার ধর্মমত তাঁহার নিজস্ব ও সাম্প্রদায়িক মতের দ্বারা পরিচ্ছিল্ল নহে। চৈত্রস্তাদেবের প্রবর্তিত সম্প্রদায়ের স্মার্ভতন্ত্ব, দার্শনিক তত্ত্ব ও উপাসনা-তত্ত্ব, মাধ্ব বা শক্তর-সম্প্রদায়ের সেই সব তত্ত্ব হইতে সম্পূর্ণ বিভিন্ন; মতেরাং তাঁহাকে অন্ত কোন আই র্য্য-সম্প্রদায়ের অন্তভূক্ত করিলে তাঁহার সম্প্রদায়ের কোনও গৌরব হানি হয় না। কিন্ত ঐতিহাসিক তথ্যের দিক্ হইতে দেখিতে গেলে মনে হয় যে, সন্ন্যাসগ্রহণের সময় তিনি কেশব ভারতীর শিষ্যত্ব স্থীকার করিয়া আপনাকে প্রথনে শক্তর-সম্প্রদায়ের অন্তভূক্ত সন্ন্যাসী বলিয়াই জ্ঞাপন করিয়াছিলেন। চৈত্রস্তারিকামূতের একাধিক স্থলে চৈত্রস্তাদেব আপনাকে শায়াবাদী সন্ন্যাসী বলিয়া পরিচত ক্রিতি হন নাই, কিন্ত কোগাও মাধ্ব সন্ন্যাসী বলিয়া পরিচত ক্রিছিত নাই। পূরীতে বাস্থদেব সার্ব্যনের নিকট তিনি ভারতী-সম্প্রদায়ের সন্ন্যাসী বলিয়াই পরিচিত হইয়াছিলেন; এবং কাশীতে মায়াবাদী সন্ন্যাসীর কঠোর প্রস্তান পরিত্যাগ করার জন্ত অবৈত্রবাদী প্রকাশনক তাঁহাকে উপহাস করিয়াছিলেন। চৈত্রস্তারিতামূত হইতে আরও জানা যায় যে, দাক্ষিণাত্য পর্যাটনকালে মধ্বাচার্যের স্থান উড়্পুপীতে উপনীত হইয়া, চৈত্রস্তিলেন মাধ্ব তত্ত্ববাদী সম্প্রদায়ের নিরাস করিয়া তাহাদিগকে স্থীয় মতে আনিতে প্রয়াস পাইয়াছিলেন। এই সব আলোচনা করিলে তাঁহাকে কোন মতে মাধ্ব সন্ত্রাসী বলা যায় না।

কিন্তু মান্নাবাদী সম্প্রনায়-ভূক্ত হইনা হৈত্তাদেব ও তৎপূর্ন্নবর্ত্তী মাধ্বেন্দ্র-প্রমুথ সন্নাদিগণ কিন্ধপে সগুণ উপাদনা ও ভক্তিবাদের প্রচার করিনাছিলেন, ভাহা বুঝিতে হইলে শঙ্করের পরবর্ত্তী যুগের ধর্মা ও নার্শনিক মতের ধারা বুঝিতে হইবে। এই যুগে অহৈত্বাদ ও নিগুণ ব্রন্ধের উপাদনার সহিত্ত কোনও বিশিষ্ট দেবতার আরাধনা যে কথনও পরম্পরবিরোধী বলিন্না গণ্য ইইনাছিল, তাহা মনে হয় না। প্রবাদ আছে যে, স্বন্ধং শঙ্করের ইষ্টদেবতা ছিলেন প্রীক্তম্ব ; বিষ্ণুপুরাণাদির টীকার নমস্ক্রিরা হইতে জানা যান্ন যে, শঙ্কর-সম্প্রদান্নী প্রীধর স্বামী, শঙ্কর-শিষ্য পদ্মপাদের স্তান্ধ, নৃসিংহমূর্ত্তির উপাদক ছিলেন। এইরূপ একাধিক অহৈত্বাদী শঙ্কর-সম্প্রদান্নী সন্ন্যাদী নিগুণ ব্রন্ধের নির্দেশক হিসাবে প্রতীক-উপাদনার অন্ধ্রমাদন করিন্নাছেন। স্বতরাং, শ্রীমন্তাগবতের ও ভগবদগীতার টীকার শ্রীধর স্বামী যে শঙ্করের অহৈত্বাদের সহিত্ত ভাগবত ভক্তিবাদ মিশ্রিত করিবেন—ইহা কিছুই বিচিত্র নহে। প্রীধর স্বামীর টীকান্ন এই বিরোধ লক্ষ্য করিন্না জীব গোস্বামী (তত্ত্বসন্দর্ভ, বহরমপুর সংস্করণ, পৃ ৬৭-৬৮) এইরূপ সমাধান করিন্নাছেন যে, শ্রীধর সত্য সত্যই পরম বৈষ্ণব ছিলেন, কিন্তু অহৈত্বাদীদিগের নিকট ভগবন্মহিমা প্রচারের উদ্দেশ্যে, তিনি অইন্তন্নতের দ্বানা স্বীন্ধ মত কর্ম্বুরিত করিন্না, তাহাদিগের প্রহণ্যোগ্য করিতে চেষ্টা করিনাছেন। কিন্তু এই অন্ধ্রমানের সপক্ষে কোনও

প্রমাণ নাই, বরং দেনীর ভগবদুগীতার টীকার প্রারম্ভে শ্রীধর, ভাষাকার শঙ্করের মতের প্রাধান্ত স্বীকার করিয়াছেন, এবং বছ স্থলে শঙ্কর-বিবৃতির উল্লেখ করিয়া বাছল্য হইতে বিরত হুইয়াছেন। যদিও ভক্তিব্যাখ্যাই তাঁহার টীকা-সমূহের বৈশিষ্ট্য, তথাপি তিনি অদ্বৈতবাদের প্রতিও যথেষ্ট অমুরাগ দেখাইয়াছেন। এই ভক্তি ও জ্ঞানের সমন্বর প্রয়াসের যাহাই মূলা হউক না কেন, ইহা তৎকালীন বিশিষ্ট দার্শনিক মনোভাবের পরিচায়ক। প্রবাদ আছে যে, প্রীধরের এই অপূর্বে চেষ্টার ফলে, কাশীধামে স্বদম্প্রদায়ের মধ্যে একটু চাঞ্চন্য প্রকাশ পাইয়াছিল, কিন্তু অবশেষে দৈববাণীর দ্বারা শ্রীধরী ব্যাখ্যারই প্রাধান্ত স্থীকৃত হইয়ছিল। বোধ হয়, শ্রীধরী ব্যাখ্যার অনুসরণে এই সময় হইতেই. এক শ্রেণীর ভাবপ্রধান সম্মাদীর উন্নব হইয়াছিল, যাঁহারা অহৈত-সম্মাদের কঠোরতাকে ভক্তিবাদের সরুস ধারায় অভিষিক্ত করিয়া, ধর্মকে শুক্ত দর্শনের গণ্ডী হইতে জীবনের বিচিত্র ভাবধারার মধ্যে প্রতিষ্ঠিত করিতে বছরান হইয়াছিলেন। মাধবেন্দ্র পূরী প্রভৃতি এই ধরণের সন্ন্যাসী ছিলেন। এবং হৈতজ্ঞদেবও বোধ হয়, এই প্রস্থানের ভক্তিপ্রবণতায় আরুষ্ট হইয়া প্রথমে এই সম্প্রদায়ের সন্ন্যাসীদিগকে গুরুত্বে বরণ করিয়াছিলেন। ভক্তিবাদী হইয়াও অহৈত আচার্যােরও যে অহৈত জ্ঞানবাদের প্রতি পক্ষপাত ছিল, তাহারও যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। তীরভূক্তির বিফুপুরীও এই শ্রেণীর সন্ন্যাদী ছিলেন; তাঁহাকেও মাধ্ব বলিবার কোনও কারণ দেখা যায় না। শ্রীধরের সরণি অনুসরণ ক্রিয়া বিষ্ণুপুরী শ্রীমন্তাগবতের ভক্তিপ্রধান শ্লোকগুলি সংগ্রহ করিয়া 'ভাগবত ভক্তিরত্বাবনী' নামক গ্রন্থ বচনা করিয়াছিলেন। এই গ্রন্থের শেষে একটি স্লোক আছে, তাহাতে সংগ্রাহক ম্বয়ং স্বীকার করিয়াছেন যে, শ্রীধরের ব্যাখ্যাই তাঁহার উপঞ্জীব্য এবং শ্রীধরের শিখন হইতে স্বরচনার যদি কিছু ন্যুন'ধিক দৃষ্ট হয়, তাহার জন্ম স্থবীবর্গের নিকট ক্ষমাপ্রার্থনা করিয়াছেন। বাস্তবিক, পরবর্তী যুগের ধর্মমতের উপর শ্রীধর স্বামীর প্রভাব অস্বীকার করা যায় না। স্বয়ং চৈতক্তদেব শ্রীধর স্বামীর মতের পক্ষপাতী ছিলেন, এবং একবার পুরীতে বল্লভভট্ট বিরচিত ভগবদ্গীতার কোনও ব্যাথ্যাকে তিনি, 'সামী'নতের বিরোধী বলিয়া, শ্লেষপুর্বাক 'ভ্রষ্টা' এই আখ্যার অভিহত করিয়াছিলেন। সনাতন গোস্থানী তাঁহার বৈষ্ণব-তোষণী নামক শ্রীমন্তাগবতের টীকার প্রারম্ভে শ্রীধর স্বামীর ভক্তি-ব্যাখ্যার প্রাধান্ত স্বীকার করিয়াছেন: এবং হৈতন্ত্র-সম্প্রদায়ের পরম দার্শনিক জীব গোস্থামী তাঁহার ষট্ দলতে (বিশেষতঃ ভগবৎ দলতে ও পরমায় দলতে) বারংবার শ্রীধর স্বামীর টীকা উদ্ধৃত করিয়া তাহার উপর স্বীয় মতবাদের প্রতিষ্ঠা করিয়াছেন।

চৈতন্ত্য-সম্প্রদায় বা ইহার ধর্ম্মনতের আদি উৎস হইতেছে শ্রীমন্তাগবত। বেমন শ্রী, ব্রহ্ম প্রভৃতি বৈষ্ণব সম্প্রদায়-চতুষ্টিয় এই মহাগ্রন্থকে অবশ্বন করিয়া স্বকীয় ভক্তিবাদের প্রতার করিয়াছিল, তেমনি চৈতন্ত্য-সম্প্রদায়ও স্বাধীনভাবে উক্ত গ্রন্থকে আপন ধর্মমতের দার্শনিক ভিত্তিস্কর্মণ প্রহণ

করিয়াছিল, অন্য কোনও প্রাচলিত সম্প্রদায়ের নেতৃত্ব বা সাহায্য স্বীকার করিবার প্রয়োজন হয় নাই। শ্রীধরী ব্যাখ্যা অমুস্তত হইলেও, ইহার জ্ঞান ও ভক্তির সমন্বয় চৈতন্য-সম্প্রদায় কর্ত্তক সম্পূর্ণরূপে গুৰীত হয় নাই ; কিন্তু শ্রীধরের ব্যাখ্যার ফলম্বরূপ যে এক নতন শ্রেণীর ভক্তিবাদী সন্মানীর আবির্ভাব হইয়াছিল, তাঁহাদের প্রেরণা ও ভক্তির আদর্শ বাঙ্গালা দেশের এই নৃতন সম্প্রদায়কে যথেষ্ঠ অফুপ্রাণিত করিয়াছিল। কিন্তু ভৎকালীন কোনও বিশিষ্ট বৈষ্ণব সম্প্রদায়ের প্রভাব বা অস্তর্ভু ক্তির কোনও প্রমাণ পাওয়া যায় না। জীব গোস্বামীর দার্শনিক গ্রন্থসমূহে অনেক স্থলে রামাকুলীয় সিদ্ধান্ত গহীত হইয়াছে, কিন্তু গৌড়ীয় বৈষ্ণৰ সম্প্ৰদায়কে ক্লামাত্মজ-মতাবদশ্বী বলা যায় না। তেমনি কোন কোন মতের সাদৃশ্য বা ঋণ দৃষ্ট হইলেও, চৈতগ্য-সম্প্রদায়কে নিম্বার্ক বা মাধ্ব সম্প্রদায় হুইতে উৎপদ্ন বলিয়া গণনা করা যায় না, এবং ব্রভাচারী-সম্প্রদায় তো ইহার প্রায় সমসাময়িক। চৈতক্সদেবের নিতাপার্ষন ও গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের সমুদর শান্তগ্রন্থের আদি রচমিতা বৃন্দাবনের (ছয়) গোস্বামী মহাশয়গণ, তৎপ্রেরিত হইয়া যে সকল গ্রন্থ রচনা করিয়াছিলেন, তাহাতে এই সম্প্রদায় মাধ্ব মতাবলম্বী ছিল বলিয়া কোন কথাই পাওয়া যা: না। পরন্ত, জীব গোস্বামী তদীয় দর্ব্দংবাদিনী গ্রন্থে দ্বৈতবাদ, অদ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ বা হৈতাহৈতবাদ—ইহার কোন বাদকেই স্বসম্প্রদায়-নিরূপিত বাদ বলিয়া স্বীকার করেন নাই। রূপ গোস্বামী তাঁহার লঘুভাগবতামূতে মাধ্ব ভাষ্যের উল্লেখ করিয়াছেন এবং সনাতন গোস্বামী বৈষ্ণব-তোষণী টীকায় উক্ত ভাষ্য-মত হুই এক স্থলে উদ্ধৃত করিয়াছেন; জীব গোস্বামীও তাঁহার ভগবৎসন্দর্ভাদিতে মধ্ব-ভাষ্য প্রমাণিত শ্রুতিবাক্য কয়েক স্থলে প্রহণ করিয়াছেন। এমন কি. প্রীজীব তদীয় তত্ত্বসন্দর্ভে মধ্বাচার্য্যের বৈষ্ণবমতের সম্রান্ধ উল্লেখ করিয়া লিখিয়াছেন যে, বিজয়ধ্বজ, ব্ৰহ্ম তীৰ্থ ও ব্যাস তীৰ্থ, এই তিন মাধ্ব আচাৰ্য্যের রচিত ক্রনাম্বয়ে ভাগবত-তাৎপর্য্য, ভারত-তাৎপর্য্য ও ব্রহ্মস্থত্র-ভাষ্য নামক গ্রন্থমূহ হইতে তিনি উপকর্মাদি সংগ্রহ করিয়াছেন। কিন্তু সর্ব্ব-গৌড়ীয়বৈষ্ণব-মান্ত এই তিন জন গোস্বামী কুত্রাপি মধ্বাচার্য্যদিগকে পূর্ব্ব গুরু বলিয়া উল্লেথ বা স্বীকার করেন নাই।

মাধব-সম্প্রদায়-ভূক্তির উল্লেখ একমাত্র বলদেব বিদ্যাভূষণের গ্রন্থে পাওয়া যায়। তাঁহার গোবিন্দ ভাষ্যের প্রারম্ভে ও প্রনেয়-রক্সাবলীতে, মধ্বাচার্য্য হইতে মাধ্বেক্স পুরী ও ঈশ্বর পুরী পর্যান্ত চৈতক্তদেবের শুরু-পরম্পরার একটি তালিকা পাওয়া যায়; কিন্ত বলদেবের উক্তি ভিন্ন, চৈতক্তদেব ও মাধবেক্স পুরী প্রভৃতির মাধব-সম্প্রদায়-ভূক্তির অপর কোন প্রমাণ পাওয়া যায় না। যে সকল মাধ্ব আচার্য্যগণের নাম এই তালিকায় উক্ত হইয়াছে, তাঁহাদের অনেকেই স্থপ্রসিদ্ধ ব্যক্তি, স্মৃতরাং তাঁহাদের ঐতিহাসিক পরম্প্রা বা কাল-নির্ণন্ধ ছক্ষহ বাপার নহে;

কিন্তু শ্রীযুক্ত অমরচন্দ্র রায় ইতিপুর্বে উদ্বোধন পত্রিকায় (১০০৬-৩৭) দেখাইয়াছেন যে, এই তালিকায় মাধ্ব শুরুদিগের যে পৌর্বাপর্য্য উক্ত হইয়াকে, তাহাতে যথেষ্ট গোলযোগ রহিয়াছে। এই তালিকার কিছু ঐতিহাসিকতা থাকিলেও, মোটামুটি ইহা কল্পনা-প্রস্থত অথবা অপর্য্যাপ্ত তথ্য অবলম্বন করিয়া প্রস্তুত, তাহাতে সন্দেহ নাই। এই তালিকার অমুরূপ একটি শুরুপ্রণালিকা কবিকর্ণপুরের গৌরগণোদ্দেশ-দীপিকায় দৃষ্ট হয়; কিন্তু এই হুই তালিকার এরূপ আক্ষরিক সাদৃশ্য আছে যে, তাহাতে মনে হয়, এই তালিকাটি বলদেব বিদ্যাভূষণের গ্রন্থ হইতে কবিকর্ণপুরের গ্রন্থে পরবর্ত্তা কালে প্রক্ষিপ্ত হইয়াছে। কারণ, কবি কর্ণপুর অন্তত্ত্ব তাহার হৈতন্ত্য-চন্দ্রোদয় নাটকের পঞ্চম অক্টে স্পষ্টই লিথিয়াছেন যে, চৈতন্তাদেব অইদ্বতবাদীদিগের তুরীয় আশ্রম (সন্যাস) গ্রহণ করিয়াছিলেন।

ইহা মনে রাথিতে হইবে যে, উড়িয়া-নিবাদী বলদেব বিদ্যাভূষণ খ্রীষ্টীয় অষ্টাদশ শতাব্দীর লোক, এবং চৈত্রজাদেবের বহু পরবর্ত্নী। তিনি রূপ গোস্বামীর স্তবমালার যে টীকা রচনা করিয়াছিলেন. তাহার ১৬৮৬ শকাব্দ অথবা ১৭৬৪ গ্রীষ্টাব্দ এইরূপ তারিথ দিয়াছেন। চরমা প্রাপ্তি প্রভৃতি সম্বন্ধে ঐকামত না দেখাইলেও, তাঁহার বিবিধ গ্রন্থে মাধ্য সম্প্রদায় ও তন্মতবাদের প্রতি তিনি স্পষ্ট অনুরাগ দেখাইয়াছেন। অতি আধুনিক দময়ে তিনি দম্প্রদায়ের একজন বিশিষ্ট ও দর্বজনমান্ত দার্শনিক পণ্ডিত ছিলেন সতা, কিন্তু ছয় গোস্থানীর মত, তিনি চৈতন্তদেবের সাক্ষাৎ অমুচর বা নিত্যপার্ষদ ছিলেন না। স্কুতরাং, তাঁহার উক্তি বা মতবাদকে এই সম্প্রদায়ের দার্শনিক বা ঐতিহাসিক তথ্যের অভ্রাপ্ত নিদর্শক হিমাবে গ্রহণ করা যুক্তিসিদ্ধ হইবে না। কিন্তু বলদেব বিদ্যাভূষণের এই মাধ্ব-অমুরাগের বোধ হয়, একটি ঐতিহাদিক কারণ ছিল। এরূপ প্রবাদ আছে যে, তাঁহার সময়ে অপেক্ষাকৃত নৃতন চৈতন্ত-সম্প্রদায়কে কোন প্রাচীন বৈষ্ণব সম্প্রদায়ের অন্তভুক্ত বণিয়া গণনা করিতে হইবে, এই প্রশ্ন লইয়া বুন্দাবনের বৈষ্ণব-সমাজে একটি বাদামুবাদের স্থষ্টি হইয়াছিল; এবং জয়পুর রাজ্যের গল্তা উপত্যকায় যে বৈষ্ণব-সমাজের অধিবেশন হইয়াছিল, তাহাতে চৈত্রস্তানারের পক্ষ হইতে বলদেব ইহার মাধ্ব-সম্প্রদায়-ভুক্তি স্বীকার করিয়া লইয়াছিলেন। তিনি যে কেন ইহা করিয়াছিলেন, তাহা বলা যায় না। মাধ্ব মতের প্রতি তাঁহার তো অতাধিক অনুরাগ ছিলই; কিন্তু এই ব্যক্তিগত কারণ ছাড়িয়া দিলে, মনে হয় যে, দেই সময়ে অর্প্রাচীন গৌড়ীয় বৈষ্ণব সম্প্রাদায়কে কোনও প্রাচীনতর স্থপ্রতিষ্ঠিত সম্প্রদায়ের অমুভূক্তি বলিয়া স্বীকার করা তিনি শ্রেমন্তর পদ্ধা বলিয়া বিবেচনা করিয়াছিলেন। জাঁহার গোবিন্দভাষ্য রচনার ইভিহাসও এই ঘটনার সহিত সম্পুক্ত। অবৈষতবাদের বিরুদ্ধে স্বকীয় বিশিষ্ট বৈতবাদ স্থাপন করিবার জন্ম, পূর্ব্বতন সম্প্রদায়-চতুষ্টয়ের

প্রতাকেই বেদাস্ত-স্ত্রের আপন মতামুষায়ী ভাষ্য রচনা করিয়াছিলেন। গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায় তাহা করেন নাই; কারণ, তাঁহাদের মতে বাস-রচিত শ্রীমন্তাগবতই তাঁহার ব্রহ্মস্ত্রের আদি ও অক্লব্রিম ভাষ্যস্বরূপ। কিন্তু পরবর্ত্তী সময়ে অপেক্ষাক্তত নৃতন চৈত্রস-সম্প্রদারের দার্শনিক মত স্প্রতিষ্ঠিত করিবার জন্ম, বেদাস্তম্প্রের নৃতন ভাষ্য রচনা করিবার প্রয়োজন অমুভূত হইয়াছিল; তাঁহার গোবিন্দভাষ্যে বলদেব বিদ্যাভূষণ এই অভাব পূর্ণ করিয়াছিলেন। এই ভাষ্যের প্রারম্ভে যে কাল্লনিক মাধ্য গুরু-পরম্পরার তালিকা বির্ত হইয়াছে, তাহাও বোধ হয় এই ঘটনা-প্রস্ত ।

কিন্তু পূর্ব্বেই আমরা বলিয়াছি যে, মাধ্ব মতের সহিত চৈতন্য-সম্প্রদারের ধর্ম্মতের সামঞ্জন্ত নাই। ইহার স্মৃতি, দর্শন ও উপাসনাতত্ব সম্পূর্ণ বিভিন্ন। অন্যানা বৈষ্ণব সম্প্রদারের মত শ্রীমন্তাগবতই ইহার ভক্তিবানের প্রেরণার মূলে রহিয়াছে; সেই জন্য ইহার উৎপত্তি অন্যান্য সম্প্রদারের মত স্বাধীনভাবেই হইয়াছিল। শঙ্কর-সম্প্রদারের তুরীয় আশ্রম গ্রহণ করিলেও, শ্রীধর স্বামী মাধ্বেন্দ্র পূরী প্রভৃতি শঙ্কর-সম্প্রদায়ীর মত, চৈতন্যদেব ভক্তিবাদী ইইয়া, স্বীয় সাধ্নার বলে স্বসম্প্রদায়কে স্তিক্রম করিয়া এত দূর অগ্রসর হইয়াছিলেন যে, তৎপ্রবর্ত্তিত সম্প্রদার সম্পূর্ণ নৃতন সম্প্রদায়কে সতিক্রম করিয়া এত দূর অগ্রসর হইয়াছিলেন যে, তৎপ্রবর্ত্তিত সম্প্রদার সম্পূর্ণ নৃতন সম্প্রদায় বলিয়া প্রতিষ্ঠানাভ করিয়াছিল। এই জন্য হৈতন্যহন্তামৃতের টীকার আনন্দী মহাশম্ম লিথিয়াছেন যে, প্রীকৃষ্ণহৈতন্য মহাপ্রভু স্বয়ং তাঁহার সম্প্রদায়ের প্রবর্ত্তকন্তৎপার্ষারা এব সাম্প্রদায়িক গুরু, অন্য কেহ নহে (শ্রীকৃষ্ণহৈতন্যমহাপ্রভু: স্বয়ং সম্প্রদায়প্রবর্ত্তকন্তৎপার্ষারা এব সাম্প্রদায়িকা গুরুবো নান্যে)।

শ্রীস্থশীলকুমার দে

ভগবান্ পাৰ্থনাথ

বর্ত্তমান সময় হইতে ২৮০০ অষ্টাবিংশতি শতাধিক বর্ষ পূর্ব্বে ভারতের স্থনামধন্তা পুরাতন নগরী বারাণদীতে ইক্ষাকুবংশীর অধ্যেন নুপতির উরদেও রাজ্ঞী বামাদেবীর গর্ভে পৌষ মাদের ক্ষণা দশমী তিথির মধ্যরতে কৈনগণের ত্রেরাবিংশতিতম তীর্থক্ষর ভগবান্ পার্থনাথ জন্মগ্রহণ করেন। বরঃপ্রাপ্ত হইলে কুণন্ডলাধিপতি রাজা প্রানেনজিতের কল্পা প্রভাবতীর দহিত তাঁহার বিবাহ হয়। ভগবান্ পার্থনাথ ৩০ বংদর গৃহস্থাশ্রমে যাপন করিয়া দর্বপরিগ্রহ পরিত্যাগ পূর্বাক দীক্ষা প্রহণ করেন ও ঘার তপশ্চরণে রত হন। ইহার তপশ্চর্য্যাকাল মাত্র ৮০ দিবসব্যাপী ছিল। এই সময়ের মধ্যে তিনি নৈবিক, ভৌতিক, মান্ত্রিক প্রভৃতি অনেক প্রকার উপদর্গের মধ্যেও আত্মধ্যান হইতে বিচলিত হন নাই। ৮০ দিবপান্তে ইনি লোকালোক-প্রকাশক পূর্ণ কৈবল্যজ্ঞান প্রাপ্ত হরেন। এই জীবলুক্ত কৈবল্য অবস্থার ৭০ বংদর পর্যান্ত তিনি তীর্থক্ষররূপে ধর্মপ্রহার করিয়া একশত বংদর ব্যঃক্রমে প্রান্থ-পূর্বে ৭৭৭ বর্ষে প্রারণ মাদের শুক্রাইনী তিথিতে পরম নির্মণ লাভ করেন। ইহাই ভগবান্ পার্থনাথের সংক্ষিপ্ত জীবনী।

উনবিংশ শতাকার শেষভাগে কিছু সমন্ন পর্যান্ত ঐতিহাসিক পণ্ডিতগণ ভগবান্ পার্থনাথকে পৌরাণিক বা কালনিক ব্যক্তিরপে মনে করিতেন। কিন্তু অধুনা প্রাত্তীন জৈন ও বৌদ্ধ প্রস্থ গবেষণার ফলে, এই মত পরিবর্ত্তিত হইরাছে ও পার্থনাথ ঐতিহাসিক ব্যক্তিরপে স্বীকৃত হইরাছেন।' একণে Prof. Jacobi, Dr. V. A. Smith, Dr. Guerinot, Dr. Glasenapp প্রভৃতি পাশ্চান্তা ননীবিগণের মতে অন্তিম ভীর্থকর ভগবান্ মহাবীরের পূর্বের ভগবান্ পার্থনাথ-প্রচারিত চতুর্যান ধর্ম্ম প্রচণিত ছিল। এই চতুর্যান ধর্ম্মই বর্তুনান জৈনধর্মের মূল ভিন্তি এবং ভগবান্ মহাবীরের মাতাসিতাও এই ধর্মই পালন করিতেন, পরে ভগবান্ মহাবীর পঞ্চবাম ধর্ম প্রচার করেন। প্রায় ৩০০০ হাজার বংসর অতীত হইতে চলিল, তথাসি ভগবান্ পার্থনাথের ব্যক্তিত্বের স্থিতি কৈন-হাদয়ে, জৈন-সাহিত্যে ও জৈন-ভাস্কর্ম্যে অক্র্য়ভাবে বিরাজ করিতেছে। জৈনদিগের পবিত্র কল্পন্থবের প্রথমাংশে যে ভীর্থক্রনিগের জাবনীগুলি আছে, তাহাতে পার্যনাথের মাত্র

Sacred Books of the East, Vol. XLV, Jain Sutra, Part II, page XXI, Introd.

সংক্ষিপ্ত জীবনী বর্ণিত হইয়াছে। কিন্ত প্রাক্তও সংস্কৃত ভাষায় রচিত তাঁহার বিস্তৃত জীবনী আরও অনেকগুলি দেখিতে পাওয়া যায়, তন্মধ্যে নিম্নলিখিত কয়েকটি বিশেষ উল্লেখযোগ্য,—

- (১) বিক্রম সম্বৎ ১১৩৯ পদ্মস্থন্দরগণি-ক্বত পার্শ্বনাথচরিত্র (সংস্কৃত)
- (২) " ১১৬৫ দেবভদ্রস্থরি-ক্বত পার্থনাথচারে (প্রাক্ষত)
- (৩) " ১২২০ হেমচক্র আচার্য্য-ক্বত ব্রেষষ্ঠীশলাকা পুরুষ চরিত্রে পার্শ্বনাথচরিত্র ৯ম পর্ব্ব (সংস্কৃত) [জৈনধর্মপ্রসারক সভা, ভাবনগর ইইতে প্রকাশিত]
- (৪) " ১২৭৭ মাণিকাচন্দ্র-ক্বত পার্শ্বনাথচরিত্র (সংস্কৃত)
- (৫) " ১৪১২ ভাবদেবস্থারি-কৃত পার্শ্বনাথচরিত্র (সংস্কৃত)
 [ডাঃ ব্লুম্ফিল্ড সাহেব ইহার অন্থবাদ করিয়াছেন।
 মুস যশোবিজয় গ্রন্থমাধায় বেপারস হইতে প্রকাশিত]
- (৬) " ১৬৩২ হিমবিজয়গণি-ক্বত পার্যনাথচরিত (সংস্কৃত)
 [খ্রীমোহনলাল জৈন গ্রন্থমালা, বোম্বাই হইতে প্রকাশিত]
- (৭) " ১৬৫৪ উদয়বীরগণি-ক্বত পার্খনাথচরিত্র (সংস্কৃত) [সৈনধর্ম প্রদারক সন্তা, ভাবনগর হইতে প্রকাশিত]
- (৮) বিজয়চন্দ্র-কৃত পার্শ্বনাথচরিত্র (সংস্কৃত)
- (৯) সর্বানন্দ ক্বত পার্শ্বনাথচরিত্র (সংস্কৃত)

দিগদ্বর জৈন সম্প্রাণারের কয়েকজন লেখকও পার্খনাথচরিত্র রচনা করিয়াছেন। তন্মধ্যে বাদিরাজ্ব-ক্লত পার্খনাথচরিত্র মাণিকাচন্দ্র গ্রন্থনালায় প্রকাশিত হইয়াছে ও পার্খনাথপুরাণ নামক গ্রন্থের ভূধরকবি-বিরচিত ভাষামুবাদ প্রকাশিত হইয়াছে।

অস্তান্ত ধর্মাবলম্বীদিগের স্থায় জৈনগণও তাঁহাদিগের উপাস্থা তীর্থন্ধরগণের উদ্দেশ্যে নানাপ্রকার স্ততি-স্তবনাদি রচনা করিয়া থাকেন। এই প্রথা প্রাচীন কাল হইতে বর্ত্তমান সমন্ন পর্যান্ত চিলিয়া আদিতেছে; কিন্তু অন্তান্ত তীর্থন্ধরগণের অপেক্ষা ভগবান্ পার্মনাথের স্তুতি, স্তোত্ত্র, কবিতা, ভজনাদি অধিক পরিমাণে পাওয়া ধায়। পুরাকালের কি প্রাক্তত, কি সংস্কৃত স্তব-স্তোত্তাদি হউক, কিংবা বর্ত্তমান দেশী ভাষায় রচিত নানাবিধ ভক্তিরদপূর্ণ পদাবলি হউক, ভগবান্ পার্মনাথের নামের প্রোধান্ত সর্ব্বতেই দৃষ্টিগোচর হয়, অত এব ভগবান্ পার্মনাথকে জৈনধর্ম্মের মেকদণ্ড বলিলেও অত্যুক্তি হয় না; করম্বত্তে তাঁহাকে পুরুষাদানী (পুরুষপ্রধান) বিশেষণে ভৃষিত করা ইইয়াছে। জনসাধারণের মধ্যেও ক্রেদিদেগের ভগবান্ পার্মনাথের নাম বাত্রুর প্রাদিদ্ধ, অন্তান্ত জৈন তীর্থন্ধরগণের নাম

ভতত্বর খ্যাতি লাভ করে নাই। হাঙ্গারীবাগ জেলায় জৈনদিগের বিখ্যাত সম্মেতশিখর নামক যে তীর্থস্থান অবস্থিত আছে, এ পর্ব্বতে ২৪টি জৈন তীর্থস্করের মধ্যে ২০ জন তীর্থস্কর নির্ব্বাণ লাভ করিরাছিলেন, এইরূপ জৈনশাস্ত্রে উল্লেখ থাকা সত্ত্বেও মাত্র পার্খনাথের নামেই অদ্যাবধি ঐ পাহাড় "পরেশনাথ পাহাড়" নামে পরিচিত। ভগবান পার্খন'থই যে জৈনদিগের একমাত্র উপাস্ত দেবতা, এই ধারণা জৈনেতরগণের মধ্যে এখনও এতদুর বন্ধমূল যে, তাঁহারা যে কোন জৈন মন্দিরকে পরেশনাথের মন্দির বলিয়াই আখাা দিয়া থাকেন। উদাহরণ স্বরূপ ক্লিকাতার মাণিকতলায় হালদীবাগান-স্থিত স্বৰ্গীয় রায় বদ্রিদাদ বাহাত্বর প্রভৃতির নির্মিত জৈন মন্দিরগুলি পরেশনাথের মন্দির বলিয়া স্থপরিচিত, অথচ তথায় একটি মন্দির ও ভগবানু পার্ঘনাথের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয় নাই। এই মন্দিরগুলির মধ্যে একটি ৮ম তীর্থন্ধর ফ্রীচন্দ্রপ্রভ ও দিতীয়টি ১০ম তীর্থন্বর শ্রীশীতলনাথ এবং তৃতীয়টি চ্ছুর্বিংশতিতম তীর্থন্বর শ্রীমহাবীরের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত। এই মহানগরীর মধ্যে বডবাজার কটনষ্টাটস্থিত জৈন মন্দির হুইতে প্রতিবৎসর কার্ত্তিকী শুক্ল পূর্ণিমায় যে রথ-মহোৎসবের শোভাষাত্রা বহির্গত হয়, তাহা "পরেশনাথের রথ ও শোভাষাত্রা" নামেই প্রদিদ্ধিলাভ করিয়াছে, অথচ ঐ রথ-মহোৎদবে যে প্রতিমা পুঞ্জিত হয়, তাহা পঞ্চদশ তীর্থন্ধর ভগবান ধর্মনাথের। ভারতের উত্তর ও পশ্চিম এবং গুজুরট প্রান্তের প্রদিদ্ধ নগরাদি ও জৈন তীর্থস্থান, যেগুলি আমি স্বয়ং পরিদর্শন করিয়াছি, ঐ সকল স্থানে প্রায় সর্ব্ব এই ভগবান পার্যনাথের মন্দির দেখিয়াছি, যেরূপ ব্রাহ্মণ্য মতাবলম্বী হিন্দুদিগের শিবলিঙ্গ বা শিবমূর্স্তি ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন বিশেষণে অভিহিত, দেইরূপ শ্রীপার্শ্বনাথ-মূর্ব্তিও ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন বিশেষণে আখ্যাত হইয়া জৈন ভক্তগণের দ্বারা পুঞ্জিত হইতেছেন। এইক্লণ বিভিন্ন নামের পার্শ্বনাথের মূর্ত্তির সংখ্যাও শতাধিক দেখিতে পাওয়া যায়; তন্মধ্যে বেগুলি বিশেষ প্রাসিদ্ধ, দেইগুলির তালিকা পাঠকগণের সম্মূথে উপস্থিত করতঃ এই ক্ষুদ্র প্রবন্ধটি শেষ করিব।

জৈনদিগের উপাস্থ তীর্থক্করগণের মধ্যে কি কারণে কেবল পার্থনাথই এইরূপে বিভিন্ন স্থানে বিভিন্ন নামে অলঙ্কৃত হইরা পুঁজিত হইতেছেন, তাহার কোন গৃঢ় তদ্ব এ যাবং প্রকাশিত হয় নাই। ভগবান্ পার্থনাথের শিষ্য-পরম্পরার শ্রীরত্বপ্রভস্থির রাজপুতানাস্থিত ওশিরা নগরে অনেকগুলি রাজপুতকে জৈনধর্মে দীক্ষিত করেন, ইহারাই ওশওরাল নামে অভিহিত। এই ওশওরাল বংশেই প্রসিদ্ধ জগথ শেঠের উৎপত্তি এবং এই ওশওরালগণ অদ্যাবিধি বাণিক্ষ্য-ব্যবদারে লিপ্ত থাকিয়া ভারতের নানাস্থানে ও অন্তান্থ স্থাতে বদবাস করিতেছেন। ইহারা অন্তান্থ তীর্থক্কর অপেক্ষা পার্খনাথকেই যে অধিক ভক্তি-শ্রনা করিবেন—ইহা আশ্চর্যের বিষয় নহে। আমি যতদ্ব জ্ঞাত আছি, শ্বেতাম্বর সম্প্রদায়ভুক্ত জৈনগণই ভগবান্ পার্থনাথকে মানা প্রকার নামভেনে অর্চনা করিয়া থাকেন।

যদিও দিগম্বর সম্প্রদায়ভূক্ত ফৈনগণ বর্ত্তমানে এই সমস্ত শ্বেতাম্বর সম্প্রদায়ের প্রতিষ্ঠিত পার্ম্বনাথের মন্দিরগুলিতে পূজা-অর্চ্চনাদি করিতেছেন, তথাপি তাঁহাদের শ্বেতাম্বরগণের ভায়ে শ্রীপার্মনাথের মূর্ত্তির পৃথক্ পৃথক্ নামভেদে পূজার্চ্চনার বিবরণ পাওয়া যায় না।

ভগবান্ বৃদ্ধদেবের জীবনী সম্বন্ধে বর্ত্তমান যুগে নানা ভাষায় বহুসংখ্যক ছোট-বড় পুস্তক প্রকাশিত হইরাছে; কিন্ত হুংথের বিষয়, এ পর্য্যস্ত উপরোক্ত কয়েকটি পুস্তক ব্যতীত জৈন কি জৈনেতর কোন বিষান্ কর্ত্তক আধুনিক প্রণালীতে রচিত ঐতিহাসিক গবেষণাপূর্ণ ভগবান্ পার্থনাথের জীবন-বৃত্তান্ত প্রকাশিত হয় নাই। আশা করা যায়, এরূপ অন্যাবশ্যক গ্রন্থ শীন্ত্রই সংগৃহীত হইরা প্রকাশিত হইবে।

শ্বেতাম্বর সম্প্রদায়ের প্রতিষ্ঠিত তীর্থঙ্কর পার্মনাথের অকারাদিক্রমে ভিন্ন ভিন্ন নামের তালিকা

	নাৰ	1			স্থ(ন
> 1	অ ঞ্জারা	পার্শ্বনাথ	•••	•••	অঞ্চার (কাঠীয়াওয়াড়)
२ ।	অন্তরীক্ষ	20	***	•••	অকোলার নিকট (বেরার)
91	অমিঝরা	,,	•••	•••	গিরনার (কাঠীয়াওয়াড়)
8 1	উমরবাড়ী	. ,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,	•••	•••	স্থ রত
a 1	ওয়াতী	2)	•••	•••	পাটন
91	ব রেড়া	29	•••	•••	করেড়া (উদয়পুরের সন্নিকট, রাজপুতানা)
9	কলিকুগু	29	• • •	•••	থম্বাৎ (গুজরাট)
b 1	কল্যাণী	29	•••	•••	পালনপুর (গুজরটে)
> 1	কংসারী	29	• • •	•••	থম্বা ৎ (গুজরাট)
201	কাপড়া	<i>3</i>)	•••	•••	গু জ্বাট
221	কেশরীয়া	,,	•••	•••	টীমা (পালনপুর)
>१।	কোকা	,,	•••	** 7	থম্বাৎ (গুজর(ট)

হরপ্রসাদ-সংবর্দ্ধন-লেখমালা

	নাম				স্থান
, 201	ঁগন্তারী	পাৰ্শনাথ	•••	•••	গুজুরাট
281	গাতলিয়া	æ	•••	•••	মাণ্ডন (গুব্দুৱাট)
150)	গোড়ী	39	•••	•••	আজমীর, উদয়পুর, পালি (মারওয়াড়), বিঠুরা
					(মারওয়াড়), বোম্বাই, মুর্শিদাবাদ
201	মুতকলোল	,00	•••	•••	কচ্ছদেশ
211	5 mg	<i>y</i>	***	•••	থম্বাৎ (শুক্ররাট)
146	চিন্ত মণি	xo	•••	•••	লক্ষ্ণৌ, আগ্ৰা, মূর্লিদাবাদ, বিকানীর, মেড়ভা
					(মারওয়াড়), পাটন, সাদরী, যশল্মীর
>> 1	জগবলভ	20	•••	•••	শ্বষভদেব (মেবার), আহম্মনাবাদ
२०।	জীরাওলা	,,,	•••	•••	নিরোহী (রাজপুতানা), আহমদাবাদ
. 351	জোটবা	,,,	•••	•••	চানস্ (মহিষাণা ভঞ্জরাট)
२२ ।	টাঁকলা	"	•••	•••	থম্বাৎ (শুনুরাট)
२० ।	मामा	37	•••	•••	বরোদা
२८ ।	ন ওলাকা	20	•••	•••	পালি (মারওয়াড়)
२৫।	নবথণ্ডা	n	•••	•••	পাটন, ঘোষাবন্দর (কাঠীয়াঙয়াড়)
२७ ।	নবপরব	n	•••	***	ৰমা ৎ (শুকুৰাট)
२१।	নাকোড়া	,n	***	•••	বালোতরা (মারওয়াড়)
२४।	নাডগাই	n	•••	•••	নাডলাই (মারওয়াড়)
२৯।	পঞ্চানরা	"	•••	•••	পাটন (গুজুরাট)
00	পল্লবিশ্বা	n	•••	•••	পালনপুর
ا ده	ফলবদ্ধী	,,	•••	•••	ফলোদী (মাৰওয়াড়)
०२ ।	বরকাণা		•••	•••	বরকাণা (মারওয়াড়)
99	বিজয়-চিন্ত¦ম	ने "	• • •	•••	অ হিন্মদাবাদ
08	ভদ্রাবতী	*	•••	•••	বের(র
1 20	ভাভা		•••	•••	পাটন (শুজুরাট)
091	ভীড়ভঞ্জন	n	•••	•••	উনাভা (উত্তর গুজরাট), খেড়া (গুঙ্গরাট)
99)	মকদী	n	•••	•••	মিক্সী (গোয়ালিয়র, মধাভারত)

	নাম				স্থান
or 1	মনমোহন পা	ৰ্শনাথ	•••	•••	পাটন
1 60	মনরঙ্গ	2)	•••	•••	মহিষাণা (গুজরাট)
80	মহোরী	,s	•••	••• .	টাটোই (গুজরাট)
851	মোরইয়া	20	•••	•••	আহম্মদাবাদ (শুজুরাট)
83]	শেচন	,,,	•••	•••	ডভোই (গুজরাট)
801	লোদ্ৰপূৰ্	20	•••	•••	লোদ্রবা (ষশন্মীর)
88	শামলা বা শাৰ	भनीया "	•••	•••	পাটন, মুশিদাবাদ
841	শেষফণা	,,,	•••	•••	আংশ্বদাবান, জুনাগৃড়
861	সহস্রকণা	22	•••	•••	পাটন, যোধপুর
891	শভোশ্ব	37	•••	•••	পাটন, বিকানীর
861	সহস্রকৃ ট	39	•••	•••	পাটন
168	<u> শেনচিস্তামণি</u>	*	•••	•••	থম্বাৎ (গুজরাট)
401	হন্ত ন	,so	•••	•••	পাটন (গুজুরাট)

শ্রীপূরণচাঁদ নাহার

প্রথম মহীপালদেব ও খি্-রল্

তারনাথ বছদিন পূর্বে (১৬০৮ খ্রীঃ অব্দে) বলিয়া গিয়াছেন, গৌড়েশ্বর মহীপালের মৃত্যু ও তিবৰতরাজ খ্রি-রলের মৃত্যু প্রায় একই সময়ে। বিন্দেণ্ট শ্বিথ খ্রি-রল কে তাহা নির্ণয় করিতেই পারেন নাই। তাঁহার প্রাচীন ভারত-ইতিহাসে র চতুর্থ সংস্করণের সম্পাদক এড্ওয়ার্ডস্ এ সম্বন্ধে কোনই আলোক দান করেন নাই। বাহিত্য-পরিষৎ-পত্রিকার জনৈক লেখক রে-শেশ্-'ওদের নামান্তর খোর্-রেকে খ্রি-রলের রূপান্তর মনে করিয়াছেন।

এইরূপ অজ্ঞতায় আশ্চর্য্যান্বিত হইবার যথেষ্ট কারণ আছে। এমিল্ শ্লাগিণ্টরাইট দেখাইয়াছেন যে, তিব্বত-রাজ থ্রি-লদে-স্রোঙ্-বচনের নামান্তর থ্রি-রল। এই রাজার উপাধি রল্-প-চন্ (= জটাধারী) ছিল। তাঁহার নামের ও উপাধির আদ্যাংশ লইয়া সংক্রেপে তাঁহার নাম থ্রি রল্। রক্হিল রল্-প-চনের নামান্তর থ্রি-রল্ বলিয়া উল্লেখ করিয়াছেন। মহামহোপাধ্যায় ৮সতীশচক্র বিদ্যাভ্যাপ এইরূপ বলিয়াছেন। এই স্থলে অপর সমস্ত গ্রন্থকারের নামোনেথ নিপ্রাজন।

চীন ভাষায় থ্রি-ল্দে-স্লোঙ্-ব চ্নের নাম কো'-লি-কো'-চু।

ইহার সময় লইয়া নানা মত ভেদ আছে। ওয়াডেল ঠাহার মৃত্যুর তারী**ধ সম্বন্ধে বিভিন্ন মতের** উল্লেখ করিয়াছেন।

> Geschichte des Buddhismus in Indien, সেউ পিটার্সর্ব, ১৮৬১, পু ২২৫।

र Early History of India, अर्थ मः ऋत्रव, मध्यन, ১৯२३, পৃ ३১६ পामग्रीका र ।

७ मा. भ. भ, ५७म छात्र, २३ मःश्रा, भ ६२।

⁸ Abhandlungen der Philosophisch-Philologischen Klasse der Königliche Bayerischen Akademie der Wissenschaften, X, III, পু ১৯৩; XXII, পু ১২০।

e The Life of Buddha, লঙৰ ১৮৮৪ পু, ২২৩।

History of the Mediæval School of Indian Logic, কলিকাতা, ১৯০৯, পু ১৪৮।

⁹ The Life of Buddha পূর্ণোক্ত। Sylvain Lévi রচিত Le Nepal II, প্যারিস, ১৯০৫,

৮ Buddhism of Tibet or Lamaism, প্রতন, ১৮৯৫, পু ৩৪ পাদ্রীক। ২।

Csoma de Koros-এর মতে ৮৮৯ খ্রী: তঃ

Bushell-na

Köppen-43

- 978 - -

Sanang Setsen-43 .. >o?

দিলভা লেৱি এবং রক্থিল রল্প-চনের মৃত্যু চীন ঐতিহাদিক মতারুষায়ী ৮০৮ খ্রী: অক্ স্বীকার করিয়াছেন। শাগিণ্টরাইট ৮৪২ খ্রীঃ অব্দে স্থির করিয়াছেন। ^১ •

গৌড়েশ্বর প্রথম মহীপালের মৃত্যুকাল কোন মতেই থি-রলের মৃত্যুকালের সহিত এক হইতে পারে না। আমরা তিরুমলৈ শিলালিপি হইতে অবগত আছি যে, রাজেন্দ্র চোল মহীপালকে ১০২৪ খ্রীঃ অব্দে আক্রমণ করেন। >> সারনাথ-লিপি হুইতে আমরা ধরিয়া লুইতে পারি বে. ১০২৬ গ্রীঃ অন্দের নিকটবন্ত্রী কোন সময়ে মহাপাল বর্ত্তমান ছিলেন। প্রথম মহীপালের পুত্র নয়পাল। এই নয়পাল চেদিরাজ কর্ণদেবের (রাজ্যারোহণ ১০৪১ খ্রীঃ মঃ)

সমদাম্যাক। নয়পালের জীবিতকালে তাঁহার পুত্র বিগ্রহণাল কর্ণদেবের কলা যৌবনশ্রীকে বিবাহ করেন। এ সমস্ত বিষয় আমরা ইতিহাস হইতে অবগত আছি। তিববতীয় ইতিবৃত্ত হইতে আমরা আরও জানি যে, নয়পালের রাজত্বকালেই দীপঙ্কর শ্রীজ্ঞান অতীশ তিব্বত-যাত্রা করেন। এই ঘটনার তারীথ সম্বন্ধে সামাত্ত মতান্তর আছে। শরৎচক্র ১০৪২ খ্রীঃ অব্দে অতীশ তিব্বত ঘাইবার জন্ম বিক্রমণীলা ত্যাগ করেন। ১৯ শ্লাগিণ্টবাইটের মতে অতীশ ১০৪১ আদে তিবত পৌছেন। > এই ঘটনা রক্হিলের > মতে ১০৪২ অব্দে; ওয়াডেলের মতে ১০৩৮ অব্দে, সতীশচন্দ্র বিদ্যাভ্যগের মতে ১০৪০ অব্দে সংঘটিত হয়। লেৱি মনে করেন, ১০৪০ অব্দের কাছাকাছি ইহা ঘটিয়াছিল। ১৮ বে মতেই হউক, নম্নালের পিতা মহীপাল থ্রি-রলের মৃত্যুকালে জন্মিতেই পারেন না।

[»] Buddhism of Tibet or Lamaism, লওন ১৮৯৫, পু ৩৪ পাদটাকা ২।

১০ পুর্ব্বোক্ত।

South Indian Inscriptions, I, 9 32 Ep. Ind., IX, 9 3031

১২ Ind. Ant., XIV, পু ১৩৯।

Indian Pandits in the Land of Snow, 9 441

চঙ Buddhism in Tibet, প্রে, ১৮৬৬ ৷


> शूर्व्हांख्न, भु २२ १।

১৬ পুর্বোক্ত, পু ৩৫।

११ शूर्वाङ, भु १४४।

१४. श्राक्तांख्य भ १४३।

বস্তুতঃ এখানে তারনাথের কিংবা তাঁহার মূল ইতিবৃত্তলেথকের ভ্রম হইরাছে। তারনাথের মতে মহীপাল ও নয়পালের সম্বন্ধ এইরূপ, **—



সম্ভবতঃ থ্রি-রলের মৃত্যুর তারীথ অন্ত কোন পালবংশীর রাজার মৃত্যুর তারীথের সহিত এক; লিপিকর-প্রমাদে বা অন্ত কারণে তারনাথ মৃল পুস্তকে "মহীপালদেব" পাঠ পড়িয়াছেন। সম্ভবতঃ প্রকৃত পাঠ "মহীপাল (= রাজা) দেবপাল"—এইরূপ ছিল। ৮০৮ গ্রীঃ অকে গৌড়েশ্বর দেবপালের মৃত্যু অসম্ভব নয়।

প্রথম মহীপালদেবের মৃত্যুকাল অন্ত তিববতীর ইতিবৃত্তের সাহায়ে নির্ণাত হইতে পারে; তারনাথ বলেন, নেরপালের (= নরপালের) রাজত্বের নর বৎসর পরে মৈত্রীনাথ মারা যান। বিশ্বতি বলেন, নেরপালের (= মৈত্রীনাথের) মৃত্যু ১০৪৮ অব্দে ঘটে। বিশ্বতি নরপালের রাজ্যাভিষেক-কাল ১০০৮। ১৯ অব্দে গিলা পড়ে। তারনাথের মতে অতীশের তিবেতে পৌছান এবং নরপালের সিংহাসন আরোহণ একই বৎসরে সম্পান হয়। বিশ্বতি প্রের্বিজ্ঞ তারীথ সমর্থিত হইতেছে। প্রথম মহীপালের মৃত্যু ঐ সমরেই সংঘটিত হইলা থাকিবে। ইতিহাসের ক্ষিপাথের এই মত খাঁটি থাকিতে পারে কি না, তাহা ঐতিহাসিক বিচার করিবেন।

মুহম্মদ শহীত্লাহ্

>> | Ind. Ant. IV, 연 996 |

२०। Geschichte des Buddhismus in Indien, १ २८६।

^{2) |} Catalogue due Fonds Tibétain de la Bibliothèque Nationale, III, 9 290 |

२३। Ind. Ant., IV, १ ०००।

রাজা হাল ও পাটলিপুত্র

প্রাক্তত কাব্য-সাহিত্যে রাজা হালের যশ স্থপ্রতিষ্ঠিত। তিনি প্রাদিদ্ধ 'গাথানপ্রশতী' নামক গাথাকোষ সকলন করিয়াছিলেন। হাল ছিলেন—সাতবাহন বা শালিবাহন বংশের একজন রাজা। মৎস্তাদি পুরাণে রাজবংশকথন-প্রদঙ্গে আমরা হালের নাম পাই; তাঁহার রাজ্যকাল মাত্র পাঁচ বৎসর বলিয়া সেখানে নির্দ্দিষ্ট আছে। লিপিতত্ত্বের প্রমাণ অন্মুসারে হালের এক শত বর্ষ পূর্ব্বে সাতবাহন ব্রাজ্ঞা প্রথম পুলোমা (বাঁহাকে নাদিকাদি স্থানের শিলালিপিতে 'বাদিচীপুত পুলুমান্ত্রি' বলা হইয়াছে) থ্ৰীঃ পুঃ প্ৰথম শতান্দীৰ মাঝখানে পড়েন। ইতরাং আমর। হালকে গ্রীষ্ঠায় প্রথম শতান্দীর রাজা বশিয়া প্রহণ করিতে পারি। কোন কোন প্রতীচ্য গণ্ডিত অনুমান করেন যে, সপ্তশতীকে অত প্রাচীন কালের রচনা বলিয়া স্বীকার করা ধায় না: কেন না, ইহার ভাষায় পদের নাদিস্থিত ব্যঞ্জনবর্ণের শোপ প্রায়শই দৃষ্ট হয় এবং নাদিক প্রভৃতি স্থানের শিলাশিপির প্রাকৃতে ও অশ্বঘোষের প্রাকৃতে তাদুশ লোপ দেখা যায় না। । কিন্তু আমাদের স্মরণ রাখা উচিত যে, সপ্তশতীর ভাষা মহারাষ্ট্রী প্রাক্ত। দে প্রাক্তের প্রধান লক্ষণই হইতেছে—ব্যঞ্জনবর্ণের প্রায়শ লোপ। তাহার কারণ, মহারাষ্ট্রীরদের মধ্যে বধন প্রথমে সংস্কৃত ভাষার প্রচার হয়, তথন তাহাদের জিহবার জড়তা এতটা ছিল যে, তাহারা সংস্কৃত কোন পদের মধ্যে কিংবা অস্তে স্থিত বাজনবর্ণ উচ্চারণ না করিয়া, তাহার পরিবর্ত্তে স্বরুবর্ণের প্রয়োগ করা অল্পায়াসসাধ্য মনে করিত। উত্তর-ভারতের প্রাকৃতে ব্যঞ্জনবর্ণের লোপ দেখা যায় না; দে স্থানের অধিবাদীদিগের উচ্চারণের রীতি অন্তরূপ ছিল। সেই জন্ম অস্ববোষের প্রাক্তত কিংবা উত্তর-ভারতের অপর কোন প্রাক্ততের সঙ্গে সপ্তশতীর ভাষার তুলনা করিয়া তাহার কালনির্ণয় করা উচিত হইবে না। নাসিক প্রভৃতি স্থানের শিলাণিপির ভাষার সঙ্গে তুলনা করিয়া ফরাদী পণ্ডিত Senart দেনার দিদ্ধান্ত করিয়াছেন বে, বাদিঠীপ্ত পুলুমারি ও তাঁহার পিতা গোত্মীপুত সাত্কর্ণির এক শত বৎদর পরে সপ্তশতী রচিত। সেনার সাধারণ মতের অমুসরণ করিয়া এই চুই রাজাকে গ্রীষ্টায় ২য় শতাকীতে ফেলিয়াছেন। কিন্ত আমি দেখাইয়াছি যে, তাঁহারা গ্রী: পু: প্রথম শতানীতে রাজত্ব করিতেন।°

> Zeits. f. Ind. u Iran, >> २२ !

२ Keith, Sanskrit Literature, ১৯२४, १ २२६।

ত Zeits. f. Ind. u. Iran, ১৯२२।

স্মৃতরাং, শিলালিপির ভাষা পর্য্যালোচনা করিলেও হালের সপ্তশতীকে গ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে রচিত বলা যায়।

গাথাসপ্তশতীতে সাত শতটি গাথা আছে। গঙ্গাধরের টীকা সহিত গাথাসপ্তশতী বোষাইয়ে 'কাব্যমালা' নামক গ্রন্থমালার নির্ণয়সাগর প্রেসে ছাপা হইয়াছে। জার্মানিতে অধ্যাপক Weber বেবর এর একটি স্থন্দর ভূমিকা-সংবলিত সংস্করণ প্রকাশিত হইয়াছিল।

বাণভট্ট তাঁহার হর্ষচ্রিতের স্থচনায় বলিয়াছেন,—

অবিনাশিনমগ্রাম্যমকরোৎ সাতবাহনঃ। বিশুদ্ধজাতিভিঃ কোশং রজৈরিব স্মভাষিতৈঃ।

গঙ্গাধর ভট্ট যে সপ্তশভীর টীকা লিথিয়াছেন, তাহা হইতে এই উক্তির সম্পূর্ণ সমর্থন হয়।
পূথিতে যে গাথামূক্রমণিকা সংযুক্ত আছে, তাহা হইতে বোঝা যায় যে, সপ্তশভী একটি কোষ বা
সংগ্রহ, অর্থাৎ মাত্র কয়েকটি গাথা হালের স্বকীয় রচনা, বাকী সব অন্তান্ত কবিদের লেথনী-প্রস্ত ।
গাথামূক্রমণিকায় সকল গাথার রচমিতার নাম নাই। গাথাগুলি যে এক একটি রক্ষ, এবং
গাথাসপ্তশভী যে একটি রক্ষের হার, এ ধারণা যিনি এই অমূল্য গ্রন্থের সাক্ষাৎ পরিচয় লইবেন,
তাঁহারই হইবে। প্রত্যেকটি গাথাই স্কভাষিত অর্থাৎ স্থ-উক্ত। টীকাকারণণ প্রতি গাথারই
শৃক্ষাররসাত্মক ব্যাখ্যা করিয়াছেন। কামের তর্বচিন্তাই যে সে কালের প্রাক্ষত-কাব্যের প্রধান
লক্ষণ ছিল, এ কথা সপ্তশভীর দিতীয় গাথা হইতেই বুঝিতে পারা যায়।

মুক্তার মালায় বা ফুলের মালায় যেমন রং হিসাবে বা ডৌল হিসাবে মুক্তা বা ফুল সাজানো হইয়া থাকে, তেমনি এই গাথাসপ্তশতীতে গাথা-রত্ন পরস্পরের সঙ্গে গাঁথা রহিয়ছে। এইটি একটি সাত-নরী হার; এক একটি 'নরে' একশ'টি করিয়া গাথা গাঁথা। ইহাদের আকার সব সমান; সবগুলি হুই লাইনের আর্য্যাচ্ছন্দে রচিত কবিতা। তবে সাজানোর মধ্যে কায়দা আছে। প্রায়ই লক্ষ্য করা যায়, তুই বা ততে হৈথিক গাথা কাছাকাছি দেওয়া হইয়ছে; কেন না, কোন একটি শক্ষ ভাহাদের সবগুলির মধ্যে ব্যবহৃত হইয়ছে। যেমন ৭ম শতকে,—

গিজ্জন্তে **অক্**লাগাইআৰ্হি বরগোন্তদিগ্ন মণ্ণ।। গোডং ব পিগগেও উমহ হোন্ত বহু মাই রোমঞ্চো।। ৪২।।

মধ্যে আঅগ্নস্তা আসগ্ধবিআহ স্মান্ত কুন্ত্ৰাইন্। তেহিঁ জুআণেহিঁ সমং হসন্তি মং বেঅসকুডকা ॥ ৪৩ ॥ উঅগঅচউথি **মঞ্জল**হোস্তবিও অসবিনেসলগ**্র**গহিং। ভীঅ বরস্ব অ সেঅংমুএহিঁ ক্লমং ব হথেহিং॥ ৪৪॥

এই তিনটি গাথাতেই 'মঙ্গল' শব্দটি আছে; সেই জন্মই ইহাদের এই সান্নিধা। ইহার পরেই যে তিনটি গাথা আছে, তাহাতেও দেখি, 'ণববহু' অর্থাৎ 'নববধু' শব্দটি যোগচিহ্নস্বরূপ বর্ত্তমান। কথন কথনও একার্থবাচক হুই বা ততোহধিক শব্দ যোগচিহ্নরূপে কল্লিত হয়। যেমন

৪র্থ শতকে---

হুমেন্তি দেন্তি সোক্থং কুণন্তি অণুরাঅঅং রমাবেন্তি। অরইরইবন্ধবাণং ণমো অত্যলুবাণাপম্। ২৫॥

কুস্থমমনা বি অইথরা অলন্ধকংসা দুসহপআবা। ভিন্দস্তা বি বইঅরা কানস্স সরা বছবিমগ্রা॥ ২৬॥

ঈসং জনেস্তি দাবেস্তি হ্বাহ্মহৎ বিপ্লিলং সহাবেস্তি। বিরহেণ দেস্তি মরিউং অহো গুণা তদৃদ ব্রহ্মসগ্যা॥ ২৭॥

এ স্থলে 'মদন', 'কাম' আর 'মন্মথ' এই তিন নামে অভিহিত একই পুক্ষ—রভিপতি। আবার, প্রথম গাথাটিতে যেমন 'বাণ' শব্দটি রহিয়াছে, দ্বিতীয়টিতে তেমনি 'শর' শব্দটি সংযুক্ত। এবং দ্বিতীয়টিতে যেমন 'বহু' শব্দের ব্যবহার, তৃতীয়টিতেও তেমনি 'বহু' কথাটির প্রয়োগ লক্ষ্য করা ধার।

জনেক স্থলে দেবতার উল্লেখযুক্ত ছই বা ততোহধিক সন্নিধান সম্পূর্কিত দেখা যায়। যেমন ৫ম শতকে—

> জই ভমসি ভমস্থ এমেম **কাহ ে** সোহগণ্যবিবরো গোট্ঠে। মহিলাণং দোসগুণে বিচারইউং জই থমো সি॥ ৪৭॥

> সংঝাসমএ জলপুরিঅঞ্জলিং বিহডিএক্কবামঅরম্। গোরীঅ কোদপাণুজ্জঅং ব পামহাদিত্র এণমছা ৪৮॥

এথানে প্রথম গাথাটিতে শ্রীক্বফের ও দ্বিতীয় গাথাটিতে প্রমথাধিপের উল্লেখ পরে পরে পাওয়া যায়, তেমনি ৭ম শতকে—

> পচ্চূসাগঅ রজ্জিঅদেহ পিআলোঅ লোজণাণন্দ। অগ্গন্তথবিঅসক্ষরি ণহভূসণ দিণবই পমো দে॥ ৫০॥

অণুন্ততো কর্মাংনো সঅলঅলাপুণ্ণ পুণ্ণদিমহস্মি। বীআসক্ষকিসক্ষম এহ্ ণিং তুহ বন্দিমো চলগে॥ ৫৭॥

ইহার প্রথমটিতে স্থাের, দিতীয়টিতে চন্দ্রের নমস্কার আছে। এবং ছাইটিতেই নায়কের সঙ্গে উদ্দিষ্ট দেবতার উপমেয়-উপমান সম্বন্ধ ব্যস্ক্যােক্তির দ্বারা পরিক্ষা্ট করিবার চেষ্টা করা হইন্নাছে। ব্যক্ষােক্টিট টীকাকার গঙ্গাধ্র বেশ বুঝাইয়া দিয়াছেন,—

> প্রত্যধাগত রক্তদেছ প্রিয়ালোক লোচনানন্দ। অহাত্র ক্ষপিতশর্করীক নভোভূষণ দিনপতে নমস্তে॥

"প্রত্যুক্তের প্রভাতে, আগতো দ্বীপান্তরাৎ, পক্ষে মহিলান্তরগৃহাৎ। রক্ত আরকঃ, পক্ষে অন্তরকঃ অন্তমহিলায়ান্ ইত্যাঁৎ; দেহো যন্ত সঃ। তপা, প্রিস্থা আবলাকো যন্ত সঃ; পক্ষে প্রিয়ালোকন্ত মহিলাজনন্ত। লোচনানক্রেরা যন্ত্রং সং । অন্তর্ত্তঃ দ্বীপান্তরে। পক্ষে অন্তন্ত্রাহে শিক্ষির যেন সঃ। নভ্রেনা ভূষাকাম্য; পক্ষে পরব্রীদন্তনথভূষণন্ প্রাক্তে বহভূষণ কথাটির সংস্কৃত আকার হুই প্রকার—নভ্যোভূষণ ও নখভূষণা। দিনপতে নমতে। ভাষানিব দ্রাদেব অভিবন্দনীয়ন্ত্রং, ন তু অভিগম্য ইত্যর্থঃ।"…[দিনপতি শক্টিতেও ব্যক্ত্যোক্তিরহিছাছে; দিনপতি স্বর্থের আখ্যা এবং যে নারক প্রভূষে নারিকার কাছে যায়, সে যথাবহি দিনপতি।]

অন্ত্তঃ করম্পর্শঃ সকলকশাপূর্ণ পূর্ণদিবদে। বিতীয়াসঙ্গরশাক ইদানীং তব বন্দামতে চরুণৌ ॥

"করাঃ কিরণাঃ, পকে করে। হতঃ। সকলকলাভিঃ বোড়শকলাভিঃ পূর্ণঃ, পকে চতুঃষষ্টিকলাভিঃ পূর্ণঃ। পূর্বাদিবসে পূর্ণিমাদিবসে, পকে পুণাদিবসে (প্রাক্তেপুর্বা শক্ষাটির সংস্কৃত আকার ছাই প্রকার—পূর্বা ও পুর্বাঃ। বিভীয়া তিথিঃ, পকে দিতীয়া ত্রী। তত্যাঃ সংক্ষেন ক্রুপাক্ষঃ।"

এই ধরণের ব্যক্ষ্যেক্তি বা শ্লেষ গাধাদগুশতীর অনেক গাথাতেই পাওয়া যায়। আর একটি দৃষ্টাস্ত দিতেছি।

> লঙ্কালআণ পুত্ত বদস্তমাসেক্ত্রদ্ধপসরাণম্। আপী মলোহিআণং বিহেই জুণো প্রাসাণম্। ৪।১১ ॥

অর্থাৎ, সংস্কৃত আকারে---

লঙ্কালয়ানাং পুত্ৰক বসস্তমাদৈকলৰূপ্ৰসন্নাণাম্। আপীতলোহিতানাং বিভেতি জনঃ প্লাশানাম।

টীকাকার বলেন,—

"পলাশানাম ইতি শেষবিবক্ষয়া পঞ্চমর্থে ষষ্ঠা। পলাশেতাঃ কিংশুকপুলেভাগি বধুজনো বিভেতি ইতার্থঃ। অথ চ পলথ মাংসম্ অপ্রান্তি ভক্ষমন্তি ইতি পলাশাঃ রাক্ষমাঃ। তেভাো জনো বিভেতি ইতি প্লেষঃ। পূলাপকে লক্ষা শাখা, পকে রাক্ষমনগরী।……তথা [রাক্ষমপকে ছায়া] বসাক্রমাথ সৈকলক্ষপ্রক্রকারাশাম্ [প্রাক্তরে বসস্তমাসেক্ষলক্ষথ সংস্কৃত তুই রকম হয়—বসন্তমাশৈকলক্ষথে ও বসাক্রমাথ সৈকলক্ষথ ৷ পূলাপকে আ ঈয়ৎ প্রিত্বানি চ তানি লোহিতানি চঃ [রাক্ষম পক্ষে] আ সমস্তাৎ সীতথ লোহিতং ক্ষিরং বৈত্তেষাম্। বসন্তস্ত্তকপলাশকুস্তমভীতা তব গমনং নাঙ্গীকরোতীতি ভাবঃ।"

গাথাসপ্তশতীর গাথাগুলির রচনারীতি ও সমাবেশ-পদ্ধতি কিছু কিছু বোঝা গেল। এথন ৫ম শতকের তিনটি গাথার আলোচনা করা যাইতেজে।

> আবার্ম কু শাই দো বিবাস জাণন্তি উল্লেইৎ লে উহ্ । গোরীস হিম্মদইও সহবা সালাহণণ্ডিলো ॥ ৬৭ ॥

ণিক্কণিকন্ধ ছুৱারোহং পুত্রুঅ মা পাড়িলিৎ সমাক্রহসু। আকচ্পিবডিআ কে ইমীঅ ণ কুআ হুআসাএ॥ ৬৮॥

গামণিবরত্মি অন্তা একবিব স পাড় জা ইহগ্গামে। বহুপাড়লং চ সীসং দিঅরস্স ণ স্থলরম্ এজন্। ৬৯।

এই তিনটি গাথাই পরম্পর সংবদ্ধ। ২য় ও ৩য় গাথার মধ্যে যোগশন্দ পাড়লা বা পাড়লা ১ম গাথার উদ্ধাইৎ কোউৎ (সং—উন্নতিং নেতৃম্) এবং ২য় গাথার সমাক্ষেহসূত্র একার্থ-দ্যোতক। গাথাকুক্রমণিকার ইহার কোনটিকেই হালের বিরচিত বলা হয় নাই। তবে তিনটিকে ষে সপ্তশতীর সম্পাদক এইরূপ ভাবে পরে পরে সাজাইয়াছেন, এটা ধরিয়া লওয়া যায়। প্রথমটি টীকাকারের মতে হালের কোন চাটুকারের রচনা—শালিবাহনং নুপং মহেশ্বরদৃশং রুডা কশ্চিৎ সচাটু বর্ণয়তি। কথাটা বিশ্বাসযোগ্য। গাথাটির অর্থ হইতেছে এই—"আব্রঃ কুলের উন্নতি
সাধন করিতে পারেন কেবল ছই জন; এক গৌরীর হৃদয়-দয়িত (শিব), আর এক শালিবাহন রাজা।"
এখানে আব্রঃই শব্দে শ্লেষ আছে; সংস্কৃতে এইটির রূপ ছই রকম হইতে পারে,
আপিলালিও আপিলি। 'অপর্ণা' গৌরীর অপর নাম। অপর্ণার ভক্তদের এবং
আপল্লকুলের উন্নতিসাধক মহেশ্বর ও শালিবাহন রাজা। এই কথা বলা শালিবাহনের অন্থলীবীর
পক্ষেই শোভা পায়। হাল ছিলেন শৈব। সপ্তশতীর প্রারম্ভেই মহাদেবের স্বতি আছে। হালের সঙ্গে
তাহার প্রিয় দেবতার সাদৃশ্য দেখিয়া তাহাকে তৃষ্ট করিবার চেষ্টা যে সফল হইবে, এটা পুরই আশা
করা বায়। কাজেই দেখা গোল যে, এই গাথাটি হালের সমসাময়িক রচনা। এবং যেহেতৃ তিনটি
গাথাই হাল এইরূপ ভাবে সন্নিবিষ্ট করিয়াছেন, স্ক্তরাং তিনটিকেই হালের সমসাময়িক রচনা
বলিয়া স্বীকার করা উচিত।

এখন দিতীয় গাথাটির অর্থ হানয়ক্ষম করার চেষ্টা করা যাইতেছে। আমার মনে হয়, এখানে পাটলিপুক্রের উল্লেখ আছে। নতুবা পুস্ত আ আর পাড়লি এই হুইটি শব্দ এত কাছাকাছি দেওয়া
হইল কেন? শুধু তাহাই নম্ন; পুস্ত আ অর্থাৎ পুস্তাকেল্ল পাড়লি অর্থাৎ
পাউলিল্ল উপর আরোহণ করার কথা রহিয়াছে। বেবরের একটি আদর্শে এই গাথার দিতীয়
পংক্তিতে হ আক্ষা এ-র স্থানে ইহপ্পাতেম; এই পাঠটি মূল পাঠ হইলে ত শ্লেষটা
এই একটি গাথা হইতেই ধরা যায়। কিন্তু বেবর ঠিকই বলিয়াছেন যে, ইহপ্পাতেম পাঠটি
পরের গাথার প্রথম পংক্তি ইইতে লিপিকারপ্রমাদ-বশতঃ হইয়াছে। তবে পরের গাথাটি যথন
ইহার সব্দে সংবদ্ধ, তথন তাহাতে ইহপ্পাতেম থাকায় বোঝা যায়, পাটলিপ্ত্রের পূর্বনাম পাটলিব্যামের কথা এখানে অস্কৃত ধ্বনির সাহায়ে উল্লিখিত। গাথাটিকে সংস্কৃতক্রপ দিলে হয়,—

নিঃক্ষ ° ত্রারোহাং পুত্রক মা পাটলিং সমারোহ। আরুচ্নিপতিতাঃ কে অনন্ত্রা ন ক্বতাঃ হতাশয়ঃ ॥

নিঃক্ষানোহামিতি। স্বন্ধং লজ্মনম্ বিনা ত্রারোহাম্। ব্যাকরণনিয়মস্ত ল্লানং কল্লিতম্। পু্তাক্রপদমত্র সম্বোধিতম্, "মা পাটলিশক্ষ্ সমারোহ" ইতি। পাটলিপুত্রক-

পঙ্গাধর শিক্কণ্ড পাঠ গ্রহণ করিয়াছেন। তিনি বলেন, কাওংক্লোহবসরল্য। কাও ও ক্ষল বে কেবল
একার্ববোধক, তাহা নহে; এই ফুইটি শব্দ সন্তবতঃ বৃগত এক। লাটিনে Scendo = I ascend; এবং ক্ষল শব্দ
ক্ষেদ্-ধাতু হইতে উৎপন্ন, এ কথা বৈয়াকরণেরা শীকার করেন।

পদক্ত বাবেবাথোঁ ব্যাকরণে পরিলক্ষ্যতে। পাটলিপুত্রক্ত রাজা তত্র ভবো বা পাটলিপুত্রকঃ। পুত্র-শব্দাৎ পুত্রকশব্দম প্রাণেব লক্ষ্ম পশ্চাৎ পাটলিশব্দেন সমাসঃ ব্যাকরণনিয়মলজ্জনং বিনা ন দিখাতীত্যাশয়ঃ। আক্রেভিনিপিতিতা ইতি ইং শব্দানাং প্রকারভেদ উচ্যতে। সন্তি শব্দানি রাঢ়ানি, নিপাতনে চ দিদ্ধানি। আক্রিভামিয়া কে ইতি; কঃ শব্দম্। কশব্দত্য সপ্রম্যা একবচনম্ক্রে। আক্রিভামিনির্থকাঃ।

বাংলায় গাথাটির অর্থ এইরূপ দাঁড়ায়,—

"ওহে পুত্রক! তুমি 'পাটলি'-র উপর আরোহণ করিও না। (ব্যাকরণের নিয়ম) না লজ্মন করিয়া ওরূপ আরোহণ তৃঃদাধ্য। এই নিষেধের দ্বারা কোন শক্ষই—এমন কি, রুচ্ ও নিপাতনে দিদ্ধ শক্ষও নির্থক হয় না।"

গাথাটির শৃকাররদাত্মক ব্যাথ্যাও করা যায়। এ ক্ষেত্রে দংস্কৃত আকার একটু বিভিন্ন হইবে,—

নিঃস্বন্ধত্ররারোহাং পুত্রক মা পাটলিং সমারোহ। আরুচ্নিপতিতাঃ কে অন্যা গুরুতা হতাশ্রা॥

ব্যাখ্যা।— নিঃস্কল্পারোহামিতি। স্বন্ধেন বিনা ছ্রায়োহাম্; স্কলম্বতি রেত ইতি স্কল্প:। রেতঃপাতেন বিনা ন স্থথারোহাম্। পাডলিৎ পাটলীম্, পাটলা পার্ব্বতাঃ নামান্তরম্, স্থ্রিয়াম্ আপ্ ঈপ্ চ। আরুভিনিপতিতা ইতি। আরুভিৎ মহেশ্বরাৎ নিপতিতাঃ খলিতাঃ; রেতাংগীতার্গঃ। অসম্ভ্রীবিদ্দানম্ভ প্রাক্ততে অকারান্তপ্রংলিম্পন্তরে। কে অগ্নৌ জলে বা। অন্ত্রা পাটল্যা ন ক্রা ক্তর্ভা নিক্ষিপ্তা ইতার্গঃ। হতাপাহা ইতি; স্বরতস্থন্ট্রা।

মহাদেব বছকাল পার্ব্বতী-রমণে ব্যাপৃত থাকায় দেবতারা অগ্নিকে সংবাদ লইতে পার্চাইলেন। অগ্নির উপস্থিতিতে হর-গৌরীর রতি-ক্রীড়ার ব্যাঘাত ঘটিল। মহাদেব রুপ্ট হইরা পার্ব্বতীর প্ররোচনায় অগ্নির মুথে স্বীয় অলিত রেতঃ নিক্ষেপ করিলেন। তীব্র জ্বালা হইতে পরিব্রাণ লাভ করিবার জ্বল্ল অগ্নি মহাদেবের কাছে মিনতি করায় মহাদেব অবশেষে বলিলেন, "যাও, ভাগীর্থীতে আমার ত্যক্ত তেজ সন্নিধাপিত কর, শান্তি পাইবে।" গঙ্গার জলে সেই ক্সক্ত্ ত বীর্যা স্নানশীলা ষট্রুত্তিকায় সংক্রামিত হওয়ার ফলে কার্ত্তিকেয় জন্মলাভ করিলেন। কার্ত্তিকেয়ের অপর নাম স্কন্দ। স্কন্দের উৎপত্তি সম্বন্ধে বহু আখ্যান আছে। স্কন্দ যুদ্ধের দেবতা। সাতবাহন রাজাদের মধ্যে স্কন্দের প্রত্বতী, অই ফ্টিনাম পাওয়া যায়। প্রথম পুলোমা ও তাঁহার পিতার নাসিক ও তৎসন্নিহিত স্থানের শিলালিপিতে

শ্বিক্ষান্দ শুপ্ত নামক একটি অমাত্যের কথা পাওয়া যায়। হালের সমসাময়িক কুষাণরাজ কণিজের মূড়ায় ক্ষান্দ-কুমানোর নাম আছে। পরবর্জী কালেও গুপুসম্রাট্রেদর মধ্যে ক্ষান্দপ্ত প্ত নাম দৃষ্ট হয়।

পাটলিপুত্রের উল্লেখের সঙ্গে স্বন্দের জন্মকথা সংশিষ্ট থাকার একটি বিশেষ কারণ আছে। পাটলিপুত্র নগরটি শোণনদ ও গঙ্গানদীর সঙ্গমে অবস্থিত। নদ ও নদীর সংযোগ পুংস্ত্রীসংযোগের মত কল্লিত হওয়া স্বাভাবিক। তাহা ছাড়া, শোণের অপর নাম হিরণাবাহ, এবং মহাদেবেরও একটি নাম হিরণাবাহ। স্বতরাং হিরণাবাহ নদের জল গঙ্গার পতিত হওয়া, আর হিরণাবাহ শিবের বীর্ঘ্য গঙ্গার নিক্ষিপ্ত হওয়া, এই তুইটি ঘটনার মধ্যে সাদৃশ্য উপলব্ধি করা শ্লেষভক্ত কবির পক্ষে স্বাভাবিক।

শ্ৰীহারীতকৃষ্ণ দেব

নিজানাম্ভ

প্রোচীন ভারতে যে সকল বিদ্যার আলোচনা হইত, তাহার মধ্যে শিল্পবিদ্যা বা শিল্পশাস্ত্র একটি। তৃঃথের বিষয়, যে সকল শিল্পশাস্ত্রের উল্লেখ নানা শাস্ত্রীয় গ্রন্থের মধ্যে পাওয়া যায়, তাহাদের মধ্যে অনেকগুলিই এখন বিদ্যমান নাই। নানা কারণে সেই সব শিল্পশাস্ত্রের লোপ হইয়াছে।

প্রাচীন কালে যে সকল শিল্পশান্তকার ছিলেন, মংস্থাপুরাণে তাঁহাদিগকে 'বাস্ত্রশান্ত্রোপদেশক' বিলিয়া বর্ণনা করা হইয়াছে। তাঁহাদের সংখ্যা ১৮ যথা,—(১) ভৃগু, (২) অত্রি, (৩) বশিষ্ঠ, (৪) বিশ্বকর্মা, (৫) ময়, (৬) নারদ, (৭) নগ্ধজিৎ, (৮) বিশাদাক্ষ, (৯) পুরন্দর, (১০) ব্রহ্মা, (১১) কুমার, (১২) নন্দীশ, (১৩) শৌনক, (১৪) গর্গ, (১৫) বাস্তদেব, (১৬) অনিকৃদ্ধ, (১৭) শুক্র ও (১৮) বৃহস্পতি। মংস্থাপুরাণে আমরা পাই,—

ভৃশুর্র বিশিষ্টশ্চ বিশ্বকর্মা ময়ন্তথা।
নারদো নগ্নজিচৈত্র বিশাগাক্ষঃ পুরন্দরঃ ॥ ১ ॥
বক্ষা কুমারো নন্দীশঃ শৌনকো গর্গ এব চ।
বাহ্মদেবোহনিক্দদশ্চ তথা শুক্রো বৃহস্পতিঃ ॥ ২ ॥
অপ্তাদশৈতে বিখ্যাতা বাক্সশাস্তোপদেশকাঃ।

এখানে যে ১৮ জন 'বাস্তশাস্ত্রোপদেশকে'র কথা বলা হইল, তাঁহাদের রচিত সকল শাস্ত্রের নামও পাওয়া যায় না, শাস্ত্রের অন্তিত্ব বর্ত্তমানে খুঁজিয়া পাওয়া ত শ্বুরের কথা। তবে অগ্নি-পুরাণে আমরা ২৫খানি শিল্প বা বাস্তশাস্ত্রের উল্লেখ পাই। অগ্নিপুরাণে আছে,—

প্রোক্তানি পঞ্চরাত্রাণি সপ্তরাত্রাণি বৈ ময়া॥ ১॥
ব্যস্তানি মুনিভিলোকে পঞ্চবিংশতিসংখ্যয়া।
হয়নীর্ষণ তন্ত্রমান্যং তন্ত্রং ত্রৈলোক্যমোহনম্॥ ২॥
বৈভবং পৌন্ধরং তন্ত্রং প্রহলাদং গার্গ্যগালবম্।
নারদীয়ঞ্চ সংপ্রশ্নং শান্তিল্যং বৈশ্বকং তথা॥ ৩॥
সত্যোক্তং শৌনকং তন্ত্রং বাসিষ্ঠং জ্ঞানসাগরম্।
স্বায়ম্ভবং কাপিলং চ তাক্ষ্ ধনারাম্নীয়কম॥ ৪॥

আত্রেয়ং নারসিংহাখ্যমানন্দাখ্যং তথারুণম্। বৌধায়নং তথার্যন্ত বিশ্বোক্তং তম্ম সারতঃ॥ ৫॥

অগ্নিপুরাণ্ম্, ৩৯ অঃ।

অত:	এব অগ্নিপুরাণে আমরা	২৫খনি শি	ন্ন বা বাস্তশাস্ত্রের উল্লেখ	। পাইতোছ।	यथा,—
(5)	প ঞ্চরাত্র	(20)	শোনকতন্ত্র	(\$ \$)	আত্তেয়তন্ত্ৰ
(২)	সপ্তরাত্র	(>>)	জ্ঞানসাগরবাশিষ্ঠ তন্ত্র	(૨૦)	নারসিংহতস্ত্র
(৩)	হয়শীর্ষ তন্ত্র	(><)	প্রহলাদতম্ব	(٤5)	আনন্দ তন্ত্ৰ
(8)	<u>ত্রৈলোক্যমোহনতন্ত্র</u>	(20)	গালবভন্ত্র	(२२)	আরুণতন্ত্র
(a)	বৈভবতন্ত্র	(86)	গাৰ্গ্য হন্ত্ৰ	(२७)	বৌধায়নতন্ত্ৰ
(७)	পৌদৰতন্ত্ৰ	(54)	স্বায়স্তৃবতন্ত্ৰ	(२8)	আৰ্যতন্ত্ৰ
(9)	নারদীয় তন্ত্র	(১৬)	কপিলতন্ত্ৰ	(₹৫)	বিখোক্ততন্ত্র।
(b)	শাণ্ডিল্যতন্ত্ৰ	(>9)	তাক্ষ তন্ত্ৰ		
(৯)	বৈশ্বকতন্ত্র	(১৮)	নারায়ণীতন্ত্র		

অগ্নিপুরাণের তালিকায় যে ২৫থানি শিল্প বা বান্তশান্ত্রের উল্লেখ পাওয়া যাইতেছে, তাহাদের অধিকাংশই এখন পাওয়া যায় না। কতকগুলি গ্রন্থের নাম হইতে মনে হয় যে, সেগুলি তাহাদের লেখকের নাম অনুসারে পরিচিত, যেমন—নারদীয়তন্ত্র। স্থতরাং অগ্নিপুরাণের তালিকার সহিত মৎস্থাপুরাণের তালিকা তুলনা করিলে আমরা কতকগুলি নামের মিল পাই, যেমন,—

(2)	অাত্যেতন্ত্র	•••	রচয়িতা অত্রি
(२)	জ্ঞানসাগর-বাশিষ্ঠতন্ত্র	•••	" বশিষ্ঠ
(e)	নারদীয়তন্ত্র	•••	" নারদ
(8)	শোনকতন্ত্ৰ	•••	" শৌনক
(a)	গাৰ্গ্যভ ন্ত্ৰ	•••	" গৰ্গ
(৬)	বিশ্বোক্ততন্ত্র		"বিশ্ব (কর্মা)।

হুঃথের বিষয়, এই সকল শিল্প বা বাস্তশান্ত এখন আর পাওয়া যায় না। আমাদের দেশে নানা কারণে পুথি অধিকদিন বর্ত্তমান থাকে না। অনেক সময় অগ্নি ও কীটো নষ্ট হইয়াছে, আবার অনেক সময় মুদলমান আক্রমণেও নষ্ট হইয়াছে। যে দকল বান্তশান্ত্রোপদেশকের উল্লেখ পাওয়া গেল, তাঁহাদের যেদব প্রস্থ ছিল, দেইগুলি হইতে অন্তান্ত লেখকেরা সাহায্য প্রহণ করিয়াছেন, তাহার প্রমাণ পাওয়া যায়। যেমন—'মসুয়ালয়চক্রিকা'তে বিশ্বকর্মা ও কুমারের নামের উল্লেখ পাই। তাঁহাদের প্রস্থ হইতে উক্ত প্রস্থের লেখক সাহায্য লইয়াছেন। বরাহমিহির তাঁহার 'বৃহৎদংহিতা'র আচার্য্য গর্গের উল্লেখ করিয়াছেন। তিনি বিশ্বকর্মা ও ময়েরও মত উদ্ধৃত করিয়াছেন। যথা,—

"দাৰ্দ্ধং হস্তত্ৰয়ং <u>চৈব</u> কথিতং বিশ্বকৰ্ম্মণা ॥"

तृहदमःहिंछा, ८७ षः, २२।

আর,

"ময়কথিতো যোগোহয়ং বিজেয়ো বজ্রসংঘাতঃ ॥"

বুহৎসংহিতা, ৫৭ অঃ, ৮।

বিশ্বভারতী লাইত্রেরীতে 'বাস্তপ্রকরণম্' নামে যে পুথি আছে, তাহাতে গৌতম, গর্গ ও বিশ্বকর্মাকে 'বাস্তবিদ্যাবিশারদ' বলা হইয়াছে। যথা,—

> বিশ্বকর্ম্মাদিভিশ্চৈব বাস্তবিদ্যাবিশারদৈঃ। সর্বেষাং যৎক্রতং শাস্ত্রং সারমুদ্ধ তা যদ্ধতঃ॥ ২ ॥

অগ্নিপুরাণে 'আত্রেয়তয়্রে'র উল্লেখ পাওয়া গিয়াছে। ইহাই কি 'প্রতিমালক্ষণম্' ? এতদিন পত্তিতগণের ধারণা ছিল যে, 'প্রতিমালক্ষণম্' পুস্তকের মূল নাই, ইহার কেবল তিববতী অন্ধাদ আছে; কিন্তু সম্প্রতি ইহার সংস্কৃত মূল নেপাল হইতে পাওয়া গিয়াছে। শ্রাজেয় শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর মহালয় নেপাল দরবার হইতে ইহা আনাইয়াছেন। 'প্রতিমালক্ষণম্' আমি মূল সংস্কৃত ও তিববতী অন্ধাদের সহিত সম্পাদন করিয়াছি। এই বইটি অত্রিমুনির লেখা বিলিয়া উল্লেখ আছে; স্কৃতরাং এই বই ও অগ্নিপুরাণে উক্ত 'আ্রেয়তয়্র' একই বই কি ?

বর্ত্তমানে যে দকল শিল্প বা বাস্ক্রশাস্ত্র প্রচলিত আছে, তাহাদের মধ্যে অনেকগুলি মহামহোপাধ্যায় গণপতি শাস্ত্রী সম্পাদন করিয়াছিলেন। তন্মধ্যে নিম্নলিখিত বইগুলিই প্রধান,—

- (১) বাস্তবিদ্যা
- (২) মন্থবালয়চন্দ্রিক।
- (৩) ময়ম্ভম
- (৪) শিল্পরত্রম
- (e) সমরাঙ্গণন্থতাধার।

ইহা ছাড়া, নিম্নলিখিত বইগুণিতেও শিল্প বা বাস্ত্রশান্তের আলোচনা আছে,—

- (১) বৃহৎসংহিতা
- (২) যুক্তিকল্লভক্
- (৩) বিশ্বকর্মপ্রকাশম্
- (৪) মৎশ্রপুরাণম্
- (c) অগ্নিপুরাণম্
- (৬) গরুতৃপুরাণম্
- (१) ভবিষাপুরাণম্।

ফণীন্দ্ৰনাথ বস্থ

তিৰতী ভাষায় শিপ্পশাস্ত্ৰ

তিব্বতী ভাষায় ভারতীয় শিল্পশান্ত এখনও বর্ত্তমান আছে—ইহা শুনিলে অনেকে বোধ হয়, আশ্চর্য্যান্বিত হইবেন। কিন্ত স্থপের বিষয়, তিব্বতী ভাষায় এমন অনেক সংস্কৃত বই আছে, ষাহাদের মূল নষ্ট হইরা গিয়াছে। যথন খ্রীষ্টীয় ৬র্চ শতানীতে তিব্বতে বৌদ্ধধর্ম প্রচার হয়, তথন হইতে অনেক ভারতীয় বৌদ্ধশান্তও তিব্বতী ভাষায় অমুবাদিত হয়। সেই অমুবাদের ফলে তিব্বতী ভাষায় (১) কাঞ্ছ্র ও (২) তাঞ্জ্র নামে ছই বিরাট, বিশ্বকোষ আছে। কাঞ্ছ্র বিশ্বকোষে পালি ভাষা হইতে প্রধানতঃ বৌদ্ধশান্তের তিব্বতী অমুবাদ আছে ও তাঞ্জ্রে বৌদ্ধ তান্ত্রিক শান্ত্র ছাড়া আরও ভিন্ন ভিন্ন বিষয়ের প্রস্তকের অমুবাদ আছে, যেমন—বাাকরণ, রাঙ্নীতি, শিল্পশান্ত্র প্রভৃতি।

তিব্বতী ভাষার আমরা নিম্নলিখিত শিল্পান্তগুলি পাই,—

- (১) চিত্রলক্ষণম।
- (২) প্রতিমামানলকণম।
- (৩) ক্সগ্রোধপরিমগুলবৃদ্ধভাষিতপ্রতিমালকণম।
- (8) সমাক্সমুদ্ধবৃদ্ধপ্রতিমালকণ্ম।

এই কয়থানি বইএর মধ্যে 'চিত্রলক্ষণম' বইথানির একটি জার্মান সংস্করণ বাহির হইরাছে।
১৯১০ গ্রীষ্টাব্দে Berthold Laufer তিববতী ভাষার মূল ও
জার্মান অনুবাদ সহ 'চিত্রলক্ষণম' প্রকাশিক করিয়াছেন।' ইহার
মূল সংস্কৃত এখনও পাওয়া যায় নাই।

বৌদ্ধ বিশ্বকোষ তাঞ্জুরে 'চিত্রনক্ষণম' স্থান পাইয়াছে দেখিয়া স্বতঃই মনে হয় যে, ইহার লেখকও বোধ হয় বৌদ্ধ ছিলেন বা ইহা বৌদ্ধ প্রতিমার চিত্র সম্বন্ধে লেখা হইয়াছে। কিন্তু বাস্তবিক ইহা তাহা নহে। নগ্নজিৎ ইহার লেখক বলিয়া প্রসিদ্ধ। মৎপ্রপুরাণে নগ্নজিৎকে 'বাস্ত্বশাস্ত্রোপদেশক' বলা হইয়াছে। বক্সাহমিহিরও তাঁহার 'বৃহৎসংহিতায়' (৫৮ অঃ) নগ্নজিতের মত উদ্ধৃত করিয়াছেন ও তাঁহার মতকে 'ল্রাবিড়' মত বলিয়াছেন। ইহাতে কেহ কেহ অমুমান করেন যে, নগ্নজিতের বাড়ী ছিল দক্ষিণ দেশে।

> वीयुक व्यक्तिक्रमात शक्कांभाषा महाभाषात भ्रष्ट श्राह्म वेरातको व्यस्तान वाह ।

যদিও 'চিত্রলক্ষণম' বৌদ্ধ বিশ্বকোষে স্থান পাইরাছে, তথাপি ইহার প্রারম্ভে ভগবান্ বুদ্ধের নাম বা তাঁহার প্রতি প্রণামের কথা আমরা পাই না। বরং আমরা দেখি যে, 'চিত্রলক্ষণম'-এর লেখক হিন্দু দেবদেবীদের প্রণাম করিতেছেন, যেমন (১) মহাদেব, (২) ব্রহ্মা, (৩) নারায়ণ, ও (৪) সরস্বতী। ইহা ছাড়া (৫) চন্দ্র, (৬) ইন্দ্র, (৭) স্বর্যা, (৮) বরুণ, (৯) অগ্নি ও (১০) বায়ুকে প্রণামের কথা পাই।

Laufer সাহেব অমুমান করেন যে, 'চিত্রলক্ষণে'র লেথক নগ্নজিৎ জৈন। কিন্ত গ্রন্থের প্রারম্ভে তিনি বে ভাবে হিন্দু দেবদেবীকে প্রণাম আরম্ভ করিয়াছেন, তাহাতে তাঁহাকে জৈন বলিয়া মনে হয় না।

নগ্নজিৎ তাঁহার 'চিত্রলক্ষণন' প্রস্থে চিত্রবিদ্যার উৎপত্তির বিষয় বর্ণনা করিয়াছেন। ইহা ছাড়া, চিত্রের মান ও তালের কথাও বলা হইয়াছে। এই প্রস্থে আমরা বিশ্বকর্মা ও প্রহলাদের উল্লেখ পাই। দেবতাদিগকে প্রণামের পর গ্রন্থকার বিশ্বকর্মা ও নগ্নজিৎকে প্রণাম করিয়াছেন। ইহার পরই প্রস্থকার বলিতেছেন,—"পূর্বে বিশ্বকর্মা, প্রহলাদ ও নগ্নজিৎ যাহা বলিয়াছেন, তাহার সারাংশ আমি সংগ্রহ করিয়াছি।"

আবার কিন্তু প্রথম পরিচ্ছেদের শেষে বলা হইয়াছে,—"ইতি নগ্নজিংক্ততে চিত্রলক্ষণে নগ্নত্রতো নাম প্রথমপরিচ্ছেদঃ।"

এখন প্রাপ্ন হইতেছে,—নগ্নজিৎ কি এই চিত্রলক্ষণের লেখক ? যদি তিনিই লেখক হন, তবে আবার প্রস্থকার নগ্নজিৎ যাহা বলিয়াছেন, তাহার দারাংশ কেন দঙ্কলন করিতেছেন ? যদি 'চিত্রলক্ষণে'র লেখক বলিয়া নগ্নজিৎকে ধরিতে হয়, তবে ইহা স্বীকার করিতে হইবে যে, তাঁহার পূর্ব্বে আর, একজন নগ্নজিৎ জন্মিয়াছিলেন, যাঁহার রচনা হইতে বর্ত্তমান প্রস্থে দার সন্থলন করা হইয়াছে।

তিব্ব তী ভাষায় দিতীয় নিরশ্রস্থ—'প্রতিমামানলক্ষণম্'। ইহার সংস্কৃত মূল নেপাল দরবার
লাইবেরীতে পাওয়া গিয়ছে। পুজনীয় শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহালয়
প্রতিষামানলক্ষণম্
নেপাল দরবার হইতে বিশ্বভারতী লাইবেরীর জন্ম ইহার প্রতিলিপি
আনম্বন করিয়াছিলেন। আমি সংস্কৃত মূল ও তিব্বতী অমুবাদ সহ এই গ্রন্থখানি সম্পাদন করিয়াছি।
ইহা লাহোরে ছাপা হইয়ছে। ইহার প্রারম্ভে আছে,—"নমো বুদ্ধায়।" আর তিব্বতী অমুবাদে

২ এই প্রস্থের আরম্ভে (১০-২৯) প্রস্থকার, নগালিং ও অনুস্থাত চিত্রণান্তরচন্নিতার চরণ-ক্ষন। করিয়াছেন, স্থুতরাং নগালিং এই প্রস্থের প্রণোতা নছেন।

আছে,—"নমঃ দর্বজ্ঞার।" গ্রন্থকার বলিতেছেন,—"বং উক্তং পূর্বমুনিভিঃ" তাহার সারাংশ দেওরা হইয়াছে। ইহাতে প্রতিমার ভিন্ন ভিন্ন মাপ দেওরা হইয়াছে, যেমন—সপ্ততাল, অষ্টতাল, নবতাল ও দশতালের মাপ।

কিন্তু পূজনীয় শান্ত্রী মহাশয়ের A Catalogue of Palm Leaf and Selected Paper Mss. belonging to the Durbar Library, Nepal, ২য় খতে আর একটি 'প্রতিমালকণ'-এর উল্লেখ পাই। তাহার আরম্ভ এইরূপ,—

শ্বিক্ষণঞ্চ প্রবক্ষ্যামি নরাণাং হিতকাম্যয়া। বেন বিজ্ঞানমাত্রেণ সংক্ষেপেণ তু বিস্তরাৎ ॥" (পূ ১৯০)

ইহা কিন্তু উক্ত 'প্রতিমামানলক্ষণম্' গ্রন্থের সহিত মেলে না। ইহা 'লক্ষণসমুচ্চয়ে'র অংশবিশেষ ও উক্ত গ্রন্থ হইতে ভিন্ন বলিয়া বোধ হয়।

ইহা ব্যতীত শাস্ত্রী মহাশয়ের Catalogue-এ একই নামের আরও ছুইথানি পুথির উল্লেখ পাই, তাহাদের নাম—'দেবপ্রতিনালক্ষণম্'। তাঁহার Catalogue-এর বিতীয় ভাগের ৪১শ পৃষ্ঠায় একটির বর্ণনা ও প্রারম্ভ এইরূপ আছে,—

"নমো বুদ্ধায়।

বুদ্ধো ভগবান জেতবনে বিচরতি স্ম। তুষিতববভবনাৎ সাস্তধনাদেশসমবগত—কালসময়ে শারিপুত্রো ভগবস্তমেতদবোচৎ। ভগবন্ ভগবতা গতে পরিনির্ভি বা শ্রাক্ষৈঃ কুলপুত্রঃ কথং প্রতিপত্তবাম্।

ভগবানাহ শারিপুত্র মন্ত্রি গতে পরিনির তৈ বা শুরোধণরিমণ্ডনং কারং কর্ত্তরাম্। • • • * "
তাঁহার Catalogue এ (১৩৭ পৃষ্ঠান্ন) 'দেবপ্রতিমালক্ষণম্' নামের অপর পৃথিধানির আরম্ভ
এইরপ্র-—

"ওঁ নমো বুদ্ধায়।

বুদ্ধো ভগবান্ জেতবনে বিহরতি স্ম। তুষিতবরভবনাৎ মাতুর্ণানাদশনাবগতকালসময়ে * *
শারিপুত্রো ভগবস্তমেতদেবাহেতি * *

ভগবানাহ।

শারিপুত্র ময়ি গতে পরিনিবূতি বা।

ন্যপ্রোধপরিমগুলং কান্নং কর্ত্তবাং যাবৎ কান্নং তাবৎ ব্যামং যাবৎ ব্যামং তাবৎ কান্নং পূজা-সৎকারার্থং প্রতিমা কর্ত্তবা। ইত্যাদি। সংবৎ ৭৬৩।" ইহা ছাড়া, বেণ্ডেলের Catalogue of Buddhist Sanskrit Manuscripts-এ (পৃ ২০০) আমরা 'বৃদ্ধ প্রতিমালক্ষণম্' পুথির পরিচয় পাই। তাহাতে প্রারম্ভ এইরূপ,—

"বৃদ্ধ প্রতিমানকণম্। A short treatise in two parts on images of Buddha, 'বৃদ্ধপ্রতিমানকণম্' পৃথি work.

The work is in regular sutra-form, beginning

নম: সর্বকায় । এবং ময়া শ্রুতং * * *

Sariputra enquires thus of Bhagavan :-

ভগবন ভগবতা বিনা শ্রাক্ষৈঃ কুলপুকৈঃ কথং প্রতিপত্তবাং।

To which the reply is:—মিয় গতে পরিনির্গতি বা। ক্যথোধপরিমণ্ডলং যাবৎ কায়ং তাবৎ ব্যোমং যাবৎ ব্যোমং তাবৎ কায়ং। পূজা-সৎকারার্গাং প্রতিমা কার্য়িতব্যা।"

ইহার সমাপ্তি এইরূপ,—

"এতানি চ সমস্তানি লক্ষণানি বিচক্ষণঃ। অত্যন্তশাস্তকায়ার্থং যথাশোভং প্রকল্পয়েৎ ॥

ইদমবোচৎ · · · · অভানন্দ্রিতি ৷ স্মাক্সম্বন্ধভাষিতং বৃদ্ধপ্রতিনালক্ষণং স্মাপ্তং ॥"

ইহার পরে বেণ্ডেল সাহেব যে পুথির বিবরণ দিয়াছেন, তাহার নান—'প্রতিমাণফণবিবরণম্।' ইহাকে পুর্বলিথিত পুথির টীকা বলা হইগছে। ইহার শে:য িথিত আছে,—"ইতি সংবুদ্ধভাষিত-প্রতিমালফণবিবরণং সমাপ্তং।"

তাহা হইলে আমরা অনেকগুলি পুথি পাইতেছি, যাহাদের নাম ও বিষয়বস্ত লইয়া কিছু আলোচনা করা দরকার। প্রথম আমরা শান্ত্রী মহাশরের Catalogue-এ নামগুলি পাইতেছি,—

- প্রতিমালকণ—'লকণ্দমুক্তর' হইতে।
- (২) দেবপ্রতিমালক্ষণম্ ৫) দেবপ্রতিমালক্ষণ
 (৩) দেবপ্রিমালক্ষণ
- (৩) দেবপ্রতিমালক্ষণ

 বৈজ্ঞেল সাহেবের তালিকায় পাইতেছি.—
- বৃদ্ধপ্রতিমালকণ্য—ইহার শেষে কিন্তু "সমাক্সমুদ্ধ ভাষিতং-বৃদ্ধপ্রতিমালকণ্য" নাম আছে।
- (२) প্রতিমালক্ষণবিবরণম—ইহারও শেষে আছে, "সংবৃদ্ধভাষিত প্রতিমালক্ষণবিবরণং।"

এখন দেখা যাইতেছে যে, ইহার মধ্যে প্রথম তালিকার 'দেবপ্রতিমালক্ষণ' ও দ্বিতীয় তালিকার 'বৃদ্ধপ্রতিমালক্ষণম' একই বই ।

কিন্ত ইহার তিববতী অমুবাদ—'প্রতিমামানলক্ষণম্'-এর সহিত মিলে না। যদিও উক্ত প্রস্থ হুইটির নামে 'প্রতিমালক্ষণ'যুক্ত আছে, তাহা হুইলেও ইহা তিববতী 'প্রতিমামানলক্ষণম্' হুইতে ভিন্ন। বরং এই চুইটির মিল আছে, অন্ত ব্দ্পপ্রতিমালক্ষণম্'

একটি বইয়ের সহিত, যাহাকে তিবনতী অনুবাদে 'দশতলন্তাগ্রোধপরিমণ্ডল-

বৃদ্ধপ্রতিমালক্ষণম্' বলা হইয়াছে। আনরা যে সংস্কৃত পুথি পাইরাছি, তাহা উক্ত তিব্বতী অমুবাদের সহিত মিলে। ঐ সংস্কৃত পুথির আরম্ভ এইকপ,—

"নমো বুদ্ধায়।

বুদ্ধো ভগবান্ জেতবনে বিহরতি স্ম।

তৃষিত্বরভ্বনাৎ মাতৃর্ধানাশনাবগ্রকালসময় শারিপ্রো ভগস্তমেতদবোচ্ছ। ভগবন্ ভগবতাগতে প্রিনির্ভি বা শ্রাক্ষৈঃ কুলপুট্রিঃ কথং প্রতিপত্যব্যম্।

ভগবনাহ। শারিপুত্র ময়ি গতে পরিনিত্রতৈ বা শুগ্রোধপরিমণ্ডলকায়ং কর্ত্তবাম্।"

স্তরাং দেখা যাইতেছে যে, ইহা পূর্ব্রোক্ত প্রথম তালিকার 'দেবপ্রতিমালক্ষণম্' ও দ্বিতীয় তালিকার 'বৃদ্ধপ্রতিমালক্ষণম্'। কিন্ত ইহাকেই তিব্বতী অমুবাদে বলা হইয়াছে,—"ভারতীয় ভাষার (ইহাকে) দশতলগুগ্রোধপ্রিমণ্ডলবৃদ্ধপ্রতিমালক্ষণম্ (বলে)!"

এই তিব্বতী অন্ত্রাদের সহিত যে নেপালী সংস্কৃত পুথিটি মিলে ও যাহা হইতে উপরে উদ্কৃত অংশ দেওয়া হইল, তাহা এখন বিশ্বভারতী লাইব্রেরীতে আছে। সেই সংস্কৃত পুথির শেষে কিন্তু বইটিকে বলা হইরাছে,—"ইতি সমাক্সংবৃদ্ধভাষিতং প্রতিমালক্ষণং সমাপ্তম্।"

অতএব বিশ্বভারতী লাইব্রেরীর পুথিটির সহিত বেণ্ডেল সাহেবের তালিকার 'বুদ্ধপ্রতিমা-লক্ষণম্'-এর মিল পাওয়া যাইতেছে। ইহাকেও গ্রন্থ-শেষে 'সম্যক্সংবুদ্ধভাষিতং বুদ্ধপ্রতিমা-লক্ষণং' বলা হইয়াছে। ইহাতে কেবল 'বৃদ্ধ' শব্দটি বেণী আছে।

আশ্চর্য্যের বিষয়, তিব্বতী অন্ত্রাদক সংস্কৃত গ্রন্থের নামটি 'সম্যক্সংবৃদ্ধভাষিতং বৃদ্ধপ্রতিমানক্ষণং' ব্যবহার না করিয়া তিব্বতী অন্ত্রাদে 'দশতলন্তর্গোধপরিমগুলবৃদ্ধভাষিতপ্রতিমালক্ষণম্' নামটি অপর তিব্বতী অন্ত্রাদে দিয়াছেন।

অতএব আমরা দেখিতেছি যে,

(১) বেণ্ডেল সাহেবের তালিকার

'ৰ্দ্ধপ্ৰতিমালক্ষণম্'—(যাথাকে সমাপ্তিতে 'সংগ্ৰুষ্ণভাষিতং বৃদ্ধপ্ৰতিমালক্ষণং' বলা হইয়াছে)

(২) শান্ত্রী মহাশয়ের তালিকার

'দেবপ্রতিমালক্ষণম'

(৩) বিশ্বভারতী গ্রন্থানয়ের

'সমাক্সমুদ্ধ ভাষিতং প্রতিমালকণ্ম'

(৪) ভিবৰতী তাঞ্জুরের

'দশতলম্যগ্রোধপরিমণ্ডলবৃদ্ধপ্রতিমালকণ্ম'

—এই সকলের নাম বিভিন্ন হইলেও বস্তুতঃ একই শিল্পগ্রন্থ। একই শিল্পগ্রন্থের নাম কিল্পপে বিভিন্ন হইল, তাহা বলা শক্ত। বোধ হয়, ইহার নাম প্রথমে ছিল—'সমাক্-সম্বন্ধভাষিতং প্রতিমালক্ষণ্ম', পরে ভিন্ন ভিন্ন অবস্থায় ইহার নাম বিভিন্ন হইয়াছে।

এই ২ইতে আমরা প্রথমেই পাইতেছি—"নমো বুদ্ধায়।" আর তিব্বতী অন্তবাদে আছে— "ভগবতে বীতরাগায় নমঃ।" ইহাতে মনে হয় যে, লেখক বৌদ্ধধর্মাবলম্বী ছিলেন। আর পুত্তকের বিষয়ও বুদ্ধপ্রতিমালক্ষণ।

এই প্রন্থে আমরা শারিপুত্রের উলেখ পাই। তিনিই ভগবান্ বৃদ্ধকে জিছাসা করিতেছেন,— "ভগবন, ভগবতা গতে পরিনির্তি বা শ্রাকৈঃ কুলপুত্রৈঃ কথং প্রতিপত্তব্যম।"

ইহার উত্তরে ভগবান্ বৃদ্ধ বলিতেছেন,—"শারিপুত্র, ময়ি গতে পরিনির্ভি বা স্থাইশ-পরিম গুলকাস্থ্য কর্ত্তবাম্।"

এইখানে আমরা সর্বপ্রথম "স্যাটো বিন্দারিক গুলকার" কথাটি পাইতেছি। বাধ হয়, তিবাতী অনুবাদকের এই কথাটি ভাল লাগিয়াছিল, তাই তিনি এত্বের নাম-করণে স্যাগ্রোধাপরিক গুল কথাট বুজপ্রতিমালক্ষেপের সহিত লাগাইয়া দিয়াছেন।

বৌদ্ধশান্তে শারিপুত্র থুব প্রনিদ্ধ। অনেক বৌদ্ধশান্তে তাঁহার উল্লেখ পাওয়া যায়। সিংহল
বীপে একথানি শিল্পগ্রহ আছে, তাহার নাম—'দারিপুত্রশ্রমণসংহলী শিল্পগ্রহ—'দারিপুত্রশ্রমণবিষপ্রমাণম্'। এই প্রন্থোনির উল্লেখ ডাক্তার কুমারস্বামীর প্রস্থ

Mediaeval Sinhalese Art-এ আছে। সিংহলী শিল্পীমহলে
এই বইধানির খুব প্রচলন আছে। ইহার প্রথম খণ্ড সিংহলী অক্সরে ছাপা হইয়াছে।

এই সিংহণী শিল্পান্তের আরম্ভ এইরপ,—

"নমস্তবৈদ্ধ ভগৰতে অৰ্হতে সম্যক্সদৃদ্ধায়। অথেদানীং সংপ্ৰবক্ষ্যামি বিশ্বমানবিধিং শুণু।" ইহার সমাপ্তিতে এইরূপ আছে,—

ভারতের বাহিরে নানাদেশে প্রচারিত হইয়াছিল।

"ইতি গৌতমবংশে শারিপুত্রশ্রমণো বিশ্বপ্রমাণম্ প্রথমো থগুং সমাপ্তম্।"

প্রাচীন কালে ভারতে বহু শিল্পগ্রন্থের প্রচার ছিল। ভারতীয় শিল্পীদের কাছে দেই সব

শিরগ্রন্থের আদর ছিল। তথনকার কালে শিরীরা শাস্ত্রজ্ঞানবজ্জিত ছিলেন না। তাঁছারা ন'না শাসে পণ্ডিত চিত্রেন। শিল্পবিদায় পারদর্শী হওয়া যেমন তাঁহাদের পক্ষে দরকার ছিল, নানা শাস্ত্রে পণ্ডিত হওয়াও তেমনি দরকার ছিল। নানা কারণে প্রাচীন ভারতীয় শিল্প নষ্ট হইয়া গিয়াছে। তবে এখনও গাঁহারা শিল্পী আছেন, তাঁহারা বত্ব করিয়া তাঁহাদের পূর্ব্বপুরুষের শিল্প-পুথি রাথিয়া দিয়াছেন। কিন্ত এখন তাঁহারা সংস্কৃত বিদ্যায় পারদর্শী নন বলিয়া, তাঁহারা দেই দব শিল্প-পুথির দদ্বাবহার করিতে পারেন না। উদ্ভিয়ায়, দক্ষিণ-ভারতে ও গুজুরাট অঞ্চলে এখনও এইরূপ অনেক শিল্পী আছেন। তাঁহারা এখনও পুরাণ পুথি লইয়া নাড়াচাড়া করেন। কতক শিল্প-পুথি নেপালে গিয়া আশ্রুষ লইয়াছে। প্রাচীন ভারতের নানা বিদ্যাবিষয়ক পুথি এতদিন ধাবৎ নেপালে বহু পরিমাণে রক্ষিত হইয়াছে। এ বিষয়ে রাজা রাজেন্দ্রলাল মিত, প্রজনীয় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় যথেষ্ট কার্য্য করিয়াছেন। তাঁহাদের সম্পাদিত গ্রন্থ-তালিকা হইতে আমরা নেপাল দরবার লাইত্রেরীর ঐশ্বর্য্য বুঝিতে পারি। যে সকল শিল্প-পুথি এতদিন লুপ্ত বলিয়া বিবেচিত হইত, তাহাও এখন নেপালে আবিষ্কার হইতেছে। এই প্রদক্ষে 'প্রতিমামানলক্ষণ' ও অক্যান্ত শিল্প-পূথির কথা উল্লেখযোগ্য। সেই পুথিগুলি আবার অনুবাদ আকারে তিবৰতী তাঙ্ক বিশ্বকোষে স্থান পাইয়াছে। চীনা ভাষায়ও নাকি বৃদ্ধপ্রতিমা সম্বন্ধে শিল্পগন্থ আছে। দিংহল দ্বীপেও আমরা "সারিপুত্রশ্রমণো বিষ্প্রমাণম্" গ্রন্থ পাইতেছি। এইরূপে ভারতীয় (culture) দংস্কৃতির দহিত্ব ভারতীয় শিল্পশান্তও


বর্ত্তমানে শিল্পবিদ্যার আলোচনা আবার স্থার ইইরাছে। ভারতীয় পণ্ডিতমগুলীর দৃষ্টি এখন এদিকে পড়িয়াছে। দক্ষিণ-ভারত হইতে অনেকগুলি শিল্পগ্রন্থ আবিস্কৃত ও প্রকাশিত হইরাছে। এই সব প্রস্কের অনেকগুলি স্থলীয় মহামহোপাধ্যায় গণপতি শান্ত্রী প্রকাশিত করিয়া সাধারণের কৃতজ্ঞতাভাজন হইরাছেন। এ বিষয়ে সর্ব্ধ প্রথম (Ram Raz) রাম রাজ তাঁহার Essay on the Architecture of the Hindus গ্রন্থে পণ্ডিতগণের দৃষ্টি আকর্ষণ করেন। তাঁহার উক্ত গ্রন্থ লগুন হইতে ১৮৩৪ অব্দে প্রকাশিত হয়। ডাক্তার রাজেন্দ্রণাল রায় তাঁহার উড়িয়ার প্রাত্ত্ববিষয়ক প্রস্থেও এই বিষয় সম্বন্ধে আলোচনা করেন। জার্মান পণ্ডিত Laufer-এর 'চিত্রেণীক্ষণের' কথা আগেই বলা হইয়াছে। ডাক্তার কুমারস্থামীর Mediaeval Sinhalcse

Art-এর কথাও উলেথ করা হইয়াছে। তিবাঙ্গুরের গোপীনাথ রাও তাঁহার Element of Hindu Iconography-তে অনেকগুলি দক্ষিণী শিল্পশাস্ত্র ব্যবহার করিয়াছেন। শ্রীযুক্ত অক্টেব্রুকুমার গাঙ্গুলী তাঁহার রূপম্ পত্রিকার হারা ভারতীয় শিল্প-কথার প্রচার করিতেছেন। তাঁহার South Indian Bronzes-ও এ সম্পর্কে উল্লেখযোগ্য। শ্রু দেয় অক্ষয়কুমার মৈত্রেয় ও রূপদক্ষ আচার্য্য শ্রীযুক্ত অবনীক্ষনাথ ঠাকুরের নাম উল্লেখ না করিলে এই আলোচনা অসম্পূর্ণ থাকিয়া যায়। শ্রুদ্ধের শ্রীযুক্ত অবনীক্ষনাথ ঠাকুর তাঁহার চিত্র, বক্তৃতা ও পুস্তকের হারা ভারতীয় শিল্পের কথা আমাদের কাছে বার বার বাথা করিতেছেন। সে জন্ম তিনি সকলের ক্বত্ততাভাজন। পরিশেষে ডক্টর প্রসমক্ষার আচার্য্যের কথা উল্লেখ করিব। তিনি শিল্পশাস্ত্রের বিরাট্ অভিধান সঙ্কলন করিয়া ও শানসার সম্পাদন করিয়া যথেষ্ট কৃতিছ দেখাইয়াছেন।

ফণীন্দ্রনাথ বস্তু







সচিত্ৰ ভালপত্ৰে লিখিত বৌদ্ধপুথি

নবাবিষ্কৃত সচিত্র বঙ্গীয় তালপত্র-লিখিত বৌদ্ধপুথির বিবরণ

পর্বত-শুহা ও মন্দির-ভিত্তিতে চিত্রিত আলেখাসমূহ বাতীত সচিত্র তালপত্রে অবিত বৌদ্ধ হস্তলিপিগুলি ভারতীর চিত্র-বিদ্যার ইতিহাসের প্রাচীন উপকরণ বা দলীল। তিন শতাব্দী ধরিয়া চিত্র-বিদ্যার কিরূপ চর্চ্চা হইতেছিল, ঐগুলি হইতেই তাহার প্রমাণ পাওয়া যায়। নবম হইতে ছাদশ শতাব্দী পর্যান্ত চিত্র-বিদ্যার ঐ উপকরণগুলিই কেবল বর্ত্তমান আছে। কুমারস্থামী লিথিয়াছেন,— "জ্ঞলম্ভ বর্ণ ও অতি পরিপাটি অব্ধনে এই চিত্রিকাগুলিকে সৌন্দর্য্য-বিদ্যার অতি চিত্তাকর্ষক বস্তু ও ফুপ্রাপ্য হিদাবে এই পৃথিগুলিকে বহু মূল্যবান্ করিয়াছে।"

স্থতরাং চিত্র-বিদ্যার ইতিহাস অবগত হইতে গেলে, এই সচিত্র হস্তলিপিগুলির শ্রাবাহিক আলোচনা বিশেষ প্রয়োজনীয়। আলোচ্য উপকরণগুলিকে ছই শ্রেণীতে বিভক্ত করা বাইতে পারে,—

ক) সচিত্র বন্ধীয় হস্তলিপি, (খ) সচিত্র নেপাল হস্তলিপি।

সৌন্দর্য্য-বিদ্যার উৎকর্ষ হিদাবে যে সমস্ত পুথি পাওয়া গিয়াছে, তন্মধ্যে তুইটি হস্তালিপি তত আলোচ্য নহে। এতদ্বতীত তালপত্রে দচিত্র সকল হস্তালিপিগুলিই অন্তমাহক্রিকা প্রজ্ঞাপারমিতা বলিয়া অভিহিত হইয়া থাকে। বন্ধীয় হস্তালিপিগুলি নবম হইতে একাদশ শতাব্দীর মধ্যে লিথিত এবং ঘাদশ শতাব্দীতে রচিত নেপালে লিথিত আরও কতকগুলি হস্তালিপি আছে। নেপালে রচিত অত্যুৎকৃষ্ট তুইটি সচিত্র হস্তালিপি (কেম্ব্রেজ বিশ্ববিদ্যালয়ের ১৬৪০ নং ও এশিয়াটিক সোইটির এ১৫ নং) যথাক্রমে একাদশ শতাব্দীর প্রারক্তে ও শেষে লিথিত হইয়াছিল। তালপত্রে লিথিত সচিত্র প্রধান হস্তালিপিগুলির ইতিবৃত্ত হইতে জানা ধার রে, যথন বৌদ্ধধর্ম নেপালে বিস্তৃত হইতেছিল, তথন জারতভূমিতে লিথিত ঐ লিপিগুলি তথায় নীত হয়; আবার সেগুলিকে গত শত বর্ষের মধ্যে ভারতবর্ষে পুনরায় আনয়ন করা হয়। এই প্রবন্ধ-লেথকের আবিষ্কৃত যতগুলি মূল্যবান্ পূথি আছে, তন্মধ্যে ঐক্রপ একটি সচিত্র হস্তালিপি ১০০৪

> Coomaraswamy A. K., Introduction to Indian Art, পু ১১০।

বন্ধানের প্রারম্ভেই নেপাল হইতে আনয়ন করা হয় এবং উহার মধ্যবর্তী চিত্রিকাগুলি অন্ত্যাশ্চর্যার্র্যেপ স্থবন্ধিত রহিয়াছে। প্রত্নতন্ত্র হিমাবে ধরিতে গেলে, এগুলি অন্তমাহির্য্রকা প্রজ্ঞাপারমিতা শ্রেণীভুক্ত। ঐ হন্তলিপি দশম অথবা একাদশ শতাব্দীতে লিখিত বলিয়া বোধ হয়। মহামহোপাধ্যায় হরপ্রদাদ শাস্ত্রী অন্তমান করেন যে, উহা বঙ্গের বিক্রমশীলায় লিখিত। ব্রিটশ মিউজিয়ামের ৬৯০২ নং হন্তলিপি উহারই অন্তর্মণ। ভারতবর্ষীয় চিত্রবিদ্যা সম্বন্ধীয় লেখকগণ এই মূল্যবান্ হন্তলিপিগুলির আদৌ উল্লেখ করেন নাই এবং উহাদের যথোপযুক্ত সমালোচনা করিতে অক্ষম হইয়াছেন। M. Foucher শ্রীযুক্ত ফুশেই প্রথমে বৌদ্ধ-ধর্ম্মে চিত্র-বিদ্যা পর্য্যালোচনার প্রস্তাবে এই হন্তলিপিসমূহের আলেখাগুলির উল্লেখ করিয়াছেন। কিন্ত ঐ চিত্রদমূহের আলোচনার প্রস্তাবে এই হন্তলিপিসমূহের আলেখাগুলির উল্লেখ করিয়াছেন। কিন্ত ঐ চিত্রদমূহের আলোচনার তাঁহার তাদৃশ সহাদয়তা ও মর্য্যাদা রক্ষণেচ্ছা প্রকাশ পায় নাই—বায়তে চিত্র-বিদ্যান্তর্মাণী ব্যক্তিমাত্রেরই অন্তঃকরণ আননেদ উদ্দীপিত হইতে পারে। ঐ চিত্রিকাগুলির রচয়িত্রাণা কি ভাবে অন্তপ্রাণিত হইয়াছিলেন, উহা ব্রিবার প্রয়াস তাঁহার পক্ষে বিষম কঠিন হইয়াছিল। স্বতরাং ঐ সকলের বিচারে তাঁহার সমালোচনা কঠোর ও অন্তপ্রযুক্ত হইয়াছে। সৌন্দর্য্য হিসাবে ঐ চিত্রগুলির কিন্তপ মূল্য, তিনি তাহা সংক্ষেপে এইরূপে সারিয়া দিয়াছেন,—

En! résumé, nos miniatures, sans être des chefs d'oeuvre, ne sont pas non plus de vulgaires barbouillages et ont été désinées et peintes par des enlumineurs très suffisamment maêtres de leurs moyens. Dans toutes nous retrouvons les mêmes matériaux employés, les mêmes conventions acceptées, les mêmes procédés d'execution mis au service des mêmes sujets. Ni la difference d'age ni la diversité d'origine n'arrivent à modifier sensiblement leur apparence générale. C'est assez dire que nous devons reconnaître en elles les productions d'un art des longtemps stéréotypé.'

ছাভেল সংগ্রাদয় প্রাথমিক নেপাল চিত্র-বিদ্যার উল্লেখ করিয়াছেন বটে; কিন্তু তালপত্রে লিখিত

Roucher, A, Etude sur l'Iconographie Bouddhique de l'Inde, >>00,

[•] Havell, E., B., Indian Sculpture & Rainting, ১৯০৮, পু ৭৯; 2nd Edition, ১৯২৮

নেপাল বা বন্ধীয় হন্তলিপির বিষয় কিছুই বলেন নাই। ভিন্দেন্ট স্মিও মহোদয়° নেপালের ছুইটি হন্তলিপির ক্ষুত্র ডিত্রের উল্লেখ করিয়া বলেন,—"নেপালের চিক্র-বিদ্যার অভি প্রাচীন শাখাভুক্ত ঐ চিত্রগুলি মাত্র বিদ্যমান আছে—"। সোন্দর্য্য-বিদ্যা হিদাবে তিনি ঐ চিত্রগুলি তাদৃশ উল্লেখযোগ্য বা আবশ্যক বিবেচনা করেন না। কিন্তু সামাত্য সংস্কান্ত অভিহিত করিলে, প্রস্কৃতত্ত্ব ও ইতিহাসের দিক্ দিয়া উহারা মূল্যবান্ এবং ফুশে মহোদয়ের সমালোচনান্ন সম্পূর্ণ নির্ভন্ন করতঃ তিনি ঐগুলির রচনা-প্রণাশী পর্য্যালোচনা করিয়াছেন। তিনি বে একটিও এই শ্রেণীর চিত্র পরীক্ষা করিতে মনোনিবেশ করেন নাই, তাহার বেশ প্রমাণ পাওয়া যাইতেছে। তালপত্র-বিশিত্ত হন্তলিপিসমূহের প্রয়োজনীয়তা ভ্রেডেনবূর্গ মহোদয়ই সর্ব্যপ্রথমে দর্শাইয়াছেন; কিন্তু তিনি ঐগুলি অসম্লভরূপে ভারতবর্ষীয় চিত্র-বিদ্যার ধারাবাহিক উন্নতির অন্তর্গত করিয়াছেন।

সম্প্রতি কুমারস্বামী ও সোমামুরা সচিত্র কতকগুলি হস্তলিপির উল্লেখ করিয়াছেন বটে; কিন্তু তাঁহাদের তালিকা সম্পূর্ণ নহে।

সৌন্দর্য-বিদ্যা হিসাবে নিম্নণিথিত হস্তলিপিগুলি বিশেষ উল্লেখযোগ্য—(১) বস্টন্ মিউজিয়ামস্থিত হস্তলিপি, (২) লেখকের আবিষ্কৃত হস্তলিপি, (৩) ভ্রেডেনবূর্গের পূর্বাধিক্বত হস্তলিপি, (৪) বলীর এশিয়াটিক সোসাইটির অধিক্বত Ms. A 15 নং হস্তলিপি। ইহাদের মধ্যে কেবল মাত্র শেষোক্ত হস্তলিপিই নেপালে লিখিত। অপ্রাপ্ত ক্ষুদ্র চিত্র-সংবলিত তালপত্রে লিখিত হস্তলিপি সৌন্দর্য্যের তুলনার উহাদের অপেক্ষা নিক্ষণ্ট। ফুশে মহোদয় যাহা বলিয়াছেন, সত্য বটে যে, এই সকল হস্তলিপির রচনা-প্রণালী ও বিষয়গুলির বিশেষত্ব সকলের মধ্যেই বর্ত্তমান আছে; তথাপি চিত্রিকাগুলির সদ্রীকতা ও বিষয়-বৈচিত্রোর অভাব—ইহা বলা অত্যক্তি মাত্র। হস্তলিপির বিষয়সমূহ আলেখ্য সাহায্যে দর্শাইতে গেলে বিষয়-বৈচিত্রোর অভাব অপরিহার্য্য; কিন্ত হস্তলিপিসমূহের সাধারণ আকৃতির সমতা এই চিত্রিকা-বিদ্যার প্রাচীনত্বেরই পরিচায়ক। ফুশে মহোদয়ের মতের বিবেচনা প্রসক্তির তালপত্রে লিখিত হস্তলিপিসমূহের সমসাময়িক একাদশ ও বাদশ শতান্ধীর বাইজানটাইন চিত্র-বিদ্যার

⁸ Smith, V. A., History of Fine Art in India & Ceylon, ১৯১১, পু ७२8।

Vredenburg, E., Continuity of Pictorial Tradition in Indian Art, Rupam, Nos. 1-2, ککوه وا ۹-۱۱ ا

[•] Coomaraswamy, A. K., Introduction to Indian Art, ১৯২৩, পু ১১০।

ৰ Sawamura, S., The miniatures of a recently discovered Buddhistic Sanskrit Manuscript, Ostasiatische Zeitschrift, ১৯২৬, পু ১১-২৬।

শ্রধান মনীধীর সমালোচনা স্থাপ কর্ত্তবা। এই বিদেশীয় ক্ষুদ্র চিত্রগুলি সম্বন্ধে তিনি বলিয়াছেন, "Toutes les matrones ressemblant á Sainte Anne, les hommes à ,Saint Joseph"

সমসাময়িক ইতালীয় ক্ষুদ্র চিত্রগুলির নিরুষ্ট পদ্ধতি সম্বন্ধে আমরা কিছু বলিব না।*

আমার আবিষ্কৃত হন্তলিপির উপর নির্ভর করিয়া এক্ষণে আমি এই ক্ষুদ্র চিত্র-বিদ্যার সাধারণ প্রকৃতি কিরূপ, তাহা বর্ণন করিব। কুমারস্থামী^১° তাঁহার সংক্ষিপ্ত ভাষায় থেরূপ বলিয়াছেন, "এই ক্ষুদ্র চিত্রগুলি হস্তলিপির একাক্সীভূত বা ভূষণস্বরূপ নহে। লিপিকর হস্তলিপির কোন অংশে যে স্থান শুক্ত রাধিয়া গিয়াছেন, চিত্রকর উহা চিত্রে ভূষিত করিয়াছেন"। তালপত্রে লিথিত হস্তলিপিগুলির আয়তন ২০×২ম্ব এবং ক্ষুদ্র চিত্রের পরিমাণ ২৯×২। এরপ ক্ষুদ্র চিত্রের সংখ্যা বিংশতি। চিত্রকর সম্পূর্ণ হুই বিভিন্ন আদর্শে চিত্র রচনা করিয়াছেন। এক দিকে তিনি বুদ্ধের জীবনের ঘটনাবলী চিত্রিত করিয়াছেন এবং অপর দিকে সে সময়ে পরবর্ত্তী তান্ত্রিক বৌদ্ধধর্মে বে সঙ্গীব শক্তি ছিল, উহার বছসংখ্যক দেবদেবী চিত্রিত করিয়াছেন। এই সকল চিত্রিকার রচনা-পদ্ধতি স্থন্দর হস্তাক্ষরের তায় বর্ণের সাহায়ো। অন্ধনগুলি অতি স্থাপাই এবং ভঙ্গুর ও কোমল তালপত্তে বিশ্বন্ত রেখা ও বর্ণের দৌন্দর্য্য সামাক্ত স্তৃতিবাদের বিষয় নহে। চিত্রকর অঞ্চে মুর্ত্তিগুলি **অন্ধি**ত করিয়াছেন এবং তৎপরে তত্নপরি নানা বর্ণ বিশ্বস্ত করিয়াছেন। এইরূপে লোহিতবর্ণে রঞ্জিত চিত্রগুলি লোহিতবর্ণে রেখা টানিয়া অন্ধিত, পীত ও খেতবর্ণেও তদ্রপ: কিন্তু ক্রফবর্ণে রেখা টানিয়া হরিম্বর্ণের চিত্রগুলি রঞ্জিত করিয়াছেন। মূর্ত্তিগুলির অঙ্কনে আয়তনের মর্য্যাদা রক্ষা করা হইয়াছে। এই চিত্রসমূহের উল্লেখযোগ্য ও সাধারণ প্রকৃতি ভ্রেডেনবুর্গ মধোন বেরূপ দেখাইয়াছেন, তাহা বিহ্বত করা বাইতেছে,—"মূভিগুলির মধোদৃষ্টি বাহাতে পরিক্ষুট দেখাইতে পারে, তত্তদেশে মুবের উপবিস্থ চক্ষ্য আবরণের মধ্যভাগে কয়েকটি নিমগামী স্থন্ন কোণের রচনা করা হইয়াছে">> <mark>ইহাকে 'পদ্মপলাশ' নয়ন বলিয়া অভিহিত করা যায়। স্থপতি-বিদ্যায় ত্রিপত্রের ভূষণ যেরূপ</mark> ব্যবহৃত হইয়া থাকে, মূর্ব্তি অঙ্কনে ঐ রূপ ঐ বিদ্যা হইতেই গৃহীত। এই চিত্রদমূহে পদ্মপত্রাকার উল্লেখযোগ্য। জ্ঞামিতির বা পশ্বাদির প্রতিরূপ (যেমন হরিণাদির) শিপিসমূহের পার্শ্বের এবং অধ্যায়ের

שים. Diehl, C., L'art byzantin., T. I, אָ שוּשּבּינּ

D'Aancona, P., La miniature Italienne, ነቅላት, ජූ 1

১০ Ooomaraswamy, A. K., Introduction to Indian Art, পু ১১০-১১।

>> Vredenburg, E., op. cit., পু ১০।

শেষের ভূষণশ্বরূপ হইয়াছে। পরিচ্ছদাদির ও দৃশ্যাবলীর চিত্র হইতে সমসাময়িক জীবন এ আচার-ব্যবহারের প্রস্তুত ও চিন্তাকর্ষক আভাস পাওয়া যায়। রচনাগুলি সাধারণতঃ বড়ই উৎক্ষষ্ট ; লেখক ও চিত্রকর উভয়েরই নৈপুণা প্রশংসনীয়। হস্তলিপিসমূহে অব্যে জমি করিয়া লইয়া বর্ণ-বিস্থাস হইয়াছে কি না, ইহা এখন পর্যাস্তপ্ত কেহ স্থির করিতে পারেন নাই। কিন্তু সম্ভবতঃ তাহাই হইয়া থাকিবে। বর্ণগুলির গভীরতা, নির্মালতা ও উচ্ছলা বিচার করিলে দেখা যায় যে, পরবর্তী কাগজের উপর চিত্রিকায় যেক্রপ সাধারণতঃ খেতবর্ণ মিশ্রিত করা হইত, তাহা এ স্থলে হয় নাই।

ধাতৃজাত বর্ণই প্রধানতঃ ব্যবহাত হইত। মদীয় আবিষ্কৃত লিপিগুলিতে লোহিত, পীত, কৃষ্ণ, শ্বেত এবং হরিন্বর্ণ দেখা যায়। ঐ লিপিতে চিত্রকর বেগুণী নীলবর্ণ ব্যবহার করিয়াছেন বিলয়া বোধ হয় না, বরং তৎপরিবর্ত্তে কোবান্ট ধাতৃজাত একপ্রকার বিশুদ্ধ নীলবর্ণ ব্যবহার করিয়াছেন। ভ্রেডেনবূর্গ মহোদয়ের লিপিতে একপ্রকার নীল বড়ির রং ব্যবহাত হইয়াছে। চিত্রিকা-রচমিতাগণ হরিতালের সাহায্যে পীতবর্ণ, পারদ-রসসিন্দৃর সাহায্যে লোহিতবর্ণ ও কোবান্ট ধাতৃত্ব বা নীল বড়ির সাহায্যে প্রস্তুত নীলবর্ণ ব্যবহার করিয়াছেন। Ms. A15 নং লিপিতে lapis lazuli নামক গাঢ় নীলবর্ণের প্রস্তুর-বিশেষ হইতে প্রস্তুত বর্ণ ব্যবহাত হইয়াছে। ভ্রেডেনবূর্গের মতে সক্ষেদা হইতে প্রস্তুত রং শ্বেতবর্ণের পরিবর্ত্তে ব্যবহাত হইয়াছে। কিন্তু জলের সাহায্যে প্রস্তুত সক্ষেদা লিপিতে ব্যবহারের সক্ষণতা সন্দেহজনক।

সম্ভবতঃ চীনামাটি বা থড়ির সাহায়ে খেতবর্ণ প্রস্তত ইইত। ভারতবর্ষীর মসীর সাহায়ে ক্ষেবর্ণ প্রস্তুত হইত। রক্তগৈরিক মৃদ্ভিকা, অর্ণমৃদ্ভিকা বা লাজবদ্দীনীল কদাপি ব্যবহৃত হইত না। মান্তবের মুখ রঞ্জিত করিবার জন্ম পাতবর্ণ ই প্রধানতঃ ব্যবহৃত হইত; কিন্তু হরিৎ ও খেতবর্ণের ব্যবহারও দৃষ্ট হয়। চিত্রকরণণ বর্ণ-প্রস্তুতকরণে অন্তুত নৈপুণ্য দেখাইর্মাছেন। ক্ষণস্থারী পীত ও সিন্দুর্রাণের স্থান্তিবের গৃঢ় রহস্ম তাঁহারাই জানিতেন। প্রতীচ্য চিত্রকরণণ এ বিষয়ে সম্পূর্ণ নিরাশ হইয়াছিলেন। চিত্রিকাগুলির বর্ণের সজীবতা বছ শতাদ্দী পরেও লোকের বিস্মন্ন উৎপাদন করে।

মদধিকত তালপত্রের হস্তলিপির চিত্রিকাগুলির অন্ধন ও বর্ণবিশ্বাস উভয়ই অতি স্থানর।
মুখাক্ষতিসমূহের ব্যক্তিত্ব স্থান্সই, দৃষ্টির ভাব ও উপবেশনাদিব্যঞ্জক ভাব অতীব স্থানর।
চিত্রিকাগুলির স্থান্থান-সংবলত সংঘত ভাব অতিপ্রশাংসনীয়। বৃদ্ধদেবের মৃত্যুর দৃশ্য অন্ধনে অজ্ঞাত বৌদ্ধসন্নাদী চিত্রকর নৈপুণাের পরাকার্গ্তা দেখাইয়াছেন। ভিত্তি-চিত্রের নাায় চিত্রগুলি অতিমর্য্যাদা-সম্পন্ন করিতে হইবে, এরূপ ভাবে প্রণােদিত হইলে, চিত্রকরের ভবিষ্যতের আশা বিদ্দা হইত। Ms. A 15 নং হস্তলিপির দৃশ্যাবলী ঘনসম্বদ্ধ। সশিষ্য বৃদ্ধদেবের চিত্রথানির অলস্ত ভাব ও স্থানর হস্তাক্ষর-রেথার অন্ধন ক্ষেবল বন্ধীয় লিপিসমূহের প্রকৃতি এবং

উহা নেপালে অন্ধিত হইলেও নেপালের অফ্যান্ত হস্তানিপি অপেক্ষা বন্ধীয় লিপির সহিতৃ ইহার অধিক দৌসাদৃশ্য আছে দেখা যায়।

উপসংহারে বলা বাহুল্য, এই চিত্রিকাগুলি ঐ যুগের চিত্র-বিদার রুচির পরিচায়ক। তারনাথ মহাশরের মতে এই দকল চিত্রিকা হইতেই আমরা দে সময়ে বর্ত্তমান অধিকতর শ্রেষ্ঠ ভিত্তি-চিত্রের আভাদ পাই। কিন্তু সমদামন্ত্রিক ভিত্তি-চিত্রগুলি যেরূপ লোপ পাইয়াছে, অতি মূল্যবান্ হস্তনিপিসমূহের চিত্রিকাগুলি চিত্রবিদ্যামুরাগী মাত্রেই অবিনশ্বর স্থন্দর বস্তু বলিয়া সুরক্ষিত করিবেন)

শ্ৰীঅজিত ঘোষ

হিন্দুজ্যোতিষের আদিকাল নির্ণয়

জ্যোতিঃ বলিতে আলোক বুঝায়। চন্দ্র, স্থায় ও গ্রহনক্ষত্রাদি জ্যোতির্মায় বলিয়াযে শাস্ত্রে ইহাদের বিষয় অবগত হওয়া যায়, সেই শাস্ত্রকে জ্যোতিষ বলে।

জ্যোতিষ গণের আকাশে স্থানবিশেষে অবস্থান ইইতে মানবগণের শুভাশুভ নির্ণায়ক শাস্ত্রকেও জ্যোতিষ বলে। এই দ্বিতীয় সংজ্ঞাত্মক শাস্ত্রকে বর্ত্তমানে Astrology বা ফলিত-জ্যোতিষ নাম দেওয়া ইইয়াছে। আর প্রথম সংজ্ঞাত্মক বিষয়কে Astronomy বা শুধু জ্যোতিষ বলা হয়। এই নাম প্রথমে হিল না, অলকাল ইইল ইইয়াছে। ১৫০০ খ্রীষ্টান্দ ইইতে জ্যোতিষকে গণিত-জ্যোতিষ ও ফলিত-জ্যোতিষ এই হুই ভাগে প্রকৃত পক্ষে ভাগ করা ইইয়াছে বলা চলে; অবশ্রু ইহা পাশ্চাহ্যে। আমাদের ভারতবর্ষে জ্যোভিষের এইরূপ ভাগ নাই, ছিলও না। তবে জ্যোতিষকে তিন ক্ষম্কে ভাগ করা ইইয়াছিল, 'সিদ্ধান্তর্সংহিতাহোরারূপক্ষক্রেয়াত্মকম্' (নারদ); অর্থাৎ সিদ্ধান্ত, সংহিতা এবং হোরা এই তিন অংশে জ্যোতিষ বিভক্ত ছিল; কিন্তু পৃথক্ নাম ছিল না। জ্যোতিষ বলিতে ঐ তিনটি একত্র অক্সাক্সিভাবে ব্রাইত। বরাহমিহির তাঁহার 'বৃহৎসংহিতা' প্রছে (১৯) এই ত্রিক্ষক্ষ কি এবং কোন্ ক্ষম্কে কি কি বিষয় আছে, তাহা পরিক্ষ্কৃটরূপে বিশিয় গিয়াছেন,—

"জ্যোতিঃশাস্ত্রমনেকভেদবিষয়ং স্কন্ধত্রসাধিষ্ঠিতং তৎকার্থস্পোপনয়স্থ নাম মুনিভিঃ সংকীর্ত্তাতে সংহিতা। স্বন্ধেহস্মিন্ গণিতেন যা গ্রহগতিস্তন্ত্রাভিধানস্থসৌ হোরাস্থোহস্ববিনিশ্চয়শ্চ ক্থিতঃ স্কন্ধস্ততীয়োহপরঃ॥"

বরাহমিহির সিদ্ধান্তকে তন্ত্র নাম দিয়াছেন। আধুনিকেরা "পঞ্চন্ধন্ধনিদং শান্তং হোরাগণিত-সংহিতাং। কেরলিঃ শকুনঞ্চৈব" (ইতি প্রশ্নরত্বটীকা) বলিয়া ত্রিস্কন্ধ স্থানে পাঁচ স্কন্ধ করিয়াছেন। অবশ্য কেরলি ও শকুনকে একরূপ হোরার অন্তর্গতই ধরিতে হইবে। এখানে গণিত পূর্ব্ধের সিদ্ধান্ত বা তত্ত্বের স্থান অধিকার করিয়াছে। এই জ্যোতিষ-শাস্ত্র আমাদের বেদাঙ্গের অন্তভূ ত—

"শিক্ষা কল্লো ব্যাকরণং নিরুক্তং জ্যোভিষাংগণঃ। ছন্দোবিচিভিরিত্তোতৈঃ ষডকো বেদ উচাতে॥"

আবার বেদের এই ছয়টি অঙ্গের মধ্যে জ্যোতিষ শ্রেষ্ঠ ৷—

"যথা শিথা ময়ুৱাণাং নাগানাং মণয়ো যথা। তদ্বদ্বেদাকশাস্ত্ৰানাং গণিতং মুর্দ্রি সংস্থিতম্॥"

বেদাক জ্যোতিষম, ৪র্থ শ্লোক।

এই জ্যোতিষ-শাস্ত্রকে নারদ বলিয়াছেন.—

"বেদশু নির্ম্মলং চক্ষুর্জ্যোতিঃশাস্ত্রমকল্মধম।"

আবার নিদ্ধান্তশিরোমণির গোলাধ্যায়ে এই কথাই বলিতেছে ,—

"বেদচক্ষুঃ কিলেদং স্থতং জ্যোতিষম্।"

স্থতরাং জ্যোতিষ যে হিন্দুদের প্রধান শাস্ত্র এবং তাহার সন্মান যে কত, তাহা আর বেশী বলা আবশ্যক করে না।

পাশ্চান্ত্য দেশে Astronomer এবং Astrologer এই ছই নাম আছে। আমাদের দেশে এখন ঐ অমুকরণে ঐরূপ নাম-করণ হইরাছে। কিন্তু সেকালে এক জ্যোতিষী বা জ্যোতিবিদ্ ছাড়া অন্ত নাম ছিল না। আর আজকালকার মত যে-দে জ্যোতিষী হইতেও পারিত না। তথন জ্যোতিষীর সংজ্ঞা ছিল,—

"হোরাশান্ত্রসমূজপারগমনে নৃনং সমর্থো মহান্ পাটাথ্যে গণিতে চ বীজগণিতে যো দর্ভগর্ভাগ্রধীঃ। সিদ্ধান্তে ক্ষুটবাসনাপ্রকথনে ভেনেরনেটকযুতি গোলে স্থাৎ কুশলঃ স এব গণকো যোগ্যঃ ফলাদেশকে॥" শস্তুহোরাপ্রবাশ।

জ্যোতিষীকেই গণক বলা হয়। সমগ্র অক্ক-শাস্ত্র জ্যোতিষের অন্তর্গত। যাহার গণিত ও ফলিত জ্যোতিষ সম্যক্ আয়ন্ত হইত, তিনিই গণক বা জ্যোতিষী হইতেন। এই জন্ম দেখা যায় যে, বরাহ-মিহির আধুনিকদিগের মধ্যে যিনি একজন অন্যতম প্রধান জ্যোতির্বিদ্ ছিলেন, তাঁহারও গণিত-জ্যোতিষের ও ফলিত-জ্যোতিষের গ্রন্থ আছে। ইহা ব্যতীত আমাদের জ্যোতিষ্পাস্ত্র-প্রবর্ত্তক ঋষিদিগের লুপ্ত প্রস্থের যে অবশিষ্টাংশ বর্ত্তমান, তাহাতে জ্যোতিষের তিন ক্ষমেরই বিষয় পাওয়া যায়।

পুর্বেই বলা হইয়াছে যে, জ্যোতিষ বলিতে দেকালে গণিত ও ফলিত একত্ত বুঝাইত। মিদর ও বাবিলন এই তুই প্রাচীন দেশে ফলিত-জ্যোতিষের দন্ধান আছে। (Petosiris) পেটোসিরিদ মিদ্রীয় জ্যোতিষী বলিয়া লোকের ধারণা ছিল; কিন্তু (Hogarth) হুগার্থ সাহেব প্রতিপন্ন করিয়াছেন যে, ইনি প্রকৃতপক্ষে বাবিলনীয়। আর ফণিত-জ্যোতিষ সম্বন্ধে Tablets of Sargon I of Agade (আগাদের রাজা প্রথম সারগণের ফলকাবলী) নামক যে লেখা পাওয়া যায়, তাহা গ্রীঃ পৃঃ ৩৮০০ বৎসরের। এই লেখই সর্ব্বাপেক্ষা প্রাচীন। শনি গ্রহের gloominess বা বিমর্ষ স্বভাব, তাহাও নাকি ঐ সময়ে (খ্রী: পু: ৩৮০০-তে) কাল্দিয়েরা অনুধাবন ক্রিয়াছিল। গ্রীকেরা জ্যোতিষের সহিত দর্শন মিলাইয়াছিল। রোমানরা ধর্ম ও ওষধের সহিত জ্যোতিষের সম্বন্ধ ঘটাইয়াছিল। কিন্তু মিদরীয়েরা বাবিলনের প্রবীণ সিদ্ধান্তকে বাদ দিয়া জ্যোতিষের সহিত Magic বা ইন্দ্রজালবিদ্যার যোগ করিয়াছিল। মিদর হইতেই বাবিলনের গণিত ও ফলিত-জ্যোতিষ পাশ্চান্তা দেশে প্রচার হইয়াছিল, কালদিয়ার জ্যোতিষচর্চার অনেক প্রমাণ আছে। জ্যোতিবিদ্যায় কাল্দিয়া মিদরের পূর্ব্ববর্তী। গ্রীকেরা মিদরীয়দিগের নিকট হইতে এই বিদ্যা গ্রহণ করিয়াছে, তাহা স্বীকার করে। রোমানরা বাবিলান হুইতে গণিত ও ফলিত-জ্যোতিষ পাইয়াছে বলিয়া জানা যায়। বাবিলনীয়গণ আমাদের স্থায় ম্বর্য্যোদয় হইতে দিন ধরিত। মিদরীয়েরাও তাহাই ধরিত। ঐতিহাসিকেরা বলেন যে, বাবিলনের নিকট হইতে মিদরীয়েরা স্থায়েনয় হইতে দিন গণনা করা জানিয়াছে। কিন্ত রোমানুরা বর্ত্তমান পাশ্চাজ্যের স্থায় মধারাত্র হইতেই দিন গণনা করিত।

ঞীঃ পৃ: ৬০০০ বংশর হইতে হিন্দ্দিগের পঞ্জিকার প্রচলন, ইহাঁই সাধারণ্যে প্রকাশ । বর্ত্তমানে আমাদের বাঙ্গালা দেশে যে পঞ্জিকা ব্যবহৃত হইতেছে, তাহার মতে বর্ত্তমান বর্ষে (১৩৯৯ বঙ্গানে বা ১৯৩২-৩৩ গ্রীষ্টান্দে) কলের্গতাবলা ৫০৩৩। তাহা হইলে খ্রীঃ পৃ: ৩১০১ বংশর পূর্ব্ব হইতে কলিযুগ আরম্ভ হইয়াছে। ইহার সহিত বাপর, ত্রেতা ও সত্যযুগের স্থিতিকাল যোগ করিলে আমাদের সভ্যতার ইতিহাস অনাদি কালের বলিয়া ধরিতে হয়। এক্ষণে আমাদের প্রাণাদির নির্দিষ্ট যুগের হিদাব না ধরিয়া অহ্য নিয়মে আমাদের জ্যোতিষকে কতদ্র প্রাতন বলিতে পারি, তাহা দেখা ঘাউক। বর্ত্তমান কালে বর্ত্তমান শিক্ষায় আমরা প্রাণের ভাবে

>, विष्टाव, १म थ्छ, 'জ्যোভिय' नामक প्रवस्त, পৃ २१७, ; हिम्मी विष्टाव, ৮म ভाগ পৃ ७२७।

ভাবিতে শক্তিমান্ নই, আর বিশ্বাস করিতেও চাহিনা। আমরা সকল বিবরেরই বর্ত্তমানের উপযোগী বৈজ্ঞানিক প্রমাণ চাই। এখন প্রমাণ-পথে কি পাই, তাহাই দেখি।

পূজনীর মহামহোপাধ্যায় ভক্টর হরপ্রদাদ শাস্ত্রী এম এ, দি আই ই মহাশয় বর্ত্তমান কালোপধারী ঐতিহাদিক বৃক্তি দ্বারা প্রমাণ করিয়াছেন যে, গ্রীঃ পুঃ ১৪৭৫ বংসরে পরীক্ষিতের রাজ্যাভিষেব হইয়াছিল। আর মহারাজ মুধিষ্ঠির কুরুক্ষেত্র যুদ্ধের পর ৩৭ বংসর রাজত্ব করিয়াছিলেন তাহা হইলে ১৫১২ গ্রীঃ পুঃ বংসরে (এখন হইতে ৩৪৪৪ বংসর পূর্ব্বে) কুরুক্ষেত্র যুদ্ধ হয় এই কুরুক্ষেত্র যুদ্ধের পর হইতেই হিন্দ্দিগের অবনতির যুগ। মহাভারতের মধ্যে রামায়ণের উপাধ্যান পাওয়া য়য়। ঐ উপাধ্যান যে বেশ পুরাতন, তাহাও বুঝা য়য়।

ফলিত-জ্যোতিষ গণিত জ্যোতিষের মুখাপেক্ষী। বরাহমিহির বলিয়াছেন যে, পৌলিশ-রোমক-বাদিষ্ঠ-পৌর-পৈতামহ এই পঞ্চলিদ্ধান্ত এবং জ্যামিতিক ক্ষেত্রবিভাগে ব্যুৎপত্তি না হইলে ফলিত-জ্যোতিষের সম্যক্ জ্ঞানলাভ হয় না। এই ফলিত-জ্যোতিষের কথা রামায়ণেও আছে রাম প্রভৃতি চারি ভ্রাতার জ্লাবুত্তান্ত ও জাতচক্র সম্বন্ধে এইরূপ পাওয়া যায়,—

রাম বিষয়ে]

ততো যজে সমাপ্তে তু ঋতৃনাং ষট্ সমত্যয়:।
ততশ্চ দ্বাদশে মাদে চৈত্রে নাবমিকে তিথোঁ ॥
নক্ষত্রেহদিতিদৈবত্যে স্বোচ্চসংস্থেষু পঞ্চস্থ ।
প্রহেষু কর্কটে লগ্নে বাক্পতাবিন্দুনা সহ ॥
প্রোদ্যমানে জগন্নাথং সর্বলোকনমস্কৃতম্ ।
কোশন্যজনমন্তামং দিবালক্ষণসংযুত্ম্ ॥
বিক্ষোরন্ধং মহাভাগং পুত্রমক্ষাকুনন্দনম্ ।
লোহিতাক্ষং মহাবাহুং মজোর্হং হুন্ভিস্থনম্ ॥
কৌশন্যা শুশুভে তেন পুত্রেণামিততেজ্পা ।
যথা বরেণ দেবানামদিতির্বক্সপানিনা ॥

আদিকাণ্ডে অষ্টাদশর্সর, ১৮-১২।

[ভরত বিষয়ে]

ভরতো নাম কৈকেষ্যাং জজ্ঞে সত্যপরাক্রমঃ। সাক্ষাদ্বিষ্ণোশ্চতুর্ভাগঃ সর্ক্বিঃ সমুদিতো গুণৈঃ ॥১৩॥ পুষ্যে জাতম্ভ ভরতো মীনশর্মে প্রসন্নধীঃ ॥১৫॥

িশুলা ও শক্রাম্ম বিষয়ে

অথ লক্ষ্মণশক্রয়ৌ স্থমিত্রাহজনয়ৎ স্থতৌ। বীরৌ সর্বাস্ত্র-কুশলোবিষ্ণোরর্দ্ধসময়িতৌ ॥১৪॥ সার্পে জাতৌ তু সোমিত্রী কুলীরেহভাদিতে রবৌ ॥১৫॥

দিবাভাগে দিপ্রহরে শ্রীরামচন্দ্রের জন্ম হয়। আর ঐ দিন ১৫।১৬ ঘণ্টা পরে ভারে রাত্রে ভরত ভূমিষ্ঠ হন। পর দিন প্রায় ঐরপ দিপ্রহর কালে কল্মণ ও শক্রছের জন্ম হয়। রাম ভূমিষ্ঠ হইলেন পুনর্বর স্থনকতে, ভরত পুয়াতে এবং কল্মণ ও শক্রছ অল্লেয়াত। এই রামায়ণ লেখার সময়ে সৌরমানের ব্যবহার হইত, তাহা "দাদশমানে চৈত্রে নাবমিকে তিথোঁ" হইতে জানা যায়। রামচন্দ্র শুরুপক্ষে তৈর মানের ২৭ অংশ মধ্যে রবি থাকার সময়ে জন্মগ্রহণ করিয়াছিলেন; নতুবা নবমী তিপি পাওয়া যায় না। আর "স্বোচ্চদংস্থেরু পঞ্চন্দ্র" হইতে পাওয়া যায় যে, পাঁচটি প্রহ স্থক্ষেরগত ও উচ্চন্থ ইবৈ। 'স্বোচ্চ' শব্দ র ও উচ্চ অর্থাৎ স্থক্ষের ও উচ্চ অর্থে ব্যবহৃত হইয়াছে। তাহা হইলে রামচন্দ্রের জন্মকালে মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি উচ্নন্থ এবং চন্দ্র স্থক্ষেত্রন্থ ছিল, আর রবি মীন রাশিতে ছিল, তাহা 'দাদশমানে' হইতে স্পষ্ট জানা যাইতেছে। কিন্তু লক্ষণের জন্মের সময় রবি তৃঞ্জী ছিল। তথন রবি মেষের ০ অংশে বা ১ অংশে ছিল। স্থতরাং লক্ষণের জন্ম বৈশাথে মানে।

রামায়ণে রামের বিবাহের কাল নির্ণয়ের আলোচনায় জ্যোভিষ্টের কথা পাওয়া যায়,— উত্তরদিবদে ব্রহ্মন্ ফল্কনী ত্যাং মনীমিণঃ। বৈবাহিকং প্রশংসন্তি ভগো যত্র প্রজাপতিঃ ॥১৪॥ আদিকাণ্ড, দিসপ্ততিত্য সূর্গ।

তারপর রামকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবার ইচ্ছা করিয়া মহারাজা দশরথ রামের সহিত বাক্যালাপ কালেও জ্যোতিষের কথা তুলিয়াছিলেন,—

অপি চাদ্যাশুভান্ পূজ স্বপ্নান্ পশ্যামি রাঘব।
সনির্বাতা দিবোকাশ্চ পতস্তি হি মহাস্থনাঃ ॥>१॥
অবস্টরূপ মে রাম নক্ষত্রং দারুণ-এইঃ।
আবেদয়স্তি দৈবজ্ঞাঃ স্থ্যাঙ্গারকরান্তভিঃ ॥>৮॥
প্রায়েশেব নিমিন্তানামীদৃশানাং সমুদ্ভবে।
রাজা হি মৃত্যুমাপ্লোতি ঘোরাঞ্চাপদমুচ্ছতি ॥>৯॥

তদ্ যাবদেব মে চেতো ন বিমুহ্নতি রাঘব। তাবদেবাভিষিঞ্চন্ন চলা হি প্রাণিনাং মতিঃ॥ ২০॥ অদ্য চক্রোহভাগগমৎ পুষাৎ পুর্বাং পুনর্বাস্তম। শ্বঃ প্রয়যোগং নিয়তং বক্ষান্তে দৈবচিন্তকাঃ ॥২১॥ তত্র পুষেহভিষিঞ্চস্থ মনস্বরয়তীব মাম। শ্বস্তাহমভিবেক্যামি যৌবরাজ্যে পরস্তপ ॥২২॥

অযোধাকাণ্ডে চতুর্থ দর্গ।

রামায়ণে ফলিত-জ্যোতিষের কথা এইরূপ পাওয়া যায়। মহাভারতেও জ্যোতিষের কথা আছে। ফলিত-জ্যোতিষ যে ঠিক কোন সময় হইতে আমাদের মধ্যে প্রকাশ পাইয়াছে, তাহা বলা স্থকঠিন। এই ফলিত জ্যোতিষে 'ভৃগু-সংহিতা' বলিয়া এক গ্রন্থ আছে। বর্ত্তমানেও তাহার কিয়দংশ পাওয়া যায়। তাহাতে পূর্ব্বজন্ম, বর্ত্তমান জন্ম এবং পরজন্মের কথা নিথিত আছে। জ্ঞান্তক ছাড়া, প্রশ্ন-থপ্তও আছে। 'ভৃত্ত-সংহিতা' অতি অন্তত গ্রন্থ।

'শুক্রনাড়ী' বলিয়া এইরূপ আর একখানি গ্রন্থও দেখিতে পাওয়া যায়। মাক্রাক্স সরকারের পুথি-শালায় তাহার কিয়দংশ রক্ষিত হইয়া আছে।

আমরা আঠার জন জ্যোতির্বেক্তার নাম পাই,—

স্থর্যাঃ পিতামহো বাদো বশিষ্টোহতিঃ পরাশর:। কশ্রপো নারদো গর্গো মরীচিম মুক্রিরাঃ।

• রোমকঃ পৌলিশসৈচব চাবনো যবনো ভৃগুঃ। শৌনকোইষ্টাদশচৈতে জ্যোতিঃশাস্ত্রপ্রবর্তকাঃ॥ িলোমশঃ পৌলিশশৈচৰ ভার্গবো যবনো গুরু:—পাঠাস্তর]।

ক শ্রাপ।

ঐ আঠার জন জ্যোতিষের প্রণেতা ছিলেন। তাঁহাদের প্রন্থে ফলিতের কথাও আছে। এদিক দিয়া বিচার করিলে আমাদের গণিত ও ফলিত বেমন ওতঃপ্রোত ভাবে জড়িত, ভেমনি কত যে প্রাচীন, তাহা নির্ণয় করা তরহ।

জ্যোতিষ তো বেদাক শাস্ত্র। বেদেও জ্যোতিষের কথা আছে। ঋগেদে **৭**ম মণ্ডলে ১০০ স্থক্তের ৩র ময়ে বর্ষ। ঋতু, ১০ম মণ্ডলে ১৬১ স্থক্তের ৪র্থ মন্ত্রে ধ্যমন্ত ঋতু, ১০ম মণ্ডলে ৯০ স্থাকের ওঠ মারে থীয়, শরৎ ও বদন্ত ঝাতুর উল্লেখ আছে। শীতকে সম্ভবতঃ হেমন্তের মধ্যেই গণ্য করা হইরাছে। অহা বেদ ধরিলে শীত ঋতুও পাওয়া যায়। মোট কথা, ঋণ্যেদে ঋতু-বিভাগ পাওয়া যায়। গ্রহণনের ও নক্ষত্রগণের নাম পাওয়া যায়। ঋণ্যেদে সাতটি গ্রহ ও একুশটি নক্ষত্রের উল্লেখ আছে। শুক্ল যজুর্বেদে ও অথব্বিবেদে ২৭ এবং ২৮ সংখ্যক নক্ষত্রের কথা আছে। বেদে পৃথিবীর গতি প্রভৃতি আরও অনেক জ্যোতিষের বিষয় দেখা যায়। স্থতরাং বেদের কালে জ্যোতিষের আলোচনা ছিল, তবে ঠিক কিরূপ আলোচনা ছিল, তাহা বর্ত্তমানে নির্ণাহ করা যায় না।

যজ্ঞের ব্যাপার বেদ-ঘটিত। শুভ সূহূর্ত্ত নির্ণন্ন করিন্ন। যজ্ঞ করিতে হয়। ঐ সময়-নির্ণন্ন জ্যোতিষের বিষয়। তাই মনে হন, আমাদের গোড়া হইতেই জ্যোতিষ ছিল। এ বিষয়ে শ্লোকও আছে,—

> "বেদা হি যজ্ঞার্থমভিপ্রবৃত্তাঃ কালামুপূর্ব্যা বিহিতাশ্চ যজ্ঞাঃ। তক্ষাদিদং কালবিধানশাস্ত্রং ধো জ্যোতিষং বেদ দ বেদ যজ্ঞস॥"

এখন যেমন নৌচালনার জন্ম পাশ্চান্তা জ্যোতিষের প্রয়োজন, তখন যজ্ঞের জন্ম আমাদের জ্যোতিষের দরকার হইত। যাহা হউক, বেদেও জ্যোতিষের অন্তিত্ব আছে। তবে কেবল গণিত, কি কেবল ফলিত, কি ছইই, তাহা বলা যায় না। হয় তো শুধু গণিতই হইবে।

মোক্ষমূলর ঋগ্রেদের মুধবন্ধে দেখাইবার চেষ্টা করিয়াছেন যে, খ্রীঃ পূঃ ১৪০০ বৎসর পূর্ব্বে বেদের জন্ম। আবার কেই খ্রীঃ পূঃ ২৫০০ বৎসরের অনধিককাল পূর্বেই বেদ রচিত বলিয়াছেন। স্বর্গীয় বালগঙ্গাধর তিলক মহাশয় বেদের জ্যোতিষ আলোচনা করিয়া ছয় হাজার বৎসরের পূর্বেব বেদের অন্তিত্ব প্রমাণ করিয়া গিয়াছেন; বিশেষ যথন আমরা অতি সাধারণ ভাবে পাইতেছি যে, খ্রীষ্ট-জন্মর ১৫ শত বৎসর পূর্বের মহাভারত। আর মহাভারতের রচয়িতা যথন বেদকে বিভাগ করিয়াছেন, তথন বেদকে অতি প্রাচীন বলিয়া মনে করিতেই ইইবে—কোন মতেই আধুনিক বলা যাইতে পারে না।

এই সকল দিক্ দিয়া দেখা যাইতেছে যে, জ্যোতিষ বেদের সময়েও ছিল। মহাভারতের যুগ ইইতে ৫৫০০ কি ৬০০০ বৎ দর পূর্বের জ্যোতিষের অস্তিত্ব পাওয়া যায়। এখন বেদের বয়স যত বেশী হুইবে, জ্যোতিষও তত পুরাতন হুইবে।

একালকার জ্যোতির্ব্বিদ্যাণের মধ্যে আর্যভট, লল, বরাহমিহির ও ভাস্করাচার্য্যই শ্রেষ্ঠ । স্থধাকর

বিবেদী মহাশন্ন তাঁহার রচিত 'গণকতরঙ্গিনী'তে আর্যান্তটের সমন্ন ৪৭৬ খ্রীষ্টাব্দ, শরের ৪৯৯ খ্রীষ্টাব্দ, বরাহমিহিরের ৫০৫ খ্রীষ্টাব্দ এবং ভাস্করাচার্য্যের ১১১৪ খ্রীষ্টাব্দ ছির করিয়াছেন। আর্যান্ডটে, শল্প ও বরাহমিহিরের পর হইতেই ভারতের জ্যোতিষ-বিদ্যার ঘোর অবনতি ঘটিয়ছে। ভাস্করাচার্য্য একবার জ্যোতিষকে বাঁচাইবার চেষ্টা করিয়াছিলেন। তাঁহার পর হইতেই ভারতীয় জ্যোতিষের জ্যোতিঃ আর প্রকাশ পান্ন নাই। এখন পাশচান্তা জ্যোতিষের উন্নত অবস্থা, ক্রমশঃ আরও উন্নতি হইতেছে। যে মাধ্যাকর্ষণ-তত্ত্ব নিউটন (১৬৪২-১৭২৭ খ্রীঃ অঃ) আবিষ্কার করিয়া পাশচান্তা জগতে বিশেষ প্রসিদ্ধ হইয়াছিলেন, সেই মাধ্যাকর্ষণ-তত্ত্ব নিউটনের প্রায় ৫০০ শত বৎসর পূর্বের ভাস্করাচার্য্য (১১১৪ খ্রীষ্টাব্দ) আবিষ্কার করিয়াছেন (গোলাধ্যায়)। ইহাকেই ভারতের জ্যোতিষের শেষ জ্যোতিঃ বলিতে হইবে।

শ্রীগণপতি সরকার

মৈত্রেয়নাথ-ক্বত অভিসময়ালঙ্কারকারিকা

পরিচয়

যোগাচারপন্থী বৌদ্ধদিগের আজ পর্যান্ত যে সকল গ্রন্থ পাওয়া গিয়াছে, তাহার মধ্যে মৈত্রেয়নাথ-ক্বত অ ভি স ম রা ল ক্ষা র কা রি কা একথানি উৎক্রন্ত গ্রন্থ। বস্তুবন্ধুর বি জ্ঞ প্তি মা ত্র তা সি দ্ধিতে যোগাচারদর্শনের সারমর্ম নিহিত আছে বটে, কিন্তু উহাতে নৈতিক অন্ধর্চানাদির কোন কথাই নাই। অ ভি স ম রা ল ক্ষা র কা রি কায় দর্শন, নৈতিক অন্ধর্চানাদি, মুক্তির পথে বোধিদন্তের ক্রমোল্লতির অবস্থানসমূহ এবং অস্তান্থ নানাবিষয় একত্র করিয়া লিপিবদ্ধ করা হইয়াছে। এক কথায় বলিতে গেলে, ঐ ক্ষুদ্র গ্রন্থে যোগাচারপন্থীদের দর্শন ও রীতি নীতি নিহিত রহিয়াছে এবং দেই জন্মই উহা তিববতীদের মধ্যে আমাদের গীতার মত স্থান পাইয়াছে। আশ্চর্য্যের বিষয় যে, এমন একথানি গ্রন্থ বছকাল ধরিয়া এশিয়াটিক সোসাইটীর গ্রন্থাগারে অজ্ঞাতভাবে পড়িয়া ছিল। উহার অজ্ঞাতবাস হইতে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশর্মই প্রথম উহাকে উদ্ধার করেন, তাই শাস্ত্রী মহাশর্মর বদ্ধাপনীতে ইহার একটু বিবরণ উপযুক্ত হইবে মনে করিয়া কিছু লিখিতে ইচছা করিয়াছি।

এশিয়াটিক সোসাইটীতে, কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের প্রকাগারে এবং অক্সান্ত স্থানে প ক বিং শ তি সা হ স্রি কা প্র জ্ঞা পার মি তার বৈ সকল পুথি আছে, তাহার প্রথম ছয় পাতায় এই কারিকাথানি লিপিবদ্ধ হইয়ছে। রাজেন্দ্রলাল মিত্র মহাশয় এবং বেণ্ডেল সাহেব উহা লক্ষ্য করিয়াছিলেন, কিন্তু উহা য়ে প ঞ্চ বিং শ তি সা হ স্রি কার প্রথম অধ্যায় নহে এবং একধানি স্বতম্ত্র গ্রন্থ—ইহা স্থির করিতে পারেন নাই। পুথির লেখকগণ এমন ভাবে ছইথানি গ্রন্থ একসক্ষে লিখিয়া গিয়াছেন য়ে, উহাদের স্বতম্ত্রতার বিষয় না জানাই বেশী সম্ভাবনা। শাস্ত্রী মহাশয় নেপাল হইতে য়ে সমস্ত পুথি সংগ্রহ করিয়াছিলেন, তাহার মধ্যে এই কারিকার একথানি পুথি পৃথগ্ভাবেই পাইয়াছিলেন; সেই জন্তু তিনি অমুসন্ধান করিয়া জানিতে পারেন

> এখন হইতে ইহাকে আমরা 'কারিকা' বলিয়া উল্লেখ করিব।

২ এখন হইতে ইহাকে 'পঞ্চবিংশতি' বলিয়া উল্লেখ করিব।

যে, বাস্তবিক উছা একথানি পৃথগ্ গ্রন্থ,—প ঞ্চ বিং শ তির প্রথম অধ্যায় নছে; ওবে উছা বে কেন প ঞ্চ বিং শ তির পুথির মধ্যে নিবিষ্ট হইয়াছে, ভাষার সম্বন্ধে কোন উক্তি করেন নাই।

প্রকাশ করিবার উদ্দেশ্যে আমি এই পৃথির অনুসন্ধান করি; তাহার ফলে দেখিতে পাই যে, শাস্ত্রী মহাশরের সংগৃহীত পৃথি ব্যতীত এই কারিকার আরও চারিখানি পূথি আছে। সবস্থানিই প ঞ্চ বিং শ তির পুথির প্রথম কয়েক পৃষ্ঠায় লিখিত হইয়াছে। ঐ চারিখানির মধ্যে তুইখানি কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের পুস্তকাগারে, একখানি প্যারিসের বিশ্বিজথেক স্থাশিওস্থালে এবং একখানি কলিকাতা এশিয়াটিক সোগাইটীর পুস্তকাগারে রক্ষিত আছে। ক্ষীয় পণ্ডিত চার্বাথ কি ১৯০৫ খ্রীষ্টাব্দে এই প্রকাশ করিবার কল্পনা করেন। এবং ১৯০২ খ্রীষ্টাব্দে লেনিনগ্রাড হইতে তাঁহার শিষ্য ওবারমিনার এই কারিকার সংস্কৃত মুল্ ও তিব্বতী অনুবাদ প্রকাশ করিয়াছেন।

কারিকার অনুবাদ ও ভাষা

জমুদদ্ধানে আমরা জানিতে পারি যে, চীনা ভাষায় এই কারিকার কোনও জমুবাদ হয় নাই। চীনা ভাষায় পঞ্চ বিং শ তির যে চারিগানি অমুবাদ হইয়াছে, তাহার কোনটির মধ্যে উহার উল্লেখ নাই। চীনা ত্রি পি ট কের সম্প্রতি যে টোকিও সংস্করণ প্রকাশিত হইয়াছে, তাহাতে জাপানী সম্পাদক মহাশয় পাদটীকায় লিথিয়াছেন,—অ ভি স ম য়া ল হ্বা র অমুসারে সংশোধিত পঞ্চ বিং শ তি সা হ স্রি কা। তিনি এই উক্তি সংস্কৃত পৃথি হইতে উদ্ধৃত করিয়া চীনা অমুবাদে সন্নিবিষ্ট করিয়াছেন। অমুসন্ধান করিয়া দেখেন নাই যে, চীনা ভাষার পঞ্চ বিং শ তির সহিত সংস্কৃত পঞ্চ বিং শ তির ভাষার এবং অধ্যায়ের সংখ্যায় অনেক পার্থক্য আছে। কারণ, আটি অধ্যায়ভুক্ত আমরা যে সংস্কৃত পঞ্চ বিং শ তি পাইয়াছি, উচা মূল নয়, উহার একখানি পূর্বতম সংস্করণ ছিল। সেই সংস্করণ হইতে চীনা পণ্ডিতগণ অমুবাদ করিয়াছিলেন। অমুবাদে কারিকার কোনও উল্লেখ না থাকার কারণ এই যে, ঐ সংস্করণের সহিত কারিকার কোনও সম্বন্ধ ছিল না।

ভিবৰতী বক''গুর ও বন্তন''গুর ধর্মশান্ত্রে প ঞ্চ বিং শ তির ছইথানি অন্তবাদ পাওয়া যায়।
বক'-'গুরের অন্তভ্জ তিববতী প ঞ্চ বিং শ তি পূর্ববিদন সংস্কৃত সংস্করণ হইতে অনুদিত হইয়াছে।
সেই জন্ত উহাতে কারিকার অন্তবাদ দেখা যায় না। বন্তন'-'গুরের অন্তভ্জ তিববতী
প ঞ্চ বিং শ তি বর্তমান সংস্কৃত সংস্করণ হইতে অনুদিত। এই প ঞ্চ বিং শ তিতে কারিকার অন্তবাদ
নাই; কিন্ত ইহাতে অ ভি স ম যা ল জারান্ত্র্যারে সন্ধশোধিত বা পরিবর্ত্তিত প ঞ্চ বিং শ তি বিলিয়া
উল্লেখ দেখিতে পাওয়া যায়। তিববতী ভাষায় এই মূল কারিকার বহু অন্তবাদ আছে। তাহা ছাড়া,

প্রায় একুশধানি মূল সংস্কৃত ভাষ্যের তিব্বতী অমুবাদ এখনও পাওয়া যায়। এই ভাষ্যকারদিথের মধ্যে বস্থবন্ধর শিষ্য আর্য্য বিমৃত্তদেন (৬৮ শতাকী), তাঁহার শিষ্য ভদন্ত বিমৃত্তদেন (৭ম শতাকী), সিংহভন্ত, শ্বতিজ্ঞানকীর্ত্তি এবং টীকাকারদিগের মধ্যে ধর্মকীর্ত্তিশ্রী, প্রক্রাকরমতি, ধর্মমিত্র, রত্বকীর্ত্তি এবং বৃদ্ধ শ্রীক্রান, এই কয় জন উল্লেখযোগ্য।

দিংহত দ্রুক্ত আর্ঘ্যা ষ্ট দা হ স্রিক। প্র জ্ঞা পার মি তা বাা প্যা তি দ ম রা ল স্কা র আ লোক নামক ভাষ্যের সংস্কৃত মূল পাওয়া ধায়। উহা হইতে 'ত্রিকার' সম্বন্ধে বে অংশটুকুলেপা হইরাছে, তাহা ফরাদী দার্শনিক মাদ-উর্দেল অধ্যাপক ভালিপুদ্দের সাহায়ে ফরাদী অনুবাদ সহ সংস্কৃত ভাষার প্রকাশ করিয়াছেন (জুনলি আদিয়াতিক, ১৯১৩, পৃ ৫৮১)। ওবারমিলার সাহেব আ লোকের সংস্কৃত মূল প্রকাশ করিবার চেষ্টা করিতেছেন। শুনিতেছি যে, ইতালীর অধ্যাপক টুচ্চি এই প্রস্কৃ যন্ত্রিয়াছেন।

কারিকার সহিত প্রজ্ঞাপার্মিতার সম্বন্ধ

অভিসময়াল হার কারিকার অপর নাম প্রজ্ঞাপার মি তোপ দেশ শাস্ত্র অর্থিং বিশাল প্রজ্ঞাপার মি তার সারাংশ বা বক্তব্য বিষয় এই কারিকায় নিহিত আছে। কারিকাথানি প কাবিংশ তির সহিত একত্র পাওলতে এবং প কাবিংশ তির প্রত্যেক অধ্যায়ের শেষে "আ র্যা প কাবিংশ তি সাহ প্রিকা কায়ং" ইত্যাদি লিখিত আছে বলিরা আমাদের এই অনুমান সঠিক বলিয়া প্রথণ করিতে পারি। শ্বুভিজ্ঞানকীর্ত্তি এই কারিকার যে ভাষ্য লিখিয়াছেন, তাহার নামকরণ করিয়াছেন,—প্রজ্ঞা পার মি তা মা তুকা - শ ত সাহ প্রিকাল র হ ছছা স ন- প প্র বিংশ তি সাহ প্রিকাম যা ল হা রা হি তা ই সময় বৃত্তি। এই নামকরণ হইতে ভাষ্যকারের যে কি উদ্দেশ্য, তাহা স্পষ্টই ব্রা যাইতেছে। ইনি প্রমাণ করিতে ইছ্যাকরেন যে, কারি কা থানি প কার প্র সামাল হা র বৃহ্ত উল্লেখ্য কার মি তা বা খা ই সমাল হা র বি কাবং অ হা দ শ সাহ প্রিকাশ ত সাহ প্রিকাশ ত সাহ প্রিকাশ বিংশ ত সাহ প্রিকাশ বিংশ ত সাহ প্রিকাশ বাংশ নহে—ইহা শ ত সাহ প্রিকাশ বাংশ অ হা দ শ সাহ প্রিকাশ বাংশ ক নাম প্রকাশ বিংশ ত বা থানা ভি সময়াল হা র বৃহ্ত উলি কা ভি সময়াল হা র লোক নাম এবং ব্যহাকরশান্তিক্তে ভাষ্যের নাম—অ ই সাহ প্রিকাশি বি তা ভি সময়াল হা র চি ও মা ত নি দে শা ই সাহ প্রিকার হি কা বাংশ হি কার বি তা ভি সময়াল হা র চি ও মা তিনি দেশ ছি সাহ প্রিকার হি সময়াল হা র চি ও মা তিনি দেশ শি ই সাহ প্রিকার হি সময়াল হা র চি ও মা তিনি দেশ শি ই সাহ প্রিকার হি সামরাক নাম—অ ই সাহ প্রিকাশি তিনি ই সমস্ত নামকরণ নাম কার নি দেশ শি ই সাহত নামকরণ

[🎐] উপরি উলিধিত সংস্কৃত নামসমূহ কর্ডিয়ে সাহেবের ক্যাটলপ হইতে গৃহীত হইরাছে।

হুইতে আমরা বেশ বুঝিতে পারি যে, অভিসময়াল স্কার কারি কা কেবলমাত্র প ঞ্চ বিং শ তি সা হ স্রি কার সারাংশ নহে, সমস্ত প্র জ্ঞাপার মি তা শাস্ত্রের 'সারাংশ। এখন একটা প্রশ্ন হইতে পারে এই যে, শতসাহ স্রিকা এবং অষ্ট সাহ স্রিকার যে সংস্কৃত পুথি পাওয়া গিয়াছে, তাহাতে কা রি কার নাম উল্লিখিত নাই কেন, অথচ প 🏶 বিং শ তি-সা হ স্রি কাতেই বা কেন উল্লিখিত হইয়াছে। ইহার মীমাংসা এই ভাবে করা যাইতে পারে,— আমরা যে পৃঞ্চ বিং শ তি সাহ স্রি কার সংস্কৃত মূল পাইয়াছি, উহা আদি সংস্কৃত মূল নহে। প ঞ্চ বিং শ তি সা হ ত্রি কার বে আদি সংস্কৃত মূল ছিল, তাহা বিলুপ্ত হইয়া গিয়াছে। উহার চীনা ও তিব্বতী অনুবাদ পাওয়া যায়। ঐ অনুবাদ তিব্বতীরা বন্তন'-'গ্যুর গ্রন্থাবলীভূক না করিয়া বক'-'গার গ্রন্থাবলীভূকে করিয়াছেন এবং আমরা দে পঞ্চ বিংশ তি সা হ স্ত্রি কার সংস্কৃত মূল পাইয়াছি, তাহার তিব্বতী অনুবাদ বস্তন'-'গারের স্তব্তি বিভাগে নিহিত হইয়াছে। বক'-'গার গ্রন্থাবগীভূক্ত যে পঞ্চ বিং শ তি সা হ স্রি কা, তাহাতে ৭৬ অধ্যায় আছে। এই ৭৬টি অধায় বস্তন'-'গুার বা সংস্কৃত পঞ্চ বিংশ তি সা হ স্রি কার আটটি অধায়ে সন্নিবিষ্ট হইরাছে। ভ্রমক্রমে সংস্কৃত পুথিলেথকগণ আদি সংস্কৃত সংস্করণের প্রথম ২০টি অধ্যায়ের নাম এই সংস্কৃত পুথিতে লিথিয়া ফেলিয়াছেন; যথা,—তৃতীয় অধ্যায়ের মাঝখানে লিথিয়াছেন, "ইতি 🕮 পঞ্বিংশতিকায়াং স্তৃপদৎকার পরিবর্তোনাম তৃতীয়। ইতি 🕮 পঞ্চ-বিংশতিকারাং প্রভাপার মি তারাং ৩৪ ণ পরিকীর্তন পরি বর্তো নাম চতুর্ব (এশিয়াটিক সোসাইটীর পুথি পু ১৬৪ ক এবং পু ১৬৮ থ দ্রষ্টবা)। ইহা হইতে বেশ বুঝা ৰাইতেছে যে, আদি সংস্কৃত প ৰু বিং শ তি সা হ স্ৰি কা, শ্ৰী প ৰু বিং শ তি বলিয়া উনিধিত হুইত। ইহাও কেশ বুঝা যাইতেছে যে, এই আদি এীপ থ বিং শ তিকা পরে অভিসময়ালকার অনুসারে পরিবর্ত্তিত (পৃথিতে আছে সংশোধিত) হইয়া বর্ত্তমান অষ্ট-অধ্যায়-সম্বিত প্ৰাফ বিং শুতি সাহ স্প্ৰিকা প্ৰাঞ্জাপাৰ মি তায় প্ৰিণ্ড হইয়াছে (প্রজ্ঞাপার্মিতাষ্ট্রভিঃ পদার্থিঃ সমুদীরিতা)। আমরা শ ত সা হ ফ্রি কা এবং অ ষ্ট্র সা হ ফ্রি কার আদি সংস্কৃত মূল পাইরাছি এবং ঐগুলি অভিসময়াল স্কার অমুদারে আদৌ সংস্কৃত ভাষার পরিবর্ত্তিত হয় নাই।

কারিকার লেখক

প্রত্যেক পৃথিতেই কারি কার সমাপ্তি-ঝ্লক্যে দেখা যায়,—ইহা মৈত্রেয়নাথ-ক্বত। এখন এই মৈত্রেয়নাথ যে অদঙ্গ অথবা অন্ত কোন শাস্ত্রকার, ইহা লইয়া বহু মতভেদ আছে। আমরা এথানে অসঙ্গ ও মৈত্রেশ্বনাথ অভিন্ন বা পৃথক্ ব্যক্তি, ইহা লইয়া বে মতভেদ, তাহার কিছু বিবরণ দিব।

তারনাথ তাঁহার বৌদ্ধধর্মের ইতিহাসে (পূ ১১১, ১১২) লিথিরাছেন,—অসঙ্গ যে সব প্রস্থ প্রণায়ন করিয়াছেন, সেগুলির মধ্যে অভি সমায়াল ক্ষার কারি কা অন্ততম। অসঙ্গ ও বোধিদন্ত মৈত্রেরের মধ্যে যে বিশেষ ঘনিষ্ঠতা ছিল, তাহাও তাঁহার ইতিহাসে জানাইয়াছেন। বোধিদন্ত মৈত্রেরের অপর নাম অজিতনাথ। অসঙ্গ এই অজিতনাথের পরমভক্ত শিষ্য ছিলেন এবং এইরূপ প্রবাদ আছে যে, তিনি তুম্বিতভ্বনে অজিতনাথের নিকট হইতে সমস্ত মহাযান ধর্ম শ্রবণ করেন এবং তাহার মর্মা হাদয়ঙ্গম করেন। তারনাথ আরও উল্লেখ করিয়াছেন যে, অসঙ্গ বাল্যকালে প্রাপ্তা পার মি তা বিশেষ ভাবে শিক্ষা করিয়াছিলেন।

বৃ-ত্যোন তাঁহার তিববতাঁ ভাষায় লিখিত বৌদ্ধধর্মের ইতিহাসে ২০ খানি যোগাচার প্রন্থের বিবরণ দিয়াছেন (চার্বাৎক্ষির প্রবন্ধ লা মিউজিয়ঁ, ১৯০৫)। এতমানো পাঁচখানি মৈত্রেয়নাথের, তিনখানি অসক্ষের এবং বাকী বস্থবন্ধর রচিত বলিয়া উল্লেখ করিয়াছেন। মৈত্রেয়নাথ-কৃত পাঁচখানি প্রস্থের নাম দিয়াছেন এইক্ষপ,—(১) স্থ লা ক্ষার, (২) ম ধ্যা স্ত বি ভা গ,
(৩) ধ মর্ম তা বি ভ ক, (৪) উ ত্তর ব ত ন্তা এবং (৫) অ ভি স ম য়া ল ক্ষার এবং অসক্ষ-কৃত প্রস্থের নাম দিয়াছেন,—(১) প ক্ষভূমি, (২) অ ভি ধ ম্ব স মুচ্চয় এবং (৩) ম হা যা ন সং প্র হ । প ক্ষভূমি মৈত্রেয়নাথ-কৃত পাঁচখানি প্রস্থের বিশ্বদ ব্যাখ্যা এবং অন্য তুইখানি অভিধর্মের এবং মহাধানপ্রভাবির সারাংশ।

তারনাথের বিবরণ হইতে মনে হয় বে, অসঙ্গ ও মৈত্রেয়নাথ অভিন্ন; শকিন্ত বু-স্তোনের ইতিহাস হইতে মনে হয় যে, অসঙ্গ ও মৈত্রেয়নাথ ভিন্ন ব্যক্তি; কিন্তু তারনাথের বিবরণ হইতে দেখা ঘাইতেছে যে, মৈত্রেয়নাথ যে সকল প্রস্তের প্রশোতা বলিয়া উল্লেখিত হইয়াছেন, ঐ গ্রন্থগুলি বাস্তবিক অসঙ্গের লেখা, তবে প্রবাদ যে, অসঙ্গ ঐ গ্রন্থগুলি মৈত্রেয়নাথের নিকট হইতে পাইর্যাছিলেন। বু-স্তোনের

ও গত বৎসর অধ্যাপক ওবারমিলার বু-স্তোন-লিখিত বৌদ্ধর্মের ইতিহাসের ইংরেজী অমুবাদ (১ম ধও) প্রকাশ করিয়াছেন। উহার ৫৬, ৫৪ পৃষ্ঠায় উক্ত পাঁচখানি পুগুকে লিখিত বিষয়গুলির বিবরণ দিয়াছেন।

[•] অধ্যাপক তুচ্চি মধ্যান্ত বিভাগধানি তিকাণী হইতে সংস্কৃতে পুনক্ষান করিয়াছেন। উহা ভক্টর শীঘুক নরেন্দ্রনাথ লাহা মহাশ্ব তাহার কলিকাতা ওরিয়েটাল দিরিজে প্রকাশ করিতেছেন।

পুথক করার এক কারণ হইতে পারে যে, কতকগুলি গ্রন্থ অসন্ধ, মৈত্রেয়নাথের নিকট পাইন্নাছিলেন এবং কতকগুলি স্বীয় প্রতিভাবলে রচনা করিয়াছিলেন। এই চুইটি প্রভেদ দে**থাইবাঁর স্বস্ত** ভিনি বলিয়াছেন,—পাঁচখানি থৈতেমনাথ ক্বত এবং তিনখানি অসঙ্গ-ক্বত । আমরা অসন্তের যে সমস্ত প্রস্ক পেরিতে পাই, (অ ভি ধ র্ম স্মুচ্চ য়, ম হা যা ন সং গ্রহ) তাহা হইতে মনে হয় যে, অসঙ্ক বহুং প্রস্তুপ্তলি অরের মধ্যে কারি কা আকারে লিখিতে বেশ পট ছিলেন। ইহা ব্যতীত ভাষনাথের বিবৰণ হুইতে দেখা যায় যে, তিনি বাল্যকালে প্রে জ্ঞা পা র মি তা বিশেষ ভাবে চর্চচা করিয়াছিলেন, সে জন্ম তিনি যে বৃহৎ প্রজ্ঞাপার মি তাকে কারিকা আকারে পরিণত ক্সিতে চেষ্টা ক্সিবেন, ইহা অনুমান করা যাইতে পারে। এই কা রি কা যে কেন মৈত্রেয়নাথ-ক্লত লেখা হইয়াছে, তাহা এই ভাবে ব্যাখ্যা করা যাইতে পারে। ভারতরর্ষের লেখকেরা অনেক সময় সৌজ্ঞ দেখাইবার জন্মই হউক বা অন্য কোন বিশ্বাদেই হউক, স্বীয় ইষ্টদেবতার উপরে নিজের লেখা আরোপ ক্রিতেন; ইহার কারণ,—তাঁহাদের বিশ্বাস ছিল যে, তিনি ইষ্টদেবতার দারা প্রণোদিত হইয়া পুস্তক ক্ষুদা করিয়াছেন এবং ইষ্টদেবতার সাহায্য ছাড়া, ঐ পুস্তক রচনা করা তাঁহার সাধ্যাতীত ছিল। **পেই জন্ম ইহা সম্ভব যে, অসঙ্গ কিংবা অসঙ্গের শিষাগণ কারিকাথানি অসঙ্গের ইষ্ট্রদেবতার নামে** আরোপ করিয়াছেন। পক্ষাস্তরে, কারিকাথানি যে বোধিসত্ত নৈত্রেয়নাথ-ক্লত নয়, ইহার পক্ষে এইব্ৰপণ্ড বলা ঘাইতে পাৰে যে, কারিকার প্রারম্ভে "ওঁ নমো নৈত্রেয়নাথায়" বলা হইরাছে। গ্রন্থকার কথন নিজের উদ্দেশে এইরূপ নমস্কার-স্থানক বাক্য লিখিতে পারেন না। সে জ্ঞাও অসক ও নৈত্রেয়নাথ একই গোক হইবার সম্ভাবনা। ইহার বিপক্ষে একটি বিশেষ কারণ দেখান বাইতে পারে বে, অনঙ্গ-ক্লুত পুস্তুক হইলে, ইহার কোন চীনা অমুবাদ থাকা উচিত ছিল। চীনা অমুবাদ না প্লাকাতেই, এই থৈতেগনাথ, অদ্যক্তর পরবর্ত্তী কোন একজন যোগাচার শাস্ত্রবিৎ হইতে পারেন। তবে চার্বাৎস্কির মতে যদি অসক্ষের সময় ৫ম শতাবদী ধরা যায়. তাহা হইলে চীনা অমুবাদ না থাকার উপর তত আস্থা স্থাপন করা যায় না। সাধারণতঃ অসলের সময় তৃতীয় বা চতুর্থ শতান্দীতে স্থির করা হয় এবং অসলের স্থ তা ল হা র প্রভৃতি গ্রন্থের চীনা অমুবাদও পাওয়া যায়। দেই জন্ত আরও কিছু নৃতন প্রমাণ আবিস্কৃত না হওয়া পর্য্যস্ত এই 'মৈত্রেয়নাথ' যে কে, দে সম্বন্ধে আমরা নিশ্চিত হইতে পারিতেচি না।

১৯২৮ খ্রীষ্টাব্দে 2. I. I. পঞ্জিকাতে (পৃ ২১৫) জাপানী অধ্যাপক উই অনেক প্রমাণ পঞ্জী দেখাইয়া বলিয়াছেন যে, মৈত্রেয় নামে একজন স্থপণ্ডিত চতুর্থ শতান্ধীতে অধ্যোধ্যায় বাস করিতেন। তিনি অসককে মহাযান ধর্ম্মে শিক্ষা দিতেন। অধ্যাপক উই-এর মতে, নাগার্জ্জুন বেমন মাধ্যমিক গন্থার প্রবর্ত্তক, এই মৈত্রেয় সেইরূপ যোগানার গন্থার প্রবর্ত্তক ছিলেন।

কারিকার প্রতিপাদ্য বিষয়

যোগাচার ধর্মের সারতত্ব প্রকাশ করা কা রি কার মূল উদ্দেশ্য এবং প্র জ্ঞা পা র মি তা ও কা রি কা যে এক, তাহা দেখাইবার প্রধান উদ্দেশ্য হইতেছে এই যে, যোগাচার ধর্মের প্রবর্ত্তক স্বরং বৃদ্ধদেব এবং এই ধর্ম জাঁহার শিষ্যগণ-প্রবর্ত্তিত নহে; কারণ প্র জ্ঞা পা র মি তা বৃদ্ধদেবেরই মুখনিঃস্তত।

মোগাচারপদ্বীদের মধ্যে এইরূপ প্রবাদ আছে যে, বৃদ্ধদেব প্রথমে হীন্যান ধর্ম প্রচার করেন। কিন্তু মাধ্যমিকপদ্বীদের মতান্তুসারে তিনি প্রথমে মহাযান ধর্ম প্রচার করেন; তাহার ফলে, আমরা প্রজ্ঞা পার মি তা স্থা দি পাই; এবং সর্বশেষে যোগাচারপদ্বীদের বিজ্ঞানবাদ প্রচার করেন। ইহা প্রজ্ঞা পার মি তার মধ্যে নিহিত থাকিলেও যোগাচারপদ্বীরাই কেবল উহার মর্ম্ম উদ্বাটন করিতে পারিয়াছেন। সে জন্ম প্রজ্ঞা পার মি তাতে যে কি কি বিষয় গিপিবদ্ধ হইয়াছে এবং তাহা যে সম্পূর্ণ যোগাচার মতান্তুযায়ী, তাহাই এই কা রি কায় প্রদর্শিত হইয়াছে। কা রি কা অনুসারে, প্রজ্ঞা পার মি তার প্রতিপাদ্য বিষয় আটটি; যগা,—(১) সর্বাকারজ্ঞতা, (২) মার্গজ্ঞতা, (৩) সর্বজ্ঞতা, (৪) সর্বাকারাজিদংবাধ, (৫) মৃদ্ধাজিদময়, (৬) অনুপূর্বাজিদময়, (৭) একক্ষণাজিদংবাধ এবং (৮) ধমকায়। এই কা রি কাতে এইরূপ আটটি নামকরণ করার পরই ১০টি শ্লোকে এই বিষয় কয়টি অতি সংক্ষেপে বিরত হইয়াছে। তাহার পর কা রি কার প্রারম্ভ। ইহাতে যোগাচার ধর্ম্মের প্রায় সমস্ত বিষয়ই উলিথিত হইয়াছে, অর্থাৎ অসক্ষের স্থা লা দ্বা রে বা বস্তবন্ধর বিজ্ঞ প্রি মা তা তায় যত কিছু বিষর আমরা জানিতে পারি, দেই সমস্তেরই আভাদ ইহাতে পাওয়া য়য়। ইহা ব্যাখ্যা করিতে গেলে, সমস্ত যোগাচারশাস্ত্র আদিয়া পড়ে এবং দেই জন্তুই এতগুলি বিশাল টীকা এই ভিত্তির উপর গঠিত হইয়াছে। এখানে দেই জন্ত কা রি কার অধ্যায়গুলি বাহাতে বৃশ্বা যায়, এইরূপ বিবরণ দিয়া আমাদের বক্তব্য শেষ করিব।

প্রথম অধ্যায় সর্বাকারক্সতা-বিষয়ক,— ইহাতে দ্বাবিংশতি প্রকারের বোধিচিত্ত; দশবিধ বোধিসন্থাববাদ অর্থাৎ আসন্তিবিহীন হইয়া বোধিসন্থকে কি প্রকারে বোধিসন্থপ্রতিপত্তি, আর্য্যসন্ত্যে প্রবেশলান্ত, ত্রিয়ত্ম সেবা, ষড়ভিজ্ঞালান্ত ইত্যাদি বিষয়ে উপদেশ; দর্শনমার্গে ও ভাবনামার্গে বোধিসন্থের ক্রেমান্নতি এবং চতুর্বিধ নির্বেধ-ভাগীয় ধর্মপ্রাপ্তি; ধর্মধাতুর একত্ব, আধার ও প্রতিপত্তি-ভেদে, লৌকিক ও লোকোন্তর ধর্মাবলম্বন-ভেদে ধর্মধাতুর বহুত্ব; বোধিসন্থচর্য্যার অসাধারণত্ব; বোধিসন্থের অতুগনীয় পুণ্যসন্তারাদি; দশভূমির প্রভ্যেক ভূমিলাভের জন্ম কি প্রকার গুণ ও জ্ঞানসন্তারের প্রয়োজন, এবং সেই সমস্ত গুণের ও জ্ঞানের কি কি প্রতিপক্ষ হইতে পারে, এ সমস্ত বিচার; এবং সর্বন্ধের দশম ভূমিতে সম্বোধিলাভ ইত্যাদি উল্লিখিত হইরাছে।

দিতীয় অধ্যায় মার্গজ্ঞতা-বিষয়ক,— চতুরার্য্যসত্যের আকার অবলম্বন করিয়া শ্রাবকদিণের মার্গ সম্বন্ধে জ্ঞান অর্থাৎ স্কল্পনির শৃগ্রতা বা পুনগলশৃগ্রতা হৃদয়ক্ষম করা; পুনগলশৃগ্রতা ও ধর্মশৃগ্রতা মূলত: একই; শ্রাবক্ষানের মধ্য দিরা কিরুপে অগ্র্যান-প্রাপ্তি হইতে পারে এবং কেনই বা তিন প্রকার বান জগতে প্রচারিত হইরাছে—এই সকল বিষয়ের বিচার; শ্রাবক্দিগের (শ্রাবক) নির্বাণ লাভের অভিলাধ কি প্রকারে বোধিলাভের অভিলাধে পরিণত করা যাইতে পারে ইত্যাদি বিষয় এই অধ্যায়ে উল্লিখিত হইয়াছে।

তৃতীর অধ্যায় দর্বজ্ঞতা-বিষয়ক,— এই অধ্যায়ে দর্বজ্ঞতা লাভের একমাত্র উপায় যে দমতাজ্ঞান—
ইহাই উক্ত হইয়ছে। রূপ, বেদনা প্রভৃতি স্কন্ধাদি; বর্ত্তমান, ভূত, ভবিষ্যৎ দময়-বিভাগ; ছয় বা
দশ পারমিতা; বোধিপক্ষিকধন ইত্যাদি দমস্তই দংকৃতি দত্য। ইহাদের পরমার্থতঃ পূথক পূথক্
কোনও অন্তিত্ব নাই। কিন্তু অচিন্তা পরমার্থ দত্য উপলব্ধি করিবার জন্ম রূপ, বেদনা প্রভৃতি স্কন্ধাদির
নিত্যতা, অনিত্যতা, বোধিদত্ত্বর্যাদেমূহ, ছঃখাদি চহুরার্য্যদত্য প্রভৃতি এইরূপ নানা বিষয় উদ্ভাবনের
প্রয়োজন হইয়ছে। পরমার্থ দত্য বা শৃত্যতা বা তথতা হইতেছে অন্তংগল, অনিরুদ্ধ, নিশ্রপঞ্চ
নির্মিত্ব। জগতের যাহা কিছু বিষয় আমরা জানিতে পারি বা দেখিতে পাই, তাহাদের পরমার্থতঃ
অনন্তিত্ব বা দমতাজ্ঞানলাভের দ্বারাই এই পরমার্থ সত্যের উপলব্ধি সম্ভব। ইহাই এ অধ্যায়ের
প্রতিপাদ্য বিষয়।

চতুর্থ অধ্যায় সর্বাকারাভিসংবাধ-বিষয়ক,— 'সর্বজ্ঞতা' অদ্যায়ে বলা হইয়াছে যে, পরমার্থ সত্য অমুৎপন্ন, অনিক্রন্ধ ইত্যাদি; এবং জাগতিক যাহা কিছু এমন কি, বোধিসত্তহাঁটা, বৃদ্ধজ্বলাভ সমস্তই সংবৃতি সত্য। পরমার্থত; জাগতিক বস্তুসমূহের পৃথক্ অস্তিত্ব নাই। তাহা হইলেও সংসারাবদ্ধ অবিদ্যান্ধ জীব জাগতিক সত্য বাতীত আর কিছুই জানে না। সেই জন্য তাহাদিগকে পরমার্থ সত্যে উপনীত করিতে হইলে, বোধিসত্তব্ব কেবলমাত্র সর্ব্বজ্ঞত্ব লাভ করিলে চলিবে না। সর্বাকারাজ্ঞত্ব বা সর্বাকারাভিসংবাধ লাভ করিতে হইবে অর্থাৎ জাগতিক বিষয়াদিও শিক্ষা করিতে হইবে। এই সর্বাকারাভিসংবাধ কত প্রকার হইতে পারে, তাহারই তালিকা দেওয়া হইয়াছে। উদাহরণ স্বন্ধপ এখানে ক্যেকটির উল্লেখ করা যাইতেছে।—

বোদ্ধশ মার্গ, শ্বভূগপন্থান প্রভৃতি ৩৭টি বোধিপক্ষিক ধর্ম্ম, কল্যাণমিত্র গ্রহণ, বুদ্ধোপাসনা, ক্লপ-বেদনাদিতে অনবস্থান, তথতার ছরবগাহত্ব, মারশক্তিক্ষয় করার উপায়, সর্বজ্ঞতাধিকারে এবং মার্গজ্ঞতা-ধিকারে বর্ণিত জ্ঞানলক্ষণাদি, প্রমাণ ও নিদর্শনিবিহীন তথতাজ্ঞান, লোকামুবর্ত্তনের জন্ম বোধিসন্তের লৌকিক ক্রিয়াসমূহ, বোধিসন্তের ত্রিথান অবলম্বনপূর্বক জ্ঞানগাভ, বুদ্ধত্বগভ, ক্লেশসমূহ ও তাহাদের ক্ষয়ের উপায়, বৃদ্ধাদির প্রতি শ্রদ্ধা, বীর্ঘ্য, জ্ঞান দানাদি ক্রিয়াসমূহ, স্মৃতি, সমাধি, সমচি্তাদির আকার ইত্যাদি।

পঞ্চম ও ষষ্ঠ অধ্যায় মুদ্ধাভিদময় ও অমুপূর্ব্বাভিদময় বিষয়ক,—এই তুইটি অধ্যায় একই বিষয় লইয়া লিখিত হইয়াছে, নামে তুইটি। অমুপূর্ব্বাভিদময় অধ্যায়ে একটি মাত্র শ্লোক আছে। এই অধ্যায় তুইটির বক্তব্য বিষয় হইতেছে,—বোধিদত্ত্বের চতুরার্যাদত্যজ্ঞানে ক্রমোন্নতি এবং চরম অবস্থাপ্রাপ্তি। চরম অবস্থাপ্রাপ্তিকে মুদ্ধাভিদময় এবং তাহার ক্রমোন্নতিকে অমুপূর্ব্বাভিদময় বলে। দর্শনমার্গ ও ভাবনামার্গের দ্বারা এই চরমাবস্থাপ্রাপ্তি লাভ হয়। তবে এই তুই মার্গে অগ্রদর হইবার দময় বহু বিকল্পের উৎপত্তি হয়। দেই দমন্ত বিকল্প কি প্রকারের হইতে পারে এবং দেইগুলি নিয়াকরণ কবিবার কি কি প্রতিপক্ষ হইতে পারে, এ দমন্ত কথিত হইরাছে। তাহা বাতীত বোধিদত্ত্ব কি ভাবে করে, ক্রমোন্নতির দময়ে তাহাদের নৈদ্যান্তিক অবস্থা কি কি হয় এবং চিত্নস্থিতি কথন হয় ইত্যাদি বিষয়ও কথিত হইরাছে।

সপ্তম অধ্যায় একক্ষণাভিদময় বিষয়ক,— অনাস্রবধম সমূহ লাভ করার পর বোধিসত্ত্বের যথন আর কোনরূপ ক্লেশাদি মলিনতা থাকে না, তথন প্রজ্ঞাপার্যতিতা-প্রস্তুত জ্ঞান দ্বারা দমন্ত ধর্ম যে স্বপ্নোপম, অন্বয়, ইহা একমুহূর্ত্তে হৃদয়ক্ষম করিতে পারে। ইহা থোগাচারপদ্বীদের একটি বিশেষ মত; ইহাদের মতে পূর্ণজ্ঞানলাভ একক্ষণে হয়, ক্রমে ক্রমে হয় না।

অষ্টম অধ্যায় ধর্ম্মকায় বিষয়ক,— সাধারণতঃ বুদ্ধের ত্রিকারনাত্র আমরা জানি। কিন্ত এ কারিকায় চারিটি কায়ের কথা উক্ত হইয়াছে। বুদ্ধের প্রকৃত কায়েকে ইহাতে আভাবিক কায় এবং বোধিপাক্ষিক প্রভৃতি ধর্ম্ম বারা যে কায় গঠিত, তাহাকে ধর্ম্মকায় বলা হইয়াছে। বিশ্ববাপী স্কৃষ্মকায়কে সাম্ভোগিক কায় বলে। ইহা শ্রাবকের বা সাধারণের দৃষ্টিগোচর নহে, উচ্চাবস্থাপ্রাপ্ত বোধিসন্তরাই কেবল ঐ কায় দেখিতে পান। মহাপুরুষ-লক্ষণাধিত স্থলকায়কে নির্মাণকায় বলে। ইহাই কেবল সাধারণের এবং শ্রাবকদিগের দৃষ্টিগোচর হয়।

হাইডেলবার্গ (জার্ম্মানি)

এনিলনাক্ষ দত্ত

२३।०।२৮

বৌদ্ধস্থায়

[5]

সূচনা

স্থায় বলিতে আমরা সাধারণতঃ মহবি গৌতমের স্থায়দর্শন অথবা গঙ্গেশ, রবুনাথ প্রভৃতি
মিথিলা ও নবহাপের পণ্ডিতগণের আলোচিত প্রমাণবাদ বৃমিয়া থাকি; কিন্তু ভারতীয় দর্শনগুলির
আলোচনা করিলে দেখিতে পাওয়া যায়, প্রত্যেক দর্শনেই আপন আপন তব্বপ্রতিপাদনের জন্ত
বিশেষ বিশেষ প্রমাণবাদ অবলম্বন করা হইয়ছে। প্রমাণের ঘায়া তব্বজ্ঞান লাভ করিতে হইবে,
এ কথা সকলের অভিনত হইলেও, প্রমাণ বলিতে কি বুঝা যাইবে, প্রমাণ কয়টী ইত্যাদি বিষয়
গইয়া অনেক মতভেদ রহিয়ছে। প্রমাণবিষয়ক এইয়প বিভিন্ন আলোচনার ফলে মীমাংদা, বেদাস্ত
ইত্যাদি প্রত্যেক দর্শনেই অল্লবিস্তর এক একটা স্বতন্ত্র প্রমাণবাদ বা 'স্থায়'-এর উদ্ভব হইয়ছে। এই
প্রসাক্তে ইহাও লক্ষ্য করিতে হইবে যে, প্রমাণতবের অবতারণা ব্যতিরেকে দর্শন অসম্পূর্ণ রহিয়া
যায়। বৌদ্ধদর্শনের সঙ্গে দঙ্গের বিষয়া গড়িয়া উঠিয়াছিল, বর্তমান প্রবন্ধে আমরা সেই
বৌদ্ধস্থায়ের কিছু আলোচনা করিব।

মহামহোপাধ্যায় সতীশচক্র বিদ্যাভূষণ তদীয় 'ভারতীয় স্থায়দর্শনের ইতিহাস' (A History of Indian Logic, 1921) নামক প্রস্থে স্থায়শান্ত্রকে প্রাচীন, মধ্য ও নব্য—এই তিন ভাগে বিভক্ত করিয়া মধ্যভাগে জৈন ও বৌদ্ধ স্থায়ের বিস্তৃত বিবরণ দিয়াছেন। এইরূপ বিভাগ কতদ্র সঞ্বত হইয়াছে, তাহা এ ক্ষেত্রে বিচার্থ নহে। তা যাহাই হউক, বৌদ্ধাচার্যদিগের দ্বারা যে বিশাল স্থায়শান্ত্রের উৎপত্তি হইয়াছিল, তাহার কিছু পরিচয় লাভ করিতে পারিলে, ভারতীয় স্থায়দর্শনের ইতিহাসে বৌদ্ধস্থায়ের স্থান ও উপযোগিতা সহজেই উপলব্ধি করিতে পারা যায়।

অত্যন্ত পরিতাপের বিষয় এই বে, বৌদ্ধভায়বিষয়ক অল্ল কয়েকটী মাত্র গ্রন্থ আমরা মূল সংস্কৃতে পাইতেছি। তিববতী, চীনা ইত্যাদি বিদেশী ভাষায় বে ভারতীয় সাহিত্য অমুবাদরূপে স্থান পাইয়াছে, তাহার মধ্যে ভারত্রের সংখ্যা অল্ল নহে। এ বিষয়ে বিশেষ বিবরণের জভ্য জাপানী পণ্ডিত সাদাজিরো স্বংগুইরার 'চীনা ও জাপানী ভাষায় হিন্দুভায়' (Hindu Logic as preserved in China and Japan, 1900) এবং মহামহোপাধায় সতীশাচক্র বিদ্যাভূষণ মহাশরের পূর্বে ক্রি

'ভারতীয় স্তায়দর্শনের ইতিহাসে'র বিতীয়ভাগ দ্রাষ্টব্য। ১৮৮৯ গ্রীষ্টাব্দে অধ্যাপক পিটার্যন (Peterson) 'স্থায়বিন্দুটীকা' ও 'স্থায়বিন্দু' এশিয়াটিক দোদাইটীর বিব্লিওথিকা ইণ্ডিকা (Bibliotheca Indica) নামক সংস্থায় প্রাকাশিত করেন। ইহাই বৌদ্বস্তায়ের প্রথম মুদ্রিত পুস্তক। তাহার পর অধ্যাপক শ্চেরবাৎদ্বিক (Stcherbatsky)-দম্পাদিত 'গ্রায়বিন্দুনীকাদহিত স্থায়বিন্দুর তিবর তী অমুবাদ' (১৯০৪) এবং তাহাদের সংস্কৃত মূল (১৯১৮) বার্হির হইরাছে। তিনি 'গ্রায়বিন্দুটীকাটিপ্লনী'ও (১৯০৯) প্রকাশিত করিয়াছেন। মহামহোপাধার হরপ্রবাদ শাস্তা মহাশরের সম্পাদিত 'চয়টা বৌদ্ধভায়প্রকরণ' (Six Buddhist Nyāya Tracts, 1910) বিশেষভাবে উল্লেখগোগ। বরোদা হুটতে শ্রীযুক্ত বিধুনেধর শাস্ত্রী মহাশয় সম্পাদিত 'স্থায়প্রাবেশের তিব্বতী অমুবাদ' (Gackwad Oriental Series, No. 39, 1927) এবং অধ্যক্ষ ধ্রুব শম্পাদিত সংস্কৃত মূল (Gaekwad Oriental Series, No. 38, 1930) বাহির হইরাছে। ইহার পূর্বে বরোদা হইতে প্রকাশিত কমল-শীলের পঞ্জিকাদহ শান্তরক্ষিতের 'তত্ত্বদংগ্রহ' (Gaekwad's Oriental Series, No. 30-31, 1926) নামক গ্রন্থে বৌদ্ধন্তারের অনেক বিবরণ পাওয়া যায়। অধ্যাপক তৃচ্চির (Tucci) 'ত্যায়মুখ' (চীনা হইতে ইংরাঞ্জী অমুবাদ: Jahrbuch des Instituts für Buddhismus-Kunde, vol. 1. ed. by Prof. Walleser, 1930, এবং 'প্রাগ:দিঙ্নাগ বৌদ্ধন্থার' (Pre-Dinnaga Buddhist Texts on Logic from Chinese Sources, Gaekwad Oriental Series, No. 49, 1929) এই চুইটা গ্রন্থ বৌদ্ধন্তায়ের আলোচনার পক্ষে বিশেষ উপয়েগী হইবে। বরোদা হইতে বৌদ্ধভাষের আরও করেকটী গ্রন্থ বাহির হইবার কথা। তথাপি বৌদ্ধভাষের যাহা হারাইয়া গিয়াছে, তাহার তুলনায় যাহা পাওয়া যায়, তাহার পরিমাণ অনেক কম।

বর্তমান নৈয়ায়িকেয়া বৌদ্ধস্থায়ের প্রতি হতাদর হইয়াছেন, কিন্ত নৈয়ায়িকপ্রবর উদ্যোত্তকর, বাচপ্রতি মিশ্র, জয়ন্ত ভট্ট, শ্রীধর ও উদয়ন বৌদ্ধনত থগুনাবদরে বৌদ্ধস্থায়ে গভীর পাণ্ডিত্যের পরিচয় দিয়াছেন। 'প্রমাণসমূচ্চয়' (সম্প্রতি মহীশ্র হইতে আয়েঙ্গার মহাশয় প্রমাণ সমূচ্চয়ের প্রতাক্ষ পরিচ্ছেদ তিকাতী অমুবাদ হইতে সংস্কৃতে উদ্ধার করিয়া প্রকাশ করিয়াছেন) প্রভৃতি অধুনাবিল্পুর বৌদ্ধস্থায়প্রস্থ হইতে বছপ্রলে উদ্দোতকর ও বাচপ্রতি বৌদ্ধনত উদ্ধৃত করিয়াছেন। ধর্মকীর্তির মত উল্লেপ করিবার সময় বাচপ্র্যতি কেবল 'কীর্তি'নামে তাঁহাকে অভিহিত করিয়াছেন। ইহাতে সাধারণাে বৌদ্ধ নিয়ায়িকগণের প্রদিদ্ধির এবং বৌদ্ধমতের বছলপ্রচারের পরিচয় পাওয়া য়য়। আর জৈন দার্শনিকেরাও বৌদ্ধস্থায়ের চর্চা করিতেন। স্থায়বিন্দু ইত্যাদি যে কয়েকটা বৌদ্ধস্থায়গ্রম্থ মূল সংস্কৃতে পাওয়া বিয়াছে, তাহার প্রায় সবগুলি জৈন ভাগুরেই রক্ষিত হইয়াছিল। জৈনাচার্য হরিজ্য প্রায় প্রবেশপঞ্জিকা' এবং মলবাদী 'স্থায়বিন্দুটীকা'র উপর টিপ্রণী রচনা করেন।

যে নবাস্তায়ের আলোচনার ব্যাপৃত থাকিয়া আমরা বৌদ্ধস্তায়ের কথা ভূলিয়া গিয়াছি, দেই নব্যস্থায়ের উপর গৌতমোক্ত স্তায়দর্শন অপেক্ষা বৌদ্ধস্তায়ের প্রভাব কিছু কম নহে। গৌর্তম তাঁয়র
স্থায়দর্শনে প্রমাণ-প্রমেয় আদি বোড়শ পদার্থের অবতারণা করিয়াছেন। কিন্তু কেবল মাত্র প্রমাণ-পদার্থকৈই বৌদ্ধদার্শনিকগণ তাঁয়াদের স্থায়দার্শরে স্থান দিয়াছেন, এবং এই প্রমাণপদার্থই নব্যনৈয়ায়িকগণের ম্থ্য আলোচা বিষয়। যে বাাপ্তিবাদ অবলম্বন করিয়া নব্য-নৈয়ায়িকদিগের মধ্যে
স্ব্র্যাতিস্ক্র আলোচনা হইয়াছে, তাহার কোন উল্লেখই গৌতমের স্থায়দর্শনে পাওয়া যায় না।
সাধর্ম্য এবং বৈধর্মা হেতু ও দৃষ্টাস্তের দ্বারা দাধ্যনির্ণয়ের কথা আছে মাত্র। অথচ বৌদ্ধনেয়িকগণ
অনুপলন্ধি, স্বভাব ও কার্য—এই ত্রিবিধ হেতুর দ্বারা হেতু-সাধ্যের মধ্যে অবিনাভাব-সম্বন্ধ বা বাাপ্তিনির্ণয়ের কথা বলিয়া গিয়াছেন। আর ব্যাপ্তি প্রদর্শনের অভাব বা বৈপরীতা থাকিলে, তাঁহাদিগের
মতে অন্ত্রমান অন্তর্য, বিপরীতায়য়াদি দৃষ্টাস্তাভাসমূলক হইবে (স্তায়বিন্দ্, ২০১২ ও ৩০১২৭-১২৮, ১৩৪-১৩৬)।

ভারতবর্ধে দার্শনিক চিন্তা একটু ঘনীভূত হইবার পর, নায় বা প্রমাণশান্তের আলোচনার প্রতি দৃষ্টি পড়ে। বেদে দার্শনিক আলোচনা কম। উপনিষদের দার্শনিক কথাগুলি অধিকাংশই ভাবাত্মকৃ। বিরোধী লোকারত সম্প্রদায় যথন বেদ মিথ্যা, ধর্ম ভিত্তিহীন, আত্মা দেহাতিরিক্ত কিছুই নহে ইত্যাদি কথা বলিতে লাগিলেন, তথন বেদপদ্বী আত্মবাদী ব্রাহ্মণেরা আপনাদের মত তর্কযুক্তির অবতারণাদ্বারা স্থান্দভাবে প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করিতে লাগিলেন এবং ক্রমে মীমাংসা-স্থান্নদি শান্তের প্রবর্তন হইল। যজ্ঞাবদ্ধীর অনেক ক্ষুত্র ক্ষুত্র অনুষ্ঠান যুক্তির সাহায্যে ব্যাখ্যা করিবার চেষ্টা ব্রাহ্মণে দেখিতে পাওয়া বায়। উপনিষদে ব্রহ্মবিদ্যা আলোচনার জন্য সমিতি ও পরিষদের উল্লেখ রহিরাছে। উপনিষদে যুক্তির কিছু কিছু স্থান থাকিলেও বিচার দ্বারা সকল তত্ব গৃহীত হইতে পারে—এ কথা উপনিষ্ণ বলিতে চান না। কঠোপনিষ্ণ বলিতেহেন, "নৈষা তর্কেণ মতিরাপনেয়া"—বাদ বা তর্কের দ্বারা ব্রহ্মজ্ঞান লাভ হয় না। বৃহদারণ্যকোপনিষদের দ্বিতীয় অধ্যাদ্মর প্রথম ব্রাহ্মণে যে গার্গ্য-অজাতশক্র-সংবাদ রহিয়াছে, শঙ্করের মতে, তর্কবৃদ্ধি নিষেধ করা তাহার অন্যতম উদ্দেশ্য ('কেবলতর্কবৃদ্ধিনিষোর্গা চাথ্যায়িকা—"নৈষা তর্কেণ মতিরাপনেয়া", "ন তর্কশান্ত্রদন্ধায়" ইতিশ্রুতিস্থাতিত্যাম।' বৃহদারণ্যকোপনিষ্ণ, শাক্রভাষ্য, ২য় অধ্যায়, ২ম ব্রাহ্মণ।)।

আরও লক্ষ্য করিবার বিষয় এই যে, শ্রুতিস্থৃতি না মানিয়া নিরপ্রেক্ষভাবে তর্কের
শারা তত্ত্বনির্ণর ব্রাহ্মণা সাহিত্যে আদৃত হয় নাই। তর্ক বেদমূলক না হইলে, সে
তর্কের সহায়তায় ধর্ম নির্ণয় হইতে পারে ৮ না। মহাভারতে এক তার্কিকের শৃগালযোনি
লাভের কথা দেখিতে পাই (মহাভারত, শান্তিপর্কা, ১৮০ অধ্যায়)। মনুর মতে, হেতুশান্ত্র

আশ্রম করিয়া যে আহ্মণ শ্রুতিম্বতির অবমাননা করিবেন, তাঁহাকে সাধুরা আপন দল হইতে বাহির করিয়া দিবেন।

> যোহবমস্তেত তে মূলে হেতুশাস্ত্রাশ্রদ্যাদ্ দিজঃ। স সাধুভিব হিন্ধার্যো নাস্তিকো বেদনিন্দকঃ॥

> > মফু, ২।১১।

বেদকে প্রমাণক্ষপে ব্রাহ্মণেরা বরাবরই স্বীকার করিয়া আসিয়াছেন। অপর পক্ষে কিন্তু বৌদ্ধেরা তাঁহাদিগের ধর্ম্মকে কোন আগম বা শ্রুতির ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করেন নাই। তাঁহাদিগের চিস্তা কাজে কাজেই কিছু বন্ধনমুক্ত হইয়াছিল। পালি ত্রিপিটকে বছস্থলেই প্রশ্ন উঠিয়াছে,—'তং কিম্স হেতু'—"তাহার হেতু কি ?"

বুদ্ধদেব এক জায়গায় ভিক্ষুদিগকে বলিতেছেন,—

তাপাচ্ছেদাচ্চ নিক্ষাৎ স্থবৰ্ণমিব পণ্ডিতঃ। পৰীক্ষ্য ভিক্ষবো গ্ৰাহুং মদুবচো ন তু গৌৱবাৎ॥

তত্ত্বশংগ্ৰহ, ৩৫৮৮।

"বৃদ্ধিমান্ ব্যক্তিরা যেরূপ স্থর্গকে অগ্নিতপ্ত করিয়া, ছেদন করিয়া এবং নিক্ষপ্রস্তারে পরীক্ষা করিয়া গ্রহণ করিয়া থাকেন, হে ভিক্ষ্ণণ, আমার বাক্যকেও দেইরূপ পরীক্ষা দ্বারা গ্রহণ করিও, আমার প্রতি গৌরববশতঃ গ্রহণ করিও না।" ব্রাহ্মণ্য মত খণ্ডন করিবার জন্ম বৌদ্ধাচার্যদিগেক অন্নক তর্কযুক্তির আশ্রার লইতে হইয়াছে। এইরূপ নানাকারণে প্রমাণশান্তের উপর বৌদ্ধাচার্যদিগের দৃষ্টি পড়ে এবং তাঁহাদিগের দ্বারা প্রমাণশান্তের অনেক উৎকর্ষ সাধিত হয়।

[२]

বৌদ্ধভায়ের সংক্ষিপ্ত ইতিহাস *

বৌদ্ধদাহিত্যকে মোটামূটী ছই ভাগে ভাগ করা যাইতে পারে; প্রথম, পালি বৌদ্ধদাহিত্য এবং বিতীয়, সংস্কৃত বৌদ্ধদাহিত্য। পালি বৌদ্ধদাহিত্যে স্থায়বিষয়ক কোন গ্রন্থ এতাবৎ, পাওয়া যায় নাই; কিন্তু ভিকুদিগের বিচারপদ্ধতির যে উল্লেখ রহিয়াছে, তাহাতে অমুমানাদির ব্যবহার দেখিতে

শাহিত্য-পরিবৎ-পত্রিকা, ২১শ ও ২২শ ভাগ, 'বৌদ্ধস্থায়' প্রবন্ধ ক্রন্তব্য ।

পাওরা যায়। স্পর্টতঃ স্থায়ের আলোচনা না থাকিলেও স্থায়/দিদ্ধান্তগুলি পালি বৌদ্ধদাহিত্যের বুলা সম্পূর্ণ অপরিচিত ছিল না। কনিন্ধের (গ্রীষ্টায় প্রথম শতক) সময় হইতে সংস্কৃত ভাষার বৌদ্ধধর্ম লিখিত হইতে লাগিল। সেই সময়ে মহাযান মাধ্যমিক ও যোগাচার এই ছই সম্প্রদায়ে, এবং প্রাটীনপন্থী হীন্যানের বিভিন্নশাখা সৌক্রান্তিক ও বৈভাষিক—এই ছই প্রধান সম্প্রদায়ে বিভক্ত হওয়ার চারিটা নৃতন সম্প্রদায়ের উদ্ভব হইল। তাত্ম মত প্রতিষ্ঠার জ্বাস্থ ইংবার সকলেই তর্কবৃক্তির আশ্রয় লইতে লাগিলেন এবং এই কারণে জাহার বিশেষ করিয়া স্থায়ারশীলনে প্রাক্ত হইলেন।

দিওনাগের পূর্বেন নাগান্ত্রনাদি বৌদ্ধ নৈয়ায়িকগণ গোতমোক্ত পদ্ধতি অমুসরণ করিয়া তর্ককৌশল, হেজাভাদ, জাতি, নিয়হস্থান ইত্যাদির আলোচনার ব্যস্ত ছিলেন। নাগান্ত্র্নের উপায়-কৌশল-জ্বন্ধ-শাস্ত্রে (অধ্যাপক তুচ্চির মতে উপায়জ্বন্ধ; Pre-Dinnaga Buddhist Texts on Logic p. xi) বাদবিধি ব্যাধ্যানের জন্ম রচিত হইয়াছিল। মৈত্রেয়, অদক ও বস্থবন্ধ স্থায়ভারির কিছু উৎকর্ষ সাধন করিলেও প্রধানতঃ নাগান্ত্র্নের পথে চলিতে লাগিলেন। তাহার পর দিওনাগ স্থায়-আলোচনার এক ন্তন বুগ আনয়ন করেন। তিনি প্রত্যাক্ষদি প্রমাণের অরম্বন, তাহাদের বিষয়, ইত্যাদি ছ্রায় দার্শনিক অংলোচনার অবতারণা করিয়াছেন। এ দিকে তিনি আবার গৌতম, বাৎস্থায়নাদি ব্রাহ্মণ্য দার্শনিকগণের মত প্রন করিলেন। তাহার ফলে উদ্যোতকর, কুমারিল ইত্যাদি প্রিত্রেরা নৃতন করিয়া ব্রাহ্মণ্য দর্শন ও স্থামের আলোচনায় প্রবৃত্ত হইনেন।

দিঙ্নাগের পরবর্তী নৈয়ায়িকগণের মধ্যে ধর্মকীর্ত্তির নাম সমধিকভাবে উল্লেখযোগ্য। তিনি প্রধানতঃ দিঙ্নাগের অন্ত্যরণ করিলেও করেকটা বিষয়ে দিঙ্নাগের মতের বিরোধী কথাও বিলিয়াছেন। দিঙ্নাগের অন্ত্যরণ করিলেও করেকটা বিষয়ে দিঙ্নাগের মতের বিরোধী কথাও বিলিয়াছেন। দিঙ্নাগের ত্বীকৃত বিক্ষাব্যভিচারী হেছাভাস ধর্মকীর্ত্তির অভিমত নহে (স্থায়বিন্দু, ৩.১১২—১২১)। বাৎস্থায়নের উপর দিঙ্নাগাদির দৃষণ দেখিয়া উদ্যোতকর থেরূপ প্রমাণসমুচ্চয়ের কিবিয়াছিলেন, দিঙ্নাগের উপর উদ্যোতকর প্রেভৃতির দৃষণ দেখিয়া ধর্মকীর্ত্তি সেইরূপ প্রমাণসমুচ্চয়ের ক্ষবলম্বনে প্রমাণবার্ত্তিকর্বারিক। রচনা করেন। দিঙ্নাগ ও ধর্মকীর্ত্তির পর যে সকল বৌদ্ধ নৈয়ায়িক আদিয়াছিলেন, তাঁহারা অনেকেই দিঙ্নাগের বা ধর্মকীর্ত্তির কোন গ্রন্থের টীকা বা অনুটীকা লিখিয়াছেন, না হর তাঁহাদিগের প্রদর্শিত পথে 'স্থায়প্রকরণ' রচনা করিয়াছেন। তবে নৃতন কথা একেবারে যে না আদিয়াছে এমন নছে। অন্তর্ব্যান্তি (দৃষ্টান্তের অপেক্ষা না রাথিয়া পক্ষেই হেতৃও সাধ্যের ব্যান্তি নিশ্চর) এবং পঞ্চবারণীর (পাঁচবার উপলব্ধি ও অনুপলব্ধির দ্বারা কার্য-কারণ-নির্ণয়) কোন উরেপ প্রমাণসমুচ্চয়ে বা স্থায়বিন্দুতে নাই। দিঙ্নাগ ও, ধর্মকীর্ত্তির পরবর্তী বৌদ্ধ নৈয়ায়িকেরা ইহা লইয়া বিস্তৃত আলোচনা করিয়াছেন (অন্তর্ব্যান্তি সমর্থন—রক্লাকরপাদ, Six Buddhist Nyāya

Tracts-এর শেষ গ্রন্থ; কার্যকারণভাবদিদ্ধি—জ্ঞানশ্রীমিত্র, মূল সংস্কৃত পাওয়া যায় নাই,তিববতী অমুবাদ রহিয়াছে)। বস্থবজ্ দি-মবয়ব (প্রতিজ্ঞাও হেতু) অমুমানের কথা বলিয়াছেন, ইহাতে অস্তব্যাপ্তির কিছু ইদ্বিত থাকিলেও (History of Indian Logic: পৃ২৬৮, পাদটীকা, ২) বিষয়টী তাঁহার সময় ভাল করিয়া আলোচিত হয় নাই, নতুবা ন্যায়বিন্দু প্রভৃতিতে উক্ত মতের উল্লেখ নিশ্চয় দেখিতে পাওয়া যাইত। ধর্মকীর্ত্তির পর শাস্তরক্ষিত, ধর্মোত্তর, অর্চট, জিতারি ইত্যাদি বৌদ্ধ নৈয়ায়িকগণের আবির্ভাব হয়। এইরূপে খ্রীষ্টায় দ্বাদশ শতক অবধি বৌদ্ধনায়ের চর্চাও বৌদ্ধনায়বিষয়ক গ্রন্থরুচনা হইতে লাগিল। তাহার পর ভারতবর্ষে বৌদ্ধনের অবন্তির সলে সঙ্গে বৌদ্ধনায়ের আলোচনাও বাধা প্রাপ্ত হয়। এদিকে আধার ব্রাহ্মণ্যধর্মর অর্জান্যায়ের আলোচনাও বাধা প্রাপ্ত হয়। এদিকে আধার ব্রাহ্মণ্যধর্মর অভ্যাদয়ের সাহিত মিলিত ও তাহার প্রভাবে অন্থপ্রাণিত হয়, এবং নব্যন্যায়ের স্থ্রপাত হয়।

এই প্রদক্ষে বিশেষ উল্লেখযোগ্য বিষয় এই যে, বৌদ্ধপ্রায়ের সহিত বঙ্গদেশের কিছু সংশ্রব রহিয়াছে। বৌদ্ধ নৈয়ায়িকদিগের মধ্যে শীলভদ্র, শাস্তরক্ষিত প্রভৃতি কেহ কেহ বঙ্গদেশীয় ছিলেন। বৌদ্ধপ্রায়ের কয়েকটা গ্রন্থ (মহামহোপাধ্যায় হরপ্রদাদ শাত্রীর সম্পাদিত ছয়টা বৌদ্ধপ্রায় প্রকরণ—১. অপোহদিদ্ধি, ২.-৩. ক্ষণভঙ্গদিদ্ধি, ৪. অবয়বিনিয়াকরণ, ৫. সামাপ্রদৃষ্ণিক্প্রসারিতা, ও ৬. অস্তর্ব্যাপ্তিসমর্থন এবং এদিয়াটিক সোসাইটাতে রক্ষিত গভর্গদেশ্য সংগ্রহভূক্ত সংস্কৃত প্রস্থে সমূহের মধ্যে ১০৭৪৬ সংখ্যক অসম্পূর্ণ হন্তলিখিত গ্রন্থ) খ্রীষ্টার দ্বাদশ শতকের প্রাচীন বঙ্গীয় অক্ষরে-লিখিত পাওয়া গিয়াছে।

[0]

বৌদ্ধদর্শন ও বৌদ্ধগুণ্য

এখন বৌদ্ধস্থায়ের প্রমাণাদি তত্ত্বগুলি ব্ঝিবার চেষ্টা করা যাক্। প্রমাণের আলোচনা করিতে গেলে, প্রমাতা ও প্রমেয়ের কথা আদিয়া পড়ে। প্রমাতা বাতিরেকে কে জ্ঞান লাভ করিবে? আর প্রমেয় বাতিরেকে কোন্ বিষয়েরই বা জ্ঞান হইবে? কাজেই বৌদ্ধদিগের প্রমাণ আলোচনার পূর্বে তাঁহায়া প্রমাতা ও প্রমেয় সম্বন্ধে কি বলিতে চান, তাহা জানা দরকার। ব্রাহ্মণ্যদার্শনিকগণ আত্মাকে প্রমাতা বলিয়া স্বীকার করেন। বৌদ্ধদিগের মতে জ্ঞান-স্থাদির আধারভূত আত্মা বলিয়া কোন স্থির পৃথক্ পদার্থ নাই; জ্ঞান মাত্রেই স্প্রকাশ ও স্বসংবেদ্য—অতিরিক্ত জ্ঞাতার অপেক্ষা করে না। প্রমেয় সম্বন্ধে বৌদ্ধদিগের মধ্যে বিশেষ বৈষত্ব। কেহ বলেন,—প্রমাণ নাই, প্রমেয় নাই, প্রমিতি নাই, কিছুই নাই; তাঁহারা শৃক্সবাদী মাধ্যমিক। কেহ বলেন,—প্রমেয় বস্ততঃ কিছুই নাই;

জ্ঞানই একমাত্র সং। 'অনাদি বাসনা' বশত: জ্ঞান নানা আকারের হইরা থাকে এবং তাহাতে মনে হয় প্রমেয় বন্ধ—বহিরর্থ রহিয়াছে। ইহারা হইলেন যোগাচার বা বিজ্ঞানবাদী। কাহারও মতে, বাহার্থ রহিয়াছে—জ্ঞানের হারা জ্ঞেরের অনুমান হয়। প্রমেয় সং, কিন্তু অনুমানের হারা জ্ঞের। ইহারা হইলেন সৌত্রান্তিক। আবার এক দল বলেন, বাহার্থ অনুমানগম্য—এ কথা বলিলে, প্রত্যক্ষ-গম্য-ব্যাপ্তিজ্ঞানের অভাব বশত: অনুমান অসম্ভব হইয়া পড়ে। তাই তাঁহাদের মতে বহিরর্থ রহিয়াছে এবং তাহার প্রত্যক্ষ হয়, অনুমানও হয়। ইহারা ছইলেন বৈভাষিক।

সৌআস্তিক ও বৈভাষিক মতের দিক্ হইতে প্রমাণাদি আলোচনার পক্ষে ততটা বাধা নাই। কিন্তু মাধ্যমিক ও মোগাচারমতে বহিরর্থ অস্ত্রীকার করিলে, প্রমাণাদির কোন স্থান থাকে না। অথচ কেইই দৈনন্দিন জীবনে বহিরর্থ ও প্রমাণাদির ব্যবহার না করিয়া পারে না। আর প্রমতদ্যণ এবং স্থমত-স্থাপনের জন্ম মাধ্যমিক ও যোগাচার উভয়কেই প্রমাণাদির শরণ কইতে হইয়াছে। এই কারণে জাঁহারা দিবিধ সত্য স্থীকার করিয়াছেন—প্রথম প্রমার্থ-সত্য, দিত্যির সংবৃত্তি-সত্য। প্রমার্থ-সত্যের দিক্ দিয়া দেখিতে গেলে প্রমাণ-প্রমেয় কিছুই থাকে না। তবে সংবৃত্তি-সত্যের দিক্ দিয়া আমরা প্রমাণপ্রমেয়াদি ব্যবহার করিয়া থাকি।

"দ্বে সত্যে সমুপাশ্রিতা বুদ্ধানাং ধর্মদেশনা। লোকসংবৃতিসত্যং চ সত্যং চ পরমার্থতঃ ॥" মাধ্যমিককারিকা, ২৪। ৮।

"বুদ্ধগণ দ্বিবিধ সত্যকে লক্ষ্য করিয়া ধর্মোপদেশ দিয়াছেন। একটা লোকদংবৃতি সত্য, অপরটী প্রমার্থ সত্য।"

চন্দ্রকীর্ত্তি টীকায় 'শংবৃতির' এক অর্থ করিয়াছেন —অভিধান (নাম) ও অভিধেয় (নামী), জ্ঞান ও জ্ঞেয় ইত্যাকার গোক-ব্যবহার ধাহার দারা সম্ভব হয়।—

"অথ বা সংবৃতিঃ সংকেতো গোকব্যবহার ইত্যর্থঃ। স চাভিধানাভিধেয়জ্ঞানজ্ঞেয়াদিলক্ষণঃ ॥"

শঙ্করাচার্য্য স্বীয় ব্রহ্মস্ত্রভাষ্যের উপক্রমণিকায় ইহারই অনুরূপ কথা বলিয়া গিয়াছেন,—

"তমেতমবিদ্যাথ্যমাত্মানাত্মনোরিতরেতরাধ্যাসং পুরস্কৃত্য সর্বে প্রমাণপ্রমেয়ব্যবহারা সৌকিকা বৈদিকাশ্চ প্রবৃত্তাঃ।"

মাধ্যমিকেরা বলেন, আমাদের নিজেদের কোন, পক্ষ নাই। বিপক্ষের স্বীকৃত প্রমাণাদি ধারা ভাহাদের পক্ষে দোষ প্রদর্শন করাই আমাদের অভিপ্রেত। যোগাচারী দিঙ্নাগের মতে,

"সর্ব এবাস্থমানাস্থমেয়ব্যবহারো বৃদ্ধারিছেন ধর্মধর্মিনির্ণয়েন ন বহিঃ সন্তাম্ অপেক্ষতে।" (পার্থসার্থি মিশ্র—ন্যায়য়ত্রাকর, শ্লোকবার্ত্তিক—নিরালম্বন্রাদ, ১৬৭-১৬৮)

অনুমান-অসুমায়-বাবহার ধর্মধর্মি-দখদ্ধের উপর নির্ভর করে। এই ধর্মধর্মি-দখদ্ধ কল্লিভ; ইহার বস্তুতঃ থাকার কোন আবশ্রকতা নাই।

যাহাই হউক, সকল সম্প্রনায়ের বৌদ্ধই ন্যায় আলোচনার ক্ষেত্রে নামিয়াছেন। এখন সাধারণভাবে দিঙ্নাগ ও তাঁহার পরবর্তী বৌদ্ধনৈয়ায়িকগণের অভিমত প্রমাণবাদ এবং প্রমাণের ছুই ভেদ—প্রত্যক্ষ ও অমুমান সম্বন্ধে কিছু আলোচনার চেষ্টা করিব (ন্যায়বিন্দ্টীকাসহ ন্যায়বিন্দ্ ও নাায়বিন্দ্টীকাটিয়ানী (Bib. Buddhica), পঞ্জিকাসহ তত্ত্বসংগ্রহ (Gaekwad Oriental Series), গুণরত্বের টীকা সহিত বড় দর্শনসমূচ্চয় (Bib. Indica)—বৌদ্ধদর্শন, সর্বদর্শনসংগ্রহ—বৌদ্ধদর্শন; প্রধানতঃ এই কয়েকটী অবলম্বনে পরবর্তী বিবরণ প্রদন্ত হইল)।

[8]

প্রমাণবাদ

গৌতম প্রমাণ, প্রমেয় প্রভৃতি ষোড়ণ পদার্থের তত্ত্বজানকে নিঃশ্রেয়দলাভের ছেতু বলিয়াছেন। নিঃশ্রেয়দলাভের উপযোগী বলিয়া তাঁহার দর্শনে প্রমাণ আলোচনার স্থান হইয়াছে। বৌদ্ধাচার্য ধর্ম-ক্যার্ত্তর অমাণ সমুদর পুরুষার্থদিদ্ধির হেতুভূত। মামুষ যাহা কিছু গ্রহণ করে, বা ত্যাগ করে, তাহা ভাল রকমে না জানিয়া করিতে পারে না। এই ভাল করিয়া জানা বা সমাগ্র জ্ঞানকে প্রমাণ বলে। ত্যাজ্য বন্ধর ত্যাগ আর প্রাহ্ম বন্ধর প্রহণ প্রমাণের উপর নির্ভির করিতেছে বলিয়া বৌদ্ধাচার্যেরা প্রমাণ-আলোচনায় প্রবৃত্ত ইইয়াছেন, কেবলমাত্র নিঃশ্রেয়দ বা মুক্তিলাভের জন্য নহে।

"সম্যগজ্ঞানপূর্বিকা সর্বপুরুষার্থসিদ্ধিরিতি তদ্ব্যাখ্যায়তে।" ন্যায়বিন্দু, ১৷১৷

প্রমাণ বলিতে কি বুঝার—ইহা লইয়া অনেক মতভেদ রহিয়াছে। বৌদ্ধদিগের মতে প্রমাণ জ্ঞানকরপ; অচেতন ইন্দ্রিয়াদি প্রমাণ হইতে পারে না। তাঁহারা বলেন, প্রমাণ অবিসংবাদক জ্ঞান—
কোন বস্তুর সবদ্ধে যেরূপ জ্ঞান হয়, যদি দেইরূপে বস্তুটীকে পাওয়া য়য়, তবেই তাহা প্রমাণ। বস্তুর
জ্ঞান ও বস্তুর প্রাপ্তি—এই হু'এর মধ্যে কোন অসামঞ্জস্ঞ বা বিসংবাদ না থাকিলে ঐ বস্তুর জ্ঞান
অবিসংবাদক বা প্রমাণ।

আমরা প্রথমে কোন বন্ধ সম্বন্ধে ইন্দ্রিয়ের ছারা প্রত্যক্ষ ক্রান বা অমুমানের ছারা পর্যোক্ষ ক্রান লাভ করি (উপদর্শন), তাহার পর ঐ বন্ধটী পাইবার জন্ম আমাদের প্রেরণা প্রবর্তনা হয় (প্রবর্তন), এবং পরে ঐ বন্ধটী প্রাপ্ত হই (প্রাণণ)। একটী বন্ধর প্রথম ক্রান লাভের সময় হইতে উহার প্রাপ্তি পর্যান্ত ক্রানের তিনটী রূপ পাইলাম। প্রথম হইল উপদর্শক, দ্বিতীয় প্রবর্তক এবং তৃতীয় প্রাপক। এই তিনটী বিভিন্ন ক্রান নহে, পরস্ত একই জ্ঞানের তিনটী অবস্থা। কোন বন্ধর মধার্থ উপদর্শন হইলেই প্রবর্তন হয় এবং প্রবর্তন হইতে প্রাপ্তি হয়। উপদর্শন, প্রবর্তন ও প্রাণণ এই তিনটীরই বিষয় এক। কাজেই উপদর্শক বলিতে প্রবর্তক, আর প্রবর্তক বলিতে প্রাণক ক্রানকে ব্রুমইবে। বে প্রক্রের ক্রান হয়, দেই প্রক্রাক হস্তে ধারণ করিয়া ক্রান অর্গপ্রির জন্ম প্রবর্তিত করে না। পরস্ত ক্রানের বিষয়ী ভূত অর্থকে প্রদর্শন করাইয়া প্রবর্তন ও প্রাপ্তের যোগ্যতা বা শক্তি তাহার থাকে। প্রাণণকতিই প্রাণকত্ব এবং তাহাই প্রামাণ্য।

মনী চিকার জগ-জ্ঞান প্রমাণ নহে, কারণ জলের উপদর্শনের পর তাহার প্রাপ্তি হয় না; উপদর্শন ও প্রাপণের মধ্যে বিদংবাদ হইল। কাজেই এই জগ-জ্ঞান বিদংবাদক—অপ্রমাণ। শুরু-শুন্থে পীত-জ্ঞানও অপ্রমাণ; শুন্থের উপদর্শন ও প্রাপণ উত্তরই সম্ভব হইলেও, শুরুরূপে যাহার উপদর্শন হওয়া উচিত ছিল, পীতরূপে তাহার উপদর্শন হইয়াছে; উহা ভ্রাস্ত জ্ঞান—অপ্রমাণ। এইরূপ এক বিশিষ্ট দেশ বা কালসম্বন্ধী জ্ঞান, অহ্য দেশ বা কালসম্বন্ধী জ্ঞানের প্রতি প্রমাণ হয় না।

প্রমাণের আর একটা বৈশিষ্ট্য এই বে, প্রমাণ অগৃহীতপ্রাহী হইবে। যাহা পূর্বে জানা যার নাই, তাহার জ্ঞান হইলে প্রমাণ হইবে, নতুবা নহে। তাই স্থাতির প্রামাণ্য নাই। জিতারি তদীর বালাবতার-তর্ক' (বিদ্পেজুগ্পেই র্ত্তোগ্রে; মূল সংস্কৃত পাওয়া যায় নাই। তিব্বতী অমুবাদ রহিয়াছে।) নামক প্রস্থে প্রমাণের লক্ষণ করিয়াছেন,—

হিতাহিতপ্রাপ্তিপ্রহাণহেতুঃ প্রমাণম্ ইতি। · · · প্রমাণম অবিদংবাদকং জ্ঞানম অগৃহীতগ্রাহি চ। · · ·

অবিদংবাদকবচনেন বিদংবাদকং মরী চিকায়াং জলগ্রহণম্ ইত্যাদি নিরস্তম্। জ্ঞানবচনেন অক্তেজনম্ইন্সিরাদি নিরস্তম্। অগৃহীতপ্রাহিবচনেন গৃহীতপ্রাহিণী স্বতিনিরস্তা।

ৰ্সুব নেৰ্প চন্মোদ্পদ্নি দু, বৰ্ বোদ্প'ই মিগ্রাচুর 'ঞি ন্প ল সোগ স্প ব্সক্লো। শেদ্প মোদ্পদ্নি শেদ্প ম ইন্প'ই দ্বঙ পোল গোগ্দ্প ব্সক্লো। ম বক্স.ঙ. 'জিন্পশ্নি গ্স্তে বর্ 'জিন্প'ই জন্প ব্সল্লো। (তাঞ্র, ম্দো, সে. ৩৫৯খ১ এবং ৬-৭)।

"প্রমাণ হিতবিষয়ের প্রাপ্তি এবং অহিতবিষয়ের ত্যাগের হেতৃভূত। প্রমাণ অবিসংবাদক জ্ঞান এবং তাহা অগৃহীতগ্রাহী। প্রমাণকে অবিসংবাদক বলার মরীচিকার জ্ঞান ইত্যাদি বিসংবাদক জ্ঞান নিরস্ত হইল। জ্ঞান বলায়, অচেতন ইন্দ্রিয়াদি নিরস্ত হইল। আর অগৃহীতগ্রাহী বলায় শ্বৃতি নিরস্ত হইল।"

প্রমাণের ছারা বাহা ভাল (হিত) তাহার গ্রহণ, আর যাহা মনদ (অহিত) তাহার তাগে করা হয়। যে সকল পদার্থ আমাদের জ্ঞানের বিষয়ীভূত হয়, তাহাদের কতকগুলি প্রাহ্য, আর কতকগুলি তাাজা। যে সকল বস্তু সম্বন্ধে আমরা উদাদীন—গ্রহণ করিতে ইচ্ছা করি না, আর ত্যাগ করিতেও ইচ্ছা করি না, অর্থাৎ যাহারা উপেক্ষণীয়, দেগুলি প্রাহ্য নহে বলিয়া ত্যাজ্যের অস্তর্ভূত হইবে (উপেক্ষণীয়েরা হ্যমুপাদের ছারো সকল পদার্থের জ্ঞানলাভ হইতে পারে এবং তাহার পর প্রাহ্য বা হিতের গ্রহণ (প্রাপ্তি) এবং ত্যাজ্য বা অহিতের ত্যাগ (প্রহাণ) হয়। প্রমাণের অবিসংবাদকত্ব ও অগৃহীত্রাহিত্ব পূবে আলোচনা করিয়াছি।

দার্শনিকদিগের মধ্যে প্রমাণের সংখ্যা লইরা নানা মতভেদ রহিরাছে। কেহ বলেন প্রমাণ একটী, কেহ ছইটী, কেহ তিনটী ইত্যাদি ক্রমে আটটী অবধি প্রমাণ স্বীকৃত হইরাছে। বৌদ্ধদিগের মতে প্রমাণ দ্বিবিধ, প্রত্যক্ষ ও অনুমান। জগতে যাহা কিছু জানিবার আছে (প্রমের)তৎসমুদার হয় প্রত্যক্ষ, না হয় পরোক্ষ। প্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষ প্রমাণের দ্বারা জানা যায় এবং পরোক্ষ বিষয় অনুমান-প্রমাণের দ্বারা জানা যায়।

"ন প্রত্যক্ষাপরোক্ষাতাং মেয়স্তান্যস্ত সম্ভবঃ। তন্মাৎ প্রমেয়দ্বিছেন প্রমাণদ্বিছমিয়তে॥"

षष् मर्भनम्य क्रम, शृ ०৮।

দিঙ্নাগ বলিয়াছেন,—

"প্রত্যক্ষমমুমানক প্রমাণং হি দ্বিক্ষণম্।
প্রমেশ্বং তত্ত্ব সিদ্ধং হি ন প্রমাণাস্তরং ভবেং ।"
প্রমাণসমূচ্চয়, History of Indian Logic,
পু ২৭৭, পাদটীকা।

প্রমাণসমূচ্চয়ে ও তত্ত্বসংগ্রহে (প্রমাণান্তর পরীক্ষা, পৃ ৪০০-৪৮৫) প্রত্যক্ষ ও অনুমান ব্যতীত উপমানাদি অন্য প্রমাণের খণ্ডন রহিরাছে। এই প্রদক্ষে ইছা বিশেষভাবে উল্লেখবোগ্য যে, দিঙ্নাগের পূর্ববর্তী মাধ্যমিক নৈয়ায়িকগণ ব্রাহ্মণ্য-নৈয়ায়িকদিগের পথে অমুদরণ করিয়া চারিটী প্রমাণ স্বীকার করিতেন এবং দিঙ্নাগের পরও কোন কোন যোগাচার নৈয়ায়িক প্রত্যক্ষ, অনুমান এবং আগম এই তিনটী প্রমাণ স্বীকার করিয়াছেন (Pre-Dinnāga Buddhist Texts on Logic, p. xvii, f. n. i)।

[4]

প্রতাক

আমার সম্মুথে একটা ঘট রহিরাছে, চক্ষু দ্বারা দেখিলাম, ঘটবিষয়ক জ্ঞান জন্মিল। ইহাই হইল চাক্ষ্য প্রতাক্ষ। ঘটটার আকৃতি ও বর্ণ বস্তুতঃ যেরপে, দেইরপেই যদি তাহার প্রতাক্ষ হয়, তবেই প্রতাক্ষ অল্রান্ত হইবে। কামলাদি পীড়ানিবন্ধন শুক্র ঘটকে পীত দেখিলে প্রতাক্ষ অল্রান্ত হইবে না। ঘটের আকার, অবস্থানাদির জ্ঞানে কোনরপ বৈপরীত্য থাকিলে, তাহা যথার্থ প্রতাক্ষ হয় না। এখন, প্রতাক্ষরণ এই যে যথার্থ জ্ঞান জন্মে, তাহার বিশেষ কারণ কি ? ভারের পরিভাষা ব্যবহার করিলে, প্রার্থী দাড়ায় প্রতাক্ষ প্রমাণ কাহাকে বলে ? সাধারণতঃ মনে হইবে, চক্ষ্ম দ্বারা ঘট দেখিলাম, চক্ষ্মই প্রতাক্ষ জ্ঞানের বিশেষ কারণ—প্রতাক্ষ প্রমাণ। বৌদ্ধ নৈয়ায়িকদিগের মত একেবারে বিভিন্ন। অচেতন ইন্দ্রিয়াদি উহাদিগের মতে প্রমাণ হইতে পারে না। তাঁহারা বন্দেন, ঘটের সহিত চক্ষ্র সংযোগ হওয়ায় ঘটাকার এক বিজ্ঞান (ভিত্ত) উৎপন্ন হয়, এবং সেই বিজ্ঞান, পটাদিবিষয়ক পটাকারাদি বিজ্ঞান হইতে আপনাকে পৃথক্ করিয়া ঘটবোধ জন্মাইয়া দেয়। ঘটাকার বিজ্ঞানটী প্রতাক্ষ প্রমাণ এবং ঘটাকারবিজ্ঞানোৎপন্ন ঘটবোধটী প্রতাক্ষ প্রমাণের ফল।

বৌদ্ধ নৈয়য়িকদিগের মতে প্রত্যক্ষের লক্ষণ এই, "প্রত্যক্ষং করনাপোঢ়ম্ অল্রাস্তম্" (ভায়বিন্দ্)—প্রত্যক্ষ করনাপোঢ় অর্থাৎ নির্বিকরক এবং অল্রাস্ত জ্ঞান। কোন বন্ধর বাচকশন্দের (নামের) সহিত তাহার যদি জ্ঞান হয়, তাহা হইলে সেই জ্ঞানকে করনা বলে। করনা যথার্থ জ্ঞান নহে, কারণ, তাহা অসদর্থ হইতে উৎপর। সম্মুখে একটা ঘট দেখিয়া পূর্বদৃষ্ট ঘটের স্মরণ হইল এবং দৃশ্রমান ঘটটাকে পূর্বদৃষ্ট ঘটের অনুরূপ দেখিয়া বিল্লাম—ইহা ঘট; ইহা ঘটবিষয়ক বিকর। দৃশ্রমান্ ঘটটা সৎ—বিদ্যমান, আর পূর্বদৃষ্ট ঘটটা অসৎ—অবিদ্যমান। সৎ ও অসৎ উভয় ঘটের ঘারা বর্তমান ঘটবিকর হইল। এই ঘটবিকরে পূর্বদৃষ্ট অসৎ ঘটটাও কারণ বলিয়া বিকর সদর্থক (অর্থাৎ বিদ্যমান অর্থ জ্য়) হইল না।

বাচক শব্দের সহিত স্পষ্টতঃ যোগ না থাকিলেও বেখানে যোগের সম্ভাবনা রহিয়াছে, দৈ স্থলে

বাচক শব্দের অপ্রায়োগেও কয়না হইতে পারে। ক্রন্দেরত কোন বালক মাতৃস্তন দর্শন করিয়া যতক্ষণ না হিহা দেই মাতৃস্তন এই ভাবে পূর্বদৃষ্ট মাতৃস্তনের স্মন্ত্রণ করিতে পারে, ততক্ষণ দেই শিশু মাতৃস্তন বিনিয়া জ্ঞান করিতে পারে না, এবং ক্রন্দন হইতেও বিরত হয় না। এখানে বালকটার মাতৃস্তন বিবন্ধক যে জ্ঞান হইল, তাহা বিকল। বালক কোন বাচক শব্দের প্রয়োগ করে নাই, কিন্তু বর্তমান স্তনজ্ঞানে পূর্বদৃষ্টস্তনজ্ঞানের অপেকা থাকার, তাহা অসদর্গক জ্ঞান বা করানা হইল। প্রত্যক্ষ জ্ঞান এইরূপ করানাবর্জিত হওয়া চাই। কেবলমাত্র ইক্রিয়ের সহিত যুক্ত পদার্থ হইতে যে জ্ঞান হইবে, তাহা প্রত্যক্ষ। বস্থবার্ত্তক, তৌধান্ধা সংস্করণ, পৃ ১৫০); যে বস্তু জ্ঞান ব্যয়র হয়, কেইলমাত্র দেই বস্তু হইতে জ্ঞান হইলে তবে প্রত্যক্ষ জ্ঞান হইবে।

প্রত্যক্ষ জ্ঞান মন্রাস্ত হওয়া দরকার। নৌকায় করিয় জ্ঞাত যাইবার সময় মনে হয়, তীরবর্তী বৃক্ষ সকল বিপরীত ভাবে চলিতেছে। এ স্থানে গমনশীন ব্যক্ষের যে জ্ঞান হইল তাহা ভ্রমাত্মক, প্রত্যক্ষ নহে। দেহাদির কোন পী ছা নিবন্ধন কোন বস্তার দর্শনে বাতিক্রম ঘটিলে তাহাও ভ্রাস্ত বিশিষ্মা প্রত্যক্ষ জ্ঞান হইবে না।

প্রত্যক্ষ চারিভাগে বিভক্ত হইয়াতে (১) ইন্দ্রিয়জ্ঞান, (২) মনোবিজ্ঞান, (৩) আত্মসংবেদন এবং
(৪) বোগিজ্ঞান।

চক্ষুরাদি ইন্দ্রিরপঞ্চকের কোন এক নীকে আশ্রন্থ করিয়া বাহ্যরূপাদিবিষয়ক যে প্রাত্তাক জ্ঞান হয়, তাহা ইন্দ্রিয়জ্ঞান।

প্রতাক্ষের মনোবিজ্ঞানর পাবে তেব, দিওনাগ-ধনকীর্ত্তিপ্রভৃতি বৌদ্ধাহার্য গণ উরেথ করিয়াছেন, তাহা পারিভাষিক ও আগনদির (বৃদ্ধবচনের অন্ধরেধে স্বীকৃত); বস্তুতঃ তাহার লৌকিক উপযোগিতা নাই। "খ্যাভাং ভিক্সবো রূপং দৃষ্ঠতে চকুর্বিজ্ঞানেন তদাকুটেন মনোবিজ্ঞানেনেতি।" (স্থায়-বিন্দুটীকাটিপ্রণী, পৃ ২৬)—এই বৃদ্ধ-বচনের অন্ধরেধে রূপাদি বাহ্থ-বিষয়ে ইন্দ্রিয় জ্ঞান হইতে সম্পূর্ণ বিভিন্ন মনোবিজ্ঞানে স্বীকৃত হইরাহে। কুনারিলাদি মীমাংসকগণ এই মনোবিজ্ঞানের অনেক দোষ বেথাইরাছেন। তাঁহারা বলেন, যদি ইন্দ্রিয়াহ্থ বটাদি মনোবিজ্ঞানের বিষয় হয়, তাহা হইলে গৃহীতগ্রাহিত্রপুক্ত তাহা অপ্রনাগই হইবে। যদি ইন্দ্রিয়-ব্যাপার নিরপেক্ষভাবে বাহ্যরূপাদি মনোবিজ্ঞানের দ্বারা গৃহীত হয়, তাহা হইলে জগতে অন্ধ-বিষর কেহ থাকিবে না; কারণ, চকুরণির অভাব থাকিলেও রূপাদি বিষর মনোবিজ্ঞানের দ্বারা গৃহীত হইবে। এই সমস্ত দোষ পরিহারের জন্ত ধমকীর্ত্তি (স্থায়বিন্দু, ১.৯) মনোবিজ্ঞানের এইরূপ লক্ষণ করিয়াছেন,—

[&]quot;প্রবিষয়ানস্তরবিষয়সহ কারিনে ক্রিয়জ্ঞানেন সমনস্তরপ্রতায়েন জনিতং তন্ননোবিজ্ঞানম্।"

তিনি বলেন, ইন্দ্রিয়-প্রত্যক্ষ ঘটপটাদির সন্তানে দিতীয়ক্ষণে যে অমুক্রপ ঘটপটাদি উৎপন্ন হর, তাহাই মনোবিজ্ঞানের বিষয়। দিতীয়ক্ষণে উৎপন্ন বস্তু মনোবিজ্ঞানের আলম্বন; কাজেই গৃহীতগ্রাহিত্বনায়ের প্রদন্ধ রহিল না। ইন্দ্রিয়গ্রাহ্ম বস্তুসন্তানের অন্তর্গত দিতীয়ক্ষণে উৎপন্ন বস্তুসী মানসপ্রত্যক্ষের বিষয় হয় বলিয়া ইন্দ্রিয়গ্রাহ্ম ইহার সমনস্তর কারণ হইয়া থাকে। অতএব অক্ষাদির ইন্দ্রিয়গ্রতান না থাকায় সমনস্তর কারণের অভাব বশতঃ মনোবিজ্ঞান সন্তব হয় না। ধর্মে তির বলেন,—"এতচ্চ সিদ্ধান্তপ্রসিদ্ধং মানসং প্রত্যক্ষম্। ন ত্বন্থ প্রসাধকমন্তি প্রমাণম্। এবং জাতীয়কং ভদ্বদি আর কল্চিদ্রোহং আদিতি বক্তাং লক্ষণমাখ্যাত্মস্তোতি।" (ভায়বিন্দু, পৃ ১১-১২)

"এই মানসপ্রত্যক্ষ দিদ্ধান্তপ্রদিদ্ধ—ইহার প্রসাধক প্রমাণ নাই, কিন্তু যদি ইহা এইরূপে (পূর্বোক্তরূপে) ব্যাখ্যাত হর, তাহা হইলে কোন দোবের প্রদন্ত নাই, ইহাই বলিবার জহ্ম মনোবিজ্ঞানের লক্ষণ কবিত হইরাছে।" শান্তরক্ষিত-কৃত তত্ত্বপংগ্রহে কিন্তু মানসজ্ঞানের কোন লক্ষণ নির্দিষ্ট হয় নাই, পঞ্জিকাকার কমলশীল ধর্মে। ত্তরের প্রতিধ্বনি করিরা বলিয়াছেন যে, মনোবিজ্ঞান সিদ্ধান্তপ্রশিদ্ধ বিশিল্প অর্থাৎ ইহার লৌকিক সার্থকতা না থাকায় গ্রন্থকার ইহা নিরূপণ করেন নাই।

(দিদ্ধান্তপ্রদিদ্ধত্বান মানস্ভ্রাত্র ন লক্ষণং ক্রতম — তত্ত্বসংগ্রহ, পঞ্জিকা, পূ ৩৯৬)

নৈয়ায়িকদিগের মানদপ্রতাক হইতে বৌদ্ধদিগের এই মনোবিজ্ঞান সম্পূর্ণ পৃথক্। তাই নামসাদৃশ্যে এক ভ্রম হইবার আশক্ষয়ে বিস্তৃত বিবরণ প্রদন্ত হইল। নৈয়ায়িক-সন্মত মানদপ্রতাক
বৌদ্ধদিগের স্বনংবেদনরূপ প্রত্যক্ষর অন্তর্গত; কারণ, বৌদ্ধমতে জ্ঞানমাত্রেই স্থপ্রকাশ স্বত
উপলব্ধ—তহার উপলব্ধির জন্ম অন্ত জ্ঞানের অপেক্ষা নাই। নৈয়ায়িকদিগের মতে জ্ঞান বিষয়কে
প্রকাশিত করিলেও স্থপ্রকাশে অক্ষম; জ্ঞানের উপলব্ধি অন্তব্যবদায়াদি জ্ঞানাস্তব্যের দারা সংঘটিত
হয়। ইহাই কটাক্ষ করিয়া ধর্মকীর্ত্তি বলিয়াছেন,—

"অপ্রত্যক্ষোপদস্কস্থ নার্থদৃষ্টি: প্রদিধাতি।"

मवर्मनमश्यह (वीक्रमर्गन)

বস্ত্রপ্রাহক চিত্ত ও চিত্তের স্থাদি অবস্থা সমূহের আপনা হইতে ধে জ্ঞান হয়, তাহাকে জ্ঞাত্মগংবেদন বা স্বদংবেদন প্রভাক্ষ বলে।

কোন যথার্থ বিষয় তিন্তা করিতে করিতে সমাধিযুক্ত যোগীর মনে দে বিষয়টী সম্বন্ধে যথন স্পষ্টজ্ঞান উৎপন্ন হর, তথন সেই বিকল্পশৃত অভ্রান্ত জ্ঞানকে বোগিজ্ঞান বলে। এই যোগিজ্ঞান সাহাযো মনুষ্মাত্রেই সর্ববন্ধর অপরোক্ষ জ্ঞানগাভ করিতে পারে, এবং এই জ্ঞানবলেই বৃদ্ধ সর্বজ্ঞ হইয়াছিলেন। মনুষ্মাত্রেরই বৃদ্ধত্বগাভ সম্ভবপর বলিয়া সর্বজ্ঞত্ব সকলেরই সাধনায়ত্ত। বৌদ্ধ-দিগের যোগিজ্ঞান স্বীক্রের ইছাই হেতু।

বৌদ্ধদিগের মতে প্রতাক্ষে বিষয়ের স্বলক্ষণের জ্ঞান হয়। সম্পূথে একটা ঘট দেখা মাইতেছে, এই ঘটে এমন একটা রূপ বা ভাব বিদ্যান রহিয়হে, মাহার জন্ম এটাকে পূর্বদৃষ্ট ঘটের সদৃশ বোধ করিয়া, ঘট বলিয়া চিনিতে অস্থবিধা হইতেছে না। যথনই যেখনে ঘট দেখিব, তখনই পূর্বদৃষ্ট সকল ঘটের সহিত তাহার ঐক্য দেখিতে পাইব। ইহাই হইল ঘটের সামান্তরূপ বা ঘটত্ব। ঘটটীর আবার একটা বিশেষরূপ আছে, মাহার জন্ম ঘটটী নিকটে থাকিলে স্পষ্ট প্রতিভাত হইবে আর দ্রে থাকিলে অপ্পষ্ট হইবে। নিকটে থাকায় স্পষ্টতা এবং দ্রে থাকায় অপ্পষ্টতা—ইহার কারণ হইল, ঘটের স্বলক্ষণরূপ। বৌদ্ধমতে স্থলক্ষণই হইল বস্তুর প্রকৃত স্বরূপ—তাহা পর্মার্থ সিৎ। অক্তরিম— অনারোপিতরূপযুক্ত হইয়া তাহা বিদ্যান থাকে, এবং তাহার দ্বারা আমাদের প্রয়োজন সিদ্ধ (অর্থক্রিয়াকারিত্ব) হয়। ঘটত্ব বলিলে নীল, পীত, শ্বেত, গোহিত, কোন ঘটকেই ব্যাইবে না। ঘটত্ববোধটী কল্পনামাত্র। যইঘটী কল্লিত ও অনৎ; ইহার অর্থক্রিয়াকারিত্ব নাই অর্থাৎ ইহার দ্বারা মান্তবের কোন প্রয়োজনসিদ্ধি হইতে পারে না। স্থলক্ষণ প্রত্যক্ষ জ্ঞানের বিষয়, আর সামান্তলক্ষণ অন্থান জ্ঞানের বিষয়।

বৌদ্ধদিগের মতে প্রমাণ ও প্রমান্তন এক আপাতদৃষ্টিতে হেতু ও ফল একই হইবে, ইহা বিসদৃশ মনে হয়। জৈন এবং ব্রাহ্মণাদার্শনিকগণ সবিশেষ যুক্তি প্রদর্শন দ্বারা ইহার প্রতিবাদ করিরাছের। তাহা হইবেও বৌদ্ধেরা হেতু ও ফলের এক ব কেন স্বীকার করেন, তাহা প্রনিধানযোগ্য। কোন একটা নীল পদার্থের দর্শন হওয়ায় নীলজ্ঞান প্রত্যাক্ষ হইল। বৌদ্ধেরা বলিবেন—এই নীলজ্ঞান প্রমাণ ও প্রমাণফল উভয়ই হইবে। এখন আপত্তি এই, একই বস্তু প্রমাণ ও প্রমাণফল—সাধ্য ও সাধক কিরপে হইবে পূ তাই বৌদ্ধদিগের কথা ভাল করিয়া বৃথিবার তেই। করা যাক্। বৌদ্ধেরা সাকার জ্ঞানবাদী; তাঁহাদের মতে নীলপদার্থের দর্শন করিলে নীলাকার—নীলসদৃশ এক জ্ঞান হয়; সেই নীলাকার জ্ঞান পীতাদি পদার্থের জ্ঞান হইতে বিভিন্ন যে নীলবোধরূপ জ্ঞান, তাহা বৃথাইয়া দেয়। কেবলমাত্র চক্ষু দ্বারা দেখিয়া আমরা নীলকে নীল বিলিয়া জানিতে পারি না, পরস্তু নীলসদৃশজ্ঞান হইতে নীলের জ্ঞানলাভ করি। নীলসাদৃশ্য বা নীলসার্কণ্য হইতে নীলবোধ অবগত হওয়া যায়। নীলসাদৃশ্য ও নীলজান ছইটা বিভিন্ন বন্ধ নহে (জ্ঞানাদ্যাতিরিক্তং সাদৃশ্যং, গ্রাম্বিন্দু পূ ১৫.১১)। যাহা নীলসাদৃশ্যরূপে গৃহীত হয়, তাহাই নীলবোধরূপে প্রতীত হয়; একই নীলপ্রত্যক্ষের ছইটা রূপ মাত্র। কাজেই একই বন্ধর একটা রূপ প্রমাণ, আর একটা প্রমাণফল—ইহাতে কোন বিরোধ নাই (তত একন্তা বন্ধন: কিঞ্চিজপং প্রমাণং কিঞ্চিৎ প্রমাণফলং ন বিরুধ্তে। স্বাম্বিন্দু পূ ১৫,২০-২১)।

6

অনুমান

দিও নাগ বলেন, হেতুর দারা কোন বিষয় জানার নাম অমুমান। (লিঙ্গাদর্থদর্শনমমুমানম্ অর্জিদ্ পূপার্ প নি তর্গন্ লন্দ্ দোন্ ম্থোও, ব'ও, Nyāyapraves'ন, §55) পর্বতে ধ্রম দেখিলাম; আমাদের অমুমান হইল পর্বতে বহ্লি রহিয়াছে। সাধ্য-বহ্লিবিশিষ্ট পর্বত পক্ষা, বহ্লি সাধ্যমর্ম ধূম হেতু। হেতুর তিনটী বিশেষ লক্ষণ থাকা চাই, নতুবা অমুমান দত্য হইবে না। সে তিনটী লক্ষণ এই—(১) পক্ষে হেতুর সন্ধ, অর্থাৎ অস্তিত্ব (২) সপক্ষে অর্থাৎ সাধ্যধর্মবিশিষ্ট স্থলে হেতুর সন্ধ এবং (৩) বিপক্ষে অর্থাৎ সাধ্যধর্ম বিজ্ঞিত স্থলে হেতুর অসন্ধ। উপরের উদাহরণটী লইয়া হেতুর তিনটী লক্ষণ মিলাইবার চেষ্টা করা বাক্। (১) পক্ষ-পর্বতে হেতু ধ্মের সন্ধ রহিয়াছে। (২) ধাহা কিছু সাধ্যধর্মবিশিষ্ট অর্থাৎ বহ্লিমান্ বলিয়া নিশ্চিত, তৎসম্পান্নই সপক্ষ, বেমন মহানস (পাকশালা); এই সপক্ষে ধ্মের সন্ধ রহিয়াছে। (৩) আর মহে। কিছুতে বহ্লির স্কার নিশ্চিত তাহাই বিপক্ষ, যেমন হালালি জ্যাশেয়; এই বিপক্ষে বহ্লির অভাব—অসন্ধ রহিয়াছে।

উদ্যোতকর এবং তাঁহার অনুসরণ করিয়া পরবর্ত্তী ব্রাহ্মণ্য-নৈয়ায়িকগণ উক্ত ত্রিবিধ লক্ষণের (পক্ষসন্ধ, সপক্ষসন্ধ এবং বিপক্ষাসন্ধ) সহিত "অবাধিতত্ব" ও "অসৎপ্রতিপক্ষত্ব" এই তুইটী লক্ষণ যোগ করিয়া পঞ্চলক্ষণাত্মক হেতু নির্দেশ করিয়াছেন। জৈনদিগের মতে 'অন্তথামুপপত্তি' একমাত্র লক্ষণই পর্য্যাপ্ত। তাঁহারা বৌদ্ধ ও ব্রাহ্মণ্য নৈয়ায়িকদিগের প্রতি কটাক্ষ করিয়া বলিয়াছেন,—

"বন্যথামূপপন্নত্বং যত্ৰ তত্ৰ ত্ৰয়েণ কিম্। ইতি বৌদ্ধান্ প্ৰতি" নন্যথামূপপন্নত্বং যত্ৰ তত্ৰ ত্ৰয়েণ কিম্। ইতি বৌদ্ধান্ প্ৰতি" "যৌগান্ প্ৰতি তু অক্তথামূপপন্নত্বং যত্ৰ কিং তত্ৰ পঞ্চতিঃ। নাস্তথামূপপন্নত্বং যত্ৰ কিং তত্ৰ পঞ্চতিঃ॥" ভাগমদীপিকা, পু ৩২।

এই ত্রিলক্ষণ হেতুর সাহায্যে আমরা মনে মনে যথন কোন অমুমান করিয়া থাকি, তাহার নাম স্বার্থাকুমান, আর শব্দ প্রয়োগ করিয়া অপরকে বোঝাইবার চেষ্টা করি, তাহার নাম পরার্থাকুমান। গৌতমের স্থায়স্থতে অমুমানর এইরূপ বিভাগ নাই। বৌদ্ধ নৈয়ায়িকগণ সম্ভবত: প্রথম স্বার্থ ও পরার্থ এই তুই ভেদে অমুমানবিভাগের কঞা বলেন। প্রশস্তপাদভায়ে এই দ্বিবিধ অমুমানের উল্লেখ আছে, কিন্তু এই ভাষ্য যে দিও নাগাদি বৌদ্ধাচার্যের পূর্ববর্তী, সে বিষয়ে কোনরূপ নিঃসংশ্র

প্রমাণ নাই। জৈনস্থারে এবং নব্যস্থারে এই দ্বিধি অমুমানের কথাই দেখিতে পাওয় যার। স্থার্থারুমান ও পরার্থারুমানে মৃগতঃ কোন ভেদ নাই, থার্থানুমান মানদিক —জ্ঞানাত্মক, আর পরার্থানুমান বাচনিক—শব্দাত্মক (পরার্থানুমানং শব্দাত্মকং হার্থানুমানং তুজ্ঞানাত্মকম। স্থায়বিন্দু, পু ১৭.৪)।

সাধ্যের সহিত হেতুর সম্বন্ধের দিক্ দিনা হেতুকে 'অন্ধুপনন্ধি', 'মভাব' ও 'কার্য' এই তিনভাগে বিভক্ত করা হইয়াছে। কোন স্থলে ঘট না দেখিতে পাইরা বলিনান, এস্থলে ঘট অবিদ্যানা, ষেহেতু ঘটের অন্ধুপনন্ধি হইতেছে; ইহা 'অন্ধুপনন্ধি' হেতুর উদাহরণ। 'মভাব' হেতু—ইহা একটী বুক্ষ, ষেহেতু ইহা শিংশা। শিংশা একপ্রকার বৃক্ষবিশেষ, ইহা আনাদের জানা আছে। যখন কোন কারণে বৃক্ষজ্ঞানে আমাদের সন্দেহ হয়, তথন যদি কেহ বলিয়া দেয় দে, সন্দিয়্ম বস্তুটীর নাম শিংশা, তথন তাহাকে বৃক্ষ বলিয়া অন্ধুমান করিতে কোনরূপ অস্থবিধা হয় না। 'কার্য' হেতুর উদাহরণ—এখানে অগ্নি রহিয়াছে, বেহেতু ধূম রহিয়াছে। ধূন অগ্নির কার্য; কার্য দেখিয়া কারণের অন্ধুমান করিলাম। ভায়বিন্দুকার ধর্মকীর্ত্তি, ম্বভাবানুপনন্ধি, কার্যানুপনন্ধি, বাগকামুপনন্ধি, মতাব্বিক্ষালালনি ইত্যাদি একাদশ প্রকারের অন্ধুপনন্ধির উদাহরণ দিয়াছেন, কার্যানুপনন্ধি প্রত্তিদালীর প্রথমাক্ত মতাবানুপন্ধিকি। সংগ্রহস্প্যান্তি। ভায়বিন্দু ২০০ কার্যানুপনন্ধি প্রত্তি দশানীর প্রথমোক্ত মতাবানুপনন্ধি, বিক্ষদ্ধান্ধি, কারণানুপন্ধি এবং মতাবানুপনন্ধি এই চারিটী প্রধান। অবশিষ্ট দাতিটী ইয়াদেরই অন্তর্ভুক্ত (গ্রাবন্ধের টীকা দারি এবং মতাবানুপনন্ধি এই চারিটী প্রধান। অবশিষ্ট দাতিটী ইয়াদেরই অন্তর্ভুক্ত (গ্রাবন্ধের টীকা সহিত্ব মত্ত্বিক, ১৯০৫, পূ ৪২০৪০)।

সাধ্য যাহাই ইউক না কেন তাহাদ্বারা কোন বিধি বা নিষেধ প্রকাশিত হুইবে। বিধিপ্রকাশক বা নিষেধপ্রকাশক সাধ্য বান দিলা অপর কোন সাধ্যের কল্পনা আমরা করিতে পারি না (সাধ্যশ্চ কশ্চিদ্বিধিঃ কশ্চিৎপ্রভিষেধঃ স্থায়বিন্দু পূ ২৪. ১৯-২০)। পূর্বোক্ত ত্রিবিধ হেতুর মধ্যে "কার্য" ও "স্বভাব" হেতু বিধিসাধক এবং "অনুপলব্ধি" নিষেধসাধক।

হেতুদারা সাধ্যনির্ণয়ের কথা বলা হইরছে; কিন্ত হেতুর দ্বারা কেন সাধ্যনির্ণয় হইবে তাহা বিশেষ ভাবে আলোচনীয় । ধরা ধাক্, মহানদে (পাকশালায়) প্রথম ধ্মের সহিত অগ্নি দেখিলাম। তাহার পর প্রনীপে ধ্ম ও অগ্নি একত্র দেখিলাম । আরও করেকবার ধ্ম ও অগ্নি এইরূপ এক জারগায় দেখিয়া আমাদের মনে একটা ধারণা হইল, ধ্মের সহিত অগ্নির একটা বোগ আহে, সাহচর্য আছে । ইহার পরও ষত বার ধ্ম দেখি, তত বার ধ্মের সহিত অগ্নি দেখি। অগ্নি নাই অথচ ধ্ম আহে, এরূপ কথনও দেখিতে পাইলাম না । পূর্বের ধারণা আরও স্কেপ্ট হইল। ভাবিয়া লইলাম, ধ্ম ও

অগ্নির মধ্যে নিয়ত সাহচর্য বা অবিনাভাব (অর্থাৎ ধৃম থাকিনে অগ্নি এবং অগ্নির অভাবে ধুমের অভাব) রহিরাছে। ইহার পর একবার দূর হইতে পর্বতশিখরে ধ্ম দেখিলাম। তথন পূর্বলক ধ্ম ও অগ্নির নিয়তদাহচর্যপ্রানের স্বরণ হইন; অনুমান করিলাম, পর্বতী অগ্নিমান্ বা পর্বতে অগ্নি রহিয়াছে। অস্থানটী অগ্নি ও ধ্মের নিয়তগাহতর্য জ্ঞানের উপর নির্ভর করি:তেহে। এখন ধ্ম ও অগ্নির নিয়ত সাহচর্য বা অবিনাভাব অর্থাৎ ধূন থাকিবে অগ্নি এবং অগ্নির অভাবে ধ্মের অভাব যে সকল সময়ে এবং দকল দেশে দত্য ইইবে তাহার হেতু কি ? পূর্বে কোথাও অগ্নিবিহীন ধৃম দেখা যায় না বলিয়া যে ভবিষ্যতে কোথাও দেখা ষাইবে না, তাহার কোন নিশ্চয় নাই। ধুম ও অগ্নির একতা অবস্থান সম্ভাবনামাত্র। এইরূপে অবিনাভাব অনিশ্চিত —অপ্রমাণ হওয়ায় অনুমান অপ্রমাণ হইয়া পড়ে। যাঁহারা অহুমানকে প্রামণ বলিয়া স্বীকার করিতে চান না, তাঁহারা অনুনানের বিরুদ্ধে এই আপত্তি দেন (জুলনীয়-অধারুমানং ন প্রমাণম - শৃতশঃ দহচরিতয়োরপি বাভিচারোপলকোণ্ট লোকে ধুমাদি-দর্শনানস্তরং বহু্যাদিব্যবহার*চ সম্ভাবনামাত্রা২...তত্বচিস্তামণি—অনুমিতিখণ্ড, Bib. Indica, প্ ২১-২২)। বৌদ্ধ নৈয়াপ্লিকেরা ইহার উত্তরে বলিবেন—হে হুও সাধ্যের মধ্যে যদি এমন কোনরূপ সম্বন্ধ দেখিতে পাওরা যায় যে, হেতুধর্ম সাধাধর্ম হইতে উৎপন্ন (তত্ত্ৎপত্তি) অথবা হেতুধর্ম সাধাধ্যের স্বভাব (তাদাম্মা) তাহা হইলে ৫ তুর দারা দাধানি বি মদস্ভব নহে। যে বস্ত যাহা হইতে উৎপন্ন হয়, দেই উৎপন্ন বস্তুটী কোন স্থানে বর্তমান থাকিলে তাহার দেই উৎপাদক বস্তুও তথায় না থাকিয়া পারে না। অগ্নি হইতে ধুম উৎপন্ন হয়, ইহা সতা হইলে যেখানে ধুম থাকিবে, সেখানে অগ্নি নিশ্চরই পাকিবে—কারণ ব্যতিরেকে কার্য হইতে পারে না। হেতু সাধ্যের স্বভাব হইলেও সাধানিশঁয়ে কোন বাধা থাকিতে পারে না। যাহা শিংশপা, তাহা বৃক্ষ না হইয়া পারে না। বিনি বাংশাদেশের अधिवामी, जिनि ভाরতবর্ষেরও अधिवामी। धर्मकीर्छि विनेषाहिन,—

> কার্যকারণভাবাদ্ বা স্বভাবাদ্ বা নিয়ামকাৎ । অবিনাভাবনিয়মোহদর্শনার ন দর্শনাৎ ।

> > मर्वनर्गनमः शह, वोक्षनर्गन।

'কার্যকারণভাব অথবা স্থভাব— ইইএর কোন একটা হইতে (ছইটা পদার্থের মধ্যে) অবিনাভাব সম্বন্ধ স্থির হয়। কেবলমাত্র (ছইটা পদার্থের) একবংক অবস্থানের দর্শন বা অদর্শনের দ্বারা অবিনাভাব নির্ণিয় হয় না'। অম্বন্ধ ও ব্যতিরেকের হারা অবিনাভাবের অবধারণ হয়, ইংগ বলিলে সাধ্য ও হেতুর মধ্যে কথনও ব্যভিচার থাকিবে না এরূপ নিণ্চন্ন হয় না, কারণ অতীত, ভবিষ্যৎ, এবং বর্ত্তমানে ধাহা প্রভাক্ষতঃ দেখা ঘাইতেছে না—এরূপ স্থলে বে ব্যভিচারের আশকা আছে, তাহা নিবারিত ইইবার উপায় কি ? হেতু ও সাধ্যের কার্য-কারণ সম্বন্ধ দেখাইতে পারিলে

ব্যভিচারের আশকা থাকে না। কারণ ভিন্ন কার্য হইতে পারে, এরপ আশকা স্বতঃই নিবৃত্ত হয়; কারণ ইহা অসম্ভব করনা (ব্যাবাত) এবং যতক্ষণ অবধি না এই অসম্ভব করনা আসিয়া পড়ে, ততক্ষণ আশকা করা যাইতে পারে (ব্যাবাতাবধিরাশকা)।

এই তহৎপত্তি বা কার্যকারণভাব উপলব্ধি এবং অমুপলব্ধিপঞ্চকের দ্বারা হইয়া থাকে। উৎপত্তির পূর্বে কার্যের (১) অমুপলব্ধি, কারণের (২) উপলব্ধির পর, কার্যের (৩) উপলব্ধি, এই কার্যের উপলব্ধির পর কারণের (৪) অমুপলব্ধি, আধার কার্যের (৫) অমুপলব্ধি, তুইবার উপলব্ধি এবং তিনবার অমুপলব্ধি—উপলব্ধি ও অমুপলব্ধিতে মিলিয়া এই পাঁচটী কারণ সমষ্টি (পঞ্চকারণী) হইতে ধূম ও বহ্নির কার্য-কারণভাব নিশ্চম হয়। এইরূপে তালায়া বা মভাব নিশ্চমের দ্বারাও অবিনাভাবের নিশ্চম হয়। যদি শিংশপার (বৃক্ষবিশেষ) বৃক্ষত্ব অপগত হয়, তাহা হইলে তাহার শিংশাপায়ও অপগত হয়, বিশেনসংগ্রহ—বৌদ্ধদর্শন)।

বৌদ্ধ নৈয়ায়িকেরা যে অবিনাভাব—প্রতিবন্ধ বা ব্যাপ্তি লইয়া এত আলোচনা করিয়াছেন, তাহার কোন স্পষ্ট ইঙ্গিত স্থায়স্থত্তে পাওয়া যায় না। সাধর্মা ও বৈধর্ম্য মূলক হেতু এবং দৃষ্টাস্তের দ্বারা সাধ্য নির্ণয়ের কথা আছে মাত্র। দৃষ্টাস্তমূলক অফুমানকে ব্যাপ্তিমূলক করিয়া তোলাই স্তায়-মালোচনার ক্ষেত্রে দিঙ্নাগাদি বৌদ্ধাচার্যগণের পরম ক্বতিত্ব। বাৎস্তায়ন ব্যাপ্তির কথা স্পষ্টতঃ কিছু না বলিলেও, হেতু ব্যাখ্যান কালে (স্থায়স্ত্র ১৷১৷৩৪-৩ঃ) সুধ্য ও হেতুর মধ্যে ব্যাপ্তি-স্বচক একটী বাক্য সাধৰ্ম্য ও বৈধৰ্ম্য উভয় প্ৰকার হেতুর সহিত গোজিত করিয়া দিয়াছেন। তাঁহার সতে সাধর্ম্য হেতুর রূপ,—"শব্দ অনিতা, মেহেতু শব্দ উৎপত্তিধর্মক, যাহা উৎপত্তিধর্মক ভাহা অনিতা"। বৈধর্মা হে হুর রূপ,—"শব্দ অনিতা, মেহেতৃ তাহা উৎপত্তিধর্মক; যাহা অমুপত্তিধর্মক তাহা নিত্য যেমন—মাস্মা" (উৎপত্তিধর্মকত্মাদিতি। উৎপত্তিধর্ম ইমনিতাং দুষ্টমিতি ৷… অনিতাঃ শব্দ উৎপত্তিধর্ম কথাৎ, অমুৎপত্তিধর্ম কং নিতাং যথা আত্মাদি দ্রবামিতি)। বাৎস্থায়নের এইরূপ হেতু প্রদর্শনে আমরা ব্যাপ্তির একটু আভাদ পাইলাম। কিন্তু ইহা শক্ষ্য করিবার বিষয় এই যে, বাৎস্থায়ন বৈধমর্গ হেতুর প্রয়োগে যে ব্যতিরেক বাক্যের—"যাহা অমুৎপত্তিধর্ম ক (উৎপত্তিধর্ম ক নহে), তাহা নিতা (অনিতা নহে)" প্রয়োগ করিয়াছেন, তাহা বৌদ্ধ নৈয়ায়িকগণের মতে 'বিপরীত্রাতিরেক' নামক দৃষ্টাস্তাভাদ (স্থায়বিন্দু, ৩.১৩৬)। ব্যতিরেক বাক্যে সাধ্যাভাবে হেত্বভাব প্রদর্শনীয় (স্তায়প্রবেশ, ১ম ভাগ, পূ ২) এই নিয়ম অমুদারে উক্ত বাকাটীর "যাহা নিতা (অনিতা নহে) তাহা অমুৎপত্তিধর্মক (উৎপত্তিধর্মক নহে)"—এইরূপ আকার হওয়া উচিত ছিল। বাহাই হউক, বাৎস্থায়নের হেতুব্যাখ্যান হইতে

বোঝা গেল, তাঁহার সময় ব্যাপ্তির কথা উঠিয়াছিল মাত্র, ব্যাপ্তিবাদের বিশেষ উৎকর্ষ সাধিত হয় নাই।

অতুমানের সম্বন্ধে নানা কথার আলোচনা হইগাছে। এখন অনুমান্দটক বাক্য বা 'অবন্ধব'-শুলির সবিশেষ পরিচয় পাঙ্যা দরকার।

- (১) শব্দ অনিত্য · · · পক্ষ
- (৩) যেমন খ ট

যাহা নিত্য (অনিত্য নাহ) তাহা অক্কতক · · বিংমা দৃষ্টাস্ত

বৌদ্ধ নৈয়ায়িকগণ সাধারণতঃ পক্ষ-হেতু-দৃষ্টাস্ত—এই তিনটী অবয়া স্বীকার করেন। ধর্মকীর্বির মতে পফনিদেশের ততটা আবশুকতা নাই (দ্বরোরপানয়োঃ প্রয়োগে নাবশুং পক্ষনিদেশঃ—ভায়বিন্দ্, ৩.৩৬)। 'উপনয়' ও 'নিগমন' তাঁহাদিগের মতে পুনক্ষিন্দান্ত, নির্থক।

বৌদ্ধ নৈয়ায়িকদিগের মতে বাহা 'পক', গৌতম তাহাকে 'প্রতিজ্ঞা' বলিয়াছেন। জিতারি তদীর 'হেতৃতদ্বোপদেশে' (গতন্ছি গ্লৃ বিচা দে খোন ঞিল্ ব্তুন্প। মূল সংস্কৃত পাওয়া যায় নাই; তিবতী অনুবাদ রহিয়াছে) এইভাবে পক্ষের লক্ষণ করিয়াছেন,—প্রসিদ্ধ অর্থাৎ বন্ধতঃ বিদ্যমান (যাহা অলীক নহে) ধর্মের সহিত সংযুক্ত, বাদীর নিজের সাধ্যরূপে উপ্সিত (বাদী যাহাকে ব্রয়ং সাধন করিবার ইচ্ছা করিয়াছেন) এবং বন্ধতঃ বিদ্যমান যে ধর্মী তাহাকে 'পক্ষ' বলে; দেমন শব্দ অনিতা। অনিতাতা একটী প্রসিদ্ধ ধর্মী, আর শব্দও একটী প্রসিদ্ধ ধর্মী, উভরেই বস্কতঃ বিশ্যমান—মনীক নহে, শব্দরূপ প্রসিদ্ধ ধর্মী অনিতাতারূপ প্রসিদ্ধ ধর্মী বিশিষ্ট হইয়াছে। শব্দের অনিতাতঃ বাদীর অভিপ্রেত, এবং ইছা প্রত্যক্ষ বা অনুমান প্রমাণের বিরোধী নহে। কাজেই 'শব্দ অনিতা' একটী অনুষ্ট পক্ষের উদাহরণ।

যদি কোন বানী বলে 'শব্দ অশাবণ' (শ্রবণেন্দ্রিপ্রঞাহ্য নহে), তাহা পক্ষ ইইবে না।
শব্দকে শ্রবণেন্দ্রিপ্র ছারা প্রহণ করি, প্রত্যক্ষতঃ শব্দকে শ্রবণেন্দ্রিপ্রাহ্য বলিয়া জানি। তাই 'শব্দ
অশাবণ' বলিলে প্রত্যক্ষ-বিরোধ হয়। কাজেই প্রত্যক্ষবিক্ষ বলিয়া উহা পক্ষ ইইল না।
(ভত্র পক্ষঃ প্রদিদ্ধো ধর্মী প্রেদিদ্ধবিশেষণেন বিশিষ্টঃ স্বয়ং সাধ্যিতুম্ ইষ্টঃ প্রত্যকাদ্যবিক্ষয়ঃ শদে
ল ক্যোগ্স্ নি রব্ তু প্রত্ব, প'ই ছোস্ চন্ নো। রব্ তু প্রত্ব প'ই খাদ্
পর্ পিয় বেয় ব্রগ্ ব্দগ্ ঞিদ্ স্গ্রুব, পর্ 'দোদ্ প ম্ঙোন্ স্বম্ ল দোগ্স্
প পর্ পি মেদ্ প ইন্ তে। ভাজুর, ম্দো, সে. ৩৪৫ক ২-৩)।

হেতুর সম্বন্ধে অনেক কথা পূর্বে বলা হইয়াছে।

দৃষ্টান্ত বিবিধ; সাধর্মা দৃষ্টান্ত এবং বৈধর্মা দৃষ্টান্ত। দিওনাগ প্রভৃতি বৌদ্ধ নৈয়ায়িকগণ দৃষ্টান্ত উল্লেখ করিবার সময় হেতৃ ও সাধ্যের আপ্তি প্রদর্শন করিয়াছেন। পূর্বোক্ত অমুমানের উদাহরণটার প্রতি দৃষ্টি করিগেই বোঝা ঘাইবে, দৃষ্টান্তের সহিত সাধর্মা বা বৈধর্মা বশতঃ হেতৃ সাধ্যের গমক হয় না, পরস্ত হেতৃ ও সাধ্যের মধ্যে ব্যাপ্তি বশতঃ হেতৃ সাধ্যের গমক হয়; দৃষ্টান্ত সেই ব্যাপ্তিজ্ঞানের গ্রহণ হয় মাত্র।

পরবর্তিকালে বৌদ্ধ নৈয়ায়িকদিগের মধ্যে যথন অন্তর্ব্যাপ্তির কথা উঠিল, তথন তাঁহারা আর দৃষ্টাস্কের প্রয়োজনীয়তা স্থীকার করিলেন না। হেতু ও দাধ্যের মধ্যে অবিনাভাব সম্বন্ধ স্থির হুইলেই অন্থান হুইতে পারে। স্বল্পন্ধি ব্যক্তির জন্ত অন্থানে দৃষ্টাস্তের অপেক্ষা থাকে (তন্মাদ্ ব্যদনমাত্রং বহির্ব্যাপ্তিগ্রহণে বিশেষেণ সত্তে হেতে) কেবলং জড়ধিয়াম্ এব নিয়মেন দৃষ্টাস্তদাপেক্ষঃ সাধনপ্রস্লোগঃ পরিতোষায় জায়তে। তেথানেরাক্মগ্রহার্থম্ আচার্যো দৃষ্টাস্তম্ উপাদত্তে। যৎ সৎ তৎ ক্ষণিকং যথা ঘট ইতি। পটুনতয়্মস্ত নৈবং দৃষ্টাস্তম্ অপেক্ষস্তে। অন্তর্ব্যাপ্তিসমর্থন; Six Buddhist Nyāya Tracts, পৃ ১১২)।

জৈন নৈয়ান্বিক সিদ্ধদেনদিবাকরও বলিয়াছেন,— অন্তর্ন্যাপ্তৈয়ব সাধ্যস্ত সিদ্ধের্কহিকনাহাতিঃ। ব্যর্পা স্তান্তদসদ্ভাবেহপ্যেবং স্তান্নবিদো বিহঃ॥ ন্যাধাবতার, ২০।

অন্তর্ব্যাপ্তি দ্বারা সাধ্যের দিদ্ধি হওয়ায় উদাহরণ নিরর্থক। আরু অন্তর্ব্যাপ্তি না থাকিলে উদাহরণের দ্বারাও সাধ্যদিদ্ধি হয় না, কাজেই উদাহরণ উভয়তঃ নিরর্থক।

পক্ষা, হেতু ও দৃষ্টাস্ক— সমুমানের এই যে তিনটী অঙ্গ বা অবয়বের কথা বলা হইল, তাহার কোন একটাতে দোষ রহিয়া গেলে, অমুমানেও দোষ রহিয়া থাইবে। এই ছষ্ট অমুমানকে 'অমুমানাভাগ' বলে। অমুমানাভাগ ত্রিবিধ; পক্ষে দোষ থাকিলে, 'পক্ষাভাগ'; হেতুতে দোষ থাকিলে, 'হেত্বাভাগ'; আর দৃষ্টাস্কে দোষ থাকিলে 'দৃষ্টাস্কাভাগ'। গৌতমের আয়স্ত্ত্রে হেত্বাভাগের উল্লেখ আছে, কিন্তু পক্ষাভাগ বা দৃষ্টাস্কভাগের উল্লেখ নাই। আয়মঞ্জরীকার জয়স্ক বলেন, পক্ষদোষ অর্থাৎ পক্ষাভাগ এবং দৃষ্টাস্কাদাৰ অর্থাৎ, দৃষ্টাস্কাভাগ হেতুদোষ বা হেত্বাভাগের অন্তর্গত।

(যে চৈতে প্রভাক্ষরিক্ষতাদয়ঃ পক্ষদোষাঃ যে চ বক্ষ্যমাণাঃ সাধনবিকলত্বাদয়ো দৃষ্টাস্কদোষাত্ত বস্তুস্থিত্যা সর্বে হেতুদোষা এব প্রপঞ্চমাত্রং তু পক্ষদৃষ্টাস্কদোষবর্ণনম্ !·····

অত এব চ শাস্ত্রেংশ্মিন্ মুনিনা তত্ত্বদর্শিনা। পক্ষাভাগাদয়ো নোক্তা হেত্বাভাগান্ত দর্শিতাঃ॥

श्राधमकत्री, প ৫०२।

বৌদ্ধ নৈয়ায়িক জিতারি হেতৃতত্ত্বাপদেশে বলিয়াছেন,— (গৌতমাদি) পরকলিত 'পূর্ববং', 'শেষবং' ও 'সামান্ততোদৃষ্ট' অফুমান অফুমানাভাস, কারণ 'তাদাত্মা' বা 'তহুৎপত্তি' সম্বন্ধ দারা ব্যাপ্তিনির্ণার হয় নাই। (কীদৃশা অফুমানাভাসাঃ, পূর্ববং, শেষবং, সামান্ততোদৃষ্টপেতি পরকলিতানি সবাণি অফুমানানি অফুমানাভাসাঃ, তেখাং তাদাত্মাতহুংপত্তিলক্ষণেনাপ্রতিবন্ধাং = জেন্ স্থ দ্পগ্ প শৃতর্ স্বঙ, ব চি 'দ্রু প শি.গ. চে ন। নৃঙ ম দঙ, ল্দন্ প দঙ, ল্হগ্ ম দঙ, ল্দন্ প দঙ,। শিলা ম্থোঙ, ব স্তো। গ্শান্ গিয়ন্ বর্তগ্রন্ প'ই র্জেন্ স্থ দ্পগ্ প থম্ন্ চদ্ নি র্জেন্ স্থ দ্পগ্ লতর্ স্বঙ, ব ইন্ তে। দে র্নমন্ল দে'ই ব্নগ্ ঞিদ্ দঙ, দেলন্ ব্যুঙ, প'ই মৃছন্ ঞিদ্ কিয়ন্ 'ব্রেল্ব মেদ্ প'ই ফিয়ব্ রো। তাঞ্র, ম্দো, ই দে. ৩৫৪খ ২-৩)।

কোন কোন বৌদ্ধ নৈয়াহিবের মতে অনুমানাভাদের সংখ্যা প্রায় দশসহস্র; পক্ষাভাস ৯২১৬, হেছাভাস ১১৭ এবং দৃষ্টাস্তাভাস ৮৪, মোট ৯৪১৭ (Hindu Logic as preserved in China and Japan, পূ ৫৯)। ভাষপ্রবেশে নম্ন প্রকার পক্ষাভাস, চৌদ্দ প্রকার হেছাভাস (অসিদ্ধ ৪, অনৈকান্তিক ৬, এবং বিরুদ্ধ ৪) এবং দশ প্রকার দৃষ্টাস্তাভাদের উল্লেখ রহিয়াছে। মহামহোপাধ্যায় সতীশচন্দ্র বিদ্যাভূষণ তদীয় বৌদ্ধভাম শীর্ষক প্রবন্ধে ভাষপ্রবেশ ও ভাষবিন্দ্র উলিখিত পক্ষাভাসাদির বিবরণ দিয়াছেন। (সাহিত্য-পরিষৎ-পত্রিকা, একবিংশভাগের বৌদ্ধভাষ প্রবন্ধ দ্বন্ধীয় ।

এই প্রবন্ধ রচনায় প্রাপাদ অধ্যক্ষ শীর্ক বিধুলেখর শাল্পী ও অধ্যাপক শীর্ক সাতকড়ি মুখোপাধ্যায় মহাশয়বয়ের
নিকট বিশেষ উৎসাহ ও সহায়তা পাইয়াছি। কৃতক্ষতার সহিত এখানে তাহায় উল্লেখ করিতেছি।

মস্তব্য

						•	194)
তিব্বতী অক্ষরের বাঙ্গালা প্রত্যক্ষর—							
	অ	R	উ	এ	છ	•••	(স্বর্বর্ণ)
	আ	त्रे	উ	ঐ	છે	•••	(সংস্কৃত শক্ষে জন্য)
	ক	থ	গ	ঙ			
	Б	ছ	ङ्	ঞ		•••	পশ্চিম বঙ্গের মত উচ্চারণ
	₽.	ছ.	জ্			•••	পূব্ৰক্ষের মত (=ts, ts-h, dz)
	ট	ş	ড	9		•••	(সংস্কৃত শব্দে আগত)
	ত	থ	4	ન			
	প	क	ব	Ą			
	ঘ	ঝ	G	ध	<u>9</u>	•••	(কেবল শংস্কৃত শক্ষে আসে)
	য়	র	ল	ৱ			
		*	স্				
		ষ				•••	(মাত্র সংস্কৃত শব্দে আদে) .
		₩.	স্.			•••	(সংস্কৃত তালব্য শ=s´, ইংরেজী sh, এবং সংস্কৃত
							ने छ। म = s, हेश्तिको hiss मास्मात ss — हेरामित
							ঘোষবৎরূপ; শ. = ঘোষ শ = z, স. = ঘোষ স
							$=z$; উচ্চারণে যথাক্রমে $zh \otimes z$)
		হ				•••	(সংস্কৃতব ং)
		,				•••	(তিব্বতীয় বিশিষ্ট ধ্বনি, glottal stop, আৰ্বীর
							alif hamzah — কণ্ঠনালীতে উচ্চারিত স্পৃষ্ট
							श्व नि)

শ্রীত্বর্গাচরণ চট্টোপাধ্যায়

বিশেষ দ্রান্তব্য :— গ্রান্থের স্থল নির্দেশে পূ (= পৃষ্ঠার) উল্লেখ না থাকিলে সংখ্যাপ্তলি যথাসম্ভব অধ্যায়, আন্ধিক, স্থান্ধ, শ্লোকাদির জ্ঞাপক হইবে।

শ্রদ্ধাপাদ অধ্যাপক শ্রীযুক্ত ফুনীতিকুমার চট্টোপাধ্যার, এম. এ., ডি. লিট. মহাশরের নিদে শাকুসারে তিকাতী অকরের বালালা প্রত্যক্ষর ব্যবহৃত হইরাছে।

প্রাচীন বঙ্গে বেদ-চর্চা

বাঙ্গালী বিদ্যার্থিগণের বেদ চর্চায় শৈথিলা দেখিয়া একজন বিখ্যাত পণ্ডিত 'মিত্রগোষ্ঠা' পত্রিকার লিখিরাছিলেন,—বঙ্গদেশের জগ-বায়ু বেদ-বিদ্যা প্রশারের অন্তক্ ন নহে। তিনি অবশ্য বর্ত্তমানকালের অবস্থা দর্শনেই আক্ষেপ করিয়াছিলেন। প্রাচীনকালেও বাঙ্গালীর মনীয়া যথোচিতরূপে বেদালোচনার নিয়োজিত হইয়াছিল কি না, তাহা এখনও নির্ণাত হয় নাই। বঙ্গের বিশিষ্ট প্রতিভার নিদর্শনস্বরূপ বে-সকল প্রস্থ আমাদিগের হস্তগত হইয়াছে, তাহার মধ্যে বৈদিক প্রস্থের সংখ্যা অধিক নহে। গুণবিষ্ণু, হলায়ুধ, রামনাথ, রামক্রম্থ প্রভৃতি কয়েকজন বঙ্গীর পণ্ডিত নানাবিধ গৃহ্য কর্ম্মের উপযোগী বৈদিক মন্তগুলির উপর ভাষা রচনা করিয়াছিলেন। এই ভাষাকারগণের প্রস্থে বেদ-জ্যানের যে পরিচয় পাওয়া যায়, এবং প্রাচীন প্রস্থ, লিগালিপি, তাম্রশানন প্রভৃতি লেখসমূহে বাঙ্গালা দেশে বেদ-চর্চার যাহা কিছু নিদর্শন লক্ষিত হয়, এই প্রবন্ধ তাহার আলোচনা করিব এবং বাঙ্গালী পণ্ডিতগণ প্রাচীনকালে বেদবিদ্যায় কতদ্র অগ্রসর ইইয়াছিলেন, তাহা নির্গন করিতে চেষ্টা করিব।

বাঙ্গালায় বৈদিক ধর্মের প্রথম প্রবেশ

বিভিন্ন বৈদিক এন্থের আভ্যন্তরীণ প্রমাণ হইতে দিছান্ত করা হয় যে, পঞ্জাব ও তাহার পার্যবর্ত্তী প্রদেশের গন্ধান, কেকয় ও মন্ত্রজাতির মধ্যে এবং মধ্যদেশের কুরু ও পঞ্চাল জাতির মধ্যে বৈদিক সভ্যতা প্রথম বিকাশ লাভ করে এবং তাহার পর বেদপন্থী আর্য্যগণ ধীরে ধীরে ভারতবর্ষের পশ্চিম হইতে পূর্ব্বদিকে অগ্রসর হইয়া নৃতন অধিকৃত দেশসমূহে বৈদিক ধর্ম প্রবর্ত্তন করেন। এই দিছান্ত অনুসারে মগধ, অঙ্গ, বঙ্গ প্রভৃতি প্রাচ্য দেশসমূহে উত্তরকালে বেলাচার প্রবর্তিত হইয়াছিল।

[ু] এই সম্বন্ধ নিম্নলিবিত পঞ্চিতগণের আলোচনা ক্রষ্টবা !—

Keith, Cambridge History of India, vol. 1, pp. 79-81; Hopkins, Journal of the American Oriental Society, vol. xix, pp. 19-28; Pischel and Geldner, Vedische Studien, vol. 11, p. 218; vol. 111, p. 1524; Macdonell and Keith, Vedic Index, vol. 1, p. 468; Suniti Kumar Chatterji, Origin and Development of the Bengali Language, p. 43.

অথবর্ধ বেদের একটি মস্ত্রে (৫।২২।১৪) একজন ঋষি প্রার্থনা করিয়াছেন—"জররোগ (তক্সন) এদেশ হইতে প্রস্থান করিয়া অদুরবর্ত্তী অন্ধ্য ও নগধদেশ আক্রমণ করুক।" এই উক্তি হইতে অন্থ্যান করা হয় ধে, বিধর্মার অধিক্বত দেশ বলিয়াই অঙ্গ ও মগধের প্রতি মধ্যদেশীয় বৈদিক ঋষির বিদেষভাব ফুটিয়া উঠিয়াছে। বঙ্গদেশ, অঙ্গ ও মগধ অংশক্ষা আর ও পূর্বের অবস্থিত, স্কৃতরাং এই ছই দেশ অতিক্রম না করিয়া বৈদিক ধর্ম অবশ্রুই বাঙ্গালায় প্রবেশ লাভ নরিতে গারে নাই।

শতপথব্রাক্ষণে বর্ণিত আছে যে, বিদেঘ নাথব বৈদিক সভ্যতার কেন্দ্রভূমি সরস্বতীতীর হইতে যাত্রা করিয়া সদানীরা নদীর অপর পারে বিদেহ দেশে অর্থাৎ বর্ত্তমান বিহার প্রদেশের উত্তরাংশে আগমন করেন। এই আখ্যানকেই বৈদিক আর্য্যগণের উক্ত প্রদেশ অধিকারের বর্ণনা বিশ্বাগণ্য করা হয়। এতরেয় আরণ্যকে বেদধর্মের উল্লন্ত্র্যকারীরপেই বন্ধ, বগধ ও চেরপাদগণের প্রাচীন গ্রন্থে বন্ধদেশের নিন্দা উল্লেখ আছে। বাধারন-ধর্মান্থত্রে কয়েকটি নিষিদ্ধ দেশের নাম উল্লেখত আছে। তাহার মধ্যে পুণ্ডু ও বন্ধের নাম দেখা যায়। উত্তর বন্ধের এক অংশের প্রাচীন নাম পুণ্ডু এবং আর্থুনিক পূর্ব্য বন্ধই প্রোচীন বন্ধভূমি। উর্ব্য করা বাদিশে গ্রন্থে বন্ধভূমি বিহিত হইয়াছে। গ্রাষ্ট-পূর্ব্য চতুর্থ শতকে বৌধায়নের কাল নির্দিষ্ট হয়। দেই সময়েও বন্ধভূমি বেদাচার-বহিভূতি দেশ বনিয়া পরিগণিত ছিল, এইরূপ মনে করা যাইতে পারে। আদিপুরাণেও তীর্থ্যাত্রা ব্যতীত বন্ধদেশে গমন নিষিদ্ধ হইয়াছে।

২ কেহ কেহ মনে করেন বে, অভি প্রাচীন কাল হইতেই ভারতের পূর্বাংশেও বৈদিক ক্ষিণ্ডের আধিপতা স্থাপিত হইয়াছিল। "By the time of the Atharvaveda...the occupation of Eastern India must have been completed."—H. C. Chakladar, Modern Review, 1936, p. 44.

৩ শতপথব্ৰাহ্মৰ ১/৪/১/১৪ /

প্রজা হ তিল্রো অত্যায়নীয়ুরিতি। যা বৈ তা ইনাঃ প্রজান্তিল্রে। অত্যায়নায়য়্তানীমানি বয়াংসি বঙ্গা বর্গধাশ্চেরপাদঃ:—ইতরেয় আয়ণ্যক ২।১।১:৫। কিন্তু সায়ণাচার্য বঙ্গ, বগণ ও চেরপাদ শব্দের অন্যরূপ অর্থ করিয়াছেন।

আরটান্কারস্করান্পূঞ্ান্নৌবীরান্বজান্কলিজান্ প্রাম্নিতি চ গছা প্রভোমেন বজেত সর্কপৃষ্ঠরা
 বা ।—বৌধায়নধর্মায়্র ১।১।৩০।

[•] Nundo Lal Dey, Geographical Dictionary of Ancient and Midiaval India, p. 22.

অঙ্গংককলিকেবু সৌরাইবগধেষু চ। বিনা ঝানাং তু যো গচেছৎ পুনঃ সংস্কারমর্হতি ॥

[—]মিত্রমিত্র-কৃত 'বীরমিত্রোদর' গ্রন্থের সংক্ষারপ্রকাশে (চৌধাখা সংকরণ, পূ es b) উদ্ধৃত গ্রাদিপুরাণ।

উপরে প্রদর্শিত শ্রৌত ও সার্ত্ত গ্রন্থে বাঙ্গালাদেশের নিন্দাস্থ্যক উল্লেখের দ্বারা অস্থমান করা বাইতে পারে বে, এই দেশ পূর্ব্বে অবৈদিক আচার গ্রহণের জন্ম বেদাচারের বিকাশভূমি মধ্যদেশের অপাত্তক্তের ছিল। মহাভারত (আদি, ১০৪ অধ্যায়), বায়ুপুরাণ (৯৯ অঃ) ও মৎস্থাণে (৪৮ অঃ) বর্ণিত আছে বে, অস্থররাজ বলির পাঁচ পুত্রের নাম হইতে মঙ্গা, বঙ্গা, পুঞ্জু স্কন্ধা ও কলিঞ্চ এই পাঁচ দেশের নামকরণ হইয়াছে। বঙ্গাদেশে অস্থর-

বঙ্গে অবৈদিক ধর্ম্মের প্রভাব প্রভাবের নানারূপ নিদর্শন আছে। দিনাজপুর জেলায় বাণগড় বা দেবীকোটনামক স্থানে অস্কুররাজ বাণের রাজ্ধানী ছিল, এইরূপ অমুমান

করা হয়। হয়ত এই অস্তরগণ বিরুদ্ধাচরণ করাতেই প্রাণ্টানকালে বঙ্গে ব্রাহ্মণ্য ধর্ম শক্তিশালী হইয়া উঠিতে পারে নাই। প্রীষ্টজন্মের বহুশত বৎসর পূর্বে স্থান্ধে প্রজ্ঞান ও পূঞ্জু অর্গাৎ পশ্চিম ও উত্তর বঙ্গে জৈন ধর্ম প্রবল প্রতাপে বিস্তার লাভ করিয়াছিল, তাহাও বিভিন্ন জৈন প্রস্থের উক্তি হইতেই প্রমাণিত হয়। প্রথক্তিমান জৈনধর্ম্ম এবং প্রতিবেশী রাজ্য মগধে প্রচারিত বৌদ্ধধর্ম, এই জুই অবৈদিক ধর্ম্ম অবশুই বঙ্গানেশ বেদাচার প্রবর্তনে প্রতিকৃশতা করিয়াছিল। কালক্রমে অবৈদিক ধর্ম্মের অধিকার মন্দীভূত হইলেও তাহার প্রভাব একেবারে বিলুপ্ত হয় নাই। এই জ্বন্থ বছকাল পর্যান্ত এদেশে বেদবিদ্যা প্রতিষ্ঠা লাভ করিতে পারে নাই।

রামায়ণ, মহাভারত এবং বায়ু, মংস্থ ও বিফুপুরাণে পুঞু, স্থন্ধ, তামলিপ্ত ও বন্ধের উল্লেখ আছে। ত পুরাণগুলিতে ভারতবর্ষের বেরূপ সীমানির্দেশ দেখা যায়, তাহাতে মনে হয় যে, করাতদেশ অর্থাৎ ত্রিপুরা জেলার পশ্চিমভাগ পর্যান্ত সমগ্র বঙ্গদেশকে বেদামুগামী ভারতবর্ষের অন্তভ্ ক ধরা হইয়াছে। বিষ্ণুপুরাণের বর্ণনায় দেখিতে পাওয়া যায় যে, ভারতের অন্তান্থ প্রদেশের মত পূর্মদেশেও পুঞু (উত্তরবঙ্গ) ও কামরূপে মুনিরা তপস্থা করিতেন, যাজ্ঞিকেরা হোম করিতেন। ত মহাভারতে কর্ণপর্বে স্পষ্ট কথিত আছে যে,

D. R. Bhandrkar, Annals of the Bhandarkar Oriental Research Institute, vol. xii, p. 113.

[🏲] আচারাঙ্গপ্তর, পু ৪৪ ; বলপ্তর, পু ৭৯ ; জৈন হরিবংশ, ৩১ ও ৩২ পর্বে।

১০ রামারণ, অবোধ্যা, ১০; মহাজারত, আদি ১১৩,৫৩.৫৫; ভীগ্ম ৯, ৪৬। বার্প্রাণ ৪৫শ আছ:; মংস্তপ্রাণ ১১৪ শ আছ:; বিকুপ্রাণ ২র আছ:শ, তর আছে।

>> পূৰ্কদেশাদিকালৈত কামলগনিবাদিনঃ। পুঞ্জাঃ কলিকা মগধা দাক্ষিশাভ্যানত সূৰ্ব্বশঃ।

ভপস্তপান্তি মূনয়ে। জুহুৰতে চাত্ৰ বঞ্জিন: ।—বিফুপুরাণ ২।৩,১৫ ও ২০ ।

পৌ শু, কলিক ও মগধের অধিবাসিগণ 'শাখত ধর্ম্ম' জানিতেন। ' অধ্যাপক শ্রীযুক্ত দেবদক্ত রামক্তক্ষ ভাণ্ডারকর মহাশয়ের মতে আহুমানিক ২৫০ গ্রীষ্টাকে সমগ্র ভারতবর্ষে বেদানুমোদিত ধর্ম ছড়াইয়া পড়িয়াছিল। ^{১৩}

পাণিনীয় মহাভাষ্যে ব্যাকরণের উদাহরণ প্রদক্ষে পতঞ্জলি লিথিয়াছেন,—"লোকেশ্বর আজ্ঞাপয়তি ••• প্রাগঙ্গং প্রামেভ্যো ব্রাহ্মণা আনীয়স্তামিতি।" নরপতি আজ্ঞা করিতেছেন,—পূর্ব্বদিকে অঙ্কদেশ

প্ৰাচ্য দেশে ভ্ৰাহ্মণ আগমন পর্যাস্ত [ব্রাহ্মণ-বদতি স্থাপনার্থ] প্রাম হইতে ব্রাহ্মণ আনয়ন কর । ১৫ উদাহরণ হইতে এরূপ অন্থমান করা যাইতে পারে যে, পূর্বেদেশে বেদজ্ঞ ব্রাহ্মণেৰ অভাব দেখিয়া শুঙ্গবংশীয় ব্রাহ্মণ রাজ্য পুষামিত্র

দ্র দ্রান্তর হইতে ব্রাহ্মণ আনাইয়াছিলেন; সেই ঘটনাই তাঁহার সমগাম্য্রিক ভাষ্যকার পতঞ্জলির প্রমন্থে উলিথিত হইয়াছে।

বঙ্গদেশের বিভিন্ন কুলপুস্তকের বর্ণনা হইতে জানা যায় যে, গৌড়েশ্বর মহারাজ আদিশুরের সভায় সাগ্রিক ব্রাহ্মণের অভাব হইয়ছিল। তিনি কান্তকুল্ড হইতে পাঁচ জন বেদজ্ঞ সাগ্রিক ব্রাহ্মণ আনাইয়ছিলেন। ৬৫৪ শকে অর্থাৎ ৭০২ গ্রীষ্টাব্দে (রাট্টারকুলমজরীর মতে ৬৬৮ শকে অর্থাৎ ৭৪৬ খ্রীষ্টাব্দে) এই ব্রাহ্মণেরা গৌড়ে আগমন করেন। ইহারাই বঙ্গের রাট্টার ও বারেক্স ব্রাহ্মণগণের আদিপুরুষ। এই সম্পর্কে শ্রীযুক্ত নগেক্সনাথ বস্তু মহাশরের বিশ্বের জাতীয় ইতিহাসে'র রাজন্তকাণ্ডে বিভিন্ন কুলগ্রন্থের বিব্রুণ উদ্ধৃত হইয়াছে।

পাশ্চান্ত্য বৈদিক শ্রেণীর ব্রাহ্মণগণের কুলপুন্তকে বর্ণিত আছে, গৌড়াধিপ শ্রামলবর্মার 'শাকুন সত্র' সম্পাদনের জন্ম কনৌজ-নিবাদী যশোধর মিশ্র প্রভৃতি বেদবিদ্যায় পারদর্শী পাঁচ জন ব্রাহ্মণ বঙ্গে আগমন করেন। অধিকাংশ কুলগ্রন্থের মতে ১০০১ শকান্ত্র অর্থাৎ ১০৭৯ খ্রীষ্টান্ত্র যশোধরের আগমনকাল। ১ শ্রামল বর্মার রাজন্বকালে আগত এই বেদবিদ্ ব্রাহ্মণদিগের বংশধরেরা অদ্যাপি পাশ্চান্তা বৈদিক' নামে পরিচিত।

३२ ।

কুরবঃ সহপাঞ্চালা সাভা মাংস্তঃ সনৈমিশাঃ।
কোশলাঃ কাশপোঞ্ শত কাণিজা মাগধান্তথা ।

কেন্দ্ৰ মহাভাগা ধৰ্মাং জানস্তি শাখতম্। —মহাভারত, কর্ণ ৪৮ ১৪-১৫।

Annals of the Bhandarkar Oriental Research Institute, vol. xii, p. 111.

১৪। পাতঞ্জল মহাভাষা ৬।১।২।

১৫। শীযুক্ত নগেক্সনাথ বহু, 'বঙ্গের জাতীয় ইতিহাস', এক্সিকাণ্ড, তৃতীয় অংশ, পৃ ৩৯।

কুলপ্রন্থের বর্ণনার অসামঞ্জন্ত পরিগক্ষিত হইলেও, মৃণ ঘটনার বাধার্থ্য সম্বন্ধে সন্দেহ করা চলে না। করা কলেশে একাধিক বার ব্রাক্ষণ আমদানী করা হইরাছিল, একথা সত্য বলিয়াই মনে হয়। তাহার ফলে দেশে বেদাহমোদিত ধর্ম দৃঢ়মূল হইরাছে, এবং অবৈদিক ধর্ম বিলুপ্ত হইরাছে, কিংবা রূপান্তরিত হইরা বৈদিক ধর্মের অনুমোদন লাভ করিয়াছে। কিন্তু কুলপুত্তকে বর্ণিত ব্রাহ্মণ আগমনের পূর্বে বঙ্গদেশে বেদজ্ঞ ব্রাহ্মণ ছিলেন না—এইরূপ অনুমান অদঙ্গত, তাহা আমর প্রাচীন তামশাসন আলোচনাকালে দেখাইব।

প্রাচীন কালে বেদবিরুদ্ধ আচার গ্রহণের জন্ম শ্রুতি, স্মৃতি ও পুরাণে বঙ্গদেশ নিন্দাভাক্ষন হইয়াছে. বেছবিলার বাঙ্গানীর অক্সতার তাহা দেখিয়াহি। পরবর্ত্তী কালের গ্রন্থেও বাঙ্গালী পণ্ডিতগণ বেদ-চর্চায় শৈথিলার জন্ম তিরস্কৃত হইয়াছেন। 'কম্মাঞ্চলি'-রচয়িতা উদয়নাচার্য্য কোন এক গৌড় মীমাংসককে অবজ্ঞার সহিত উল্লেখ করিয়াছেন। খ্রীষ্টীয় দশম শতকে বরদরাজ মিশ্র তাঁহার 'কুস্তনাঞ্জলি বোধনী' টীকার উক্ত গৌড় মীমাংসককে 'পঞ্চিকা'কাররূপে নির্দেশ করিয়া সমস্ত গৌডবাসীদিগের বেদ-জ্ঞান সম্বন্ধে তীব্র কটাক্ষ করিয়াছেন। ১৭ 'প্রকরণপঞ্চিকা' নামক প্রাসিদ্ধ মীমাংসাগ্রন্থের রচ্মিতা শালিকনাথ গ্রীষ্টার নবম শতকের প্রথম ভাগে বর্ত্তমান চিলেন। এই তিনন্তার-স্টুক উব্জি যদি তাঁহার প্রতি প্রযুক্ত হইয়া থাকে, তাহা হইলে উঠা বিশ্বেষ-প্রস্তুত স্বীকার করিতে হইবে। বিশেষতঃ খ্রীষ্টার নবম বা দশম শতকে কোন গৌড়ই বেদ জানিতেন না, এ কথা বিশ্বাসবোগা নছে, তাগ্ৰ আমৰা পৰে দেখিতে পাইব। যেমন কাব্যে গৌডী রীতির উপযোগিতা সত্তেও 'কাব্যদৰ্শ' প্ৰভৃতি অধ্যাৱগ্ৰন্থ উক্ত ৰীতির অবিমিশ্র নিন্দা দেখিয়া উহা প্রাদেশিক পক্ষপাতের ফল বলিয়া মনে করা হর, 💘 বরদরাজের প্রন্তে গৌড়ীয়দিগের বেনজ্ঞানের নিন্দা সম্বন্ধেও সেরূপ মনে করিবার কারণ আছে। অবশ্য এন্তলে কেবল বঙ্গদেশই 'গৌড়' শব্দের লক্ষ্য না-ও হইতে পারে, বারণ ঐ শব্দে মুখ্যতঃ বঙ্গভূমিকে বুঝাইলেও বিন্ধোর উত্তরদিকে আরও চারিটি দেশকে 'গৌড়' বলা হটত ৷ ১৯ বাহা হউক, শালিক্সাথের সমরে গৌড়ে বেদবিদ পণ্ডিতের অভাব ছিল না, তাহার যথেষ্ট প্রমাণ আছে।

১৬। ব্যথানদাস বন্দোপোধ্যার, 'বাক্লালার ইতিহাস', ১ম ভাগ, ২৪৪ পৃঠা জন্তব্য।

১৭। গৌড়ো দীমাংসক: পঞ্চিকাকার:। গৌড়ো হি বেদাধারনাভাবাদ বেদাহং ন জানাতীতি গৌড়মীমাংসক ইত্যুক্তমূ।—'কুজনাঞ্জলি-বোধিনী, সংস্কৃতিধন গ্রন্থনালা, পৃ ১২৩।

Sivaprasad Bhattacharya, Gaudi Riti in Theory and Practice, Indian Historical Quarterly, vol. iii, pp. 376-394.

১৯। সাক্ষত: কান্তক্ষ পৌড়া বৈথিলিকে। ৭কলা:। পঞ্চ পৌড়া ইতি থাতো বিদ্যান্তান্তরবাসিন: ।—স্বন্ধপুর প

তাত্রশাসন, শিলালিপি ও প্রাচীন গ্রন্থে বাঙ্গালীর যজ্ঞানুষ্ঠান ও বেদ-চর্চ্চার উল্লেখ

দিনাঞ্চপুর জেলায় দামোদরপুর গ্রামে প্রাপ্ত পাঁচখানি তাঞ্জশাসনের উক্তি হইতে প্রমাণিত হয় বে, খ্রীষ্টার ৫ম ও ৬ঠ শতকে গুপুরাজগণের শাসন সময়ে বঙ্গদেশে ব্রাহ্মণগণ যজ্ঞের অমুষ্ঠান করিতেন। * একজন ব্রাহ্মণ 'অগ্নিহোত্র' সম্পাদনের জন্ম এবং আর একজন 'পঞ্চ মহাযক্ত্র' অমুষ্ঠানের জন্ম পুপুরর্দ্ধনভূক্তির অন্তর্গত কোটিবর্ষ বিষয়ের শাসনকর্ত্রার নিকট হইতে ভূমি ক্রেম্ন করিয়াছিলেন। *

ফরিদপুর জেলায় আবিস্কৃত তিনথানি তামশাসন হইতে জানা যায়,—গ্রীষ্টায় ৬ঠ শতকে ধর্মাদিত্য ও গোপচস্ক্রের রাজত্বকালে বঙ্গদেশের 'বারক মণ্ডলে' আন্ধল্যধর্ম ও বেদাধ্যমন প্রচলিত ছিল। প্রথম শাসনথানির প্রহীতা ভরন্ধাজগোত্রগ চক্রস্বামী যজুর্বেদের বাজসনেয়-শাথাবলন্ধী যজুনাধ্যায়ী আন্ধল ছিলেন। ১৯ বিতীয় ও তৃতীয় শাসনের প্রহীতারাও উভয়েই কাধ-বাজসনেয়-শাথার অনুগামী ছিলেন। ১৯

সপ্তম শতকের মধ্যভাগে থোদিত ত্রিপুরা-তাত্মশাসনে দেখা যায়,—প্রদোষ শর্মা নামে একজন ব্রাহ্মণ চারি বেদে অভিজ্ঞ ('চাতুর্বিদ্য') শতাধিক ব্রাহ্মণের বাসের জন্ত রাজা লোকনাথের নিকট ভূমি প্রার্থনা করিরাহিলেন। ^{১৯} প্রদোষ শর্মার মাতামহ ব্ধস্বামী 'অগ্নাহিত' ব্রাহ্মণ ছিলেন অর্থাৎ তাঁহার গৃহে সর্বাদা যজাগ্রি প্রজ্ঞনিত থাকিত। ^{১৯}

র্মজতরলিশীতে (এ।৪৬১) ও পঞ্জোড়ের উল্লেখ আছে। 'শব্দ-কল্পজনে' উদ্ধৃত 'শক্তিসক্ষ-তল্পে' গৌড়ের এইরূপ সীমানির্দেশ দেখা যার,—

বঙ্গদেশং সমারত্তা ভূবনেশান্তগং শিবে। জৌডদেশঃ সমাধাতিঃ সর্ববিদ্যাবিশারদঃ।

- R. G. Basak, Damodarpur Copper-plate Inscriptions.—Epigraphia Indica, vol. xv, p. 129,
 - २) Ibid., pp. 130, 133.
 - ee Grant of the Time of Dharmaditya, l. 19.—Indian Antiquary, 1910, p. 196.
- Second Grant of the Time of Dharmaditya, ll. 10, 11; Grant of the Time of Gopachandra, l. 13.—Indian Antiquary, 1910, pp. 200, 204.
- 78 Tipperah Copper-plate Grant of Lokanātha, l. 24.—Epigraphia Indica,
 vol. xv, p. 307.
 - Re Ibid., 1. 18.

23

এই সকল তামশাসনের বিবরণ হইতে নিশ্চিতরূপে প্রমাণিত হয় যে, কুলপুস্তকে বর্ণিত ব্রাহ্মণ স্মাগমনের পূর্ব্বেও বঙ্গদেশে বেদজ্ঞ ব্রাহ্মণ বর্ত্তমান ছিলেন।

নেপালের রাজকীয় পৃথিশালায় চতুভূজ-বিরচিত 'হরিচরিত' কাব্যের একখানি পৃথি আছে।
চতুভূজ সেই প্রস্থের পৃশিকায় বলিয়াছেন,—তাঁহার পূর্ব্বপুরুষ স্থাবেথ গৌড়েশ্বর ধর্ম্মপালের নিকট
হইতে বরেক্রভূমির অন্তর্গত করঞ্জনামক একখানি গ্রাম লাভ করিয়াছিলেন। উক্ত প্রামে শ্রান্তি,
স্থাণ, ব্যাকরণ ও কাব্যশাল্রে নিপুণ ব্রাহ্মণগণ বাস করিতেন। তাঁ স্থাবিরথের পৌত্র আচার্য্য
দিবাকর ত্রিয়ী-পরায়ণ ছিলেন। তাঁ স্কুতরাং দেখা যাইতেছে, পালবংশীয় ধর্মপালের রাজত্বকালে বরেক্র
ভূমিতে শ্রুতিবিদ্ ব্রাহ্মণগণের বসতি ছিল।

দিনাজপুরে আবিদ্ধত ভট্ট গুরবমিশ্রের গরুড়স্তস্ত-লিপি হইতে জানা যায়,—গ্রীষ্টীয় ৯ম শতকে পালরাজ দেবপালের মন্ত্রী দর্ভপাণি 'বেদচত্ত্রিয়রূপ মুখপদালক্ষণাক্রাস্ত' ছিলেন। শৈ তাঁহার পৌত্র কেদারমিশ্র "বাল্যকালেই একবার নাত্র দর্শনে চতুর্ব্বিন্যা-পয়োনিধি পান করিয়া তাহা আবার উদ্গীরণ করিতে পারিতেন"। শৈ শিলালিপির এই উক্তিতে দর্ভপাণি ও কেদারমিশ্রের বেদ-মন্ত্র কণ্ঠস্থ করার কথা বণিত হইয়াছে বলিয়া মনে হয়। এই 'বৃহস্পতি-প্রতিক্তি' কেদারমিশ্রের বচ্চতার বচ্চতার মন্ত্রের মন্তর্কে শান্তিবারি গ্রহণ করিয়াছিলেন।

এটামেভিমেই জনলমল্প গৈকপুলঃ শ্রীনান্করল ইতি বন্দাতমো বরেন্দ্রান্।
বত্ত ক্রতি-পুরাণ-পদপ্রীণাঃ সচ্ছাল্লকারানিপ্রাঃ ব্যাহ বিপ্রাঃ ।
কীর্ণ: প্রাণতিশুলৈঃ পরিপূর্বকামঃ শ্রীম্বর্ণরের ইতি বিপ্রবরোহবতীর্ণঃ।
তং গ্রাম্মপ্রব্যনীয়্তবং সমগ্রং জগ্রাহ শাসন্বরং নুবধ্ববালার।।

-Catalogue of Palm-leaf and Selected Paper Manuscripts belonging to the Durbar Library, Nepal (vol. 1) by Mm. Haraprasad Shastri, p. 134.

২৭ ত্রন্থীপর: কাশ্রপগোত্রস্থান্দরন্তৎপুত্র আচার্যাবরে। দিবাক্ট:। Ibid., p. 135.

২৮ অক্ষরকুমার মৈত্রের, সৌড়বেৰমালা, পৃ ৭৮। এইছলে মূল সংস্কৃত পাঠ—'বিদ্যাচতুষ্ট্রমূখাসুরুহাত্মবালানা'; 'বিদ্যাচতুষ্ট্র' শব্দে চারি বেদ গুহীত হাইরাছে।

সকুদর্শনসম্পীতান চতুর্বিলাপয়েনিধীন্। অধ্যাগন্ত:সম্পতির্মীদগরন্ বাস এব সঃ । গৌড়লেধমালা, পু ৭৪।

ইহা দ্বারা বুঝা যায়,—শ্রপালদেবের শাসন-সমরেও বরেন্দ্রমগুলে যাগ্নসক্ত অমুষ্ঠিত হইত। • কেদারমিশ্রের পূত্র ভট্ট গুরবমিশ্র 'বেদার্থ-চিন্তাপরায়ণ' ছিলেন এবং স্বয়ং শ্রুভির ব্যাখ্যা করিয়াছিলেন। • ক এই শিলান্তন্ত-লিপি হইতে জানা গেল, গ্রীষ্টীয় নবম ও দশম শতকে পালরাজত্বের সময়ে গুরবমিশ্রের পূর্ব্বপূক্ষণণ বংশান্তক্রমে বেদবিদ্যায় পারদর্শী ছিলেন এবং স্বয়ং গুরবমিশ্র বেদের ব্যাখ্যা করিয়াছিলেন।

ু আবালপুরে আবিষ্কৃত নারায়ণপালের তামশাসনেও এই গুরুবমিশ্র 'অঙ্গ সমূহের সহিত সমগ্র বেদের অধীতী' এবং 'মহাদক্ষিণাযুক্ত যজের অফুষ্ঠাতা' বলিয়া বর্ণিত হইয়াছেন। ^৩৭

দেবপালদেবের সমসামন্ত্রিক নারান্ত্রনের রচিত 'ছল্লোগণরিশিষ্ট-প্রকাশ' নামক একথানি গ্রন্থ পাওয়া গিয়াছে এবং উহার প্রথম অংশ এশিয়াটিক সোসাইটি হইতে প্রকাশিত হইয়ছে। এই গ্রন্থ কাত্যায়ন-ক্রত 'ছল্লোগণরিশিষ্টে'র টীকা। এই টীকা প্রক্রতপক্ষে স্মৃতিগ্রন্থ হইলেও ইহাতে রচয়িতার বেদজ্ঞানের যথেষ্ট পরিচয় পাওয়া যায়। নারায়ণের পূর্ব্বপূক্ষণণও বেদজ্ঞ ছিলেন। তিনি দীকার প্রারম্ভে পূর্ব্বপূক্ষণগণর পরিচয় দিয়াছেন। ইহারা উত্তররাঢ়ে বাস করিতেন। ইহাদিগের মধ্যে পরিতোষ 'সোমপীথী' ও বেদের 'দেহবন্ধ'স্বরূপ ছিলেন" । ধর্ম নামে তাঁহার এক প্র বৈদিক ক্রিয়ার পরম জ্ঞানী ছিলেন। ইহা দারা প্রমাণিত হয়, প্রীষীয় নবম শতকে উত্তর-রাঢ়ে সোম্যাগের প্রচলন ছিল এবং বেদবিদ্যায় বিশেষজ্ঞ ব্যক্তির অভাব ছিল না।

্ গ্রীষ্টান্ন ১০ম শতকে মহীপালদেবের বাণগড়-লিপিতে উল্লিখিত চবটিগ্রাম-নিবাসী ক্লফাদিতা

यः সর্কাত্ম শ্রুতির পরমঃ সার্দ্ধমকৈরছাতী যে। কজানাং সমুদিত্তমহাদক্ষিণানাং প্রণেতা।

लोड्टनथमाना, १ ७२।

૭૭

চরিতমহতি বেবামন্বরে সোমপীথী সমন্ত্রনি পবিতোষশ্চলদাং দেহবলঃ। অসভত স হি বিপ্রাচ্ছাসনং তালবাটীঃ ভদিহ জ্জতি পুলামুক্তমা যেন রাঢ়া।

ছন্দোগপরিশিষ্ট-প্রকাশ, মো ৩, পৃ ২।

৩০ গৌড়লেখমালা, পু ৮২।

के वें में ले में भें।।

[.] **૭**૨

⁹⁸

ৰজুর্ব্বেদের বাজ্ঞসনের-শাথা অধ্যয়ন করিয়াছিলেন^৩ এবং পরবর্ত্তী শতকে তৃতীর, বিগ্রহপালের আমগাছি-শাসনের গ্রহীতা ছত্রাগ্রাম-নিবাসী খোচুল্ল দেবশর্মা এবং মদনপালের তামশাসনোক্ত চম্পাহিট্টি-নিবাসী বটেশ্বর স্থামিশর্মা সামবেদের কৌথুম-শাধাধ্যায়ী ছিলেন। ৩৩

৯০৬ খ্রীষ্টাব্দে প্রদন্ত সাঙ্গলী ভাষ্ণশাসনে বর্ণিত আছে যে, রাষ্ট্রকৃটবংশীয় চতুর্থ গোবিন্দ কেশবণ দীক্ষিতনামক এক প্রাক্ষণকে একথানি প্রাম দান করিয়াছিলেন। উক্ত দিপি হইতে জানা যায়,—পুণ্ডুবর্দ্ধন নগর হইতে আগত কেশবের পিতা যজুর্কেদের বাজসনের-শাখা অধ্যয়ন করিয়াছিলেন। ও এই স্থলে দেখা যাইতেছে যে, খ্রীষ্টীয় নবম শতান্দীতে একজন উত্তর বন্ধবাদী বেদাধ্যায়ী প্রাক্ষণ অন্ত দেশে ষাইয়া বসতি স্থাপন করিয়াছিলেন।

ব্রীষ্টীর ১২শ শতকে কামরূপরাজ বৈদ্যদেব বরেন্দ্রী-নিবাদী দোমনাথকে ভূমি দান করিয়াছিলেন। তৎসম্পর্কিত তাম্রশাসনে দোমনাথকে বেদাধ্যরন, যজ্ঞান্মষ্ঠান প্রভৃতি কার্য্যের জন্ম সর্ব্বোন্তম শ্রোতির বলা হইয়াছে এবং শ্রৌত ও স্মার্ত্ত বিদ্যায় বৃহস্পতির সহিত ভূলনা করা হইয়াছে। "

**

উপরি উদ্ধৃত প্রাচীন শাসনসমূহের প্রমাণ হইতে দেখা যাইতেছে, গ্রীষ্টার পঞ্চম শতক ও তাহার পরবর্ত্তী কালে বঙ্গদেশে বহু বেদজ্ঞ পণ্ডিত বর্ত্তমান ছিলেন।

গ্রীষ্টার পঞ্চম শতানীর শেষ ভাগে অথবা ষষ্ঠ শতানীর প্রথম ভাগে রাজা ভূতিবর্মার সমরে তদানীস্তন কামরূপ এবং অধুনাতন উত্তর-পূর্ব্ব বঙ্গের একটি গ্রামে বহুসংখ্যক বিভিন্নবেদীয় ব্রাহ্মণ বাস করিতেন, তাহা আমরা ভান্তরবর্মার তামশাসন হইতে জানিতে পারি। **
তাহা হইলে, গ্রীষ্টার অন্তম শতানীর পূর্ব্বে বাঙ্গালায় ব্রাহ্মণ-সমাজ ছিল না, একথা সত্য

मनक्लि-लिभि, श्रष्ठ क्षि ४७ :--(श्रोड्:लश्रमाला, श्र ১८६।

७८ वानन्न निनि, भरकि ६१, ६४। — स्रोहतन्यमाना, भ ३१।

Amgachi Grant of Vigrahapala III, ll. 38, 39.—Epigraphia Indica, vol. xv, p. 298.

Sangli Plate of the Rastrakūta Govinda iv. 11. 46, 47.—Indian Antiquary, xii, p. 257.

তীর্বের্ অমণাচ্ছ তাধ্যয়নতো দানারধাধ্যাণনাদ্ বজ্ঞানাং করণাদ্যেইতকচরণাৎ সর্বেতিরঃ গ্রোতিরঃ। গ্রোতস্মার্ত্ররহন্তের বাদীশ ইব বিশ্রুঃ। করোলি-লিপি-ই২৬শ ও ২৭ রোক—গৌডলেব্যালা, পু ১৩৪।

৩a শ্রীৰুক্ত পদ্মনাণ কটাচার্য্য, কামরূপ-পাসনাবলী,।পু a i

হইতে পারে না। পুর্বেব দেখিরাছি, শুক্ষ নরপতি পুষামিত্রের সময় হইতে প্রাচ্য দেশে ব্রাহ্মণ্য ধর্ম প্রচারের চেষ্টা হইরাছিল। অমুমান হয়, খ্রীষ্টায় পঞ্চম শতকের মধ্যে সমগ্র প্রাচ্যথণ্ডে এ ধর্ম ছড়াইরা পড়িরাছিল এবং বেদপন্থী ব্রাহ্মণগণ বঙ্গদেশের পূর্ব্বদিকে কামরূপ পর্যান্ত বসতি বিস্তার করিয়াছিলেন। তাঁহারাই ভাস্কর বর্মার তামশাদনে উলিধিত বিভিন্নবেদীর ব্রাহ্মণ। এই তামশাদনে বিভিন্ন বেদের বিভিন্ন শাধাবলন্ধী ২০৫ জন ব্রাহ্মণের নাম আছে। ইহার মধ্যে ২০৫ জন বাজ্সনের (শুক্র-যজুর্ব্বেদী), ৭৪ জন বাহ্ব্চা (ঝার্মেদী), ১৫ জন ছান্দোগ (সামবেদী), ৯ জন চারক্য (ক্রফ-যজুর্বেদী) এবং ২ জন ব্রাহ্মণ তৈন্তিরীর (ক্রফ-যজুর্বেদী) বলিয়া বর্ণিত হইয়াছেন। গ খীষ্টার পঞ্চম শতান্ধার শেষ ভাগে কিংবা ষষ্ঠ শতান্ধার প্রথম ভাগে ভ্রম্করের বৃদ্ধ-প্রশিতামহ ভূতিবর্ম্মা এই ব্রাহ্মণদিগতে ভূমি দান করিয়াছিলেন।

বলবর্ম্মার তামশাদনে উক্ত হইয়াছে যে, কাঝ-শাখাবলম্বী অধ্বযুর্গ দেবধর ভট্ট নিরাকুল চিত্তে বৈদিক যজ্ঞের অমুষ্ঠান করিয়াছিলেন। * >

ইংরেই সমশামন্নিক রত্নবর্মার প্রথম ভাশ্রশাদনে কথিত আছে,—'পরাশরগোত্রন্ধ কাধশাধার বাজদনেন্নিগণের অঞ্চনী দেবদন্ত নামে এক ব্রাহ্মণ ছিলেন; বেদবিদ্গণের মধ্যে শ্রেষ্ঠ এই ব্রাহ্মণকে লাভ করিয়া ত্রন্মী (বেদবিদ্যা) কৃতার্থন্মন্য হইয়াছিলেন"। • ২

গ্রীষ্টীয় দাদশ শতকে প্রদন্ত ধর্মপালের প্রথম তামশাসনে শ্রাবস্তি নামে এক জনপদের উল্লেখ আছে। শ্রাবস্তির অন্তর্গত কোসঞ্জ গ্রামে কিনির পাপ, বাজ্ঞিকগণের হোমধুমে অন্ধ হুওয়াতে, প্রবেশ করিতে পারে নাই। সেই গ্রামে কোথুম-শাখী ব্রাহ্মণদিগের নেতা, সামবেদজ্ঞ-দিগের মধ্যে অথগুনীয় প্রতাপবান, শাণ্ডিশ্যগোত্রজ রামদেব জন্ম গ্রহণ করিয়াছিলেন । **

82

89

ব্লব্দু সা বেশ কুজ বেজনা বেজানক কর নিসাস্তোন। বলবর্দ্ধার ভান্তশাসন, শ্লোক ২৭ ! —কামরূপ-শাসনবিলী, পু ৭৮ ।

পরাশরোহভূতুবি দেবদন্তঃ কাণ্ণেহগ্রজো বাজসনেয়কাগ্রাঃ।

আসাদ্য যং বেদবিদাং পরার্ধ্যং ত্রঝা কুতার্থান্নিতমের সমাক্ 🅪

कामज्ञश-माजनावली, शु ३०।

তাম: কোনপ্রনামান্তি প্রাবন্তাং বত্র বন্ধনান্।

হোমধুমাঞ্চনার্থাং নাবিশৃৎ কলিক্সবন্ ।

তৎসন্তবানাং প্রবরোংছিজানামূল্যবীঃ কৌপুমশাগমূধাঃ।
রামোপম: সামবিদামধ্যঃ শান্তিলাগোতোহজনি রামদেংঃ।—এ, পু ১০০

ভাকর বর্দার ভায়শাসন, পংক্তি 4৪-১২৬ ;—কামরপ্রশাসনাবলী, পৃ ১৭-২৬।
 ভাষর বর্দার ভায়শাসন, পংক্তি বছলা বৈতানিকং কর্ম নিরাকুলেন।

88

বশুড়া জেলায় প্রাপ্ত একাদশ শতকের শিলিমপুর-শিলালিপিতে শ্রাবন্তির অন্তর্গত তর্কারি ঝামকে ব্রাহ্মণপ্রধান স্থান বলিয়া নির্দেশ করা হইয়াছে। ঐ গ্রামে বেদ ও শ্বুতির আলোচনা করিয়া দ্বিন্ধগণ বারংবার শ্রৌত ও গৃহু হোমের অন্তর্গ্তান করিতেন। তাঁহাদিগের কীর্ত্তিধারা শুভ্র আকাশে হোমধুম উত্থিত হইয়া ক্ষীরসমৃত্তন্থিত শৈবলের শোভা ধারণ করিত। ও এই শিলালিপিতে উলিধিত শীয়মকের বিপ্রেরা শ্রুতি ও শ্বুতিসম্বন্ধীয় সকল বিষয়ে জগতের লোকের সংশয় নিরদন করিতেন। ও শেই গ্রামবাদী কার্ত্তিকের শ্রুতিতে শ্রুদ্ধানস্থার ছিলেন। ও শ্বুতি

বিভিন্ন স্থানে প্রাপ্ত ঘুইথানি শিগালিপির উক্তি হইতে জানা গেল,—শ্রাবন্তি নামক স্থান বেদবিদ্যার জন্ম বিশেষ বিথ্যাত ছিল। অধ্যাপক শ্রীযুক্ত রাধাগোবিন্দ বসাক মহাশয় শিলিমপুর-লিপির আলোচনাকালে প্রমাণ করিয়াছেন যে, শ্রাবন্তি গৌড়ের অন্তর্ভুক্ত ছিল। মহামহোপাধায় শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য মহাশয় কামরূপের রাজা ধর্মপালের তামশাসন আলোচনা করিয়া ছির করিয়াছেন যে, উক্ত জনপদ কামরূপের পশ্চিম দিকে পৌতু দেশের পূর্ব্ব-সীমার নিকট অবস্থিত ছিল। স্প উভয় মতেই শ্রাবন্তি জনপদ বাঙ্গালা দেশের সীমার মধ্যে পড়ে।

ধর্মপালের আর একথানি তাম্রশাসনে কামরূপের অন্তর্গত থ্যাতিপলি প্রামের উরেধ আছে।

তেনাম:বাজনাভিপ্জিতকুলং তক নিরিত্তাখারা আগন্তিপ্রতিবন্ধমন্তি বিদিতং স্থানং পুনর্জনানাম্। যান্ত্রান্ বেলম্বাতিপরিচরোন্ধিরবৈতান-পার্হা-প্রাজান্তরাহতিষ্ চরতাং কীর্তিভিবোর্ ছিলানাং প্রধান্ত্রাধিপ্রস্তবিলস্কৈবলালীচ্যাভাঃ।

Silimpur Stone-slab Inscription, slokas 1 and 2.—Epigraphia India, vol. xiii, p. 290.

- ৪৫ শ্রেতিমার্তার্থবিষয়জগৎসংশ্রুচ্ছেমক শ্রু Ibid., 1. 7.
- ৪৩ জাভৌ চ শ্রদ্ধাবন্ধিভিঃ।—Ibid., l. 14, p. 291.
- • Epigraphia Indica, vol. xiii, p. 287. প্রীপুক্ত ননীগোপাল মৃত্যুদার উক্ত মত গ্রহণ করেন মাই।—Indian Antiquary, vol. xlviii, pp. 208-211. প্রীপুক্ত যোগেল্ডচন্দ্র ঘোষ ঐ মত সমর্থন করিয়াছেন।—Indian Antiquary, vol. lx, pp. 14-18.
 - su कामक्र**ागना**वनी, १ ३७७।

সেই স্থান হইতে ৰাজ্ঞিকগণের হোমধ্ম আকাশে উথিত হইত এবং 'চভুর্বেদী'-পাঠ-ধ্বনিতে সম্ভ প্রাম মুথ্যিত হইত। * *

গ্রীষ্টার দাদশ শতকে রাজা ভোজবর্মার বেলাব-শাসনের প্রতিশ্রহীতা উত্তর রাঢ়া নিবাদী রামদেব শর্মা বাজসনেয়-চরণাশ্রিত এবং যজুর্বেদের কার্যশাথাখ্যায়ী ছিলেন ।* °

ছরিবর্মা দেবের মন্ত্রী ভবদেব ভটের ভ্বনেখন শিলালিপি হইতে জানা যায় বে, তিনি রাচ্ প্রদেশের সিদ্ধব-আমবাসী শ্রোত্রিয়বংশে জন্ম গ্রহণ করেন। সমগ্র সামবেদ ও নানাবিধ শাস্ত্রে 'অন্বিতীয়' জ্ঞান অর্জন করিয়া ভবদেব মীমাংসাও ধর্ম শাস্ত্রের গ্রন্থ রচনা করিয়াছিলেন। * ই হার রচিত তুই খানি স্মৃতিগ্রন্থ— 'কর্মান্ত্র্যানপদ্ধতি'ও প্রায়শ্চিত্তবিবেক' প্রকাশিত হইয়াছে।

বিজয় সেনের বারাকপুর-তামশাসনে বর্ণিত আছে,— মধ্যদেশ হইতে আগত কাস্তিজাের-নিবাসী 'আশ্বলায়ন-শাধা-ষড়ঙ্গাধ্যায়ী' উদয়কর দেবশর্মা রাজ্ঞী বিলাসবতীর 'কনকতুলাপুরুষদানে' হোমান্তর্ছান করিয়াছিলেন। • •

বল্লালনের নৈহাটী-শাসনের প্রতিশ্রহীতা 'সামবেদ-কৌথুমশাথা-চরণাফুর্ছায়ী' বাস্থদেব শর্মা রাজমাতা বিলাদবতীর 'হেমাশ্বমহাদানে' আচার্য্য ছিলেন। "*

মহারাজ লক্ষ্ণাদেনের স্থন্দরবন-শাদনের গ্রহীতা গর্গগোত্রীয় কৃষ্ণধর দেবশর্মা ঋথেদের অধলায়ন শাখা অধ্যয়ন করিয়াছিলেন। * *

লক্ষণসেনের আহলিয়া শাসনের এইীতা কৌশিকগোত্রজ রবুদেব শর্মা যজুর্কেদের 'কাধ-শাধাধারী' ছিলেন। * *

উক্ত রাজার গোবিন্দপুর-শাদনের গ্রহীতা বাৎস্যগোত্তীয় উপাধ্যায় ব্যাসদ্ভেব শর্মা এবং নবাবিষ্কৃত

৪৯ কামরপ-শাসনাবলী, পু ১৭৪, ১৭৫।

co Belava Copper-plate of Bhojavarman, Il. 42-45.—Inscriptions of Bengo vol. iii, p. 21.

Bhuvanesvar Inscription of Bhatta Bhavadeva, ll. 15-17.—Ibid., p.

Rarrackpur Copper-plate of Vijayasena, ll. 37-39.—Ibid., p. 63.

Naihati Copper-plate of Ballalasena, Il. 50, 51.—Ibid., p. 74.

^{**} Ibid.. p. 171.

[🗱] Anulia Copper-plate of Lakshmanasena, ll. 42, 43.—Ibid., p. 87. 🥣

•0

শক্তিপুর-শাসনের গ্রহীতা শাণ্ডিল্যগোত্রীয় কুবের দেবশর্মা সামবেদের কৌপুম-শাণা-চরণের' অফুসরণ করিতেন। •

'সামবেদ-কৌথুম-শাখা-চরণামুষ্ঠায়ী' ভরদাজগোত্তীয় ঈশ্বর দেবশর্মা লক্ষণদেনের 'হেমাশ্বরথমহাদানে' আচার্য্যের কার্য্য করিয়া দক্ষিণাস্থরূপ ভূমি লাভ করিয়াছিলেন, ভাহা তপনদীবি-ভাশ্রশাসন হুইতে জানা যায়। ' °

লক্ষণসেনের মাধাইনগর-শাসনের এইতা কৌশিকগোত্রঙ্গ গোবিন্দ দেবশর্মা অথর্ববেদীয়
'শৈপ্সলাদ-শাথাধ্যায়ী' ছিলেন। ''

দ্বন্ধর বোষের রামগঞ্জ-তাত্রশাসনোক্ত ভার্গব-গোত্রন্ধ ভট্ট নিবেরাক শর্মা যজুর্বের ক্ষায়ন ক্ষরিয়াছিলেন। ^{১৯}

এই সকল খোদিত লিপির বর্ণনায় প্রাচীন বঙ্গে ঋক্, সাম, যজুঃ ও অথর্ব্ব এই চতুর্ব্বেদীয় ব্রাহ্মণের সদ্ধাব লক্ষিত হইলেও বাজসনেয়-শাধাবলখী যজুর্বেদী ব্রাহ্মণেরই বাহুল্য দেখা যায়। মহিদাস কৃত 'চরণবৃহং-পরিশিষ্ঠ-ভাষ্যে'ও বঙ্গদেশে বাজসনেয় বেদের প্রচলনের কথা বর্ণিত আছে। মহিদাস দেশ-ভেদে বিশেষ বিশেষ বেদ-শাথা প্রচারের কথা বলিতে যাইয়া মহার্ণবের কয়েকটি শ্লোক উদ্কৃত করিয়াছেন। উহা হইতে জানা যাযে, অঙ্গ, বন্ধ, কলিন্ধ, কানীন এবং গুরুদ্ধর দেশে বাজসনেয়-মাধ্যন্দিন-শাথা প্রতিষ্ঠা লাভ করিয়াছিল। •

বিভিন্ন গ্রন্থ, শাসন ও প্রশক্তির প্রমাণ হইতে জানা গেল বে, খ্রীষ্টার ৫ম শতাবদী হইতে ১২শ শতাবদী পর্যান্ত বঙ্গদেশে বেদ-চর্চ্চা প্রচলিত ছিল। এই প্রাচীন লেখ-সমূহে উল্লিখিত ব্রাহ্মণেরা আধুনিক কালের ব্রহ্মণদিগের ভার গায়ত্রী-মন্ত্র মাত্র পাঠ করিয়াই 'বেদাধ্যায়ী' আখ্যা লাভ করিয়াছিলেন বলিয়া মনে হয় না। বিশ্লেষণ করিয়া দেখিলে বুঝা মায়, এই ব্রাহ্মণগণের

[ে] ৩৬ Govindapur Copper-plate of Lakshmanasena, 11. 43, 44.—*Inscriptions*Bengal, vol. 111, p. 96; অব্দাণনেবের নবাবিছ্ড (শক্তিপুর) ভাষ্ণাদন, পংক্তি ১১-৪০।—সাহিত্য-পুরিষং প্রিকা, ৩৭ শু স্তাপ, পু ২১৪।

Tapanadighi Copper-plate of Lakshmanasena, ll. 42-44.—Inscriptions of Bengal, vol. 111, p. 102.

Madhainagar Copper-plate of Lakshmanasena, ll. 46-48.—Ibid., p. 112.

[🝂] ভাষ্মশাসনের উক্তি ব্যরা প্রমাণিত হয় যে, গ্রীষ্টার বাদশ শতকে বাসালা দেশে অথকাবেদীয় ত্রান্ধণের বাদ ছিল।

Ramganj Copper-plate of Isvaraghosha, ll. 29-31.—Ibid., p. 154.

অস-বস-কলিজক কানীনো গুর্জ্জরন্তথা।

পরিচরে বিশেষণগুলি বিশেষ বিবেচনাপূর্বক প্রযুক্ত হইবাছে। শাদনীকৃত ভূমির কোন কোন প্রাহীতার সম্পর্কে বেদাধারনের উল্লেখ দেখা যায় না। কেশবদেনের ইদিলপুর-তামশাদন ও বিশ্বরূপদেনের মদনপাড়-ভাম্রশাসনে গ্রহীতাদিগের গোত্র ও প্রেরবর প্রাচীন লেখ-সমহের পরিচয় আছে; কিন্তু তাঁহাদের বেদাধ্যয়ন সম্বন্ধে কোন কথা বলা টৈক্ষির প্রামাণিকভা হয় নাই।^{৬১} আবার বিশ্বরূপদেনের 'সাহিত্য-পরিষৎ-তাম্রশাসনে'র কাথ-শাথার 'একদেশাধায়ী' বলা হইয়াছে। 🛰 ২ ঘজুর্কোনাস্তর্গত চট্টপ্রাম-ভাত্রশাসনের প্রহীতা 'বজুর্ব্বেদী' ছিলেন এই মাত্র বর্ণিত হইরাছে: তাঁহার বেদ অধায়নের কথা উল্লেখ করা হয় নাই। 🛰 আরও লক্ষ্য করিবার বিষয় এই যে, গুরুবমিশ্র তাঁহার শিগালিপিতে থে-কয়জন পূর্ব্বপুরুষের পরিচয় দিয়াছেন, তাহার মধ্যে কেবল প্রাপিতামহ ও পিতার বেদবিদাায় পাণ্ডিতোর কথা উল্লেখ করিয়াছেন, পিতামহ বা অন্য কাহারও বেদজ্ঞান সম্বন্ধে কোনও কথা বলেন নাই। ^{৩৩} স্থতরাং অমুমান করা বাইতে পারে যে, যিনি প্রকৃতপক্ষে সমগ্র বেদ অধ্যয়ন করিতেন, তাঁহাকেই তামশাসনে 'বেদাখায়ী' বলা হইয়াছে : যিনি স্বশাখার কিয়দংশ মাত্র পাঠ করিতেন, তাঁহাকে 'একদেশাধ্যায়ী' বিশেষণে অভিহিত করা হইরাছে; এবং ঘাঁহার বেদবিদ্যার সহিত পরিচয় ছিল না,

দাদশ শতকে বিরচিত বাঙ্গালী পুরুষোত্তমের 'পাণিনীয়-ভাষাবৃত্তি'তে ব্যাকরণের বৈদিক অংশ প্রিভাক্ত হওরার কেই কেই মনে করেন যে, এই সমর ইইতে বঙ্গদেশে বেদালে।চনার অনাদর দেখা দিয়াছিল। ভাষাবৃত্তির টীকাকার স্থাষ্টধর চক্রবর্ত্তী লিখিয়াছেন,—লক্ষণসেনের আদেশ অসুসারে পুরুষোত্তম 'ভাষাবৃত্তি' ইইতে পাণিনি-ব্যাকরণের বৈদিক অংশ বাদ দিয়াছিলেন। তি আদেশের কথা সত্য ইইলেও ইহা নিশ্চিত যে, লক্ষণসেন বেদের প্রতি অবজ্ঞাহেতু বৈদিক অংশ পরিত্যাগ করিতে আদেশ করেন নাই। সম্ভবতঃ বৌদ্ধ পণ্ডিত পুরুষোত্তমের পক্ষে বৈদিক ব্যাকরণ রচনা আশোভন ইইবে মনে করিয়াই তিনি ঐরপ আদেশ করিয়াছিলেন। কিন্ত লক্ষণসেনে সময়ে যে বঙ্গে বেদ-চর্চার একেবারে অভাব হয় নাই, সে-বিষয়ে তামশাসনের উক্তি ব্যতীত প্রশাণ পাওয়া যায়।

তাঁহার গোত্র ও প্রবরমাত্র উল্লিখিত হইয়াছে, কিংবা তিনি ষে-বেদ অনুসারে সংস্নারাদি অনুষ্ঠান

করিতেন, সেই বেদের নাম করা হইয়াছে।

b) Inscriptions of Bengal, vol. 111, pp. 125, 137.

e Ibid., p. 147.

¹⁰ Ibid., p. 161.

⁶⁸ शोक्रलबमाना, शृ १३-१६

৬৫ খ্রীপচন্ত্র চক্রবর্তী, ভাষাবৃত্তির ভূমিকা, পু ৫, ২০।

'অছুত্সাগর'গ্রন্থে লক্ষণসেনের পিতা বলাগুসেন 'বেদারনৈকপথিক' আথার অভিহিত ছইরাছেন। " চারিখানি তামশাসনেও তাঁহাকে 'বেদারনৈকাধবগ' বলা হইরাছে। " বলালের শুক্ত অনিরুদ্ধ ভট্ট বরেক্সভূমিতে বেদার্থ ও শ্বৃতি ব্যাথ্যার শ্রেষ্ঠ পূরুষ বলিয়া থ্যাত ছিলেন। " অনিরুদ্ধের ক্বত শ্বৃতিগ্রন্থ পিতৃদ্দ্বিতা' সম্প্রতি প্রকাশিত হইরাছে। ঐ গ্রন্থ হইতে জানা বার,— অনিরুদ্ধের সক্ষদেশে সাগ্লিক ব্রাহ্মণ পাওয়া ঘাইত। ঐ গ্রাহ্মণেরা প্রাদ্ধহলে উপস্থিত থাকিয়া শ্বরং কর্ম্ম নির্কাহ করিতেন; বর্ত্তমান কালের স্থায় তথন শ্রাদ্ধে অগ্নিহোত্রী ব্রাহ্মণের অভাব ছিল না, স্থতরাং কুশমর ব্রাহ্মণ আবশ্রুক হইত না শ ।

অনিক্ষদ্ধের পর ভট্ট গুণবিষ্ণু 'ছান্দোগ্য-মন্ত্রভায্য' রচনা করিয়াছিলেন এবং লক্ষণদেনের ধর্মাধ্যক্ষ হলায়ুধ ভট্ট 'ব্রাহ্মণসর্বাস্থ' গ্রন্থে যজুর্বেদীয় মন্ত্র ব্যাখ্যা করিয়াছিলেন।

খ্রীষ্টীয় দদেশ শতকের পরে রামনাথের মন্ত্র-ব্যাখ্যা ব্যতীত বঙ্গে বেদালোচনার অস্ত বিশেষ কোন নিদর্শন পাওয়া যায় না। ভক্তিরসের উন্মাদনায় বা নব্যস্তায়ের উদ্দীপনায় কিংবা অস্ত কোন কারণে এই সময়ে বেদবিদ্যার হ্রাদ হইয়াছিল। বাঙ্গালী বৃদ্ধিবৃত্তি পরিচালনায় অপটু বলিয়া বিখ্যাত। বেদবিদ্যার আলোচনায়ও বঙ্গীয় ব্রাহ্মণগণ বৃদ্ধিবৃত্তিরই সমবিক প্রয়োগ করিয়াছিলেন বলিয়া মনে হয়। ইহায়া বেদের অর্থ লইয়া আলোচনা করিতে লাগিলেন, কিন্তু মন্ত্র আর্ত্রির প্রতি বিশেষ আগ্রহ রহিল না।

Anulia, Govindpur and Tapanadighi Copper-plates of Lakshmanasena.—Inscripins of Bengal, vol. iii, pp. 86, 95, 101; নবাবিছত (শক্তিপুর) ভাষ্ণাসন, সাহিত্য-পরিবৎ পত্রিকা, ভাগ, পু ২২১।

> বেদার্থ-স্মৃতিসংকথাদিপুরুষ: লাগো বরেন্দ্রীতলে নিস্তল্পোজ্বলগীবিলাসনম্ম: সার্থতন্ত্রন্দরি। ধট্কশ্বাংভবদার্থাশীলনিলম: প্রব্যাতসতান্ত্রতা ব্রতারেবিব গীম্পতিন্রপতেরস্থানিস্কাল্পা শুরু: ॥

দাননীয়ন, ত লোক।—Catalogue of Sanskrit Manuscripts in the Library of the India office, ২০l. 111, p. 543.

৬৬ মুরলীধর ঝা-সম্পাদিত অন্তলাগর, পু ১।

৬৭ প্রত্যুহঃ কলিসম্পদামনলসো বেদায়নৈকাধ্বগঃ

শংগ্রামঃ প্রিত-জঙ্গমাকৃতিয়ভূষয়ালসেনন্ততঃ !—

५ > गरक्क में हिछा-भदिष्य-श्रवानिष्ठ 'भिकृषद्विष्ठा,' भू २०, २०।

অস্তান্ত দেশে বেদ কণ্ঠস্থ করা ইইত। " অনেক স্থলে এখনও ব্রাহ্মণেরা বেদের মন্ত্র মুখন্থ করেন।
নবম শতকে বঙ্গনেশে শ্রপালের মন্ত্রী কেদার মিশ্র চতুর্বেদ 'উদ্গীরণ' করিতে পারিতেন
বেদ-চর্চার ব্রাদ

এবং দ্বাদশ শতকে কামরপের অন্তর্গত খ্যাতিপলি প্রাম চতুর্বেদের পাঠধ্বনিতে মুখরিত ইইল, তাহা আমরা পূর্বের জানিতে পারিয়াহি। কিন্তু
বোধ হয়, বঙ্গদেশে 'অধ্যয়ন'পূর্বেক বেদার্গ-বোধের প্রথা বহুলভাবে প্রচলত ছিল না; এই জন্ত
বীষ্ঠীয় দ্বাদশ শতকে 'ব্রাহ্মণস্বর্বিশ্ব'-প্রণেতা হলায়ুধ লিখিয়াছেন,—"উৎকল ও পশ্চিমদেশীয়গণ প্রথমে বেদ অধ্যয়ন করেন, কিন্তু রাঢ়ীয় ও বারেক্রগণ কর্মমীমাংসার সাহান্ত্যে
দজ্যার্ছানের ইতিকর্ত্বতা বোধের জন্ত আংশিক বেদার্থ মাত্র বিচার করেন।" তিনি আরও
বিলিয়াছেন,—"কেবল অর্গজ্ঞানে বেদপার্ঠ দিদ্ধ হঃ না, যথাবিধি 'অধ্যয়ন'পূর্বেক অর্থ-বোধের
চেষ্টা করা কর্ত্বা।" এই উক্তি হইতে বুঝা যায় বে, হলায়ুধের সময়ে বাঙ্গালীরা অন্তান্ত দেশীয়দিগের মত আর্ডিপূর্বেক বেদ শিক্ষা করিতেন না। হলায়ুধের মতে ঐরপ্রপে শিক্ষা না করিলে
বেদবিদ্যায় সফলতা লাভ হয় না। প্রকৃতপক্ষে বাল্যে আর্ত্তির প্রথা রহিত হওয়াতেই বাঙ্গালী
পণ্ডিত বেদে তেমন পাণ্ডিত্য অর্জ্জন করিতে পারেন না।

কোন দেশে শান্তবিশেষের হস্তলিথিত পুথির আধিক্য বা অন্নতা দেখিয়া তথায় সেই শান্তের পঠন-পাঠনের আধিক্য বা অন্নতা নিরূপিত হইতে পারে। বাঙ্গালা দেশে পুরাতন হস্তলিথিত মূল বেদ পাওয়া যায় না। কর্ম তাহা হইলেও অতি প্রাচীনকালে এই দেশে বেদের পঠন-পাঠন ছিল না, এইরূপ দিদ্ধান্ত করা যায় না। কারণ, বঙ্গের জলবায়ুর দোষে পুথির জভাব

পুথির জভাব

গিয়াছে; গৃহন্তের সাবধানতার কদাচিৎ তুই একথানি রক্ষিত হইরাছে

মাত্র। বাদশ শতকের পরে বঙ্গে বেদালে'চনা হ্রাস পাইয়াছিল, তাহা পুর্বেষ্ট বলিয়াছি'। পরবর্জী

৭০ বর্গপত হরপ্রসাদ শান্ত্রী মহাশয় লিথিরাছেন,—

[&]quot;Their mode of study differed widely from that of other provinces where memorized the Vedas or at least the Veda which they professed. But they very little for the meaning. In Bengal, however, the Brāhmanas never me even one of the Vedas. They memorized only such of the Mantras as v in their religious performances, but insisted on knowing their meaning of the Bihar and Orissa Research Society, vol. v, p. 172.

৭১ ভেজকল বিদ্যানন্দ-সম্পাদিত ভ্রাহ্মণসর্কাষ, পু ১১।

૧૨ હો, જુ ડરા

পথিত বৈশিক

[🐿] বৰ্জনান জেলার মানকর প্রামের জমিলার ৺হিত্যাল মিশ্র মহাশ্রের পুথিশালার কলে 🎅

কালে মূল বৈদিক এছ পাঠ উঠিরা গিয়াছিল; স্থতরাং মূল বেদের হন্তলিধিত পুথি না পাওয়াতে বাদশ শতকের পুর্বে মূলগ্রন্থ আলোচিত হইত না, এইরূপ বলা চলে না।

বাঙ্গালী বেদ-ভাষ্যকারগণের পরিচয়

গ্রীষ্টার ১০ম শতকে ও তাহার পরবর্তী কালে বঙ্গদেশে কয়েকজন বেদ-ভাষ্যকার জন্মগ্রহণ করিয়াছিলেন। ইহাদিগের মধ্যে কেহ সম্পূর্ণ বেদের ব্যাখ্যা করিয়াছিলেন বলিয়া,জানা যায় না । সকলের রচনা আমাদিগের হস্তগত হয় নাই; কোন কোন ব্যাখ্যাকারের নাম মাত্র জানা যায় । ছই তিনখানি মন্ত্রবাখ্যা এখনও অমৃত্রিত অবস্থায় আছে; ছইখানি প্রকাশিত হইয়ছে। এই সকল ব্যাখ্যার রচয়িতারা গৃহস্থের দৈনন্দিন ধর্মায়ুর্জানের উপয়োগী বৈদিক মন্ত্রগুলি একত্র করিয়া তাহার উপর ভাষ্য প্রণয়ন করিয়াছেন, সম্পূর্ণ বেদের ব্যাখ্যা করেন নাই।

১। মুগড়াচার্য্য

স্বর্গত হরপ্রসাদ শান্ত্রী মহাশর বিভিন্ন স্থানে লিথিয়া গিয়াছেন যে, মুগড়াচার্য্যই প্রথম বালালী বেদ-ব্যাথ্যাতা এবং তিনি বেদ-ব্যাথ্যায় যে সম্প্রদার স্থাষ্ট করিয়াছিলেন, পরবর্ত্তী ভাষকার গুণবিষ্ণু ও হলায়ুধ সেই সম্প্রদায়েরই অন্নসরণ করিয়াছেন। ১ শান্ত্রী মহাশর প্রাচীন পুথির আলোচনায় অন্বিতীয় ছিলেন; কিন্তু তিনি 'ব্রাহ্মণসর্ব্বস্থে'র বঙ্গদেশীয় সংস্করণ ব্যতীত কোন প্রামাণিক গ্রন্থে মুগড়াচার্য্যের উল্লেখ বা পরিচর পাইয়াছিলেন কিনা, তাহা নিশ্চিতরূপে জানা যায় না। তেজশ্চন্দ্র বিদ্যানন্দ-সম্পাদিত 'ব্রাহ্মণসর্ব্বস্থে'র একটি প্লোকে "কিং তিম্মিনুগড়েন ব্য্ম' রচিন্ত" এইরূপ পাঠ মুদ্রিত আছে। এই স্থলে প্রস্থার হলায়ুধ একজন পূর্ব্বস্ত্রী ভাষ্যকারের নাম উল্লেখ করিয়াছেন, তাহা বুঝা

কুংহিতা আছে, তাহা আমি দেখিয়াছি; কিন্ত উহা আধুনিক কালের নাগরাক্ষরে লিখিত। বরোধা রাজ্যে সেণুলা কাইত্রেরীর বৈদিক পুথির কাটালগ (পুণ) হইতে জানা যার, সেই ছানে বঙ্গাক্ষরে লিখিত 'ছান্দোগাত্রাক্ষণে'র একথানি পুথি আছে। মাল্রাজের অধিয়ার লাইত্রেরীর কাটালগে বঙ্গাক্ষরে লিখিত নর্থানি উপনিবদের নাম পাওয়া যায়। অধ্যাপক শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তা মহাশরের নিকট শুনিয়াছি,—দীঘাপাতিয়ার কুমার শ্রীযুক্ত শর্ৎকুমার হাছের 'সবিতা মেমোরিয়াল কলেক্শন্'এ ঐতরের, আর্থের ও বংশ এই তিন্থানি ব্রাহ্মণ এবং শিক্ষা, ছন্মাঃ ও নিম্বাত এই তিন্থানি বেদাল প্রস্তের ব্লাক্ষরে লিখিত পুথি রক্ষিত আছে।

¹⁸ বর্জনান-দাহিত্য-দল্মিনরে সভাপতির অভিভাবণ, দাহিত্য-পরিবৎ পত্রিকা, ২১।ভাগ, পৃ ২৬৮ ; Journal of the Bihar and Orissa Research Society, vol. v, p. 173 ; Indian Historical Quarterly, vol. vi, p. 783.

যাইতেছে। কিন্তু শ্লোকের এই অংশ বিভিন্ন পুথিতে বিভিন্নরূপে লিখিত দেখা যায়। মনে হয়, উহার প্রাক্ত পাঠ হইবে "কিংত শ্লিয় বুবটন বয়্ম রচিতন্"। বারাণদী হইতে প্রকাশিত 'ব্রাহ্মণ-দর্বান্ধে' এই পাঠ গৃহীত হইয়াছে।" ইণ্ডিয়া আফিদ্ লাইবেরীর পুথিতেও এইরূপ পাঠ আছে।" উবট-রচিত যজুর্কেদভাষ্য স্থপ্রাদিদ্ধ। হলায়ুধ যজুর্কেদীয় মন্ত্রের ব্যাখ্যা করিতে বিদিন্না পূর্ব্বাচার্যারূপে উবটের নামোল্লেখ করিয়াছেন, ইহাই সম্ভব। উবট জাহার ভাষ্যের শেষে আত্মপরিচয়ে বলিয়াছেন,—ভোজের রাজত্বকালে অবস্তিতে বদিয়া তিনি 'মন্ত্রভাষ্য' রচনা করিয়াছিলেন।" স্থতরাং বলের সহিত তাঁহার কোন সম্বন্ধ নাই।

২। ভট্ট প্ররুবমিশ্র

যে-কন্মজন বাঙ্গালী বেদব্যাখ্যাতার নাম অবগত হওয়া যায়, তাহার মধ্যে ভট্ট শুরবমিশ্রের নাম প্রথমে উল্লেখযোগ্য। তিনি সর্ব্বাপিক্ষা প্রাচীন। তাঁহার রচিত বেদব্যাখ্যা কিংবা অহ্য কোন প্রস্থ আমাদিগের হস্তগত হয় নাই। তিনি কোন্ বেদ বা বেদের কোন্ অংশ ব্যাখ্যা করিয়াছিলেন, তাহাও জানিবার উপায় নাই। দিনাজপ্রে আহিদ্ধৃত গরুড়ন্তভালিপিতে কথিত আছে,—এই 'কলিযুগ-বাল্মীকি' ধর্মেতিহাস-প্রস্থ সমুহে শ্রুতির ব্যাখ্যা করিয়াছিলেন। তাঁহার প্রসন্ধ প্রস্কালিক ভারশাসনে শুরবিশ্রা

সকলের তৃপ্তি ও পবিত্রতা সাধন করিত। শারামণপালদেবের তাম্র-শাসন হইতে জানিতে পারি,—শুরবিশ্রা বেদাস্তের ভ্রধিগম্য ব্রহ্মতত্ব উপলব্ধি করিয়াছিলেন এবং সকল বেদাক ও সমগ্রবেদে প্রতিষ্ঠাবান্ হইয়াছিলেন। তিনি

96

42

গরুড়স্তম্ব-লিপি, পংক্তি ২০ ৷—ক্ষোড়লেখম 🕻

বাণী প্রসন্নগন্তীয় ধিনোতি চ প্নাতি চ।—এ, পংক্তি ২৩।—এ

৭৫ ব্রাহ্মণসর্ক্ষর, কাশী-সংস্করণ, পৃ ৽, লোক ২১। এই সংস্করণে পূর্ব্ধ লোকের তৃতীয় চরণেও উবটাচার্ব্যের নাম আছে। ঐ চরণের পাঠ এইরূপ মুজিত দেখা যার,—"বাাখ্যাতো মতিশালির হিয়মুবটাচার্ব্যেশ বেদঃ পরম্"; অবচ বিদ্যানন্দ-সন্পাদিত ব্রাহ্মণসর্ক্তের ঐ চরণ নিম্নজিবিতরূপ মুজিত হইয়াছে,—"বাাখ্যাতো নহি কেনচিদ যুগপদাচার্বোণ বেদ পাহন্"। ১৯৪৩ সংবতে পাবাণাক্ষরে মুজিত ব্রাহ্মণসর্ক্তের এক সংস্করণ প্রকাশিত হইয়াছিল, এই সংস্কৃত্ব মুজিত পাঠ দেখা বার।

Catalogue of Sanskrit Manuscripts in the Library of the India Office 40, (vol. III, p. 520).

৭৭ 'মন্ত্রভাষো'র অন্তিম শ্লোক জষ্টবা।

ধর্ম্মেভিহানপর্কৃষ্ণ যঃ শ্রুতীর্থাৎ !—

মহাদক্ষিণাযুক্ত বজ্ঞসমূহেরও অন্পর্চান করিয়াছিলেন। " এই বেদ-ব্যাখ্যাতা শুরবমিশ্র গ্রীষ্টার দশম শক্তকে পাল-বংশীর রাজা নারায়ণপালদেবের মন্ত্রী ছিলেন। ইংগর প্রপিতামহ দর্ভপাণি ও পিতা কেদারমিশ্র উভয়েই বেদজ্ঞ পণ্ডিত ছিলেন এবং দেবপাল ও শ্রপালের মন্ত্রিত্ব করিয়াছিলেন, তাহা পূর্বেই দেখাইয়াছি।

৩। ভট্ট গুণবিষ্ণু

বাঙ্গালীর রচিত বে-কন্নথানি বেদব্যাথ্যা পাওয়া গিয়াছে, তাহার মধ্যে ভঁট্ট গুণবিষ্ণুর
ভণবিষ্ণুর কাল নির্ণয়
ভণবিষ্ণুর কাল নির্ণয়
কোনরূপ পরিচয় পাওয়া যায় না। ১ কিংবদন্তী আছে, গুণবিষ্ণু
গৌড়ের রাজা বল্লালদের ও লক্ষ্ণাদেন এই উভয়ের সভাসদ ছিলেন। ১৯ সপ্তাদশ শতাব্দীর
বেদব্যাথ্যতা রামনাথ বিদ্যাবাচস্পতি কতকগুলি মস্তের পাঠান্তর আলোচনাকালে বলিয়াছেন
বে, অনিক্রদ্ধ ভট্ট ঐ সকল মস্তের বিনিয়োগ নির্দেশ করিয়াছিলেন এবং গুণবিষ্ণু ব্যাথ্যা
রচনা করিয়াছিলেন। ১ প্রক্রপক্ষে অনিক্রদ্ধর 'পিতৃদয়িতা'য় উদ্ভূত মন্ত্রগুলি গুণবিষ্ণুর
শিক্ষভাব্যে' ব্যাথ্যাত হইয়াছে, দেখা য়য় । য়ামনাথের বচনভঙ্গী হইতে অনুমান হয় যে, বলাল-গুরু
অনিক্রদ্ধ ও শিক্ষভাব্য'কার গুণবিষ্ণু উভয়ে সম্প্রমান্তিক ছিলেন এবং পরস্পর পরামর্শ করিয়া

Vo

বেদাকৈরপাম্গমতমং বেণিতা ব্রহ্মতবং

যঃ সর্কাম্ শ্রুতির পরমঃ সার্জ্মকৈর্থীতী।

যো বক্সানাং সমুদিত্মহাদক্ষিণানাং প্রণেতা

ভট্টঃ শ্রীমানিব স শুরবো দূতকঃ পুণাকীর্তিঃ।

নারারণগালদেবের ভাষ্ণাসন, পংক্তি ৫২, ৫৩।—ক্ষৌড়লেধমালা, পৃধ্ধ।

- ৮১ ১৮২৮ শকাক্ষ মং মং পরবৈশ্বর ঝা দারভাকা হইতে এই এছে প্রকাশ করেন; সম্ভবতঃ উপযুক্ত সংক্ষক বিশুক্ত আদর্শ পুথির অভাবে দারভাকা-সংস্করণে সক্ষস্মন্ত্রের ব্যাখ্যা প্রকাশিত হর নাই । বঙ্গণেশও ভবদেবীর 'কর্মান্ত্র-ভান-পদ্ধতি'র পাদ-টাকারণে 'ছান্দোগ্য-মন্ত্রভাব্যের' কিয়ণংশ একাধিক বার মুদ্রিত হাইরাছিল। সম্প্রতি সংস্কৃত-সাহিত্য-পরিবহ হাইতে এই গ্রন্থ সম্পূর্ণভাবে মুদ্রিত হাইরাছে; আমি উহা সম্পাদন করিয়াছি।
- ৮২ ইতিয়া অফিনে রক্ষিত একখানি 'ছালোগ্য-মন্ত্রভাষোর' পুথির,বিবরণে শুণবিষ্ণুকে শুট্রণামুকের পুতা বলিরা বর্ণনা করা ক্ষাভাষা I—Julius Eggeling, Catalogue of Sanskrit Manuscripts in the Library of the India Office, vol. 1, p. 47.
 - ि>> मः मः शहरमणत व्यानुन्याविक 'हार्ल्यानामके बार्त्या'त ১৭৪ शृक्षा क्रहेता ।
- ৮৪ রামনাথ-কুত 'থার্ম্মিককর্ম-রহস্ত' (সংস্কৃত-সাহিজ্য-পরিবদের পুৰি) পৃ ৫৯ক—"অনিক্র-লিখিতো ধ্বাবিক্র-ধৃতঃ।" পৃ ৫৯কু—"অনিক্রজলিখিতং খ্রুগ্রিকুনা ক্রাখ্যাতম্।"—"তেন লিখিতং ব্যাখ্যাতক খ্রুণবিকুনা।"

'পিতৃদমিতা' ও 'ছান্দোগ্য-মন্ত্রভাষা' প্রণয়ন করিয়াছিলেন। আমি সংস্কৃত-সাহিত্য পরিবৎ-প্রকাশিত 'ছান্দোগ্য-মন্ত্রভাষো'র ইংরাজী ভূমিকায় এই বিষয়ে বিস্তৃত আলোচনা করিয়া এই দিদ্ধান্তে উপনীত হুইয়াছি যে, শুণবিষ্ণু খ্রীষ্টীয় ছাদশ শতকে বলালদেনের রাজসভায় বর্ত্তমান ছিলেন। 🗥 ই

ছম্বোগ অর্থাৎ সামবেদীয়গণের জাতকর্ম হইতে শ্রাদ্ধ পর্যান্ত নানাবিধ ধর্মাত্মন্তানে যে-সকল বৈদিক মত্র পাঠ করিতে হয়, উহা বিভিন্ন সংহিতা ও ব্রাহ্মণ হইতে সংগ্রহ করিয়া গুণবিষ্ণু ভাষ্য করিয়াছেন।

এই ভাষ্য আটি খণ্ডে বিভক্ত। ইহাতে বিবাহ, গর্ভাধান, পুংসবন, সীমস্তোন্নয়ন, জাতকর্মা, নিজ্ঞামণ, নামকরণ, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্তন প্রভৃতি সংস্কার এবং স্নান, সন্ধ্যা,

শাদ্ধ প্রভাষ্ট নানাবিধ অনুষ্ঠানের উপযোগী চারিশতের অধিক মন্ত্র ভালোগা-মন্ত্রভাষ্ট বাধ্যাত ইইয়াছে। এই অনভিবিস্তৃত মন্ত্রভাষ্টো সমগ্রবেদের ভাষ্যকার সারণাচার্য্যের সর্বতোনুখী বিদ্যাবদ্ধা প্রভিদ্পতি না ইইলেও গুণবিষ্ণুর গভীর পাণ্ডিত্যের পরিচয় পাওয়া খার। তাঁহার ভাষ্য সরণ, পরিমিত, অথচ সম্পূর্ণ। তিনি ইহাতে সংহিতা, ব্রাহ্মণ, গৃহস্ত্র, নিঘণ্ট্র, নিক্তক, প্রাণ ও স্মৃতিপ্রস্থের বচন উদ্ধৃত করিয়াছেন এবং পদসাধনে সর্বত্র পাণিনি-ব্যাকরণের অন্তুসরণ করিয়াছেন।

গ্রীষ্টীয় ষোড়শ শতকে প্রশিদ্ধ স্মার্ক্ত রঘুনন্দন ভট্টাচার্য্য তাঁহার স্মৃতিতত্ত্বে বারংবার গুণবিষ্ণুর মন্ত্রব্যাখ্যার উল্লেখ করিয়াছেন। সপ্তদশ শতকে রামনাথ বিদ্যা-বাচস্পতি 'ধার্ম্মিক-কর্ম্মরহস্তু,'

বিভিন্ন গ্রন্থে সামগ-মন্ত্রব্যাথ্যান' প্রভৃতি গ্রন্থে গুণবিষ্ণুর মন্ত্রভাষ্যের অনুসরণ করিয়াছেন। ত এই তুইজন গ্রন্থকারের উক্তি আলোচনা করিলে বুঝা যায় যে, ইহাদের সময়ে গুণবিষ্ণু অতি প্রাচীন ও প্রামাণিক ক্রেন্ব্যাথ্যাতা ট

বলিয়া পরিগণিত হইতেন। এই সময়েই বঙ্গের বিভিন্ন প্রাদেশের 'ছান্দোগ্য-মন্ত্রভাষো'র ক্রিক্ত বিভিন্নত্রপ পাঠ লক্ষিত হইত। এই জন্ত রামনাথ রাঢ় প্রাদেশের পৃথিকে 'রাঢ়ীয় গুণবিষ্ণু' নামে, অভিহিত করিয়াছেন।

'ষট্কর্ম-ব্যাখ্যান-চিস্তামণি'-প্রণেতা নিত্যানন্দ এবং 'মন্ত্রার্থনি পিকা'-প্রণেতা শব্রুত্ম উভ তাঁহাদের গ্রন্থের স্থারস্তে গুণবিষ্ণু-কৃত মন্ত্রভাষ্যের ঋণ স্বীকার করিয়াছেন। ৮১ নিত্য

Chandogya-mantrabhāshya, Introduction, xxiii, xxxv.

Ibid., xxi Agar 1

৮৭ বটকর্ম-ব্যাখ্যান-চিন্তামণি (সংস্কৃত কলেজের প্রুথি) পৃ > ; মন্তার্থদীপিকা সম্পাদিত), পৃ>

আবির্জাব-কাল কিংবা নিবাস-স্থান স্থির করিতে পারি নাই। শত্রুত্ম নিজেই বিশ্বপ্লাছেন যে, তিনি বিশ্বজাধিপতি ধর্ম্মচন্দ্রের অন্তুরোধে 'মস্ত্রার্থনীপিকা' প্রণায়ন করেন। দে এই ধর্ম্মচন্দ্র ষোড়শ শতাব্দীর প্রথম ভাগে পঞ্জাবের জালন্ধর প্রদেশ শাসন করিতেন। দেশ স্থাতরাং বুঝা যাইতেছে, ঐ সময়ে গুণবিফুর বেদব্যাথ্যার খ্যাতি পঞ্জাব-প্রাপ্ত পর্যাস্ত ছড়াইয়া পড়িগাছিল।

সায়ণাচার্য্য তাঁহার প্রন্থে কোন স্থলে গুণবিষ্ণুর নাম করেন নাই, কিন্ত 'মন্ত্রাহ্মণে'র ভাষ্যে ছই স্থলে 'কেচিৎ' বলিয়া কোনও পূর্ববর্ত্তী ভাষ্যকারের ব্যাথ্যার উল্লেখ করিয়াছেন। এই বাাখ্যা গুণবিষ্ণুর 'মন্ত্রভাষ্যে' অবিকল পাওয়া যায়। * স্থভরাং সায়ণাচার্য্য এই স্থলে গুণবিষ্ণু কিংবা তাঁহার সম্প্রদারের কোনও ভাষ্যকারের ব্যাখ্যা উদ্ধৃত করিয়াছেন, ব্ঝিতে হইবে। ইহা ছাড়া 'মন্ত্রাহ্মণে'র ছয়টি মন্ত্রের সায়ণীয় ভাষ্য গুণবিষ্ণুর ভাষ্যের সহিত প্রায় অক্ষরে অক্ষরে মিলিয়া যায়। * এই সকল কারণে মনে হয়, সায়ণ গুণবিষ্ণুর 'মন্ত্রভাষ্যে'র সহিত অপরিচিত ছিলেন না।

হলায়ুধ ভট্টের 'ব্রাহ্মণসর্বস্বে' বছ মন্ত্রের ব্যাখ্যা গুণবিষ্ণুর ব্যাখ্যা ইইতে অভিন্ন দেখা যায়। * একটি বৈদিক মন্ত্রের পাঠ-ভেদ সম্পর্কে আলোচনাকালে রামনাথ বিদ্যা-বাচম্পতি বলিয়াছেন, — "গুণবিষ্ণুর একথানি হস্তলিখিত পুথিতে এই পাঠ দৃষ্ট হয়, কিন্ত হলায়ুধ প্রভৃতি শিষ্টগণ ইহা গ্রহণ করেন নাই"। * এই স্থলে রামনাথ গুণবিষ্ণুকে হলায়ুধ অপেক্ষা প্রাচীন স্থির করিয়াছেন বলিয়া মনে হয়। রামনাথের এই উক্তি এবং অক্তান্ত আভ্যন্তরীণ প্রমাণের বলে আমি 'ছান্দোগ্য-মন্ত্রভাষ্যে'র ভূমিকায় দিদ্ধান্ত করিয়াছি যে, গুণবিষ্ণুর ভাষ্য হইতে হলায়ুধ বছ অংশ স্বর্ত্তিত 'ব্রাহ্মণসর্বস্বে' অক্ষরে অক্ষরে গ্রহণ করিয়াছেন। * *

.. L₄.

৮৮ श्वार्शनी शिका, भु ।

Cunningham, Archaeogical Survey of India Reports, vol. v, p. 152.

৯০ 'মন্তর ক্ষণের' ১/২/১৮.এবং ২/৬/১ মন্তের সাঞ্জীর ভাবোর সহিত তেপ্রিফুর ৩/৪৬ মন্তের ভাষা তুলনীয়।

১১ মন্তর্কাণের ১২০, ২,৪০১৪ ও ২,৪,৬ মন্তের সাম্পীয় ভাবোর সহিত বথাক্রমে গুণুবিফুর ৩,৩১, ১,১৮ ৯ ও ১০১৮ মন্তের ভাষো মিল দেখা বাহ।

২২ সংসম্পাদিত ছান্দোগামস্ক ভাবোর ইংরাজী ভূমিকা xxxi পৃঠা এট্রও।

কামনাথ-কৃত 'সামগমন্ত্রবাধ্যান' (সংস্কৃত-সাহিত্য-পরিষদের পুথি), পৃ ১৮ক :

খ্ৰণিকু-প্ৰকে হান্দন: অন্তেরাদিলোপ ইতি পাঠ: ন তু[®] হলাযুধাদিশিষ্ট-পরিগৃহীত:।

>8 Chandogyamantrabhāshya, Introduction, p. xxxiii.

আমরা দেখিলাম,—হলায়্ধ, সায়ণ, নিত্যানন্দ, শত্রুত্ব এবং রামনাথ বেদব্যাখ্যায় গুণবিষ্ণুর নিকট খণী। > * ইহা অবশ্রুত্ব গুণবিষ্ণুর ভাষ্যের উপাদেয়তা প্রতিপাদন করে।

বরোদা দেণ্ট্রাল লাইব্রেরীতে গুণবিষ্ণু-কৃত 'ছান্দোগ্য-ব্রাহ্মণভাষ্যের' একথানি পুথি আছে। উহা সামবেদীয় 'মন্ত্রবাহ্মণে'র ভাষ্য। 🍑 এই গ্রন্থের সহিত 'ছান্দোগ্য-মন্ত্রভাষ্যে'র বিশেষ পার্থক্য নাই।

মহামহোপাধ্যায় পরমেশ্বর ঝা দারভাঙ্গা হইতে প্রকাশিত 'ছান্দোগ্যতথ্য বিষ্কৃত্র চিত্ত
মন্ত্রভাষা বিভিন্ন ভাষা
বৈদিক পণ্ডিতের নিকট গুণবিষ্ণুর রচিত 'পারস্কর-গৃহ্ন ভাষাে'র একথানি
পূথি দেখিয়াছেন।" এই ভাষ্যগ্রন্থে সন্তবতঃ 'পারস্কর-গৃহ্নস্থাে'ক্ত বৈদিক মন্ত্রগুলি ব্যাখ্যাত
হইয়াছে। তাহা হইলে দেখা যাইতেছে, গুণবিষ্ণু গৃহ্ন কর্ম্মের উপধােগী বৈদিক মন্ত্রগুলির উপর
তিনথানি ভাষ্য রচনা করিয়াছিলেন।

৪। হলায়ুধ ভট্ট

হলায়ুধ 'ব্রাহ্মণদর্ক্ষণ্ডে' 'কাধশাথি-বাজসনেয়'-গণের 'গার্হস্থাকর্দ্ধে'র উপযোগী কিঞ্চিদ্ধিক তিন শত মন্ত্র ব্যাথ্যা করিয়াছেন। যে-দকল অনুষ্ঠানে ঐ মন্ত্রগুলি ব্যবহৃত হয়, গ্রন্থকার প্রারম্ভেই তাহার এক স্থুটী দিয়াছেন। এই শ্লোকবদ্ধ স্থুটীতে দন্তধাবন হইতে আরম্ভ করিয়া অস্ত্রোষ্টিক্রিয়া পর্য্যস্ত চল্লিশ প্রকার কর্দ্মের নাম আছে। অনেক কার্য্যে দামবেদীয় ও যজুর্ব্বেদীয়গণের একই মন্ত্র পাঠ করিতে হয়, দে-দকল স্থলে গুণবিষ্ণু ও হলায়ুধের ব্যাথ্যা প্রায় একরূপ, তাহা আমরা পুর্ব্বে উল্লেখ করিয়াছি। অস্তান্ত মন্ত্রের ব্যাথ্যায় হলায়ুধ তাঁহার দহজ পাণ্ডিত্যের পরিচয় দিয়াছেন। গুণবিষ্ণুর ভাষ্য দরল ও সংক্ষিপ্ত; হলায়ুধের ব্যাথ্যা দরল হইলেও পুরাণাদি নানা শ্বন্তের প্রমাণ দারা উপচিত

'গ্রাহ্মণসর্বব্দে'র ভূমিকার গ্রন্থকার আত্মপরিচয় দিয়াছেন। ৺ তিনি বাৎশু মূনির বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার পিতার নাম ধনঞ্জয়, মাতার নাম উচ্ছনা। পিতা অগ্লিতে

এবং স্মৃতি-নিবন্ধের ভাষ কর্মামুষ্ঠানদম্বনীয় প্রমাণ প্রয়োগে পরিপূর্ণ।

কং বঙ্গীয়-শাহিত্য-পরিষদের পূথিশালায় বজুর্বেরীয় রক্তাধাছের বাাধ্যায় এক থানি পূথি আছে; উহাতে ব্যাধ্যাকর্তার নাম নাই। ঐ ব্যাধ্যায় প্রায়ত্তে গুণবিকুর ও হলায়ুধের নামোল্লের পাওয়া বায়।—শীয়ুক্তচিতাহরণ চক্রবর্ত্তী, বঙ্গীয় সাহিত্য পরিষদের সংস্কৃত পূথি।—সাহিত্য-পরিষণ পত্রিকা, ও৮ শ ভাগ, পৃ ২৩৮।

Descriptive Catalogue of Mss. in the Central Library, vol. i, p. 112.

কালোগ্য-মন্ত্রাধ্য', দারভাঙ্গা-নংকরণ, পু ১৭৪।

৯৮ ব্ৰাহ্মণসৰ্ক্স, e-২৪ গ্লোক।

আছতি দিতেন, তাহার ধ্ম আকাশে উথিত হইয়া দেবগণের তৃপ্তি সাধন করিত। জ্যেষ্ঠ লাতা পশুপতি 'শ্রাদ্ধক্ষত্য-পদ্ধতি' ও 'পাক্ষজ্ঞ-পদ্ধতি' নামক হরণার্ধের হুইথানি গ্রন্থ প্রণয়ন করেন এবং ঈশান নামে অপর ল্রাতা 'বিজাহ্নিক-পদ্ধতি' রচনা করেন। হলায়ুধ প্রথম বয়দে লক্ষণদেনের সভাপণ্ডিত ছিলেন, পরে ধর্মাধ্যক্ষের পদ লাভ করিয়াছিলেন। তাঁহার সময়ে সকলেই শ্রুতিবিদ্যাকে কিছুকালের জন্ত কঠে ধারণ করিত, কিন্ত তিনিই ঐ বিদ্যার সমধিক প্রীতিভাজন, হইয়াছিলেন।

হলায়ুধ তাঁহার সময়ে প্রাচলিত বান্ধালা দেশের বেদাধায়ন-প্রথার নিন্দা করিরাছেন। তাঁহার কথার সারমার্ম এই যে, উৎকল ও পশ্চিমদেশীয়গণ বেদ মুখস্থ করেন, অর্থবোধের চেষ্টা করেন না; রাটীয় ও বারেন্দ্রগণ একেবারেই বেদ মুখস্থ করেন না, যজ্ঞামুষ্ঠানের হলায়্ধের সময়ে বেদাধায়নের গীতি জন্ম কেবল তত্পবোগী মন্ত্রগুলির অর্থ শিক্ষা করেন। ' ° এই উভয় প্রথাই নিন্দনীয়। যথাবিধি 'অধ্যয়ন' অর্থাৎ আবৃত্তিপূর্বক অর্থ-

বিচার করিতে হইবে, ইহাই হলায়ধের মত। তিনি বলিয়াছেন, সমগ্র বেদ কণ্ঠস্থ করিয়া তাহার অর্থ. বিচার করা অসম্ভব বোধ হইলে, বরং কেবল ক্রিয়াকাণ্ডের উপধোগী মন্ত্রভাগ উক্ত নিয়মে শিক্ষা করা উচিত। কারণ, বিনা 'অধ্যয়নে' অর্থ জানিয়াও ফল হয় না। ' এই বেদাধ্যয়ন-প্রথার সমালোচনা হইতে বুঝা যায় যে, খ্রীষ্টায় দ্বাদশ শতকে লক্ষ্মণসেনের রাজস্বকালে দেশে বেদবিদ্যার প্রচার মন্দীভূত হইয়া আসিতেছিল।

^{»»} Notices of Sanskrit Mss., vol. II, 66.

>০০ কলো আয়ু: প্রজ্ঞোৎসাহশ্রদানীনামল্লহাৎ উৎকলপাশ্চান্ত্যাদি ভির্কেবনাধ্যয়নমাত্রং ক্রিয়তে। রাটীয়বারেকৈন্ত্র-ধ্যরনং বিনা কিয়বেক্বেবদার্থপ্ত কর্মমীমাংসাধারেশ যজ্ঞেতিকর্ত্তব্যতাবিচারঃ ক্রিয়তে।—এাহ্মশূদর্বব্য (কাশী-সংক্ষরণ), পুন।

२०२ वे, १४।

গুণবিষ্ণুর 'ছান্দোগ্য-মন্ত্রভাষো'র মত হলায়ুধের 'ব্রাহ্মণ্সর্ক্স্ব'ও র্ঘুনন্দন, রামনাথ, নিত্যানন্দ, ও শক্রমের গ্রন্থে প্রমাণস্বরূপ উলিখিত হইয়াছে। এতরিয় নানা গ্রন্থে হলায়ুখের দাক্ষিণাত্য অনিক্সভট্টের 'ছান্দোগা-মন্ত্র-কৌমুদী', বর্দ্ধানের <u>টৈলে</u>থ 'গঙ্গাকত্য-বিবেক', ব্লামক্কভট্টাচাৰ্য্য-কৃত 'মন্ত্ৰকোমূদী' এবং রামকুক্ষ-ভট্ট কৃত 'প্রাদ্ধনংগ্রহে' হলায়ুধের উল্লেখ পাওয়া যায়।

বামনাথবিছাবাচস্পতি

হস্তলিখিত পুথির বিভিন্ন ক্যাটালগ্ হইতে রামনাথ-ক্ত 'দংকারণদ্ধতি-রহস্ত', 'স্বৃতি-রত্বাবলী' 'কাব্যপ্রকাশ রহস্তা', 'ত্রিকাগু বিবেক', 'অভিজ্ঞানশকুস্তুলা-বিবুতি', রামনাথের গ্রন্থাবলী 'লিক্সাদিসংগ্রহ-টিপ্পণী' এবং 'লীলাবতী-রহস্তের' নাম অবগত হওয়া যায়। সম্প্রতি সংস্কৃত-সাহিত্য-পরিষদের পুথিশালায় ছুইথানি নূতন গ্রন্থের পুথি পাওয়া গিয়াছে। ইত্তার একথানি 'ধার্ম্মিক-কর্ম্মরহস্ত, অপরথানি 'দামগ-মন্ত্রব্যাথ্যান'। এই হুইখানি পুথি আলোচনা করিয়া আমি গুণবিষ্ণু সম্বন্ধে অনেক তথ্য জানিতে পারিয়াছি। 'ধার্ম্মিক-কর্ম্মরহস্তে' গ্রন্থকার 'পরিভাষা' ও 'সময়-রহস্তা' নামে আরও ছুইখানি স্বর্গচিত গ্রন্থের নাম করিয়াছেন।

গুণবিষ্ণু ও হলায়ধের মন্ত্র-ভাষ্যের স্থায় রামনাথের 'দামগ-মন্ত্রব্যাথ্যান'ও ক্রিয়াকাণ্ডের উপযোগী মন্ত্রদমূহের ব্যাথ্যা। এই ব্যাখ্যার বৈশিষ্ট্য এই যে, ইহাতে গ্রন্থকার পূর্ব্ববর্ত্তী ভাষ্য-কারণিগের পাঠের আলোচনাপ্রদক্ষে স্থানে স্থান স্থান বিচার-শক্তির রামানথের সামগমন্ত-ব্যাখ্যানের পরিচয় দিয়াছেন, কথন কথন গুণবিষ্ণু, হলাযুধ, সায়ণ প্রভৃতি পরিচয় ভাষ্যকারগণের মত উদ্ধৃত করিয়া থণ্ডন করিয়াছেন এবং বিভিন্ন-দেশে প্রচলিত মন্ত্র-পাঠের তুলনা করিয়া দোষ-গুণ বিচার করিয়াছেন। গ্রন্থের নাম হইতেই বুঝা যাইতেছে যে, ইহাতে সামবেদীয় কর্ম্মের উপযোগী মন্ত্রগুলি ব্যাখ্যাত হইষাছে। মন্ত্রের সংখ্যা এক শতের অধিক হুটবে না।

রামনাথ 'সংস্কারপদ্ধতি-রহস্তে'র শেষে গ্রন্থ-সমাপ্তির কাল নির্দেশ করিয়াছেন। ইহা **হই**তে জানা যায় যে, তিনি খ্রীষ্ট্রীয় ১৭শ শতাব্দীর প্রথমভাগে বর্ত্তমান ছিলেন।^{১৫৫} 'ধার্ম্মিক্ক কর্মান্র

٠ ٥٥ ٠

বেদবেদেযু-শীতাংশু (১৫৪৪)-গণিতে শাক বৎসরে। क्रवामवीश्रुष्ठीत्कश्चः त्रामनात्थन निर्मित्रा ॥

রহস্তে'র প্রারম্ভে গ্রন্থকার বলিয়াছেন,—গন্ধর্বরায় নামে খ্যাত রাজা নারায়ণদেবশর্মার অন্ধরোধে রামনাধের পরিচর তিনি ঐ গ্রন্থ প্রকাশিত হয় নাই, কিংবা আলোচিত হয় নাই। এই গ্রন্থকাজি যথাযথভাবে আলোচিত হইলে, গ্রন্থকার রামনাথের অতুলনীয় জ্ঞান গৌরব সৈকলের বিশ্বর উৎপাদন করিবে।

৬। রামকৃষ্ণভট্টাচার্য্য

রামক্ষের রচিত বহুগ্রান্থের পুথি পাওয়া যায়। কিন্তু একই রামক্ষণ সকল প্রান্থের রচিয়তা কিনা, তাহা স্থির করিবার উপায় নাই। পূর্ব্ববর্ণিত ভাষ্যকারগণের রামকৃষ্ণের 'গ্রন্থ-কৌমুনী' স্থায় ইনিও ইহার 'মন্ত্র-কৌমুনীতে' কেবল ধর্মামুর্গুনে পাঠ্য মন্ত্রেরই ব্যাথ্যা করিয়াছেন। ইনি অধিক মন্ত্রের ব্যাথ্যা করেন নাই এবং প্রায় সর্ব্বত পূর্ব্ববর্তী ব্যাথ্যাকারদিগকে অমুসরণ করিয়াছেন। ইহার ভাষ্যে অনেক স্থলে স্মৃতিশাস্ত্রোচিত আলোচনা স্থান পাইয়াছে; মন্ত্রের ব্যাথ্যার সহিত কর্মামুর্গুনের কথা বহুল পরিমাণে আলোচিত হইয়াছে।

রাজেন্দ্রলাল মিত্র (Notices 111, 2380) তর্কপঞ্চান ভট্টাচার্য্য-ক্বত এক 'মন্ত্রকৌমুদী'র বিবরণ প্রকাশ করিয়াছিলেন। এই গ্রন্থ এবং রামক্ষের 'মন্ত্রকৌমুদী' অভিন্ন বলিয়া মনে হয়। তাহা হুইলে, বুঝা যাইতেছে,—রামক্ষের উপাধি ছিল তর্কপঞ্চানন।

রামক্কফের আবির্ভাব-কাল নির্ণন্ন করা হঃসাধ্য; ব্যাখ্যারীতি দেখিয়া মনে হয়, ইনি অনতিপ্রাচীন গ্রন্থকার।

উপরি উক্ত বেদ-ব্যাখ্যাগুলিতে গ্রন্থকারগণের প্রত্যেকের বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। অতি ক্ষমণংখ্যকু বৈদিক মন্ত্রের ব্যাখ্যা-সংবলিত আরও কয়েকখানি বান্ধালী-রচিত পুথি পাওয়া যায়। কিন্তু উহাতে তেমন কিছু বৈশিষ্ট্য নাই। এই দকল ব্যাখ্যায় গ্রন্থকারগণ পূর্ববর্ত্তী ভাষ্যকারগণের পদাক্ষাহ্বদরণ করিয়াছেন মাত্র। ১০ ছ

শ্রীত্বর্গামোহন ভট্টাচার্য্য

200

[বোনা]রায়ণদেবশশ্বনূপভির্গন্ধব্রায়াহবরো

্রি] নারারণ-দেব এব স্কৃতস্থিত্যৈ প্রয়াতা (?) ক্ষিতৌ। তেনে তেন মহাকুলীনক্তিনা গ্রীরামনাথ-ছিজ-

ষারাচারপরম্পরাবিধিনিধিঃ প্রেক্ষাবতাং প্রীতয়ে ।

ধার্মিক-কর্ম্মরহন্ত (সংস্কৃত-নাহিত্য পরিবদের পুথি), পৃ ১।

১০৪ সংস্কৃত-সাহিত্য-পরিষদের পূথিশালায় রক্ষিত্ব কংসারি মিশ্রের 'প্রতিষ্ঠা-মন্ত্র-ব্যাখ্যা' এবং 'সবিতা মেমোরিয়াল কলেক্শনে' রক্ষিত কর্ত্তিগী চক্ষবর্তীর পূত্র নন্দাকিশোর সিদ্ধান্তের 'মস্তবাধিনী' এইপ্রকারের পূত্রক।

পূর্ণপ্রজ্ঞ-মত

অধৈত ও বৈষ্ণব দর্শনের থ্যাতি বরাবরই আছে। অধৈত দর্শনমতে কেবল ব্রহ্মই দত্যা, আর সব মিথ্যা; জীবাত্মা এবং পরনাত্মা এক, ইহাদের মধ্যে কোন প্রভেব নাই; প্রভেদ ভাব, অবিদ্যা হইতেই হয়। জীব অবিদ্যামুক্ত হইলে, আপনার প্রক্রত স্বভাব জানিতে পারে এবং মুক্ত হয়। ব্রশ্বের নিগুণস্ব, জগতের মিথ্যাস্থ, জীব ও ব্রশ্বের একস্ব, অবিদ্যার অনাদিস্ব এবং জগৎস্টি-কর্তৃত্ব অধৈতদর্শন দৃঢ়ভাবে স্বীকার করে।

বৈষ্ণবদর্শনের দিদ্ধান্ত এই যে, জীব এবং ব্রহ্ম পরস্পার হইতে বিভিন্ন; ব্রহ্ম একপ্রকৃতিক নহেন, বহুত্ব ব্রহ্মেরই ভিতর নিহিত;—জড়জগতের উপাদান এবং বহুজীব ব্রহ্মেরই অংশরূপে ব্রহ্মেরই মধ্যে নিহিত; ব্রহ্ম নিগুণ নহেন, তিনি গুণপূর্ণ। স্থাষ্ট (বা জগৎ) সত্যা, কিন্তু নিন্তুত্ব পরিবর্ত্তনশীল; মারা অভিন্তনীয় বা অপরিজ্ঞেয় নহে, মায়া ঈশ্বরেরই ইচ্ছা; ব্রহ্ম সত্যা, স্কুতরাং ব্রহ্মের সহিত যাহার সম্বন্ধ, তাহাও সত্য; জগৎ ব্রহ্মের ইচ্ছার ফল, স্কুতরাং জগৎ সত্যা।

অবৈত ও বৈষ্ণব-দর্শন উভয়ই বেদান্তের উপর প্রতিষ্ঠিত। উভয় শ্রেণীর দার্শনিকেরাই বেদান্তের তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া নিজ নিজ মত সমর্থন করিয়াছেন। বেদান্তের যথার্থ তাৎপর্য্য কি ? উপনিষদে এমন অনেক মন্ত্র আছে, যাহা দ্বারা অবৈতবাদ সমর্থন করা যায়। ব্রহ্মস্থ বা ব্যাদস্ত্রের ভিত্তি এই সকল উপনিষদ্-মন্ত্রের উপর। ব্রহ্মস্থ্রের রচয়িতা ব্যাদ উপনিষদ্-মন্ত্র সকলের তাৎপর্য্য বেরূপ ব্রিয়াছিলেন, নিশ্চয়ই দেই অমুদারে স্প্রগুলি রচনা করিয়াছিলেন। স্থতগুলির যথার্থ অর্থ কি, তাহা ব্রিতে পারিলে, বাদরায়ণ শ্রুতিমন্ত্র সকলের তাৎপর্য্য কি ব্রিয়াছিলেন, তাহা ব্রিতে পারা যায়। বাদরায়ণের ব্রহ্মস্থ্য শ্রুতিমন্ত্র সকলের তাৎপর্য্য কি ব্রিয়াছিলেন, তাহা ব্রিতে পারা যায়। বাদরায়ণের ব্রহ্মস্থ্য শ্রুতিরই উপর প্রতিষ্ঠিত। এই মতের বিকন্ধবাদী প্রায় দেখিতে পাওয়া যায় না। কিন্ত বাদরায়ণের স্বত্তগুলি সাধারণ পাঠকের বোধগম্য নহে। ভাষ্যকার-গণের ভাষ্যের সাহায্য ব্যতিরেকে স্থ্রের মর্থ করিতে পারা যায় না। ভাষ্যকারগণের মধ্যে এক শ্রেণীর ভাষ্যকারেরা অবৈত্ত-মতাবলম্বী, এবং আর এক শ্রেণীর ভাষ্যকারেরা বৈষ্ণ্য দার্শনিক। স্বত্রাং শ্রুতির যে যথার্থ মিত্ত কি, তাহা সাধারণের পক্ষে বুরিয়া উঠা কঠিন।

মাধ্বগণ বলেন,—শ্রুতির বার্থি তাৎপর্য্য বুঝিবার পক্ষে একটি প্রকৃষ্ট উপায় আছে। অষ্টাদশ পুরাণ ও ভগবদগীতায় শ্রুতির বড় ফুন্দর ব্যাখ্যা পাওয়া যায়। কিন্তু সমগ্র অষ্টাদশ পুরাণ ও ভগবদ্দীতা অধৈতবাদ সমর্থন করে, কি বৈষ্ণব দার্শনিকগণের মত স্বীকার করে, তাহা বিচার-সাপেক্ষ।

মান্থবের সর্ব্বোচ্চ উদ্দেশ্য কি, তাহারই অনুসন্ধানের জন্ম দর্শনশান্তের প্রবৃত্তি। সকল দর্শনকারই ধরিরা লইরাছেন, মান্থবের অবস্থা ছঃধজনক অথবা পরিবর্ত্তনশীল। ছঃধ ও নিরত পরিবর্ত্তনের অবস্থা যাহাতে অভিক্রেম করা যায়, দেই দিকে দকল চেষ্টা নিয়োজিত করা চাই। ছঃধ আত্মার অভিপ্রেত নয়, পরিবর্ত্তনও নয়, পরিবর্ত্তনও নয়, অথচ আত্মাকে ছঃধ ও পরিবর্ত্তনের অধীন হইতে হয়। আত্মা ছঃধ এবং পরিবর্ত্তন চায় না; এই দকল হইতে মুক্ত হইতে চায়; কিন্ত ছঃধ এবং পরিবর্ত্তন হইতে কিকরিয়া মুক্ত হওয়া বায় ? ছঃধ হইতে মুক্ত হইতে হইলে, পরিবর্ত্তনের হাত এড়াইতে হইলে, ছঃধ এবং পরিবর্ত্তনের কারণ কি এবং ইহারা কোনু নিয়মের বশবর্ত্তী, ভাহা জানিতে হয়।

আমাদের সম্মুখে যে জগং তাহা নিয়ত পরিবর্ত্তননীল, আমরা যথন যে অবস্থার অধীন হই, তাহাও নিয়ত পরিবর্ত্তননীল। কিন্তু আত্মার কোন সময়ে কোন পরিবর্ত্তন হয় না। পরিবর্ত্তন একদিকে যেনন স্থেবাৎপাদক, আর একদিকে তেমনি হুংখোৎপাদক; পরিবর্ত্তনের হাত এড়াইতে পারিলে স্থধ-হুংখের হাত এড়াইতে পারা যায়। এক শ্রেণীর দার্শনিকদিগের মত, স্থধ-হুংখের হাত এড়াইতে পারা যায়, হুংখ মান্থযের প্রির নয়, সকল মান্থয়ই স্থায়েখী; যে পরিবর্ত্তন স্থার বলিতে পারা যায়, হুংখ মান্থযের প্রির নয়, সকল মান্থয়ই স্থায়েখী; যে পরিবর্ত্তন স্থাপ্রদা, দেই পরিবর্ত্তনের হাত এড়াইবার প্রায়োজন কি? অনেক দার্শনিকের মত এই যে, ঘাহাতে স্থধ হয়, তাহার তেষ্টায় কোন দোষ নাই—তাহা মঙ্গলপ্রদা। তাঁহাদের মত এই যে, হুংখের সহিত যুদ্ধ করিয়া হুংখকে পরাস্ত করিয়া স্থথ আনয়ন করাই মান্থয়ের জীবনের উদ্দেশ্য। কিন্তু ভাবিয়া দেখিলে দেখা যায়, পরিবর্ত্তন-জনিত স্থথ ও হুংখ পরস্পর সম্বন্ধযুক্ত। সে স্থলে সে স্থাকে আলিঙ্গন করিলেই হুংখের সঙ্গে সম্বন্ধযুক্ত স্থাকে আলিঙ্গন করাই কাজ। আমরা মৌরনে যত স্থাবের পরিচয় পাই, সবই পরিবর্ত্তন-জনিত স্থা। হুংখের সহিত তাহার বিশেষ সম্বন্ধ আছে, স্থতরাং তাহা পরমার্থ নহে। যদি সম্পূর্ণভাবে হুংখ হইতে নিঙ্কতি লাভ করিতে হয়, তাহা হইলে এরূপ স্থাবের হাতও এড়াইতে চেষ্টা করিতে হয়।

হৃংথের হাত এড়ানই জীবনের উদ্দেশ্য। পরিবর্ত্তন স্থথ এবং ছৃংথের জনক। আমাদের যথনই এক অবস্থার পরিবর্ত্তে অন্ত অবস্থা আদে, তথনই হয় স্থপ, না হয় ছৃংথের অন্ত ভব হয়; এবং এই স্থথ ও ছৃংথ পরস্পার সম্বর্দ্ত, স্কতরাং স্থথই বা কি, ছৃংথই বা কি,—উভয়ই পরিত্যাক্ষা। অত এব স্থথ-ছৃংথের মৃশীভূত পরিবর্ত্তন আয়ার পক্ষে মঙ্গন্তান নহে। আয়া যথন ছৃঃথ চায় না, তথন ছৃঃথের অতীত কোন অবস্থা আয়ার স্বভাবিক অবস্থা। ছৃঃথের সহিত যথন স্থথের

সদ্ধন্ধ, তথন অথের অবস্থাও আত্মার আতাবিক অবস্থা নহে। আত্মার আতাবিক অবস্থা স্থান্থ কি অবস্থা অথ-তৃথের অতীত এবং দকল পরিবর্ত্তনের অতীত। আবার এমনও দেখা বার, একজন বাহাকে তৃথেজনক মনে করে, আর একজনের পক্ষে তাহা তৃথে নহে। যথনই মানুষ কোন অবস্থাকে তৃথেজনক হর। তৃথেকে তৃথে বলিয়া না জানিলে, তৃথেও অনেক সময়ে অথজনক হর। সাধারণ লোকে যাহাকে অথ বলিয়া মনে করে, দার্শনিক তাহাকে তৃথে বলিয়াই জানেন। দার্শনিক বাহা তৃথে বলিয়া জানেন, সাধারণ লোক তাহাকে তৃথে বলিয়া জানিতে না পারিয়া অথ বলিয়া মনে করে; অথ এবং তৃথে সবই মন লইয়া। যদি মনে করা বার, সবই তৃথে—আবার যদি মনে করা বার, সবই অথ। আবার আর এক শ্রেণীর দার্শনিক আহেন, তাহাদের মত এই যে, বন্ধনই তৃথের কারণ। প্রকৃত অথ এবং তৃথে বলিয়া কিছুই নাই। আমরা বিশেষ বিশেষ সংস্থারের অধীন হইয়া কোন অবস্থাকে তৃথেজনক এবং কোন অবস্থাকে তৃথেজনক মনে করি। সংস্থারের বন্ধন কাটিতে পারিলেই এ সকল জালা আর থাকে না।

কোন কোন দার্শনিকের মত এই যে, ছঃথকর এবং স্থথকর অবস্থা সনেরই কল্পনা-সন্তৃত। স্থতরাং স্থথকর বা ছঃথকর বলিয়া কোন জগৎ নাই। কল্পনার মূল অবিদ্যা বা অজ্ঞানকে জানিতে পারিলেই ছঃথের অবসান হয়।

পূর্ণপ্রক্ষ (শ্রীমধব) ও তাঁহার মতাবদমীরা বলেন,—মুখতুংখনম জগৎ মিথা। হইতে পারে এবং তাহাকে মিথা। বলিয়া ভাবিতে পারিলে, মুখ তুংখের হাত এড়াইতে পারা যায় ; কিন্তু জগৎকে যদি মনের কল্পনা বলা যায়, তাহা হইলে জগৎকে মিথা। বলিয়া ভাবাও আর একটা মনের কল্পনামাত্র। বাঁহারা জগৎকে মিথা। বলিয়া ভাবিয়া ভাবের হাত এড়াইতে চান, তাঁহারা কলনামই মুখী হইতে চান। বিশেষতঃ জাের করিয়া জগতের অন্তিম্ব যদি আমরা অখীকার করিতে যাই, তাহা হইলে জগতের কল্পনা আরও জাের করিয়া আমাদের মনে উদিত হয়। দৃষ্টাস্ত স্বরূপ, যদি কোন চিকিৎসক রোগীকে বলেন—'ঔষধ খাইবার সময়ে সর্পের চিস্তা করিও না'; তাহা হইলে ঔষধ খাইবার সময়ে রোগীর মনে সর্পের চিস্তা আপনি আদিয়া উদিত হইবে। 'জগৎ নাই' ভাবিতে গিয়া 'জগৎই' মনে হইবে।

মায়াবাদীর উপর এইরূপ আক্রমণ সমীচীন নহে। মায়াবাদীর উদ্দেশ্য নহে যে, 'জগৎ, নাই' ভাবিয়া জগতের হাত এড়াইতে হইবে। মায়াবাদী ঠিক চোক বুজিয়া বিপদের হাত এড়াইতে বংলন না। জগতের অন্তিত্ব দম্মজে সংস্কারকে তাঁহারা চুর্ণ করিতে বংলন। সর্পের চিস্তা মনে উদিত হইলে কিছুই যার আদে না। প্রাকৃত সর্প আছে—এই বিশ্বাদই মনে ভ্রের

উদ্রেক করে। যদি কাহারও মনে সংস্কার থাকে, 'অমুক' বুক্ষে ভূত আছে, তাহা ইইলে ভাহাকে যদি বলা যায়, তুমি ঐ বুক্ষের তলা দিয়া যাইবার সময়ে ভূতের চিষ্তা মনে আনিও না, তাহা হইলে তাহার প্রতি ঐ উপদেশ মঙ্গণ এক ইবে না; কেননা, 🕸 গাছের তলা দিয়া ষাইবার সময়ে আপনাআপনি ভুতের চিস্তা তাহার মনে উদিত ইইবে এবং দে ভরও পাইবে। পক্ষান্তরে ঐক্রণ সংস্কারাপর মন হইতে যদি ঐ ভ্রান্ত সংস্কার বিদ্বিত করা হয়, তাহা হইলে তাহার মনে ভতের চিস্তা উদিত হইলেও তাহার ভয়ের সম্ভাবনা থাকে না। শুধু 'জগৎ নাই' বলিয়া চিস্তা করিবার চেষ্টা ক্রিলে চলিবে না। সেই চেষ্টা ষত করা যায় তত্ত বিফলমনোরথ হইতে হয়, অর্থাৎ তত্ত দেই চিস্তা আরও জোর করিয়া মনে উদিত হয়। 'জগং আছে'—এই ভ্রাস্ত দংস্কারকে বিচার বা যুক্তি স্বারা ছিন্নভিন্ন করিতে হইবে। তথন মনে যে অবস্থা হইবে, সেই অবস্থায় জগতের চিস্তা যতই মনে উদিত হউক না কেন, তাহাতে কিছুই ক্ষতি হয় না। জগতের অন্তিত্বের ধারণা আমরা কিছুতেই এড়াইতে পারি না। জগৎ আছে বলিয়া আমরা বে অনুভব করি, তাহা নির্থক নহে। নিশ্চয়ই তাহার মূলে কারণ আছে। জ্ঞগৎ আছে বলিয়া অনুভব করিবার মূলে যে কারণ আছে, তাহা স্বীকার করিতে হয়। সেই কারণে জগৎ বে একেবারেই মিথ্যা, তাহা বলা যাইতে পারে না। কোন যুক্তিই মায়াবাদীকে তাহার গৃহ, শরীর, ক্ষুধা, খাদ্য প্রভৃতির চিন্তা হইতে বিরত করিতে পারে না। কিন্ত ইহাতেই ঠিক মায়াবাদ থণ্ডিত হয় না। কারণ, মায়াবাদী আপনার গৃহ, শরীর, ক্ষুধা ও থাদ্য প্রভৃতির চিন্তায় ব্যস্ত থাকিতে পারে; কিন্তু তিনি মনে মনে জানেন—ইহা মায়ারই ব্যাপার। কবেকার কি সংস্কার এখনও তাহার মনকে জড়াইয়া ধরিয়া আছে; তাই একেবারে তিনি এসকল ভুলিতে পারিতেছেন না। কিন্তু এখন যত তাহার ত্রজ্ঞান হইতেছে, ততই তিনি এদকলে আদক্তিশূল হইতেছেন। পরে একেবারে জগদ-ভ্রম বিদুরিত হইবে। দীর্ঘকাল গতিবিশিষ্ট রেলের গাড়ী চড়িয়া পরে যথন গাড়ী হইতে নামা হয় তথনও যেন রেশের গাড়া চড়িয়া ঘাইতেছি এরূপ মনে হয়। সংস্কার একেবারে ষায় না ; অথচ তত্ত্বজ্ঞানী তাহাতে আদক্ত হন না। আমরা অভ্যাদের বশে অনেক কান্ধ করিতে পারি; কিন্তু আমাদের আত্ম। তাহাতে নির্দিপ্ত থাকিতে পারে। কি মায়াবাদী, কি অন্ত কেহ জগতের চিরস্থায়িত বিশ্বাদ করিতে বাধ্য, এদকগই প্রাক্ততিক নিয়মের অধীন। জগৎ যে এথনই আছে, পূর্ব্বে ছিল না বা পরে থাকিবে না-এমন কেহ বিশ্বাস করে না। কোন না কোন আকারে জগৎ পুর্বেও ছিল ও পরেও থাকিবে—ইহাই সকলের বিশ্বাদ। যদি তাহাই হয়, এবং 'আত্মা' বুলিয়া যদি অস্ত কিছু থাকে, তাহা হইলে এমন এক স্থত্ৰ আছে, বে স্থত্ৰে জগতের সহিত আত্মার এমন এক সম্বন্ধ আছে, যাহাতে জগৎ আখ্রীর স্থা-ছঃথের মুলীভূত কারণ হয়। জগতের

জীব যে প্রাক্কতিক নিয়মের অধীন হইয়া জাগতিক স্থ-ছঃথের অধীন হয়, দেই প্রাক্কতিক নিয়ম এই স্বেঘটিত। বস্তুতব্বাদীর এই কথার উত্তরে মায়াবাদী বলিবেন, এসকল আত্মার কয়না। আত্মা ভিন্ন আর কিছুই থাকিতে পারে না, যদি থাকে আত্মার সহিত কোন স্থন্ধ চিন্তা করা যাইতে পারে না। যাহা আত্মার অতিরিক্ত তাহাই অনাত্মা; আলোকের সহিত অন্ধকারের যে সত্থন্ধ, আত্মার সহিত অনাত্মার দেই সত্থন্ধ, অর্থাৎ প্রত্যক্ষ ভাবে কোন সত্থন্ধই নাই; তবে যে সত্থন্ধ, আত্মার সহিত অনাত্মার দেই সত্থন্ধ, অর্থাৎ প্রত্যক্ষ ভাবে কোন সত্থন্ধই নাই; তবে যে সত্থন্ধ কয়না করা যায়, তাহা মিথাা। স্পত্রাং জগৎ সত্থন্ধে আত্মার যে ধারণা, তাহা মিথাা; কিন্তু মিথাা হইলেও এরূপ ধারণা হয়, তাহা হইলে ইহাকে মায়াছাড়া আর কিছুই বলা যাইতে পারে না। মায়াবাদী যুক্তিতে জগতের অন্তিত্ব খুঁজিয়াপান না। তিনি যথন যুক্তি করিতে বদেন, তথন দেখেন জগৎ থাকিতে পারে না, কিন্তু জগৎ না থাকিলে, জগৎ সত্থন্ধ সংস্কার কেমন করিয়া হইতে পারে তাহারও কোন উত্তর তিনি যুক্তিতে পান না। 'জগৎ আছে' একথা তিনি বলিতে পারেন না। 'জগৎ নাই অথচ জগতের সংস্কার কেমন করিয়া হয়' একথাও তিনি বলিতে পারেন না; স্মতরাং মায়াবাদের অবতারণা ছাড়া আর গতান্তর নাই। যথন 'জগৎ না থাকিলে জগতের সত্থন্ধে শংকার হইতে পারে না' একথার প্রতিবাদ তিনি করিতে পারেন না, তথন তাহারেক প্রমাণ-স্বরূপ শ্রুতিবাক্যের সাহায্য লইতে হয়।

দিখনকে নিগুর্গ বলা হইরা থাকে। বেদান্তেও ব্রহ্মকে নিগুর্গ বলা হইরাছে। ব্রহ্মকে বর্ণনাকরিতে না পারিয়া উপনিষদ্ও 'নেতি' 'নেতি' বিলিয়াছেন। ঈশ্বরকে কি বলিব, তাহা ভাবিয়া ঠিক করা যায় না। যাহা কিছু বলিতে যাওয়া যায় তাহাই তিনি নহেন, তাই বলিয়া ঈশ্বর কি ব্রহ্ম কিছুই নহেন ? পূর্ণপ্রজ্ঞ বলেন, ব্রহ্ম যে কিছুই নহেন, তাহা হইতে পারে না। চরাচর বিশ্বব্রহ্মান্তের সকল পদার্থই শুগ্রুক্ত কিন্তু ব্রহ্মকে নিগুণ বলা ইইয়ছে। নিগুণ বলিয়া ব্রহ্ম যে কেবারে কিছুই নহেন, তাহা হইতে পারে না। আময়া এমন কিছুরই অন্তিম্ব কল্পনা করিতে পারি না, যাহা একেবারে গুণাতীত। যে কোন বল্করই কল্পনা করা যাউক না কেন, তাহার কোন না কোন গুণ থাকিবেই। তবে ঈশ্বরকে কেমন করিয়া নিগুণ বলা যাইতে পারে। নিগুণ কিছুই থাকিতে পারে না। কাজেই ঈশ্বরকে যদি নিগুণ বলা যায়, তাহা হইলে ঈশ্বর যে কিছুই নহেন—এই ধারণা হওয়া সম্ভব। পূর্ণপ্রজ্ঞ সেই কারণেই ঈশ্বরকে নিগুণ বলিয়া স্বীকার করিতে পারেন না; অথচ উপনিষদ্ ও বেদান্তের কথাও মিথাা নহে। শাস্ত্র যেধানে ব্রহ্মকে নিগুণ বলিয়াছেন, 'নেতি' 'নেতি' বলিয়া উল্লেখ করিয়াছেন, সেথানে শাস্ত্রের অস্ত্র তাৎপর্য্য আছে। যদি তাহা না থাকিত, তাহা হইলে শাস্ত্র যেথানে তাহাকে সৎ, চিৎ ও আননদ বলিয়াছেন,

শোনে সে শাস্ত্রবাক্যে কি বুঝিতে হইবে ? শাস্ত্রের এই সকল বাক্য আপাততঃ পরস্পার-বিরোধী বিশিয়া মনে হইতে পারে; কিন্ত ইহার কি কোন তাৎপর্য্য নাই ?

সর্গবৃদ্ধি মানবের ঈশ্বর ও জগৎ সহন্ধে যে স্বাভাবিক সংস্থার তাহারই উপর পূর্ণপ্রজ্ঞ শ্রীমশ্ববাচার্য্যের মত প্রতিষ্ঠিত। তিনি সর্গ যুক্তি দ্বারা অতিজ্ঞানীদের ত্র্মাহ মতের পওন করিতে ধণাসাধ্য প্রয়াস পাইয়াছিলেন। তিনি বেদ মানিতেন এবং বেদ ও প্রাণের বহুদেবতার মধ্যে বিষ্ণুকেই ঈশ্বরের পদে বসাইয়াছিলেন। এই বিষ্ণু জীব ও জগৎ হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। তিনি জগতের স্রষ্টা ও নিম্নন্তা। জগৎ পরিণামী ও অনিত্য হইলেও তাহা মিথ্যা নহে; কারণ, বাহা মিথ্যা বা অবান্তব, তাহা কোনদিনই জ্ঞানের বিষয়ীভূত হইতে পারে না। প্রত্যক্ষ ও অনুমান দ্বারা জাগতিক বিষয় নিত্য প্রশাণিত হইতেছে এবং এই বিবিধ প্রমাণ-বলে জড়বিজ্ঞান গড়িয়া উঠিয়াছে। ঈশ্বর ও ঈশ্বরী বা বিষ্ণু ও শ্রী সমন্ধে অপৌক্ষবের বেদই প্রমাণ এবং ইহাকেই তিনি ত্রিবিধ প্রমাণের মধ্যে শ্রেষ্ঠিতম মনে করিতেন।

ভেদই তাঁহার মতের মেরুদণ্ড। এক বস্তুর সহিত অন্ত বস্তুর ভেদই তৎসম্বন্ধে বাথার্য্য আনিয়া দেয়। ভেদকে উপাধিক বলিলেও তাহাকে কোনরূপে মিথ্যা বলা যায় না। ভেদের পারমার্থিক সন্তা জ্ঞানেতেই নিহিত থাকে; স্নতরাং ভেদ মাত্রই নিত্য। জীব বলিলেই তাহার পরাধীনতা, অল্পজ্ঞতা ও অক্ষমতার বা সামর্থ্যাল্লতার জ্ঞান স্বত্তই উদিত হয়। সেইরূপ ঈশ্বর বলিলে, তাহার সর্ব্বনিয়ন্ত্যুত্ব, সর্ব্বপ্রত্ত্ব ও সর্ব্বশক্তিমন্ত্বের জ্ঞান আপনি আসিয়া থাকে। মায়াবাদের দারা এই জীব ও ব্রন্ধের ঐক্য সম্পাদন কোনরূপেই হইতে পারে না। জীবকে ব্রন্ধ বলিলেই তাহাতে মায়া অবিদ্যা বা অজ্ঞানের লেশ কোন দিন ছিল না ও থাকিতে পারে না এইরূপ প্রতীতি হইবে। স্নতরাং জীব চির্মিনই জীব। জীবের 'ব্রন্ধার্মি' বলা ভরন্ধর অপরাধ। বিষ্ণুকে ব্রন্ধ বলিয়া জানিলেই তাহার অজ্ঞানান্ধকার দ্রীভৃত হয়, এবং সেই বিষ্ণুক্ব সেবা করাই তাহার প্রমপুরুষার্থ।

ভগবিষ্বিগ্রহে ভক্তি, স্বাধ্যায়, সংধম, সহিষ্ণুতা, ত্যাগ, তিতিক্ষা, নিত্যানিত্য বিবেক ও ভগবদ্ধ্যান ধারা শ্রীহরির দর্শন লাভ হয়। অঙ্গে অঙ্গে বিষ্ণুর নামান্ধন, স্ত্রীপুত্রাদির বিষ্ণুজ্ঞাপক নামকরণ করিয়া ভগবৎ-স্থৃতি জাগরুক রাখিতে তিনি আদেশ করেন এবং কায়মনোবাক্টের দ্বারা শ্রীভগবানের অর্চনা করিতে বলেন। সৎপাত্রে দান, বিপদ্মের তাণ ও শর্মাগতের রক্ষার দ্বারা কায়িক ভন্তন করিতে হয়। দীনে দয়া, সর্ববাসনা-বিবর্জিক হইয়া ভগবৎ-কার্য্য করিবার স্পৃহা এবং গুরু ও শাস্ত্রবাক্যে ঐকান্তিক শ্রদ্ধার দ্বারা মানসিক ভঙ্কন সিদ্ধ হয়। স্বাধ্যায়, সত্য, হিত ও প্রিয়কথনের দ্বারা বাচিক ভন্তন নিষ্পায় হইয়া থাকে।

এই ত্রিবিধ ভদ্ধনের দারা বিষ্ণু প্রীত হইরা থাকেন। তিনি প্রীত হইলে, জীব আছে বিষ্ণুরূপ পরিশ্রহ করিয়া গোলোকপতি সহ বৈকুঠে নিত্য বিহার করিতে থাকে। এই সারূপ্য ও সালোক্যই প্রকৃত মুক্তি; নির্কাণ বা জীবনুক্তি কথার কথা মাত্র।

সংক্ষেপত আচার্য্য মধ্বের এই মত। এই মত প্রতিষ্ঠার জন্ম তিনি বিরুদ্ধমতাবদশ্বীদের সহিত বহু বিচার করিয়াছিলেন, অনেক প্রবন্ধ ও নিবন্ধ রচনা করিয়াছিলেন এবং শেষ ভগবদ্গীতা, ব্লহ্মত্ব ও দশ উপনিষদের শরণাগত হইগ্না প্রত্যেকেরই এক একটী স্বমতামুধারী ভাষা রাখিয়া গিয়াছেন।

মধ্বাচার্য্যের মতপোষক কিছু কিছু যুক্তি তন্মতাবদ্দিগণ দিয়া থাকেন। আমরা সেই যুক্তি-পরম্পরার অফুদরণ করিয়া নিমে কিছু আলোচনা করিব।

গীতা ভগবান্ প্রীক্ষেণ্ডর প্রীমুথের বাণী। তিনি সকল রকম সাধনোপায় বর্ণনা করিছা বিলিলেন—'সর্বধর্মান্ পরিত্যক্তা মামেকং শরণং ব্রজ' আবার 'মন্মনা ভব মন্তকো মন্দ্রাজী মাং নমন্ধ্রুরু'। যেহেতু 'বেদাস্তক্ষণে বিদেব চাহম্' অর্থাৎ আমি অপৌর্যুবের বেদের বেন্তা ও বেদাস্তের রচয়িতা, তোমরা না ব্রিয়া বহু মত লইয়া কলহ করিও না। তোমরা আমার শরণাগত হও, আমি তোমাদের মুক্তি দিব। ইহাই আচার্য্য মধ্বের প্রকৃষ্ট প্রমাণ। তিনি বেদোপনিষ্
ও ব্রহ্মসূত্র লইয়া টানাটানি না করিলেই পারিতেন; কারণ, বেদকে কোন জীবই স্পর্শ করিতে পারেন নাই, বিষ্ণু ইহার উদ্ধারকর্ত্তা, প্রাণবিদ্ আচার্য্যের ইহা নিশ্চরই জানা ছিল। আর উপনিষদ্-বেদাস্ত সনাতন ঠাকুরের ঝুলি, যে যাহা মনে করিয়া হাত দিবে, সে তাহাই পাইবে,—'হুগ্রে অব্দ্র বাগ্লোহং যো বাচো দোহঃ' (ছান্দোগ্য—১.৩.৭)। কামধেমুরূপিণী বাক্, তাহাতে যত দোহ বা ক্ষার আছে, তিনি তাহা তাঁহার স্থা ভক্তগণকে দিয়া থাকেন। ভক্ত শৈবই হউন আর বৈষ্ণবই হউন, তিনি বাক্সমূহের মধ্যে প্রার্থিত ক্ষীর লাভ করিয়ি ক্রতার্থ হন, কিন্ত শেষে তর্জার লড়াই লাগিয়া যায় তাহাদের মধ্যে, যাহারা কেবল ভক্তের গেরুয়া বা কম্বণকন্থা বহন করিতে ব্যস্ত।

পৌরাণিক দেবতাদের মধ্যে গোলোকপতি ও কৈলাসপতির প্রাধান্ত বহু প্রকারে ঘোষিত হইয়াছে। আশুতোষ শিবের অর্চনা করিয়া অস্কুরগণ অজেয় হইয়া অর্গরে সিংহাসন কাদ্বিয়া লইড, আর দেবগণ ভীত ও পরাজিত হইয়া অস্কুর-নিধনের জন্ত শ্রীহরির শরণাগত হইতেন। বিষ্ণু অবতীর্ণ হইলেও ভোলানাথের ভূল ঘুচিত না। অস্কুর আর্ত্ত হইয়া শূলপাণিকে ডাকিলেই তিনি নির্লজ্জের মত চক্রপাণির সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে আসিতেন, বোধ হয় হরির রঙ্গ দেখিবার জন্ত। নিপান্তি হইত আস্বরিকতার মৃত্তিতেন, আর উভরের আলিকনে।

সবিশেষ হরির সহিত নির্ব্বিশেষ হরের মিগন দেখিয়া আমরা হাঁপ ছাড়িয়া বাঁচি; আর জগৎ এদিকে অম্বরের দৌরাত্মা থেকে রক্ষা পায়। সেই বিষ্ণুর বিভূতির অস্ত নাই, ক্রিন্ত সকল বিভূতির যে শেষ পরিণাম দেই ভক্ষই শিবের বিভূতি। দে বিভূতি কি জীবে ধারণ করিতে পারে **?** জীবের পক্ষে সগুণ শ্রীনিবাদের শরণাগত হওয়াই স্বাভাবিক। কিন্ত জীবের শ্রীনিবাস-দর্শনের মূলই যে শিব, ইহা স্মরণ রাখা উচিত, কারণ শিবপ্রসাদে প্রমন্ত অস্কুরের নিধনের জন্ম বিষ্ণু তাঁহার দর্শনীয় পদ দেখাইতে ধরায় অবতীর্ণ হন ৷ তাই হরি শিবনিন্দা সহিতে পারেন না, আবার শিব হরির নিন্দা সহিতে পারেন না। আমর। পুরাণ পড়িয়া এই ব্ঝিয়াছি যে, শিবের গুরু রাম, আর রামের গুরু শিব। আবার তুইজনের বিবাদবার্তা শুনিয়া মনে হয় যেন স্থামিন্ত্রীর কলহ। শেষ ছুইজনে মিলিয়া এক হ'ন, তথন হর বড় কি হরি বড় কিছু বৃঝিবার উপায় থাকে না। হরি বড় চতুর, তাঁহার হরের প্রতি টানটী কাহাকেও বুঝিতে দেন না, আর পাগল হরের পাগলামী দেখিতে ভালবাসেন। পাগলকে কতবার কত রকম করিয়া ক্ষেপাইয়াছেন, তাহা পুরাণে বিরুত আছে। এসব হেঁয়াণী বুঝা ভার। আর্য্যাগণের সবিশেষ ও নির্ব্বিশেষ অথবা সন্তণ ও নিন্তুর্ণ ঈশ্বরন্বয়ের মধ্যে ভিন্ন ভিন্ন দেশের অনেক ঈশ্বর আদিয়া পড়িয়াছেন, তাহাতে ছন্ত্র আরও বাড়িয়াছে, ভক্তিবিশেষও কমিয়াছে। যাহা হউক আচাৰ্য্য মধ্বের বিষ্ণুর পরিবর্ত্তে যদি ঈশ্বরের অন্ত কোন সর্ববাদিসন্মত নামকরণ করা যায় এবং অক্ষে নামের ছাপা, তিলকাদি দেওয়া রহিত করা যায়, তবে তাঁহার মত গ্রহণ ক্রিতে কোনও মানবেরই আপত্তি থাকিতে পারে না। ভগবানের নামে নামকরণ করা গ্রীষ্টান, মুদলমানের মধ্যে এথনও প্রচলিত আছে, পূর্ব্বে ব্রাহ্মণ ও তৎসহ অবস্থানকারীদের মধ্যে ইহা প্রচলিত ছিল, উহাতে বিশেষ বাধিবে না। কেবল ঈশ্বরের নামকরণ লইয়া একটু ঝঞ্চাট পোহাইতে ইহবে।

এখন জল, স্থল ও আকাশে অবাধে গমনাগমনের যেরূপ স্থব্যবস্থা হইয়াছে তাহাতে সমস্ত মতাবলন্ধীদের একত্ত মিলিত হইবার স্থান্থাগ আছে। পূর্ব্ধে ইহার কিছুই ছিল না। কত দেশ ছিল,
কত মত ছিল, তাহা ভারতের লোকেদের জানিবার কোন উপান্ন ছিল না। নাম লইয়া পরে

নাহাতে কলহ না উঠে, সেই জন্ম ত্রিকালক্ত্র ঋষিরা ঈশ্বরের নাম রাথিয়াছিলেন আত্মা, ধিনি

সকল দেশের ও সকল জীবের পরিচিত ও অত্যন্ত প্রিয়। পরবর্ত্তী আচার্যোরা সাধারণ

মানবের অন্ধ্রান্যী ও অস্বাভাবিক ধর্মমত স্থিটি করিয়াছেন এই আত্মার তাৎপর্য্য না

ব্রিয়া। বেদব্যাস ঈশ্বরের শন্ধ-বাচাত্ব ব্রাইতে গিয়া জোর গলায় বনিলেন 'গৌণশ্চেয়া
আশন্ধাৎ' (১.১.৬) সকল শন্ধই গুণবাচক হইতে ইইবে এমন কোন কথা নাই—স্কেপবাচক আত্মশন্ধ

হইতেই ইহা বুঝা যায়। আর্য্য ঋষিরা যুগযুগাস্তর ধরিয়া সর্বক্তাগী হইয়া ঈশ্বরকে খুঁ জিয়াছিলেন। কোথাও জাঁহাকে পান নাই। যথন পাইলেন, তথন দেখিলেন তিনি অস্তরে বদিয়া হাসিতেছেন। চিস্তামণিকে হৃদয়ে ধারণ করিয়া যদি কেহ আকাশ-পাতাল, গিরি-গৃহন খুঁজিয়া বেড়ায়, তবে চিস্তামণি হাসিবেন না? ঋষিরা তাঁহার দর্শন পাইয়া বলিলেন—'ও ঠাকুর, তুমি আমাদের দক্ষে থাকিয়া আমাদের ভ্রমণ-চক্র দেখিতেছ, তোমাকে খুঁজিতে গিয়া তোমার কত অনাদর করিয়াছি, তুমি একটা কথাও কহ নাই। এইবার তোমাকে ধরিয়াছি, তোমার এই আচরণ সকলকে জানাইয়া দিব।' শৃথস্ত বিখে অমৃতস্ত পূত্রাঃ (ঋরেদ-১০.১০.১) বিলিয়া জগদাসীকে জানাইলেন—এই অমৃত-দেবতা তোমাদেরই মধ্যে বিসিয়া আছেন। জ্ঞানে অজ্ঞানে ইহার অনাদর করিলেইনি কথা বহিবেন না। ইহার উপাদনা কর, ইনি তোমাদের আর্থিক ও পারমার্থিক দিন্ধি দান করিবেন—সর্বকর্মা সর্বকামঃ সর্বগন্ধঃ সর্বর্গনঃ সর্বরিদমভাত্রোহ্বাক্যনাদর এব মে আ্মা অস্তহ্র্দয় এতদ্বক্ষ (ছান্দোগ্য-৩.১৪.3)। আর কি না—ইতঃ প্রেত্য অভিসংভবিতান্মীতি যস্ত স্থাদদ্ধা ন বিচিকিৎসা অস্তি (ঐ)। অর্থাৎ ইহাকে বন্ধ বলিয়া স্বীকার না করিয়া মরণের পর চলিয়া গিয়া বন্ধনাভ করিয়া অভিসম্পন হইব—এইরূপ যাহাদের বিশ্বাস তাহাদের চিকিৎসা নাই। লোকে বলে এ রোগের আর উষধ নাই, সেই কথাই পরম ভক্ত শাণ্ডিল্য ঋষি বিশ্বাহ্ন।

মধ্বপন্থীরা বলেন, আচার্য্য শঙ্কর ফেচ্ছামত আত্মার কথন সংসারী জীব, কথন ব্রহ্ম অর্থ করিয়া জীবব্রদৈকবাদ স্থাপন করিতে গিয়া উপনিষদের ভিন্নার্থ করিয়াছেন। উপনিষদের প্রত্যেক মন্ত্রের শেষে 'য এবং বেন' বলিয়া যে ফলশ্রুতি আছে, তাহা কাহার জন্ম ? আত্মাকে হারাইয়া যাহারা মরে, আত্মাকে পাইয়া যাহারা বাঁচে, তাহারুই জীব, তাহাদের জন্মই এই ফলশ্রুতি। জীবাত্মা আর 'সোনার পাথর বাটী' এক কথা। আত্মা শুনিতা, সত্যা, সনাতন, আর জীব মর্ত্তা। আত্মা শক্রের অর্থ লইয়া বোধ হয় পুর্ব্বে-পূর্বের বহু মতভেদ ছিল এবং শঙ্করের সময়ে আত্মা 'দোনার পাথর বাটীতে' পরিণত হইয়াছিলেন। পরবর্ত্তী মুগে এই গোল মিটাইবার জন্ম পরমাত্মা কলিত হইয়াছিলেন এবং জীবের বহুকালের আত্ম স্থের দাবী মানিয়া তাহাকে পরমাত্মার অংশ বলিয়া স্বীকার করা হইয়ছে। এই ব্রহ্মাংশবাদটুকু বাদ দিলে রামান্ত্রজ-প্রমুথ বিশিষ্টাইরতবাদীদের সহিত মধ্বমতের আর ক্রেন বিরোধ থাকে না। আত্মা কি জড়বদ্ বিস্তৃত পদার্থ যাহাকে টুকরা টুকরা করিয়া অংশ বা অগ্রতে পরিণত করা যায় ? আত্মার বহির্নিঙ্গ যে প্রাণ তাহার সমস্ব ব্র্যাইতে গিয়া উপনিষৎকার বলিয়াছেন,—একটী জীবাণুব, একটী পিপীলিকার, আর একটী হস্তীর প্রাণ সমান। প্রাণী ফুদ্র বলিয়া তাহার প্রাণ

কুল নতে। স্কুতরাং আ্যার অংশহজ্ঞান জড়া্দ্ধির পরিচায়ক । আ্যার অকার্থন্যাও তদ্ধেপ যুক্তিবিরুদ্ধ। আত্মার উপমার নিমিত্ত বলা ইইয়াছে 'অন্ক্ষিত্রান্তং স্কুৎবিত্রাৎ' (বৃহদার্গ্যুক্ ৩.০৬), 'অগ্নির্যথেকো ভ্রনং প্রবিষ্টো, রূপং ক্রপং প্রতিরূপো বভূব । একস্তথা সর্ববভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিব্বপো বহিশ্চ। (কঠঃ ২. ১০)-পুনঃ পুনঃ দীপ্তিশীল বিহাৎ বেমন বহু নহে এক। একই অগ্নি যেমন পৃথিবীতে বহুরূপে প্রকাশিত হন, দেইরূপ একই আত্মা বহু জীবের মধ্যে বহুরূপে প্রতিভাত হন। এই আত্মাই বিষ্ণুর পরম পদ। কঠোপনিষদেও উক্ত হইয়াছে,—'বিজ্ঞানদারণির্যস্ত মনঃ প্রগ্রহবাররঃ নোহধ্বনঃ পার্মাপোতি তদ্বি:ফার্পর্মং পদম্ (৩.৯)।' বছ পুণ্য করিলে তবে— আত্মাকে লাভ করিয়া মামুষ হওয়া যার এবং তদপেক্ষা বহু তপগ্রা করিলে এই আত্মাকে বিষ্ণুর প্রম্পদ বলিয়া জানা যায়। তথন পাওয়া দার্থক হয়। কারণ, যে বস্তুকে না জানিল, তাহার বস্তু পাওয়া না-পাওয়া সমান। বানরে মুক্তামালার মহত্ব কি বোঝে ? স্কুতরাং সাধারণ লোকে ভগবদ্বিপ্রহ লইয়া মধ্বতার্য্য-নির্দ্দিষ্ঠ কায়িক, বাতিক ও মানসিক ভঙ্গন করিলে ভগবৎ-রূপাণাভ করে এবং তাঁহার কুপায় সদ্গুরু লাভ হয়। তিনি আসিগা অন্তরে বিষ্ণুতত্ত্বের উদ্বোধন করেন। বলিয়া কেহ যেন ভগবদ্বিগ্রহকে কল্লিত মনে না করেন। আত্মনিষ্ঠ ভক্তের হাদয়ে বিষ্ণুভন্ত এই রূপ পরিগ্রহ করিয়:ছিণেন। স্থতরাং বিগ্রহ সত্য, কল্পিত নহে। শব্দ যেমন অর্থকৈ জ্ঞাপন করে, দেবমূর্ত্তিও দেইরূপ দেবতত্তকে জানাইলা দেয়। জ্ঞানগম্য বিষয়কে বর্ণাক্ষর সমন্বয়ের দ্বারা বেমন জানান ধায়, মূর্জ্তি দিয়াও সেইরূপ জানান ধায়। ভগবানের হন্তপদাদিকে মানুষের ক্সায় মনে করিলে তত্ত্বের উদ্ভব হয় না। সর্কেন্দ্রিয়-গুণাভাস সর্কেন্দ্রিয়-বিবর্জ্জিত অচশ সনাতন সাক্ষিত্বরূপ ভগবানের বড় ঘড় করতালের মত চক্ষ্বিশিষ্ট অত্য ইন্দ্রিয়ের সামাত্র চিহ্নযুক্ত পদবিহীন জ্বসম্বাথের মূর্ত্তিতে দেখান হইয়াছে। রূপের সহিত তত্ত্বের পরিচয় গুরু করিয়া দেন। অবেদ অকে থাক করিয়া তত্ত্বের বিশ্লেষণ করিতে হয়, মন্ত্রয়াবৎ অক্লের চিন্তার দ্বারা কোন তত্ত্ব উদ্বোধিত হয় না। সম্প্রদায়গুরুদের কুপায় এসব পদ্ধতি বছকাল লুপ্ত হইয়াছে। ভগবানের হস্তপদাদির ও আয়ুধাদির কল্পনা কি ভাবে হইয়াছে বেদে স্থানে স্থানে তাহা বিবৃত আছে।

আচার্য্য মধ্ব যদি বিষ্ণুকে আত্মা অতিরিক্ত কিছু বুঝিগা থাকেন এবং তাঁহার বিপ্রহকে চিন্মন্ত না ভাবিগা মন্তুন্যশরীরবদ বুঝিগা থাকেন তবে ঐ মতের প্রতিপক্ষে ব্রহ্মস্থত্তে কি আছে তাহা মধ্বমতাবদ্যিগণের অন্তুবর্তুন করিগা এইরূপে দেখান যাইতে পারে—

'করণবচ্চের ভোগাদিভাঃ' (বেদাস্তস্থা ২০২০৪০) ব্রহ্মকে ইন্দ্রিয়াদি করণবিশিষ্ট মনে করিলে তাঁহাতে মন্ত্র্যাবদ্ ভোগাদির সম্ভাবনা-জনিত দোষ আসে; এবং 'অস্তবন্ধ্রম্বর্ক্তক্রতা বা' (ঐ-২০২০৪১) ক্তির শ্বিনাশ ও মুর্ত্ত মানবের ভায় অসর্ক্তিক্রতা দোষের আশকা হয়। আর কি ? 'নচ কর্ত্তঃ করণম্' (ঐ ২·২·৪০) এইরূপ মুম্বাবৎ কর্তা 'বংগার্ণনাভিঃ স্বজতে গৃহুতে চ' (মুগুক-১.১.৭) উর্ণনাভির স্থায় নিজের স্প্রের করণ হইতে পারে না।

জীবব্রক্ষভেদ-পক্ষে ব্রহ্মস্ত্র বলিয়াছেন-

'পৃথগুপদেশাৎ' (২০০-২৮)—স্বমছিমা উপদেশের নিমিত্ত জীবকে পৃথক্ করিয়া স্ষ্টি করা হয় আর—'তদ্গুণসারস্থাক্ তদ্বাপদেশঃ প্রাজ্ঞবৎ' (২০০-২৯)

আত্মরূপী ভগনানের সারগুণ জ্ঞাতৃত্ব জীবকে প্রদান করায় তাহাকে প্রাক্তবদ্ বিবেচনা করা হয়। জ্ঞাতৃত্ব আছে কিন্তু স্ষ্টি-কর্তৃত্ব নাই।

এইবার বিষ্ণুর সাধনা কিরূপে হয় তৎসম্বন্ধে ছান্দোগ্য উপনিষদ্ বলিতেছেন—

'দ যদশিশিষতি যৎ পিপাদতি ষন্ন রমতে তা অস্থা দীক্ষাঃ (৩-১৭-১)।' দেই পুরুষ (ভক্ত) যথন ক্ষ্ৎিপাদায় কাতর হইয়াও তাহার ভোজনেচছা ও পানেচছা নিবারণ করেন না, কোন বস্তুতে তৃপ্তিবোধ করেন না, তথনই এই আস্ম-(বিষ্ণু) মন্ত্রের দীক্ষা হয়। 'অথ যদগ্রাতি যৎ পিবতি যদ্রমতে তত্বপদদৈরেতি।' (৩-১৭-২) দীক্ষা হইলে তিনি পানভোজন রমণ সকলই করেন, কিন্তু রাক্ষদের মত নহে, ব্রত নিয়মসহ চলিতে থাকেন।

'অথ যদ্ধসতি যজ্জক্ষতি যদৈয়থুনং চরতি স্ততশক্তৈরের তদেতি।' (৩.১৭.৩) আগ্রধ্যান নিমগ্ন হইরা যথন তিনি হাস্ত করেন, ভোজন করেন, মিথুনীভূত হইয়া ক্রীড়া করেন, তথন যেন তিনি বৈদমষ্ট্রের দ্বারা স্তত হইয়া চলিতে থাকেন।

'অথ যত্তপো দানমার্জবমহিংসা সত্যবচনমিতি তা অস্ত দক্ষিণাঃ।'—(৩-১ ৭-৪)

ত্বনস্তর তিনি যে তপদান সরলতা অহিংসা সত্যকথনাদির আচরণ করেন, ইহাতে আত্মার (শুরুর) দক্ষিণা দেওয়া হয়। ভক্ত মহীদাদের জীবনকে ত্রিবিধ সবুনে বিভক্ত করা হইয়াছে এবং সেইরূপ ভক্তের জীবনের আচরণ সংক্ষেপত বলাও হইয়াছে এবং 'অস্ত্র' পদের দ্বারা জীখা মন্ত্র ও শুরুর অভিন্নতা প্রদর্শিত হইল। এই জন্তাই বৈষ্ণবেরা বলেন 'শুরুকে মানুষ ভঙ্গে সে পাপী নরকে মঙ্গে'। ইহার পর মন্ত্রে ভক্ত দেহান্তে যজ্ঞান্তে অন্তৃত নানকারী যাজ্ঞিকের ভাগ বিষ্ণুরূপী হইয়া উত্থিত হন তাহা বলা হইয়াছে।

আদিতাই বৈকুঠের দার-স্বরূপ। যে লোকে সর্ববিধ কুণ্ঠা-বিবর্জ্জিত হইয়া বিচরণ করা যায় ভক্ত দেহাস্তে সেই লোক কিরপে পাইরা থাকেন তাহা আর্য ঈশোপনিষৎ হইতে উদ্ধৃত হইল :— 'অন্তদেবাহু: সম্ভবাৎ অন্তদেবাহুরসম্ভবাৎ। ইতি শুশ্রুম ধীরাস্তাং যে নাচ্চিক্ষিরে (ঈশা-১৩),' জন্মালেই লোকে বলে ঐ একজন হয়েছে, মরিলে বলে ঐ একজন মরিল। এই দেখ আমি জন্মিগাছি ক্ষেত্র বলিতে পারে না। জন্মিগা উৎপদ্ধির

জ্ঞান ধীরে ধীরে হয়, কিন্তু মরিয়া মরণের জ্ঞান কি কাহারও হয় ? কাহারও যে কাহারও হয় বিচক্ষণ ধীরগণের নিকট তাহা আমরা শুনিয়াছি। কি শুনিয়াছি ? 'সম্ভূতিঞ্চ বিনাশঞ্চ যস্তদেশেভয়ং সহ বিনাশেন মৃত্যুং তীর্ত্ব। সম্ভূত্যামমূতমন্তে (ঐ-১৪)।' জন্ম ও মৃত্যু হুই যে এক সঙ্গে জানে দেই মরণের পর অমৃতকে ভোগ করে। দে আবার কি কথা ? যে জানে দে কিরূপে পায় তাহাই শাস্ত্র নির্দ্ধেশ করিয়াছে—হিরণায়েন পাত্রেণ সভাস্থাপিহিতং মুখম্ তত্ত্বং পুষন্নপাবৃত্ব সভাধর্মান্ন দৃষ্টারে। পুঘন একর্ষে যম সূর্য্য প্রাহ্মাপতাব্যাহরশ্মীন সমূহ, তেজো যতে রূপং কলাণতমং উত্তে পশ্মামি, যোহ-সাবসৌ পুরুষ: সোহহমক্মি। বায়ুরনিলমমূতমথৈদং ভক্ষান্তং শরীরং। ওঁ ক্রেতো স্মর ক্রতং স্মর, ক্রতো শ্বর ক্রতং শ্বর। অগ্নে নয় স্থপথা রায়ে অস্মান বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান, যুয়োধি অস্মদ জুতুরানমেনো ভূরিষ্ঠা—তে নম-উক্তিং বিধেম।'—,(এ-১৫.১৮)। হিরণ্মর অর্থাৎ লোভনীয় পদার্থের স্বারা স্ক্রের মুখ আবৃত রহিয়াছে, হে পোষণকারী—সত্যধর্ম প্রদর্শনের জন্ম তাহা অপস্ত কর। হে পুষা, একগতি, সংযমনকারী, প্রসবকারী-প্রজাস্পষ্টির উপদানভূত রশ্মিসকলকে সম্যক বহন কর। তোমার তেজেতে যে কল্যাণতম রূপ দেখিতেছি ঐ ঐ পুরুষ আমি হইতে চাই—প্রাণবায়ু-আর চলিতেছে না, শরীর পুড়িয়া ছাই হইয়াছে, এখনও ইহা মৃত হয় নাই। ওহে ক্রতু পুরুষ কামক্রত কার্য্য শরণ কর, ওহে কর্মা—স্মরণ কর, তুমি কি কি করিয়াছ একবার স্মরণ কর। পাপকারী আরে স্মরণ করিবে কি ? তাহার পাপিষ্ঠতর দেহ আজ ভন্মান্ত হইয়াছে। আছে পুত ভক্তের আত্মা অগ্নি জ্যেতিরূপে বর্ত্তগান। তাঁহাকে ভক্ত বলেন—হে অগ্নি, তুমি বিশ্ববিতানে অভিজ্ঞ, হে দেব আমাদের ভগবদ্বিভৃতি বা ঐশ্বর্যাগাভের জক্ত শোভন পথ দিয়া লইয়া চল। ঐ কুটিল কুগুলীকৃত রশ্মি আমাদের নিশিক্ত সংযোজনা কর, তোমার বহু নমস্কার বিধান বা ব্যবস্থা করিব।

বিনি প্রাণ মন দিয়া অণবদর্চন। করিয়া থাকেন, তিনি এই ব্যাখ্যা সরল ও সমীচীন কি না বিচার করিয়া দেখিবেন। মাধ্বগণ যুক্তিপরম্পরায় এই সকল উক্তিই সমর্থন করিয়া থাকেন।

মধ্বাচার্য্য ভগরান্কে বিষ্ণু বিগয়াছেন এবং তিনি সবিশেষ অর্থাৎ অশেষ গুণের আকর এবং সর্বাদা স্থ-শক্তি শ্রী বা লক্ষ্মীর দারা দেবিত। উপনিষদ্ আদিত্যমণ্ডলম্ভ বিষ্ণু এবং মানবাধিষ্ঠিত বা পুরুষাস্তর্গত আত্মাকে এক বলিয়াছেন, এবং এই আত্মাকে সকল বা সর্বাকলাযুক্ত কথনও বা অকল বা কলারহিত বলিয়াছেন। শ্রীহরিকে সগুণ কি অগুণ বলা হইবে তাহা দেখা যাউক।

পরিদৃশ্রমান জগতের সকল পদার্থ বিবিধ গুণধারা মণ্ডিত। গুণাগুণভেদের পরিচয় ধারা বস্তর সমাক্ জ্ঞান হইরা থাকে। যিনি এই বিশ্বজগতের শ্রষ্টা, বিশ্ব বাঁহার অনুভূতি, তিনি সকল গুণোর জ্ঞাতা, তাঁহাতে কোন গুণ থাকিতে পারে না। তিনি বিষয়ী, তিনি বিষয় নহেন। গুণমণ্ডিত বস্তুর গুণ তাঁহার্ছ কল্পনা। যে শক্তিবলে পরমেশ্বর এই কল্পনা করেন তাহাকে কেহ মায়া, কেহ প্রকৃতি আখ্যা দেন, এই প্রকৃতি ঈশ্বর হইতে ভিন্ন নহে। ঈশ্বর গুণকে স্পৃষ্টি করেন, এবং গুণের দ্বারা এই জগৎ স্থাষ্টি করেন। কিন্তু জগৎ যেমন গুণের বাধ্য, তিনি গুণের বাধ্য নহেন। তবে সকল গুণের তিনি উৎস। যেথানে গুণ তাঁহার বাধ্য, অথচ গুণের তিনি বাধ্য নহেন, দেখানে তাঁহাকে গুণাতীত বলা যাইতে পারে। আমাদের আত্মা সকলই অনুভব করে, দেই জন্ম আমারা সকলই জানিতে পারি। আমারা তাহা হইতে বিচ্যুত হইলে জড় হইরা যাই। তাঁহার স্পর্শজন্ম আমাকের জাত্ম। আমরা আত্মাকে জাগতিক পদার্থের ন্তায় গুণমণ্ডিত বলিতে পারি না। আত্মাই দেখে, আত্মা দৃষ্ট হয় না। আত্মাই করে, আত্মা কত হয় না, আত্মাই চালায়, আত্মা চালিত হয় না। স্মতরাং যাহা দেখা যায়, করা যায়, পরিচালিত হয়, আত্মা দেই সকলের অতীত, স্মতরাং বিশ্বসংসারে এমন কিছুই নাই, যাহা আত্মার সদৃশ বা তুলনার যোগ্য হইতে পারে, স্মতরাং আত্মাকে ব্রিতে গিয়া "নেতি নেতি" করা ছাড়া উপায়ান্তর নাই। বান্তবিক আত্মা ইহাও নহে, উহাও নহে, তাই বলিয়া, আত্মা যে কিছু নহে, তাহা নহে, আত্মা থাহা, আত্মা তাহাই, আর কিছু নহে; নিতা শুদ্ধ—অতি নির্মাণ, অথচ সকলেরই উদ্ভবকন্তা, সকলেরই পরিচালক ও দ্রন্তা। স্মতরাং এই আত্মাকে আমারা ঈশ্বর বলিতে বাধ্য।

সংসার হুংথের মূল, সংসার হইতে অব্যাহতি পাইলে, ছুঃথের হাত এড়ান যায়। সংসারের সহিত সম্বন্ধ বিচ্ছেয় করিতে পারিলে, সংসার হুইতে অব্যাহতি পাওয়া যায়। সংসারের সহিত সৃষ্ধের ক্রে না। এই স্থ্র বিচ্ছিন্ন করিতে পারিলে, সংসারের সহিত আর সম্বন্ধ থাকে না। আমার সংসারের সহিত সম্বন্ধ না থাকিলে, সংসার থাকা আর না থাকা আমার কাছে সমান।

এখন কথা এই যে, সংসারের সহিত সম্বন্ধ একেবারে বিচ্ছিন্ন করা যায় কি না। যদি বিচ্ছিন্ন করা না যায়, যদি বিচ্ছিন্ন করা অসম্ভব হয়, তাহা হইলে সংসার মিশ্বা এক্ষন কথা বলা চলে না। সংসার স্বতন্ত্রভাবে থাকিতে পারে। আমি যদি মন লয় করিতে পারি ভরে আমার পক্ষে সংসার রহিত হয়। যোগিগণ ইহা প্রত্যক্ষ করিয়াছেন। অত এব সংসার মনের সংস্কারসন্ত্ত । সংসার আছে, কিন্তু সংসারের সহিত আমার সম্বন্ধ অবিচ্ছেদ্য এমনও হইতে পারে না। যদি সংসার স্বতন্ত্রভাবে থাকে, এবং সংসারের সহিত সম্বন্ধ কোন কারণে হয়, তাহা হইলে, তঃধের কারণ হয়। সংসারের সহিত সম্বন্ধ আহার কারণ হয়। সংসারের সহিত সম্বন্ধ আহারতে পারিলে তঃখ আহার যায়। সংসার যদি মনের সংস্কার-সন্ত্ত হয়, তাহা হইলে দে সংস্কারকে বদলাইতে পারিলে, তঃখ আর থাকে না। কিন্তু সংসার যদি সত্য সত্যই থাকে এবং সংসারের সহিত সম্বন্ধ একান অসম্ভব হয়, তাহা হইলে সংসার মৃক্তি হইতে পারে না, সে অবস্থায় সংসারকে স্থপের করিবার চেষ্টা করাই পরমার্থ সিন্ধির হেতু।

সংসার ও জীব আত্মা হইতে সম্পূর্ণ স্বতম্বভাবে আছে, এই মতকে বৈততবাদ বলিতে হয় ; জীব আত্মা হইতে সম্পূর্ণ স্বতম্বভাবে থাকিতে পারে না, আত্মারই অংশরূপে আছে, এই মতকে বিশিষ্টাদৈত- ৰাদ বনা হয়; আত্মাই আছে, সংসার বা জীব বস্তুতঃ নাই। সংসার প্রতীয়মান এবং মায়া, জীব অবিদ্যা-উপত্তিত করনা মাত্র এইরূপ মতই অবৈত্বাদ।

সংসার বদি আত্মা হইতে সম্পূর্ণ পৃথক্ হইত, তাহা হইলে সংসারের অন্তিত্ব বোধগম্য হইতে পারিত না। সংসার আত্মার করনা, আমি আত্মার অবস্থিত আছি, সেইজন্ম সংসারের অন্তিত্ব আমার বোধগম্য হইতেছে। আমি সেই আত্মার প্রভার আলোকিত অণু-বিশেষ। স্থতরাং বিশিষ্টাবৈত-মতই সমীচীন বলিয়া বিবেচনা করিতে হয়।

মুক্তি সম্বন্ধে মাধ্বগণ বলিয়া থাকেন-

ভ্যাগ, ভক্তি, ঈশ্বরকে প্রভাক্ষভাবে জানা মুক্তির একমাত্র উপার। ধ্যানের দারা ঈশ্বরকে প্রভাক্ষভাবে জানিতে হরু। আমার ঈশ্বরকে অভিজ্ঞান কি হস্তপদাদিরূপে হইবে না আত্মরূপে হইবে ?

স্থূল স্থন্দ সকল বস্তুকে ঠিকভাবে জানিতে হইবে—অফুসন্ধান দ্বারা। অবহিত্তিন্তে চিস্তা ক্রিয়া বস্তুর বহিরস্তর অবগত হইবার চেষ্টাই খ্যান।

চিন্তা, ধান এবং ঈশবের প্রতি ঐকান্তিক ভক্তিসহকারে ঈশ্বর সাক্ষাৎকার বা অপরোক্ষ জ্ঞান হয়। কিন্তু ঈশবের ইচ্ছা না থাকিলে শুধু সাধনার দ্বারা তাহা হয় না। অপরোক্ষ জ্ঞান হইলেই আর জন্মগ্রহণ করিতে হয় না।

শ্রুতি বলেন, "যথন ঈশ্বর-সাক্ষাৎকার হয়, তথন হৃদয়গ্রন্থি ছিন্নভিন্ন হইয়া যায়, সকল সংশয় বিদ্বিত হয়, এবং কর্মাবন্ধন ছিন্ন হইয়া যায়।" কুস্তকার ষেমন কুস্তের চাক ঘুরাইয়া দিয়া ছাড়িয়া দিলেও চাকটী খুরিতে থাকে, দেইরূপ প্রার্বন্ধের অবশেষ যতকাল থাকে ততকালই অপরোক্ষিত জীবকে শরীর ধারণ করিতে, হয়। "প্রার্বনের অবসান হইয়া গেলে জীব একেবারে বিমুক্ত হয়, আর ডাহাকে সংসারে ফিরিতে হয় না।" এইটা ব্রহ্মস্থ্রের শেষ স্থ্য।

ভিন্ন ভিন্ন বেদাস্তী মৃক্তি সমর্দ্ধে ভিন্ন ভিন্ন মত পোষণ করেন। মৃক্তি বলিতে কি বুঝার ? জ্ঞায়-মতে হুঃখ হইতে নিজ্ঞ ভি-লাভই মৃক্তি। অবৈতমতে ব্রহ্ম নিগুণ, জীব মারোপাধিরহিত হইলে ভাহার নিগুণত্ব প্রকাশ পায়। স্থতরাং দে অবস্থায় জীবের ইচ্ছা, বৃদ্ধি, জ্ঞান, বা স্থথ-তুঃখ-ভোগ কিছুই থাকে না। বৈক্ষব দার্শনিকদিগের মত এই বে, জীবগণ নিজ নিজ প্রার্হত্তি অস্থারে সম্পূর্ণ পরিণতি প্রাপ্ত হয় এবং ঈশবের সহিত একত্র আনন্দ উপভোগ করিয়া থাকে। বৈক্ষব দার্শনিকেরা জীবান্থার একত্ব স্বীকার না করিয়া বহুত্ব স্বীকার করেন। তাঁহাদের মতে সকল জীব একরূপও নয়, এক এক জীবের এক এক প্রকৃতি। জীবের প্রকৃতিতে অজ্ঞানহেত্ব বে কলুম আছে, তাহা নাম হয়। বিশুদ্ধ হয়; বিশুদ্ধ জীব পূর্ণ পরিণতি প্রাপ্ত হইলে ঈশব-সাক্ষাৎকার বোগা হয়।

ক্লশ্বর দর্শন দিলে জীবের আর ছঃথ থাকে না। তথন ঈশ্বরের সঙ্গলাভ করিয়া জীব অপার আনন্দে থাকে।

বৈত্রবাদীর মতে ভক্ত জীবের বিনাশ হইতে পারে না। সকল জীবের বিনাশ হয়, এই মত, তাঁহাদের মতে ভ্রমাত্মক। মুক্ত জীবের বে স্থক্ঃথের জ্ঞান থাকে না, তাঁহারা এই মতের বিরোধী। তাঁহারা বলেন স্থকঃথের জ্ঞান না থাকিলে জীবের অবস্থা রুড়ের অবস্থার ক্লায় হইরা ধায়। জীব ও জড়ে তাহা হইলে প্রভেদ কি? ফাটিক বতই উজ্জ্বল হউক না কেন, তাহা ধনিজ্ঞ পদার্থ ভিন্ন আর কিছুই হয়। যদি মুক্ত জীব ব্রন্ধে মিশিয়া গিয়া ব্রন্ধের সহিত এক হইয়া ধায়, তাহা হইলে সমুজ্জ্বল ফাটিকেরই সহিত ইহার তুলনা হইতে পারে, বৈত্রবাদী এইরূপ অবস্থা বাঞ্চনীয় বিলয়া বিকেনা করেন না। স্থতরাং তাঁহাদের মতে মুক্তি ছঃখাদির অবদান নহে, তাঁহাদের মতে মুক্তি জ্ঞানপূর্বক উপভোগের উপধােগী আনন্দ। মুক্তাত্মার আধােত্মিক প্রকৃতি আনন্দময় ঈশ্বরের সঙ্গলাভ তাহার শাশ্বত আনন্দের উপভোগের সহায়তা করে।

জীব মুক্ত হইলে ঈশ্বরের সহিত এক বা সমান হয় না; অপ্তান্ত মুক্ত জীবের সহিত এক বা সমান হয় না। জীব ঈশ্বরের সহিত এক বা সমান পূর্বেও ছিল না, পরেও হইতে পারে না। ঈশ্বর হইতে জীব বিভিন্ন। সকল জীবই পরম্পর বিভিন্ন; এক জীব আর এক জীবের সহিত সমান বা এক হইতে পারে না। ব্রহ্মস্থত্রের মতে ব্রহ্মের সহিত জীবের যখন যোগ হয়, তখন যে ব্রহ্মের সহিত জীবের কিছুমাত্র ভেদ থাকে না, এমন নহে। ব্রহ্মস্থত্ত্ব স্পষ্ট শীক্ত হইয়ছে যে, ব্রহ্মের সহিত জীবের যোগ হইলেও কতিপর বিষয়ে ব্রহ্মের সহিত জীবের পার্থক্য থাকে। মুক্তাত্মারা ব্রহ্মের সহিত জীবের যোগ ব্রিতে পারেন কিন্তু ব্রহ্মের সকল শক্তিও সকল ভাব প্রাপ্ত হন না, এবং ব্রহ্মের সহিত মিশিয়া একও হইয়া যান না।

মানৰ-জীবনের উদ্দেশ্য হুংধ অতিক্রম করা। মানব-জীবন কি হুংধময়, কি স্থিত্যথময় ?

মানব সকল সমন্ন এক অবস্থান্ন থাকে না। মানবের অবস্থান্ন পরিবর্ত্তন প্রতিনিয়তই ইইতেছে। পরিবর্ত্তনশীল অবস্থা-পরস্পারার দ্রষ্টা আত্মা। আত্মা নির্বিকার এবং নির্বিশেষ। আত্মা নিতা চৈতক্তমন্ন এবং জাতা। অবস্থা-পরস্পারা দেহের উপর দিয়া চলিয়া যাইতেছে, তাহাতেই দেহাজ্মিনী জীবের স্থাবছার্থ ভোগ হয়। অবস্থা-পরস্পারা প্রেরুতির গুণ-সভ্তুত এবং গুণমন্ন; আত্মা গুণাতীত, স্থতরাং পরস্পারের আকাশ-পাতাল ভেদ। কিন্তু তথাপি যথন আত্মাকে অবস্থান বশবর্ত্তী মনে হয়, তখন এই ছইয়ের মধ্যে সম্বন্ধ হত্ত মানিয়া লইতে হয়। শঙ্করাচার্য্যের মতে বিষয় ও বিষয়ীর মধ্যে কোন সম্বন্ধ থাকিতে পারে না, তথাপি যে সম্বন্ধ

বোধ হয় তাহা প্রাস্ত সংস্কার মাত্র। বিষয় ও বিষয়ী বশিষা কিছুই নাই, আছে কেবল এক আস্থা। আস্থা বিষয় কল্পনা করিয়া বিষয়ী হন। যিনি বিষয়ী হইয়াও আস্মজ্ঞানবশতঃ বিষয়াতীত তিনি ঈশ্বর। যিনি অজ্ঞানবশতঃ বিষয় ভোগ করেন তিনি জীব।

আত্মা চৈত্রসময় এবং জ্ঞানময়। যদি আত্মা জ্ঞানময় হয়, তাহা হইলে আত্মার জ্ঞানের বিষয় থাকা চাই। যদি আত্মার জ্ঞানের বিষয় না থাকে তাহা হইলে আত্মা জ্ঞাতা বলিয়া কিরুপে পরিচয় দিকেন ? আত্মা জ্ঞাতা না ইইলে, জুাহাকে জ্ঞানময় ও চৈত্রসময়ও বলিয়া জানা যায় না।

যাহা জ্ঞানময় বা চৈতন্তমন্ত্র নহে, তাহা কি ? আমরা যাহাকে জ্ঞান ও চৈতন্ত বিরহিত মনে করি, তাহাকে জড় বলিয়া থাকি। এখন জিজ্ঞাসা, জড় বলিয়া বস্তুতঃ কিছু আছে কিনা; আমরা বলিতে পারি, যাহা আমাদের জ্ঞানের বিষয় তাহাকেই আমরা জড় বলিয়া থাকি।

আত্মা জ্ঞাতা, স্নতরাং আত্মার জ্ঞানের বিষয় আছে। জ্ঞাতা হইলেই জানিতে হইবে। কি बानिएक रहेरत ? याश किছू मन बानिएक रहेरत । আত্মান স্বভাবই किছू ना किছू बाना । ৰাহা জানা যায়, আমরা তাহার বস্তুগত পুথক সন্তা অমুমান করি। আমাদের এই অমুমান যথার্থ হইতে পারে না। আত্মা যদি জ্ঞাতা হয়, তাহা হইলে আত্মার যাহা জ্ঞানের বিষয়, তাহা আত্মার অংশ, কারণ আত্মা হইতে পূথক কিছুই ছিল না, স্মুতরাং পূথক নৃতন কিছুই হইতে পারে না। আমরা জর্গৎকে পূথক বলিয়া অমুমান ও অমুভব করি বটে, কিন্তু বস্তুতঃ তাহা আত্মা হইতে পূথক্ নহে, তাহা আত্মারই অংশ। যদি তাহা অত্মীকার করা যায়, তাহা হইলে বিশুদ্ধ আত্মাকে জ্ঞাতা বলা যাইতে পারে না। তিনি যাহা যাহা জানিবার ইচ্ছা করিয়াছেন তাহার উপযোগী করণ নিজের মধ্য হইতে স্বৃষ্টি করিয়াছেন এবং তাহার কল্পনাকে প্রত্যক্ষ করিয়া তৃপ্ত হইয়াছেন ইহা উপনিষদে কথিত আছে। এই পরিদুশ্রমান জগৎ আত্মার জ্ঞানের বিষয়, স্মতরাং এই পরিদৃশ্রমান জগৎ আত্মা হইতে পূথক নহে। আত্মারই জ্ঞানের বিষয়রূপে—স্তুতরাং আত্মারই অংশরূপে পরিদুশুমান জগতের আত্মার সহিত নিতা সম্বন্ধ। খণি তাহাই হয়, তাহা হইলে সমগ্র পরিদুখ্যমান জগতের কোন অংশ আত্মার জ্ঞানের বাহিরে থাকা সম্ভব নহে; তাহা হইলে আত্মারই জ্ঞানের অভ্যন্তরে সমগ্র পরিদুশুমান জগৎ বিদ্যমান, এবং তিনি জগতের সকল অংশ যুগপৎ জানিতেছেন। আত্মা জগৎকে আংশিকভাবে কথনই জানিতে পারে না। আমরা জীবজগতের সকল অংশ যুগপৎ জানিতে পারি না, এবং যুগপৎ জানাও সম্ভব মনে করি না; স্থতরাং স্বীকার করিতে হয় যে, আমার আক্সার এমন এক অবস্থা আছে যাহা সমগ্র জগৎকে যুগপৎ জানিতেছে। তদবস্থ আত্মাকেই পরমাত্মা বলা হয়, এবং তিনিই বিষ্ণু। তিনি কল্লিত জাগতিক পদার্থের গুণবিশিষ্ট না হইলেও চিদ্বন ও পূর্ণানন্দস্বরূপ।

গ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ

মহাপ্রাণ বর্ণ

এই প্রথকে চৌকা বন্ধনীর [] মধ্যে যে রোমান অক্ষরে ও রোমানের আধারে প্রস্তুত নৃতন অক্ষরে বাঙ্গালা ও অন্য ধ্বনিশুলি লিপ্তিত হইয়াছে, দেই অক্ষরগুলি International Phonetic Association-এর বর্ণনালার। অক্ষরশুলি কোন কোন ধ্বনির প্রতীক তাহা প্রবন্ধনাধ্যেই নির্দিন্ত বা উদ্মিষ্ট হইরাছে।

§ ১। সংস্কৃত ভাষায় বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণকে 'মহাপ্রাণ বর্ণ' বলে। খ, ঘ, ছ, ঝ. ঠ. চ, থ, ধ, ফ, ভ—এইগুলি মহাপ্রাণ বর্ণ। প্রাতিশাখ্যকারগণ উ**ক্চারণ বর্ণনা করি**য়া গিয়াছেন, আধুনিক ভারতে ইহাদের উচ্চারণ লুপ্ত হয় নাই। অল্প-প্রাণ স্পর্শ বর্ণের (অর্থাৎ বর্ণের প্রথম ও তৃতীয় বর্ণের) উচ্চারণ কালে শ্রায়মান প্রাণ বা উন্মা বা খাসবায়ুর যুগপৎ নির্গমন ঘটিলে, দোল বা মহাপ্রাণ স্পৃষ্ট ব্যঞ্জন ধ্বনির উদ্ভব হয়। ক-এর উচ্চারণের দক্ষে দক্ষে প্রাণ বা শ্বাসবায়ু বা উদ্মা নির্গত হইলে, দাঁড়াইল ক+প্রাণ=থ; তদ্রুপ গ্+প্রাণ=ঘ। এই প্রাণ বা উন্মা বা শ্বাসবায় যথন সহজ ভাবে নির্গত হয়, কণ্ঠনালীর অভ্যন্তরস্থ glottal passage বা কণ্ঠনালী-মুথের মধ্য দিয়া চালিত হইয়া উন্মুক্ত মুখ-বিবন্ধে কোথাও ব্যাহত বা বাধা প্রাপ্ত না হইয়া বাহির **হই**য়া যায় আমাদের কর্ণে হ-কার এবং বিদর্গের ধ্বনিরূপে প্রতিভাত হয় : কণ্ঠনালীর মধ্যস্থিত vocal chords বা অধরোষ্ঠ-স্থরূপ পেশীর আকর্ষণের ফলে glottal passage বা কণ্ঠনালী-মুখের সংবার বা রোধ ঘটিলে, নির্গমনশীল শ্বাসবায়ুর শ্বারা আহত হইয়া উক্ত vocal chords বা কণ্ঠনালীস্থ পেশীগুলির মধ্যে vibration বা ঝক্কতি হয়, এবং ভাহার ফলে, যোষ ধ্বনি হ কারের উৎপত্তি ঘটে: এবং কণ্ঠনালীর মধ্যক্তিক glottal passage বা মুখ-প্রণালীর বিবার বা মুক্তি ঘটিলে, vocal chords-এর পেশীগুলির আকর্ষণের কারণ থাকে না, নির্সমনশীল শ্বাসবায় নিরুপদ্রবে বাহিরে চলিয়া আইদে, কোনও ঝঙ্কৃতি শ্রুত হয় না,—তাহার फरन व्याचाय इ-कारत्रत छे**९५छि।** এই व्याचाय इ-कात्ररे हरेटळाइ विमार्जत मृनस्वनि, यास्यन এই বিদর্গকে আশ্রম্ব-স্থানভাগিত্ব স্বীকার করিতে হয় না। ইংরেজীর h হইতেছে এইরূপ অঘোষ হ-কার, আমাদের ভারতীয় ঘোষবঞ্চ হ-কার হইতে ইহা পৃথক্। শুদ্ধ প্রাণ রা উন্মা বা শাসবায়, যদি অঘোষ বিদর্গ ও ঘোষ হ-কার ক্লপে বহির্গত হইতে না পারে, মুথের মধ্যে জিহবার বা মুথের বাহিরে ওষ্ঠন্বয়ের সমাবেশের ফলে, ইহার নির্গমন যদি ব্যাহত হইয়া যায়, তাহা হইলে বে ধ্বনি শোনা

বার, সেই ধ্বনি হইতেছে জিহ্বাদির সমাবেশ অমুসারে বিভিন্ন বর্গের spirant বা fricative অর্থাৎ উন্ন ধ্বনি। সহজ ভাবে বিনির্গত h—অবোষ [h] এবং ঘোষবৎ [h]-এর পরিবর্তে আমরা পাই $[x,g;\int,g;\int,x;s,z;\theta$, ঠ;f,v] প্রভৃতি উন্ন ধ্বনি। পূর্ববর্তী স্বর্গবনির এবং পরবর্তী ব্যঞ্জনধ্বনির উচ্চারণের প্রভাবে পড়িয়া, অর্থাৎ, এই স্বর-ধ্বনির ব্যঞ্জন-ধ্বনির উচ্চারণের প্রভাবে পড়িয়া, এইরূপ শুদ্ধ বিদর্গ বা হ-কারের, জিহ্বামূলীর, উপদ্মানীর প্রভৃতি (কণ্ঠা, ওর্ঠা এবং তালবা প্রভৃতি) উন্ন ধ্বনিতে পরিবর্ত্তন দেখা বার: বেমন [ah, ah] > ax, ag; ih, ih > ig, ij, ij,

অন্ধ্রপ্রাণ অঘোষ [k c t t p]-এর সঙ্গে সঙ্গে কণ্ঠনালীয় অঘোষ প্রাণ বা উন্ধা [h] যোগ করিয়া অঘোষ মহাপ্রাণ [kh ch th th ph]-এর উৎপত্তি; এবং তক্রপ অন্ধ্রপ্রাণ ঘোষবৎ [g j d d b]-এর সঙ্গে সঙ্গে কণ্ঠনালীয় ঘোষবৎ প্রাণ বা উন্মা [fi] যোগ করিয়া ঘোষবৎ মহাপ্রাণ [gfi jfi dfi dfi bfi]-এর উৎপত্তি।

ভারতীয়-ভাষার আদি যুগ হইতে এই মহাপ্রাণ ধ্বনিগুলি বিদ্যমান, এগুলি আ্বা-ভাষার বিশিষ্ট ধ্বনি। সেই হেডু আর্য্য ভাষার জন্ম ভারতে যথন প্রথম বর্ণমালার উদ্ভব হইল, তথন পৃথক্ পৃথক্ অক্ষর ঘারা এই ধ্বনিগুলি দ্যোতিত হইল। পরবর্তী কালে যথন মৃদলমানদের আমতে, ফারদী লিপির সাহায়ে ভারতীয় ভাষা হিন্দুস্থানী প্রভৃতি প্রথম লিখিত হইল, তথন মহাপ্রাণ বর্ণগুলির প্রকৃতি সহজেই বিশ্লেষ করিয়া, অন্ধ্রপ্রাণ ধ্বনিব্যক্ষক ক, গ, চ, জ, ত, দ প্রভৃতিতে হ-কার যোগ করিয়া লেখা হইল—২০ 🗗 ২০ ২০ ২০ ক্র (খ), চ্ছ (ছ), জহ (খ), ত্র (খ), দ্র (ধ) ইত্যাদি। ইউরোপীয় রোমান অক্ষরে, প্রাচীন লাটিনেরা যে ভাবে প্রীকের মহাপ্রাণ ধ্বনিগুলিকে রোমান বর্ণমালায় লিখিতেন, সেই রীতির অমুদরণ করিয়া, kh, gh, ch (chh), jh, th, dh প্রভৃতিও লেখা হইল।

্বি । মহাপ্রাণ ধ্বনির যথায়থ উচ্চারণ করিতে হইলে, অরপ্রাণ স্পর্শ ধ্বনির অমুগামী এই কণ্ঠনালীর উন্মধ্বনিরও স্পষ্ট এবং শ্রুতিগমা উচ্চারণ করা আবশ্রক। হ-কারের উচ্চারণ জাবার বিশুদ্ধ ভাবে বিদামান না থাকিলে, এইরূপ মহাপ্রাণ স্পর্শবর্ণগুলির উচ্চারণ করা যে ছর্ঘট হইমা উঠে, ইহা সহজেই ব্রিতে পারা যায়। আধুনিক ভারতে চলিত ভাবার বিকারের সঙ্গে সঙ্গে, সংস্কৃত

বা ভারতের আদি-আর্য্য ভাষার প্রাচীন উচ্চারণ-রীতি সর্পত্র সংরক্ষিত হইতে পারে নাই। 'সংহৃত', উচ্চারণ-পরিবর্ত্তন বা উচ্চারণ-বিকৃতির ফলে, 'প্রাকৃত' হইয়া দাড়াইল। এই উচ্চারণের ব্যত্যর ঘটিয়াছিল, এক স্বাভাবিক বিকাশধর্মের ফলে; কারণ প্রতি প্রুম বা বংশ পীঠিকার অলক্ষিত ভাবে ভাষা একট্ন একট্ন করিয়া বদলায়। অনেক সময়ে এই বদলানো এত স্ক্র্মভাবে ঘটে বে, ছই তিন প্রুমেও সাধারণ লোকে তাহা ধরিতে পারে না। অপর, উচ্চারণের ব্যত্তার ঘটিয়াছিল, নানাশ্রমার্য্য-ভাষী জাতি কর্তৃক আর্য্য ভাষা গ্রহণের ফলে; আর্য্য ভাষার ধ্বনি-রীতি অনার্য্যের অভ্যন্ত ছিল না, আর্য্য ভাষা তাহাদের দ্বারা গৃহীত হইতে থাকিলে, অনার্য্য ভাষার বহু ধ্বনি, বছ উচ্চারণ-রীতি এই মার্য্যভাষার আদিয়া যায়। ভারতবর্ষে যে লক্ষ্ম লক্ষ্ম অনার্য্য ভাষা গ্রহণ করিয়াছিল, সেরুপ অসুমান করিবার অনেক কারণ আছে। এইরূপে প্রাকৃত যুগেই সংস্কৃত ভাষার ভাঙ্গন ধরিয়াছিল। পরে আরও ধরে। প্রাকৃত ও আদি-আর্য্য ভাষার যুগের উচ্চারণ-রীতি কিরূপ ছিল, তাহা সর্ব্বত্র স্পষ্টভাবে বৃঝিবার উপায় নাই। কিন্তু আ্বুনিক আর্য্য ভাষাগুলির আলোচনা করিলে দেখা যায়, আদি-আর্য্য উচ্চারণ-রীতি বহুস্থলে অনপেক্ষিত ভাবে পরিতাক্ত বা পরিবর্ত্তিত ইইয়াছে, এবং এইরূপ পরিত্যাগ বা পরিবর্ত্তন যে কত প্রাচীন কালে ঘটিয়াছে, তাহা স্পষ্ট করিয়া নির্ণয় করা অসাধ্য বা হুঃসাধ্য।

- § ০। বাঙ্গালা ভাষার মহাপ্রাণ ধ্বনিগুলির (এবং হ-কারের) অবস্থান আলোচনা করিলে দেখা যার যে, ইহাদের যথাযথ উচ্চারণ বিষয়ে সমগ্র বঙ্গদেশ (অর্থাৎ রাচ, বরেন্দ্র বঙ্গ) এক নহে। এই বর্ণগুলির ছই প্রকারের উচ্চারণের অন্তিত্ব স্কুম্পাষ্ট। এক প্রকারের উচ্চারণ পশ্চিম বঙ্গে ('গৌড়দেশে') শোনা যায়, অন্ত প্রকারের উচ্চারণ পূর্ব্ব-বঙ্গে (বরেন্দ্র-ভূমিতে ও কামরূপে) পূর্ব্ব-বঙ্গের প্রভাব আৰু কাল সমধিক, কিন্ত উচ্চারণ বিষয়ে এক সময়ে উত্তর-বঙ্গ রাচের সহিত সমান ছিল বিশিয়া অনুমান হয়। আমরা গৌড় ও বঙ্গ—এই ছই প্রদেশের বিশিষ্ট উচ্চারণ আলোচনা করিব।
- § ৪। গৌড়ের মহাপ্রাণ বর্ণগুলির উচ্চারণ সম্বদ্ধে বিশেষ পূজামপূজ্যরূপে কিছু বলিব না, অন্তত্ত্ব এ বিষয়ে সবিস্তার আলোচনা করিয়াছি। গৌড়ে হ-কারের উচ্চারণ বলবৎ আছে—বোষবৎ হ আমরা বথা যথা উচ্চারণ করিয়া থাকি; শব্দের আদিতে, থেমন—হয়, হাত, হিত, হে, হোম, ছকুম, হৌজ ইত্যাদি; শব্দের মধ্যে ঘোষবৎ হ তুর্বল হইয়া পড়ে, এবং সাধারণতঃ কথিত ভাষার লুগু হয় : যথা, ফলাহার>ফলাআর>
 ফলার, পুরোহিত>পুরোইত্>পুরুইত্>পুরুত, বাহান্তর>বাআন্তর, পঁছহা>পৌছা, বহু>বহু

>(वी, मह>ती, मह>टेम, निह>टेन हेडानि। भएकत्र व्याख वायव ह शीए পांख्या यात्र না-লুপ্ত হয়; অথবা শেষে স্বর্রণ আনা হয়, এবং এই স্বর্রণের আশ্রয় পাইয়া হ স্মবস্থান করে; (वसन-नाध्>नाङ्>नाङ्>नाङ्>नाः, वा नाशः कावनी भारः, भारः अष्टान्म> অটুঠারহ—হিন্দী অঠারহ, বাদালা আঠারো; ইত্যাদি। অনোধ হ—অর্থাৎ বিদর্গ— গৌডের ভাষায় কেরণ শব্দের অভে শোনা যায়, হর্ষ-বিস্মাদি-বাচক অব্যয় শব্দে : যেমন —আ:, এ:, ই:, ও: ইত্যাদি; আবার এই ধ্বনি, আশ্রিত স্বর্ধবনির প্রকৃতি সমুসারে, বিকল্পে বিভিন্ন উন্ন ধ্বনিতে-ও পরিবর্ত্তিত হইতে পারে: আথ. এশ., ইশ. ওফ্. ইত্যাদি। স্পর্শ মহাপ্রাণ ধ্বনিগুলির মধ্যে, ফ ভ সাধারণতঃ ওষ্ঠ্য উন্ন ধ্বনিতে পরিবর্ত্তিত হইয়া গিয়াছে : ফল=[phɔl] না হইয়া [ϕ ɔl], বা [fɔl] ; প্রফল্ল=[prɔphullɔ] স্থানে [proφullo, profullo]; ভয়=[bhɔĕ] স্থলে [βɔĕ], উভয়= [ubfɔĕ] স্থলে [uβɔĕ] বা [uvɔĕ]; অভিভাবক = [obfibfiabok] স্থলে [oβiβabok, ovivabok]; লাভ=[labh] না হইয়া [laβ, lav]. ফ ভ ভিন্ন অহা মহাপ্রাণ বর্ণ (খ ঘ, ছ ঝ, ঠ চ, খ ধ) শব্দের আদিতে অবিক্বত থাকে, এগুলি এইরূপ অবস্থায় স্পষ্ট উচ্চারিত হইয়া থাকে— মহাপ্রাণের বৈশিষ্ট্য, অর্থাৎ অল্পপ্রাণ স্পর্শের সঙ্গে সঙ্গে অঘোষ বা ঘোষবৎ হ-কারের উচ্চারণ, এখানে পুরাপুরি বিদামান আছে। যেমন—খায়, ক্ষতি (= খেতি), খাঁ, ঘা, ঘুম, ছান, ছান, ঝাউ, ঝড়, ঝাঁক, ঠাকুর, ঠিকা, ঢাক, ঢোল, থালা, থ'লে, ধান, ইত্যাদি। কিন্ত শব্দের অন্তে এই মহাপ্রাণগুলি আদিলে, বা শব্দের মধ্যে অক্ত ব্যঞ্জন ধ্বনির পূর্ব্বে আদিলে, ইহাদের প্রাণ-অংশটুকু, অর্থাৎ আকুষঙ্গিক হ-কার (অঘোষ বা বোষবৎ), আর উচ্চারিত হয় না, কেবল অল্পপ্রাণ স্পর্শ ধ্বনিই শোনা যায়; এক কথায়, এই অবস্থাৰ উচ্চারণে ইহারা অল্পাণ বর্ণেই পরিবর্ত্তিত হয় : যথা—মুখ=মুক, রাখ= ব্লাক, রাখিতে > রাখতে = রাকতে, দেখিতে > দেখতে = দেকে, বাঘ = বাগ, বাঘকে = বাগতে, = বাককে, মাছ = মাচ, মাছটা = মাচটা, সাঁঝ = সাঁজ, সাঁঝ-সকাল = সাঁজ-সকাল, কাঠ = কাট, ষাঠি>ষাট, অন্ত> মাঠ্ঠ> মাঠ> মাট, রাড়>রাড়—(ড ট শব্দের মাঝখানে বা শেষে থাকিলে · ড় চ় হইয়া বার), হাথ>হাত্, পথ=পত্, বাঁধ=বাঁদ্, সাধিতে=সাধ্তে=সাদ্তে> সাৎতে, ইত্যাদি। শব্দের অভ্যন্তরে ছই স্বর্ধবনির মধ্যে অবস্থান করিলে গৌডে অনেক স্থলে, বিশেষতঃ রাঢ়ে, মহাপ্রাণ বর্ণগুলি রক্ষিত হয়; কিন্তু ভাগীর্থীর ছুই ধারের দেশে, ভদ্র চলিত ভাষায়, এক্ষেত্রে-ও মহাপ্রাণ বর্ণ শোনা যায় না। অংঘায় মহাপ্রাণ হইলে শংকর অভ্যস্তরে উচ্চারিত হইতে পারে, কিন্তু অতি মূতভাবে, মোটেই জ্বোর দিয়া নতে: যেমন—

দেখা, মিছা = মিছে, কাঠা, কথা — সাধারণতঃ ইহাদের উচ্চারণ করা হয় 'দ্যাকা, মিচে, কাঠা, কতা', তবে 'দ্যাথা, মিছে, কাঠা, কথা'ও অনেকে বলিয়া থাকেন। কিন্তু ৰোষবৎ মহাপ্রাণ সাধারণতঃ পূরাপুরি বা বিশুদ্ধভাবে শোনা যায় না: যেমন — বাঘের, বাঘা; যদি কেহ কলিকাতা অঞ্চলে 'বাগহের, বাগহা' বলে, তাহা হইলে লোকে 'রেঢ়ো টান' ধরিয়া ফেলিবে—'বাগের, বাগা'— এইরূপ অল্পপ্রাণ উচ্চারণই স্থাভাবিক। তক্রপ বাঝা = বাজা, মাঝুরা > মেজোঃ দৃঢ় = ড্রিড়ো, বাধা = বাদা, বাধা = বাদা।

পৌড় বা পশ্চিম-বঙ্গ সম্বন্ধে অতএব বুলা যায়-

- ১। হ-কার এবং মহাপ্রাণ ধ্বনিগুলি শব্দের আদিতে স্থস্পষ্ট ভাবে উচ্চারিত হয়।
 শব্দের অভ্যস্তরে বা অন্তে হ-কারের লোপ এবং মহাপ্রাণের অল্পপ্রাণে আনমনই সাধারণ, তবে
 কচিৎ বিকল্পে অঘোষ মহাপ্রাণ ধ্বনিগুলি উচ্চারিত হইতে পারে। (সাধুভাষার পাঠে, বা
 সক্ষান ও সচেষ্ট সাধুভাষামুনোদিত উচ্চারণে অবশ্য হ বা ঘোষ মহাপ্রাণ বর্ণ উচ্চারিত
 হইতে পারে)।
- ২। অবোষ হ—বিসর্গ—শব্দের অস্তে শোনা বায়, এবং এই অবোষ হ-ই অবোষ মহাপ্রাণে
 —থ ছ ঠ থ ফ-এ—নেলে।

এতন্তিন, ন(ণ), ম, র, ল—উচ্চারণে ইহাদের পরে হ কার আদিলে, এই হ-কারকেও সাধারণত: বর্জন করা হয়—বেথানে সচেষ্ট উচ্চারণ করা হয়, সে অবস্থা ছাড়া : ফথা—
চিহ্ন চিম্নো, মধ্যাহ্ন মোদ্ধান্ন, অপরায় — অপোরান্ন, ব্রাহ্মণ অর্থাৎ ব্রাহ্মণ > ব্রাম্হণ —
ব্রাম্মোন, ব্রাহ্ম অর্থাৎ ব্রাহ্ম > ব্রাম্হ — ব্রাম্মো, গর্হিত — গোর্রিৎ, গোরিৎ, আহলাদ অর্থাৎ
আহলাদ > আল্হাদ — আল্লাদ, প্রহলাদ অর্থাৎ প্রহলাদ > প্রল্কাদ — প্রোলাদ, প্রেল্লাদ,
প্রাদা, ইত্যাদি।

গৌড়ের ভাষা পশ্চিমের হিন্দীর সহিত তুলিত হইলে দেখা যায় যে, হিন্দী এ বিষয়ে গৌড়ের ভাষা অপেক্ষা অধিকতর রক্ষণশীল। হিন্দীতে সব ক্ষেত্রেই—কি আদিতে কি মধ্যে, কি অক্তে—হ-কার এবং মহাপ্রাণ ধ্বনি অটুট থাকে।

\$ c। একণে বলের অর্থাৎ পূর্ব্ব-বলের চলিত ভাষায় এই ধ্বনিগুলির বে উচ্চারণ শোনা যায়, তাহার আলোচনা করা যাউক। পশ্চিম-বলের সাধারণ অধিবাদীর ধারণা এই বে, পূর্ব্ববল-বাদিগণ হ উচ্চারণ করিতে পারে না, এবং লোষ মহাপ্রাণ বর্ণগুলিকে অল্পপ্রাণ করিয়াই উচ্চারণ করে— ঘ ঝ ঢ ধ ভ কে গ জ ড দ ব বলিয়া থাকে। চ বর্গীয় বর্ণগুলির দস্ত্য উচ্চারণ — অর্থাৎ c, ch, j, jh স্থলে ts, s, dz বা z; এবং ড় চু স্থলে র; এইগুলির, ও বোষ

মহাপ্রাণের অন্নপ্রাণ উচ্চারণ; তথা হ-কারের লোপ; এই সমস্ত পূর্ব-বঙ্গের ভাষার বৈশিষ্ট্য বলিয়া গুরীত হইয়া থাকে।

কিন্ত এই মহাপ্রাণগুলিকে যে কেবল মাত্র অল্পপ্রাণ করিয়া লওয়া হয় না, ও হ-কারের লোপ-সাধন মাত্র হয় না, ইহা প্রত্যেক পূর্ব্ববন্ধ-বাসী জানেন। আসল কথা এই—কণ্ঠনালীতে জাত উন্ম ধ্বনি হ-কারের পরিবর্ত্তে অহ্য একটি ধ্বনি পূর্ব্ব-বঙ্গে ব্যবহৃত হয়, এবং মহাপ্রাণ বর্ণে অবস্থিত অঘোষ বা বোষ উন্মা বা প্রাণ অর্থাৎ বা শ্বাসবায়ু বা হ-কারের হয়নে এই নবীন ধ্বনিটি উচ্চারিত হয়। এই ধ্বনিটি হইতেছে, কণ্ঠনালীর মুখে অবস্থিত মুখ্বার স্বরূপ পেশীগুলির স্পর্শ ও ঝাটিতি বিচ্ছেদের ফলে জাত এক প্রকার স্পর্শ ধ্বনি—glottal stop বা কণ্ঠনালীয় স্পর্শধ্বনি'।

কণ্ঠনালীর মধ্য দিয়। নিঃশ্বাসবায়ু যথন বহির্গত হয়, তথন তাহা কোথাও বাধা প্রাপ্ত না হইলে, স্বর্ধ্বনির উৎপত্তি হয়। মুখ-মধ্যে নির্গমন-পথ অত্যন্ত সঙ্গুচিত হইলে, মুথ-ৰিবরের সক্ষোচ-স্থানের অবস্থান অফুসারে বিভিন্ন উন্ন ধ্বনির উদ্ভব হয়। মুখ-বিবরের অভ্যস্তর-স্থিত বায়ু-নির্গমন পথকে জ্বিহ্বার ধারা পূর্ণ ভাবে বা আংশিক ভাবে অবক্লন্ধ করিয়া দিতে পারা যায়। আংশিক ভাবে অবরুদ্ধ করিলে, বায়ু যখন জিহবার ছুই পার্শ্বস্থিত উন্মুক্ত **স্থান দিয়া নির্গত হয়, তথন ল-কারের ধ্বনির উদ্ভব হয়। জিহ্বাকে মুথের উদ্ধিভাগে** স্পর্শ করাইয়া মুখপথকে সম্পূর্ণ ভাবে বদ্ধ করা যায়, এবং অধরেট্রিকে মিলিত করিয়া-ও মুখ বন্ধ করিয়াও করা যায়; নির্গমনশীল বায়ু রোধস্থানে আদিয়া জমে, এবং জিহুবাকে ঝটিতি নামাইয়া লইলে, বা অধরে)ষ্ঠকে বিচ্ছিন্ন করিয়া লইলে, রুদ্ধ বায় হঠাৎ উন্মুক্ত পাইয়া দৰেগে ুবহিৰ্গত হইবার চেষ্টা করে, তথন একটা explosion বা ফট-কার ধ্রনি শ্রতিগোচর হয়। ফলে দকে দকে কু গুচ্জুটু ডুত্দ্ প্ ব্ প্রভৃতি ক্ষণস্থায়ী স্পর্ম ধ্বনি শ্রুত হয়। কিন্তু মুখপথ রুদ্ধ করার সঙ্গে সঙ্গে নাসা-পথ উন্মুক্ত থাকিলে, রোধের অবস্থান অত্নগারে নাসিক্য ধ্বনি ঙ্ ঞ**্ ণ্ নৃ** মৃ-এর উৎপত্তি হর। স্পর্শধ্বনির উদ্ভবে জিহ্বা এবং অন্ত বাগ্যন্তের পূর্ণ স্পর্শ, এবং মুখপথের রোধ আবশুক। মুখ-বিবরে জিহবা-দারা বা মুখদারে (অধরোটের সহায়তার) যেরূপ রোধ হয়, তক্রপ রোধ কণ্ঠনালীর ভিতরেও হইয়া থাকে; এবং এই রোধ বা স্পার্শের ফলে সেখানে যে স্পর্শধ্বনির উদ্ভব হয়, তাহা বহু ভাষায়, ক, গ, ত, দ, প, ব-এর মত একটি বিশিষ্ট ব্যঞ্জন ধ্বনি বলিয়া স্বীকৃত হইয়াছে। চলিত বাঙ্গালায়—গৌড়ের ভাষায়ও—ইহা ফুর্লভ নহে। কাশিবার সময়ে, বথন কণ্ঠনালীপথের পেশীর্ষারা নালীপথের ক্রত রোধ ও উন্মোচন ঘটে,

তথন আমরা সকলেই এই কণ্ঠনালীর স্পর্শ ধ্বনি উচ্চারণ করি। এই ধ্বনির জন্ত ইউরোপীর ধ্বনিতত্ববিদ্গণ ['] বা [°] এইরূপ একটি অক্ষর ব্যবহার করিয়া থাকেন। আমরা বালালায় ['] (উদ্ধার-চিহ্ন) অথবা [도] (ইলেক-চিহ্ন) ব্যবহার করিতে পারি। এই ধ্বনির জন্ত অক্ষরটি থাকিলে, সাধারণ কাশির ধ্বনি যাহা আমরা কানে শুনি, তাহাকে বানান করিয়া লেখা যায়—['ahhə 'afiə] — 'আঃহা৷ 'আহা৷ এই ধ্বনি 'হাম্জা' নামে আরবীর একটি বিশিষ্ট ব্যক্তন ধ্বনি বলিয়া স্বীকৃত: যেমন—ra's, sā'il, ta'ammul, qur'an, ma'ata, mā' ইত্যাদি। জারমান ভাষায় শব্দের আদিতে এই ধ্বনি থ্বই পাওয়া যায়—জারমানে যেখানে কোনও শব্দের প্রারম্ভে অন্ত কোনও ব্যক্তন ধ্বনি থাকে না, তখন সেখানে এই কণ্ঠনালীয় স্পর্শধ্বনি আসে—জারমান ভাষায় স্বর'দি শব্দ নাই ঃ যেমন—auch, Abend, echt, Ihre, Ehe, und, Uhr, Onkel, Oh!, Oesterreich ইত্যাদি।

পূর্ব-বঙ্গে হ-কারের বদলে যে এই ধ্বনিই ব্যবহৃত হয়, হ-কারের লোপ হয় না, ইহা একটু কান পাতিয়া শুনিলেই গৌড়িয়া লোকও ব্ঝিতে পারিবেন। যথা—হাইল = 'আইল্; হয় = 'আয়; হাত = 'আত; হাতী = 'আতী, 'আভী; হাঁটিয়া = 'আইটা; হিন্দ্ = 'ইন্; ছঁকা = 'উকা, 'উকা; হানি = 'আনি; ইত্যাদি।

§ ৬। মহাপ্রাণ স্পর্শ বর্ণগুলির উচ্চারণ লইয়া পূর্ব্ব-বঙ্গে সর্ব্ব ঐক্য নাই। তবে সাধারণতঃ ইহা বলা ষাইতে পারে বে, মহাপ্রাণ বর্ণ ঘোষবৎ হইলে, ইহার সঙ্গেকার হ-অংশকে কণ্ঠনালীয় স্পর্শতে পরিবর্জিত করা বঙ্গের (অর্থাৎ পূর্ব্ব-বঙ্গের) প্রাচীন ভাষার রীতি ছিল, এবং এই রীতি এখনও সর্ব্বত্র প্রচলিত আছে। যথা—বা অর্থাৎ গ্রাহ্ হলে গ্রা; ঢাক্ অর্থাৎ ড্হাক স্থলে ড্রাক্; ধান অর্থাৎ দ্হান্ স্থলে দ্বান্; ভাত অর্থাৎ ব্রাৎ স্থলে বর্বাৎ; মধ্য অর্থাৎ মদ্ধ্য = মদ্ধিয় = মদ্দ্হিয়, স্থলে মইদ্দ্হিয়, তাহা হইতে মইদ্দ্বিয়, ম্রাইলে; আঘাত অর্থাৎ আগ্রহাৎ স্থলে আগ্রাৎ; ইত্যাদি।

কিন্তু অঘোষ মহাপ্রাণ স্পর্ন, শব্দের আদিতে অবস্থানে মহাপ্রাণরপেই উচ্চারিত ইইত—যথা—
খাওয়া; ঠাকুর; থোম; ফল। শব্দের মধ্যে অবস্থানে খ, ঠ, থ, ফ কোনও স্থলে
মহাপ্রাণ-রূপেই রক্ষিত ইইয়া আছে,—যেমন পাথা, আঠা, কথা,—কিন্তু কুত্রাপি এই আভান্তর.
অবস্থানে এগুলিরও কণ্ঠনালীয়-স্পর্শ-মিশ্রিত ইইয়া যাইবার প্রমাণ আছে।

§ ৭। স্পর্শবর্ণ বা অস্তা কোনও বর্ণ এইরূপে কণ্ঠনালীয় স্পর্শ-ধ্বনির সহিত সংযুক্ত হইরা উচ্চারিত হইলে, বাঙ্গালায় তাহার কি নাম দেওয়া যাইবে ? ইংরেজিতে ইহাদের নামকরণ করিয়াছে Implosive বা Recursive, বা Consonants with Glottal Closure, বা Consonants with accompanying Glottal Closure. Implosive-এর বালালা করা যাইতে পারে 'অভ্যস্তর-স্ট', Recursive-এর 'পূন্রাবৃত্ত', এবং শেষোক্ত ব্যাখ্যাত্মক অভিধার বালালা হইতে পারে 'কণ্ঠনালীয়-স্পর্শ-মিশ্র' বা 'কণ্ঠনালীয় স্পর্শান্ত্রগত'। প্রথম ও তৃতীর নাম তুইটিই শ্রুতনাত্রেই এই প্রকার ব্যঞ্জনধ্বনির বৈশিষ্ট্য সম্বন্ধে আমাদের সচেতন করিয়া দেয়। এই ছুইটি নাম আমরা আপাততঃ ব্যবহার করিতে পারি।

- § ৮। পূর্ব্ব-বঙ্গের ভাষায় মহাপ্রাণ-ধ্বনির আলোচনার সঙ্গে আরও কতক্ণুণি ব্যঞ্জনবর্ণের ধ্বনি-পরিবর্ত্তনের আলোচনা একটু আবশুক হইবে:—
- ক। ছই স্বরের মধ্যস্থিত ক, অঘোষ উল্ল কণ্ঠ্য-ধ্বনিতে—জিহ্বামূলীয় বিদর্গের ধ্বনিতে—পরিবর্ত্তিত হইয়া যায়; যথা—ঢাকা = ড্'াথা। আবার এই অঘোষ থ ঘোষবৎ ঘ-এতেও পরিণত হয়। এবং কচিৎ এই ঘ আবার হ-কার্ত্তাপে দৃষ্ট হয়।
 - খ। চ, ছ, জ বথাক্রেমে [ts, s, dz] হয়।
 - গ। ছই স্বরের মধ্যস্থিত ট ঘোষ ড-এ পরিণত হয়; এই ড কখনও ড়-কার হইয়া বায় না।
 - খ। দক্ষিণ-পূর্ব্ব বঙ্গে—চট্টলে, ত্রিপুরায়—আদ্য ত-কার, থ-কার-ভাব প্রাপ্ত হয়।
- ঙ। চট্টল, ত্রিপুরা ও শ্রীহটে স্পর্শ প-কার, উল্ল ফ অর্থাৎ উপাগ্মানীয় বিদর্গতে পরিবর্ত্তিত হর। সমুমনসিংহ ও বরিশালের বাঙ্গালায়ও আদ্য প-কারের এইরূপ উচ্চারণ শুনিয়াছি।
- চ। আদ্য ও স্বরবেষ্টিত শ, ষ, স,—হ-কার হইগা যাগ্ন। ইহাই হইল পূর্ব্ব-বঙ্গের ভাষার এক প্রধান বৈশিষ্ট্য। কিন্তু সাধুভাষার প্রভাবে বহুস্কলে শ-এর ধ্বনি পুনরায় আনীত হয়।
- § ৯ । পূর্ব-বঙ্গের ভাষার, শব্দের আদিতে অঘোষ মহাপ্রাণ অবিকৃত থাকে; খোষ মহাপ্রাণ, খোষবৎ কণ্ঠনাণীয়-স্পৃষ্ট-মিশ্র অল্প প্রাণ হইয়া ষায়; এবং হ-কার কণ্ঠনাণীয় স্পর্শধ্বনিতে পরিবর্তিত হয়।

শব্দের মধ্যে যদি মহাপ্রাণ ধবনি বা হ-কার থাকে, তাহা হইলে সেই মহাপ্রাণ ও হ-কারের স্থলে প্রথমতঃ যথাক্রমে কণ্ঠনালীর-স্পৃষ্ট-মিশ্র অন্ধ্রপ্রাণ এবং কণ্ঠনালীর স্পর্শ-ধবনি আইদে; এবং পরে, এই অন্ধ্রপ্রাণের সহিত যুক্ত কণ্ঠনালীর স্পৃষ্ট-ধবনি, বা হ-কারজাত শুদ্ধ কণ্ঠনালীর স্পৃষ্টধবনি, নিজ স্থান পরিত্যাগ করিরা শব্দের আদ্য অক্ষরে আদিয়া উচ্চারিত হয়। আদ্য অক্ষরে প্রথমধ্বনি স্থরবর্ণ থাকিলে সেই স্থরবর্ণের পূর্বের বনে, এবং বাঞ্জনবর্ণ থাকিলে ঐ ব্যঞ্জনবর্ণের সহিত মিলিত হইয়া নুক্তন আন্তন্তর-স্পৃষ্ট বাঞ্জনের স্থাষ্ট করে। নিজে প্রদন্ত উদাহরণগুলি হইতে বিষয়টি বোধগম্য হইবে।

्भाषा=भाक्रा>भाक्'।=भ्'ाका, क्रू'ाकी ; इ:ध=इक्ध=इक्-क्र्=इक्-क्र्=क्'ब=ह्'खेक्क ;

পৃথি = পৃথ'ই = প'উতি; কথা = কত'আ = কৃ'অতা; কথ বেল = কৃ'আদ বেল; মেথর = মেত'অর = ম্'এতর; চিঠি = চিট'ই = চ'ইডি [ts'idi]; কাঁঠাল = কাট'আল = কৃ'আতাল; পাঁঠা = পাট'আ = প'আতা, ফ্'আতা; উডন = উট'অন = 'উডন; লাটি = লাট'ই = ল্'ডি; তথ্তা = তক্'তা = ত'্অক্তা ইত্যাদি।

তজ্ঞপ,—অন্ধ > অন্দ'অ > 'অন্দ ; অধ্যক্ষ > অইদ'দ' অক্ক, = 'অইদক্ক ; আভ = আব' = 'আব ; আধা = আদ' আ = 'আদা ; কাঁধ = কান্দ' = ক'ন্দ ; বাঘ = বাগ' = ব'গে (ভাগু = ব'গে) ; গাধা = গাদ'। = গ'.। দা ; বৃদ্ধি = ব'উদি ; দীঘী = দি'গি ; জিহবা = জিব ভা = জি'ব বা, জে'ব বা (জ = dz); ছধ = দ'উদ ; মেঘ = মৃ'এগ ; লাভ = = ল্'ব ; সভা = সৃ'অবা ; দান = সৃ'ান্জ [s'andz] ; প্রাচীন বাঙ্কলা দেড় = দেড় ' = দ্'এড় ।

ডাহিন স্তাহিন স্থাইন; তহবিল স্ত্ৰেবিল; ডাছক স্থাউক; বহিন স্থাইন; বাহির স্বাহির স্থাইর; শহর স্থাইর; শহর স্থাইর; মহল স্থাইর; সাম্প স্থাইর; সাম্প স্থাইর;

হ কারের বা মহাপ্রাণের উত্ম অংশের বিকারে জাত কণ্ঠনালীয়-স্পৃষ্ট ধ্বনিকে শব্দের আদিতে এইরূপে আগাইনা দেওয়া, পূর্ব্ব-বঙ্গের কথিত ভাষার একটি আশ্চর্য্য বা লক্ষণীয় রীতি।

§ ১০। পূর্ব্ধ-বেঙ্গের ভাষায়, মহাপ্রাণ বর্ণের ও হ-কারের প্রোণ বা উষ্মার পরিবর্ত্তে কণ্ঠনানীয় স্পৃষ্ট বর্ণের আগমনের ফলে, সংস্কৃতে অজ্ঞাত, নৃতন কতকগুলি কণ্ঠনানীয় স্পৃষ্ট-মিশ্র বা আভ্যন্তর-স্পৃষ্ট ব্যঞ্জনবর্ণের উদ্ভব ঘটিয়াছে : যথা—ক' গ', চ' (=ts'), দ্ল' (=dz'), ট', ড', ত', দ', ন', প', ব', ম', র', ল', শ'। এগুলি সাধারণ ক গ চ (ts) জ (dz) ট ড ত দ ন প ব ম র ল শ হইতে পৃথক, এবং ইহাদের যথাঘথ উচ্চারণের উপর পূর্ব্ধ-বঙ্গের ভাষায় শব্দের অর্থ নির্ভর্গ করে।—
যথা—

কাদ্ কিন্ত ক'ান্দ্ (কৃ'আন্)= কান্দ্, কাঁধ; কিন্ত গ্ৰা (গ্ৰা) গা ঘা; দেহ, ত্ত'রা (গ্'উরা) = ঘোড়া ; কিন্ত গোরা, গুরা = ঝড় (জ=dz); জ'র (জ'অর) কি স্ত জর জর, = দকিণ; ডাইন = ডাকিনী, কিন্তু ড'াইন (ড্'আইন)= ভাইন ত'ারা (ত ্থারা) 🕶 তাহারা (সাধু ভাষার); তারা নক্ষত্ৰ, দ'ান (দ'আন) = ধান ; मान म्न,

পাকা = পৰ, প'কো (প'আকা) = পাথা;

বাত = বাত-বাাধি, ব'তে (ব্'মাত্) = ভাত;

(म'क (म्'ञहक) = मधा; ट्रिम्म = यम्।

আইল্ = ক্ষেত্রের আলি, 'আইল্ = নৌকার হাইল; ইজাদি।

§ ১১। মহাপ্রাণ বর্ণের বা হ-কারের বিকারে পূর্ব্ব-বঙ্গের ভাষায় যেখানে কণ্ঠনালীর-ম্পুষ্টধ্বনি মিশ্র ব্যঞ্জন বর্ণ বা কণ্ঠনাগীয় ম্পর্শ আইদে, দেখানে সংশ্লিষ্ট অক্লবে স্বরাষাত ঘটে, এবং স্বরও উদাত্তে উঠে। ইহা একটি বিশেষ নিরম। যথা—তার গান্মৎ [বা ক'ান্দে] /গ'। 'এছে বলি হেতে কান্দে (= তার গায়ে বা কাঁধে ঘা হয়েছে ব'লে দে কাঁদে); পরা = পড়া, পতন, কিন্তু পঢ়া> 'প'রা= পাঠ করা। ইত্যাদি।

§ ১২। এইরূপ উচ্চারণ-বৈশিষ্ট্য বাঙ্গালাদেশে—পূর্ব্ধ-বঙ্গে—কত দিন হইল আদিয়াছে ? এ বিষয়ে কেহ প্রাচীন উচ্চারণ লক্ষ্য করেন নাই। কবিকঙ্কণ মুকুন্দরামের, এমন কি শ্রীচৈতস্থাদবের সময়েও পূর্ব্ব-বঙ্গের উচ্চারণ গৌড়িয়া লোকের কাছা তামাদার বিষয় ছিল। কবিকন্ধণের সময়ে পূর্ব্ব-বঙ্গে শ-স্থলে হ বলিত—শুকুতা = হুকুতা; অমুমান হয়, মুদ হ-কার কণ্ঠনালীয় স্পর্শ-বর্ণে পরিণত না হইলে, শ-কার নৃতন করিয়া হ-কার হইত না; অন্তথা মূল হ-কার এবং শ-জ্বাত নবীন হ-কার লইয়া ভাষার ধ্বনি বিষয়ে অনেশ্চিততা এবং ছবে খিতা আদিয়া যাইত। হ-কারের কণ্ঠনালীর স্পর্শে পরিণতি স্বীকার করিলে, মহাপ্রাণগুলির পরিবর্ত্তনও স্বীকার করিতে হয়। খ্রীষ্টায় পঞ্চদশ শতকে পূর্ব্ব-বঙ্গের ভাষার এই বৈশিষ্ট্য বিদ্যমান ছিল, এরূপ অমুমান অয়ৌক্তিক হইবে না।

এই বৈশিষ্ট্য সম্ভবতঃ আরও প্রাচীন, এবং হয় তো পূর্ব্ব-বঙ্গে আর্য্য ভাষার প্রচারের সময় হইতেই ভাষার এইরূপ উচ্চারণ রীতি প্রবেশ করিয়াছে। ভোটগণ (বা তিববতীরা) কাশ্মীর অঞ্চল হইতে ভারতীয় সংস্কৃতি ও বৌদ্ধ-ধর্ম্ম প্রথমে গ্রহণ করে, কিন্তু বাঙ্গালা-দেশের সঙ্গে তিব্বতীদের পরে ঘনিষ্ট থোগ হয়—বাঙ্গালাদেশের শিক্ষকদের তিব্বতীরা মানিয়া লয় ৷ খ্রীষ্টায় দশুম শতকের একথানি প্রাচীন তিকাতী পুঁথিতে কতকগুলি সংস্কৃত মন্ত্র উদ্ধৃত আছে, সংস্কৃত বর্ণমানার উচ্চারণ তিব্বতী অক্ষরে নিখিত আছে; এই পুথিতে যেরূপ বর্ণবিস্থাস আছে, তাহা দেখিয়া মনে হয় যে ঘ, ঝ, ঢ, ধ, ভ-র গ' জ' ড' দ' ব' উচ্চারণই যেন তখন তিব্বতীরা শিথিয়ছিল,—পুঁথিখানিতে পরবর্ত্তী কালের মত এই মহাপ্রাণ ধ্বনিজ্ঞালিকে ভিব্বতী

গ জ ড দ ব হ হ হ হ হ কপে লিখিবার প্রায়াস করা হয় নাই, অক্ত উপায়ে অবশ্বিত

হইরাছে (Joseph Hackin—Formulaire Sanskrit-Tibétain du Xe siècle, Paris, 1924)। এ কোথাকার উচ্চারণ ? বাঙ্গালার অংশ-বিশেষেরই উচ্চারণ বলিয়া মনে হয়। কারণ অক্ত কতকগুলি সংস্কৃত অক্ষরের উচ্চারণ যাহা দেওয়া হইয়াছে, তাহার দারা বাঙ্গালা-দেশেরই বৈশিষ্ট্য স্থৃচিত হয়।—যথা—ঋ=রি, অক্তম্ব ব-এর স্থলে বর্গার ব পড়া, এবং ক্ষ-র উচ্চারণ 'খা' রূপে লেখা।

স্থৃতরাং, মহাপ্রাণ বর্ণের ও হ-কারের ঈদৃশ অ-সংস্কৃত উচ্চারণ স্থুপ্রাচীন যুগেই বাঙ্গালা ভাষার মাতা বা মাতামহী স্থানীয়া প্রাকৃতে আদিয়া থাকা অসম্ভব নহে।

\$ ১৩। পূর্ব-বলের উচ্চারণের সহিত এই বিষয়ে আন্চর্য্য মিল পাওয়া যার ভারতবর্ষের অন্ত প্রদেশের আনেকগুলি আধুনিক আর্য্য-ভাষায়—গুজনাটীতে, রাজস্থানীতে, দখনী হিন্দুখানীতে এবং কতকগুলি পাহাড়ী ভাষায়। এবং § ১১-তে উলিখিত হ-কারের পরিবর্তনজাত বঠনালীয় স্পর্শ-বর্ণের সহযোগে অরের যে উদান্ত ভাব পূর্ব-বলে পাওয়া যায়, তদমুরূপ ব্যাপার পাঞ্জাবীতেও মেলে। এই সমস্ত বিষয় অন্ত আলোচনা করিরাছি। ভিন্ন ভিন্ন আর্য্য ভাষায় এই প্রকারের সাদৃশ্য কিন্ত পৃথক্ পৃথক্ রূপে স্থানীন ভাবে উছুত বলিয়াই মনে হয়।

মহাপ্রাণ বর্ণের ও হ-কারের এইরূপ বিপর্য্য বা বিকার আধুনিক আর্য্য ভাষায় একটি লক্ষণীয় বিষয়; এবং এ বিষয়ে আরও অনুসন্ধান নিতান্ত আবশ্যক।

শ্রীস্থনীতিকুমার চট্টোপাধ্যায়

হিন্দুরাষ্ট্রনীতিতে ষড় গুণের প্রয়োগ

বিভিন্ন রাষ্ট্রের পরম্পর সম্বন্ধ নির্ণয়ে স্থবিধার জন্ম হিন্দু রাজনীতিশান্তকারগণ বারটি রাজ্য লইরা এক রাজমগুলের কল্পনা করিয়াছেন। এই মণ্ডলবর্ত্তা রাজ্যগুলির অবস্থানগত বৈশিষ্ট্য ও বিশন পরিচয় অন্তন্ম বিবৃত করিয়াছি। এই সকল রাজ্যের অধিপতিগণ স্ব স্থ রাজ্যের মঙ্গলার্থ পরম্পরের উদ্দেশ্যে যে ছয়প্রকার নীতি প্রয়োগ করিতে পারেন বলিয়া শাস্ত্রে উপদিষ্ট হইরাছে, তাহাই রাষ্ট্রেনৈতিক য়ড়্পুণ। এই য়ড়্পুণ—সন্ধি, বিগ্রহ, য়ান, আসন, সংশ্রন্ম ও বৈধী ভাব—বর্ত্তমান প্রবন্ধের আলোচ্য বিষয়। রাজ্যের উপকারক বলিয়া ইহাদিগের নাম 'গুণ'। বি

কোনক্রণ চুক্তিতে আবদ্ধ হওয়ার নাম সন্ধি। ইহা সাধারণতঃ দ্বিধ। যুদ্ধ-বির্তির জন্ত বিবদমান পক্ষের মধ্যে যে সর্ত্ত হয়, তাহা সন্ধি (treaty of peace); আবার পরস্পর অবিরোধী ছই পক্ষের মধ্যে উভয়ের অন্নকৃন উদ্দেশ্ত সাধনের জন্ত যে চুক্তি হয়, তাহাও সন্ধি (alliance) । 'প্রাচীন ভারতীয় রাষ্ট্রসমূহের পরস্পর সম্বন্ধ' নামক গ্রন্থে সন্ধির স্বন্ধণ ও নানাবিধ ভেদ সম্বন্ধে বিস্তৃত আলোচনা করিয়াছি। তাহার পুনরুবনেথ নিস্পাধ্যাজন।

বিগ্ৰহ

বিশ্বহের সাধারণ লক্ষণ—"অপকারো বিশ্বহঃ"। ইহা ছই অর্থে প্রযুক্ত হইতে পারে। অস্ত্রচালনার পূর্বের যুদ্ধ ঘোষণা দারা বৈরভাব প্রকাশের নাম 'বিশ্বহ', আবার প্রকৃত যুদ্ধক্রিয়াও 'বিশ্বহ'। প্রথম অর্থটি 'বিগৃহাসন' শব্দ বিশ্লেষণ করিলেই পরিক্ষ্ট হইবে। কারণ, শক্রতা বোষণার পর (বিগৃহ্য) শক্রর প্রতি বাহাতঃ নিজ্ঞির আচরণের নাম 'বিগৃহাসন'। কিন্ত দিতীয় অর্থেই সচরাচর শক্টি ব্যবহাত হয়।

১ প্রাচীন ভারতীয় রাষ্ট্রন্ত্র পরম্পর সম্বন্ধ, পৃ ১-১২।

ঋণা রাজ্যোপকারকা:— সমরকোব, ক্ষীরস্বামি-কৃত টীকা, ২, ক্ষত্রিয় বর্গ, ১৮।

^{&#}x27;৩ পণবন্ধ: সন্ধি:---অর্থশান্ত, ৭।১।

শহরের ছিবিং: অনভিবোজা অভিবোজা চ।—শহরার্য-কৃত কামলকীয় নীতিসারের টাকা ১৪।২
 (ত্রিবেন্দ্রাম সংকরণ, পু ১২৪)।

আসন

রীতিমত শত্রুতা বোষণার পর বাহতঃ শাস্ত ও নিজ্রিদ্ধ ভাব প্রদর্শনকে 'আসন' বলা হয়।

যুদ্ধ যোষণা না করিয়া শত্রুর আক্রেমণের অপেক্ষায় বিসিয়া থাকাকে বে-'আসন' বলা চলে না, তাহা
কামন্দকীয় নীতিসারের উক্তি হইতেই স্পষ্ট বুঝা যায়। ঐ গ্রন্থের মতে 'আসন' 'বিগ্রহের'ই রূপাস্তর
মাত্র।

যান

'বানের' অর্থ শত্রুর সমুখীন হইবার জন্ম বাতা করা। যে সময়ে স্থপক্ষ ও বিপক্ষের শক্তি তুলনা করিয়া যুদ্ধ করা সমীচীন মনে ইইবে, তাহাই 'বানে'র উপযুক্ত কাল ক্লিয়া নির্দ্ধিট্ট আছে।

সংশ্ৰয়

প্রবাদ শক্রর আক্রমণ হইতে আত্মরক্ষার আশায় অন্ত এক বা একাধিক প্রবাদতের রাজার আশ্রয় গ্রহণের নাম 'দংশ্রয়'। এইরূপ আশ্রয়ের বিনিময়ে আশ্রয়দাতা বন্ধপরিমাণ অর্থাদি দাবী করিতে পারেন এবং আশ্রতকে অধীনে আনিবার চেষ্টা করিতে পারেন। এই জন্মই নিরুপায় হইলে 'দংশ্রয়'-নীতি অবলম্বন করা উচিত।

যদি ছর্বল রাজা কুত্রাপি আশ্রম না পাইয়া আক্রমণকারী শত্রর নিকটেই বশ্বতা শ্রীকার করিতে বাধ্য হয়, তাহা হইলে, তাহার অবস্থা আয়ও শোচনীয় হইয়া থাকে। তথন ধন-রত্ব, স্থা, ভূমি প্রভৃতি উপঢৌকন দ্বারা শত্রুর সম্ভোষ বিধান করিয়া আক্রমণ হইতে রক্ষা পাইতে হয়। যদি এইরূপ উপহারেও শত্রু নির্ভ না হয়, তাহা হইলে তাহার নির্কৃত্ব, সম্পূর্ণভাবে আত্মদমর্পণ ভিন্ন উপান্নাস্তর থাকে না। এইরূপ আত্মদমর্পণকারী ছর্দশাপন্ন রাজার নাম দিণ্ডোপনত্র এবং যে প্রবল রাজার বশ্বতা শ্রীকার করিতে হয়, তাহার নাম দণ্ডোপনারী'।

যথন ছইজন প্রবল রাজা একই সময়ে কোন রাজাকে আক্রমণ করিতে উদ্যত হয়, তথন উহাদের মধ্যে যে রাজার রাজ্য নিকটবর্ত্তী তাহার সহিত 'সংশ্রম' অবলম্বন করিবার উপদেশ আছে। অথবা উভয়ের সহিত 'কপাল-সংশ্রম' করা ঘাইতে পারে; অর্থাৎ প্রত্যেককেই এই কথা বলিতে হইবে যে, যদি তাহাকে রূপা প্রদর্শন করা না হয়, তাহা হইলে অস্তোর বারা বিনষ্ট হইবে। এই উপারে

যানাদনে বিগ্রহস্ত রূপম্—কামলকীয়, ১১।э৫।

৭ ধ্বণাভিশরবৃত্তে। বারাৎ—কৌটিল্য, ৭।১, পৃ ২৬৩।

আত্মরক্ষা করিতে না পারিলে, মগুলের অন্তর্গত 'মধ্যম', 'উদাসীন' অথবা অন্ত কোন প্রবল রাজার কাছে সাহায্য ভিক্ষার জন্ম বাইতে হইবে। "

দ্বৈধীভাব

শারের বিভিন্ন স্থানের উক্তি হইতে 'বৈধীভাবে'র অর্থ বুঝা যাইতে পারে। 'বৈধীভাব'—
'দির্ম' ও 'বিগ্রহ' উভরের দিন্দানের ফল। যথন কেহ একদিকে একজনের সহিত, 'দির্মি করিয়া
বিরোধ নিবারণ করে এবং অন্তদিকে অন্তের মহিত, 'বিগ্রহ' করিয়া বিরোধে ব্যাপৃত হয়, তথন
'বেধীভাবে'র উদ্ভব হইরাছে, বলা যাইতে পারে।" কথন এই প্রকার পথ অবলম্বন করিতে হইবে?
যথন ছই প্রকারাক্টের আক্রমণের আশকা থাকে, তথনই কোন রাষ্ট্র 'বেধীভাব' অবলম্বন করিতে
পারে। সেই অবস্থায় 'বেধীভাব' অবলম্বনকারী রাষ্ট্রের লাভের সন্তাবনা কিরুপ, তাহা বিচার করিয়া
দেখা দক্ষকার। কামন্দকীন্দের (১১,২৩-২৬) মতে ছই আক্রমণকারী রাজার সহিত কপট আচরণের
নাম 'বেধীভাব'। এই মত অন্থারে বাহ্যতঃ প্রত্যেকের ক্ষপার উপর নির্ভরের ভাব দেখাইয়া
প্রক্রত পক্ষে একজনের সহিত অপরের বিরোধ ঘটাইবার চেষ্টা বা অন্ত কোন উপায়ে উভরের
ক্ষতি করাই বৈধীভাবের উদ্দেশ্র। ছইজন শক্রর মধ্যে একজন যাহাতে অপরের নিকট আত্মসমর্পণের কথা কিছুমাত্র জানিতে না পারে, এরূপ সাবধানে কাজ করিতে হয়। এইরূপ 'বৈধীভাব'
কৌটিন্য-বর্ণিত 'বেধীভাব' হইতে ভিন্নরূপ; কিন্তু কামন্দকীয়ের (১১,২৩-২৬) ভাষ্যকার শঙ্করার্য্য
বলেন যে, কৌটিন্যও কামন্দক-বর্ণিত 'বেধীভাবে'র কথা বিলিয়াছেন। যে বর্ণনার উপর নির্ভর
করিয়া তিনি এ কথা বলিয়াছেন, তাহা নিম্নে উদ্ধৃত হইল।

পার্যস্থো বা বলস্থয়োরাদরভয়াৎ প্রতিকুর্বীত।

ছুৰ্গাপাশ্ৰয়ো বা বৈধীভূতভিৰ্চেৎ।

সন্ধিবিগ্রহহেতুভির্বা চেষ্টেত। কৌটিনীয়, ৭.২, পু ২৬৭।

কামন্দকীরে প্রথম প্রকার 'দ্বৈধীভাবে'র উল্লেখ নাই। শঙ্করার্য্যের ব্যাখ্যা এই ধে, ইচ্ছা করিয়াই উহা বাদ দেওয়া হইয়াছে। কারণ, 'দ্বৈধীভাবে' 'দন্ধি' ও 'বিগ্রহের' উপাদান থাকাতে এই স্থুইটি শুণের ধারাই উহা স্পৃতিত হইয়াছে; স্বতরাং উহার পৃথক্ উল্লেখের আবশ্রকতা হয় নাই; কিন্ত অনুল্লেখের এইরূপ কারণ সন্ধৃত বিলিয়া মনে হয় না। কারণ, সমস্ত শুণাবলীকে শেষ পর্যান্ত পিরি' ও 'বিগ্রহে' পর্যাবদিত করা যাইতে পারে; তথাপি কামন্দকীয়ে 'দ্বৈধীভাব' ব্যতীত অপর

৮ 'সংশ্রম' সম্বন্ধে কৌটিল্য, গাং প্রস্তব্য ।

२ (कोंग्रिंगा, ११२, शृ २७७, २७७।

'শুল'গুলি বিস্তৃত ভাবে বর্ণিক হইয়াছে। পাঁচটি 'গুণে'র বিশন আলোচনা করিয়া ষষ্ঠ 'গুণ' সম্বন্ধে নীরব থাকিবার ঐরপ কোন কারণ থাকিতে পারে বলিয়া মনে হয় না। সম্ভবতঃ একজন শক্রুর সহিত 'সন্ধি' ও অস্তের সহিত 'বিগ্রহ'রূপ 'কেথীভাবে'র শ্বক্রুঞ্জ উত্তরকালে গৌণ হইয়া পঞ্চিয়াছিল। তথন উহার দ্বিতীয় রূপটি প্রাধাস্ত লাভ করিয়া থাকিবে।

মন্থ-শ্বতির ৭ম অধ্যায়ের ১৬৭ ও ১৭৩ শ্লোকে 'হৈধীভাব' বর্ণিত হইয়াছে। সেখানে বলা হইয়াছে যে, মুখন প্রবল রাজা তুর্বল রাজাকে আক্রমণ করেন, তখন আক্রাস্ত রাজা আপনার কতক অংশ সৈন্ত পশ্চাতে রাখিয়া অবশিষ্টাংশ শক্রর সম্মুখীন হইবার জন্ত পাঠাইয়া দেন। অধিপুরাণে "বলার্চ্চেন প্রয়াণম" অর্থাৎ অর্দ্ধ সৈত্তের সহিত আক্রমণ করিবার উপদেশ আছে।

'দেখী ভাবে' 'দিন্ধি' ও 'বিগ্রহের' অন্ধসমূহ খাকা চাই '' " এই উক্তি দ্বারা মন্থ-শ্বৃতি ও অগ্নিপ্রাশে বর্ণিত 'দেখী ভাবে'র ব্যাখ্যা করিতে হইবে। স্থতরাং সম্পূর্ণ অর্থ এইরূপ হইবে,—আক্রাস্ত রাজা তাঁহার দেনানীর কিয়দংশ শত্রুর সন্মুখীন হইবার জন্ম পাঠাইলা দেন, আর পশ্চাৎ দিক্ রক্ষার্থ ও নৃতন সন্ধিবদ্ধ রাজার গতিবিধি লক্ষ্য করিবার জন্ম অবশিষ্টাংশের সহিত নিজে থাকেন। কৌটিলা ও মেধাতিথিক উক্তি অনুসাবের এই প্রকার ক্রিন্যায় 'শ্বেদী ভাবে'র ছই মূল উপাদান, 'দন্ধি' ও 'বিগ্রহ' বর্তুমান থাকে।

বিভিন্ন গুণের উপযোগী অবস্থা-নির্ণয়

কোনও রাজা অন্ম রাজার সহিত ব্যবহারকালে কোন অবস্থায় কোন 'গুণে'র বা 'গুণ'র্ন্বয়ের আশ্রয় ূলইবেন, তাহা স্থির করিতে হইলে, তাঁহাকে নিম্নলিথিত বিষয়গুলি বিবেচনা করিতে হইবে,—

- (১) বৃদ্ধি (লাভ),
- (২) ক্ষয় (ক্ষতি),
- (e) স্থান (না-লাভ, না ক্ষতি অর্থাৎ স্থির অবস্থা)।

কোন 'গুণ' অবশ্বনের ফলে রাজা নিজে কিংবা তাঁহার প্রজারা কোন না কোন রকমে লাভবান্ হইলে, ঐ 'গুণ' 'বৃদ্ধি'র অমুকূল বলিয়া বিবেচিত হয়। এই লাভ নানারপে ঘটিতে পারে। ফুর্গ, সেচকার্য্য, বাণিজ্ঞা-পথ, খনি এবং কার্চবছল বা হস্তিবছল বন অধিক পরিমাণে ইচ্ছান্মুখায়ী ব্যবহার করা যায় এবং অনধ্যুষিত দেশে ব্য়ুতি স্থাপন করার স্থাগে ঘটে। উহাতে শক্রর ক্ষতি হয়, এবং শক্রে ও শক্রর প্রজারা নির্বিদ্যে ফুর্গাদি ব্যবহারে অসমর্থ হয়। যথন কোন প্রকার 'গুণ' অবলম্বনের পরিণামে নিজের পক্ষে ফুর্গাদি ব্যবহারে বাধা ঘটে এবং শক্রর পক্ষে স্থবিধা হয়, তাহা

১০ মমুর মেধাভিথি-কুত ভাষা, १।১৬০।

'ক্ষর'-প্রস্থ 'গুণ'। যথন কোন 'গুণ' আপ্রয়ের ফল লাভ-জনকও নর, ক্ষতিজনকও নর, এক্ষ অবস্থা অর্থাৎ 'স্থান' উদ্ভূত হয়, তথন সে 'গুণ' পরিত্যাজ্য।

লাভ ও ক্ষতির পরিমাপ

এমন ধ্বস্থা কল্পনা করা যাইতে পারে, যথন শত্রুর 'রৃদ্ধি' কিংবা নিজের 'ক্ষর' বা 'স্থান' উপেক্ষা করা চলে। যেমন যথন,—

- ১। (ক) উভয়ের লাভ দমান হয়, কিন্তু নিজের লাভ শত্রু অপেক্ষা পূর্বের হয়;
 - (খ) উভয়ের লাভ যুগপৎ হয়, কিন্তু নিজের লাভ শক্রর অপেক্ষা অধিক হয়;
 - (গ) নিজের লাভ বর্ত্তমানে শত্রুর সমান হইলেও ভবিষ্যতে অধিক হইবার আশা থাকে।
- ২। (ক) উভয়ের ক্ষতি সমান হয়, কিন্তু শত্রুর ক্ষতি পূর্বে হয়;
 - (খ) উভয়ের ক্ষতি যুগপৎ হয়, কিন্তু শত্রুর অপেক্ষা অনেকটা কম হয়;
 - (গ) নিজের ক্ষতি বর্ত্তমানে শক্রর সমান হইলেও ভবিষ্যতে বেশি লাভের সম্ভাবনা থাকে।
- ০। (ক) নিজের 'স্থান' শত্রুর 'স্থানে'র অপেক্ষা অল্পকাল স্থায়ী হয়;
 - . (খ) নিজের 'স্থান' উত্তীর্ণ হওয়ার পর যে লাভের সম্ভাবনা আছে, তাহা পরিশেষে শক্রর অপেক্ষা অধিক হয়।

যদি কোন রাজার ও তাঁহার শক্রর 'বৃদ্ধি' বা 'ক্ষয়' যুগপৎ এবং সমান হয়, অথবা যদি তাঁহাদের 'স্থান' যুগপৎ হয় ও ভবিষ্যতে পরিবর্ত্তনের কোন লক্ষণ দেখা না যায়, তবে তাঁহাদের 'সন্ধি' অবলম্বন করা কর্ত্তবা। > >

কৌটিল্যু সমগ্র রাজ্যের 'বৃদ্ধি', 'ক্ষর' ও 'স্থান'কে 'শন' (বিদ্ব-বিদাতক কর্ম্ম) ও 'ব্যারামের' (উদ্যোগ) ফল বলিয়া বর্ণনা করিগছেন। পার্থিব দ্রব্যাদি লাভ (যোগ) ও রক্ষা (ক্ষেম) করিবার ক্ষান্ত কীবন ও সম্পত্তির নির্বিদ্মতা অত্যাবশ্রক, উহা 'শম' ও 'ব্যারাম' দ্বারা সম্ভবপর হয়। এই 'শম' ও 'ব্যারাম' বছু গুলের বধাবধ প্রধাণের উপর নির্ভর করে। ১৭

কখন সন্ধির ফলে রুদ্ধি হয় ?

কৈ অবস্থায় কোন 'গুণ' অবলম্বন করিলে 'বৃদ্ধি'র সন্থাবনা, তাহা কৌটিল্য সবিস্তারে বর্ণনা করিয়াছেন। বে যে অবস্থায় 'সন্ধি' বৃদ্ধি'র সহায়তা করে, তাহা এই—

^{5&}gt; व्योष्टियां, ११३, शृ २७४ ।

३२ कोंडिना, ७१२, १९ २६३, २७०।

ষধন কোন রাজা মনে করেন.-

- (১) স্বকার্য্যের দ্বারা শত্রুর চেষ্টার শুভ ফলসমূহ বিনষ্ট করিতে পারিবেন;
- (২) বিনা বাধায় নানারূপ কল্যাণকর অমুষ্ঠান সম্পন্ন করিতে পারিবেন;
- (৩) শত্রুর কার্য্যের শুভ ফলও নিজে ভোগ করিতে পারিবেন;
- (৪) শুপ্তচর দ্বারা অথবা অস্ত কোন শুপ্ত উপারে শত্রুর কাজ বিনষ্ট করিতে পারিবেন ;
- (৫) শক্রর সহায়তাকারী গোকদিগকে পুরস্কার প্রধান বা খাজানা রেহাই বা মকুফের গোভ দেখাইয়া স্থপক্ষে আনিতে পারিবেন;
- (৬) অপের কোন বিশেষ শক্তিশালী রাষ্ট্রের সহিত সন্ধির ফলে শত্রুর আরব্ধ কার্যাগুলি নষ্ট হইয়া যাইবে:
- (৭) শক্রর সহিত তাহার এক শক্রর বিরোধিতা দীর্ঘকাল বজার রাখিতে পারিবেন ও ফলে, শক্র তাঁহার সাহায্য চাহিতে বাধ্য হইবে;
- শক্রর সহিত মিক্রতা করিয়া তাহার ছারা অপর শক্রকে বিপন্ন করিতে পারিবেন;
- (৯) শত্রুর প্রজারা তাহার কোন শত্রুর দ্বারা উৎপীড়িত হওরার স্থপক্ষে আসিবে এবং নিজ কার্য্য সাধনে সহায়তা করিবে;
- (১০) শক্র কোন বৃহৎ কার্য্য আরম্ভ করিয়া বিপন্ন হইয়া পড়িয়াছে, স্থতরাং কোনরূপ অনিষ্ট করিতে পারিবে না ;
- (১১) শত্রুর সহিত সন্ধি করিলে তাহার সহকারী রাজার সহিতও মিত্রতা হইবে এবং তা**হা**র ফলে লাভ হইবে:
- (১২) শত্রুর সহিত সন্ধিতে আবদ্ধ হইয়া শত্রু ও মণ্ডগবন্তী অন্ধ রাজাদিগের মধ্যে পরস্পর বিরোধ ঘটাইবার স্থাযোগ হইবে এবং এইব্লপ বিরোধের ফলে, অসহীয়[্] শত্রু ক্রেমে ক্রমে বশু আসিতে বাধ্য হইবে; এবং
- (১৩) ভন্ন প্রদর্শন করিয়া অথবা অন্ধন্ধ বর্ষ[া] করিয়া শক্রকে মণ্ডলের রাজাদের নিকট সাহায্য প্রার্থনা হইতে বিরত রাখিতে পারিবেন ও এইরূপে তাঁহাদের সংস্পর্শচ্যুত করিয়া মণ্ডলের সাহায্যে তাহাকে ধ্বংস করিতে পারিবেন। ১৩

বিগ্ৰহ হইতে বৃদ্ধি

নিম্নলিখিত অবস্থায় 'বিগ্রহ' অবগখন করিলে 'বৃদ্ধি' লাভ হইতে পারে। যথন কোন রাজা মনে করেন,—

>७ कोटिमा, ११३, शृ २७६।

- (১) তাঁহার রাষ্ট্রের অধিবাদী দমরনিপুণ যোদ্ধূজাতির দাহায্যে শক্রকে বিতাড়িত করিতে পারিবেন এবং তাঁহার রাজ্যে হুর্ভেদ্য হুর্গ থাকার দরুণ শক্রর আক্রমণ, প্রতিরোধ করিতে পারিবেন;
- (২) রাজ্যের দীমান্তে অবস্থিত হুর্ভেদ্য হুর্গকে নিজ কার্য্যের ভিত্তি করিয়া শত্রুর কার্য্যের স্থফলসমূহ বিনষ্ট করিতে পারিবেন;
- (৩) অন্ত রাজ্য আক্রমণ করার ফলে দেই রাজ্য হইতে শত্রুর প্রজাদিগকে প্ররোচিত করিয়া স্থপক্ষে আনিতে পারিবেন; অথবা
- (৪) বিপন্ন শত্রু নিরুৎপাহ হইয়া পড়ায় তাহার আরব্ধ কার্য্যদমূহ বিনষ্ট হইবে ; > 8

আদন হইতে রুদ্ধি

রাজা 'আসন' অবশম্বন করিয়াও 'বৃদ্ধি' লাভ করিতে পারেন,—

- (১) যথন তিনি অথবা তাঁহার শত্রু পরস্পারের কার্য্যের অনিষ্ট করিতে পারেন না ;
- (২) ধখন যুদ্ধের ফল উভয়ের পক্ষেই সমান ক্ষতিজনক বলিয়া মনে হইবে; অথবা
- (৩) যথন তিনি আক্রমণাদি না করিয়া অপ্রতিহত ভাবে নিজ কার্য্য সম্পাদন করিতে পারিবেন।

যান, সংশ্রুষ অথবা দ্বৈধী ভাব হইতে রুদ্ধি

ধধন রাজা দেখেন যে, তাঁহার নিজের কার্য্যাবলী রক্ষার ধথোচিত বাবস্থা হইয়াছে এবং 'যান' অবলম্বন করিয়া শত্রুর কার্য্যাবলী বিনষ্ট করা যায়, তথেন তিনি 'যান' অবলম্বন করিলে 'বৃদ্ধি' লাভ করিবেন।

যথন কোন রাজা এমন এক পরাক্রাস্ত শক্ত কর্ত্তক আক্রাস্ত হন যে, আক্রমণ প্রতিহত করা অথবা আক্রমণকারীকে ক্ষতিগ্রস্ত করা তাঁহার পক্ষে অন্যন্তর, তথন 'সংশ্রম' অবলম্বন করিলে, তাঁহার 'বৃদ্ধি' লাভ হয়। এই অবস্থায় রাজার 'সংশ্রম' দ্বারা আন্থ্যক্ষার চেষ্টা করা কর্ত্তব্য। এইরূপে ক্রমে ক্রমে 'ক্ষয়' হইতে 'স্থানে' ও 'স্থান' হইতে 'বৃদ্ধি'র অবস্থায় উপনীত হওয়ার সম্ভাবনা থাকে।

• কোন রাজা যদি একই কালে এক রাজার সহিত মিত্রতা করিয়া শক্রর সহিত যুদ্ধ করিতে পারেন ও তাহার কার্য্যাবলী বিনষ্ট করিতে পারেন, তবে তাঁহার পক্ষে 'দ্বৈধী ভাব' অবলম্বন করা 'বৃদ্ধি'র কারণ হইতে পারে। ১°

^{38 (}कोहिना, ११३, शृ २०६, २०७।

se को हिना, ११२, पृ २७७।

স্থতরাং কোন 'গুণ' অবলম্বন করিবার পূর্বে উহার ফলে 'বৃদ্ধি', 'স্থান' কিংবা 'ক্রে'র সম্ভাবনা আছে, তাহা বিচার করিয়া দেখিতে হইবে। প্রথমতঃ 'বৃদ্ধি'ই প্রত্যেক নীতি অবলম্বনের উদ্দেশ্য হওয়া উচিত; তাহার পর 'স্থান' অর্থাৎ লাভ বা ক্ষতিশ্যু অবস্থা। কিছুতেই 'ক্ষয়ে'র হাত হইতে অব্যাহতির সম্ভাবনা না থাকিলে, ক্রমে ঐ 'ক্ষয়' পূরণ করিয়া উত্তরোভরবর্ত্তী অবস্থার পৌছিবার চেষ্টা করা উচিত।

কোটিল্যের শান্তিপ্রিয়তা

কৌটিলোর মতে যথাসম্ভব যুদ্ধে লিপ্ত না হওয়াই রাজার কর্ত্তব্য। কারণ, যুদ্ধে সাংঘাতিক লোকক্ষয়, অর্থনাশ ও শক্তি ক্ষয় হইল থাকে। তাহা ছাড়া, যুদ্ধে পাপে লিপ্ত হইতে হয়। স্থতরাং 'সন্ধি' ও 'বিগ্রহের' মধ্যে 'সন্ধি' অবলম্বন করাই বাঞ্ছনীয়। তজ্ঞপ 'আসন' ও 'যানের' মধ্যে 'আসন' ভাল; কারণ, 'আসনে' যুদ্ধের ভীষণতা সম্পূর্ণ প্রকট হয় না। স্বার্থ ও ধর্ম—উভন্ন দিক হইতেই কৌটিল্য শান্তি সমর্থন করিতেছেন।

কোন 'গুণ' অবশ্যন করিবার ফলে পূর্ব্বোক্ত 'বৃদ্ধি', 'ক্ষয়' ও 'স্থান' এবং উপরি উক্ত শাস্তির উপযোগিতার কথা বিবেচনা করিতে হইবে; তদ্তির নিম্নলিখিত ছয়টি বিষয়ের কোনটি সেই অবস্থায় প্রযোজ্য কি না, তাহা পরীক্ষা করিয়া দেখা আবশ্যক। ১৬

- (১) যথন কাহারও অবস্থা শত্রুর অপেক্ষা হীন, তথন তাঁহার 'দদ্ধি' অবলম্বন করা কর্ত্তব্য । ১৭
- (২) ধখন কোন রাজা নিজেকে শত্রুর অপেক্ষা অধিক শক্তিশালী মনে করিবেন, তখন তিনি 'রিগ্রহ' করিতে পারিবেন। ^{১৬}
- (৩) যথন দেখা যায় যে, শক্রর অনিষ্ট করাও সম্ভব নয়, আবার শুক্রও অনিষ্ট করিতে সমর্থ নহে, তথন 'আসন' অবলম্বন করাই উচিত। ১৯
 - (8) যথন শক্তির প্রাচুর্য্য ঘটে, তথন শত্রুর বিরুদ্ধে অভিযান করা (যায়াৎ) যাইতে পারে।^২°
 - (a) প্রবল শক্র আক্রমণ করিতে আসিলে, চুর্বল রাজার 'সংশ্রম' অবলম্বন করা কর্ত্তব্য।
 - (৬) যথন সাহায় ব্যতীত দফলতা লাভ হইবে না অর্থাৎ একাকী তুই শত্রুর আক্রমণ প্রতিরোধ

১७ कोडिना, ११३, भु २७७।

১৭ প্রস্মান্তীয়মান: সন্দধীত।

১৮ অভাচীয়মানে। বিগৃহীয়াৎ।

১৯ ন মাং পরো নাহং পরমুপহস্তং শক্তঃ ইত্যাসীত।

২০ গুণাভিশরযুক্তো যারাৎ।

২> শক্তিহীনঃ সংশ্রন্থেত।

করা জ্ঞাসম্ভব বনে হক্বে, তথন এক শক্রর সহিত মিত্রতা করিয়া অপরের সহিত বিশ্বহ' বারা শ্রেমীভাব' অবলম্বন করিবে।^{২৬}

উপরি উক্ত দিতীয় ও চতুর্থ উক্তি হইতে এই ভ্রম জন্মিতে পারে যে, যথন কোন রাজা শত্রুকে বিনষ্ট করিবার পক্ষে নিজেকে যথেষ্ট শক্তিশাণী মনে করেন, তথনই ভাঁহার শত্রুর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা অথবা অভিযান করা উচিত। 'প্রাচীন ভারতীয় রাষ্ট্রপমূহের পরস্পার সম্বন্ধ'নামক পুত্তকের ৩০শ ও ৩১শ পূর্চায় আমি বিস্তৃত ভাবে দেখাইয়াছি যে, যুদ্ধ ঘোষণার পূর্বের আক্রমণকারী ও আক্রান্ত এই উভর পক্ষের মধ্যে পরস্পারের স্মার্থে স্বার্থে বিরোধ হওরা আবিশ্রুক। কথন কথন হয়ত অভ্যায়রূপে মিথ্যা কারণ দেখাইয়া কোন রাজা যুদ্দ্ধ প্রস্তুত্ত হাতেন। কিন্তু কেবল শক্তিশাণী হইয়া বিনা কারণে যুদ্দ করিলে মগুলের অভ্যান্ত রাজার কুদ্দ হইতেন। শক্তিমান্ রাজার পক্ষে শক্তি প্রদর্শনের জন্ত এবং অপরাপর রাজাদের উপর প্রভৃত্ব স্থাপনের জন্ত অন্তর্জন বাবস্থা ছিল। এইরূপ অবস্থায় তিনি রাজস্থ্য বা অশ্বন্ধে বাগামুষ্ঠানের দ্বারা নিজ সামর্থ্য বিস্তার করিতেন। সঞ্চিত ক্ষমতা এইরূপে প্রকাশ করা হইত।

আরও একটি কথা। কোটিশ্য কোন কোন ক্ষেত্রে উপরি উক্ত ছয়টি উক্তির কোন কোনটির বিপরীত পদ্ধা অবশ্বন করিতে উপদেশ দিয়াছেন। বিতীয় ও চতুর্থ উক্তি "অভ্যাচীয়নানো বিগৃহীয়াৎ", "গুণাতিশরযুক্তো যায়াৎ" দেখিয়া যদি কেহ এই দিদ্ধাস্ত করেন বে, এক রাজা অস্ত রাজা অপেক্ষা অধিক বলশালী হইলেই তাঁহাকে আক্রমণ করিবেন ও যুদ্ধ বাতীত অক্ত উপায়ে বিবাদ নিপান্তির চেষ্টামাত্র করিবেন না, নিম্নলিধিত বিপরীত স্ব্রগুলি দারা তাঁহার দে ভ্রম দূর হইবে।

- (১) জায়ানপি সন্ধীয়েত (অপেক্ষাকৃত বলশালীরও 'সন্ধি' করা কর্ত্তব্য) ;
- (২) জামানপি আসীত (অপেক্ষাকৃত বলশালীরও 'আসন' অবলম্বন করা কর্ত্তব্য);
- ক্যারানপি সংশ্রমেত (অপেক্ষাকৃত বলশালীরও 'সংশ্রম' অবলম্বন করা কর্ত্তব্য)।

স্থতরাং অস্তান্ত কারণ ও অবস্থা প্রভৃতি বিবেচনা না করিয়া কৌটলাের উপদেশগুলি সর্ব্বতি প্রবাজ্য মনে করিলে ভূল হইবে। অবস্থা-বিশেষেই 'গুণ'বিশেষের প্রয়োজনীয়তা বুঝা যায়। এই কথা মনে রাখিয়া বিচার করিলে, বুঝা যাইবে যে, কৌটিলাের কোন কোন উপদেশ আপাতদৃষ্টিতে অকলাাণকর বােধ হইলেও প্রকৃত পক্ষে সেরূপ নহে। যেমন অবস্থা অনুসারে নিয়লিখিত উপদেশও উপযোগী হয়।—

(৪) হীনোহণি বিগল্পীয়াৎ (অপেক্ষাক্তত কম বনশালী হইলেও শত্ৰুতা কৰা কৰ্ত্তবা);

२२ नहाइनात्या कार्त्या देवरीकांदर नतकृर ।

- (৫) হীনোহপি অভিযায়াৎ (অপেকারত কম বলশালী হইলেও শক্তর বিরুদ্ধে অভিযান করিবে।);
- (৬) জ্যারানপি বৈধীভূতন্তির্দ্রেৎ (অপেক্ষাক্তত অধিক বলশালী হইলেও 'বৈধীভাব' অবলঘন করা কর্ম্বব্য)। ১৩

কোন অবস্থায় উপরি উক্ত উপদেশগুলি প্রধোঞ্চা, তাহা নিয়ে প্রদর্শিত হইতেছে,—

- (১) জাগ্নানের পক্ষে সন্ধি'—
- কে) যথন কোন শক্তিশালী রাজা দেখিতে পান যে, শত্রুর প্রজাগণ গোভী, দরিক্র ও নিপীড়িত অথবা যুদ্ধভয়ে ভীত হইলেও তাঁহার দিকে আসিতেছে না অর্থাৎ শত্রুর প্রতি অম্বরক্ত রহিয়াছে, তথন শত্রুর অপেক্ষা বলশালী হইলেও তাঁহার শত্রুর সহিত মিত্রতা করা উচিত।
- (খ) যথন কোন শক্তিশালী রাজা অপেক্ষাকৃত কম শক্তিশালী রাজার সহিত যুদ্ধে ব্যাপৃত হইয়া দেখিতে পান যে, যদিও উভয়েই ব্যাসন বা বিপদে পতিত হইয়াছেন, তথাপি তাঁহার নিজের বিপদ্ শক্রর অপেক্ষা গুরুতর ও শক্ত নিজ বিপদ্ শীঘ্র দূর করিয়া বললাভ করিতে সমর্থ হইবে, তথন বড় রাজা হইলেও তাঁহার শক্রর সহিত সদ্ধি করা কর্ত্তবা।
- (২) জ্যাদ্বানের পক্ষে 'আসন' যথন কোন রাজা দেখেন যে, সন্ধিই করুন বা যুদ্ধই করুন, কোনরূপেই তাঁহার লাভ হয় না কিংবা শত্রুরও ক্ষতি হয় না, তথন অপেক্ষাকৃত শক্তিশালী হইলেও তাঁহার 'আসন' অবলম্বন করা কর্ত্তব্য।
- (৩) জ্যায়ানের পক্ষে 'সংশ্রম'— যথন কোন রাজার বিপদ্ বা ব্যসনসমূহের প্রতিকার করা অসম্ভব মনে হয়, তথন তিনি পরাক্রাস্ত রাজা হইলেও 'সংশ্রম' অবলখন করিবেন ।
- (৪) হীনের পক্ষে 'বিগ্রহ'— বথন কোন ছর্বল রাজা দেখেন যে, তিনি যে-রাজার বখ্যতা স্থাকার করিতে বাধ্য হইয়াছেন, তাঁহার প্রজারা দারিদ্রা বশতঃ লোভী, এবং নিপীড়ন বশতঃ অসম্ভ্রন্ত হইরা রাজা কর্ত্তক উন্মূলিত হইবার আশস্কার তাঁহার নিকট উপস্থিত হইরাছে, তথন তিনি অপেক্ষাকৃত কম শক্তিশালী হইলেও ঐ শক্তিশালী রাজার বিক্লছে যুদ্ধ করিতে পারেন। বিশ

२७ कोडिका, ११७, शु २७३, २१०।

২৪ এই ছুর্বল রাজা প্রবল রাজার নিকট অপমানজনক বস্তাতা স্বীকার করিয়া 'দণ্ডোপনত' অবস্থার আছেন। স্তরাং মনে মনে অত্যন্ত বিরক্ত থাকায় ওাঁছার পক্ষে হবোগ পাইলেই ঐ প্রবল রাজার বিরুদ্ধাচরণ করা ভাতাবিক।—প্রাচীন ভারতীয় রাষ্ট্রশন্ত্রে পরন্দার সহজ, পৃ ৬২-৬৪, ৬৬।

- (c) হীনের পক্ষে 'যান'— বধন কোন রাজা দেখেন যে, শত্রু প্রবল হইলেও তাহার আসম বিপদ্ অনিবার্য্য, তধন নিজে কম শক্তিশালী হইলেও ঐ শত্রুকে আক্রমণ করিতে পারেন।
- (৬) জ্ঞান্নানের পক্ষের বৈধীভাব— কোন রাজা শক্তিশালী হইলেও যদি দেখেন যে, তিনি এক শক্তির সহিত 'সদ্ধি' ও অন্ত শক্তির সহিত 'বিগ্রহ' দারা লাভবান্ হইবেন, তথন ভাঁহার 'হৈধীভাব' অবলম্বন করা কর্ত্তবা।

ষড়্প্তণের সংমিশ্রণ

'গুণ'সমূহের মিশ্রণ চারি প্রকারের হইতে পারে; যথা,— (১) বিগৃহাসন, (২) সন্ধায়াদন,
(৩) বিগৃহ্যান ও (৪) সন্ধায়্মান।

বিগৃহাসন ও 'সন্ধায়াসনে'র অক্ষরার্থ যথাক্রমে 'বিগ্রহের পর আসন' এবং 'সন্ধির পর আসন'। বাহাতে থান্য-সন্ভার বা যুদ্ধোপকরণ বাহির হইতে শক্র-নগরে প্রবেশ করিতে না পারে, সেই উদ্দেশ্যে যুদ্ধ বোষণার পর 'আসন' অবসম্বন করা হয়; ইহাতে শক্রর আর্থিক নিপাত সাধন হয়। যথন কোন শক্র-সেনা তুর্গান্তান্তরে প্রবেশ করিয়া আত্মগোপন করে, তথন সেই তুর্গ অবরোধ করিয়া 'আসন' অবসম্বন করিতে হয়। **

বিগৃহাসন ও সন্ধায়াসন

কোটিল্য (৭।৪, পৃ ২৭২) বলিশ্নছেন,—'মরি' এবং 'বিজিগীরু' বধন যুদ্ধে অশক্ত হইয়া পড়ে, তথন 'বিগৃহ্যাদন' বা 'সন্ধায়াদন' অবলম্বন করিতে হয়। কামলকীয়ের মতে (১২।১৬) অস্থায়ী ভাবে যুদ্ধ-বিরতির নাম 'সন্ধায়াদন'। কিন্ত এইরূপ অর্থ গ্রহণ করিলে, 'আদনের' প্রধান উদ্দেশ্য ততটা দিল্প হয় না।

যে ব্যক্তি 'আদন' অবলম্বন করিবে, দে অবকাশ লাভ হেতু আপনার শক্তি বাড়াইতে পারে এবং শক্তর শক্তি কমাইবার নানারূপ সুযোগ লাভ করে। অস্থায়ীকালের জন্ত যুদ্ধ-বিরভিতে সেরূপ স্থযোগ লাভের সম্ভাবনা থাকে না। কিন্তু কৌটিলা 'বিগৃহ্যানে'র যেরূপ অর্থ করিয়াছেন— এক শক্তর সহিত 'বিগ্রহ' করিয়া অপর শক্তর বিরুদ্ধে 'যান', 'বিগৃহ্যাদন' সম্পর্কেও দেইরূপ ব্যাখ্যা করিলে অর্থসঙ্গতি হয়। এই ব্যাখ্যা অনুদারে এক শক্তর সহিত অপর শক্তর 'বিপ্রহ' বাধাইয়া নিজে 'আদন' অবলম্বন করাকে 'বিগৃহ্যাদন' বলা হইবে এবং এক শক্তর সহিত 'দদ্ধি' করিয়া অপর শক্তর সম্বন্ধে 'আদন' করাকে 'বিগৃহ্যাদন' বলাতে হইবে; কিন্তু কৌটিলা এইরূপ

९६ काममकीय, >>, त्राः >३ ।

ব্যাখ্যা করেন নাই। কোন অবস্থায় 'বিগৃহ্থাসন' এবং কোন অবস্থায় 'সন্ধায়াসন' অবলম্বন করিতে হইবে, সে সম্বন্ধে কোটিলোর মতামত পরীক্ষা করিলে দেখা যাইবে যে, 'বিগৃহ্থাসন' যাঁহার কর্ত্তব্য বলিয়া নির্দ্দেশিত হইয়াছে, তাঁহার অবস্থা, মিনি 'সন্ধায়াসন' অবলম্বন করিবেন, তাঁহার অবস্থা অপেক্ষা ভাল; কারণ, প্রথম 'আসনে' শুধু আত্মরক্ষার ভাব নয়, আক্রমণের ভাবও রহিয়াছে; কিন্তু বিতীয় 'আসনে' আত্মরক্ষা মাত্র স্থৃচিত হইয়াছে।

কৌ টিল্য "বিগৃহাদন" সম্পর্কে বলিয়াছেন যে, অবস্থা-বিশেষে 'মিত্র' ও 'পার্ষিণ্ প্রাথাসারে'র (পশ্চাঘন্তী শক্রর মিত্রের) মধ্যে অথবা 'আক্রন্ন' (পশ্চাঘন্তী বন্ধু) ও 'পার্ষিণ প্রাথাহে'র (পশ্চাঘন্তী শক্রর) মধ্যে 'বিগ্রহ' ঘটাইবার পর শক্রর বিরুদ্ধে 'যান' অবস্থন করা কর্ত্তব্য । ত একজনকে আর একজনের বিরুদ্ধে লাগাইয়া দেওয়ার উদ্দেশ্য টা যে কি, তা ে স্পট্টই বুঝা ষাইতেছে। এইরূপ করিবার পর তাঁহার পক্ষে অধিক দেনা লইয়া শক্রর সম্মুখীন হওয়া সহজ হয়। যেসময়ে তিনি অস্তত্র ব্যাপৃত থাকিবেন, তথন তাঁহার রাজ্য অস্ত কর্তৃক আক্রান্ত হইবার সম্ভাবনা কমিয়া যায়। কামন্দকীয় নীতিসারেও এই অর্থে 'বিগৃহ্যানের' উল্লেখ দেখা যায়।

অরিমিত্রাণি সর্বাণি স্থমিত্রৈঃ সর্বতে। বলাৎ । বিগৃহ্য বারি গমনং বিগৃহ্য গমনং স্মৃতং॥

(শক্রর মিত্রগণের সহিত নিজ মিত্রগণের 'বিগ্রহ' বাধাইয় শক্রকে সমগ্র বলের সহিত আক্রমণ করাকে 'বিগ্রহান' বলে) ^১ ।

কামনদক তাঁহার নীতিসারের ১১শ প্রকরণের ৩য় শ্লোকে এই শব্দের অন্ত একটি অর্থপ্র কিরিয়াছেন। যথা,—শত্রুর দ্রব্য-সন্তার লুট অথবা ধ্বংস করিবার কালে শত্রুর বিরুদ্ধে 'ধান' অবলম্বন করা। এই স্থলে কামন্দক যে অর্থে 'বিগৃহ্যান' কথাটি ব্যবহার করিয়াছেন, কৌটিল্যও তাঁহার এই গুলসম্বন্ধীয় হুইটি উদাহরণ প্রসঙ্গে ঠিক সেই অর্থেই উহা ব্যবহার করিয়াছেন। এই ক্ষেত্রে কোন 'মিত্র' সংশ্লিপ্ত না থাকায় 'বিগ্রহ' ও 'ধান' উভয় 'গুণ'ই এক শত্রুর বিরুদ্ধে প্রয়োগ করিবার কথা বলা হইয়াছে। কৌটিল্য 'বিগৃহ্যানে'র তৃতীয় এক অর্থ করিয়াছেন। এইরূপ 'বিগৃহ্যান' তথন হয়, যধন রাজা নিজেকে এরূপ শক্তিশালী বিবেচনা করেন যে, তিনি 'পার্ষ্ণিগ্রাহ' ও 'পার্ষ্ণিগ্রাহাসারে'র বিরুদ্ধে যুদ্ধ শোষণা করিবার পরও সম্মুখ-শক্ত্রের বিরুদ্ধে অভিযান করিতে ভীত হন না; কারণ, তিনি আশা করেন যে, তিনি কাহারও সাহায্য ব্যতিরেকে

२० कोडिमा, ११८, शृ २१७, २१८।

২৭ কা, ১১।৪। ভাষ্যকার শঙ্করার্থ্য শোক্টির এইরূপ ব্যাথ্যা করিয়াছেন,—'বলের মারা নিজ মিত্রগণে সাহাব্যে শক্তর মিত্রগণকে আপনার ২শীভূত করা এবং তৎপর শক্তর বিরুদ্ধে অভিযান করা।'

অল্প সময়ের মধ্যে সম্মুধ-শক্রর বিরুদ্ধে যুদ্ধ শেষ করিয়া ষথাকালে ফিরিয়া আসিয়া উপরি উক্ত পশ্চাৎ-শক্রদের সহিত যুঝিতে পারিবেন। এই প্রকার 'বিগৃহ্যবানের' বিশেষত্ব এই বে, রাজা বাহিছের কোন সাহায্য গ্রহণ করেন না, একাই সম্মুথ-শক্র ও পশ্চাৎ-শক্রম সম্মুথীন হন। স্থতরাং দেখা ষাইতেছে বে, "বিগৃহ্যধান" তিন প্রকারের হইতে পারে,—

- (>) পশ্চাঘন্তী রাজাদের মধ্যে 'বিশ্রহ' ঘটাইরা দিরা সমূথ ভাগে শত্রুর বিরুদ্ধে স্বরুং 'ধান' করা [এই ছলে 'বিশ্রাহুখান' (বি—গ্রহ ধাতুর শিক্ষত্কপ) কথাটি প্রযুক্ত হইলে, প্রকৃত অর্থ পরিক্ষাট হইত]।
- (২) অন্ত কোন রাজা সংশ্লিষ্ট না থাকার 'বিশ্বহ' এবং 'যান' ছইই শুধু শক্রুর বিরুদ্ধে প্রয়োগ করা।
- (৩) অস্ত্রের সাহায্য না লইয়া রাজাকে উভয় পার্ষের বিপদের সমুখীন হওয়া। এই প্রকারের 'বিগৃহ্থবানে' রাজা সম্মুখস্থিত শত্রুর বিরুদ্ধে 'বিগ্রহ' শেষ করিয়া তিনি পশ্চাতের শত্রুকে পরাজিত করিবার জন্ম ফিরিয়া আসেন এবং তাহাদের বিরুদ্ধে অভিযান করেন।

যে অবস্থায় 'বিগৃহ্থান' অবলম্বন করা হইবে, তাহার বিপরীত অবস্থায় 'সন্ধার্যান' অবলম্বন করিবার উপদেশ কোটিন্য দিরাছেন। কিন্তু ইহাতে বিষয়টি বিশদ হয় নাই। তিনি কোন দৃষ্টান্ত হারাও ব্ঝাইয়া দেন নাই। 'বিগৃহ্যানে'র মত, 'সন্ধার্যানে'র 'সন্ধার' শব্দটি নিমনিথিত প্রচলিত অর্থে গ্রহণ করা যাইতে পারে; পশ্চান্তাগের শত্রুর সহিত সন্ধি করিবার পর সম্মুখ শত্রুর বিরুদ্ধে 'বান' অবলম্বন করা। 'বিগৃহ্যানে'র 'বিগ্রহ' বেরূপ 'বিগ্রাহ' অর্থে বাবহুত হইয়ছে, তক্রপ 'সন্ধার্যানে'র 'সন্ধার' ণিজন্ত অর্থে লওয়া যাইতে পারে। এই পিজন্ত অর্থ ধরিলে 'সন্ধার্যানে'র অর্থ দাঁড়ায় এইরূপ,—নিজের বিপদ্ লাম্বর করিবার জন্তু রাজা তাঁহার পশ্চাহ্ব পরিলোক ও নির্টোর মধ্যে সন্ধি করাইয়া সম্মুখ-শত্রুর দিকে ধাবিত হল। এই অর্থ টি গ্রহণযোগ্য হইলেও, ইহার পরিপোষক দৃষ্টান্ত কোন গ্রহেই দেখা যার না। 'সন্ধার্যানে'র প্রথমাক্ত অর্থি কামন্দকীরে পাওয়া বার, দেখানে উহা ব্র্ঝাইবার জন্তু একটি দৃষ্টান্তও সনিবিষ্ট হইয়ছে। হি 'বিগৃহ্যাসন' ও 'সন্ধার্যাসন' সম্প্রেক উত্তর নামেরই প্রথম অংশ শিজন্ত অর্থে গ্রহণ করিলে কোন গোলযোগ হয় না। বিশেষতঃ 'সন্ধার্যাসন' অবলম্বনকালে কোন শত্রুর সহিত্ত সন্ধি করিয়া তাহারই বিরুদ্ধে 'আসন' অবলম্বন করার কথা বলা চলে না। স্মৃত্রাং 'সন্ধার্যানন' কথাটির 'সন্ধার' অংশ শিজন্ত অর্থে লওয়াই সমীটীন বলিয়া বোধ হয়। তাহা হইলে

4

'দন্ধারাদনে'র অর্থ পাঁড়ার এই—যুদ্ধক্ষেত্রে সম্মুথ-শক্ত ব্যতীত এক বা একাধিক শক্ত থাকিলে, তিনি তাহাদের সহিত নিজ মিত্র বা মিত্রগণের দন্ধি স্থাপন করাইরা দেন, ও তাহার পর সম্মুখ-শক্তর বিরুদ্ধে নিজে 'আদন' অবলম্বন করেন। পিজস্ত করিরা অর্থ গ্রহণ করিলে আর একটি স্থবিধা এই যে, তাহাতে 'দন্ধারাদন' (এবং 'দন্ধার্যান') ও 'দ্বৈধীভাবে'র মধ্যে পার্থক্য স্পষ্ট অনুভূত হয়।

'দন্ধার' শব্দটি দাধারণ অর্থ গ্রহণ করিলে 'দন্ধারাদনে'র অর্থ হইবে— এক বা অধিক 'পান্ধি প্রাহে'র দহিত দন্ধি করিয়া দল্ম্থবর্ত্তী অরির বিরুদ্ধে 'আদন'। স্মৃতরাং দেখা যাইতেছে যে, 'দন্ধারাদনে'র তিনটি অর্থ আছে, তাহার মধ্যে পূর্ব্বোক্ত দাময়িক যুদ্ধ-বিরতির পর 'আদন' অবলম্বনও একটি। দেইরূপ 'বিগৃহাদনে'র 'বিগৃহ' ণিজপ্ত ভাবে লইলে অন্ত একটি অর্থ পাওয়া যাইবে।

বিগৃহাসন অবলম্বনের উপযোগী অবস্থা

নিম্নে বর্ণিত বিশেষ বিশেষ অবস্থায় 'বিগৃহাসন' অবলম্বনের উপদেশ দেওয়া হইয়াছে,—

- (১) যথন কোন রাজা নিজ্ঞ সৈত্য, মিত্রসৈত্য ও আটবিক সৈত্যের সাহায্যে সম বা অধিকতর বলশালী শত্রুকে বর্জন করিতে পারিবেন বলিয়া মনে করেন, তথন তিনি নিজ রাজ্যের বিদ্রোহীদের সহিত সন্ধ্রি করিয়া ও শত্রুরাজ্যের বিদ্রোহীদের মিত্র করিয়া 'বিগ্রহাসন' অবলম্বন করিতে পারেন।
- (২) যথন রাজা দেখিতে পান যে, জাঁহার প্রজাগণ সাহদী, একতাবদ্ধ ও সমৃদ্ধ এবং অপ্রতিহত-র্ভাবে নিজ নিজ কার্য্য করিয়া ষাইতে পারিবে, অথবা শক্রুর কার্য্যাবলী নষ্ট করিতে সমর্থ হইবে, তথন 'বিগ্রহাসন' অবলম্বন করা হাইতে পারে।
- (৩) শত্রুর উপচয় প্রতিহত করিবার জন্ম ও নিজ শক্তি বাড়াইবার জন্ম নিম্নলিথিত অবস্থার 'বিগ্রহাসন' অবলম্বন করা চলে ;—
 - (ক) যথন শত্রুর প্রস্নারা দারিদ্রাহেতু লোভী ও রাজনৈত্রগণ কর্ত্তক নিপীড়িত এবং চোর ও আটবিকগণ কর্ত্তক উত্তাক্ত হইয়া আপনা হইতে অথবা প্রলোভন ও প্রয়োচনার ফলে তাঁহার দলে আদিবার সম্ভাবনা থাকে;
 - (থ) যথন তাঁহার নিজ রাজ্যের বার্ত্তা (কৃষি, গোরক্ষা এবং বাণিজ্ঞা) শ্রীসম্পর অথচ শত্রুর রাজ্যের বার্ত্তা হতশ্রী হওয়ার দরুণ শত্রুর প্রজাগণ ছর্ভিক্ষ-পীড়িত হইয়া তাঁহার সাহায্য ভিক্ষা করে;
 - (গ) ধথন তাঁহার নিজ রাজ্যের বার্তা মন্দ এবং শত্রুর রাজ্যের বার্তা উন্নত হইলেও

তাঁহার নিজের প্রজাদের শক্রর দলে যাওয়ার সম্ভাবনা নাই, অথচ তিনি শক্রর সহিত যুদ্ধ বোষণা করিয়া তাহার রাজ্য হইতে ধান্ত, গোধন ও স্বর্গ লুঠন করিয়া লইতে সমর্থ হইবেন;

यथन जिनि मत्न कत्रित्वन,

- (ঘ) শক্র রাজ্য হইতে আমদানী পণ্যের বিক্রন্ন বন্ধ করিয়া নিজ রাজ্যে উৎপন্ন পণ্য বিক্রন্মের স্থাবিধা হইতে পারে:
- (৩) যথন যে সকল মূল্যবান্ বস্ত শক্রর রাজ্যে বিক্রীত হয়, তাহা নিজ রাজ্যেই বিক্রীত হওয়ার সন্তাবনা থাকে:
- (চ) যথন যুদ্ধ ঘোষণার ফলে, শত্রু তাহার রাজ্যের বিজ্ঞোহী ও আট্রিকগণকে বশে রাধিতে পারিবে না কিংবা তাহাদের সহিত যুদ্ধে বাাপুত হইবে, এইরূপ সম্ভাবনা থাকে;
- (ছ) যথন 'বিজিগীযু' যুদ্ধ বোষণা না করিলে উাহার কোন মিত্র রাজ্য আক্রমণ করিয়া শক্র অল্প সময়ের মধ্যে প্রভূত ধন লাভ করিবে, এইরূপ আশক্ষা থাকে;
- (জ) যথন 'বিজিগীযু' পাশ্ববর্ত্তী হওয়া সত্ত্বেও তাঁহার শক্তি উপেক্ষা করিয়া শক্ত অকুতোভয়ে সহজে প্রাপ্য অন্ত শক্তর এক উর্বর রাজ্যের দিকে সমস্ত সৈন্তের সহিত যাত্রা করে।

সন্ধায়াসন অবলম্বনের উপযোগী অবস্থা

কোন কোন অবস্থায় 'সন্ধান্নাদন' অবশন্ত্বন করিতে হইবে, দে কথা কৌটিশ্য অতি সংক্ষেপে বর্ণনা করিন্নাছেন। তিনি বলিন্নাছেন যে, যথন 'বিগৃহ্যাদনের' প্রয়োগ দ্বারা প্রতিকৃল ফল পাওয়া যায়, তথন 'সন্ধান্নাদন' অবলগন করা উচিত।

বিগৃহ্যান ও সন্ধায়যান অবলম্বনের উপযোগী অবস্থা

- (১) 'বিগৃহাসনের' ফলে লব্ধসামর্থ্য রাজার 'বিগৃহাধান' অবলম্বন করা কর্ম্মণা। কিন্ত কোন শক্তিশালী রাজা যদি তাঁহার সমস্ত বলের সহিত শক্রর সন্মুখীন হইতে প্রস্তুত থাকেন, তাঁহার বিরুদ্ধে 'বিগৃহাধান' সমীচীন নহে। সেন্তলে 'বিগৃহাসন' করিতে হইবে, ইহা পুর্বেই বলা হইরাছে।
 - (২) নিম্নলিধিত অবস্থায় 'বিগৃহ্যান' অবলম্বন করা উচিত,—
 - (ক) বদি শত্রু বাসনগ্রস্ত হয়;

٠.

(থ) যদি শক্রর বাসন এরপ হয় যে, যে-সকল ব্লুজ্ঞাঙ্গ বাসনগ্রস্ত হইন্নাছে, তাহাদিগকে অবশিষ্ট স্পন্থ অঙ্গগুলির সাহায্যেও কার্য্যক্ষম করা তুরাহ হইবে;

- (গ) যদি শব্দের প্রজাগণ তাহাদের রাজার দৈগ্রগণ কর্ত্বক নিপীড়িত হইয়া অসম্ভষ্ট ও হীন অবস্থায় পতিত হয় এবং এইরূপ নিরাশ ঐক্যহীন অবস্থায় প্রলোভন দেধাইলে তাহাদের রাজার বিরুদ্ধে দণ্ডায়মান হইবার জন্ম ইচ্চুক থাকে;
- (ব) যদি অগ্নি, জলপ্লাবন, ব্যাধি, মড়ক ও চুর্ভিক্ষে শক্রুর রাজ্য আত্মরক্ষায় অক্ষম হয় এবং ভারবাহী পশু ও শিল্পীর অভাবে বিপদগ্রস্ত হয়।
- ত । বঞ্চন কোন রাজা দেখেন যে, তাঁহার 'মিত্র' ও 'আক্রন্দে'র প্রজাগণ বিশ্বাসী, সাহসী ও সমৃদ্ধ; কিন্তু 'অরি' এবং 'পার্ফিগ্রাহ' ও 'পার্ফিগ্রাহাসারে'র প্রজাগণের অবস্থা উহার বিপরীত এবং তিনি 'মিত্র'ও 'পার্ফিগ্রাহাসারে'র মধ্যে বিরোধ বাধাইয়া অথবা প্রয়োজন হইলে, 'আক্রন্দ', ও 'পার্ফিগ্রাহের' মধ্যে 'বিগ্রহ' ঘটাইয়া শক্রর বিরুদ্ধে 'বিগৃহ্যান' হালখন করিতে পারেন, তথন তাহার তাহাই করা উচিত।
- ৪। বধন কোন রাজার পক্ষে 'পার্ষিগ্রাহ' ও 'পাকিগ্রাহাসারে'র বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার পর
 ভাষা সময়ের মধ্যে অন্ত এক শত্রুর বিরুদ্ধে অভিধান করিয়া জয়লাভ করা এবং তাহার
 পরে 'পার্ষিগ্রাহ' ও 'পার্ষিগ্রাহাসারে'র সহিত যুদ্ধ করিতে আসা সম্ভব হয়, তথন 'বিগৃহ্যধান'
 ভাষান করা কর্ত্তব্য।

ইহার বিপরীত অবস্থায় ঐ রাজার 'সন্ধায়যান' অবশ্বন করা উচিত।^{১৯}

শক্তিবর্গের সম্ভূয়যান

যথন কোন রাজা দেখেন যে, একাকী শক্রুর সহিত যুদ্ধ করা সম্ভবপর নহে, অথচ যুদ্ধ ভিন্ন উপায়ান্তর নাই, তথন তাঁহাকে এক বা অধিক শক্তির সহিত নুমলিত হইয়া শক্রুর সম্মুখীন হইতে হয়। এই শক্তিসমূহ তাঁহার নিজের সহিত তুলনার সম, অধিক বা কম বলসম্পন্ন হইতে পারে। নিম্নলিখিত অবস্থায় ঐ শক্তিসমূহ তাঁহার অপক্ষে যুদ্ধ করিতে রাজী হইয়া থাকে।—

(১) যথন বিজ্ঞারে সম্ভাবনা খুব বেণী এবং প্রত্যাশিত যুদ্ধণক দ্রব্যাদির একটা নির্দিষ্ট অংশ তাহাদের জন্ম থাকিবে;

২৯ উপরে আলোচিত বিবয়গুলির জন্ম কোটিলা, ৭০০ জন্তব্য। কামলক নিম্নলিধিত শুণ-সমবারের কথাও ' উল্লেখ করিবাছেন; বথা, (ক) প্রসঙ্গাদন, (গ) উপেক্ষাদন, (গ) প্রসঙ্গবান, (গ) উপেক্ষাঘান, (ও) সন্ত্রাদন এবং (চ) সভ্যবান। এই শুণসমূহ ও তাহাদের তারতম্য তত শুরুতর নহে; স্তরাং বিস্তৃত ভাবে আলোচনা করিবার আবশ্যক নাই (কা. ১১০০-২০; ১৮-২২ জ্পষ্টবা)।

- (২) অপ্রত্যাশিত যুদ্ধগন্ধ দ্রব্যাদির একটা অংশ তাহারা পাইবে, কিন্ত তাহার অংশ প্রথম ইহতে নির্দিষ্ট থাকিবে না।
- (৩) সাহায্যকারী শক্তি বা শক্তিবর্গের বিপদের সময় রাজা তাহাদের পক্ষে ধোগদান করিবেন বলিয়া প্রতিশ্রুতি দেন।

যথন কোন শক্তি যোগ দিতে অস্থীকার করে, তথন তাহাকে কতক দৈন্য ধার দিতে অমুরোধ করা হয় ও কথা থাকে যে, তজ্জন্য জয়লন দ্রব্যের কিছু অংশ সেই শক্তি প্রহণ করিবে। এই সকল স্থলে কে কি পরিমাণে দৈন্য যোগাইগছেন, কতথানি শ্রম করিয়াছেন, অথবা কি পরিমাণ ক্ষতি ও অর্থবায় সহা করিয়াছেন, তাহা হইতেই প্রত্যেকের লন্ধ দ্রব্যের ভাগ নির্ণাত হয়। ইহা ব্যতীত প্রত্যেক শক্তিকে তাহার নিজ বাহুবলে প্রাপ্ত অংশ গ্রহণ করিবারও অধিকার দেওয়া যাইতে পারে। ত

সম্ভূয়থানের প্রকৃতি

একজন অধিকতর শক্তিশালী রাজা অপেকা সমশক্তিনম্পন্ন ত্ইজন রাজার সহিত মিলিত হওয়া ভাল বলিয়া উপদেশ দেওয়া ইইয়াছে; কারণ, অধিকতর শক্তিশালী রাজার সহিত মিলিত হইলে, স্বাধীনভাবে কাজ করিবার ক্ষমতা কমিয়া যায়। তারপর, যুদ্ধে লক্ষ দেবের ভাগ লইয়া যদি সমবল সাহায়্যকারীয়া মনে করে যে, তাহারা ঠিকিয়া যাইতেছে এবং যদি সেই জন্ম বিবাদের কারণ ঘটে, তবে রাজার পক্ষে তাহাদিগকে বাধা দেওয়া সন্তব হইতে পারে। সমবল তুই শক্তির মধ্যে কেহ যদি বিশ্বাস্থাতকতা করে, তাহা হইলে তাহাকে অপরের সাহায়্য লইয়া অপেবা তাহার রাজ্যের অসম্ভই লোকদিগকে উভেজিত করিয়া দমনকরা সহজ ইইতে পারে। সমশক্তি-সম্পন্ন রাজা অপেকা তুইজন কম শক্তি-সম্পন্ন রাজার সহিত মিলিত হওয়া ভাল; কারণ, তাহারা বাধ্য থাকে ও তাহাদের শ্বায়া ইচ্ছামত বিভিন্ন কাজ করান যায়।

মিলিত হইবার জন্ম আছুত রাজার কর্ত্তব্য

পাহায্য প্রদানে ইচ্ছুক সৎ রাজার সহিত মিশিত হইবার চেষ্টা করা উচিত। ১ বদি কোন রাজা মিশিত হইবার জন্ম আহুত হইয়া যোগদান করিতে রাজী হন, তাহা হইলে, যুদ্ধে বিজয়ণাভ

७० कोहिना, १,८, १ २१८।

७) व्होरिया १/८, शृ २०१, २१४।

করিবার পর, বিজয়ণক দ্রবাদির ভাগ সহক্ষে তাঁহার নিয়নিথিত কথাগুলি মনে রাথা দরকার । বে রাজা তাঁহাকে সাহাযার্থ ডাকিয়াছেন, তিনি যদি অধিকতর বলশালী হন এবং আহত রাজার প্রতি অবিচার করিবার ইচ্ছা করেন, ভাহা ইইলে, সেই রাজা বিজিত দ্রবার অংশ পাওয়ার জত্ত অবেচার করিবার ইচ্ছা করেন, ভাহা ইইলে, সেই রাজা বিজিত দ্রবার অংশ পাওয়ার জত্ত অবেকা না করিরা চিনিয়া আদিবেন; আহবানকারী রাজা যদি উাহার আচরণে জায়পরায়ণ হন, তাহা হইলে আহত রাজার পক্ষে নিজ অংশ লাভের নিমিত্ত শেষ অবধি অপেকা করা অসমীচীন হইবে না। যুক্ষ-বাাপারে রাজকার্বাতা লাভের পরে বিজয়ীর পক্ষে অহজারী হওয়া বিচিত্র নর। নবলক ক্ষমতা বিজয়ীকে উদ্ধত করিয়া তুলে, তাহার কলে তিনি সমশক্তি-সম্পান সাহাব্যকারী রাজগণের প্রতি স্ববিচার না করিতে পারেন। স্বতরাং কোন কম শক্তিশালী রাজা অংশ-লাভ বিবরে মনে মনে অসম্ভর্ম থাকিলেও, অর্থাৎ বাহা পাইবার কথা ছিল, তাহা নোটে না পাইলে কিংবা তাহা অপেকা কম পাইলে, অধিক শক্তিশালী রাজার নিকট মৌধিক সম্ভোষ প্রকাশ করিয়া চলিয়া আদিবেম। পরে এমন স্থবিধা আদিতে পারে যে, বর্জমান ক্ষেত্রে তাহার প্রাপ্তা না পাওয়ার দর্কণই তিনি ভবিষতে ক্ষতিপূর্শ স্বরূপ উহার বিগুণ পাইতে পারেন। তার ক্রিট হন, তবে অবস্থায় কুলাইলে, তিনি উপস্কুক্ত সময়ে নিয়লিথিত উপারসম্যূহের একটি বা অধিক অবলম্বন করিতে পারেন,—

- (5) अकान युक्त (निर्मिष्ठ नमदश ও शान नम्यूथ-युक्त);
- (২) কৃষ্টমুদ্ধ (শক্রর ভন্ন উৎপাদন, সবলে তুর্গ আক্রমণ, অসতর্ক মুহূর্ত্তে অথবা বিপৎকালে আক্রমণ এবং প্রবঞ্চনামন্ত্র সমন্ত্র-কৌশল);
 - ্ব (৩) ভূক্ষীংযুদ্ধ (গুপ্ত উপায় ও শুপ্ততর বারা ক্ষতিকর কার্য্যাবলীর অমুষ্ঠান)। 🖜

শে রাজা কার্য্যসিদ্ধির জন্ম অপর রাজানিগকে আহ্বান করিয়া 'সভ্য়ন্ত্বান' করেন, তাঁহার পক্ষে কোটিশ্যের উপলেশ এই যে, আহ্নত রাজানিগের প্রতি তিনি ভক্ষ ও ন্থার আচরণ করিবেন এবং কার্য্যশেষে প্রত্যেককে তাঁহার প্রাণ্য ব্যাইয়া নিবেন। দরকার হইলে, নিজের অংশের কিছু পরিবাণ ভ্যাগ করাও তাঁহার পক্ষে ভাল। এইরূপে তিনি মণ্ডলন্থ অক্সান্থ সংভ্যের সহাত্মভূতি ও প্রদান আকর্ষণ করিতে সমর্থ হইবেন।

শ্রীনরেক্সনাথ লাহা

प्र त्वीविंगा, नाव, भू रनमा

७७ (कोडिना, ११७, १९ २४०, २४०।

জীবনী-পঞ্জী

বঙ্গাব্দ

- ১২৬০ ২২এ অঞ্জাহায়ণ, মঙ্গলবার, ষষ্ঠা, (খ্রীঃ ১৮৫০, ৬ই ডিসেম্বর)—জন্ম। •
- ১২৬৭ —পিতার মৃত্যু।

প্রীষ্টাব্দ

- ১৮৭১—প্রথম বিভাগে এণ্ট্রাষ্প, ১৮৭৩—১ম বিভাগে এফ্ এ, ১৮৭৬—মন্তম স্থান অধিকার পূর্বাক বি এ ও ১৮৭৭—এম্ এ পরীক্ষায় উদ্ভীর্ণ হন।
- ১৮৭৮—ফেব্রুয়ারী মাসে কলিকাতার হেয়ার স্কুলে হেড পণ্ডিত নিযুক্ত হন। এই বৎসরে সেপ্টেম্বর মাস হইতে ১৮৭৯ অক্টোবর মাস পর্যাস্ত লক্ষ্ণৌ ক্যানিং কলেজের সংস্কৃত-অধ্যাপক হন।
- ১৮৮০—নৈহাটী মিউনিসিপালিটির কমিশনার মনোনীত হন। ইহার কিছুদিন পরে ভাইস-চেয়ারম্যান ও তৎপরে চেয়ারম্যান মনোনীত হন।
- ১৮৮৩ —জামুরারী মাদে কলিকাতা দংস্কৃত কলেজে অধ্যাপক নিযুক্ত হন। এই বৎদরে দেপ্টেম্বর মাদে বন্ধীয় রাজ্যরকারের অন্তবাদ-বিভাগে সহকারী অন্তবাদক নিযুক্ত হন।
- ১৮৮৪—নৈহাটী বেঞ্চের অবৈতনিক ম্যাজিষ্টেট এবং পরে এই বেঞ্চের সভাপতি হন।
- ১৮৮৫—এশিরাটিক সোদাইটির সাধারণ সভ্য নির্বাচিত হন। এবং ক্নষ্টি, ইতিহাস ও ভাষাতত্ত্ব-সমিতির সভ্য ও পরে উহার সম্পাদক মনোনীত হন। সঙ্গে সঙ্গে Bibliotheca
 - ·· Indica-র কার্য্যভার গ্রহণপূর্ব্বক বাইশ বৎসর কাল এই কার্য্য পরিচালনা করেন।
- ১৮৮৬—বেঙ্গল লাইত্রেরীর গ্রন্থাক্ষ হন। খ্রীঃ ১৮৯৪ পর্যাস্ত তিনি এই পদে নিযুক্ত ছিলেন।
- >৮৮৮—সেন্ট্রাল টেক্সট বুক্ কমিটির সভ্য ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফেলো নির্বাচিত হন (আজীবন বিশ্ববিদ্যালয়ের ফেলো ছিলেন)।
- ১৮৯১—জুলাই মাদে ভাক্তার রাজেব্রুলাল মিত্রের মৃত্যু হইলে, এশিয়াটিক সোদাইটির পুথি-সংগ্রহ-কার্য্যের প্রধান পরিচালক হন।
- ১৮৯৪—ফেব্রুয়ারী মাসে প্রেশিডেন্সী কলেজে সংস্কৃতের প্রধান অধ্যাপক নিযুক্ত হন।
- ১৮৯৫-Buddhist Text and Research Society-র সম্পাদক নিযুক্ত হন।
- ১৮৯৬—(বঙ্গাব্দ ১৩০৩) বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্য নির্বাচিত হন।

- ১৮৯৭ প্রথমবার নেপাল গমন করেন। এই বৎসরে (১৩০৪ বন্ধারু) তিনি বন্ধীয়-সাহিত্য-পরিষদের সহকারী সভাপতি নির্বাচিত হন। এবং এই পদে তিনি ১৩০৫, ১৩০৬, ১৩০৭, ১৩০৮, ১৩০৯, এবং ১৩১৮, ১৩১৯, ১৩২০, ১৩২৪, ১৩২৫, ১৩৩১, ১৩৩৭ ও ১৩০৮ মোট ১৩ বৎসর কাল নির্বাচিত হইয়াছিলেন।
- ১৮৯৮—'মহামহোপাধায়' উপাধি-প্রাপ্তি।
- ১৮৯৮-৯৯ দিতীয়বার নেপাল গমন করেন।
- ১৯০০—ডিসেম্বর মাসে সংস্কৃত কলেজের অধ্যক্ষ ও বাঙ্গালা দেশে সংস্কৃত পরীক্ষার রেজিষ্টার হন।
- ১৯০৩—বোধগয়া-মন্দিরের বিবরণ শিপিবদ্ধ করার জন্ম গভ•িচেশ্ট যে কমিশন নিয়োগ করেন, পরশোকগত সারদাচরণ মিত্রের সহযোগে তিনি সেই কমিশনের সভ্য নিযুক্ত হন।
- ১৯০৪—এশিয়াটিক সোদাইটির পক্ষ হইতে তিনি ব্যাল এশিয়াটিক সোদাইটির বোম্বাই-শাখার শতবার্ষিক-উৎসবে যোগদান করেন।
- ১৯০৬—এশিয়াটিক সোদাইটির আজীবন সহকারী সভাপতি নির্ব্বাচিত হন।
- ১৯০৭—তৃতীয়বার নেপাল গমন করেন।
- ১৯০৮—নভেম্বর মাসে সংস্কৃত কলেজ হইতে অবসর গ্রহণ করেন। বলীয়-সাহিত্য-পরিষদের
 বিশিষ্ট সভ্য (১৩১৫ বঙ্গান্ধ) নির্বাচিত হন। গভর্গমেন্টের অমুরোধে অক্সফোর্ডের
 সংস্কৃত অধ্যাপক ম্যাক্ডোনেল সাহেবের সহিত উত্তর ও মধ্য ভারত পরিভ্রমণ করেন।
 এবং ম্যাক্সমূলার স্বৃতি-ভবনের জন্ম কতকগুলি হুম্প্রাপ্য বৈদিক পুথি সংগ্রহ করেন।
 এই বৎসরেই তাঁহার পত্নী-বিয়োগ হয়।
- >>>> সভর্গমেন্টের কাছ হইতে 'সি আই ই' উপাধি প্রাপ্ত হন। সিমলায় প্রাচ্যবিদ্যাবিদ্যাণের যে সন্মিলনী হয়, তাহার সদস্ত মনোনীত হন। এই বৎসরেই শাস্ত্রী মহাশয়ের কনিষ্ঠ দ্রাতা মেম্বনাদ ভট্টাচার্য্য (জয়পুর কলেজের সহকারী অধ্যক্ষ) পরলোকগমন করেন।
- ১৯১৩—(বন্ধান্ধ ১৩২০) বন্ধীয়-দাহিত্য-পরিষদের সভাপতি নির্ব্বাচিত হন। এই পদে তিনি (১৩২১, ১৩২২, ১৩২৬, ১৩২৮, ১৩২৮, ১৩২৯, ১৩৩০, ১৩৩৪, ১৩৩৫ ও ১৩৩৬) আরও বার বৎসব নির্ব্বাচিত হন। এই বৎসরেই ক্রিকাতায় বন্ধীয়-দাহিত্য-দামানের সপ্তম অধিবেশনে তিনি অভার্থনা-সমিতির সভাপতি নির্ব্বাচিত হন।

- >>>৪—(বন্ধান ১৩২১) বৰ্দ্ধানে বন্ধান-সাহিত্য-সন্মিশনের অন্তম অধিবেশনে মূল ও সাহিত্য-শাধার সভাপতি নির্বাচিত হন।
- . >>>৮—(বঙ্গান্ধ ১৩২৪) মেদিনীপুর-সাহিত্য-সন্মিলনে (মেদিনীপুর শাখা-প্রিষদের বার্ষিক অধিবেশনে) সভাপতি হন।
 - ১৯১৯-২০ ১৯২০-২১ ১৯২০-২১
- ১৯২০-- (বন্ধান ১০২৬, ৪ঠা মাদ) হেতমপুরে অমুষ্ঠিত বীরভূম সাহিত্য-সন্মিন্দনে মন্ত্রাপাতি হন।
- ১৯২১—ররেল এশিরাটিক সোসাইটির বিশিষ্ট সদস্ত হন। এই বৎসরেই ১৮ই জুন হইতে (১৯২৪ খ্রীষ্টাব্দের ৩০এ জুন পর্য্যস্ত) তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও বাঙ্গাসা বিভাগের প্রধান অধ্যাপক নিযুক্ত হন।
- ১৯২২—চতুর্থবার নেপাল-যাত্রা। (বঙ্গান্ধ ১৩২৯) বঙ্গীয়-সাহিত্য-পরিষদে তাঁহার সংবন্ধনা হয়
 এবং এই বৎসত্ত্বেই তিনি কলিকাতা মহানগরীতে আহতে ভারত-হিন্দু-সভার সভাপতি
 নির্মাচিত হন।
- ১৯২৪—(বন্ধান্ধ ১৩৩১) রাধানগরে বন্ধীর-সাহিত্য-সন্মিননের পঞ্চদশ অধিবেশনের মূল সঞ্জাপতি
 নির্বাচিত হন। এই বৎসরে সংস্কৃত কলেজের শতবার্ষিক উৎসব উপলক্ষে বান্ধানার
 গভর্ণর লউ নিটন বাহাত্বর কর্ত্তক সংস্কৃত কলেজে শাস্ত্রী মহাশয়ের তৈলচিত্র-প্রতিষ্ঠা হয়।
- ১৯২৭—ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে তিনি সম্মান-স্কুচক 'ডি লিট' উপাধি প্রাপ্ত হন।
- ১৯২৮ লাহোরে অমুষ্ঠিত 'ওরিমেণ্টাল কনফারেজ'-এর সভাপতি নির্বাচিত হন।
- >>০─ বৃহস্তর ভারত্বপরিষদের সভাপতি নির্বাচিত হইয়া তিনি মৃত্যুকাল পর্যাস্ত এই পদে
 অধিষ্ঠিত থাকেন।
- ১৯৩১—(১৫০৮, ১৪ই তাদ্র) তাঁহার পঞ্চনগুতিতম বর্ম উপলক্ষে বন্ধীয়-নাহিত্য-পরিষদের পক্ষ হইতে হরপ্রদাদ-বদ্ধাপন-সমিতি কর্তৃক লেখমালার মুদ্রিত প্রথম গ্রাপ্ত ও অমুদ্রিত দ্বিতীয় থণ্ডের প্রবন্ধাবলী সমর্পণ ও তত্বপলক্ষে তাঁহার বাটীতে বন্ধু-সন্মিলন হয়। এবং (বন্ধান্ধ ১০০৮, ২রা দ্বৈর্চি) 'রবীন্দ্র-জ্বয়স্তী' উদ্বোধন-সম্ভাব্ধ সম্ভাপতিক্রপে এই অফুর্চানের স্কুচনা ক্ররেন।
- ১৯৩১—১৭ই নভেম্বর (১৩৩৮ বজাব্দ ১লা অগ্রহারণ) মঙ্গলরার, রাত্তি ১১টার সময়
 ভিনি প্রলোকগমন করেন।

লেখ-পঞ্জী

বাঙ্গালা গ্ৰন্থ

- ১। ভারত মহিলা (২য় সংস্করণ, ১২৮৯)
- २। बाब्बीकित क्य (১२৮৮)
- ত। মেঘদুত (১৩০৯)
- ৪৷ কাঞ্চনমালা (১৩২২)
- ৫) বেশের মেয়ে (১৩২৬)
- ৬। উনবিংশ শতাব্দীর বাঙ্গালা সাহিত্য

বিদ্যালয়-পাঠ্য গ্রন্থ

- ১) প্রসাদ-পাঠ (১ম ও ২য় ভাগ)
- ২। ভারতবর্ষের ইতিহাস

বাঙ্গালা পুস্তিকা

- ১। কলিকাতা মহানগরীতে আহত ভারত-হিন্দ্-সভার প্রথম মহাধিবেশনে সভাপতি
 মহোদয়ের সম্বোধন। ডক্টর শ্রীযুক্ত নরেক্সনাথ লাহা মহাশর কর্ভৃক ইহা ইংরেজীতে
 অনুদিত হয় (১৯২৩)।
- ২। অধিন ভারতীয় সংস্কৃত মহাসমোলনে (মথুরার অধিনেশনে) সম্প্রপত্তির প্রভিতাবণ

ইংরেজী গ্রন্থ ও পুস্তিকা

-) History of India.
- Nalavikagnimitra (1907).
- Vernacular Literature of Bengal before the Introduction of English Education (1891).
- 8 | Bird's Eye view of Sanskrit Literature (1917).
- e | Discovery of Living Buddhism in Bengal (1897).
- | The Study of Sanskrit.

- 1 The Educative Influence of Sanskrit (1916).
- Magadhan Literature (1923).
- a | Lokayata (1925).
- 30 | Absorption of the Vratyas (1926).
- Sanskrit Culture in Modern India (Presidential Address, 5th Oriental Conference, Lahore, 1928).

সম্পাদিত বাঙ্গলা গ্রন্থ

- ১। जीधर्म्मम्बन (১৩১२)
- ২। বৌদ্ধগান ও দোঁহা (১৩২৩)
- ৩। কাশীরাম দাদের মহাভারত, আদিপর্ব্ব (১৩২৫)

সম্পাদিত মৈথিলী গ্ৰন্থ

১। বিদ্যাপতি প্রণীত কীর্ত্তিলতা (১০০১)

সম্পাদিত সংস্কৃত ও বৌদ্ধ গ্রন্থ

- ১ ৷ বৃহদ ধর্ম্মপুরাণ (১৮৮৮-১৮৯৭)
- ২। বৃহৎ স্বয়ম্ভূপুরাণ (১৮৯৪-১৯০০)
- ৩। সন্ধ্যাকর নন্দীর রাম-চরিত (১৯১০)
- ৪। ু আর্য্যাদেবের চতুঃশতিকা (১৯১৪)
- আনন্দভট্টকৃত বল্লাল-চরিত (১৯০৪)
- ৬। ছয়খানি বৌদ্ধ স্থায়ের পুথি (১৯১০)
- ৭। অশ্বঘোষের দৌন্দরনন্দ কাব্য (এ)
- ৮। শৈনিক শাস্ত্র (ঐ)

বিবরণ-সম্বলিত পুথির তালিকা

- 5 | Catalogue of Palm-leaf and Selected Paper Mss. belonging to the Darbar Library, Nepal vol. I (1905).
- vol. II (1905)

• 1. A Descriptive Catalogue of Sanskrit Manuscripts in the Government Collection under the care of the Asiatic Society of Bengal

vol. I-Buddhist Manuscripts (1917)

- 8) vol. II—Vedic Manuscripts (1923)
- vol. III—Smriti Manuscripts (1925)
- vol. IV—History & Geography (1923)
- A Descriptive Catalogue of Sanskrit Manuscripts in the Collections of the Asiatic Society of Bengal

vol. V.—Purana Manuscripts (1928)

vol. VI—Vyakarana Manuscripts (1931)

সংস্কৃত পুথি-অনুসন্ধান সম্বন্ধীয় বিবরণ

- > 1 Report on the Search of Sanskrit Manuscripts (1895-1900)
- र। र्क (1901-1902 to 1905-1906)
- (1906-1907 to 1910-1911)

বঙ্গদর্শন

১২৮২ সাল হইতে ১২৮৮ সাল পর্য্যস্ত বঙ্গদর্শনে নিম্নলিখিত প্রবন্ধগুলি বাহির হয়,—

- ১। আমাদের গৌরবের ছই সময় (ছইটি প্রবন্ধ)
- ২। ব্রাহ্মণ ও শ্রমণ
- ০। শঙ্করাচার্য্য কি ছিলেন ?
- ৪। বেদ ও বেদব্যাখ্যা
- কালিদাস ও সেক্ষপীয়ার
- ৬। বাঙ্গালা ভাষা
- ৭। সমাজের পরিবর্ত কয় রূপ ?
- ৮। একজন বাজালী গবর্ণরের অভুত বীরত্ব
- 🏖। বন্দীয় যুবক ও তিন কবি
- ३०। मध्या जीवत्नत्र जिल्लश्च

হরপ্রসাদ-সংবর্জন-লেখমালা

- >> | 四朝四日
- ১২। তৈল
- ১০। ইাধীন বাণিজ্য ও রক্ষা-কর
- ১৪। খাজনা কেন দেই ?
- Se I निका
- ১৬। क्रमंत्र-উদাস
- **२१। कालंबी निका**
- ১৮। নৃতন খাজনার আইন সম্বন্ধে কলিকাতা রিবিউএর মত
- ১৯। ভট্টাচার্য্য-বিদার প্রণালী
- ২০। বর্ত্তমান শতাব্দীর বাব্দালা সাহিত্য
- ২১। নুতন কথা গড়া
- ২২। সাবেক "মহুষাত্ব" ও হালের "সহিন করা"
- ২০। বাঞ্চালা ভাষার পরিণতি
- √২৪। কালিদাসের রঘুবংশ
 - ২৫। স্বায়ন্ত শাসন

এই প্রবন্ধগুলি ব্যতীত ভারত মহিলা, বাল্মিকীয় জয় ও কাঞ্চনমালা গ্রন্থ তিনখানি পর্যায়ক্রমে চতুর্থ, সপ্তম ও নবম বর্ষের (১২৮৯ বঙ্গান্ধ) বঙ্গদর্শনে ধারাবাহিক ভাবে বাহির হয়। মেবদূত্ত বঙ্গদর্শনে প্রকাশিত হইয়াছিল।

বিভা

১২৯৪ সালের বিভায় নিম্নলিখিত তিনটি প্রাবন্ধ বাহির হুইরাছিল,

- ১। মুদলমানী বালালা (শুরু উল্লালবিবির কেচছা)
- ২। ভারতের লুপ্ত রক্ষোন্ধার (বোধিসভাবদান কর্মশতা)
- ৩। কুশীনগর

: .

আর্যাদর্শন

- >। योवत मन्नामी
- ২। প্রকৃত প্রণয় ও বিবাহ

কল্পনা

- ১২৮৭ সালে কল্পনাতে শাস্ত্রীমহাশয়ের নিম্মলিথিত লেখা ছুইটি বাহির হয়,
 - ১। মোহিনী (খণ্ডকাব্য)
 - २। जी-विश्वव

সাহিত্য

- ১৩০০ সাল হইতে ১৩২৬ সাল পর্য্যস্ত সাহিত্যে নিম্নলিখিত ছুইটি প্রবন্ধ বাহির হয়,
 - ১। কবি ক্লফরাম
 - ২। রামেন্দ্র বাবু

মানসী, এবং মানসী ও মর্ম্মবাণী

- ১। কলিকাতা-সাহিত্য-সন্মিলনের অভার্থনা-সমিতির সভাপতির অভিভাষণ
- ২। ঐ অভিভাষণের পরিশিষ্ট
- ৩। অর্দ্ধেন্দু-কথা
- ৪। বঙ্গীয়-সাহিত্য-পরিষদে শোক-সভা
- ৫। রাধানগর সাহিত্য-সন্মিলনে সভাপতির অভিভাষণ

প্রবাদী

১৩২২ সাল হইতে ১৩৩৬ সাল পর্য্যস্ত নিম্নলিখিত প্রবন্ধগুলি প্রকাশিত হইয়াছিল,

- ১। কাস্তকবি রজনীকান্ত
- ২। লাইব্রেরী
- ৩। বাঙ্গালা ভাষা ও সাহিত্যের গতি
- 8। বাঙ্গালার প্রাচীন গৌরব
- ৫। হিন্দুর মুখে আরঞ্জেবের কথা
- 🗸 ७। কালিদাসের অভিধান

মাসিক বস্থমতী

- ১৩২৯ সাল হইতে ১৩৩৮ সাল পর্যান্ত মাসিক বস্ত্রমতীতে নিম্নলিখিত প্রবন্ধগুলি বাহির হয়,
 - 🗸 ১। নাট্টকলা
 - २। विक्रमहत्त्व (इर्रेंग्रि व्यवका)

হরপ্রসাদ-সংবর্জন-লেখমালা

- 210
- । বালালা সাহিত্যে চিত্তরকন
- 🗸 🛭 । কামন্দকীয় নীতিসার (আলোচনা)
 - ে। গুরুদাস-শ্বৃতি (হুইটি প্রবন্ধ)
 - ৬। "এদ এদ বঁধু এদ আধ আঁচরে বদ"
- 🖊 । ভবভূতি (হুইটি প্রবন্ধ)
 - ৮। মহামহোপাধ্যার মহাকবি মুরারদান

বার্ষিক বস্থমতী

- ১। পাঁচ ছেলের গল
- হ। বানোগী টিকা (ভ্রমণ)

আগমনী

১। বামুনের তুর্গোৎসব

পঞ্চপুচ্প

১০০৬ সাল হইতে ১০০১ সাল পর্যান্ত পঞ্চপুষ্পে নিম্নলিখিত প্রবন্ধগুলি বাহির হয়,—

- 🗸 ১। ভারতের নাট্টশান্ত
- ✓ ২। ভরতমলিক
 - 0। সিংহল-দ্বীপ

় রংপুর-সাহিত্য-পরিষৎ-পত্রিকা

্ ১ । রঙ্গপুর-সাহিত্য-পরিষদের চিত্রশালার দ্বারোদ্যাটন উপলক্ষে স**ভাপতির অভিভাষণ**

ভারতী

১। স্বর্গীর অক্ষয়চন্দ্র সরকার

নাচঘর

১। অর্দ্ধেন্দু-স্বতি

হ্ববৰ্বিণিক সমাচার

- >। সাহিত্য-সংবাদ (*৬* দেবেন্দ্রবিজ্যু বস্থর কথা)
- ২ ৷ ৺অধ্রলাল সেন

নব্যভারত

>। কলিকাতা ছইশত বৎসর পূর্ব্বে

শাহিত্য-পরিষৎ-পত্রিকা

বন্দীয়-সাহিত্য-পরিষৎ পত্রিকায় ১৩০৪ বন্ধান্ধ হইতে ১৩৩৮ বন্ধান্ধ পর্য্যন্ত প্রকাশিত প্রবন্ধাবলীর তালিকা,—

- ১। কাঁটোয়ার নিকট প্রাপ্ত জৈন-পিত্তল-ফলক
- ২। রমাই পণ্ডিতের ধর্মমঞ্চল,
- 🗸 । ধোয়ী কবির পবন-দুত
 - ৪। বাঙ্গালা ব্যাকরণ
 - ে। বৌদ্ধ ঘণ্টা ও ভাম-মুকুট
 - ৬। বন্দীয়-সাহিত্য-পরিষদের সভাপতির অভিভাষণ
 - ৭। সাহিত্য-সন্মিলনের অষ্টম অধিবেশনের সভাপতির সম্বোধন
 - ৮। হিন্দুর মুথে আওরক্তেবের কথা
 - সাহিত্য-সন্মিলনের অষ্ট্রম অধিবেশনের সাহিত্য-শাধার সভাপতি সংখ্যাধন
 - ১০) সম্বোধন
 - ১১। সম্বোধন
 - ১২। চঞ্জীদাস
 - ১৩। বাঙ্গালার পুরাণ অক্ষর
 - ১৪। ব্ৰহ্মা প্ৰবন্ধ সম্বন্ধে আলোচনা
 - ७६। यशापव
 - ১৬। সভাপতির অভিভাষণ (২৮শ বার্ষিক)
 - २१। हजीमान
 - ১৮। পারীচাঁদ মিশ্র
 - ১৯। হিন্দু ও বৌদ্ধে তফাৎ
 - ২০। আমাদের ইতিহাস
 - ২১। বৃদ্ধদেব কোন ভাষায় বক্তৃতা করিতেন 🕈
 - ২২। ৺ রাম যতীক্রনাথ চৌধুরী

21-2

হরপ্রসাদ-সংবর্জন-লেখমালা

- ২৩। সভাপাতর আন্তভাষণ
- ২৪। বাঙ্গালার বৌদ্ধ সমাঞ্জ
- . ২৫। সভাপতির অভিভাষণ (৩৬শ বার্ষিক)
 - ২৬। চিরঞ্জীব শর্মা
 - ২৭। কাশীনাথ বিদ্যানিবাস
 - ২৮। রত্বাকরণান্তি
- 🗸 ২৯। বুহম্পতি রারমুকুট
- ৩০। বাণেশ্বর বিদ্যালস্কার
 - ৩১। রামমাণিক্য বিদ্যালকার

নারায়ণ

নারায়ণ পত্রিকার শাস্ত্রী মহাশরের কালিদাস সম্বন্ধে চব্বিশটি, বঙ্কিমচন্দ্র সম্বন্ধে তিনটি, অস্ত্রাস্থ্র প্রবন্ধ সাতটি, মোট ৩৪টি প্রবন্ধ বাহির হইয়াছিল। এগুলি ব্যতীত বৌদ্ধধর্ম সম্বন্ধে তাঁর সতেরোটি প্রবন্ধ প্রকাশিত হয়।

✓ (ক) · কালিদাস সম্বন্ধে—

- ১। কালিদাসের বসস্তবর্ণনা
- ২। ইরাবতী, মালবিকাগ্নিমিত্র
- ৩। পার্ববতীর প্রণয়
- ৪। উর্বশী-বিদায়
- ে ৫ । বিরহে পাগল
- ৬। কোমলে কঠোর
- ৭। কথের কোমল মূর্ত্তি
- ৮। করের কঠোর মূর্ত্তি
- ৯। শকুন্তলার মা
- ১০। হুম্মস্তের ভাঁড় মাধব্য
- ১১। ত্র্কাসার শাপ
- ১২। শকুস্তলার হিঁত্যানী
- ১৩। এক এক রাজার তিন তিন রাণী

- ১৪। অগ্নিমিত্রের ভাঁড
- ১৫। কুমারসম্ভব--সাত না সতেরো সর্গ ?
- 🗸 ১৬। রঘুবংশের গাঁথুনি
- ১৭। রঘুতে নারায়ণ
 - ১৮। রঘু আগে কি কুমার আগে ?
- ১৯। অজ-বিশাপ ও রতি-বিলাপ
 - ২০। রঘু-কাব্য বড় किদে १
 - २)। त्रयूरश्यत्र वानानीना
 - ২২। রামের ছেলেবেলা
 - ২৩। রঘুবংশে প্রেম
 - ২৪। রঘুবংশে প্রেম-বিরহ
- (থ) বঙ্কিমচন্দ্র সম্বন্ধে.---
 - ১। বঙ্কিমচক্র কাঁটালপাড়ায়
 - ২। বঙ্কিম বাবু ও উত্তরচরিত
 - ৩। বঙ্কিমচন্দ্র
- (গ) অন্তান্ত প্ৰবন্ধ,—
 - ১। রাধামাধবোদয় (তুইটি প্রাবন্ধ)
 - ২। তীর্থ-ভ্রমণ (ঐ)
 - ত। হুগীপুজা
 - ৪। মেদিনীপুর পরিষদে সভাপতির কথা
 - ৫। হুর্গোৎসবে নব-পত্রিকা
- ' (থ) বৌদ্ধধর্ম সম্বন্ধে---
 - ১। বৌদ্ধ কাহাকে বলে ও তাঁহার গুরু কে ?
 - ২। নির্ম্বাণ
 - ৩। নির্বাণ কয় রকম १
 - 8। কোথা হইতে আদিল (হুইটি প্ৰবন্ধ)
 - ে। হীনধান ও মহাধান
 - ৬। মহাযান কোথা হইতে আসিল ?

হরপ্রসাদ-সংবর্জন-লেখমালা

- ণ। সহজ্ঞধান
- ৮। বৌদ্ধর্মের অধংপাত
- >। বৌদ্ধর্ম কোথায় গেল ?
- ১০। এখনও একটু আছে
- ১১। উড়িয়ার জন্মলে
- ১২। জাতক ও অবদান
- २०। मनामनि
- ১৪। মহাসজ্যিক মত
- ১৫। থেরবাদ ও মহাসজ্বিক
- ১৬। মানুষ ও রাজা

বিজয়া

অষ্ট্রম বন্ধীয়-সাহিত্য-সন্মিলনের সভাপতির অভিভাষণ

প্রাচী

- ১। ডাক ও থনা
- . ২। বিদ্যাপতি
- ় ৩। ব্রান্ত; ৪। পালবংশের রাঞ্জত্বকালে বান্ধালার অবস্থা

নব্যুগ

১। কর্মটী তারিথ

লেখ-পঞ্জী

Journal of the Asiatic Society of Bengal

এশিরাটিক সোসাইটির জর্ণালে ১৮৯০ গ্রীঃ হইতে ১৯২৯ গ্রীঃ সর্যান্ত নিম্নলিখিত প্রবন্ধগুলি বাহির হয়,—

- The account of a Bengali Brahmin who obtained a high position in the Sinhalese Buddhist hierarchy in the 11th century A. D.
- Report account of an old gun recently dug up at False Point.
- o 1 A map of ancient Aryavarta presented by Nagendra Nath Vasu.
- 8 | Note on the banks of the Hughli in 1495.
- Ve 1 On a new find of old Nepalese manuscripts.
 - Reminiscences of sea voyage in ancient Bengali Literature.
 - All Note on an inscribed gun in the armoury of the Nawab of Murshidabad.
 - Ancient Bengali Literature under Muhammadan patronage.
 - Discovery of the remnants of Buddhism in Bengal.
- 30 | Buddhism in Bengal since the Muhammadan conquest.
- Sridharmamangal, a distant echo of the Lalita-Vistara.
- Note on Vishnupur circular cards.
- 30 | A second set of Vishnupur circular cards.
- 38 | The discovery of Vidhiviveka, a unique manuscript at Puri.
- se | Some ancient Burmese inscribed pottery.
- Notes on palm-leaf manuscripts in the library of H. E. the Maharaja of Nepal.
- X >91 The discovery of a work by Aryadeva in Sanskrit.
 - India in Lakshmana Sena's time from a rare manuscript written in his court.

হরপ্রসাদ-সংবর্দ্ধন-লেখমালা

- 266
- On a manuscript of the Astasāhasrikā Prajňāpāramitā written in Nālandā and discovered in Nepal.
- so [Scientific attainments of Pandit Vishnu Prasad Rajbhandari.
- 251 On a Turquoise Ganesa.
- (३२) On the manuscript of a work on the biography of one of the Pāla Kings of Magadha, Rāma Pāla (the Rāmacarita by Sandhyākara Nandi).
 - On a manuscript of Kulālikāmnāya, a Tantric work in Gupta characters of the 7th century.
- On a supplement of the celebrated lexicon Amarakosa by a Buddhist author in very ancient Bengali Character.
- Antiquities of the Tantras and the introduction of Tantric rites in Buddhism.
- Vallala-carita by Ananda Bhatta, and their importance in tracing the history of the caste-system in Bengal.
- A note on the existence of the Magii (Median Priesthood) in India at the present day.
- Rel Babhan.
- Dhalai Chandi, a form of tree-worship.
- oo | On the organisation of caste by Vallāla Sena.
- For inscriptions of Mahāsiva Gupta and Mahābbāvagupta of Kalinga and Kosala.
- The identification of Rāmagiri the starting point of the cloud in the Cloud-messenger of Kālidāsa with Rāmgad hill in the Sirguja State.
- oo! Obituary notice of the Late Professor E. B. Cowell.
- 98 | Scientific attainments of Dr. Ramkrishna Gopal Bhandarkar.

- oc | History of Nyāya-sāstra from Japanese sources.
- An examination of the Nyāyasūtra.
- 91 A Kharosthi copper-plate inscription from Taxila.
- or | A new manuscript of the Buddhacarita.
- •a | The recovery of a lost epic by Asvaghosa.
- 80 | The origin of the Indian Drama.
- 8) | Causes of the dismemberment of the Maurya Empire.
- 821 A refutation of Max Mueller's theory of the renaissance of Sanskrit Literature in the 4th century A. D. after a lull of seven centuries from the time of the rise of Buddhism.
- so | The Bhāsāpariccheda.
- 881 Discovery of Abhisamayalamkara by Maitreya Natha.
- ∠8¢ | The Rāmacarita by Sandhyākara Nandi.
- x 86 | Notes on the newly found manuscript of Chatussatikā by Āryadeva.
 - 891 The Bardic Chronicles.
 - 841 Who were the Sungas?
- /831 A note on Bhatti.
 - co | Theories to explain the origin of the Visen family of Majhawali.
 - Exhibition of the genealogical tree of the Rathor family and of a photograph of Sihoji the founder of the family.
- ex | Exhibition of some manuscripts of the 12th century.
- Relics of the worship of Mud Turtles (Trionichidæ) in India and Burma, with a note by H. E. Stapleton on the Chittagong Turtles.
- 68 | Obituary notice of the late Pandit Vishnu Prasad Rajbhandari.
- ce; Literary attainments of Bada Kaji Marichiman Sinha.
- co | Chatussatikā by Aryadeva.
- 491 Annual Address (A. S. B.).
- Annual Address (A. S. B.).

256 হরপ্রসাদ-সংবর্জন-লেখমালা Lord Curzon (Obituary Notice). Sir R. G. Bhandarkar 40 I Manomohan Ganguli 1.60 Sir Alfred Croft 60 | F. E. Pargiter was Rigveda in the making. Calcutta Review Bengali Buddhist Literature. 51 Topography of Govinda Dāsa's Diary The Review of Vernacular Literature. **Dacca Review** The works of Bhasa. a Buddhists in Bengal. Indian Antiquary Santideva, 1913. > 1 Dakshini Pandits at Benares, 1912. King Chandra of the Meherauli Iron Pillar Inscription, 1913. 91 Mandasore Inscription of the time of Naravarman. Epigraphia Indica Mandasore Inscription of Naravarman. Susunia Inscription of Chandravarman. Bihar and Orissa Research Society's Journal The Search of Manuscripts. Kālidāsa—his home. 6 | Kālidāsa,—his age.

- 8 | Kālidāsa—His education, and the chronology of his works
 - e | Seven Copper Plates from Dhenkanal.
- Reply to B. C. Mazumdar's note on 'Kalidasa-his age'.
- < 1 Chronology of the works of Kālidās.</p>
 - by Tezpur Rock Inscription.
 - > Pumsavana ceremony.
- 30 | Gazetteer Literature in Sanskrit.
- 331 Grant of Ranastambhadeva.
- 53 | Khandadeuli Inscriptions of Ranabhañja Deva.
- Tekkali Inscriptions of Madhyamarāja, the son of Petavyālloparāja.
- 581 Literary history of the Pala period.
- 361 Two eternal cities in the province of Bihar and Orissa.
- 361 Contribution of Bengal to Hindu Civilization.
- 391 Two Copper-plates from the State of Bonai.
- 361 Chaturangam.
- Chronology of the Nyāya system.
- 301 Chronology of the Samkhya Literature.
- (3) The Mahā-purānas.

Bhandarkar Commemoration Volume

31 Bombay in the eleventh century.

Buddhistic Studies

S | Chips from a Buddhist workshop.

The Indian Historical Quarterly

১৯২৫ খৃষ্টাস্থ হইতে ১৯২৭ খৃষ্টাস্থ প্রয়ন্ত Indian Historical Quarterly তে নিম্নলিখিত এবদ্ধগুলি বাহির হয়,—

The Northern Buddhism—(in three issues).

হরপ্রসাদ-সংবর্জন-লেখমাল

- 59.
- Rhadrayana.
- A copper-plate grant of Visvarūpa Sena of Bengal.
- 81 The Malla Ena of Visanupur.

Buddhist Text and Research Society's Journal

-)! Notes on the Svayambhū Purāna.
- R) Ashta Sāhasrikā, chapter xviii (translation). The Evolution of Sunyatā.
- e | English translation of 'Bhaktisataka' with Sanskrit text.

শ্রীচিন্তাহরণ চক্রবর্তী, শ্রীনলিনীরঞ্জন পণ্ডিড